

তাজ নূরানী বঙ্গানুবাদ কোরআন শরীফ

(বাংলা উচ্চারণ, ব্যাখা ও ইন্টার‍্যাক্টিভ লিঙ্ক সহ)

অনুবাদ ও তাফসিরঃ
হযরত মাওলানা আশরাফ আলী থানভী (রঃ) এবং
মাওলানা এ কে এম ফজলুর রহমান মুনশী

সূচীপত্র

১. সূরা ফাতিহা ....
২. সূরা বাকারা ....
৩. সূরা আল-ইমরান ....
৪. সূরা আন-নিসা ....
৫. সূরা মায়িদা ....
৬. সূরা আন'আম ....
৭. সূরা 'আরাফ ....
৮. সূরা আনফাল ....
৯. সূরা তাওবা ....
১০. সূরা ইউনুস ....
১১. সূরা হূদ ....
১২. সূরা ইউসুফ ....
১৩. সূরা রা'দ ....
১৪. সূরা ইবরাহীম ....
১৫. সূরা হিজর ....
১৬. সূরা নাহল ....
১৭. সূরা বানী ইসরাইল .....
১৮. সূরা কাহ্ফ ....
১৯. সূরা মারইয়াম ....
২০. সূরা ত্বা-হা ....
২১. সূরা আম্বিয়া ....
২২. সূরা হাজ্জ ....
২৩. সূরা মু'মিনুন ....
২৪. সূরা নূর ....
২৫. সূরা ফুরকান ....
২৬. সূরা শুআ'রা ....
২৭. সূরা নাম্ল ....
২৮. সূরা কাসাস্ ....
২৯. সূরা আনকাবূত ....
৩০. সূরা রূম ....
৩১. সূরা লোকমান ....
৩২. সূরা সাজ্দাহ.............
৩৩. সূরা আহ্যাব.............
৩৪. সূরা সাবা ....
৩৫. সূরা ফাতির ....
৩৬. সূরা ইয়াসীন ....
৩৭. সূরা সাফ্ফাত............
৩৮. সূরা সোয়াদ.............
৩৯. সূরা যুমার ....
৪০. সূরা মু'মিন ....
৪১. সূরা হা-মীম আস্সাজদাহ .
৪২. সূরা শূরা..................
৪৩. সূরা যুখরুফ..............
৪৪. সূরা দুখান................
৪৫. সূরা জাসিয়া..............
৪৬. সূরা আহক্বাফ ....
৪৭. সূরা মুহাম্মাদ.............
৪৮. সূরা ফাত্হ ....
৪৯. সূরা হুজুরাত ....
৫০. সূরা ক্বা'ফ ....
৫১. সূরা যারিয়াত ....
৫২. সূরা তূর ....
৫৩. সূরা নাজম................
৫৪. সূরা কামার...............
৫৫. সূরা রহমান ....
৫৬. সূরা ওয়াকি'আহ্.........

৫৭. সূরা হাদীদ.............
৫৮. সূরা মুজাদালাহ্.........
৫৯. সূরা হাশ্‌র...............
৬০. সূরা মুমতাহিনাহ্ ....
৬১. সূরা সাফ্‌ফ.............
৬২. সূরা জুমুআ’হ্...........
৬৩. সূরা মুনাফিকূন ....
৬৪. সূরা তাগাবুন............
৬৫. সূরা তালাক.............
৬৬. সূরা তাহ্‌রীম...........
৬৭. সূরা মুল্‌ক...............
৬৮. সূরা কলম...............
৬৯. সূরা হাক্‌কাহ্ ....
৭০. সূরা মা’আরিজ ....
৭১. সূরা নূহ্..................
৭২. সূরা জ্বীন ....
৭৩. সূরা মুয্‌যাম্মিল..........
৭৪. সূরা মুদ্‌দাস্‌সির........
৭৫. সূরা কিয়ামাহ্...........
৭৬. সূরা দাহ্‌র...............
৭৭. সূরা মুরসালাত ....
৭৮. সূরা নাবা................
৭৯. সূরা নাযি’আত..........
৮০. সূরা আ’বাসা............
৮১. সূরা তাক্‌ভীর ....
৮২. সূরা ইন্‌ফিতার..........
৮৩. সূরা মুতাফ্‌ফিফীন......
৮৪. সূরা ইন্‌শিকাক ....
৮৫. সূরা বুরূজ...............
৮৬. সূরা তা’-রিক ....
৮৭. সূরা আ’লা ....
৮৮. সূরা গাশিয়াহ্ ....
৮৯. সূরা ফাজ্‌র ....
৯০. সূরা বালাদ ....
৯১. সূরা শামস..............
৯২. সূরা লাইল..............
৯৩. সূরা দুহা................
৯৪. সূরা আলাম নাশরাহ্ ...
৯৫. সূরা তীন ....
৯৬. সূরা আ’লাক ....
৯৭. সূরা কাদ্‌র..............
৯৮. সূরা বাইয়্যিনাহ্.........
৯৯. সূরা যিলযাল ....
১০০. সূরা আদিয়াত..........
১০১. সূরা কা’রি’আহ্ ....
১০২. সূরা তাকাসুর ....
১০৩. সূরা আসর ....
১০৪. সূরা হুমাযাহ্............
১০৫. সূরা ফীল ....
১০৬. সূরা কুরাইশ............
১০৭. সূরা মাউন..............
১০৮. সূরা কাওসার............
১০৯. সূরা কা’ফিরূন ....
১১০. সূরা নাস্‌র ....
১১১. সূরা লাহাব্ ....
১১২. সূরা ইখলাস............
১১৩. সূরা ফালাক ....
১১৪. সূরা নাস.................

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির্ রাহ্মা-নির রাহীম্
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

সূরা ফাতিহা

মক্কায় অবতীর্ণ, রুকূ ঃ ১, আয়াত ঃ ৭

① اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۙ ② الرَّحْمٰنِ الرَّحِيْمِ ؕ

১। আল্হাম্দু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন। ২। আর্রাহ্মা-নির রাহিম।
(১) সকল প্রশংসা আল্লাহর জন্য, যিনি সকল সৃষ্টি জগতের মহান পালনকর্তা (২) যিনি পরাম করুণাময় ও অসীম দয়ালু।

③ مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ؕ ④ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ۙ

৩। মা-লিকি ইয়াওমিদ্ দীন। ৪। ইয়্যা-কা না'বুদু ওয়া ইয়্যা-কা নাস্তা'ঈন।
(৩) যিনি কর্মফল দিবসের মালিক। (৪) আমরা কেবল আপনারই ইবাদত করি এবং আপনারই সাহায্য প্রার্থনা করি।

⑤ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ۙ ⑥ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ

৫। ইহ্দিনাছ্ ছিরা-ত্বাল্ মুস্তাক্বীম। ৬। ছিরা-ত্বাল্ লাযীনা আন্-'আম্তা
(৫) আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন (৬) সে সকল লোকের পথে, যাদেরকে আপনি নেয়ামত দান

عَلَيْهِمْ ⑦ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ۙ

'আলাইহিম। ৭। গাইরিল্ মাগদূবি 'আলাইহিম ওয়া লাদ্ব দ্বা–ল্লীন।
করেছেন। (৭) তাদের পথে নয়, যারা আপনার গজবে নিপতিত ও পথভ্রষ্ট।

শানেনুযূল ঃ আবূ মাইসারা থেকে বর্ণিত, নবুওয়ত প্রাপ্তির প্রথম যুগে রাসূল (স) যখন উন্মুক্ত ময়দানে যেতেন, তখন হঠাৎ করেই তাঁকে 'হে মুহাম্মদ' বলে কে যেন ডেকে উঠতেন। তখন ওয়ারাকা ইবনে নওফেল (তাওরাতের বড় আলেম) রাসূল (স)-কে বললেন, এমনটি আরেকবার শুনলে আপনি সেখানে নির্ভয়ে দাঁড়িয়ে থাকবেন। এরপর রাসূল (স) আরেকদিন এভাবে এক উন্মুক্ত ময়দানে বের হলে তাঁকে 'হে মুহাম্মদ' বলে ডেকে উঠলে তিনি জবাবে বলেন, 'লাব্বাইক'। তখনই এই সূরা নাযিল হয়।– (দালাইলুল বায়হাকী, রুহুল মাআনী)

ফযীলত ঃ একবার হযরত উবাই ইবনে কা'আব (রা) রাসূল (স)-এর কাছে সূরা ফাতিহা পাঠ করলে রাসূল (স) বলেন, সেই সত্তার কসম! যার হাতে আমার প্রাণ, তাওরাত, ইঞ্জীল, যাবূর এবং স্বয়ং কুরআনেও এই সূরার দ্বিতীয় আরেকটি দৃষ্টান্ত নেই। হযরত আনাস (রা) থেকে বর্ণিত, রাসূল (স) বলেছেন, সমস্ত কুরআনের সর্বাধিক গুরুত্বপূর্ণ সূরা হল 'আলহামদু'।– (বুখারী)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির্ রাহ্মা-নির রাহীম্
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

সূরা বাক্বারাহ্

মদীনায় অবতীর্ণ, রুকূ ঃ ৪০, আয়াত ঃ ২৮৬

① الٓمّٓ ۚ ② ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ ۛۚ فِيْهِ ۛۚ هُدًى

আলিফ্ লা- ম মী–ম। ২। যা-লিকাল্ কিতা-বু লা-রাইবা ফীহি, হুদাল্
(১) আলিফ লা-ম-মী। (২) এটি সেই কিতাব, যাতে কোন সন্দেহ নেই, মুত্তাক্বীদের জন্য রয়েছে (এতে) পথ নির্দেশ।

لِّلْمُتَّقِيْنَ ۙ ③ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ

লিল্মুত্তাক্বীন। ৩। আল্লাযীনা ইউ'মিনূনা বিল্গাইবি ওয়া ইউক্বীমূনাছ্ ছলা-তা
(৩) (তাদের জন্য পথ প্রদর্শক) যারা অদৃশ্যের প্রতি ঈমান আনে, সালাত কায়েম করে, আর আমি তাদেরকে যে

وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ۙ ④ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ

ওয়া মিম্মা-রাযাক্বনা হুম ইউন্ফিকূন। ৪। ওয়াল্লাযীনা ইউ'মীনূনা বিমা– উন্যিলা
রিয্ক দিয়েছি তা থেকে ব্যয় করে। (৪) আর যারা আপনার প্রতি যা নাযিল হয়েছে এবং

اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ ۚ وَبِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ؕ

ইলাইকা ওয়ামা –উন্যিলা মিন ক্বাব্লিক, ওয়া বিল্আ-খিরাতি হুম ইউক্বিনূন।
পূর্বে যা নাযিল হয়েছে তাতে ঈমান রাখে, আর আখেরাতের প্রতি নিশ্চিত বিশ্বাস রাখে।

শানেনুযূল ঃ মালিক ইবনে সায়ফী নামক এক ইহুদি মুসলমানদেরকে বিভ্রান্ত করার জন্য বলত, পূর্ববর্তী কিতাবে যে কিতাবের প্রতিশ্রুতি দেয়া হয়েছে আল কোরআন সেই প্রতিশ্রুত কিতাব নয়। এ পরিপ্রেক্ষিতে আল্লাহতাআলা এই সূরার প্রথম আয়াত নাযিল করে তার দাবি খন্ডন করেছেন। তার পর চার আয়াতে মুসলমানদের প্রশংসা এবং পরবর্তী আয়াতে মুনাফিকদের নিন্দা করা হয়েছে। (লুবাব)
আলিফ লাম মীম ঃ পবিত্র কোরআনে বিভিন্ন সূরার শুরু কতিপয় বর্ণগুচ্ছ দিয়ে করা হয়েছে, যেগুলো স্পষ্ট অর্থপূর্ণ শব্দ নয়। এ ধরণের বর্ণগুচ্ছকে বলা হয়, হুরুফে মুত্বাত্তা আত'। 'হুরুফে মুক্বাত্তা আত'-এর অর্থ প্রসঙ্গে সাহাবায়ে কেরাম, তাবেয়ীন, তাবে'তাবেয়ীন ও মুফাসসিরীনদের মধ্যে মতবিরোধ রয়েছে। কেউ বলেছেন, এগুলো কোরআন শরীফের রহস্য, কেউ বলেছেন কোরআন শরীফের নির্যাস। তবে অধিকাংশ আলেম এগুলোর অর্থ অনুসন্ধানে অনুৎসাহিত করেছেন। কারণ, এগুলোর গূঢ় অর্থ শুধু আল্লাহ পাকই সম্যক অবগত। যেহেতু 'আলিফ লাম মীম' এ ধরনের রহস্যপূর্ণ 'হুরুফে মুক্বাত্তা আত' সে জন্য এগুলোর অর্থ অনুসন্ধান না করাই শ্রেয়। (আবুসাউদ, সফওয়াতুত্তাফাসীর)

⑤ أُولَٰٓئِكَ عَلَىٰ هُدًى مِّن رَّبِّهِمْ ۖ وَأُولَٰٓئِكَ هُمُ الْمُفْلِحُونَ ⑥ إِنَّ الَّذِينَ

৫। উলা— ইকা 'আলা- হুদাম্ মির রাব্বিহিম ; ওয়া উলা— ইকা হুমুল মুফ্লিহূন। ৬। ইন্নাল্লাযীনা
(৫) তারা তাদের প্রতিপালকের পক্ষ থেকে প্রদত্ত হিদায়াতের উপর রয়েছে এবং তারাই সফলকাম। (৬) নিশ্চয় যারা

كَفَرُوا سَوَآءٌ عَلَيْهِمْ ءَأَنذَرْتَهُمْ أَمْ لَمْ تُنذِرْهُمْ لَا يُؤْمِنُونَ ⑦ خَتَمَ اللَّهُ

কাফারূ সাওয়া—উন 'আলাইহিম আআন্যার্তাহুম আম্ লাম তুন্যির্হুম লা-ইয়ু'মিনূন। ৭। খাতামাল্লা-হু
কুফরী করেছে, আপনি তাদেরকে সতর্ক করুন আর নাই করুন উভয়ই সমান। তারা ঈমান আনবে না। ৭। আল্লাহ্ তাদের

عَلَىٰ قُلُوبِهِمْ وَعَلَىٰ سَمْعِهِمْ ۖ وَعَلَىٰٓ أَبْصَٰرِهِمْ غِشَٰوَةٌ ۖ وَلَهُمْ عَذَابٌ

'আলা- কুলূবিহিম্; ওয়া 'আলা- সাম্'ইহিম্; ওয়া 'আলা– আবৃস্বা-রিহিম্ গিশা-ওয়াতুঁও, ওয়া লাহুম 'আযা-বুন
অন্তর ও কর্ণকুহরে মোহর লাগিয়ে দিয়েছেন এবং তাদের চোখে পর্দা পড়েছে। আর তাদের জন্য মহাশাস্তি

عَظِيمٌ ⑧ وَمِنَ النَّاسِ مَن يَقُولُ ءَامَنَّا بِاللَّهِ وَبِالْيَوْمِ الْءَاخِرِ وَمَا هُم

'আযীম। ৮। ওয়া মিনান্ না-সি মাই ইয়াকুলু আ-মান্না- বিল্লা-হি ওয়া বিল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়ামা-হুম
রয়েছে। (৮) মানুষের মধ্যে কিছু লোক এমনও আছে যারা বলে, আমরা আল্লাহ ও আখিরাতের উপর ঈমান এনেছি, অথচ

بِمُؤْمِنِينَ ⑨ يُخَٰدِعُونَ اللَّهَ وَالَّذِينَ ءَامَنُوا ۚ وَمَا يَخْدَعُونَ إِلَّآ

বিমু'মিনীন। ৯। ইয়ুখা-দি'উনাল্লা-হা ওয়াল্লাযীনা আ-মানূ, ওয়ামা- ইয়াখ্দা'উনা ইল্লা–
তারা মোটেই ঈমানদার নয়। (৯) তারা আল্লাহ ও মুমিনদের ধোঁকা দিতে চায়, মূলতঃ তারা নিজেদেরকে ধোঁকা দিচ্ছে,

أَنفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ ⑩ فِي قُلُوبِهِم مَّرَضٌ فَزَادَهُمُ اللَّهُ مَرَضًا ۚ

আনফুসাহুম্ ওয়ামা- ইয়াশ'উরূন। ১০। ফী কুলূবিহিম মারাদ্বুন ফাযা-দাহুমুল্লা-হু মারাদ্বান,
অথচ তারা সেটা উপলব্ধি করতে পারে না। (১০) তাদের অন্তর ব্যাধিগ্রস্ত, আল্লাহ্ তাদের ব্যাধি আরো বাড়িয়ে দিলেন,

وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌۢ بِمَا كَانُوا يَكْذِبُونَ ⑪ وَإِذَا قِيلَ لَهُمْ لَا تُفْسِدُوا

ওয়া লাহুম্ 'আযা-বুন 'আলীমুম্ বিমা- কা-নূ ইয়াক্যিবূন। ১১। ওয়া ইযা- ক্বীলা লাহুম লা- তুফসিদূ
আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি, কারণ তারা মিথ্যা বলত। (১১) আর যখন তাদেরকে বলা হত, তোমরা পৃথিবীতে

فِي الْأَرْضِ قَالُوٓا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ ⑫ أَلَآ إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلَٰكِن

ফিল আর্দ্বি ক্বা-লূ–ইন্নামা- নাহ্নু মুস্বলিহূন। ১২। আলা~ইন্নাহুম হুমুল মুফ্সিদূনা ওয়ালা- কিল্
ফাসাদ সৃষ্টি করো না, তারা বলে আমরাতো সংশোধনকারী। (১২) খবরদার! নিশ্চিতভাবে তারাই ফাসাদ সৃষ্টিকারী, কিন্তু

শানেনুযুল (আঃ ৬) ঃ (ইন্নাল্লাযীনা কাফারু ছাওয়াউন.....) এ আয়াত ওয়ালীদ ইবনে মুগীরাহ, ওতবা আবু জাহ্ল ইত্যাদি কাফিরদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। যাদের মৃত্যু আল্লাহর জ্ঞানে কুফরী অবস্থায়ই নির্ধারিত ছিল। (নূরুল কুলুব)

শানেনুযুল (আঃ ৮) ঃ (ওয়ামিনান্ নাসি.....) একবার হযরত আলী (রা) মুনাফিক আব্দুল্লাহ ইবনে উবাঈ এবং তার বন্ধুদেরকে বললেন, তোমরা আল্লাহকে ভয় কর এবং মুনাফিক্বী বর্জন কর। প্রকাশ্যে মুসলমান এবং গোপনে কাফির এটা খুবই খারাপ কাজ। তখন তারা বলল, আশ্চর্য! আমরা মুসলমান, আমাদেরকে তুমি কাফির বলছ? তখন তাদের মূল চরিত্র প্রকাশের জন্য এ আয়াত অবতীর্ণ হয়। (নুরুল কুলুব)

لَّا يَشْعُرُونَ ⑫ وَإِذَا قِيلَ لَهُمْ ءَامِنُوا كَمَآ ءَامَنَ النَّاسُ قَالُوٓا أَنُؤْمِنُ

লা- ইয়াশ'উরূন। ১৩। ওয়া ইযা- ক্বীলা লাহুম আ-মিনূ কামা~আ-মানান্ না-সু ক্বা-লূ~আনু'মিনু
তারা তা বুঝে না। (১৩) আর যখন তাদেরকে বলা হয়, অন্যান্য লোকদের মত তোমরাও ঈমান আন। তারা বলে, আমরা কি

كَمَآ ءَامَنَ السُّفَهَآءُ ۗ أَلَآ إِنَّهُمْ هُمُ السُّفَهَآءُ وَلَٰكِن لَّا يَعْلَمُونَ ○

কামা~আ-মানাস সুফাহা—উ ; আলা~ইন্নাহুম হুমুস্ সুফাহা—উ ওয়ালা-কিল্ লা- ইয়া'লামূন।
ঈমান আনব যেভাবে ঈমান এনেছে নির্বোধরা? জেনে রেখ! তারাই নির্বোধ, কিন্তু তারা বুঝতে পারছে না।-

⑬ وَإِذَا لَقُوا الَّذِينَ ءَامَنُوا قَالُوٓا ءَامَنَّا ۚ وَإِذَا خَلَوْا إِلَىٰ شَيَٰطِينِهِمْ قَالُوٓا

১৪। ওয়া ইযা- লাকূল্ লাযীনা আ-মানূ ক্বা-লূ~আ-মান্না, ওয়া ইযা- খালাও ইলা-শায়া-ত্বীনিহিম ক্বা-লূ~
(১৪) যখন তারা মুমিনদের সাথে মিলিত হয় তখন তারা বলে, আমরা ঈমান এনেছি, আর যখন তারা তাদের শয়তান (কাফির নেতৃবৃন্দ) দের সাথে মিলিত হয়, তখন বলে,

إِنَّا مَعَكُمْ إِنَّمَا نَحْنُ مُسْتَهْزِءُونَ ⑭ اللَّهُ يَسْتَهْزِئُ بِهِمْ وَيَمُدُّهُمْ

ইন্না- মা'আকুম ইন্নামা- নাহ্নু মুস্তাহ্যিউন। ১৫। আল্লা-হু ইয়াস্তাহযিউ বিহিম ওয়া ইয়ামুদ্দুহুম
নিশ্চয়ই আমরা তোমাদের সাথেই রয়েছি। আমরা কেবল উপহাস করছি। (১৫) আল্লাহও তাদের সাথে উপহাস করছেন এবং তাদের

فِي طُغْيَٰنِهِمْ يَعْمَهُونَ ⑮ أُولَٰٓئِكَ الَّذِينَ اشْتَرَوُا الضَّلَٰلَةَ بِالْهُدَىٰ ص

ফী তুগইয়া-নিহিম ইয়া'মাহূন। ১৬। উলা—ইকাল্লাযীনাশতারাউদ্ব দ্বালা-লাতা বিলহুদা-
নাফরমানীর কাজে ঢিল দিচ্ছেন যেন তারা বিভ্রান্ত হয়ে ঘুরপাক খায়। (১৬) তারা সেসব লোক যারা হেদায়াতের বিনিময়ে

فَمَا رَبِحَت تِّجَٰرَتُهُمْ وَمَا كَانُوا مُهْتَدِينَ ⑯ مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِي

ফামা- রাবিহ্বাত তিজ্বা-রাতুহুম ওয়ামা- কা-নূ মুহ্তাদীন। ১৭। মাছালুহুম কামাছালিল্ লাযিস্
গোমরাহী ক্রয় করেছে। তাই তাদের ব্যবসা লাভজনক হয়নি এবং না তারা সঠিক পথপ্রাপ্ত। (১৭) তাদের দৃষ্টান্ত হল ঐ ব্যক্তির মত

اسْتَوْقَدَ نَارًا ۚ فَلَمَّآ أَضَآءَتْ مَا حَوْلَهُ ذَهَبَ اللَّهُ بِنُورِهِمْ وَتَرَكَهُمْ

তাওক্বাদা না-রা, ফালাম্মা~আদ্বা—আত মা- হ্বাওলাহূ যাহাবাল্লা-হ বিনূরিহিম ওয়া তারাকাহুম
যে ব্যক্তি আগুন জ্বালাল অতঃপর যখন তা তার চারদিক আলোকিত করল; তখন আল্লাহ তাদের সে আলো তুলে নিলেন এবং তাদেরকে

فِي ظُلُمَٰتٍ لَّا يُبْصِرُونَ ⑰ صُمٌّۢ بُكْمٌ عُمْىٌ فَهُمْ لَا يَرْجِعُونَ ⑱ أَوْ كَصَيِّبٍ

ফী যুলুমা-তিল লা-ইয়ুবস্বিরূন। ১৮। ছুম্মুম বুকমুন 'উমইয়ুন ফাহুম লা-ইয়ার্জ্বি'উন। ১৯। আও কাস্বাইয়্যিবিম
অন্ধকারে ছেড়ে দিলেন। তারা কিছুই দেখতে পায় না। (১৮) তারা বধির, বোবা ও অন্ধ; সুতরাং তারা ফিরতেও পারবে না। (১৯) অথবা, তাদের দৃষ্টান্ত যেমন,

○ টীকা (আঃ ১৪) ঃ شَيَٰطِينِهِمْ (শাইয়া-ত্বীনিহিম)-এর অর্থ, ইয়াহূদী ও মুশরিক সর্দার অথবা, কাফির নেতৃবৃন্দ অথবা, মুনাফিক, মুশরিক সহচর বৃন্দ। (ইব্নে কাসীর) ; "হেদায়াতের বিনিময়ে গোমরাহী ক্রয় করার" অর্থ– ঈমানের পরিবর্তে কুফরকে গ্রহণ করা।

○ টীকা (আঃ ১৫) ঃ আল্লাহ্ পাকের উপহাস এই যে, তাদেরকে তৎক্ষণাৎ শাস্তি না দিয়ে সময় প্রদান করেছেন। উদ্দেশ্য, কুফরীর চরম সীমায় পৌছলে অর্থাৎ, অপরাধ গুরুতর হলে অকস্মাৎ তাদেরকে পাকড়াও করবেন ও যথোচিৎ শাস্তি দেবেন। উপহাসের প্রতিবিধান হিসেবেই তাকে উপহাস বলা হয়েছে। অন্যথায় প্রকৃত প্রস্তাবে আল্লাহ্ তা'আলার এই কার্য উপহাস নয়। (বঃ কোঃ)

مِنَ السَّمَآءِ فِيهِ ظُلُمٰتٌ وَّرَعْدٌ وَّبَرْقٌ ۚ يَجْعَلُونَ أَصَابِعَهُمْ فِىٓ اٰذَانِهِمْ

মিনাস্ সামা—ই ফীহি য্বুলুমা-তুওঁ ওয়া রা'দুওঁ ওয়া বারক্ব, ইয়াজ্ব'আলূনা আস্বা-বি'আহুম ফী~আ-যা-নিহিম

আকাশের বর্ষণ মুখর ঘন মেঘ, যাতে রয়েছে অন্ধকার, বজ্র ও বিদ্যুৎ চমক। তারা বজ্রধ্বনির কারণে মৃত্যুর ভয়ে আঙ্গুল

مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ ؕ وَاللّٰهُ مُحِيطٌ بِالْكٰفِرِينَ ⑲ يَكَادُ الْبَرْقُ

মিনাস্ব স্বাওয়া-'ইক্বি হ্বাযারাল মাওত ; ওয়াল্লা-হু মুহ্বীত্বুম বিল কা-ফিরীন। ২০। ইয়াকা-দুল বারক্ব

প্রবেশ করায় তাদের কানে। আল্লাহ কাফেরদের বেষ্টন করে আছেন। (২০) বিদ্যুৎ চমক মনে হয় যেন তাদের

يَخْطَفُ أَبْصَارَهُمْ ؕ كُلَّمَآ أَضَآءَ لَهُمْ مَّشَوْا فِيهِ ۙ وَإِذَآ أَظْلَمَ عَلَيْهِمْ قَامُوا ؕ

ইয়াখ্‌ত্বাফু আব্‌স্বা-রাহুম ; কুল্লামা~আদ্বা—আ লাহুম্ মাশাও ফীহ, ওয়া ইযা~আয্বলামা 'আলাইহিম ক্বা-মূ ;

চোখের জ্যোতি কেড়ে নিয়ে যাবে। যখনই বিদ্যুৎ আলোক তাদের (সামনে) উদ্ভাসিত হয় তখন তারা সে আলোতে চলে। আর যখনই আঁধার হয়ে যায় তখন তারা

وَلَوْ شَآءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ وَأَبْصَارِهِمْ ؕ إِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيرٌ ۟ ع

ওয়া লাও শা—আল্লা-হু লাযাহাবা বিসাম'ইহিম ওয়া আবস্বা-রিহিম ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর।

দাঁড়িয়ে যায়। আল্লাহ যদি ইচ্ছা করতেন, তবে তাদের শ্রবণ ও দৃষ্টি শক্তি হরণ করে নিতে পারতেন। নিশ্চয়ই আল্লাহ্ সকল কিছুর উপর ক্ষমতাবান।

২ ع ৩ ২ রুকু

يٰٓأَيُّهَا النَّاسُ اعْبُدُوا رَبَّكُمُ الَّذِى خَلَقَكُمْ وَالَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ ㉑

২১। ইয়া আয়্যুহান্ না-সু' বুদূ রাব্বাকুমুল্‌লাযী খালাক্বাকুম, ওয়াল্‌লাযীনা মিন ক্বাবলিকুম লা'আল্লাকুম

(২১) হে মানবকুল! তোমরা ইবাদত কর তোমাদের প্রতিপালকের যিনি তোমাদেরকে ও তোমাদের পূর্ব পুরুষদেরকে সৃষ্টি করেছেন, হয়ত তোমরা

تَتَّقُونَ ㉑ الَّذِى جَعَلَ لَكُمُ الْأَرْضَ فِرَاشًا وَّالسَّمَآءَ بِنَآءً ص وَّأَنْزَلَ مِنَ

তাত্তাকূন। ২২। আল্লাযী জ্বা'আলা লাকুমুল আরদ্বা ফিরা-শাওঁ ওয়াস্‌সামা—আ বিনা—আওঁ ওয়া আন্‌যালা মিনাস্

মুত্তাকী হতে পারবে। (২২) যিনি যমীনকে তোমাদের জন্য বিছানা ও আকাশকে ছাদ স্বরূপ করেছেন এবং

السَّمَآءِ مَآءً فَأَخْرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزْقًا لَّكُمْ ۚ فَلَا تَجْعَلُوا لِلّٰهِ أَنْدَادًا

সামা—ই মা—আন ফাআখ্‌রাজ্বা বিহী মিনাছ্ ছামারা-তি রিযক্বাল্লাকুম, ফালা-তাজ্ব'আলূ লিল্লা-হি আন্দা-দাওঁ

আকাশ থেকে বারি বর্ষণ করেন ও তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফল-মূল উৎপাদন করেন। সুতরাং জেনে-শুনে কাউকে আল্লাহর

وَّأَنْتُمْ تَعْلَمُونَ ㉒ وَإِنْ كُنْتُمْ فِى رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلٰى عَبْدِنَا فَأْتُوا بِسُورَةٍ مِّنْ

ওয়া আন্‌তুম 'তালামূন। ২৩। ওয়া ইন কুন্‌তুম ফী রাইবিম মিম্ মা-নাযযালনা- 'আলা- 'আব্‌দিনা- ফা'তূ বিসূরাতিম মিম্

সমকক্ষ দাঁড় করো না। (২৩) আমার বান্দার (মুহাম্মদ সঃ) উপর অবতীর্ণ বিষয়ে তোমাদের যদি কোন সন্দেহ থাকে তবে উহার অনুরূপ কোন সূরা

مِّثْلِهٖ ص وَادْعُوا شُهَدَآءَكُمْ مِّنْ دُونِ اللّٰهِ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ㉓ فَإِنْ لَّمْ

মিছ্‌লিহ, ওয়াদ'উ শুহাদা—আকুম মিন্ দূনিল্লা-হি ইন কুন্‌তুম স্বা-দিক্বীন। ২৪। ফাইল্‌লাম

নিয়ে আস এবং ডাক তোমাদের সহায়তাকারীদেরকে আল্লাহ ব্যতীত, যদি তোমরা সত্যবাদী হও। (২৪) তারপরও যদি

تَفْعَلُوا وَلَنْ تَفْعَلُوا فَاتَّقُوا النَّارَ الَّتِى وَقُودُهَا النَّاسُ وَالْحِجَارَةُ ۖ ج

তাফ'আলূ ওয়া লান্‌তাফ'আলূ ফাত্তাকুন্ না-রাল্ লাতী ওয়াকূদুহান্ না-সু ওয়াল হিজ্বা-রাহ ;

না পার এবং কখনই তা পারবে না, তাহলে সে আগুনকে ভয় কর যার ইন্ধন হবে মানব ও পাথর। যা কাফিরদের

أُعِدَّتْ لِلْكٰفِرِينَ ㉔ وَبَشِّرِ الَّذِينَ اٰمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ أَنَّ لَهُمْ

উ'ইদ্দাত লিল কা-ফিরীন। ২৫। ওয়া বাশ্‌শিরিল্ লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি আন্না লাহুম

জন্যই প্রস্তুত করা হয়েছে। (২৫) এবং সুসংবাদ দিন যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে, তাদের জন্য রয়েছে

جَنّٰتٍ تَجْرِى مِنْ تَحْتِهَا الْأَنْهٰرُ ؕ كُلَّمَا رُزِقُوا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزْقًا ۙ

জ্বান্না-তিন তাজ্বরী মিন তাহ্বতিহাল আনহা-র ; কুল্লামা- রুযিক্ব মিনহা- মিন ছামারাতির রিযক্বান

জান্নাত; যার তলদেশে ঝর্ণাধারা প্রবাহমান, যখন তাদেরকে খেতে দেয়া হবে ঐ জান্নাত থেকে ফলমূল, তখন তারা

قَالُوا هٰذَا الَّذِى رُزِقْنَا مِنْ قَبْلُ ۙ وَأُتُوا بِهٖ مُتَشَابِهًا ؕ وَلَهُمْ فِيهَآ أَزْوَاجٌ

ক্বা-লূ হা-যাল্লাযী রুযিক্বনা- মিন ক্বাব্‌লু ওয়া উতূ বিহী মুতাশা-বিহা ; ওয়া লাহুম ফীহা~আযওয়া-জুম

বলবে, এতো সেই খাদ্য যা পূর্বে আমাদেরকে জীবিকা রূপে দেয়া হয়েছিল, দৃশ্যত তাদেরকে অনুরূপ ফলই দেয়া হবে এবং তাদের জন্য সেখানে রয়েছে

مُّطَهَّرَةٌ ۙ وَّهُمْ فِيهَا خٰلِدُونَ ㉕ إِنَّ اللّٰهَ لَا يَسْتَحْىٓ أَنْ يَّضْرِبَ مَثَلًا مَّا

মুত্বাহ্‌হারাতুওঁ ওয়া হুম ফীহা- খা-লিদূন। ২৬। ইন্নাল্লা-হা লা-ইয়াস্‌তাহ্বঈ~আইঁ ইয়াদ্বরিবা মাছালাম্ মা-

পূত-পবিত্রা স্ত্রীগণ এবং তারা সেখানে স্থায়ীভাবে অবস্থান করবে। (২৬) নিশ্চয়ই আল্লাহ লজ্জাবোধ করেন না মশা কিংবা

بَعُوضَةً فَمَا فَوْقَهَا ؕ فَأَمَّا الَّذِينَ اٰمَنُوا فَيَعْلَمُونَ أَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۚ

বা'উদ্বাতান ফামা- ফাওক্বাহা ; ফাআম্মাল্ লাযীনা আ-মানূ ফাইয়া'লামূনা আন্নাহুল হ্বাক্কু মির রাব্বিহিম,

তদুর্ধ কিছু দ্বারা উদাহরণ দিতে। সুতরাং যারা ঈমানদার তারা জানে যে, এটা তাদের প্রতিপালকের পক্ষ থেকে সত্য;

وَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَيَقُولُونَ مَاذَآ أَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا م يُضِلُّ بِهٖ

ওয়া আম্মাল্‌লাযীনা কাফারূ ফাইয়াকূলূনা মা-যা~আরা-দাল্লা-হু বিহা-যা- মাছালা। ইয়ুদ্বিল্‌লু বিহী

আর যারা কাফির তারা বলে, এ ধরনের (তুচ্ছতম) উদাহরণ দ্বারা আল্লাহর উদ্দেশ্য কি? আল্লাহ এর দ্বারা অনেককে পথভ্রষ্ট

م ওয়াক্বফে লাযেম

كَثِيرًا ۙ وَّيَهْدِى بِهٖ كَثِيرًا ؕ وَمَا يُضِلُّ بِهٖٓ إِلَّا الْفٰسِقِينَ ㉖ الَّذِينَ يَنْقُضُونَ

কাছীরাওঁ ওয়া ইয়াহ্‌দী বিহী কাছীরা ; ওয়ামা- ইয়ুদ্বিল্‌লু বিহী~ইল্লাল ফা-সিক্বীন। ২৭। আল্লাযীনা ইয়ানকুদ্বূনা

করেন এবং অনেককে সৎপথ প্রদর্শন করেন। মূলতঃ ফাসিকগণ ব্যতীত কাউকে পথভ্রষ্ট করেন না। (২৭) যারা আল্লাহর সাথে অঙ্গীকার করে ভংগ

○ টীকা (আঃ ২৫) ঃ واتوابه متشابها (ওয়া উতূবিহী মুতাশাবিহা) জান্নাতীগণকে খাদ্যপূর্ণ আহার্য দান করা হলে তা ভক্ষণ করবে। অতঃপর অন্য আহার্য প্রদান করা হলে তারা বলবে, এ বস্তুই আমাদেরকে পূর্বে দেয়া হয়েছিল। তখন ফিরিশতাগণ বলবেন, আকার আকৃতি একইরূপ হলেও স্বাদ ও প্রকৃতি ভিন্ন। ○ টীকা (আঃ ২৫) ঃ ازواج مطهرة (আয্‌ওয়াজুম মুত্বাহ্‌হারাতুন) আয়াতাংশ প্রসঙ্গে হযরত ইবনে আব্বাসের (রা) বরাত দিয়ে ইব্‌ন আবূ তালহা বলেন, জান্নাতের দম্পতি সর্বপ্রকার অপবিত্রতা ও কষ্ট হতে মুক্ত থাকবে। মুজাহিদ বলেন- তারা ঋতুস্রাব, মলমূত্র, সর্দি, কাশী, বীর্য ইত্যাকার সকল হতে মুক্ত থাকবেন। (ইবনে কাসীর)

عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ ۪ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ

'আহ্দাল্লা-হি মিম্ বা'দি মীছা-ক্বিহী, ওয়া ইয়াক্বত্বা'উনা মা ~আমারাল্লা-হু বিহী ~আঁই ইয়ুস্বালা ওয়া ইয়ুফসিদূনা
করেছে, দৃঢ় অঙ্গীকার করার পর এবং আল্লাহ্ যে (সম্পর্ক) অক্ষুণ্ন রাখতে নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে এবং পৃথিবীতে ফাসাদ সৃষ্টি

فِى الْاَرْضِ ؕ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ۝٢٧ كَيْفَ تَكْفُرُوْنَ بِاللّٰهِ وَكُنْتُمْ اَمْوَاتًا

ফিল আরদ্ব ; উলা—ইকা হুমুল খা-সিরূন। ২৮। কাইফা তাক্ফুরূনা বিল্লা-হি ওয়া কুন্তুম আমওয়া-তান্
করে, তারাই নিশ্চিত ক্ষতিগ্রস্ত। (২৮) তোমরা কিভাবে আল্লাহ্কে অস্বীকার করবে? অথচ তোমরা মৃত ছিলে, তিনি তোমাদেরকে

فَاَحْيَاكُمْ ۚ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ۝٢٨ هُوَ الَّذِىْ

ফাআহ্ইয়া-কুম, ছুম্মা ইয়ুমীতুকুম ছুম্মা ইয়ুহ্য়ীকুম ছুম্মা ইলাইহি তুরজা'উন। ২৯। হুওয়াল্লাযী
জীবন দান করেছেন, তিনিই আবার তোমাদেরকে মৃত করবেন এবং পুনরায় জীবিত করবেন, পুনরায় তাঁর কাছেই তোমরা প্রত্যাবর্তন করবে। (২৯) তিনিই

خَلَقَ لَكُمْ مَّا فِى الْاَرْضِ جَمِيْعًا ۗ ثُمَّ اسْتَوٰٓى اِلَى السَّمَآءِ فَسَوّٰىهُنَّ سَبْعَ

খালাক্বা লাকুম মা-ফিল আর্দ্বি জ্বামী'আ, ছুম্মাস্ তাওয়া~ইলাস্ সামা—ই ফাসাওয়্যা-হুন্না সাব'আ
তোমাদের জন্য পৃথিবীর সবকিছু সৃষ্টি করেছেন, অতঃপর তিনি আকাশের দিকে মনোনিবেশ করলেন এবং তাকে সাত

سَمٰوٰتٍ ؕ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ۝٢٩ وَاِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّىْ جَاعِلٌ فِى

সামা-ওয়া-ত ; ওয়া হুওয়া বিকুল্লি শাইয়িন 'আলীম। ৩০। ওয়া ইয্ ক্বা-লা রাব্বুকা লিলমালা—ইকাতি ইন্নী জ্বা—'ইলুন ফিল
আকাশে বিন্যস্ত করেন, এবং তিনি সর্ব বিষয়ে জ্ঞাত। (৩০) আর যখন আপনার প্রতিপালক ফিরিশতাদেরকে বললেন, নিশ্চয়ই আমি

الْاَرْضِ خَلِيْفَةً ؕ قَالُوْٓا اَتَجْعَلُ فِيْهَا مَنْ يُّفْسِدُ فِيْهَا وَيَسْفِكُ الدِّمَآءَ ۚ

আর্দ্বি খালীফাহ্, ক্বা-লূ~আতাজ্ব'আলু ফীহা- মাঁই ইয়ুফসিদু ফীহা- ওয়া ইয়াসফিকুদ্ দিমা—আ,
পৃথিবীতে খলিফা সৃষ্টি করতে যাচ্ছি, তারা বলল, আপনি কি সৃষ্টি করবেন সেখানে এমন কাউকে, যারা পৃথিবীতে ফিতনা-ফাসাদ সৃষ্টি

وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ ؕ قَالَ اِنِّىْٓ اَعْلَمُ مَا لَا تَعْلَمُوْنَ

ওয়া নাহ্নু নুসাব্বিহু বিহাম্দিকা ওয়া নুক্বাদ্দিসু লাক ; ক্বা-লা ইন্নী~আ'লামু মা-লা- তা'লামূন।
করবে ও রক্তপাত ঘটাবে? অথচ আমরাই তো আপনার প্রশংসা ও পবিত্রতা বর্ণনা করছি (আল্লাহ্ বললেন,) নিশ্চয়ই আমি যা জানি তোমরা তা জান না।

۝٣٠ وَعَلَّمَ اٰدَمَ الْاَسْمَآءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلٰٓئِكَةِ فَقَالَ اَنْۢبِئُوْنِىْ بِاَسْمَآءِ

৩১। ওয়া 'আল্লামা আ-দামাল আসমা—আ কুল্লাহা- ছুম্মা 'আরাদ্বাহুম 'আলাল মালা—ইকাতি ফাক্বা-লা আম্বি'উনী বিআসমা—ই
(৩১) এবং তিনি আদমকে সবকিছুর নাম শেখালেন, অতঃপর সেগুলো ফিরিশতাদের সামনে পেশ করলেন এবং বললেন, আমাকে এগুলোর নাম বল,

---

○ টীকা (আঃ ২৭) ঃ الذين ينقضون ..... ميثاقه -কোরআনের বিধি-নিষেধ পাঠ করা এবং তা সত্য বলে জানার পর তাকে অস্বীকার ও অমান্য করাই হচ্ছে অঙ্গীকার ভঙ্গ করা। (ইবনে কাসীর) ○ টীকা (আঃ ২৭) ঃ ويقطعون ..... ان يوصل আয়াতাংশের মর্ম হচ্ছে রক্ত সম্পর্কের নিকটাত্মীয়দের সাথে সম্পর্ক ছিন্ন করা, যা রক্ষা করার নির্দেশ রয়েছে। (ইবনে কাসীর) ○ টীকা (আঃ ২৮) ঃ وكنتم امواتا ..... ثم يميتكم হযরত ইবনে আব্বাস (রা) আয়াতাংশের ব্যাখ্যায় বলেন- যখন তোমরা তোমার পিতার পৃষ্ঠদেশে মৃতবৎ ছিলে, তখন তোমরা কোন বস্তুই ছিলে না। অতঃপর আল্লাহ্ তায়ালা তোমাদেরকে সৃষ্টি করলেন, তারপর আবার মৃত করবেন, পুনরায় পুনরুত্থান দিবসে জীবিত করবেন।

هٰٓؤُلَآءِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝٣١ قَالُوْا سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَآ اِلَّا مَا عَلَّمْتَنَا ؕ اِنَّكَ

হা~উলা—ই ইন্ কুন্তুম স্বা-দিক্বীন। ৩২। ক্বা-লূ সুবহ্বা-নাকা লা- 'ইলমা লানা~ইল্লা- মা- 'আল্লাম্তানা; ইন্নাকা
যদি তোমরা সত্যবাদি হও। (৩২) তারা বলল, আপনি পবিত্র; আপনি যতটুকু জ্ঞান দান করেছেন তাছাড়া তো আমাদের কোন জ্ঞান নেই। নিশ্চয়ই

اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ۝٣٢ قَالَ يٰٓاٰدَمُ اَنْۢبِئْهُمْ بِاَسْمَآئِهِمْ ۚ فَلَمَّآ اَنْۢبَاَهُمْ

আন্তাল 'আলীমুল হ্বাকীম। ৩৩। ক্বা-লা ইয়া~আ-দামু আম্বি'হুম বিআস্মা—ইহিম, ফালাম্মা~আম্বাআহুম
আপনি সর্বজ্ঞ ও শ্রেষ্ঠতম কুশলী। (৩৩) তিনি বললেন, হে আদম! তাদেরকে এগুলোর নাম বলে দাও। যখন তিনি তাদেরকে এগুলোর

بِاَسْمَآئِهِمْ ۙ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ اِنِّىْٓ اَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۙ

বিআস্মা—ইহিম ক্বা-লা আলাম আক্বুল লাকুম ইন্নী~আ'লামু গাইবাস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্ব,
নাম বলে দিলেন, (আল্লাহ্) বললেন, আমি কি তোমাদেরকে বলিনি যে, নিশ্চয়ই আমি আকাশ ও যমীনের সকল অদৃশ্য বস্তুর খবর রাখি।

وَاَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا كُنْتُمْ تَكْتُمُوْنَ ۝٣٣ وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ

ওয়া আ'লামু মা- তুব্দূনা ওয়ামা- কুন্তুম তাক্তুমূন। ৩৪। ওয়া ইয্ কুল্না- লিল মালা—ইকাতিস জুদূ লিআ-দামা
এবং তোমরা যা প্রকাশ কর এবং যা গোপন কর তাও আমি জানি। (৩৪) অতঃপর যখন আমি ফিরিশতাদেরকে বললাম, আদমকে সিজদা কর,

فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰى وَاسْتَكْبَرَ ۫ وَكَانَ مِنَ الْكٰفِرِيْنَ ۝٣٤ وَقُلْنَا يٰٓاٰدَمُ

ফাসাজ্বাদূ~ইল্লা~ইব্লীস ; আবা-ওয়াস্তাক্বারা ওয়া কা-না মিনাল কা-ফিরীন। ৩৫। ওয়া কুলনা- ইয়া~আ-দামুস
তখন ইবলিস ছাড়া সকলেই সিজদা করল। সে দম্ভভরে অস্বীকার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হল। (৩৫) আমি বললাম, হে আদম!

اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ شِئْتُمَا ۪ وَلَا تَقْرَبَا هٰذِهِ

কুন আন্তা ওয়াযাওজুকাল জ্বান্নাতা ওয়া কুলা-মিনহা-রাগাদান হ্বাইছু শি'তুমা ওয়ালা-তাক্বরাবা- হা-যিহিশ
তুমি এবং তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং সেখান হতে যা ইচ্ছা ভক্ষণ কর। কিন্তু এই গাছটির কাছেও যেও না; অন্যথা

الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ ۝٣٥ فَاَزَلَّهُمَا الشَّيْطٰنُ عَنْهَا فَاَخْرَجَهُمَا مِمَّا كَانَا

শাজ্বারাতা ফাতাকূনা- মিনায্ যা-লিমীন। ৩৬। ফাআযাল্লাহুমাশ্ শাইত্বা-নু 'আনহা- ফাআখরাজ্বাহুমা- মিম্মা- কা-না-
তোমরা অন্যায়কারীদের অন্তর্ভুক্ত হবে। (৩৬) অতঃপর শয়তান তাদের পদস্খলন ঘটাল এবং তারা যেখানে ছিল সেখান থেকে

فِيْهِ ۪ وَقُلْنَا اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ

ফীহ, ওয়া কুলনাহ্বিত্বূ বা'দুকুম লিবা'দ্বিন আদুব্বু, ওয়া লাকুম ফিল আর্দ্বি মুস্তাক্বাররুওঁ
বের করে দিল। আমি বললাম, তোমরা সকলেই পরস্পর শত্রুরূপে অবতরণ কর। পৃথিবীতে তোমাদের কিছু কালের জন্য অবস্থান ও সম্পদ ভোগ

وَّمَتَاعٌ اِلٰى حِيْنٍ ۝٣٦ فَتَلَقّٰٓى اٰدَمُ مِنْ رَّبِّهٖ كَلِمٰتٍ فَتَابَ عَلَيْهِ ؕ اِنَّهٗ هُوَ التَّوَّابُ

ওয়ামাতা- 'উন ইলা-হ্বীন। ৩৭। ফাতালাক্ক্বা~আ-দামু মির রাব্বিহী কালিমা-তিন ফাতা-বা 'আলাইহ ; ইন্নাহূ হুওয়াত্ তাওয়্যা-বুর
নির্ধারিত হল। (৩৭) অতঃপর আদম (আ) তার প্রতিপালকের নিকট হতে কয়েকটি কথা শিখে নিল, তারপর আল্লাহ তার তওবা কবুল করলেন। নিশ্চয়ই তিনি অত্যন্ত

الرَّحِيْمُ ۝٣٨ قُلْنَا اهْبِطُوْا مِنْهَا جَمِيْعًا ۚ فَاِمَّا يَاْتِيَنَّكُمْ مِّنِّيْ هُدًى فَمَنْ تَبِعَ

রাহীম। ৩৮। ক্বুলনাহ্‌বিত্বূ মিনহা-জ্বামী'আ, ফাইম্মা- ইয়া'তিইয়ান্নাকুম মিন্নী হুদান ফামান তাবি'আ

ক্ষমাশীল ও পরম দয়ালু। (৩৮) আমি বললাম, তোমরা নেমে যাও এখান (বেহেশত) হতে সকলেই। অতঃপর তোমাদের কাছে আমার হেদায়াত পৌঁছবে। অনন্তর

هُدَايَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ۝٣٩ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا

হুদা-ইয়া ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্‌যানূন। ৩৯। ওয়াল্লাযীনা কাফারূ ওয়াকায্‌যাবূ

যারা আমার হেদায়াতের অনুসরণ করবে, তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তা গ্রস্তও হবে না। (৩৯) যারা কুফরী করল এবং আমার

بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝٤٠ يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا

বিআ-ইয়া-তিনা~উলা—ইকা আসহ্বা-বুন্‌ না-র, হুম ফীহা- খা-লিদূন। ৪০। ইয়া- বানী~ইস্‌রা—ঈলায্‌ কুরূ

বাণীসমূহ মিথ্যা বলল, তারাই জাহান্নামী, তারাই হবে সেখানের চির অধিবাসী। (৪০) হে বনী ইসরাঈল! আমি তোমাদেরকে যেসব

نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَوْفُوْا بِعَهْدِيْٓ اُوْفِ بِعَهْدِكُمْ ۚ وَاِيَّايَ

নি'মাতিয়াল্লাতী~আন'আমতু 'আলাইকুম ওয়া আওফূ বি'আহদি~উফি বি'আহ্‌দিকুম, ওয়া ইয়্যা-ইয়া

নিয়ামত প্রদান করেছি তা স্মরণ কর আর পূর্ণ কর আমার সাথে প্রদত্ত অংগীকার, আমিও তোমাদেরকে প্রদত্ত অঙ্গীকার পূর্ণ করব এবং তোমরা শুধু আমাকেই

فَارْهَبُوْنِ ۝٤١ وَاٰمِنُوْا بِمَآ اَنْزَلْتُ مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ وَلَا تَكُوْنُوْٓا اَوَّلَ

ফারহাবূন। ৪১। ওয়া আ-মিনূ বিমা~আন্‌যালতু মুস্বাদ্দিক্বাল্‌ লিমা- মা'আকুম ওয়ালা- তাকূনূ~আওয়্যালা

ভয় কর। (৪১) আর তোমরা ঈমান আন আমার অবতীর্ণ কিতাবের উপর, যা প্রত্যয়নকারী তোমাদের সাথে যা আছে তার (তাওরাত)। তোমরা এর প্রথম

كَافِرٍۢ بِهٖ ۠ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا ۫ وَّاِيَّايَ فَاتَّقُوْنِ ۝٤٢ وَلَا تَلْبِسُوا

কা-ফিরিম্‌ বিহ্‌, ওয়ালা-তাশতারূ বিআ-ইয়া-তী ছামানান ক্বালীলাওঁ ওয়া ইয়্যা-ইয়া ফাত্তাকূন। ৪২। ওয়ালা- তালবিসুল

অবিশ্বাসী হয়ো না। আর আমার আয়াতকে তোমরা নগণ্যমূল্যে বিক্রি কর না এবং তোমরা শুধু আমাকেই ভয় কর, (৪২) আর তোমরা

الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ۝٤٣ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا

হ্বাক্ক্বা বিলবা-ত্বিলি ওয়া তাক্‌তুমুল হ্বাক্ক্বা ওয়া আন্‌তুম তা'লামূন। ৪৩। ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়া আ-তুয

সত্যকে মিথ্যার সাথে সংমিশ্রণ কর না এবং যেনে শুনে তোমরা সত্য গোপন কর না। (৪৩) তোমরা সালাত কায়েম কর ও

الزَّكٰوةَ وَارْكَعُوْا مَعَ الرّٰكِعِيْنَ ۝٤٤ اَتَاْمُرُوْنَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ

যাকা-তা ওয়ারকা'উ মা'আর রা-কি'ঈন। ৪৪। আতা'মুরূনান্‌ না-সা বিল্‌বির্‌রি ওয়া তান্‌সাওনা আন্‌ফুসাকুম

যাকাত দাও এবং রুকূকারীদের সাথে রুকূ কর। (৪৪) তোমরা মানুষকে সৎ কাজের নির্দেশ দিচ্ছ আর ভুলে যাও তোমাদের

✪ টীকা (আঃ ৪০) ঃ বনি-ইসরাঈল হল হযরত ইয়াকুবের বংশধর। তাদেরকে আল্লাহ নবুওয়াত ও পার্থিব ধন-সম্পদ এবং জীবন ধারণের বিভিন্ন উপকরণ দ্বারা সম্মানিত করেছেন। কিন্তু তারা আল্লাহ প্রদত্ত নেয়ামতের না-শোকরী করেছিল। নবীগণকে হত্যা করেছিল। নানা প্রকার অপরাধমূলক কাজ এবং পাপ ও পঙ্কে নিমজ্জিত হয়েছিল। সুতরাং পরিশেষে তাদের উপর আল্লাহর গজব আপতিত হয়। তারা রাজ্যহারা, গৃহহারা ও কাঙ্গাল অবস্থায় বহুকাল যাবত অধঃপতিতভাবে জীবনযাপন করেছিল। এমন কি কিবৃতী শাসকদের আমলে তারা ক্রীতদাসরূপে বিবেচিত হত। এই বনি-ইসরাইলগণকেই ইহুদী বলা হয়। এই ইহুদী জাতি পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশী হিংসুক ও ইসলাম বিদ্বেষী। নবী হযরত মুহাম্মদ (সা)-এর প্রতিও তারা সদ্ব্যবহার প্রদর্শন করে নি। এ জন্য আজও তাদের উপর আল্লাহর লা'নত বর্ষিত হচ্ছে। (মাদারিক ও খাজিন)

এক চতুর্থাংশ

وَاَنْتُمْ تَتْلُوْنَ الْكِتٰبَ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ۝٤٥ وَاسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۭ

ওয়া আন্‌তুম তাতলূনাল কিতা-ব; আফালা- তা'ক্বিলূন। ৪৫। ওয়াস্‌তা'ঈনূ বিস্বস্বাবরি ওয়াস্ব স্বালা-হ;

নিজেদেরকে। অথচ তোমরা কিতাব পাঠ করতেছ; তবে তোমরা কি বুঝতেছ না? (৪৫) তোমরা সাহায্য কামনা কর ধৈর্য ও সালাতের মাধ্যমে এবং

وَاِنَّهَا لَكَبِيْرَةٌ اِلَّا عَلَى الْخٰشِعِيْنَ ۝٤٦ الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَاَنَّهُمْ

ওয়া ইন্নাহা- লাকাবীরাতুন ইল্লা- 'আলাল খা-শি'ঈন। ৪৬। আল্লাযীনা ইয়াযুন্‌নূনা আন্নাহুম মুলা-ক্বূ রাব্বিহিম ওয়া আন্নাহুম

নিশ্চয়ই ইহা খোদাভীরু ছাড়া অন্য সকলের নিকট অবশ্যই কঠিনতম কাজ। (৪৬) যারা মনে করে, নিশ্চয়ই তারা তাদের প্রতিপালকের সাথে মিলিত হবে এবং

৫ ع ৭ ৫ রুকূ

اِلَيْهِ رٰجِعُوْنَ ۝٤٧ يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَنِّيْ

ইলাইহি রা-জ্বি'ঊন। ৪৭। ইয়া-বানী~ইস্‌রা—ঈলায কুরূ নি'মাতিইয়াল্লাতী~আন'আমতু 'আলাইকুম ওয়া আন্নী

তাঁর কাছেই ফিরে যাবে। (৪৭) হে বনী ইস্রাঈল সম্প্রদায়! তোমাদের উপর আমার অবতীর্ণ নিয়ামতের কথা স্মরণ কর। আর নিশ্চয়ই আমি

فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ۝٤٨ وَاتَّقُوْا يَوْمًا لَّا تَجْزِيْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْـًٔا وَّلَا

ফাদ্বদ্বাল্‌তুকুম 'আলাল 'আ-লামীন। ৪৮। ওয়াত্তাক্বূ ইয়াওমাল্‌ লা-তাজ্‌যী নাফ্‌সুন 'আন্‌ নাফসিন শাইআওঁ ওয়ালা-

তোমাদের শ্রেষ্ঠত্ব দান করেছি সারা বিশ্বের উপর। (৪৮) আর সেদিনকে ভয় কর যেদিন কেউ কারো কাজে আসবে না এবং

يُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَّلَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ۝٤٩ وَاِذْ نَجَّيْنٰكُمْ مِّنْ

ইয়ুক্ববালু মিনহা- শাফা-'আতুওঁ ওয়ালা-ইয়ু'খাযু মিনহা- 'আদলুওঁ ওয়ালা-হুম ইয়ুনস্বারূন। ৪৯। ওয়া ইয্‌ নাজ্জাইনা-কুম মিন

কারো কোন সুপারিশ কবুল হবে না ও কারো হতে কোনরূপ বিনিময় গৃহীত হবে না। আর তারা কোন প্রকার সাহায্য পাবে না। (৪৯) (স্মরণ কর) যখন আমি

اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ يُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ

আ-লি ফির'আওনা ইয়াসূমূনাকুম সূ—আল 'আযা-বি ইয়ুযাব্বিহূনা আবনা—আকুম ওয়াইয়াস্তাহ্‌ইয়ূনা

তোমাদেরকে ফিরাউন সম্প্রদায় হতে মুক্তি দিলাম। যারা তোমাদেরকে কঠোর শাস্তি দিত, তোমাদের পুত্রগণকে হত্যা করতো

نِسَآءَكُمْ ۭ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ۝٥٠ وَاِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ

নিসা—আকুম; ওয়া ফী যা-লিকুম বালা—উম মির্‌ রাব্বিকুম 'আযীম। ৫০। ওয়া ইয্‌ ফারাক্বনা- বিকুমুল বাহ্‌রা

এবং কন্যাদেরকে জীবিত রাখতো। এতে তোমাদের জন্য তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে বিরাট পরীক্ষা ছিল। (৫০) যখন আমি তোমাদের জন্য সমুদ্রকে

فَاَنْجَيْنٰكُمْ وَاَغْرَقْنَآ اٰلَ فِرْعَوْنَ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ۝٥١ وَاِذْ وٰعَدْنَا مُوْسٰٓى

ফাআন্‌জ্বাইনা-কুম ওয়া আগ্‌রাক্বনা~আ-লা ফির্‌'আওনা ওয়া আন্‌তুম তান্‌যুরূন। ৫১। ওয়া ইয্‌ ওয়া-'আদনা- মূসা~

বিভক্ত করে তোমাদেরকে উদ্ধার করলাম এবং নিমজ্জিত করলাম ফিরাউন গোষ্ঠিকে, তখন তা তোমরা প্রত্যক্ষ করছিলে। (৫১) আর যখন মূসাকে

✪ টীকা (আঃ ৫০) ঃ জ্যোতিষীরা ফেরাউনকে বলল, বনী-ইসরাঈল বংশে এক ছেলে জন্মিবে, যার দ্বারা তোমার রাজ্য ধ্বংস হবে। এ জন্য ফেরাউন বনী-ইসরাঈলদের সমস্ত নবজাত পুত্র-সন্তানদেরকে হত্যা করে ফেলত এবং কন্যা-সন্তানদেরকে জীবিত রাখত।

✪ টীকা (আঃ ৫১) ঃ ফেরাউনের জুলুম হতে আত্মরক্ষার জন্য আল্লাহর আদেশে বনী ইসরাঈলসহ মূসা (আ) গোপনে মিসর হতে রওয়ানা হলেন। পথে সাগর পড়ল। আল্লাহর আদেশে সাগরের পানি ফাঁক হয়ে রাস্তা হয়ে গেল। মূসা (আ) সদলে পার হয়ে গেলেন। তাদের পশ্চাদ্ধাবন করে ফেরাউনও সদলে উক্ত পথে নেমে পড়লে উভয় দিক থেকে পানি এসে তাদের সলিল সমাধি ঘটাল।

أربعين ليلة ثم اتخذتم العجل من بعده وأنتم ظلمون (52) ثم عفونا

আরবা'ঈনা লাইলাতান ছুম্মাত্ তাখায্তুমুল 'ইজ্বলা মিম্ বা'দিহী ওয়া আন্তুম য্বা-লিমূন । ৫২ । ছুম্মা 'আফাওনা-
চল্লিশ রজনীর প্রতিশ্রুতি দিয়েছিলাম, অতঃপর তোমরা তাঁর প্রস্থানের পর, গোবৎসকে উপাস্য রূপে গ্রহণ করেছিলে বস্তুতঃ তোমরা ছিলে অত্যাচারী । (৫২) এরপরও আমি

عنكم من بعد ذلك لعلكم تشكرون (53) وإذ آتينا موسى الكتب و

'আনকুম মিম্ বা'দি যা-লিকা লা'আল্লাকুম তাশ্কুরূন । ৫৩ । ওয়া ইয্ আ-তাইনা- মূসাল কিতা-বা ওয়াল
তোমাদেরকে ক্ষমা করেছি, যেন তোমরা কৃতজ্ঞ হও । (৫৩) আর যখন আমি প্রদান করেছি মূসাকে কিতাব ও

الفرقان لعلكم تهتدون (54) وإذ قال موسى لقومه يقوم إنكم ظلمتم

ফুরক্বা-না লা'আল্লাকুম তাহ্তাদূন । ৫৪ । ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি ইন্নাকুম য্বালাম্তুম
ফুরকান যেন তোমরা পথপ্রাপ্ত হও । (৫৪) আর যখন মূসা তার সম্প্রদায়কে বলল, হে সম্প্রদায়! নিশ্চয়ই তোমরা গোবৎসকে

أنفسكم باتخاذكم العجل فتوبوا إلى بارئكم فاقتلوا أنفسكم ذلكم

আনফুসাকুম বিত্তিখা-যিকুমুল 'ইজ্বলা ফাতূবূ~ইলা- বা-রিইকুম ফাক্বতুলূ~আনফুসাকুম ; যা-লিকুম
উপাস্য রূপে গ্রহণ করে নিজেদের প্রতি অত্যাচার করেছ । সুতরাং তোমরা তোমাদের স্রষ্টার কাছে তওবা কর এবং তোমরা পরস্পরকে হত্যা কর । তোমাদের

خير لكم عند بارئكم فتاب عليكم إنه هو التواب الرحيم (55) وإذ قلتم

খাইরুল্ লাকুম 'ইন্দা বা-রিইকুম ; ফাতা-বা 'আলাইকুম ; ইন্নাহূ হুওয়াত তাওয়্যা-বুর রাহ্বীম । ৫৫ । ওয়া ইয্ ক্বুল্তুম
স্রষ্টার নিকট এটাই তোমাদের জন্য কল্যাণকর । অতঃপর তিনি তোমাদের তওবা কবূল করলেন । নিশ্চয় তিনি সর্বাধিক ক্ষমাশীল ও বড়ই মেহেরবান । (৫৫) আর যখন

يموسى لن نؤمن لك حتى نرى الله جهرة فأخذتكم الصعقة وأنتم

ইয়া-মূসা- লান নু'মিনা লাকা হাত্তা- নারাল্লা-হা জ্বাহ্রাতান ফাআখাযাতকুমুস্ব স্বা-ইক্বাতু ওয়া আন্তুম
তোমরা বললে, হে মূসা, আল্লাহকে প্রকাশ্যে না দেখে আমরা কিছুতেই ঈমান আনব না; তখন তোমাদের উপর বজ্রপাত হল এবং তোমরা

تنظرون (56) ثم بعثنكم من بعد موتكم لعلكم تشكرون (57) وظللنا عليكم

তান্যুরূন । ৫৬ । ছুম্মা বা'আছ্না-কুম মিম বা'দি মাওতিকুম লা'আল্লাকুম তাশ্কুরূন । ৫৭ । ওয়া য্বাল্লালনা- 'আলাইকুমুল
তা প্রত্যক্ষ করতেছিলে । (৫৬) মৃত্যুর পর তোমাদেরকে পুনর্জীবিত করলাম যেন তোমরা কৃতজ্ঞ হও । (৫৭) আমি তোমাদের উপর ছায়া প্রদান করেছিলাম

الغمام وأنزلنا عليكم المن والسلوى كلوا من طيبت ما رزقنكم وما

গামা-মা ওয়া আন্যালনা-'আলাইকুমুল মান্না ওয়াস্সালওয়া ; কুলূ মিন ত্বায়্যিবা-তি মা-রাযাক্বনা-কুম ; ওয়া মা-
মেঘ দ্বারা এবং মান্না ও ছালওয়া অবতীর্ণ করেছিলাম । তোমাদেরকে আমি যে পবিত্র রিযিক প্রদান করেছি তা ভক্ষণ কর । তারা আমার প্রতি কোন

✪ টীকা (আঃ ৫৭) ঃ المن والسلوى -(মান্না ওয়াছ ছাল্ওয়া) ঃ মান্না কি বস্তু এ সম্পর্কে তাফসীরকারগণ বিভিন্ন অভিমত ব্যক্ত করেছেন । হযরত আব্বাস (রা) হতে আলী ইবনে আবু তাল্হা বর্ণনা করেছেন, المن (আল্ মান্না) হচ্ছে এক প্রকার বস্তু যা বনী ইসরাঈলের জন্য রাতে বৃক্ষপত্রে পতিত হত । তারা সকাল বেলায় তার থেকে যতটুকু ইচ্ছা খেয়ে নিত । কেউ বলেন– মান্না হচ্ছে মধুর ন্যায় এক প্রকার পানীয় । السلوى (আছ্ছালওয়া) ঃ হযরত ইবনে আব্বাস হতে আলী ইবনে আবু তালহা বর্ণনা করেছেন– السلوى (আছছালওয়া) হচ্ছে তরত পক্ষীর (চড়ুই) ন্যায় এক প্রকারের পক্ষী, বনী ইসরাঈলগণ তার গোশ্ত ভক্ষণ করত ।

ظلمونا ولكن كانوا أنفسهم يظلمون (58) وإذ قلنا ادخلوا هذه القرية فكلوا منها

য্বালামূনা- ওয়ালা-কিন কা-নূ~আনফুসাহুম ইয়াযলিমূন । ৫৮ । ওয়া ইয্ ক্বুলনাদখুলূ হা-যিহিল ক্বারইয়াতা ফাকুলূ মিনহা-
অত্যাচার করেনি বরং তারা নিজেদের উপর অত্যাচার করেছিল । (৫৮) আর যখন বললাম, এ জনপদে প্রবেশ কর এবং এখান থেকে খাও

حيث شئتم رغدا وادخلوا الباب سجدا وقولوا حطة نغفر لكم خطيكم

হ্বাইছু শি'তুম রাগাদাওঁ ওয়াদখুলুল বা-বা সুজ্জ্বাদাওঁ ওয়া ক্বূলূ হ্বিত্ত্বাতুন্ নাগ্ফির্লাকুম খাত্বা-ইয়া-কুম ;
যা ইচ্ছা । আর সিজদাবনত হয়ে এর দরজা দিয়ে প্রবেশ কর আর বল, ক্ষমা চাই । আমি তোমাদের অপরাধ ক্ষমা করব ।

وسنزيد المحسنين (59) فبدل الذين ظلموا قولا غير الذي قيل لهم

ওয়া সানাযীদুল মুহ্সিনীন । ৫৯ । ফাবাদ্দালাল্ লাযীনা য্বালামূ ক্বাওলান গাইরাল্লাযী ক্বীলা লাহুম
আর অতিসত্তরই বাড়িয়ে দেব (আমার) কৃতজ্ঞ বান্দাদেরকে । (৫৯) তারপর যালিমগণ আদিষ্ট কথাটি পরিবর্তন করল । ফলে

ع ৬ রুকূ ৬

فأنزلنا على الذين ظلموا رجزا من السماء بما كانوا يفسقون (60) وإذ

ফাআন্যাল্না- 'আলাল্ লাযীনা য্বালামূ রিজ্বযাম মিনাস্ সামা—ই বিমা- কা-নূ ইয়াফসুকূন । ৬০ । ওয়া ইযি
আমি অবতীর্ণ করলাম জালিমদের উপর আসমান থেকে শাস্তি, কারণ তারা হুকুম অমান্য করতেছিল । (৬০) আর স্মরণ কর,

استسقى موسى لقومه فقلنا اضرب بعصاك الحجر فانفجرت منه

স্তাসক্বা- মূসা- লিকাওমিহী ফাকুলনাদ্বরিব বি'আস্বা-কাল হাজ্বার, ফান্ফাজ্বারাত মিনহুহু
যখন মূসা তাঁর সম্প্রদায়ের জন্য পানি প্রার্থনা করল, তখন আমি বললাম, তোমার লাঠি দ্বারা এ পাথরে আঘাত কর । ফলে তা

اثنتا عشرة عينا قد علم كل أناس مشربهم كلوا واشربوا من رزق الله

নাতা- 'আশ্রাতা 'আইনা ; ক্বাদ 'আলিমা কুল্লু উনা-সিম্ মাশ্রাবাহুম ; কুলূ ওয়াশরাবূ মির রিযক্বিল্লা-হি
থেকে বারটি ফোয়ারা নির্গত হল । চিনে নিল প্রত্যেক গোত্রই তাদের পান করার স্থান । তোমরা আল্লাহর দেয়া রুযী খাও ও পান কর ।

ولا تعثوا في الأرض مفسدين (61) وإذ قلتم يموسى لن نصبر على طعام

ওয়ালা- তা'ছাও ফিল আরদ্বি মুফসিদীন । ৬১ । ওয়া ইয্ ক্বুল্তুম ইয়া- মূসা- লান্ নাস্ববিরা 'আলা- ত্বা'আ-মিওঁ
আর পৃথিবীতে অনাচার সৃষ্টি করে ফের না । (৬১) আর যখন তোমরা বললে, হে মূসা, আমরা কিছুতেই একই ধরনের খাদ্য খাওয়ায় ধৈর্য ধরব না ।

واحد فادع لنا ربك يخرج لنا مما تنبت الأرض من بقلها وقثائها

ওয়া-হ্বিদিন ফাদ'উ লানা- রাব্বাকা ইয়ুখ্রিজ্ব লানা- মিম্মা- তুম্বিতুল আরদ্বু মিম্ বাক্বলিহা- ওয়াক্বিছ্ছা—ইহা-
তাই আপনি আপনার প্রভুর নিকট প্রার্থনা করুন, আমাদের জন্য তিনি যেন উৎপন্ন করেন মাটি হতে বিভিন্ন তরকারী, শস্য জাতীয়

وفومها وعدسها وبصلها قال أتستبدلون الذي هو أدنى بالذي هو

ওয়া ফূমিহা- ওয়া'আদাসিহা- ওয়া বাস্বালিহা; ক্বা-লা আতাস্তাব্দিলূনাল্ লাযী হুওয়া আদনা- বিল্লাযী হুওয়া
ফলমূল, গম, ডাল ও পিয়াজ । মূসা বললেন, তোমরা কি বদল করতে চাও উৎকৃষ্ট বস্তুকে নিকৃষ্ট বস্তুর সাথে?

خَيْرٌ ۭ اِهْبِطُوْا مِصْرًا فَاِنَّ لَكُمْ مَّا سَاَلْتُمْ ۭ وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ ۤ

খাইর, ইহ্‌বিত্বূ মিস্বরান ফাইন্না লাকুম মা- সাআল্‌তুম; ওয়া দ্বুরিবাত 'আলাইহিমুয্ যিল্লাতু ওয়াল মাস্‌কানাতু
তাহলে কোন শহরে চলে যাও, সেখানে তোমরা যা চাচ্ছ তা নিশ্চয়ই পাবে। আর তাদের জন্য নির্ধারিত হল লাঞ্ছনা ও দারিদ্রতা এবং

وَبَاۗءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ ۭ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ

ওয়াবা—উ বিগাদ্বাবিম্ মিনাল্লা-হ ; যা-লিকা বিআন্নাহুম ক্বা-নূ ইয়াকফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি ওয়া ইয়াক্বতুলূনান্
তারা আল্লাহর গযবের পাত্র হয়ে গেল। তার কারণ এই যে, তারা অস্বীকার করতো আল্লাহর আয়াতকে এবং (তারা) অন্যায়ভাবে

النَّبِيّٖنَ بِغَيْرِ الْحَقِّ ۭ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿٦٢﴾ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا

নাবিইয়্যীনা বিগাইরিল হ্বাক্বক্ব ; যা-লিকা বিমা-'আস্বাও ওয়া কা-নূ ইয়া'তাদূন। ৬২। ইন্নাল্লাযীনা আ-মানূ
নবীগণকে হত্যা করতো। এটা এ কারণে যে, তারা নাফরমানী ও সীমালংঘনের পথ অনুসরণ করতেছিল। (৬২) নিশ্চয়ই যারা মুমিন,

وَالَّذِيْنَ هَادُوْا وَالنَّصٰرٰى وَالصّٰبِـِٕيْنَ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَعَمِلَ

ওয়াল্লাযীনা হা-দূ ওয়ান্নাস্বা-রা- ওয়াস্ব স্বা-বিঈনা মান আ-মানা বিল্লা- হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া'আমিলা
ইয়াহূদী, নাসারা ও সাবিয়ীন এবং (তাদের মধ্য) হতে যারা আল্লাহ্ ও আখিরাতের উপর ঈমান এনেছে এবং নেক আমল করেছে,

صَالِحًا فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٣﴾ وَ

স্বা-লিহ্বান ফালাহুম আজ্‌রুহুম 'ইন্দা রাব্বিহিম ওয়ালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্বযানূন। ৬৩। ওয়া
তাদের জন্য পুরস্কার রয়েছে তাদের প্রতিপালকের কাছে এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না। (৬৩) আর

اِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّوْرَ ۭ خُذُوْا مَآ اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا مَا

ইয্ আখায্‌না- মীছা-ক্বাকুম ওয়া রাফা'না- ফাওক্বাকুমুত্ব ত্বূর ; খুযূ মা ~আ-তাইনা-কুম বিকুওয়্যাতিওঁ ওয়াযকুরূ মা-
যখন তোমাদের থেকে অংগীকার নিয়েছিলাম এবং তোমাদের উপর তূর-কে তুলে ধরে (বলেছিলাম) আমি যা দিলাম তা দৃঢ়ভাবে ধর এবং তাতে যা কিছু

فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿٦٤﴾ ثُمَّ تَوَلَّيْتُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ ۚ فَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَ

ফীহি লা'আল্লাকুম তাত্তাক্বূন। ৬৪। ছুম্মা তাওয়াল্লাইতুম মিম্ বা'দি যা-লিক, ফালাও লা-ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম ওয়া
আছে তা মনে রেখো, তাহলে হয়ত তোমরা পরিত্রাণ পাবে। অতঃপর তোমরা এ অংগীকার হতে ফিরে গিয়েছ। যদি তোমাদের উপর আল্লাহ তায়ালার অনুগ্রহ

رَحْمَتُهٗ لَكُنْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿٦٥﴾ وَلَقَدْ عَلِمْتُمُ الَّذِيْنَ اعْتَدَوْا مِنْكُمْ فِي السَّبْتِ

রাহ্বমাতুহূ লাকুন্‌তুম মিনাল খা-সিরীন। ৬৫। ওয়া লাক্বাদ 'আলিমতুমুল্ লাযীনা'তাদাও মিনকুম ফিস্ সাব্‌তি
ও অনুকম্পা না হতো তাহলে অবশ্যই তোমরা ক্ষতিগ্রস্ত হতে। (৬৫) তোমাদের মধ্যে শনিবার সম্পর্কে যারা বাড়াবাড়ি করেছিল তাদেরকে তোমরা অবশ্যই জান।

○ টীকা (আঃ ৬৫) ঃ ইহুদীদের জন্য বরকত ও ইবাদতের দিন হিসেবে শনিবার নির্দিষ্ট ছিল। তৌরাত কিতাবে নির্দেশ ছিল যে, এই দিন কোন শিকার বা অন্য পার্থিব কাজ করা যাবে না। এই শনিবার দিন অসংখ্য মাছ পানির উপর ভেসে উঠত এবং নানা রকম খেলা করত। ইহুদীরা ছিল মৎস্য শিকারী। তারা এই মাছের লোভ সামলাতে পারল না। সুতরাং তারা শুক্রবার দিন নদী সংলগ্ন নহর কেটে জোয়ারের সময় তাতে মাছ ও পানি আটকিয়ে রাখত এবং ভাটার সময় পানি ছেড়ে দিয়ে শনিবার দিন মাছ মারত। তারা বলত যে, এই মাছ শনিবারের নয়; বরং তা শুক্রবারের আটকানো মাছ। বনি-ইসরাঈলের অদৃশ্য আচরণে তাদের উপর আল্লাহর গজব পতিত হল। তারা আল্লাহর নির্দেশে নিকৃষ্ট বানরে পরিণত হল এবং ধ্বংস হয়ে গেল। (মাদারিক)

فَقُلْنَا لَهُمْ كُوْنُوْا قِرَدَةً خٰسِـِٕيْنَ ﴿٦٦﴾ فَجَعَلْنٰهَا نَكَالًا لِّمَا بَيْنَ يَدَيْهَا وَمَا خَلْفَهَا وَمَوْعِظَةً

ফাক্বুলনা-লাহুম কূনূ ক্বিরাদাতান খা-সিঈন। ৬৬। ফাজা'আলনা-হা- নাকা-লাল্ লিমা-বাইনা ইয়াদাইহা- ওয়ামা- খাল্‌ফাহা- ওয়া মাও'ইযাতাল্
আমি তাদেরকে বললাম, তোমরা নিকৃষ্ট বানর হয়ে যাও। (৬৬) অতঃপর আমি এটাকে সমসাময়িক ও পরবর্তি লোকদের জন্য দৃষ্টান্ত ও মুত্তাকীদের জন্য

لِّلْمُتَّقِيْنَ ﴿٦٧﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖٓ اِنَّ اللّٰهَ يَاْمُرُكُمْ اَنْ تَذْبَحُوْا بَقَرَةً ۭ قَالُوْٓا

লিল মুত্তাক্বীন। ৬৭। ওয়া ইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী ~ইন্নাল্লা-হা ইয়া'মুরুকুম আন্ তাযবাহূ বাক্বারাহ ; ক্বা-লূ~
উপদেশ স্বরূপ বানিয়েছি। (৬৭) আর মূসা যখন তার সম্প্রদায়কে বলল, নিশ্চয়ই আল্লাহ্ তোমাদেরকে একটি গাভী যবেহ্ করতে আদেশ করতেছেন। তারা বলল,

اَتَتَّخِذُنَا هُزُوًا ۭ قَالَ اَعُوْذُ بِاللّٰهِ اَنْ اَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٦٨﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ

আতাত্তাখিযুনা হুযুওয়া ; ক্বা-লা আ'উযুবিল্লা-হি আন আকূনা মিনাল জ্বা-হিলীন। ৬৮। ক্বা-লুদ'উ লানা- রাব্বাকা
তুমি কি আমাদের সাথে তামাশা করতেছ? মূসা বলল, আমি মূর্খদের অন্তর্ভূক্ত হওয়া থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই। (৬৮) তারা বলল, আমাদের জন্য তোমার রবের

يُبَيِّنْ لَّنَا مَا هِيَ ۭ قَالَ اِنَّهٗ يَقُوْلُ اِنَّهَا بَقَرَةٌ لَّا فَارِضٌ وَّلَا بِكْرٌ ۭ عَوَانٌۢ بَيْنَ

ইয়ুবায়্যিললানা- মা-হিয় ; ক্বা-লা ইন্নাহূ ইয়াক্বূলু ইন্নাহা- বাক্বারাতুল লা-ফা-রিদ্বুওঁ ওয়ালা-বিক্‌র ; 'আওয়া-নুম্ বাইনা
নিকট প্রার্থনা কর, যেন তিনি জানিয়ে দেন সেটি কিরূপ হবে? সে বলল, নিশ্চয়ই তিনি বলেছেন, গাভীটি না বৃদ্ধা, না যুবতী বরং তা মধ্য বয়সী। সুতরাং তোমরা

ذٰلِكَ ۭ فَافْعَلُوْا مَا تُؤْمَرُوْنَ ﴿٦٩﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا لَوْنُهَا ۭ قَالَ اِنَّهٗ

যা-লিক ; ফাফ'আলূ মা- তু'মারূন। ৬৯। ক্বালুদ'উ লানা- রাব্বাকা ইয়ুবায়্যিললানা- মা- লাওনুহা ; ক্বা-লা ইন্নাহূ
সম্পন্ন কর যা আদিষ্ট হয়েছ। (৬৯) তারা বলল, তোমার প্রতিপালককে বল, তিনি যেন আমাদেরকে তার (গাভীর) রং বলে দেন। মূসা বললেন, নিশ্চয়ই

يَقُوْلُ اِنَّهَا بَقَرَةٌ صَفْرَاۗءُ ۙ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النّٰظِرِيْنَ ﴿٧٠﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ

ইয়াক্বূলু ইন্নাহা- বাক্বারাতুন ছাফরা—উ, ফা-ক্বি'উল্ লাওনুহা- তাসুররুন না-যিরীন। ৭০। ক্বা-লুদ'উ লানা-রাব্বাকা
আল্লাহ বলেছেন, তা হবে হলুদ বর্ণের গাভী। অতি গাঢ় তার বর্ণ, যা দর্শকদের আনন্দ দেয়। (৭০) তারা বলল, আমাদের জন্য তোমার রবকে বল, তিনি যেন

يُبَيِّنْ لَّنَا مَا هِيَ ۙ اِنَّ الْبَقَرَ تَشٰبَهَ عَلَيْنَا ۭ وَاِنَّآ اِنْ شَاۗءَ اللّٰهُ لَمُهْتَدُوْنَ ﴿٧١﴾ قَالَ اِنَّهٗ

ইয়ুবায়্যিন্ লানা- মা- হিয়া ইন্নাল বাক্বারা তাশা-বাহা 'আলাইনা; ওয়া ইন্না~ইন শা—আল্লা-হু লামুহ্‌তাদূন। ৭১। ক্বা-লা ইন্নাহূ
গাভীটির (পূর্ণ) পরিচয় প্রদান করেন, নিশ্চয়ই গাভিটি আমাদের কাছে অস্পষ্ট (রয়েছে)। অতঃপর আল্লাহ্ ইচ্ছা করলে নিশ্চয়ই আমরা সঠিক পথ পাব। (৭১) মূসা বললেন

يَقُوْلُ اِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُوْلٌ تُثِيْرُ الْاَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ ۚ مُسَلَّمَةٌ لَّا شِيَةَ

ইয়াক্বূলু ইন্নাহা-বাক্বারাতুল্ লা-যালূলুন তুছীরুল আরদ্বা ওয়ালা- তাস্‌ক্বিল হ্বার্‌ছা ; মুসাল্লামাতুল লা-শিয়াতা
নিশ্চয়ই তিনি বলতেছেন, গাভীটি অবশ্যই কৃষিকাজে এবং সেচ কার্যে ব্যবহৃত নয়, সেটি সুস্থ সবল ও

○ টীকা (আঃ ৬৭) ঃ একবার বনী ইসরাঈলের মধ্যে এক ধনাঢ্য ব্যক্তি নিহত হয়, কিন্তু হত্যাকারীর কোন সন্ধান পাওয়া যাচ্ছিল না। অবশেষে সন্দেহ অপবাদের রূপ ধারণ করল এবং পারস্পরিক অপবাদের দরুন এক ভয়ংকর অবস্থার সৃষ্টি হলো। ঘটনাটি হযরত মূসা (আ)-এর নিকট উপস্থাপিত হলে তিনি আল্লাহর নিকট এর মীমাংসার জন্য দু'আ করলেন। আল্লাহ্ তা'আলা হযরত মূসা (আ)-কে বললেন, তাদেরকে একটি গাভী যবেহ্ করতে বল, অতঃপর যবেহকৃত গাভীর কোন এক অংশ দ্বারা মৃত ব্যক্তির শরীরে আঘাত করলে, সে আল্লাহর নির্দেশে জীবিত হয়ে, তার হত্যাকারীর নাম বলে দিবে। হযরত মূসা (আ) তাদেরকে গাভী যবেহ্ করতে বললে, তারা তাদের স্বভাব অনুযায়ী বিতর্ক আরম্ভ করে বলল, মূসা! তুমি কি আমাদের সাথে বিদ্রুপ করছ? নিহত ব্যক্তির ঘটনার সাথে গাভী যবেহের কি সম্পর্ক? আচ্ছা যদি বাস্তবিকই এটা আল্লাহ্ তা'য়ালার আদেশ হয়ে থাকে, তবে বল, সে গাভীটি কিরূপ হতে হবে? কিছু বিস্তারিত বিবরণ জানা আবশ্যক। কেননা, উহা যথাযথ নিরূপণ করণ প্রসঙ্গে অস্পষ্ট ও সন্দেহজনক অবস্থার মধ্যে রয়েছি।

فِيهَا ۚ قَالُوا الْـٰٔنَ جِئْتَ بِالْحَقِّ ۚ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ٧١ وَإِذْ قَتَلْتُمْ
ফীহা; ক্বা-লুল আ-না জ্বি'তা বিল হ্বাক্বক্ব ; ফাযাবাহুহা- ওয়ামা- কা-দূ ইয়াফ'আলূন । ৭২ । ওয়া ইয্ ক্বাতালতুম
নিখুঁত। তারা বলল, এখন তুমি সঠিক তথ্য এনেছ। অতঃপর তারা তা যবেহ করল; অথচ তারা তা (যবেহ) করার চিন্তা-ও করছিল না। (৭২) আর যখন তোমরা একটি

نَفْسًا فَادّٰرَءْتُمْ فِيهَا ۚ وَاللّٰهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُونَ ٧٢ فَقُلْنَا اضْرِبُوهُ بِبَعْضِهَا ۚ
নাফ্সান ফাদ্দা-রা'তুম ফীহা; ওয়াল্লা-হু মুখ্রিজুম মা-কুন্তুম তাকতুমূন । ৭৩ । ফাক্বুলনাদ্বরিবূহু বিবা'দিহা;
লোক হত্যা করে পরস্পরের প্রতি দোষারোপ করতেছিলে। যা তোমরা গোপন করছিলে তা প্রকাশ করাটাই আল্লাহর ইচ্ছা ছিল। (৭৩) অতঃপর আমি বললাম, তাকে (মৃতকে)

كَذٰلِكَ يُحْيِي اللّٰهُ الْمَوْتٰى وَيُرِيكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُونَ ٧٣ ثُمَّ قَسَتْ قُلُوبُكُمْ
কাযা-লিকা ইয়ুহ্য়িল্লা-হুল মাওতা- ওয়া ইয়ুরীকুম আ-ইয়া-তিহী লা'আল্লাকুম তা'ক্বিলূন । ৭৪ । ছুম্মা ক্বাসাত ক্বুলূবুকুম
এর কোন একটি অংশ দিয়ে আঘাত কর। এভাবে আল্লাহ মৃতকে জীবিত করেন এবং তার নিদর্শন তোমাদের প্রদর্শন করেন, যেন তোমরা বুঝতে পার। (৭৪) এরপরও

مِّنْ بَعْدِ ذٰلِكَ فَهِيَ كَالْحِجَارَةِ أَوْ أَشَدُّ قَسْوَةً ۚ وَإِنَّ مِنَ الْحِجَارَةِ لَمَا يَتَفَجَّرُ
মিম্ বা'দি যা-লিকা ফাহিয়া কাল হ্বিজ্বা-রাতি আও আশাদ্দু ক্বাসওয়াহ্ ; ওয়া ইন্না মিনাল হিজ্বা-রাতি লামা-ইয়াতাফাজ্জ্বারু
তোমাদের অন্তর পাথরের মত কঠিন হয়ে গেল। অথবা, পাথরের চেয়েও কঠিন। কারণ, কতক পাথর এমনও আছে যে, তা থেকে ঝরণা

مِنْهُ الْأَنْهٰرُ ۚ وَإِنَّ مِنْهَا لَمَا يَشَّقَّقُ فَيَخْرُجُ مِنْهُ الْمَآءُ ۚ وَإِنَّ مِنْهَا لَمَا يَهْبِطُ
মিনহুল আনহা-র ; ওয়া ইন্না মিনহা- লামা- ইয়াশশাক্ক্বাক্বু ফাইয়াখরুজু মিনহুল মা—উ ; ওয়া ইন্না মিনহা- লামা- ইয়াহ্বিত্বু
ধারা প্রবাহিত হয়, আর কতক এরূপ যে, যা ফেটে পানি বের হয়। আর কতক এমনও আছে যা আল্লাহর ভয়ে ধসে পড়ে।

مِنْ خَشْيَةِ اللّٰهِ ۗ وَمَا اللّٰهُ بِغٰفِلٍ عَمَّا تَعْمَلُونَ ٧٤ أَفَتَطْمَعُونَ أَنْ يُّؤْمِنُوا لَكُمْ وَقَدْ
মিন খাশয়াতিল্লা-হ ; ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন । ৭৫ । আফাতাত্ব্মা'উনা আঁই ইয়ু'মিনূ লাকুম ওয়া ক্বাদ
আর তোমরা যা করছ সে সম্বন্ধে আল্লাহ বেখবর নহেন। (৭৫) (হে ঈমানদারগণ) তোমরা কি আশা করছ যে, তারা তোমাদের কথায় ঈমান আনবে?

كَانَ فَرِيقٌ مِّنْهُمْ يَسْمَعُونَ كَلٰمَ اللّٰهِ ثُمَّ يُحَرِّفُونَهٗ مِنْۢ بَعْدِ مَا عَقَلُوهُ وَهُمْ
কা-না ফারীক্বুম্ মিনহুম ইয়াসমা'উনা কালা-মাল্লা-হি ছুম্মা ইয়ুহ্বাররিফূনাহূ মিম্ বা'দি মা- 'আক্বালূহু ওয়া হুম
অথচ তাদের ভিতরে তো এমনও একদল ছিল যারা আল্লাহ্র কালাম শ্রবণ করত, অতঃপর বুঝার পর জেনে-শুনে তা বিকৃত

يَعْلَمُونَ ٧٥ وَإِذَا لَقُوا الَّذِينَ اٰمَنُوا قَالُوٓا اٰمَنَّا ۚ وَإِذَا خَلَا بَعْضُهُمْ إِلٰى بَعْضٍ
ইয়া'লামূন । ৭৬ । ওয়া ইযা- লাক্বুল লাযীনা আ-মানূ কা-লূ~আ-মান্না- ওয়া ইযা-খালা- বা'দ্বুহুম ইলা-বা'দ্বিন
করত। (৭৬) আর যখন তারা মুমিনদের সাথে মিলিত হয়, তখন বলে, আমরা ঈমান এনেছি। আর যখন তারা নিজেরা একে অন্যের সাথে নিভৃতে মেলামেশা

৮ ع ৮ রু

✪ টীকা (আঃ ৭২) ঃ হযরত মূসা (আ)-এর সময়ে ইহুদীগণের মধ্যে কোন এক ব্যক্তি অপরব্যক্তির কন্যাকে বিবাহের প্রস্তাব দিলে তা প্রত্যাখ্যাত হয়। প্রস্তাবকারী কন্যার পিতাকে হত্যা করে এবং হযরত মূসার নিকট উক্ত হত্যার সন্ধান দাবী করে। কিন্তু উক্ত নিহত ব্যক্তির হত্যাকারী যে সে নিজেই, এটা স্বীকার করতে ছিল না। এ হত্যাকাণ্ড নিয়ে বিরাট কোন্দলের সৃষ্টি হয়। পরিশেষে জবেহকৃত গরুর মাংসের এক টুকরা নিহত ব্যক্তির শরীরের সাথে লাগালে সে তৎক্ষণাৎ জীবিত হয়ে হত্যাকারীকে সনাক্ত করে। ফলে উক্ত হত্যাকারী সে ব্যক্তির উত্তরাধিকার হতে বঞ্চিত হয়ে যায়। (মাওয়াহিব)

قَالُوٓا أَتُحَدِّثُونَهُمْ بِمَا فَتَحَ اللّٰهُ عَلَيْكُمْ لِيُحَآجُّوكُمْ بِهٖ عِنْدَ رَبِّكُمْ ۚ أَفَلَا تَعْقِلُونَ°
ক্বা-লূ~আতুহ্বাদ্দিছূনাহুম বিমা- ফাতাহ্বাল্লা-হু 'আলাইকুম লিইয়ুহ্বা—জ্জুকুম বিহী 'ইন্দা রাব্বিকুম ; আফালা- তা'ক্বিলূন।
করে তখন বলে, আল্লাহ তোমাদের কাছে যা ব্যক্ত করেছেন তা কি তাদেরকে তোমরা বলে দাও? এর দ্বারা তারা তোমাদের বিরুদ্ধে দলীল
পেশ করবে, তোমাদের প্রতিপালকের সামনে। তোমরা কি তা বুঝতেছ না?

٧٦ أَوَلَا يَعْلَمُونَ أَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ٧٧ وَمِنْهُمْ أُمِّيُّونَ لَا يَعْلَمُونَ
৭৭। আওয়ালা- ইয়া'লামূনা আন্নাল্লা-হা ইয়া'লামু মা- ইয়ুসিররূনা ওয়ামা- ইয়ু'লিনূন। ৭৮। ওয়া মিনহুম উম্মিইয়্যূনা লা-ইয়া'লামূনাল
(৭৭) তারা কি জানে না যে, তারা যা গোপন রাখে বা প্রকাশ করে আল্লাহ তা সবই জানেন (৭৮) তাদের কিছু নিরক্ষর লোক আছে যাদের

◐ অর্ধাংশ

الْكِتٰبَ إِلَّآ أَمَانِيَّ وَإِنْ هُمْ إِلَّا يَظُنُّونَ ٧٨ فَوَيْلٌ لِّلَّذِينَ يَكْتُبُونَ الْكِتٰبَ
কিতা-বা ইল্লা~আমা-নিইয়্যা ওয়া ইন্হুম ইল্লা-ইয়াযুন্নূন। ৭৯। ফাওয়াইলুল্ লিল্লাযীনা ইয়াকতুবূনাল কিতা-বা
কিতাব সম্বন্ধে কোন জ্ঞান নেই, শুধু কিছু মিথ্যা আশাবাদ ও ভ্রান্ত ধারণায় নিমগ্ন, (৭৯) সুতরাং দুর্ভাগ্য তাদের জন্য, যারা স্বহস্তে কিতাব

بِأَيْدِيهِمْ ۗ ثُمَّ يَقُولُونَ هٰذَا مِنْ عِنْدِ اللّٰهِ لِيَشْتَرُوا بِهٖ ثَمَنًا قَلِيلًا ۚ فَوَيْلٌ لَّهُمْ
বিআইদীহিম ছুম্মা ইয়াক্বূলূনা হা-যা- মিন 'ইন্দিল্লা-হি লিইয়াশতারূ বিহী ছামানান ক্বালীলা; ফাওয়াইলুল্ লাহুম
লিখে বলে, এটা আল্লাহ্র কালাম, যাতে বিক্রয় করতে পারে তুচ্ছ মূল্যে। তারা যা স্বহস্তে লিখল

مِّمَّا كَتَبَتْ أَيْدِيهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُونَ ٧٩ وَقَالُوا لَنْ تَمَسَّنَا النَّارُ إِلَّآ
মিম্মা- কাতাবাত আইদীহিম ওয়া ওয়াইলুল্ লাহুম মিম্মা- ইয়াকসিবূন। ৮০। ওয়াক্বা-লূ লান তামাস্সানান্ না-রু ইল্লা~
আর উপার্জন করল, তা তাদের সর্বনাশ ডেকে আনল। (৮০) আর তারা বলে, কখনও অগ্নি আমাদেরকে স্পর্শ করবে না,

أَيَّامًا مَّعْدُودَةً ۚ قُلْ أَتَّخَذْتُمْ عِنْدَ اللّٰهِ عَهْدًا فَلَنْ يُّخْلِفَ اللّٰهُ عَهْدَهٗٓ أَمْ
আয়্যা-মাম্ মা'দূদাহ ; ক্বুল আত্তাখায্তুম 'ইন্দাল্লা-হি 'আহ্দান ফালাঁই ইয়ুখলিফাল্লা-হু 'আহ্দাহূ~আম
নির্দিষ্ট কয়েকদিন ছাড়া। আপনি বলুন, তোমরা কি আল্লাহর থেকে প্রতিশ্রুতি পেয়েছ যে, কখনও আল্লাহ্ তাঁর প্রতিশ্রুতি ভংগ করবে না?

تَقُولُونَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُونَ ٨٠ بَلٰى مَنْ كَسَبَ سَيِّئَةً وَّأَحَاطَتْ بِهٖ خَطِيٓئَتُهٗ
তাক্বূলূনা 'আলাল্লা-হি মা-লা-তা'লামূন। ৮১। বালা-মান কাসাবা সায়্যিআতাওঁ ওয়া আহ্বা-ত্বাত বিহী খাত্বী—আতুহূ
বা, তোমরা আল্লাহর ব্যাপারে এমন কিছু বলছ যা তোমরা জান না? (৮১) হ্যাঁ যে ব্যক্তি পাপ কার্য করে আর তার পাপসমূহ তাকে ঘিরে ফেলে

فَأُولٰٓئِكَ أَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيهَا خٰلِدُونَ ٨١ وَالَّذِينَ اٰمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ
ফাউলা—ইকা আস্বহ্বা-বুন না-র, হুম ফীহা-খা-লিদূন। ৮২। ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি
এরূপ লোকই জাহান্নামবাসী। তথায় তারা চিরকাল থাকবে। (৮২) আর যারা ঈমান আনে এবং নেক আমল করে তারাই

أُولٰٓئِكَ أَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيهَا خٰلِدُونَ ٨٢ وَإِذْ أَخَذْنَا مِيثٰقَ بَنِيٓ إِسْرٰٓءِيلَ لَا
(৬৭) لِكُلِّ نَبَاٍ مُّسْتَقَرٌّ ز وَّسَوْفَ تَعْلَمُوْنَ (৬৮) وَاِذَا رَاَيْتَ الَّذِيْنَ يَخُوْضُوْنَ

৬৭। লিকুল্লি নাবাইম্ মুসতাক্বার্‌রুওঁ ওয়াসাওফা তা'লামূন। ৬৮। ওয়া ইযা- রাআইতাল্ লাযীনা ইয়াখূদ্বূনা
(৬৭) প্রত্যেকটি সংবাদের একটি নির্দিষ্ট সময় রয়েছে এবং অচিরেই তোমরা তো জানতে পারবে। (৬৮) যখন আপনি তাদেরকে দেখবেন যে, তারা আমার

فِيْٓ اٰيٰتِنَا فَاَعْرِضْ عَنْهُمْ حَتّٰى يَخُوْضُوْا فِيْ حَدِيْثٍ غَيْرِهٖ ط وَاِمَّا يُنْسِيَنَّكَ

ফী~আ-ইয়া-তিনা- ফাআ'রিদ্ব 'আনহুম হ্বাত্তা- ইয়াখূদ্বূ ফী হ্বাদীছিন গাইরিহ ; ওয়াইম্মা- ইউন্‌সিইয়ান্নাকাশ্
আয়াত সম্পর্কে অনর্থক আলোচনা করছে, তখন তাদের থেকে আপনি এড়িয়ে থাকুন, যে পর্যন্ত না তারা অন্য প্রসঙ্গে লিপ্ত হয়।

الشَّيْطٰنُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرٰى مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ (৬৯) وَمَا عَلَى الَّذِيْنَ

শাইত্বা-নু ফালা- তাক্ব'উদ্ বা'দায্ যিক্‌রা- মা'আল ক্বাওমিয্ যা-লিমীন। ৬৯। ওয়া মা- 'আলাল্লাযীনা
আর যদি শয়তান আপনাকে ভুলিয়ে দেয়, তবে স্মরণ হওয়ার পর পুনরায় অত্যাচারী সম্প্রদায়ের সাথে বসবেন না। (৬৯) আর মুত্তাকীদের উপর ওদের

يَتَّقُوْنَ مِنْ حِسَابِهِمْ مِّنْ شَيْءٍ وَّلٰكِنْ ذِكْرٰى لَعَلَّهُمْ يَتَّقُوْنَ (৭০) وَذَرِ الَّذِيْنَ

ইয়াত্তাকূনা মিন্ হ্বিসা-বিহীম্ মিন্ শাইয়িওঁ ওয়ালা-কিন্ যিক্‌রা- লা'আল্লাহুম ইয়াত্তাকূন। ৭০। ওয়া যারিল্ লাযীনাত্
জবাবদিহিতার কোন দায়িত্ব নেই। কিন্তু তাদের দায়িত্ব উপদেশ দেয়া। যাতে ওরাও পরহেযগার হতে পারে। (৭০) আর তাদেরকে বর্জন করুন

اتَّخَذُوْا دِيْنَهُمْ لَعِبًا وَّلَهْوًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا وَذَكِّرْ بِهٖٓ اَنْ تُبْسَلَ

তাখাযূ দীনাহুম লা'ইবাওঁ ওয়া লাহ্‌ওয়াওঁ ওয়া গার্‌রাত্ হুমুল হ্বাইয়া-তুদ্ দুন্‌ইয়া-ওয়া যাক্‌কির বিহী~আন্ তুব্‌সালা
যারা তাদের দ্বীনকে খেল তামাশারূপে গ্রহণ করেছে এবং যাদেরকে পার্থিব জীবনে ধোঁকায় ফেলেছে, এবং এ (কুরআন) দ্বারা তাদেরকে উপদেশ দিন,

نَفْسٌ بِمَا كَسَبَتْ ق لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ وَلِيٌّ وَّلَا شَفِيْعٌ ج وَاِنْ تَعْدِلْ

নাফসুম্ বিমা- কাসাবাত, লাইসা লাহা- মিন্ দূনিল্লা-হি ওয়ালিয়্যুওঁ ওয়ালা- শাফী'য়, ওয়া ইন্ তা'দিল
যাতে নিজ কৃতকর্মের কারণে কেউ ফেঁসে না যায়, যখন আল্লাহ ছাড়া আর অন্য কেউ তাদের বন্ধু ও সুপারিশকারী থাকবে না এবং তারা যদি সব

كُلَّ عَدْلٍ لَّا يُؤْخَذْ مِنْهَا ط اُولٰٓئِكَ الَّذِيْنَ اُبْسِلُوْا بِمَا كَسَبُوْا ج لَهُمْ شَرَابٌ

কুল্লা 'আদলিল লা-ইউ'খায্ মিন্‌হা-; উলা—ইকাল্ লাযীনা উব্‌সিলূ বিমা- কাসাবূ, লাহুম শারা-বুম্
কিছুও বিনিময় প্রদান করে তা গ্রহণ করা হবে না। তারা তাদের কৃতকর্মের দরুন ফেঁসে গেছে। কুফরী করার কারণে, তাদের

৮
১৪ রুকূ

مِّنْ حَمِيْمٍ وَّعَذَابٌ اَلِيْمٌ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ (৭১) قُلْ اَنَدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ

মিন্ হ্বামীমিওঁ ওয়া 'আযা-বুন্ আলীমুম্ বিমা- কা-নূ ইয়াক্‌ফুরূন। ৭১। কুল্ আনাদ্'উ মিন্ দূনিল্লা-হি
পান করার জন্য রয়েছে তীব্র গরম পানি এবং যন্ত্রণাদায়ক শাস্তি। (৭১) আপনি বলুন, আমরা কি আল্লাহ ব্যতীত এমন কাউকে ডাকব

مَا لَا يَنْفَعُنَا وَلَا يَضُرُّنَا وَنُرَدُّ عَلٰٓى اَعْقَابِنَا بَعْدَ اِذْ هَدٰىنَا اللّٰهُ كَالَّذِي

মা-লা- ইয়ান্‌ফা'উনা- ওয়ালা- ইয়াদ্বুর্‌রুনা- ওয়া নুরাদ্দু 'আলা~আ'ক্বা-বিনা- বা'দা ইয্ হাদা-নাল্লা-হু কাল্‌লাযিস্
যে আমাদেরকে কোন উপকার বা অপকার করতে পারবে না? এবং আল্লাহ আমাদেরকে সৎপথ প্রদর্শনের পর আমরা কি উল্টো ফিরে যাব সে ব্যক্তির ন্যায়,

اسْتَهْوَتْهُ الشَّيٰطِيْنُ فِي الْاَرْضِ حَيْرَانَ ص لَهٗٓ اَصْحٰبٌ يَّدْعُوْنَهٗٓ اِلَى

তাহ্‌ওয়াত্‌হুশ্ শাইয়া-ত্বীনু ফিল আর্‌দ্বি হ্বাইরা-ন, লাহূ~আস্বহ্বা-বুই ইয়াদ্'উনাহূ~ইলাল
যাকে শয়তান পৃথিবীতে পথ ভুলিয়ে দিশেহারা করে দিয়েছে? অথচ তার কিছু সাথী আছে যারা তাকে সঠিক পথের দিকে আহ্বান করে বলে,

الْهُدٰى ائْتِنَا ؕ قُلْ إِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ؕ وَأُمِرْنَا لِنُسْلِمَ لِرَبِّ

হুদা'তিনা-; কূল ইন্না হুদাল্লা-হি হুওয়াল হুদা-; ওয়া উমির্না- লিনুস্লিমা লিরাব্বিল

এসে আমাদের দিকে। আপনি বলে দিন, নিশ্চয় আল্লাহর পথই সঠিক পথ। আর আমরা আদিষ্ট হয়েছি, জগৎসমূহের প্রতিপালকের নিকট আত্মসমর্পণ করার

الْعٰلَمِيْنَ ﴿٧٢﴾ وَأَنْ أَقِيْمُوا الصَّلٰوةَ وَاتَّقُوْهُ ؕ وَهُوَ الَّذِيْٓ إِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٧٣﴾ وَهُوَ

'আ-লামীন। ৭২। ওয়া আন্ আক্বীমুস্ব্ স্বালা-তা ওয়াত্তাকূহ; ওয়া হুওয়াল্লাযী~ইলাইহি তুহ্শারূন। ৭৩। ওয়া হুওয়া

জন্য, (৭২) এবং সালাত কায়েম করতে এবং তাঁকে ভয় করতে। তিনিই সে মহান আল্লাহ যার কাছে তোমাদেরকে সমবেত করা হবে। (৭৩) এবং

الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ؕ وَيَوْمَ يَقُوْلُ كُنْ فَيَكُوْنُ ۚ قَوْلُهُ

ল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বা বিলহ্বাক্ক্ব; ওয়া ইয়াওমা ইয়াক্বূলু কুন্ ফাইয়াকূন; ক্বাওলুহুল

তিনিই যথাবিধি আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন। আর যেদিন তিনি বলবেন (যে) হয়ে যাও, অমনি হয়ে যাবে। তার কথাই

الْحَقُّ ؕ وَلَهُ الْمُلْكُ يَوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ ؕ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ؕ وَهُوَ

হ্বাক্ক্ব; ওয়া লাহুল্ মুল্কু ইয়াওমা ইউন্ফাখু ফিস্ব স্বূর; 'আ-লিমুল গাইবি ওয়াশ্ শাহা-দাহ; ওয়া হুওয়াল্

সত্য; যেদিন শিংগায় ফুঁৎকার দেয়া হবে সেদিন সর্বময় কর্তৃত্ব একমাত্র তাঁরই হবে এবং তিনি অদৃশ্য ও প্রত্যক্ষ বিষয় সবকিছু জানেন এবং তিনি

الْحَكِيْمُ الْخَبِيْرُ ﴿٧٤﴾ وَإِذْ قَالَ إِبْرٰهِيْمُ لِأَبِيْهِ اٰزَرَ أَتَتَّخِذُ أَصْنَامًا اٰلِهَةً ۚ

হ্বাকীমুল খাবীর। ৭৪। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু লিআবীহি আ-যারা আতাত্তাখিযু আস্বনা-মান আ-লিহাহ;

প্রজ্ঞাময় ও সর্বজ্ঞ। (৭৪) স্মরণ করুন, যখন ইব্রাহীম তাঁর পিতা আযরকে বললেন, 'আপনি কি মূর্তিগুলোকে মা'বুদ হিসেবে স্বীকার করেন?

إِنِّيْٓ أَرٰىكَ وَقَوْمَكَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٧٥﴾ وَكَذٰلِكَ نُرِيْٓ إِبْرٰهِيْمَ مَلَكُوْتَ

ইন্নী~আরা-কা ওয়া ক্বাওমাকা ফী দ্বালা-লিম্ মুবীন। ৭৫। ওয়া কাযা-লিকা নুরী~ইব্রা-হীমা মালাকূতাস্

আমি আপনাকে ও আপনার সম্প্রদায়কে স্পষ্ট ভ্রান্তির মধ্যেই দেখছি।' (৭৫) এমনিভাবে ইব্রাহীমকে আসমান ও

السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَلِيَكُوْنَ مِنَ الْمُوْقِنِيْنَ ﴿٧٦﴾ فَلَمَّا جَنَّ عَلَيْهِ الَّيْلُ

সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ওয়া লিয়াকূনা মিনাল মূক্বিনীন। ৭৬। ফালাম্মা- জ্বান্না 'আলাইহিল্ লাইলু

যমীনের সৃষ্টি রহস্য দেখাই, আর যাতে সে দৃঢ় বিশ্বাসীগণের অন্তর্ভুক্ত হয়। (৭৬) যখন রাতের অন্ধকার তাঁর উপর ছেয়ে গেল,

رَاٰ كَوْكَبًا ۚ قَالَ هٰذَا رَبِّيْ ۚ فَلَمَّآ أَفَلَ قَالَ لَآ أُحِبُّ الْاٰفِلِيْنَ ﴿٧٧﴾ فَلَمَّا رَاَ

রাআ- কাওকাবা-, ক্বা-লা হা-যা- রাব্বী, ফালাম্মা~আফালা ক্বা-লা লা~উহ্বিব্বুল আ-ফিলীন। ৭৭। ফালাম্মা-রাআল

তখন সে একটি তারা দেখে বললেন, এটিই আমার প্রতিপালক। অতঃপর যখন সেটা অস্ত গেল তখন তিনি বললেন, আমি অস্তগামীদের পছন্দ করি না। (৭৭) অতঃপর যখন

الْقَمَرَ بَازِغًا قَالَ هٰذَا رَبِّيْ ۚ فَلَمَّآ أَفَلَ قَالَ لَئِنْ لَّمْ يَهْدِنِيْ رَبِّيْ

ক্বামারা বা-যিগান্ ক্বা-লা হা-যা- রাব্বী, ফালাম্মা~আফালা ক্বা-লা লাইল্ লাম ইয়াহ্দিনী রাব্বী

চন্দ্রকে ঝলমল অবস্থায় দেখলেন, তখন তিনি বললেন, এটিই আমার প্রতিপালক! অতঃপর যখন সেটিও ডুবে গেল, তখন তিনি বললেন, আমার প্রতিপালক যদি আমাকে সঠিক পথ প্রদর্শন না

لَأَكُوْنَنَّ مِنَ الْقَوْمِ الضَّآلِّيْنَ ﴿٧٨﴾ فَلَمَّا رَاَ الشَّمْسَ بَازِغَةً قَالَ هٰذَا رَبِّيْ

লাআকূনান্না মিনাল্ ক্বাওমিদ্ব দ্বা—ল্লীন। ৭৮। ফালাম্মা- রাআশ্ শাম্সা বা-যিগাতান্ ক্বা-লা হা-যা- রাব্বী

করেন তবে আমি অবশ্যই পথহারা সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়ে যাব। (৭৮) অতঃপর যখন তিনি সূর্যকে চমকানো অবস্থায় দেখলেন, তখন তিনি বললেন, এটিই আমার প্রতিপালক।

هٰذَآ أَكْبَرُ ۚ فَلَمَّآ أَفَلَتْ قَالَ يٰقَوْمِ إِنِّيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ﴿٧٩﴾ إِنِّيْ

হা-যা~আক্বার, ফালাম্মা~আফালাত্ ক্বা-লা ইয়া-ক্বাওমি ইন্নী বারী—উম্ মিম্মা- তুশ্রিকূন। ৭৯। ইন্নী

এটা সবচেয়ে বড়। অনন্তর যখন সেটাও অস্তমিত হল তখন তিনি বললেন, হে আমার সম্প্রদায়! তোমরা যাকে শরীক করো তার থেকে আমি মুক্ত। (৭৯) নিশ্চয়

وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِيْ فَطَرَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ حَنِيْفًا وَّمَآ أَنَا مِنَ

ওয়াজ্জাহ্তু ওয়াজ্হিয়া লিল্ লাযী ফাত্বারাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা হ্বানীফাওঁ ওয়ামা~আনা মিনাল

আমি একনিষ্ঠভাবে আমার মুখমন্ডল তাঁর দিকে ফিরিয়েছি, যিনি আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত

الْمُشْرِكِيْنَ ﴿٨٠﴾ وَحَآجَّهُ قَوْمُهُ ؕ قَالَ أَتُحَآجُّوْٓنِّيْ فِي اللّٰهِ وَقَدْ هَدٰىنِ ؕ

মুশ্রিকীন। ৮০। ওয়াহ্বা—জ্জাহূ ক্বাওমুহ; ক্বা-লা আতুহ্বা—জ্জু—ন্নী ফিল্লা-হি ওয়াক্বাদ্ হাদা-ন;

নই। (৮০) এবং তাঁর কওম তাঁর সাথে বিতর্কে লিপ্ত হলো। তিনি বললেন, তোমরা কি আল্লাহ সম্পর্কে আমার সাথে বিতর্ক করছো? অথচ তিনি আমাকে সঠিক পথ প্রদর্শন করেছেন।

وَلَآ أَخَافُ مَا تُشْرِكُوْنَ بِهٖٓ إِلَّآ أَنْ يَّشَآءَ رَبِّيْ شَيْئًا ؕ وَسِعَ رَبِّيْ كُلَّ شَيْءٍ عِلْمًا ؕ

ওয়ালা~আখা-ফু মা- তুশ্রিকূনা বিহী~ইল্লা~আঁই ইয়াশা—আ রাব্বী শাইআ-; ওয়া সি'আ রাব্বী কুল্লা শাইয়িন 'ইল্মা-;

আর তোমরা যাদেরকে তাঁর সাথে শরীক কর তাদেরকে আমি ভয় করি না, তবে আমার প্রতিপালক যদি অন্য কিছু চান তা ভিন্ন কথা। সবকিছুই আমার প্রতিপালকের জ্ঞানের

أَفَلَا تَتَذَكَّرُوْنَ ﴿٨١﴾ وَكَيْفَ أَخَافُ مَآ أَشْرَكْتُمْ وَلَا تَخَافُوْنَ أَنَّكُمْ أَشْرَكْتُمْ

আফালা- তাতাযাক্কারূন। ৮১। ওয়া কাইফা আখা-ফু মা~আশ্রাক্তুম ওয়ালা- তাখা-ফূনা আন্নাকুম আশ্রাক্তুম্

আয়ত্বে। তবুও তোমরা কি উপদেশ গ্রহণ করবে না? (৮১) তোমরা যাদেরকে শরীক করো তাদেরকে আমি কিভাবে ভয় করবো? অথচ

بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ عَلَيْكُمْ سُلْطٰنًا ؕ فَأَيُّ الْفَرِيْقَيْنِ أَحَقُّ بِالْأَمْنِ ۚ

বিল্লা-হি মা-লাম ইউনায্যিল বিহী 'আলাইকুম সুল্ত্বা-না-; ফাআইয়্যুল ফারীক্বাইনি আহ্বাক্কু বিল্ আম্ন,

তোমরা আল্লাহর সাথে শরীক করতে ভয় করছ না, যে বিষয়ে আল্লাহ তোমাদের প্রতি কোন প্রমাণ অবতারণ করেন নি। সুতরাং এ দু'দলের মধ্যে নিরাপত্তা

إِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٨٢﴾ اَلَّذِيْنَ اٰمَنُوْا وَلَمْ يَلْبِسُوْٓا إِيْمَانَهُمْ بِظُلْمٍ أُولٰٓئِكَ

ইন্ কুন্তুম তা'লামূন। ৮২। আল্লাযীনা আ-মানূ ওয়া লাম ইয়াল্বিসূ~ঈমা-নাহুম্ বিযুল্মিন্ উলা—ইকা

লাভের অধিক হকদার কে? (বল) যদি তোমরা জান। (৮২) যারা ঈমান এনেছে এবং নিজেদের ঈমানকে শিরকের সাথে মিশ্রিত করে নি, তাদের জন্যই

✪ টীকা (আঃ ৮১) ঃ মুশরিকরা দেবতাদের ভয় দেখালে ইবরাহীম (আ) বললেন, এরা আমার কোন ক্ষতি করতে পারবে বলে আমি ভয় করি না। কেননা, এদের কোন ক্ষমতাই নেই। কোন কোনটির কিছু কিছু ক্ষমতা থাকলেও তা নিজস্ব নয়, বরং খোদার দেয়া। হ্যাঁ, তবে যদি আমার প্রভুই কোন ক্ষতি করার ইচ্ছা করেন, তা তো হয়েই যাবে। এতে তো তোমাদের বাতেল মা'বুদের ক্ষমতা প্রমাণিত হয় না। অতএব, তাদেরকে ভয় করার আবশ্যকতাও নেই। বরং দু' কারণে তোমাদেরই তো ভীত হওয়া উচিত। প্রথমতঃ ভয়ের প্রধান কারণ, তোমরা শিরক করেছ। এর জন্য ভীষণ শাস্তি নির্ধারিত রয়েছে। দ্বিতীয়তঃ তোমরা জানতে পেরেছ যে, আল্লাহ্ সর্বজ্ঞ ও সর্বক্ষম। মোটকথা, ভয় করা উচিত ছিল তোমাদের। তা না করে উল্টা আমাকে ভয় দেখাচ্ছ। (বঃ কোঃ) ✪ بظلم - এস্থলে জুলুমের অর্থ, শিরক। (কুঃ কারীম)

لَهُمُ الْاَمْنُ وَهُمْ مُّهْتَدُوْنَ ﴿٨٣﴾ وَتِلْكَ حُجَّتُنَآ اٰتَيْنٰهَآ اِبْرٰهِيْمَ عَلٰى قَوْمِهٖ ؕ

লাহুমুল আম্নু ওয়া হুম্ মুহ্তাদূন। ৮৩। ওয়া তিল্কা হুজ্জাতুনা~আ-তাইনা-হা~ইব্রা-হীমা 'আলা- ক্বাওমিহ ;

নিরাপত্তা রয়েছে এবং তারাই সঠিক পথ প্রাপ্ত। (৮৩) আর এটাই আমার দলীল- প্রমাণ, যা আমি ইব্রাহীমকে তাঁর সম্প্রদায়ের মোকাবিলায় দিয়েছিলাম।

ع ٩ ১৫ রুকূ

نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿٨٤﴾ وَوَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ

নার্ফা'উ দারাজ্বা-তিম্ মান্ নাশা—উ ; ইন্না রাব্বাকা হ্বাকীমুন 'আলীম। ৮৪। ওয়া ওয়াহাব্না- লাহূ~ইস্হ্বা-ক্বা

আমি যাকে চাই তাকে মর্যাদার উচ্চ শিখরে উঠাই। নিশ্চয় আপনার প্রতিপালক মহা বিজ্ঞানময় ও মহাজ্ঞানী। (৮৪) আর আমি তাঁকে দান করেছিলাম ইসহাক

وَيَعْقُوْبَ ؕ كُلًّا هَدَيْنَا ۚ وَنُوْحًا هَدَيْنَا مِنْ قَبْلُ وَمِنْ ذُرِّيَّتِهٖ دَاوٗدَ وَسُلَيْمٰنَ

ওয়া ইয়া'কূব ; কুল্লান হাদাইনা, ওয়া নূহ্বান্ হাদাইনা- মিন্ ক্বাবলু ওয়া মিন্ যুর্‌রিইয়্যাতিহী দা-উদা ওয়া সুলাইমা-না

ও ইয়াকূবকে এবং তাদের প্রত্যেককে সঠিক পথ প্রদর্শন করেছিলাম এবং নূহকেও আমি সঠিক পথ দিয়েছিলাম (তাঁর) পূর্বে এবং তাঁর বংশধরগণের মধ্যে দাউদ, সুলাইমান,

وَاَيُّوْبَ وَيُوْسُفَ وَمُوْسٰى وَهٰرُوْنَ ؕ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○

ওয়া আইয়্যূবা ওয়া ইউসুফা ওয়া মূসা- ওয়া হা-রূন ; ওয়া কাযা-লিকা নাজ্বযিল মুহ্বসিনীন।

আইয়ুব, ইউসুফ, মূসা ও হারুনকেও এবং এভাবে আমি প্রতিদান দিয়ে থাকি পুণ্যবানদেরকে।

﴿٨٥﴾ وَزَكَرِيَّا وَيَحْيٰى وَعِيْسٰى وَاِلْيَاسَ ؕ كُلٌّ مِّنَ الصّٰلِحِيْنَ ﴿٨٦﴾ وَاِسْمٰعِيْلَ

৮৫। ওয়া যাকারিইয়্যা- ওয়া ইয়াহ্বইয়া- ওয়া 'ঈসা-ওয়া ইল্ইয়া-স ; কুল্লুম মিনাস্ব স্বা-লিহ্বীন। ৮৬। ওয়া ইস্মা-'ঈলা

(৮৫) এবং (সৎপথ প্রদর্শন করেছিলাম) যাকারিয়া, ইয়াহ্ইয়া, ঈসা ও ইলিয়াসকেও। তাঁরা সকলেই সৎকর্মশীল ব্যক্তিদের অন্তর্ভুক্ত ছিলেন। (৮৬) এবং

وَالْيَسَعَ وَيُوْنُسَ وَلُوْطًا ؕ وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعٰلَمِيْنَ ﴿٨٧﴾ وَمِنْ اٰبَآئِهِمْ

ওয়াল ইয়াসা'আ ওয়া ইউনুসা ওয়া লূত্বা- ; ওয়া কুল্লান্ ফাদ্বদ্বাল্না- 'আলাল 'আ-লামীন। ৮৭। ওয়া মিন্ আ-বা—ইহিম

(সৎপথ প্রদর্শন করেছিলাম) ইসমাঈল, ইয়াসা', ইউনুস ও লূতকে এবং তাদের প্রত্যেককে আমি মর্যাদা দিয়েছি বিশ্বজগতের উপর। (৮৭) এবং তাঁদের পিতৃপুরুষ ও তাঁদের

وَذُرِّيّٰتِهِمْ وَاِخْوَانِهِمْ ۚ وَاجْتَبَيْنٰهُمْ وَهَدَيْنٰهُمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○

ওয়া যুর্‌রিইইয়া-তিহিম ওয়া ইখ্ওয়া-নিহিম, ওয়াজ্বতাবাইনা-হুম ওয়া হাদাইনা-হুম ইলা- স্বিরা-ত্বিম্ মুস্তাক্বীম।

বংশধর এবং তাদের ভাইদের থেকেও কতককে, আর আমি তাদেরকে মনোনীত করেছি এবং তাদেরকে সঠিক পথ প্রদর্শন করেছি।

﴿٨٨﴾ ذٰلِكَ هُدَى اللّٰهِ يَهْدِيْ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَلَوْ اَشْرَكُوْا لَحَبِطَ عَنْهُمْ

৮৮। যা-লিকা হুদাল্লা-হি ইয়াহ্দী বিহী মাই ইয়াশা—উ মিন 'ইবা-দিহ ; ওয়া লাও আশ্রাকূ লাহ্বাবিত্বা 'আনহুম

(৮৮) এটাই আল্লাহর হিদায়াত, আল্লাহ তাঁর বান্দাদের মধ্য হতে যাকে ইচ্ছা এর দ্বারা সৎপথ প্রদর্শন করেন। আর তারাও যদি শিরক করতো;

مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٨٩﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ۚ

মা- কা-নূ ইয়া'মালূন। ৮৯। উলা—ইকাল্ লাযীনা আ-তাইনা-হুমুল কিতা-বা ওয়াল হুক্মা ওয়ান্ নুবুওয়্যাতা,

তবে তাদের আমলও বাতিল হয়ে যেত। (৮৯) তারা এমন ছিলেন যে, যাদেরকে আমি কিতাব, শরয়ী জ্ঞান এবং নবুওয়াত দান করেছি।

فَاِنْ يَّكْفُرْ بِهَا هٰٓؤُلَآءِ فَقَدْ وَكَّلْنَا بِهَا قَوْمًا لَّيْسُوْا بِهَا بِكٰفِرِيْنَ ﴿٩٠﴾ اُولٰٓئِكَ

ফাইঁইয়াক্ফুর বিহা- হা~উলা—ই ফাক্বাদ্ ওয়াক্কাল্না- বিহা- ক্বাওমাল্ লাইস্ বিহা- বিকা-ফিরীন। ৯০। উলা—ইকাল

সুতরাং তারা যদি এগুলো প্রত্যাখ্যান করে, তবে আমি এজন্য এমন সম্প্রদায় নির্দিষ্ট করে রেখেছি যারা তা প্রত্যাখ্যান করবে না। (৯০) এরা হলেন তাঁরা যাদেরকে

الَّذِيْنَ هَدَى اللّٰهُ فَبِهُدٰىهُمُ اقْتَدِهْ ؕ قُلْ لَّآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا ؕ اِنْ

লাযীনা হাদাল্লা-হু ফাবিহুদা-হুমুক্ব তাদিহ ; কুল্লা~আস্আলুকুম 'আলাইহি আজ্বরা-; ইন্

আল্লাহ সঠিক পথ প্রদর্শন করেছেন। সুতরাং আপনিও তাদেরই পথ অনুসরণ করুন। আপনি বলে দিন, এজন্য আমি তোমাদের থেকে কোন বিনিময় চাই

১০ ع ১৬ রুকূ

هُوَ اِلَّا ذِكْرٰى لِلْعٰلَمِيْنَ ﴿٩١﴾ وَمَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖۤ اِذْ قَالُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ

হুওয়া ইল্লা- যিক্রালিল 'আ-লামীন। ৯১। ওয়া মা- ক্বাদারুল্লা-হা হ্বাক্বক্বা ক্বাদ্রিহী~ইয্ ক্বা-লূ মা~আন্যালাল্লা-হু

না। এ (কুরআন) তো শুধু বিশ্ববাসীর জন্য উপদেশ। (৯১) আর তারা আল্লাহকে যথাযথ মর্যাদা দেয়নি, যখন তারা এরূপ বলল যে, আল্লাহ কোন মানুষের উপর

عَلٰى بَشَرٍ مِّنْ شَيْءٍ ؕ قُلْ مَنْ اَنْزَلَ الْكِتٰبَ الَّذِيْ جَآءَ بِهٖ مُوْسٰى نُوْرًا

'আলা- বাশারিম মিন্ শাইয় ; কুল্ মান্ আন্যালাল্ কিতা-বাল্ লাযী জ্বা—আ বিহী মূসা- নূরাওঁ

কিছুই অবতীর্ণ করেন নি। আপনি বলুন, কে অবতীর্ণ করেছেন সে কিতাবটি, যা মূসা নিয়ে এসেছিলেন? যা ছিল মানুষের জন্য নূর

وَّهُدًى لِّلنَّاسِ تَجْعَلُوْنَهٗ قَرَاطِيْسَ تُبْدُوْنَهَا وَتُخْفُوْنَ كَثِيْرًا ۚ

ওয়া হুদাল্ লিন্না-সি তাজ্ব'আলূনাহূ ক্বারা-ত্বীসা তুব্দূনাহা- ওয়া তুখ্ফূনা কাছীরা-,

ও হিদায়াত। যা তোমরা বিভিন্ন কাগজে লিখে তার কিছু প্রকাশ করে থাক এবং অনেকগুলোই গোপন রাখ এবং তোমাদেরকে এমন বিষয় শিক্ষা দেয়া হয়েছে

وَعُلِّمْتُمْ مَّا لَمْ تَعْلَمُوْٓا اَنْتُمْ وَلَآ اٰبَآؤُكُمْ ؕ قُلِ اللّٰهُ ۙ ثُمَّ ذَرْهُمْ فِيْ خَوْضِهِمْ

ওয়া 'উল্লিমতুম্ মা-লাম তা'লামূ~আন্তুম ওয়ালা~আ-বা—উকুম; কুলিল্লা-হু ছুম্মা যারহুম ফী খাওদ্বিহিম

যা তোমরা ও তোমাদের পিতৃ পুরুষগণও জানতে না। বলুন, একমাত্র আল্লাহই (অবতীর্ণ করেছেন)। অতঃপর তাদেরকে তাদের অনর্থক আলোচনায় লিপ্ত

يَلْعَبُوْنَ ﴿٩٢﴾ وَهٰذَا كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ مُّصَدِّقُ الَّذِيْ بَيْنَ يَدَيْهِ وَلِتُنْذِرَ

ইয়াল'আবূন। ৯২। ওয়া হা-যা- কিতা-বুন আন্যাল্না-হু মুবা-রাকুম্ মুস্বাদ্দিকুল্ লাযী বাইনা ইয়াদাইহি ওয়ালি তুন্যিরা

থাকতে ছেড়ে দিন। (৯২) আমি এ কিতাব অবতীর্ণ করেছি যা কল্যাণময় এবং তার পূর্বের কিতাবসমূহের সত্যায়নকারী। যাতে আপনি সতর্ক করেন

اُمَّ الْقُرٰى وَمَنْ حَوْلَهَا ؕ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ يُؤْمِنُوْنَ بِهٖ وَهُمْ

উম্মাল কুরা- ওয়া মান্ হ্বাওলাহা-; ওয়াল্লাযীনা ইউ'মিনূনা বিল আ-খিরাতি ইউ'মিনূনা বিহী ওয়া হুম

মক্কাবাসী এবং তার আশেপাশের লোকদেরকে। আর যারা পরকালের বিশ্বাস রাখে তারাই এর উপর ঈমান আনে এবং তারা

عَلٰى صَلَاتِهِمْ يُحَافِظُوْنَ ﴿٩٣﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ قَالَ

'আলা- স্বালা-তিহিম ইউহ্বা-ফিযূন। ৯৩। ওয়া মান্ আয্লামু মিম্ মানিফ্ তারা-'আলাল্লা-হি কাযিবান্ আও ক্বা-লা

তাদের সালাতের সংরক্ষণ করে। (৯৩) আর সে ব্যক্তির চেয়ে অধিক অত্যাচারী আর কে হবে? যে আল্লাহর উপর মিথ্যা অপবাদ দেয় অথবা বলে যে,

اُوْحِیَ اِلَیَّ وَلَمْ یُوْحَ اِلَیْهِ شَیْءٌ وَّمَنْ قَالَ سَاُنْزِلُ مِثْلَ مَاۤ اَنْزَلَ اللّٰهُ ؕ

উহ্বিয়া ইলাইয়্যা ওয়া লাম্ ইউহ্বা ইলাইহি শাইয়ুঁও ওয়া মান্ ক্বা-লা সাউন্‌যিলু মিছ্‌লা মা~আন্‌যালাল্লা-হ ;
আমার প্রতি ওহী আসে। অথচ তার প্রতি কোন প্রকার ওহী আসে না, আর যে বলে, আল্লাহ যেরূপ অবতীর্ণ করেছেন আমিও তদ্রূপ অতিশীঘ্রই অবতীর্ণ করব।

وَلَوْ تَرٰۤی اِذِ الظّٰلِمُوْنَ فِیْ غَمَرٰتِ الْمَوْتِ وَالْمَلٰٓئِكَةُ بَاسِطُوْۤا اَیْدِیْهِمْ ۚ

ওয়া লাও তারা~ইযিয্ য্বা-লিমূনা ফী গামারা-তিল মাওতি ওয়াল্ মালা—ইকাতু বা-সিতূ~আইদীহিম,
আর যদি আপনি দেখতে পেতেন যখন এ অত্যাচারীগণ মৃত্যুর কঠিন কষ্টে থাকবে এবং ফিরিশতাগণ স্বীয় হাত বাড়িয়ে দিয়ে,

اَخْرِجُوْۤا اَنْفُسَكُمْ ؕ اَلْیَوْمَ تُجْزَوْنَ عَذَابَ الْهُوْنِ بِمَا كُنْتُمْ تَقُوْلُوْنَ عَلَی اللّٰهِ

আখ্‌রিজূ~আন্‌ফুসাকুম ; আল ইয়াওমা তুজ্‌যাওনা 'আযা-বাল হূনি বিমা- কুন্‌তুম তাকূলূনা 'আলাল্লা-হি
বলবেন, তোমাদের নিজ প্রাণ বের কর। আজ তোমাদেরকে লাঞ্ছনাদায়ক শাস্তি প্রদান করা হবে। কারণ, তোমরা আল্লাহ সম্পর্কে অসত্য কথা বলতে

غَیْرَ الْحَقِّ وَكُنْتُمْ عَنْ اٰیٰتِهٖ تَسْتَكْبِرُوْنَ ﴿۹۴﴾ وَلَقَدْ جِئْتُمُوْنَا فُرَادٰی كَمَا خَلَقْنٰكُمْ

গাইরাল হাক্কি ওয়া কুন্‌তুম 'আন আ-ইয়া-তিহী তাস্‌তাকবিরূন। ৯৪। ওয়া লাক্বাদ জি'তুমূনা-ফুরা-দা- কামা- খালাক্বনা-কুম
এবং তাঁর আয়াত সম্পর্কে অহমিকা প্রকাশ করতে। (৯৪) তোমরা আমার নিকট নিঃসঙ্গ অবস্থায় এসেছ, যেভাবে আমি তোমাদেরকে প্রথমে সৃষ্টি করেছিলাম।

اَوَّلَ مَرَّةٍ وَّتَرَكْتُمْ مَّا خَوَّلْنٰكُمْ وَرَآءَ ظُهُوْرِكُمْ ۚ وَمَا نَرٰی مَعَكُمْ شُفَعَآءَكُمُ

আওয়ালা মার্‌রাতিওঁ ওয়া তারাক্‌তুম্ মা-খাওয়্যাল্‌না-কুম ওয়ারা—আ যুহূরিকুম, ওয়া মা- নারা-মা'আকুম শুফা'আ—আকুমুল্
আর তোমাদেরকে আমি যা কিছু দিয়েছিলাম তা তোমরা পশ্চাতে রেখে এসেছ। আর আমিতো তোমাদের সাথে তোমাদের সে সুপারিশকারীদেরকে দেখছি না,

الَّذِیْنَ زَعَمْتُمْ اَنَّهُمْ فِیْكُمْ شُرَكٰٓؤُا ؕ لَقَدْ تَّقَطَّعَ بَیْنَكُمْ وَضَلَّ عَنْكُمْ

লাযীনা যা'আম্‌তুম আন্নাহুম ফীকুম শুরাকা—উ ; লাক্বাদ্ তাক্বাত্ত্বা'আ বাইনাকুম ওয়া দ্বাল্লা 'আন্‌কুম্
যাদের সম্পর্কে তোমরা ধারণা করতে যে, তারা তোমাদের ব্যাপারে শরীক। অবশ্যই তোমাদের মধ্যকার সম্পর্ক ছিন্ন হয়ে গেছে এবং তোমরা যে ধারণা

مَّا كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿۹۵﴾ اِنَّ اللّٰهَ فَالِقُ الْحَبِّ وَالنَّوٰی ؕ یُخْرِجُ الْحَیَّ مِنَ ১১ ع ৪ ১৭ রুকূ

মা- কুন্‌তুম তায'উমূন। ৯৫। ইন্নাল্লা-হা ফা-লিকুল হাব্বি ওয়ান্নাওয়া-; ইউখ্‌রিজুল হাইয়্যা মিনাল
করছিলে তা তোমাদের থেকে দূর হয়ে গেছে। (৯৫) নিশ্চয় আল্লাহ শস্য ও বীজগুলোকে বিদীর্ণ করে অঙ্কুরে পরিণতকারী (সৃষ্টিকারী)। তিনিই

الْمَیِّتِ وَمُخْرِجُ الْمَیِّتِ مِنَ الْحَیِّ ؕ ذٰلِكُمُ اللّٰهُ فَاَنّٰی تُؤْفَكُوْنَ ○

মাইয়্যিতি ওয়া মুখ্‌রিজুল মাইয়্যিতি মিনাল্ হাইয়্য ; যা-লিকুমুল্লা-হু ফাআন্না- তু'ফাকূন।
প্রাণময়কে প্রাণহীন হতে বের করেন এবং প্রাণহীনকে প্রাণময় থেকে বের করেন। তিনিই তো আল্লাহ, সুতরাং তোমরা কোথায় ফিরে যাচ্ছ?

﴿۹۶﴾ فَالِقُ الْاِصْبَاحِ ۚ وَجَعَلَ الَّیْلَ سَكَنًا وَّالشَّمْسَ وَالْقَمَرَ حُسْبَانًا ؕ ذٰلِكَ

৯৬। ফা-লিকুল ইস্‌বা-হ্, ওয়া জ্বা'আলাল্ লাইলা সাকানাওঁ ওয়াশ্ শাম্‌সা ওয়াল্ ক্বামারা হুস্‌বা-না-; যা-লিকা
(৯৬) তিনিই প্রভাতের আবির্ভাব ঘটান এবং রাতকে বানিয়েছেন প্রশান্তির জন্য এবং সূর্য ও চন্দ্র (বানিয়েছেন) গণনার জন্য। এসব

تَقْدِیْرُ الْعَزِیْزِ الْعَلِیْمِ ﴿۹۷﴾ وَهُوَ الَّذِیْ جَعَلَ لَكُمُ النُّجُوْمَ لِتَهْتَدُوْا بِهَا فِیْ

তাক্বদীরুল 'আযীযিল 'আলীম। ৯৭। ওয়া হুওয়াল্ লাযী জ্বা'আলা লাকুমুন্ নুজুমা লিতাহ্‌তাদূ বিহা- ফী
পরাক্রমশালী, মহাজ্ঞানী কর্তৃক নির্ধারিত। (৯৭) আর তিনিই এমন যে, যিনি সৃষ্টি করেছেন তোমাদের জন্য নক্ষত্রগুলো– যাতে তা দ্বারা তোমরা অন্ধকারে স্থল ও

ظُلُمٰتِ الْبَرِّ وَالْبَحْرِ ؕ قَدْ فَصَّلْنَا الْاٰیٰتِ لِقَوْمٍ یَّعْلَمُوْنَ ﴿۹۸﴾ وَهُوَ الَّذِیْۤ

য্বুলুমা-তিল বার্‌রি ওয়াল্ বাহ্‌র ; ক্বাদ্ ফাস্‌স্বালনাল্ আ-ইয়া-তি লিক্বাওমিঁই ইয়া'লামূন। ৯৮। ওয়া হুওয়াল্‌লাযী ~
সমুদ্রে পথ ঠিক করতে পার। নিশ্চয় আমি জ্ঞানী সম্প্রদায়ের জন্য নিদর্শনাবলী বিস্তারিতভাবে বর্ণনা করে দিয়েছি। (৯৮) আর তিনিই (আল্লাহ) তোমাদেরকে

اَنْشَاَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ فَمُسْتَقَرٌّ وَّمُسْتَوْدَعٌ ؕ قَدْ فَصَّلْنَا الْاٰیٰتِ لِقَوْمٍ

আন্‌শাআকুম্ মিন্ নাফ্‌সিওঁ ওয়া-হিদাতিন্ ফামুস্‌তাক্বাররুওঁ ওয়া মুস্‌তাওদা'য় ; ক্বাদ ফাস্‌স্বালনাল আ-ইয়া-তি লিক্বাওমিঁই
একই ব্যক্তি হতে সৃষ্টি করেছেন এবং তোমাদের জন্য দীর্ঘ ও ক্ষণস্থায়ী ঠিকানা রয়েছে। নিশ্চয় আমি আয়াতসমূহ বিস্তারিতভাবে বর্ণনা করি অনুভূতিশীল

یَّفْقَهُوْنَ ﴿۹۹﴾ وَهُوَ الَّذِیْۤ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ نَبَاتَ كُلِّ شَیْءٍ

ইয়াফ্‌ক্বাহূন। ৯৯। ওয়া হুওয়াল্‌লাযী ~আন্‌যালা মিনাস্ সামা—ই মা—আ, ফাআখ্‌রাজ্‌না- বিহী নাবা-তা কুল্লি শাইয়িন্
সম্প্রদায়ের জন্য। (৯৯) আর তিনিই (আল্লাহ) আসমান থেকে পানি বর্ষণ করেন। অনন্তর আমি এর মাধ্যমে সব ধরনের উদ্ভিদ উদ্‌গত করি।

فَاَخْرَجْنَا مِنْهُ خَضِرًا نُّخْرِجُ مِنْهُ حَبًّا مُّتَرَاكِبًا ۚ وَمِنَ النَّخْلِ مِنْ طَلْعِهَا

ফাআখ্‌রাজ্‌না- মিন্‌হু খাদ্বিরান্ নুখ্‌রিজু মিন্‌হু হাব্বাম্ মুতারা-কিবা- ; ওয়া মিনান্ নাখ্‌লি মিন্ ত্বাল'ইহা-
এরপর আমি তার থেকে উদগত করি সবুজ পাতা, পরে তা থেকে উৎপন্ন করি বিন্যস্ত শস্য দানা এবং আমি খেজুর গাছের মাথি হতে

قِنْوَانٌ دَانِیَةٌ وَّجَنّٰتٍ مِّنْ اَعْنَابٍ وَّالزَّیْتُوْنَ وَالرُّمَّانَ مُشْتَبِهًا وَّغَیْرَ

ক্বিন্‌ওয়া-নুন্ দা-নিয়াতুঁও ওয়া জ্বান্না-তিম্ মিন আ'না-বিওঁ ওয়ায্‌যাইতূনা ওয়ার্ রুম্মা-না মুশ্‌তাবিহাওঁ ওয়া গাইরা
বের করি ঝুলন্ত গুচ্ছ এবং (উৎপন্ন করি) আংগুরের বাগান এবং যায়তুন ও আনারও, যা (রং ও আকারে) একে অন্যের সদৃশ এবং

مُتَشَابِهٍ ؕ اُنْظُرُوْۤا اِلٰی ثَمَرِهٖۤ اِذَاۤ اَثْمَرَ وَیَنْعِهٖ ؕ اِنَّ فِیْ ذٰلِكُمْ لَاٰیٰتٍ لِّقَوْمٍ

মুতাশা-বিহ ; উন্‌যুরূ~ইলা- ছামারিহী~ইযা~আছ্‌মারা ওয়া ইয়ান্'ইহ ; ইন্না ফী যা-লিকুম লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিঁই
বিসদৃশ। তোমরা লক্ষ্য কর, তার (গাছের) ফলের প্রতি, যখন ফল ধরে ও পাকে। নিশ্চয় নিদর্শন রয়েছে এতে বিশ্বাসী সম্প্রদায়ের

○ টীকা (আঃ ৯৭) ঃ অর্থাৎ চন্দ্র-সূর্যের গতিবিধি সর্বব্যাপী ক্ষমতাবান মহান সত্তার নির্ধারণ। কাজেই তিনি তাদেরকে এরূপ সুশৃঙ্খলভাবে পরিচালনা করতে সক্ষম এবং তিনি মহাজ্ঞানী। সুতরাং তিনি এ ধরনের গতির উপকারিতা ও রহস্য অবগত আছেন। তাই তাদের গতির এই নিয়ম নির্ধারণ করে দিয়েছেন। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৯৭) ঃ তিনটি উদ্দেশ্যে তারকারাজিকে অবলম্বন করা যায় (ক) আসমানের সৌন্দর্য স্বরূপ, (খ) শয়তানের জন্য ঢিল স্বরূপ, (গ) পথের দিশারীস্বরূপ। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৯৮) ঃ 'মারফূ' হাদীছে আছে, আল্লাহ আদমকে নিজের সামনে দাঁড় করে তাঁর বাম বাহুর উপর আঘাত করলেন। তাতে তার ঔরষ হতে সন্তান বের হয়ে সমগ্র ভূপৃষ্ঠ ভরে গেল। (ফত্‌হুল বয়ান)

○ বিশ্লেষণ (আঃ ৯৮) ঃ ....فمستقر و مستودع ঃ (দীর্ঘ ও ক্ষণস্থায়ী ঠিকানা) এ আয়াতাংশের অর্থের ব্যাপারে মতভেদ রয়েছে। যা নিম্নরূপ ঃ ইবনে মাসউদ, ইবনে আব্বাস প্রমূখ বলেন, مستقر অর্থ মায়ের গর্ভ, مستودع অর্থ পিতার ঔরস। ইবনে মাসউদ থেকে আর এক বর্ণনায় مستقر অর্থ ইহকালীন জীবন, مستودع অর্থ পরকালীন জীবন। (তাঃ ইবনে কাছীর)

يُؤْمِنُونَ ﴿١٠٠﴾ وَجَعَلُوا لِلّٰهِ شُرَكَاءَ الْجِنَّ وَخَلَقَهُمْ وَخَرَقُوا لَهُ بَنِينَ وَبَنٰتٍ

ইউ'মিনূন। ১০০। ওয়া জ্বা'আলূ লিল্লা-হি শুরাকা—আল জ্বিন্না ওয়া খালাক্বাহুম ওয়া খারাক্বূ লাহূ বানীনা ওয়া বানা-তিম্

জন্য। (১০০) আর লোকেরা জ্বীনদেরকে আল্লাহর শরীক (মনোনীত) করে। অথচ তিনিই তাদেরকে সৃষ্টি করেছেন এবং তারা অজ্ঞতাবশতঃ তাঁর

১২ ع ৬ ১৮ রুকূ

بِغَيْرِ عِلْمٍ ؕ سُبْحٰنَهُ وَتَعٰلٰى عَمَّا يَصِفُونَ ﴿١٠١﴾ بَدِيعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ

বিগাইরি 'ইল্‌ম ; সুব্‌হা-নাহূ ওয়া তা'আ-লা- 'আম্মা- ইয়াস্বিফূন। ১০১। বাদী'উস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব ;

জন্য পুত্র ও কন্যা স্থির করে নিয়েছে। তারা যা বলে তা হতে তিনি পবিত্র এবং অনেক উর্ধ্বে। (১০১) তিনিই আসমান ও যমীনের (বিনা নমুনায়) সৃষ্টিকারী।

اَنّٰى يَكُونُ لَهُ وَلَدٌ وَلَمْ تَكُنْ لَهُ صَاحِبَةٌ ؕ وَخَلَقَ كُلَّ شَيْءٍ ۚ وَهُوَ بِكُلِّ

আন্না- ইয়াকূনু লাহূ ওয়ালাদুঁও ওয়ালাম তাকুল্ লাহূ স্বা-হিবাহ, ওয়া খালাক্বা কুল্লা শাইয়, ওয়া হুওয়া বিকুল্লি

তাঁর জন্য সন্তান হওয়া কিভাবে সম্ভব? অথচ তাঁর তো কোন স্ত্রী নেই এবং তিনি তা সৃষ্টি করেছেন সব কিছু এবং তিনি

شَيْءٍ عَلِيمٌ ﴿١٠٢﴾ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ ۚ لَا اِلٰهَ اِلَّا هُوَ ۚ خَالِقُ كُلِّ شَيْءٍ فَاعْبُدُوهُ ۚ

শাইয়িন 'আলীম। ১০২। যা-লিকুমুল্লা-হু রাব্বুকুম, লা~ইলা-হা ইল্লা- হুওয়, খা-লিক্বু কুল্লি শাইয়িন ফা'বুদূহ,

সর্ববিষয়ে মহাজ্ঞানী। (১০২) তিনিই হচ্ছেন আল্লাহ তোমাদের প্রতিপালক। যিনি ছাড়া আর কোন মা'বুদ নেই। তিনিই সব কিছুর সৃষ্টিকর্তা। সুতরাং তোমরা তাঁরই

وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ وَكِيلٌ ﴿١٠٣﴾ لَا تُدْرِكُهُ الْاَبْصَارُ ؗ وَهُوَ يُدْرِكُ الْاَبْصَارَ ۚ وَهُوَ

ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িঁও ওয়াকীল। ১০৩। লা- তুদ্‌রিকুহুল আব্‌স্বা-রু ওয়া হুওয়া ইউদ্‌রিকুল আব্‌স্বা-র, ওয়াহুওয়াল্

ইবাদাত কর। তিনি সব বিষয়ের ব্যবস্থাপক। (১০৩) তাঁকে তো দৃষ্টিশক্তি আয়ত্বে আনতে পারে না, কিন্তু দৃষ্টিশক্তি তাঁরই আয়ত্বে। তিনি অতিসূক্ষ্মদর্শী,

اللَّطِيفُ الْخَبِيرُ ﴿١٠٤﴾ قَدْ جَاءَكُمْ بَصَائِرُ مِنْ رَبِّكُمْ ۚ فَمَنْ اَبْصَرَ فَلِنَفْسِهِ ۚ

লাত্বীফুল খাবীর। ১০৪। ক্বাদ জ্বা—আকুম্ বাস্বা—ইরু মির্ রাব্বিকুম ; ফামান্ আব্‌স্বারা ফালি নাফসিহ্,

সর্বজ্ঞ। (১০৪) (বলুন) নিশ্চয়ই তোমাদের প্রতিপালকের তরফ থেকে তোমাদের কাছে স্পষ্ট প্রমাণাদি এসে গেছে। অতএব যে তা লক্ষ্য করবে তা তার নিজের জন্য

وَمَنْ عَمِيَ فَعَلَيْهَا ؕ وَمَا اَنَا عَلَيْكُمْ بِحَفِيظٍ ﴿١٠٥﴾ وَكَذٰلِكَ نُصَرِّفُ الْاٰيٰتِ

ওয়া মান্ 'আমিয়া ফা'আলাইহা- ; ওয়া মা~আনা 'আলাইকুম্ বিহ্বাফীয্। ১০৫। ওয়া কাযা-লিকা নুস্বাররিফুল আ-ইয়া-তি

(উপকারে আসবে)। আর যে লক্ষ্য করবে না সে নিজেই ক্ষতিগ্রস্ত হবে। আর আমি তোমাদের তত্ত্বাবধায়ক নই। (১০৫) এভাবেই আমি আয়াতসমূহ বিভিন্নভাবে বর্ণনা করি।

وَلِيَقُولُوا دَرَسْتَ وَلِنُبَيِّنَهُ لِقَوْمٍ يَعْلَمُونَ ﴿١٠٦﴾ اِتَّبِعْ مَا اُوحِيَ اِلَيْكَ مِنْ رَبِّكَ ۚ

ওয়া লিইয়াকূলূ দারাস্‌তা ওয়া লিনুবাইয়্যিনাহূ লিক্বাওমিঁই ইয়া'লামূন। ১০৬। ইত্তাবি' মা~উহ্বিয়া ইলাইকা মির্ রাব্বিক,

ফলে তারা বলে, আপনি পূর্বেই এটা পড়ে নিয়েছেন। কিন্তু তা আমি জ্ঞানীদের জন্য সুস্পষ্টভাবে বর্ণনা করতে পারি। (১০৬) আপনি স্বয়ং ঐ পথের অনুসরণ করতে থাকুন, আপনার প্রতিপালকের তরফ থেকে

○ **টীকা (আঃ ১০১) ঃ** এই আয়াতে শিরকের খণ্ডন করা হয়েছে। মানুষ আল্লাহর সঙ্গে অন্যান্যকে ও জ্বীনকে এবাদতে শরীক করত। আল্লাহ্ তাদের এই কুফর ও শিরক হতে বহু উর্ধ্বে। কেউ যদি বলে যে, কাফিররা তো জ্বিনকে পূজা করে নি, তারা আম্বিয়া ও আউলিয়াদের পূজা করত। এর উত্তরে বলা হবে যে, জ্বীন জাতি তাদেরকে এরূপ নির্দেশ দিত বলেই তারা নবী ও ওলীদের পূজা করত। সুতরাং জ্বিনের পূজাই করা হল। (ইঃ কোঃ)

○ **টীকা (আঃ ১০৬) ঃ** অর্থাৎ, কোরআন নাযিল করার উপকারিতা তিনটি। (ক) আপনি তবলীগের সওয়াব পাবেন, (খ) প্রত্যাখ্যানকারীদের উপর সমধিক অপরাধ সাব্যস্ত হয়। (গ) বুদ্ধিমান ও সত্যান্বেষীদের জন্য সত্য প্রকাশিত হয়ে যায়। অতএব, কে মানল, কে মানল না, আপনি সে দিকে দৃষ্টিপাত করবেন না।

لَا اِلٰهَ اِلَّا هُوَ ۚ وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ ﴿١٠٧﴾ وَلَوْ شَاءَ اللّٰهُ مَا اَشْرَكُوا ؕ وَمَا جَعَلْنٰكَ

লা~ইলা-হা ইল্লা- হুওয় ; ওয়া আ'রিদ্ব 'আনিল মুশরিকীন। ১০৭। ওয়া লাও শা—আল্লা-হু মা~আশ্‌রাক্ ; ওয়ামা-জ্বা'আলনা-কা

প্রদত্ত ওহীর অনুসরণ করুন। তিনি ছাড়া কোন মা'বুদ নেই এবং মুশরিকদেরকে এড়িয়ে চলুন। (১০৭) আর আল্লাহ যদি ইচ্ছা করতেন তবে তারা শিরক করতো না।

عَلَيْهِمْ حَفِيظًا ۚ وَمَا اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيلٍ ﴿١٠٨﴾ وَلَا تَسُبُّوا الَّذِينَ يَدْعُونَ مِنْ

'আলাইহিম হ্বাফীয্বা-, ওয়ামা~আন্‌তা 'আলাইহিম্ বিওয়াকীল। ১০৮। ওয়ালা-তাসুব্বুল্ লাযীনা ইয়াদ্'উনা মিন্

আর আমি আপনাকে তাদের উপর তত্ত্বাধায়ক নিযুক্ত করি নি। আর আপনি তাদের ব্যবস্থাপকও নন। (১০৮) আর তোমরা তাদেরকে মন্দ বলোনা, যাদেরকে তারা ডাকে

دُونِ اللّٰهِ فَيَسُبُّوا اللّٰهَ عَدْوًا بِغَيْرِ عِلْمٍ ؕ كَذٰلِكَ زَيَّنَّا لِكُلِّ اُمَّةٍ عَمَلَهُمْ ص

দূনিল্লা-হি ফাইয়াসুব্বুল্লা-হা 'আদ্‌ওয়াম্ বিগাইরি 'ইল্‌ম ; কাযা-লিকা যাইয়্যান্না- লিকুল্লি উম্মাতিন্ 'আমালাহুম,

আল্লাহকে ছেড়ে। তারা জ্ঞান না থাকার কারণে সীমালংঘন করে আল্লাহকেও মন্দ বলবে। এভাবে আমি প্রত্যেক দলের কাছেই তাদের কাজগুলো আনন্দদায়ক করে

ثُمَّ اِلٰى رَبِّهِمْ مَرْجِعُهُمْ فَيُنَبِّئُهُمْ بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٠٩﴾ وَاَقْسَمُوا بِاللّٰهِ

ছুম্মা ইলা- রাব্বিহিম মার্‌জ্বি'উহুম ফাইউনাব্বিউহুম্ বিমা- কা-নূ ইয়া'মালূন। ১০৯। ওয়া আক্বসামূ বিল্লা-হি

রেখেছি। অতঃপর তাদের প্রতিপালকের কাছেই তাদের প্রত্যাবর্তন করতে হবে। তখন তিনি তাদেরকে কৃতকর্ম সম্পর্কে জানিয়ে দিবেন। (১০৯) এবং তারা আল্লাহর

جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ جَاءَتْهُمْ اٰيَةٌ لَيُؤْمِنُنَّ بِهَا ؕ قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ

জ্বাহ্‌দা আইমা-নিহিম লাইন্ জ্বা—আত্‌হুম আ-ইয়াতুল্ লাইউ'মিনুন্না বিহা-; ক্বুল ইন্নামাল আ-ইয়া-তু 'ইনদাল্লা-হি

নামে দৃঢ় শপথ করে বলে যে, যদি তাদের কাছে কোন নিদর্শন আসে তবে অবশ্যই তারা তাতে ঈমান আনবে। আপনি বলুন, নিদর্শন তো সবই আল্লাহর অধিকারে রয়েছে।

وَمَا يُشْعِرُكُمْ ۙ اَنَّهَا اِذَا جَاءَتْ لَا يُؤْمِنُونَ ﴿١١٠﴾ وَنُقَلِّبُ اَفْئِدَتَهُمْ وَاَبْصَارَهُمْ

ওয়া মা- ইউশ্'ইরুকুম আন্নাহা~ইযা-জ্বা—আত্ লা-ইউ'মিনূন। ১১০। ওয়া নুক্বাল্লিবু আফ্‌ইদাতাহুম ওয়া আব্‌স্বা-রাহুম

তোমাদেরকে একথা কিভাবে বুঝানো যাবে যে, যদি তাদের কাছে (নিদর্শন) আসেও তবুও তারা ঈমান আনবে না? (১১০) আর আমি তাদের

১৩ ع ৪০ ১৯ রুকূ

كَمَا لَمْ يُؤْمِنُوا بِهِ اَوَّلَ مَرَّةٍ وَنَذَرُهُمْ فِي طُغْيَانِهِمْ يَعْمَهُونَ ۝

কামা- লাম ইউ'মিনূ বিহী~আওওয়ালা মার্‌রাতিওঁ ওয়া নাযারুহুম ফী তুগ্‌ইয়া-নিহিম ইয়া'মাহূন।

অন্তর এবং চক্ষুকে পরিবর্তন করে দিব, যেরূপ তারা প্রথমবারেও তার উপর বিশ্বাস স্থাপন করেনি এবং তাদেরকে তাদের অবাধ্যতায় হতবাক অবস্থায় ছেড়ে দিব।

○ **শানে নুযূল (আঃ ১০৮) ঃ** রেওয়ায়েতে আছে, মুসলমানগণ কাফিরদের সম্মুখে তাদের দেবতাকে গালি দিত। আল্লাহ্ তা'আলা বলেন, যারা গালির যোগ্য তাদেরকেও গালি দিও না। অন্যথায় যিনি গালির যোগ্য নয়, এরা তাঁকেও গালি দিবে। (মুঃ কোঃ)

○ **শানে নুযূল (আঃ ১০৯) ঃ** ইবনে জারীর (র) বর্ণনা করেন, একবার কুরাইশ সরদাররা রাসূল (স) এর কাছে এসে দাবী উত্থাপন করে, আপনি যদি সাফা পাহাড়টি স্বর্ণে পরিণত করে আমাদের মু'জিযা দেখাতে পারেন, তবে আমরা মুসলমান হয়ে যাব। রাসূল (স) তাদের থেকে শপথ নেন যে, তিনি এই মু'জিযা দেখালে তারা মুসলমান হয়ে যাবে। এরপর রাসূল (স) যখন দুআ করার জন্য দাঁড়ান, তখন জিবরাঈল (আ) এসে বলেন, আপনি চাইলে সাফা পাহাড় স্বর্ণে পরিণত করে দেব। কিন্তু এরপর যদি তারা ঈমান না আনে, তবে আল্লাহ তাআলা সকলকে ধ্বংস করে দেবেন। রাহমাতুললিল আলামীন (স) তখন তাদেরকে বলেন, আমি এখন এই মুজিযার জন্য দুআ করতে চাইনা। তোমরা চলে যাও। এরই প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। (মাঃ কুঃ)

○ **শানে নুযূল (আঃ ১১০) ঃ** কাফিররা বলল, হে মোহাম্মদ (সা)! তুমি বলে থাক, মূসা লাঠি দ্বারা পাথরের উপর আঘাত করলে বারটি ঝরণা প্রবাহিত হত। ঈসা ফুঁক দিয়ে মুর্দাকে যিন্দা করতেন। তুমিও অনুরূপ কোন মু'জেযা দেখালে আমরা ঈমান আনব। হুযূর বললেন, কি মু'জেযা চাও? তারা বলল, ছাফা পাহাড়কে স্বর্ণে পরিণত কর। হুযূর বললেন, তা হলে ঈমান আনবে তো? তারা কসম করে প্রতিশ্রুতি দিল। হুযূর (সা) দো'আ করতে উদ্যত হলে, জিবরাঈল (আ) বললেন, এই মু'জেযা না মানলে তারা সমূলে ধ্বংস হবে। (মুঃ কোঃ)

(111) وَلَوْ اَنَّنَا نَزَّلْنَآ اِلَيْهِمُ الْمَلٰٓئِكَةَ وَكَلَّمَهُمُ الْمَوْتٰى وَحَشَرْنَا

১১১। ওয়া লাও আন্নানা- নাযযাল্না~ইলাইহিমুল মালা—ইকাতা ওয়া কাল্লামাহুমুল মাওতা- ওয়া হ্বাশারনা-
(১১১) যদি আমি তাদের নিকট ফিরিশতা প্রেরণ করতাম এবং মৃতেরা তাদের সাথে কথা বলতো এবং সকল (অদৃশ্য) বস্তুকে

عَلَيْهِمْ كُلَّ شَيْءٍ قُبُلًا مَّا كَانُوْا لِيُؤْمِنُوْٓا اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ وَلٰكِنَّ

'আলাইহিম কুল্লা শাইয়িন্ ক্বুবুলাম্ মা- কা-নূ লিইয়ু'মিনূ~ইল্লা~আঁই ইয়াশা—আল্লা-হু ওয়া লা-কিন্না
তাদের সামনে একত্রিত করতাম (তবুও) তারা ঈমান আনত না। কিন্তু আল্লাহ যদি ইচ্ছা করেন (তা ভিন্ন কথা)। তাদের

اَكْثَرَهُمْ يَجْهَلُوْنَ (112) وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ

আক্ছারাহুম ইয়াজ্হালূন। ১১২। ওয়া কাযা-লিকা জ্বা'আল্না- লিকুল্লি নাবিইয়্যিন 'আদুওওয়ান্ শাইয়া-ত্বীনাল্
অধিকাংশই অশিক্ষিত। (১১২) এমনিভাবে আমি সৃষ্টি করেছি প্রত্যেক নবীর জন্য শত্রু হিসেবে, কতক খবিস মানুষ

الْاِنْسِ وَالْجِنِّ يُوْحِيْ بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ زُخْرُفَ الْقَوْلِ غُرُوْرًا ؕ

ইন্সি ওয়াল্ জ্বিন্নি ইউহ্বী বা'দ্বুহুম ইলা- বা'দ্বিন্ যুখ্রুফাল্ ক্বাওলি গুরূরা- ;
ও জ্বিনকে। তারা প্রতারণা করার উদ্দেশ্যে একে অপরকে চমকদার কথা দ্বারা কুমন্ত্রণা দেয়। যদি আপনার প্রতিপালক চাইতেন ; তবে তারা এ কাজ করতো না।

وَلَوْ شَآءَ رَبُّكَ مَا فَعَلُوْهُ فَذَرْهُمْ وَمَا يَفْتَرُوْنَ (113) وَلِتَصْغٰٓى اِلَيْهِ اَفْئِدَةُ

ওয়া লাও শা—আ রাব্বুকা মা- ফা'আলূহু ফাযার্হুম ওয়া মা- ইয়াফ্তারূন। ১১৩। ওয়া লিতাস্বগা~ইলাইহি আফ্ইদাতুল্
সুতরাং আপনি তাদেরকে এবং তাদের বানানো মিথ্যাগুলো বর্জন করুন। (১১৩) আর (তাদের এরূপ বলার উদ্দেশ্য) যাতে এর প্রতি আকৃষ্ট হয় তাদের অন্তর,

الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ وَلِيَرْضَوْهُ وَلِيَقْتَرِفُوْا مَا هُمْ مُّقْتَرِفُوْنَ ○

লাযীনা লা- ইয়ু'মিনূনা বিল্ আ-খিরাতি ওয়ালিইয়ার্দ্বাওহু ওয়ালিইয়াক্বতারিফূ মা- হুম্ মুক্বতারিফূন।
যারা আখিরাতে বিশ্বাস করে না এবং যাতে তারা তা পছন্দ করে নেয়। আর তারাও যেন সে কাজে লিপ্ত থাকে যা তারা করছে।

(114) اَفَغَيْرَ اللّٰهِ اَبْتَغِيْ حَكَمًا وَّهُوَ الَّذِيْٓ اَنْزَلَ اِلَيْكُمُ الْكِتٰبَ مُفَصَّلًا ؕ

১১৪। আফা গাইরাল্লা-হি আব্তাগী হ্বাকামাওঁ ওয়া হুওয়াল্ লাযী~আন্যালা ইলাইকুমুল কিতা-বা মুফাস্বস্বালা -;
(১১৪) তবে কি আমি আল্লাহ ছাড়া অন্য কাউকে ফয়সালাকারী হিসেবে তালাস করব? অথচ তিনিই তোমাদের কাছে সু-স্পষ্ট কিতাব প্রেরণ

وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْلَمُوْنَ اَنَّهٗ مُنَزَّلٌ مِّنْ رَّبِّكَ بِالْحَقِّ فَلَا

ওয়াল্ লাযীনা আ-তাইনা-হুমুল কিতা-বা ইয়া'লামূনা আন্নাহূ মুনায্যালুম মির রাব্বিকা বিল্হ্বাক্কি ফালা-
করেছেন। আর যাদেরকে আমি কিতাব দিয়েছি তারা জানে যে, নিশ্চয়ই তা আপনার প্রতিপালকের তরফ থেকে সত্যসহ অবতীর্ণ হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ১১২) ঃ ولو شاء ربك مافعلوه (যদি তোমার প্রতিপালক চাইতেন তবে তারা এ কাজ করতো না)। অর্থাৎ আল্লাহ তা'আলা শয়তানের কুমন্ত্রণা, প্রতারণা ও সকল প্রকার কার্যক্রম ব্যর্থ করে দিতে ক্ষমতাবান। কিন্তু তা করবেন না। কেননা, এ রকম করা তাঁর নিয়ম-নীতির বহির্ভূত কাজ। এটা তিনি তাঁর নিজ ইচ্ছার মধ্যে রেখে দিয়েছেন। এর হিকমত তিনিই ভাল জানেন। ○ টীকা (আঃ ১১২) ঃ অর্থাৎ শয়তানেরা একে অন্যকে অলীক ও মিথ্যা সাজান কথা শিখায়ে থাকে। দুনিয়ার প্রতি আশক্ত নাফরমান লোকেরা তা শুনে শয়তানের এ সাজান কথার প্রতি ঝুঁকে পড়ে এবং তা-ই তাদের ভাল লাগে। অতঃপর আর তারা কুফর ও ফিস্ক হতে বিরত হয় না। (ফাওয়ায়েদে ওসমানী)

تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ (115) وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ صِدْقًا وَّعَدْلًا ؕ لَا مُبَدِّلَ

তাকূনান্না মিনাল্ মুম্তারীন। ১১৫। ওয়া তাম্মাত্ কালিমাতু রাব্বিকা স্বিদ্ক্বাওঁ ওয়া 'আদলা- ; লা-মুবাদ্দিলা
সুতরাং আপনি সন্দেহকারীদের মধ্যে হবেন না (১১৫) আপনার প্রতিপালকের বাণী সত্য ও ন্যায়ের দিক থেকে পূর্ণাংগ। তাঁর বাণীর

لِكَلِمٰتِهٖ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ (116) وَاِنْ تُطِعْ اَكْثَرَ مَنْ فِي الْاَرْضِ

লিকালিমা-তিহ্, ওয়া হুওয়াস্ সামী'উল 'আলীম। ১১৬। ওয়াইন্ তুত্বি' আক্ছারা মান্ ফিল আর্দ্বি
কেউ পরিবর্তনকারী নেই। তিনি সর্বশ্রোতা ও মহাজ্ঞানী (১১৬) যদি আপনি পৃথিবীর অধিকাংশ লোকের কথা মেনে চলেন তবে

يُضِلُّوْكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ○

ইউদ্বিল্লূকা 'আন্ সাবীলিল্লা-হ্ ; ইঁই ইয়াত্তাবি'উনা ইল্লায্যান্না ওয়া ইন্হুম ইল্লা- ইয়াখ্রুস্বূন।
তারা আপনাকে আল্লাহর রাস্তা থেকে বিভ্রান্ত করবে। তারাতো শুধু নিজ ধারণার উপর চলে এবং তারা শুধু ধারণা ভিত্তিক কথা বলে।

(117) اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ مَنْ يَّضِلُّ عَنْ سَبِيْلِهٖ ۚ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ○

১১৭। ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু মাই ইয়াদ্বিল্লু 'আন্ সাবিলিহ্, ওয়া হুওয়া আ'লামু বিল্ মুহ্তাদীন।
(১১৭) নিশ্চয় আপনার প্রতিপালক তা ভালভাবেই জানেন কে তাঁর রাস্তা থেকে পথভ্রষ্ট হয় এবং তিনি তাও ভালভাবে জানেন কে তার পথে চলে।

(118) فَكُلُوْا مِمَّا ذُكِرَ اسْمُ اللّٰهِ عَلَيْهِ اِنْ كُنْتُمْ بِاٰيٰتِهٖ مُؤْمِنِيْنَ (119) وَمَا

১১৮। ফাকুলূ মিম্মা-যুকিরাস্ মুল্লা-হি 'আলাইহি ইন্ কুন্তুম্ বিআ-ইয়া-তিহী মু'মিনীন। ১১৯। ওয়া মা-
(১১৮) যে পশুর উপর আল্লাহর নাম নেয়া হয়েছে তা থেকে খাও, যদি তোমরা তাঁর নির্দেশসমূহে বিশ্বাসী হয়ে থাক। (১১৯) তোমাদের

لَكُمْ اَلَّا تَاْكُلُوْا مِمَّا ذُكِرَ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَقَدْ فَصَّلَ لَكُمْ مَّا حَرَّمَ

লাকুম আল্লা- তা'কুলূ মিম্ মা- যুকিরাস্ মুল্লা-হি 'আলাইহি ওয়া ক্বাদ্ ফাস্বস্বালা লাকুম্ মা- হ্বাররামা
কি হলো যে, যার উপর আল্লাহর নাম নেয়া হয়েছে তা তোমরা খাবে না? অথচ আল্লাহ বিস্তারিতভাবে বিবৃত করেছেন যা তোমাদের প্রতি হারাম

عَلَيْكُمْ اِلَّا مَا اضْطُرِرْتُمْ اِلَيْهِ ؕ وَاِنَّ كَثِيْرًا لَّيُضِلُّوْنَ بِاَهْوَآئِهِمْ

'আলাইকুম ইল্লা- মাদ্বত্বুরিরতুম ইলাইহ ; ওয়া ইন্না কাছীরাল লাইউদ্বিল্লূনা বিআহ্ওয়া—ইহিম
করা হয়েছে। কিন্তু সে সময়ের কথা ভিন্ন যখন তোমরা উপায়হীন হয়ে যাবে। আর অনেক লোক মূর্খতাবশতঃ অন্যকে পথভ্রষ্ট

بِغَيْرِ عِلْمٍ ؕ اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِالْمُعْتَدِيْنَ (120) وَذَرُوْا ظَاهِرَ الْاِثْمِ

বিগাইরি 'ইল্ম ; ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিল মু'তাদীন। ১২০। ওয়া যারূ য্বা-হিরাল ইছ্মি
করে নিজ ভ্রান্ত চিন্তা-ভাবনা দ্বারা। নিশ্চয় আপনার প্রভু সীমালংঘনকারীদেরকে ভালভাবে জানেন। (১২০) তোমরা প্রকাশ্য

○ শানে নুযূল (আঃ ১১৯) ঃ পারস্য দেশীয় অগ্নি-পূজক কাফিরদের সাথে মক্কার কাফিরদের বন্ধুত্ব ছিল। তারা মক্কায় লিখে পাঠাল, তোমাদের সে নিরক্ষর নবীকে জিজ্ঞাসা কর "এটা কেমন ধর্ম! নিজেদের যবেহ্কৃত জীব খেতেছ, আর আল্লাহ্ তা'আলা যে জীবকে মারেন, তা খাও না।" এ সম্বন্ধে আল্লাহ্ তা'আলা এ আয়াতসমূহ নাযিল করেন। আল্লাহ তা'আলার নামে যবেহ্কৃত জীব তাঁর নামের বরকতে ও প্রবাহিত রক্ত নিঃসরণে পাক ও হালাল। স্বাভাবিক মৃত্যুতে রক্ত নিঃসরণ হয় না, আর দেবদেবীর নামে বলী দেয়া জীবে আল্লাহ্ তা'আলার নাম থাকে না, সুতরাং এটা হারাম। (মুঃ কোঃ)

وَبَاطِنَهٗ ؕ اِنَّ الَّذِيْنَ يَكْسِبُوْنَ الْاِثْمَ سَيُجْزَوْنَ بِمَا كَانُوْا يَقْتَرِفُوْنَ ○

ওয়া বা-তিনাহ ; ইন্নাল্লাযীনা ইয়াক্সিবূনাল ইছমা সাইউজ্যাওনা বিমা- কা-নূ ইয়াক্বতারিফূন।

ও অপ্রকাশ্য গুনাহ বর্জন কর। নিশ্চয় যারা গুনাহ করে তাদেরকে অতিশীঘ্রই তাদের কৃত গুনাহের শাস্তি দেয়া হবে।

(١٢١) وَلَا تَاْكُلُوْا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَاِنَّهٗ لَفِسْقٌ ؕ وَاِنَّ الشَّيٰطِيْنَ

১২১। ওয়ালা- তা'কুলূ মিম্মা- লাম ইউয্‌কারিস্‌মুল্লা-হি 'আলাইহি ওয়া ইন্নাহূ লাফিস্‌ক্ব ; ওয়া ইন্নাশ্‌ শাইয়া-ত্বীনা

(১২১) আর তোমরা তা খেয়োনা যার উপর আল্লাহর নাম নেয়া হয়নি। আর তা অবশ্যই পাপ। আর নিশ্চয় শয়তান তার বন্ধুদেরকে

لَيُوْحُوْنَ اِلٰۤى اَوْلِيٰٓـِٕهِمْ لِيُجَادِلُوْكُمْ ۚ وَاِنْ اَطَعْتُمُوْهُمْ اِنَّكُمْ

লাইয়ূহূনা ইলা~আওলিয়া—ইহিম লিইয়ুজ্বা-দিলূকুম, ওয়া ইন্ আত্বা'তুমূহুম ইন্নাকুম

প্ররোচনা দেয় যেন তারা তোমাদের সাথে বিবাদ করে। যদি তোমরা তাদের কথামত চল, তবে অবশ্যই তোমরা মুশরিক

لَمُشْرِكُوْنَ (١٢٢) اَوَمَنْ كَانَ مَيْتًا فَاَحْيَيْنٰهُ وَجَعَلْنَا لَهٗ نُوْرًا يَّمْشِيْ بِهٖ

লামুশ্‌রিকূন। ১২২। আওয়া মান্ কা-না মাইতান্ ফাআহ্‌ইয়াইনা-হু ওয়া জ্বা'আল্‌না- লাহূ নূরাই ইয়াম্‌শী বিহী

হয়ে যাবে। (১২২) যে ব্যক্তি প্রথমে মৃত ছিল অতঃপর আমি তাকে জীবিত করেছি এবং আমি তাকে এক আলো দিয়েছি যা দ্বারা সে

১৪
ع
১১
১
রুকূ

فِى النَّاسِ كَمَنْ مَّثَلُهٗ فِى الظُّلُمٰتِ لَيْسَ بِخَارِجٍ مِّنْهَا ؕ كَذٰلِكَ زُيِّنَ

ফিন্ না-সি কামাম্ মাছালুহূ ফিয্‌যুলুমা-তি লাইসা বিখা-রিজিম্ মিন্‌হা-; কাযা-লিকা যুইয়্যিনা

মানুষের মাঝে চলা-ফেরা করছে, সে ব্যক্তি কি তার ন্যায়, যে আঁধারের মাঝে রয়েছে এবং যে তা থেকে বের হতে পারছেনা? এরূপে

لِلْكٰفِرِيْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ (١٢٣) وَكَذٰلِكَ جَعَلْنَا فِىْ كُلِّ قَرْيَةٍ اَكٰبِرَ

লিল কা-ফিরীনা মা- কা-নূ ইয়া'মালূন। ১২৩। ওয়া কাযা-লিকা জ্বা'আল্‌না- ফী কুল্লি ক্বার্‌ইয়াতিন আকা-বিরা

কাফিরদের নিকট তাদের কাজগুলো শোভন করে দেখানো হয়েছে। (১২৩) এরূপে আমি প্রতিটি জনপদে সেখানের শীর্ষস্থানীয় অপরাধীদেরকে

مُجْرِمِيْهَا لِيَمْكُرُوْا فِيْهَا ؕ وَمَا يَمْكُرُوْنَ اِلَّا بِاَنْفُسِهِمْ وَمَا يَشْعُرُوْنَ ○

মুজ্বরিমীহা- লিয়াম্‌কুরূ ফীহা; ওয়া মা- ইয়ামকুরূনা ইল্লা- বিআন্‌ফুসিহিম ওয়া মা- ইয়াশ্‌'উরূন।

নেতা বানিয়েছি যাতে তারা সেখানে চক্রান্ত করে। কিন্তু তারা শুধু তাদের নিজেদেরই বিরুদ্ধে চক্রান্ত করে, অথচ তারা বুঝতে পারে না।

(١٢٤) وَاِذَا جَآءَتْهُمْ اٰيَةٌ قَالُوْا لَنْ نُّؤْمِنَ حَتّٰى نُؤْتٰى مِثْلَ مَاۤ اُوْتِىَ

১২৪। ওয়া ইযা- জ্বা—আত্‌হুম আ-ইয়াতুন্ ক্বা-লূ লান্ নু'মিনা হ্বাত্তা- নু'তা-মিছ্‌লা- মা~উতিয়া

(১২৪) যখন তাদের কাছে কোন আয়াত আসে, তখন তারা বলে, আমরা কখনো ঈমান আনব না যতক্ষণ পর্যন্ত আমাদেরকে তা না দেয়া হবে যা

○ মাসআলা (আঃ ১২১) ঃ (যার উপর আল্লাহর নাম না নেয়া হয়েছে তা খেয়োনা) যে জানোয়ার বা পাখী কিংবা অন্য কোন হালাল জন্তু জবেহ করার সময় বিস্‌মিল্লাহ অর্থাৎ আল্লাহর নাম লওয়া হয় না, উক্ত জানোয়ার খাওয়া হালাল হবে না; বরং তা হারাম। তবে যদি কোন মুসলমান ভুলক্রমে বিস্‌মিল্লাহ ছেড়ে দেয়, তবে জবেহকৃত বস্তু খাওয়া হালাল হবে। আর বাকী সর্ব অবস্থায় হারাম হবে। (ইবনে কাছীর)

○ শানে নুযূল (আঃ ১২৩) ঃ একদিন আবু জাহাল রাসূলুল্লাহর (সা) সাথে উদ্ধত্য আচরণ করেছিল। হামযা (রা) শিকারে গিয়েছিলেন। সেখান থেকে ফিরে এসে এই উদ্ধত্য আচরণের কথা শুনলেন। তিনি ক্রোধে অধীর হয়ে তৎক্ষণাৎ আবু জাহালের নিকট গেলেন এবং ধনুক দ্বারা তাঁর মাথায় জোরে আঘাত করলেন ও কালেমায়ে শাহাদাত পাঠ করলেন। এ সম্বন্ধে এই আয়াতটি নাযিল হয়। (তাঃ কাদেরী)

ওয়াক্বফে লাযেম ل ওয়াক্বফে মঞ্জিল

رُسُلُ اللّٰهِ ؔؕ اَللّٰهُ اَعْلَمُ حَيْثُ يَجْعَلُ رِسَالَتَهٗ ؕ سَيُصِيْبُ الَّذِيْنَ اَجْرَمُوْا

রুসুলুল্লা-হ ; আল্লা-হু আ'লামু হ্বাইছু ইয়াজ্ব'আলু রিসা-লাতাহ ; সাইউস্বীবুল্ লাযীনা আজ্বরামূ

আল্লাহর রাসূলগণকে দেয়া হয়েছে। আল্লাহ তাঁর রিসালাতের দায়িত্ব কোথায় রাখবেন তা তিনি ভালভাবেই জানেন। যারা চক্রান্তের

صَغَارٌ عِنْدَ اللّٰهِ وَعَذَابٌ شَدِيْدٌۢ بِمَا كَانُوْا يَمْكُرُوْنَ (١٢٥) فَمَنْ يُّرِدِ اللّٰهُ

স্বাগা-রুন 'ইনদাল্লা-হি ওয়া 'আযা-বুন্ শাদীদুম্ বিমা- কা-নূ ইয়াম্‌কুরূন। ১২৫। ফামাই ইয়ুরিদিল্লা-হু

জন্য গুনাহ করেছে অতিশীঘ্র তাদের ওপর আল্লাহর তরফ হতে লাঞ্ছনা ও কঠিন শাস্তি পৌছবে। (১২৫) যাকে আল্লাহ সঠিক পথ

اَنْ يَّهْدِيَهٗ يَشْرَحْ صَدْرَهٗ لِلْاِسْلَامِ ۚ وَمَنْ يُّرِدْ اَنْ يُّضِلَّهٗ يَجْعَلْ صَدْرَهٗ

আই ইয়াহ্‌দিয়াহূ ইয়াশ্‌রাহ্ স্বাদ্‌রাহূ লিল্ ইস্‌লা-ম, ওয়া মাই ইউরিদ্ আই ইয়ুদ্বিল্লাহূ ইয়াজ্ব'আল্ স্বাদ্‌রাহূ

প্রদর্শন করতে চান তার অন্তরকে ইসলামের জন্য প্রশস্ত করে দেন। আর যাকে পথভ্রষ্ট করতে চান, তার অন্তরকে অত্যন্ত

ضَيِّقًا حَرَجًا كَاَنَّمَا يَصَّعَّدُ فِى السَّمَآءِ ؕ كَذٰلِكَ يَجْعَلُ اللّٰهُ الرِّجْسَ عَلَى

দ্বাইয়্যিক্বান হ্বারাজ্বান্ কাআন্নামা- ইয়াস্বস্বা'য়্যাদু ফিস্ সামা—ই ; কাযা-লিকা ইয়াজ্ব'আলুল্লা-হুর্ রিজ্বসা 'আলাল

সংকীর্ণ করে দেন। মনে হয় যেন সে আকাশে আরোহণ করছে। এরূপে আল্লাহ শাস্তি প্রদান করেন

الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ (١٢٦) وَهٰذَا صِرَاطُ رَبِّكَ مُسْتَقِيْمًا ؕ قَدْ فَصَّلْنَا الْاٰيٰتِ لِقَوْمٍ

লাযীনা লা- ইয়ু'মিনূন। ১২৬। ওয়া হা-যা- স্বিরাত্বু রাব্বিকা মুস্‌তাক্বীমা ; ক্বাদ্ ফাস্বস্বাল্‌নাল্ আ-ইয়া-তি লিক্বাওমিই

অবিশ্বাসীদের উপর। (১২৬) এটাই তোমার প্রতিপালকের সরল পথ। নিশ্চয়ই আমি স্পষ্টভাবে আয়াতসমূহ বর্ণনা করেছি, উপদেশ

يَّذَّكَّرُوْنَ (١٢٧) لَهُمْ دَارُ السَّلٰمِ عِنْدَ رَبِّهِمْ وَهُوَ وَلِيُّهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ○

ইয়ায্‌যাক্কারূন। ১২৭। লাহুম দা-রুস্ সালা-মি 'ইন্দা রাব্বিহিম ওয়া হুওয়া ওয়ালিয়্যুহুম্ বিমা- কা-নূ ইয়া'মালূন।

গ্রহণকারীদের জন্য। (১২৭) তাঁদের জন্য তাঁদের প্রতিপালকের কাছে রয়েছে শান্তির ঘর। তিনিই তাঁদের অভিভাবক, তাঁদের আমলের কারণে।

(١٢٨) وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيْعًا ۚ يٰمَعْشَرَ الْجِنِّ قَدِ اسْتَكْثَرْتُمْ مِّنَ الْاِنْسِ ۚ

১২৮। ওয়া ইয়াওমা ইয়াহ্‌শুরুহুম জ্বামী'আ, ইয়া-মা'শারাল জ্বিন্নি ক্বাদিস্ তাক্‌ছার্‌তুম্ মিনাল ইন্‌স,

(২৮) যেদিন আল্লাহ তাদের সকলকে একত্রিত করবেন এবং বলবেন, হে জিন সম্প্রদায়! তোমরা মানুষের মধ্য হতে অনেককেই তোমাদের দলে নিয়েছিলে

وَقَالَ اَوْلِيٰٓؤُهُمْ مِّنَ الْاِنْسِ رَبَّنَا اسْتَمْتَعَ بَعْضُنَا بِبَعْضٍ وَّبَلَغْنَاۤ اَجَلَنَا

ওয়া ক্বা-লা আওলিয়া—উহুম্ মিনাল ইন্‌সি রাব্বানাস্ তামতা'আ বা'দ্বুনা- বিবা'দ্বিওঁ ওয়া বালাগ্‌না ~আজ্বালানাল

এবং তাদের বন্ধুরা বলবে, হে আমাদের প্রতিপালক! আমরা একে অপরের থেকে লাভবান হয়েছি এবং এখন আমরা এসে পৌছেছি সে নির্ধারিত

○ টীকা (আঃ ১২৫) ঃ সাহাবাদের মধ্যে কেউ হুযূর (সা)-কে জিজ্ঞাসা করলেন, "বুদ্ধিমান মুমেন কে?" তিনি বললেন, "যে ব্যক্তি মৃত্যুকে খুব বেশী স্মরণ করে এবং মৃত্যু পরবর্তীকালের জন্য খুব প্রস্তুতি নেয়।" আবার জিজ্ঞাসা করা হল, "বক্ষ প্রশস্ত হয় কিরূপে?" বললেন, "সীনার মধ্যে এক নূরের উদ্ভব হয়, তাতে সীনা প্রশস্ত ও মুক্ত হয়ে যায়।" আবার কেউ জিজ্ঞাসা করলেন, "এর কোন লক্ষণ আছে কি? যদ্দ্বারা সেই নূরের উৎপত্তি বুঝা যায়।" বললেন, "আখেরাতের প্রতি আকর্ষণ, দুনিয়া হতে বিকর্ষণ এবং মৃত্যুর পূর্বেই মৃত্যুর জন্য প্রস্তুতি, এটার লক্ষণ।" আর 'বক্ষ সঙ্কীর্ণ হওয়ার" অর্থ হেদায়াতের প্রতি সীনা মুক্ত না হওয়া আর ঈমান উহার মধ্যে না যাওয়া।–(ইঃ কাঃ)

الَّذِىٓ اَجَّلْتَ لَنَا ؕ قَالَ النَّارُ مَثْوٰىكُمْ خٰلِدِيْنَ فِيْهَآ اِلَّا مَا شَآءَ اللّٰهُ ؕ

লাযী~আজ্জাল্‌তা লানা-; ক্বা-লান্ না-রু মাছ্‌ওয়া-কুম খা-লিদীনা ফীহা~ইল্লা- মা- শা—আল্লা-হ ;
সময়ে, যা তুমি আমাদের জন্য নির্ধারণ করেছিলে। আল্লাহ বলবেন, তোমাদের ঠিকানা জাহান্নাম- সেখানে চিরকাল থাকবে। কিন্তু আল্লাহ যা ইচ্ছা করেন তা ভিন্ন।

اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ۝ وَكَذٰلِكَ نُوَلِّىْ بَعْضَ الظّٰلِمِيْنَ بَعْضًاۢ بِمَا كَانُوْا

ইন্না রাব্বাকা হ্বাকীমুন 'আলীম। ১২৯। ওয়া কাযা-লিকা নুওয়াল্লী বা'দ্বায্ য্বা-লিমীনা বা'দ্বাম্ বিমা- কা-নূ
নিশ্চয়ই তোমার প্রতিপালক প্রজ্ঞাময়, মহাজ্ঞানী। (১২৯) এরূপে আমি অত্যাচারীদের কতককে কতকের নিকটে রাখব, তাদের

يَكْسِبُوْنَ ۝ يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اَلَمْ يَاْتِكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَقُصُّوْنَ

১৫ ع ৮ ২ রুকূ

ইয়াক্‌সিবূন। ১৩০। ইয়া- মা'শারাল জ্বিন্নি ওয়াল্ ইন্‌সি আলাম্ ইয়া'তিকুম রুসুলুম্ মিন্‌কুম ইয়াক্বুস্বস্বূনা
কৃতকর্মের কারণে। (১৩০) হে জ্বীন ও মানব সম্প্রদায়! তোমাদের কাছে তোমাদের মধ্য হতে কি রাসূল আসেনি যাঁরা তোমাদের

عَلَيْكُمْ اٰيٰتِىْ وَيُنْذِرُوْنَكُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا ؕ قَالُوْا شَهِدْنَا عَلٰٓى اَنْفُسِنَا

'আলাইকুম আ-ইয়া-তী ওয়া ইউন্‌যিরূনাকুম লিক্বা—আ ইয়াওমিকুম হা-যা-; ক্বা-লূ শাহিদ্‌না- 'আলা~আন্‌ফুসিনা-
কাছে আমার আয়াত বর্ণনা করতেন ও তোমাদেরকে আজকের এ দিনের সাক্ষাতের ব্যাপারে ভীতি প্রদর্শন করতেন? তারা বলবে, আমরা আমাদের নিজেদের

وَغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا وَشَهِدُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ اَنَّهُمْ كَانُوْا كٰفِرِيْنَ ○

ওয়া গার্‌রাত্‌হুমুল হ্বাইয়া-তুদ্ দুন্‌ইয়া- ওয়া শাহিদূ 'আলা~আন্‌ফুসিহিম আন্নাহুম কা-নূ কা-ফিরীন।
(অপরাধের) সাক্ষ্য দিচ্ছি। আর তাদেরকে পার্থিব জীবন ধোঁকায় ফেলেছিল এবং তারা তাদের নিজেদের ব্যাপারে সাক্ষ্য দিবে যে, তারা কাফির ছিল।

۝ ذٰلِكَ اَنْ لَّمْ يَكُنْ رَّبُّكَ مُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ وَّاَهْلُهَا غٰفِلُوْنَ ۝ وَلِكُلٍّ

১৩১। যা-লিকা আল্‌লাম ইয়াকুর্ রাব্বুকা মুহ্‌লিকাল কুরা- বিযুল্‌মিওঁ ওয়া আহ্‌লুহা- গা-ফিলূন। ১৩২। ওয়া লিকুল্লিন্
(১৩১) তা এ কারণে যে, আপনার প্রতিপালক কোন জনপদের অধিবাসীকে অত্যাচারের কারণে এমনাবস্থায় ধ্বংস করেন না যখন তারা এ ব্যাপারে অনবহিত থাকে। (১৩২) প্রত্যেকেরই

دَرَجٰتٌ مِّمَّا عَمِلُوْا ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ۝ وَرَبُّكَ الْغَنِىُّ

দারাজা-তুম মিম্মা- 'আমিলূ ; ওয়ামা- রাব্বুকা বিগা-ফিলিন 'আম্মা ইয়া'মালূন। ১৩৩। ওয়া রাব্বুকাল্ গানিইয়্যু
তার কর্ম অনুযায়ী মর্যাদা রয়েছে। তোমার প্রতিপালক তাদের কার্যক্রম সম্পর্কে অনবহিত নন। (১৩৩) তোমার প্রতিপালক অমুখাপেক্ষী,

ذُو الرَّحْمَةِ ؕ اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَسْتَخْلِفْ مِنْۢ بَعْدِكُمْ مَّا يَشَآءُ كَمَآ

যুর্ রাহ্‌মাহ ; ইইঁ ইয়াশা' ইউয্‌হিব্‌কুম ওয়া ইয়াস্‌তাখ্‌লিফ্ মিম্ বা'দিকুম্ মা- ইয়াশা—উ কামা~
দয়াময়। তিনি যদি চান, তবে তোমাদেরকে সরিয়ে তোমাদের পরে যাকে ইচ্ছা তোমাদের জায়গায় বসিয়ে দিতে পারেন, যেমন তোমাদেরকে

اَنْشَاَكُمْ مِّنْ ذُرِّيَّةِ قَوْمٍ اٰخَرِيْنَ ۝ اِنَّ مَا تُوْعَدُوْنَ لَاٰتٍ ۙ وَّمَآ اَنْتُمْ

আন্‌শাআকুম্ মিন্ যুর্‌রিইয়্যাতি ক্বাওমিন্ আ-খারীন। ১৩৪। ইন্না মা- তূ'আদূনা লাআ-তিওঁ ওয়া মা~আন্তুম্
সৃষ্টি করেছেন অন্য এক সম্প্রদায়ের বংশ হতে। (১৩৪) নিশ্চয়ই তোমাদেরকে যে বিষয়ে ওয়াদা করা হয়, তা অবশ্যই আসবে এবং তা তোমরা ব্যর্থ

بِمُعْجِزِيْنَ ۝ قُلْ يٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّىْ عَامِلٌ ۚ فَسَوْفَ

বিমু'জ্বিযীন। ১৩৫। কুল্ ইয়া- ক্বাওমি'মালূ 'আলা- মাকা-নাতিকুম ইন্নী 'আ-মিল, ফাসাওফা
করতে পারবে না। (১৩৫) বলুন, হে আমার সম্প্রদায়! তোমরা তোমাদের অবস্থার উপর কাজ করতে থাক। আমিও আমার কাজ করছি। তোমরা

تَعْلَمُوْنَ ۙ مَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ۝ وَجَعَلُوْا

তা'লামূনা মান্ তাকূনু লাহূ 'আ-ক্বিবাতুদ্ দা-র ; ইন্নাহূ লা-ইউফলিহুয্ য্বা-লিমূন। ১৩৬। ওয়া জ্বা'আলূ
অচিরেই জানতে পারবে, কার শেষফল কল্যাণময় হবে। নিশ্চয়ই অত্যাচারীরা কখনই সফলকাম হবে না। (১৩৬) আর আল্লাহ যে

لِلّٰهِ مِمَّا ذَرَاَ مِنَ الْحَرْثِ وَالْاَنْعَامِ نَصِيْبًا فَقَالُوْا هٰذَا لِلّٰهِ بِزَعْمِهِمْ وَهٰذَا

লিল্লা-হি মিম্মা- যারাআ মিনাল্ হ্বার্‌ছি ওয়াল্ আন্'আ-মি নাস্বীবান্ ফাক্বা-লূ হা-যা- লিল্লা-হি বিযা'মিহিম ওয়া হা-যা-
ক্ষেত ও চতুষ্পদ জন্তু সৃষ্টি করেছেন, তারা তার থেকে এক অংশ আল্লাহর জন্য নির্ধারিত করে এবং তাদের ধারণা অনুযায়ী বলে, এটা আল্লাহর

لِشُرَكَآئِنَا ۚ فَمَا كَانَ لِشُرَكَآئِهِمْ فَلَا يَصِلُ اِلَى اللّٰهِ ۚ وَمَا كَانَ لِلّٰهِ فَهُوَ يَصِلُ اِلٰى

লিশুরাকা—ইনা, ফামা-কা-না লিশুরাকা—ইহিম ফালা- ইয়াস্বিলু ইলাল্লা-হ, ওয়া মা- কা-না লিল্লা-হি ফাহুওয়া ইয়াস্বিলু ইলা-
জন্য এবং এটা আমাদের দেবতাদের জন্য। যা তাদের দেবতাদের অংশ, তা আল্লাহর নিকট পৌছায় না আর যা আল্লাহর অংশ তা

شُرَكَآئِهِمْ ؕ سَآءَ مَا يَحْكُمُوْنَ ۝ وَكَذٰلِكَ زَيَّنَ لِكَثِيْرٍ مِّنَ الْمُشْرِكِيْنَ قَتْلَ

শুরাকা—ইহিম ; সা—আ মা-ইয়াহ্বকুমূন। ১৩৭। ওয়া কাযা-লিকা যাইয়্যানা লিকাছীরিম্ মিনাল মুশ্‌রিকীনা ক্বাত্‌লা
দেবতাদের নিকট পৌছায়। তাদের রায় কতইনা নিকৃষ্ট। (১৩৭) এরূপে বহু মুশরিকদের দৃষ্টিতে তাদের সন্তানদেরকে হত্যা করা সুশোভিত করেছে

اَوْلَادِهِمْ شُرَكَآؤُهُمْ لِيُرْدُوْهُمْ وَلِيَلْبِسُوْا عَلَيْهِمْ دِيْنَهُمْ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ

আওলা-দিহিম শুরাকা—উহুম লিইউর্‌দূহুম ওয়া লিইয়াল্‌বিসূ 'আলাইহিম দীনাহুম ; ওয়ালাও শা—আল্লা-হু
তাদের দেবতারা। যাতে তাদের পতন ঘটাতে পারে এবং তাদের ধর্মকে তাদের কাছে সন্দেহ যুক্ত করে দিতে পারে। আল্লাহ ইচ্ছা করলে তারা এসব করত না।

مَا فَعَلُوْهُ فَذَرْهُمْ وَمَا يَفْتَرُوْنَ ۝ وَقَالُوْا هٰذِهٖٓ اَنْعَامٌ وَّحَرْثٌ حِجْرٌ ۖ

মা- ফা'আলূহু ফাযার্‌হুম ওয়ামা- ইয়াফ্‌তারূন। ১৩৮। ওয়া ক্বা-লূ হা-যিহী~আন্'আ-মুওঁ ওয়া হ্বারছুন হ্বিজ্‌রুল্
সুতরাং তাদেরকে তাদের মিথ্যাকথাগুলো নিয়ে থাকতে দিন। (১৩৮) তারা তাদের ধারণা মতে বলে, এসব চতুষ্পদ জন্তু ও ক্ষেত নিষিদ্ধ। আমরা যাকে

لَّا يَطْعَمُهَآ اِلَّا مَنْ نَّشَآءُ بِزَعْمِهِمْ وَاَنْعَامٌ حُرِّمَتْ ظُهُوْرُهَا وَاَنْعَامٌ لَّا يَذْكُرُوْنَ

লা-ইয়াত্ব'আমুহা~ইল্লা- মান্ নাশা—উ বিযা'মিহিম ওয়া আন্'আ-মুন হ্বুর্‌রিমাত যুহূরুহা- ওয়া আন্'আ-মুল লা-ইয়ায্‌কুরূনাস্
ইচ্ছা করি সে ছাড়া অন্য কেউ এসব খেতে পারবে না এবং কতক চতুষ্পদ জন্তুর পৃষ্ঠে আরোহণ নিষিদ্ধ করা হয়েছে এবং কতক চতুষ্পদ জন্তু, যার উপর

○ শানে নুযূল (আঃ ১৩৬) ঃ আরবের মুশরেকরা উৎপন্ন শস্যের অর্ধেক আল্লাহর জন্য এবং অপর অর্ধাংশ দেবতার জন্য নির্ধারণ করত। এরূপে গৃহপালিত চতুষ্পদ জন্তুও ভাগ করে কতক আল্লাহর জন্য এবং কতক দেবতার জন্য নির্ধারণ করত। আল্লাহর অংশ মেহমান এবং গরীবদেরকে দান করত। আর দেবতার অংশ প্রতিবেশী ও চারক-নকরদেরকে দিত। আল্লাহর অংশ উত্তম হলে দেবতার অংশের সাথে বদল করত। আর দেবতার অংশ উত্তম হলে তদবস্থায়ই রাখত এবং বলত, আল্লাহ ধনী, তাঁর অংশ নিকৃষ্ট হলে ক্ষতি নাই। আর আল্লাহর অংশ হতে কিছু জিনিস দেবতার অংশের সাথে মিলে গেলে সবটুকু দেবতার জন্য রাখত এবং বলত, এরা অভাবী। তাদের এই আচরণই আল্লাহ এই আয়াতে ব্যক্ত করেছেন। (বঃ কোঃ)

اسْمَ اللّٰهِ عَلَيْهَا افْتِرَآءً عَلَيْهِ ؕ سَيَجْزِيْهِمْ بِمَا كَانُوْا يَفْتَرُوْنَ (١٣٩) وَقَالُوْا

মাল্লা-হি 'আলাইহাফ্ তিরা—আন্ 'আলাইহ ; সাইয়াজ্‌যীহিম্ বিমা- কা-নূ ইয়াফ্‌তারূন। ১৩৯। ওয়া ক্বা-লূ

(যবেহ করার সময়) আল্লাহর নাম নেয় না। এগুলো আল্লাহর উপর মিথ্যারোপ উদ্দেশ্য। আল্লাহ শীঘ্রই তাদেরকে এ মিথ্যারোপের প্রতিফল দিবেন। (১৩৯) এবং তারা

مَا فِيْ بُطُوْنِ هٰذِهِ الْاَنْعَامِ خَالِصَةٌ لِّذُكُوْرِنَا وَمُحَرَّمٌ عَلٰٓى اَزْوَاجِنَا ۚ

মা-ফী বুত্বূনি হা-যিহিল আন্'আ-মি খা-লিস্বাতুল্ লিযুকূরিনা- ওয়া মুহার্‌রামুন 'আলা~আয্‌ওয়া-জিনা,

একথাও বলে, এসব চতুষ্পদ জন্তুর গর্ভে যা আছে তা (খাওয়া) আমাদের পুরুষের জন্য হালাল এবং আমাদের স্ত্রীদের জন্য হারাম। আর যদি তা মৃত হয়, তবে

وَاِنْ يَّكُنْ مَّيْتَةً فَهُمْ فِيْهِ شُرَكَآءُ ؕ سَيَجْزِيْهِمْ وَصْفَهُمْ ؕ اِنَّهٗ حَكِيْمٌ عَلِيْمٌ ○

ওয়া ইঁই ইয়াকুম্ মাইতাতান্ ফাহুম ফীহি শুরাকা—উ ; সাইয়াজ্‌যীহিম ওয়াস্বফাহুম; ইন্নাহূ হাকীমুন 'আলীম।

তাতে সকলে অংশীদার। তাদের এরূপ ভ্রান্ত উক্তির প্রতিফল আল্লাহ শীঘ্রই তাদেরকে দিবেন। নিশ্চয়ই তিনি প্রজ্ঞাময় ও মহাজ্ঞানী।

(١٤٠) قَدْ خَسِرَ الَّذِيْنَ قَتَلُوْٓا اَوْلَادَهُمْ سَفَهًا بِغَيْرِ عِلْمٍ وَّحَرَّمُوْا مَا رَزَقَهُمُ اللّٰهُ

১৪০। ক্বাদ্ খাসিরাল্লাযীনা ক্বাতালূ~আওলা-দাহুম সাফাহাম্ বিগাইরি 'ইলমিঁও ওয়া হার্‌রামূ মা- রাযাক্বাহুমুল্লা-হুফ্

(১৪০) নিশ্চয়ই তারা ক্ষতিগ্রস্ত হয়েছে, যারা তাদের সন্তানদেরকে কোন যুক্তি-প্রমাণ ছাড়াই মূর্খতা বশতঃ হত্যা করেছে এবং হারাম করে নিয়েছে, সেসব খাদ্য যা

افْتِرَآءً عَلَى اللّٰهِ ؕ قَدْ ضَلُّوْا وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ (١٤١) ع وَهُوَ الَّذِيْٓ اَنْشَاَ جَنّٰتٍ

তিরা—আন্ 'আলাল্লা-হ ; ক্বাদ্ দ্বাল্লূ ওয়ামা- কা-নূ মুহ্‌তাদীন। ১৪১। ওয়া হুওয়াল্লাযী~আন্‌শাআ জান্না-তিম্

তাদেরকে আল্লাহ দান করেছেন, শুধু আল্লাহ সম্পর্কে মিথ্যারোপের জন্য; নিশ্চয়ই তারা পথভ্রষ্ট হয়েছে এবং তারা সঠিক পথ প্রাপ্তও ছিল না। (১৪১) তিনিই (আল্লাহ)

এক চতুর্থাংশ ◔
১৬
ع
৩
রুকূ

مَّعْرُوْشٰتٍ وَّغَيْرَ مَعْرُوْشٰتٍ وَّالنَّخْلَ وَالزَّرْعَ مُخْتَلِفًا اُكُلُهٗ وَالزَّيْتُوْنَ

جَزَاۗءُ الْكٰفِرِيْنَ ﴿٢٦﴾ ثُمَّ يَتُوْبُ اللّٰهُ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَلٰي مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ

জ্বাযা—উল্ কা-ফিরীন্। ২৭। ছুম্মা ইয়াতূবুল্লা-হু মিম্ বা'দি যা-লিকা 'আলা- মাঁই ইয়াশা—উ, ওয়াল্লা-হু গাফূরুর্
এটা কাফিরদের কর্মফল। (২৭) এরপরেও আল্লাহ যাকে ইচ্ছা তাওবা করার তাওফিক দান করবেন। আর আল্লাহ ক্ষমাশীল,

رَّحِيْمٌ ﴿٢٧﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْمُشْرِكُوْنَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ

রাহীম্। ২৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ~ইন্নামাল্ মুশ্‌রিকূনা নাজাসুন্ ফালা- ইয়াক্বরাবুল্ মাস্‌জিদাল্
দয়ালু। (২৮) হে ঈমানদারগণ! নিশ্চয়ই মুশরিকরা অপবিত্র, তাই এ বছরের পর তারা মসজিদুল

الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هٰذَا ۚ وَاِنْ خِفْتُمْ عَيْلَةً فَسَوْفَ يُغْنِيْكُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖٓ

হারা-মা বা'দা'আ-মিহিম্ হা-যা, ওয়া ইন্ খিফ্‌তুম্ 'আইলাতান্ ফাসাওফা ইয়ুগ্‌নীকুমুল্লা-হু মিন্ ফাদ্বলিহী~
হারামের নিকটে উপস্থিত হতে পারবে না। যদি তোমরা দারিদ্র্যতার ভয় কর; তবে আল্লাহ যদি চান তবে তোমাদেরকে নিজ

اِنْ شَاۗءَ ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٢٨﴾ قَاتِلُوا الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَلَا بِالْيَوْمِ

ইন্ শা—আ, ইন্নাল্লা-হা 'আলীমুন্ হাকীম্। ২৯। ক্বা-তিলুল্লাযীনা লা- ইয়ু'মিনূনা বিল্লা-হি ওয়ালা- বিল্ ইয়াওমিল্
অনুগ্রহে অভাবমুক্ত করে দিবেন, নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (২৯) তোমরা যুদ্ধ কর তাদের সাথে যারা ঈমান আনে না আল্লাহর

الْاٰخِرِ وَلَا يُحَرِّمُوْنَ مَا حَرَّمَ اللّٰهُ وَرَسُوْلُهٗ وَلَا يَدِيْنُوْنَ دِيْنَ الْحَقِّ مِنَ

আ-খিরি ওয়ালা- ইয়ুহার্‌রিমূনা মা- হার্‌রামাল্লা-হু ওয়া রাসূলুহূ ওয়ালা- ইয়াদীনূনা দীনাল্ হাক্বক্বি মিনা
প্রতি এবং পরকালের প্রতি এবং আল্লাহ ও তাঁর রাসূলের হারামকৃত বস্তুকে হারাম জানে না এবং যাদেরকে কিতাব প্রদান করা হয়েছে তাদের মধ্য হতে যারা

৪ ع ৫ ১০ রুকূ

الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَّدٍ وَّهُمْ صٰغِرُوْنَ ﴿٢٩﴾ وَقَالَتِ

ল্লাযীনা উতুল্ কিতা-বা হাত্তা- ইয়ু'তুল্ জিয্‌ইয়াতা 'আই ইয়াদিওঁ ওয়াহুম্ স্বা-গিরূন্। ৩০। ওয়া ক্বা-লাতিল্
সত্য দ্বীন কবুল করে না যে পর্যন্ত না তারা অবনত হয়ে জিযিয়া প্রদান করে। (৩০) আর ইয়াহুদীরা বলে,

---

○ টীকা (আয়াত-২৯) কথায় ত আহলে কিতাব, অর্থাৎ ইহুদী ও নাছারাগণ আল্লাহকেও মান্য করে থাকে এবং পরকাল দিবসেরও মোনকের নয়, কিন্তু যখন তারা "তিন খোদা মান্য করে, কিংবা হযরত ঈসা অথবা হযরত ওযায়েরকে আল্লাহর পুত্র মনে করে, তখন তা খোদাকে মান্য করা নয়। পরকালের মুক্তি আল্লাহর মান্যকারীদেরই জন্য; কিন্তু যার তাওহীদের আকীদার মধ্যেই গোলমাল, সে ব্যক্তি যেন পরকাল দিবসেরও মোনকের। পরকাল দিবসের মোনকের না হলে সে ব্যক্তি 'তিন খোদা' মান্য করবে কেন, এবং কাউকেও খোদার পুত্রই বা স্বীকার করবে কেন?

الْيَهُوْدُ عُزَيْرُ ابْنُ اللّٰهِ وَقَالَتِ النَّصٰرَى الْمَسِيْحُ ابْنُ اللّٰهِ ؕ ذٰلِكَ قَوْلُهُمْ

ইয়াহূদু 'উযাইরু নিব্‌নুল্লা-হি ওয়া ক্বা-লাতিন্নাস্বা-রাল্ মাসীহুব্‌নুল লা-হি ; যা-লিকা ক্বাওলুহুম্

উযায়ের আল্লাহর পুত্র এবং নাসারারা বলে, মসীহ্ আল্লাহর পুত্র। এতো তাদের শুধু মুখের কথা। তারা

بِاَفْوَاهِهِمْ ۚ يُضَاهِئُوْنَ قَوْلَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَبْلُ ؕ قَاتَلَهُمُ اللّٰهُ ۚز اَنّٰى

বিআফ্‌ওয়া-হিহিম্, ইয়ুদ্বা-হিউনা ক্বাওলাল্লাযীনা কাফারূ মিন ক্বাব্‌লু, ক্বা-তালাহুমুল লা-হু আন্না-

আগেকার কাফিরদের কথার অনুরূপ (কথা) বলছে, আল্লাহ্ এদের ধ্বংস করুন। কিভাবে তারা (সত্য দ্বীন থেকে) ফিরে

يُؤْفَكُوْنَ ㉚ اِتَّخَذُوْٓا اَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ وَالْمَسِيْحَ

ইয়ু'ফাকূন। ৩১ ; ইত্তাখাযূ~আহ্‌বা-রাহুম্ ওয়া রুহ্‌বা-নাহুম্ আরবা-বাম্মিন দূনিল্লা-হি ওয়াল্ মাসীহাব্

যেতে পারে! (৩১) তারা আল্লাহকে ছেড়ে তাদের পন্ডিতদেরকে এবং তাদের সন্যাসীদেরকে রব হিসেবে গ্রহণ করেছে

ابْنَ مَرْيَمَ ۚ وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوْٓا اِلٰهًا وَّاحِدًا ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ

না মারইয়ামা, ওয়ামা~উমিরূ~ইল্লা- লিইয়া'বুদূ~ইলা-হাওঁ ওয়া- হিদান, লা~ইলা-হা ইল্লা- হুওয়া;

এবং মরইয়ম পুত্র মসীহকেও; অথচ তাদেরকে শুধু এক আল্লাহরই ইবাদাত করার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। যিনি ছাড়া অন্য আর কোন মাবুদ নেই,

سُبْحٰنَهٗ عَمَّا يُشْرِكُوْنَ ㉛ يُرِيْدُوْنَ اَنْ يُّطْفِـُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَيَاْبَى

সুব্‌হা-নাহূ 'আম্মা- ইয়ুশ্‌রিকূন। ৩২। ইয়ুরীদূনা আঁই ইয়ুত্বফিউ নূরাল্লা-হি বিআফওয়া- হিহিম্ ওয়া ইয়া'বা

তিনি তাদের অংশী স্থির করা হতে পবিত্র। (৩২) তারা চায় আল্লাহর নূরকে তাদের মুখের ফুঁৎকারে নিভিয়ে দিবে, অথচ আল্লাহ

اللّٰهُ اِلَّآ اَنْ يُّتِمَّ نُوْرَهٗ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ㉜ هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى

ল্লা-হু ইল্লা~আঁই ইয়ুতিম্মা নূরাহূ ওয়ালাও কারিহাল্ কা-ফিরূন্। ৩৩। হুওয়াল্লাযী~আর্‌সালা রাসূলাহূ বিলহুদা-

তাঁর নূর দ্বীন ইসলামকে পূর্ণত্ব করে পৌছাবেন, যদিও কাফিররা এটাকে অপছন্দ করে। (৩৩) তিনিই (আল্লাহ) তাঁর রাসূলকে প্রেরণ করেছেন সত্য পথ

وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ ۙ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ㉝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ

ওয়া দীনিল্ হাক্কি লিইয়ুয্‌হিরাহূ 'আলাদ্দীনি কুল্লিহী; ওয়া লাও কারিহাল্ মুশরিকূন্। ৩৪। ইয়া~আইয়্যুহাল্লাযীনা

ও সত্য দ্বীনসহ যাতে তিনি তার দ্বীনকে সকল দ্বীনের উপর জয়যুক্ত করতে পারেন। যদিও মুশরিকরা খারাপ মনে করে। (৩৪) হে

অর্ধাংশ ◑

اٰمَنُوْٓا اِنَّ كَثِيْرًا مِّنَ الْاَحْبَارِ وَالرُّهْبَانِ لَيَاْكُلُوْنَ اَمْوَالَ

আ-মানূ~ইন্না কাছীরামমিনাল্ আহ্‌বা-রি ওয়ার্ রুহ্‌বা-নি লাইয়া'কুলূনা আম্‌ওয়া-লা

ঈমানদারগণ! নিশ্চয়ই (তাদের) অধিকাংশ পন্ডিত ও সন্যাসী ভক্ষণ করে লোকদের ধনসম্পদ

النَّاسِ بِالْبَاطِلِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ وَالَّذِيْنَ يَكْنِزُوْنَ

ন্না-সি বিল্‌বা-ত্বিলি ওয়া ইয়াস্বুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি ; ওয়াল্লাযীনা ইয়াক্‌নিযূনা

অন্যায়ভাবে এবং তাদেরকে বিরত রাখে আল্লাহর রাস্তা থেকে। আর যারা স্বর্ণ ও রৌপ্য জমা করে রাখে

الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُوْنَهَا فِيْ سَبِيْلِ اللّٰهِ ۙ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ

যযাহাবা ওয়াল্ ফিদ্বদ্বাতা ওয়ালা- ইয়ুন্‌ফিক্বূনাহা- ফী সাবীলিল লা-হি ফাবাশ্‌শির্‌হুম্ বি'আযা-বিন্

এবং তা আল্লাহর রাস্তায় ব্যয় করে না তাদেরকে যন্ত্রণাময় শাস্তির সু-সংবাদ

اَلِيْمٍ ㉞ يَّوْمَ يُحْمٰى عَلَيْهَا فِيْ نَارِ جَهَنَّمَ فَتُكْوٰى بِهَا جِبَاهُهُمْ

আলীম্। ৩৫। ইয়াওমা ইয়ুহ্‌মা- আলাইহা- ফী না-রি জ্বাহান্নামা ফাতুক্‌ওয়া- বিহা- জ্বিবা-হুহুম্

দিন। (৩৫) যেদিন সে (জমাকৃত স্বর্ণ রৌপ্য)-গুলো জাহান্নামের আগুনে উত্তপ্ত করা হবে এবং তা দ্বারা দাগ দেয়া হবে তাদের কপালে, পার্শ্বদেশে

وَجُنُوْبُهُمْ وَظُهُوْرُهُمْ ؕ هٰذَا مَا كَنَزْتُمْ لِاَنْفُسِكُمْ فَذُوْقُوْا مَا كُنْتُمْ

ওয়া জুনূবুহুম্ ওয়া যুহূরুহুম্, হা-যা- মা-কানায্‌তুম্ লি্‌আন্‌ফুসিকুম্ ফাযূক্বূ মা- কুন্‌তুম্

এবং পৃষ্ঠ দেশে, (তাদেরকে সেদিন বলা হবে) এটা তাই যা তোমরা নিজেদের জন্য জমা করে রেখেছিলে, এখন উপভোগ কর তা যা তোমরা সঞ্চয় করে

تَكْنِزُوْنَ ㉟ اِنَّ عِدَّةَ الشُّهُوْرِ عِنْدَ اللّٰهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِيْ كِتٰبِ اللّٰهِ

তাক্‌নিযূন। ৩৬। ইন্না 'ইদ্দাতাশ্ শুহূরি 'ইন্‌দাল্লা-হিছনা- 'আশারা শাহ্‌রান্ ফী কিতা-বিল্লা-হি

রেখেছিলে। (৩৬) নিশ্চয়ই মাসসমূহের সংখ্যা গণনা আল্লাহর নিকট আল্লাহর কিতাবে (বিধানে) বারটি,

يَوْمَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ مِنْهَآ اَرْبَعَةٌ حُرُمٌ ؕ ذٰلِكَ الدِّيْنُ

ইয়াওমা খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা মিন্‌হা~আরবা'আতুন্ হুরুম্, যা-লিকাদ্‌দীনুল্

আসমান ও যমীন সৃষ্টি করার দিবস হতেই, তার মধ্যে চার মাস সম্মানিত। এটাই সুপ্রতিষ্ঠিত ধর্ম। অতএব তোমরা

الْقَيِّمُ ۙ فَلَا تَظْلِمُوْا فِيْهِنَّ اَنْفُسَكُمْ وَقَاتِلُوا الْمُشْرِكِيْنَ كَآفَّةً

ক্বাইয়্যিমু ; ফালা- তায্‌লিমূ ফীহিন্না আন্‌ফুসাকুম্ ওয়া ক্বা-তিলুল্ মুশ্‌রিকীনা কা—ফ্ ফাতান্

(এ মাসগুলোর বিরোধীতা করে নিজেদের উপর) জুলুম কর না। এ মাসসমূহের মধ্যে তোমরা সমষ্টিগতভাবে মুশরিকদের সাথে যুদ্ধ করবে, যে ভাবে তারা তোমাদের সাথে

كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَآفَّةً ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ㊱ اِنَّمَا النَّسِيْٓءُ زِيَادَةٌ

কামা- ইয়ুক্বা-তিলূনাকুম্ কা—ফ্‌ফাহ্; ওয়া'লামূ~আন্নাল্লা-হা মা'আল্ মুত্তাক্বীন্। ৩৭। ইন্নামান্ নাসী—উ যিইয়া-দাতুন্

সমষ্টিগতভাবে যুদ্ধ করে তোমরা জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ্ ভয়কারীদের সাথে আছেন। (৩৭) এ মাসগুলো পিছিয়ে দেয়া কুফরীর মধ্যে বাড়তি ছাড়া আর কিছুই নয়, এর

○ টীকা (আয়াত-৩৫) يوم يحمى হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রা) বলেন, এ নির্দেশ যাকাতের নির্দেশ আসার আগের। যাকাতের নির্দেশ আসার পরে যাকাতকে আল্লাহ তায়ালা মাল পবিত্র করণের মাধ্যম নির্ধারণ করেন। এ কারণে, আলিমগণ বলেন, যে মালের যাকাত আদায় করা হয় তা كنز (জমা) করার অন্তর্ভুক্ত নয়। আর যে মালের যাকাত আদায় করা না হয় তা كنز (জমা) করার অন্তর্ভুক্ত। যে ব্যাপারে কুরআনের এ কঠিন শাস্তি বর্ণিত। (কুঃ কারীম)

○ টীকা (আয়াত-৩৬) কোরআন "বিশ্লেষণ করে থাকে তার কোন কোন শব্দ দ্বারা কোন কোন শব্দের" এটা সর্বসম্মত মশহুর কথা। এর মর্ম এই যে, কোরআনে একই বিষয় সম্পর্কে একাধিক স্থলে উল্লেখ এসেছে। কিন্তু কোথাও একপ্রকার শব্দের ব্যবহার এসেছে এবং কোথাও অন্য প্রকার শব্দের। এ অবস্থায় সবগুলো মিলালে তবেই সঠিক মর্ম বুঝা যায়। এ স্থলে উল্লেখিত "মুত্তাকীন" শব্দের একাধিক প্রকার অর্থ হতে পারে। এর সাধারণ অর্থ– পরহেজগার, কিন্তু আমি (অর্থাৎ অনুবাদকারী) এর অর্থ গ্রহণ করেছি– (বাড়াবাড়ি হতে) ভয়কারী।" আমার এ অর্থগ্রহণ করার দলীল সূরা বাকারাহ্ দ্বিতীয় পারায় অষ্টম রুকূস্থ নিম্নের আয়াত মওজুদ রয়েছে– অর্থাৎ, "আর যে ব্যক্তি বাড়াবাড়ি করে তোমাদের উপর তবে তোমরাও বাড়াবাড়ি কর সে ব্যক্তির উপর সেরূপ যেরূপ সে বাড়াবাড়ি করেছে তোমাদের উপর আর তোমরা আল্লাহকে ভয় করো এবং জেনে রাখ যে নিশ্চয়ই আল্লাহ্ (বাড়াবাড়ি হতে ভয়কারীগণের সঙ্গী)।"

فى الكفر يضل به الذين كفروا يحلونه عاما ويحرمونه عاما ليواطئوا

ফিল্‌কুফ্‌রি ইয়ুদ্বাল্লু বিহিল্লাযীনা কাফারূ ইয়ুহিল্লূনাহূ 'আ-মাওঁ ওয়া ইয়ুহার্‌রিমূনাহূ 'আ-মাল্ লিইয়ুওয়া-ত্বিউ

দ্বারা কাফিরদেরকে পথ ভ্রষ্ট করা হয়; তারা এক বছর সেটা হালাল করে এবং এক বছর সেটা হারাম করে, যাতে আল্লাহ যেগুলোকে হারাম করেছেন সেগুলোর গণনা

عدة ما حرم الله فيحلوا ما حرم الله ۖ زين لهم سوء اعمالهم ۗ والله

'ইদ্দাতা মা- হার্‌রামাল্লা-হু ফাইউহিল্লূ মা- হার্‌রামাল্লা-হ্; যুয়্যিনা লাহুম্ সূ—উ আ'মা-লিহিম্, ওয়াল্লা-হু

পূর্ণ করতে পারে, অতঃপর সেগুলো হালাল করে নেয়, যা আল্লাহ হারাম করেছেন। লোভনীয় করে দেয়া হয়েছে তাদের মন্দ কাজগুলো তাদের কাছে। আল্লাহ

لا يهدى القوم الكفرين ㊲ يايها الذين امنوا ما لكم اذا قيل لكم ع ৫ ১১ রুকু

লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমাল্ কা-ফিরীন। ৩৮। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানূ মা- লাকুম্ ইযা- ক্বীলা লাকুমুন্

কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না। (৩৮) হে ঈমানদারগণ! তোমাদের কি হল? যখন তোমাদেরকে বলা হয় যে,

انفروا فى سبيل الله اثاقلتم الى الارض ۚ ارضيتم بالحيوة

ফিরূ ফী সাবীলিল্লা-হিছ ছা-ক্বাল্‌তুম্ ইলাল আর্‌দ্বি ; আরাদ্বীতুম্ বিল্ হাইয়া-তিদ্

আল্লাহর রাস্তায় (যুদ্ধের জন্য) বের হও, তখন তোমরা অতিশয় ভারী হয়ে যমীনের সাথে লেগে যাও, তোমরা

الدنيا من الاخرة ۚ فما متاع الحيوة الدنيا فى الاخرة الا قليل ㊳ الا

দুন্‌ইয়া- মিনাল্ আ-খিরাতি, ফামা- মাতা-'উল্ হায়া-তিদ্ দুন্‌ইয়া- ফিল্ আ-খিরাতি ইল্লা- ক্বালীল্। ৩৯। ইল্লা-

কি পরকালের পরিবর্তে পার্থিব জীবন নিয়ে সন্তুষ্ট হয়েছ? (শোন!) পরকালের মোকাবিলায় পার্থিব জীবন কিছুই না। (৩৯) যদি

تنفروا يعذبكم عذابا اليما ۙ ويستبدل قوما غيركم ولا تضروه

তান্‌ফিরূ ইয়ু'আযযিব্‌কুম্ 'আযা-বান্ আলীমাওঁ ওয়া ইয়াস্‌তাব্‌দিল্ ক্বাওমান্ গাইরাকুম্ ওয়ালা- তাদ্বুর্‌রূহু

তোমরা (যুদ্ধে) বের না হও তবে (আল্লাহ) তোমাদেরকে যন্ত্রণাময় শাস্তি দিবেন এবং স্থলাভিষিক্ত করবেন অন্য সম্প্রদায়কে তোমাদের পরিবর্তে, আর তোমরা

شيئا ۗ والله على كل شىء قدير ㊴ الا تنصروه فقد نصره الله اذ اخرجه

শাইয়া; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর। ৪০। ইল্লা- তানস্বুরূহু ফাক্বাদ্ নাস্বারাহুল লা-হু ইয্ আখ্‌রাজাহুল্

আল্লাহর কোনই ক্ষতি করতে পারবে না। আল্লাহ সর্ব বিষয়ে পূর্ণ ক্ষমতাবান। (৪০) যদি তোমরা তাঁকে [রাসূল (স)] সাহায্য না কর তবে তাঁকে সাহায্য করেছিলেন

الذين كفروا ثانى اثنين اذ هما فى الغار اذ يقول لصاحبه لا تحزن ان

লাযীনা কাফারূ ছা-নিয়াছ নাইনি ইয্ হুমা- ফিল্‌গা-রি ইয্ ইয়াক্বূলু লিস্বা-হিবিহী লা- তাহ্‌যান্ ইন্না

আল্লাহ, যখন তাঁকে কাফিরেরা (দেশ থেকে) বের করে দিয়েছিল এবং তিনি ছিলেন দু'জনার একজন, যখন তারা উভয়ই গুহার মধ্যে ছিল, যখন তিনি তাঁর

০ টীকা (আয়াত-৪০) হযরত রাসূলে আকরাম (সা) পূর্ণ দশ বছর কাল মক্কায় দ্বীন ইসলাম প্রচার করেন এবং বিবিধ প্রকার দুঃখ কষ্ট যা কাফেরগণ কর্তৃক প্রদত্ত হয়েছিল, তা ধৈর্যসহকারে বরদাশত করতে থাকেন। এমন কি কাফেরগণ তাঁকে মেরে ফেলার জন্যও উদ্যত হয়। যখন তিনি বুঝতে পারলেন যে, কাফেরগণের হাত হতে তাঁর জীবন রক্ষা করা অসম্ভব, তখন রাসূল (সা) রাত্রে হযরত আলীকে নিজের বিছানায় শয়ন করায়ে হযরত আবুবকরসহ মক্কা হতে বের হয়ে যান এবং তিন মাইল দূরবর্তী "ছুর" পাহাড়ের গহ্বরে লুকায়িত হন। এদিকে কাফেরগণ সংবাদ পাওয়া মাত্রই কুপরামর্শে লিপ্ত হয়। *(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)*

الله معنا ۚ فانزل الله سكينته عليه وايده بجنود لم تروها وجعل

ল্লা-হা মা'আনা- ফাআন্‌যালাল্লা-হু সাকীনাতাহূ 'আলাইহি ওয়া আইয়্যাদাহূ বিজুনূদিল্‌লাম্ তারাওহা- ওয়া জ্বা'আলা

সঙ্গীকে বলেছিলেন, "চিন্তিত হয়োনা, নিশ্চয়ই আল্লাহ আমাদের সাথে আছেন"। অতঃপর আল্লাহ তাঁর উপর স্বীয় শান্তি বর্ষণ করেন এবং (এমন) এক সেনাদল

كلمة الذين كفروا السفلى ۗ وكلمة الله هى العليا ۗ والله عزيز حكيم

কালিমাতাল্লাযীনা কাফারুস্ সুফ্‌লা-; ওয়া কালিমাতুল্লা-হি হিয়াল্'উল্‌ইয়া-; ওয়াল্লা-হু 'আযীযুন্ হাকীম্।

দ্বারা তাঁকে সাহায্য করেন যাদেরকে তোমরা দেখনি এবং তাঁরা কাফিরদের কথা নীচ করে দিলেন এবং আল্লাহর কথাই সমোচ্চ থাকল, আল্লাহ পরাক্রমশালী, বিজ্ঞ।

㊵ انفروا خفافا وثقالا وجاهدوا باموالكم وانفسكم فى سبيل الله ۗ

৪১। ইন্‌ফিরূ খিফা-ফাওঁ ওয়া ছিক্বালাওঁ ওয়া জ্বা-হিদূ বিআম্‌ওয়া-লিকুম্ ওয়া আন্‌ফুসিকুম্ ফী সাবীলিল লা-হি;

(৪১) তোমরা বের হয়ে পড়, স্বল্প সরঞ্জাম বা ভারী সরঞ্জাম নিয়ে হলেও এবং আল্লাহর রাস্তায় স্বীয় মাল ও জান দ্বারা জিহাদ কর, এটাই তোমাদের জন্য

ذلكم خير لكم ان كنتم تعلمون ㊶ لو كان عرضا قريبا وسفرا قاصدا

যা-লিকুম্ খাইরুল্ লাকুম্ ইন্ কুন্‌তুম্ তা'লামূন। ৪২। লাও কা-না'আরাদ্বান্ ক্বারীবাওঁ ওয়া সাফারান্ ক্বা-স্বিদাল

উত্তম, যদি তোমরা জানতে। (৪২) যদি (পার্থিব) সম্পদ শীঘ্র পাওয়ার সম্ভাবনা থাকতো এবং সফর যদি সহজ হতো তবে অবশ্যই তারা আপনার অনুসরণ করত,

لاتبعوك ولكن بعدت عليهم الشقة ۗ وسيحلفون بالله لو استطعنا لخرجنا

লাত্তাবা'উকা ওয়ালা- কিম্ বা'উদাত্ 'আলাইহিমুশ্ শুক্বক্বাহ্; ওয়া সাইয়াহ্‌লিফূনা বিল্লা-হি লাবিস্‌তাত্ব'না- লাখারাজ্বনা-

কিন্তু এ সফর তাদের কাছে দূরবর্তী হওয়ার কারণে কষ্টকর মনে হল এবং তারা অচিরেই আল্লাহর নামে শপথ করে বলবে, যদি আমাদের সামর্থ্য থাকতো তবে অবশ্যই

معكم ۚ يهلكون انفسهم ۚ والله يعلم انهم لكذبون ㊷ عفا الله عنك ۚ

মা'আকুম্; ইয়ুহ্‌লিকূনা আনফুসাহুম্, ওয়াল্লা-হু ইয়া'লামু ইন্নাহুম্ লাকা-যিবূন। ৪৩। 'আফাল্লা-হু 'আন্‌কা,

তোমাদের সাথে বের হতাম, তারা নিজেরাই নিজেদেরকে ধ্বংস করছে, আল্লাহ জানেন যে, নিশ্চয়ই তারা মিথ্যাবাদী। (৪৩) আল্লাহ আপনাকে ক্ষমা করেছেন, কোন লোক

لم اذنت لهم حتى يتبين لك الذين صدقوا وتعلم الكذبين ㊸ لا

লিমা আযিনতা লাহুম্ হাত্তা- ইয়াতাবাইয়্যানা লাকাল্লাযীনা স্বাদাক্বূ ওয়া তা'লামাল্ কা-যিবীন্। ৪৪। লা

সত্যবাদী তা আপনার কাছে প্রকাশ না হওয়া পর্যন্ত এবং মিথ্যাবাদীদেরকে না জানা পর্যন্ত আপনি কেন তাদেরকে (যুদ্ধে অংশ গ্রহণ না করার) অনুমতি দিলেন? (৪৪) তারা

(৪০ নং টীকার বাকী অংশ) হযরত রাসূলে আকরাম (সা) পর্বত গহ্বরে লুকিয়ে রইলেন। কাফেরগণ খুজতে খুজতে সে গহ্বরদ্বারে উপস্থিত হল, কিন্তু আল্লাহ তখন তাদেরকে অন্ধ করে দিলেন,– তারা রাসূল (সা)-কে দেখতে পেল না। ইহা সে সময়ের ঘটনা যখন হযরত আবু বকর গহবরের উপর কাফেরগণের চলা-ফেরা করতে দেখে ভীতবিহ্বল হয়েছিলেন এবং রাসূল আকরাম (সা) তাকে সান্তনা দিয়েছিলেন। পয়গাম্বর ছাড়া 'আল্লাহর প্রতি' এ প্রকার ভরসা, অন্যের দ্বারা সম্ভবপরই নয়। ফলকথা, হযরত মুহাম্মদ (সা) নিশিযোগে মক্কা ত্যাগ এবং তদহেতু কাফেরগণের কুযুক্তির সিদ্ধান্তের কথা যখন চারদিকে প্রচারিত হল, তখন আমাদের প্রিয় রাসূল (সা) মদীনা যাত্রার সাধারণ সোজা পথ না ধরে, কষ্টকর পথের আশ্রয় গ্রহণ করেন এবং অতি কষ্টে একটু একটু পথ অতিক্রম করতে করতে মদীনায় উপনীত হন। এরই নাম হিজরত, ইহা হতেই মুসলমানদের সন-হিজরীর উৎপত্তি। রাসূল (সা) যে সময় পর্যন্ত ছুর গহ্বরে ছিলেন, সে পর্যন্ত হযরত আবু বকরের গৃহ হতে তথায় তাঁদের খাদ্যের বন্দোবস্ত ছিল। এ ব্যাপারে পয়গাম্বরের প্রতি হযরত আবু বকরের খেদমত অসীম প্রশংসনীয়। এ খেদমতের কথা কখনো কোন মুসলমান ভুলতে পারবে না। ০ টীকা (আয়াত-৪১) انفروا خفافا- এর অর্থ বিভিন্ন প্রকারে বর্ণিত হয়েছে। যেমন– এককভাবে অথবা সংঘবদ্ধভাবে খুশীতে অথবা নাখুশীতে, গরীব অবস্থায় অথবা, বিত্তশালী অবস্থায়, যুবক অবস্থায় অথবা, বৃদ্ধ অবস্থায়, পদাতিক অবস্থায় অথবা, বাহন অবস্থায়। (কুঃ কারীম)

يَسْتَاْذِنُكَ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ

ইয়াস্তা'যিনুকাল লা-যীনা ইয়ু'মিনূনা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি আইঁয়ুজা- হিদূ বিআম্ওয়া-লিহিম্

যারা ঈমান এনেছে আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি, তাদের মাল ও জান দ্বারা জিহাদ করার ব্যাপারে; কখনো আপনার কাছে (অব্যাহতি পাওয়ার জন্য)

وَاَنْفُسِهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ (٤٥) اِنَّمَا يَسْتَاْذِنُكَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ

ওয়া আনফুসিহিম, ওয়াল্লা-হু 'আলীমুম্ বিল্ মুত্তাক্বীন্ । ৪৫ । ইন্নামা- ইয়াস্তা'যিনুকাল্লাযীনা লা- ইয়ু'মিনূনা

অনুমতি প্রার্থনা করবেনা, আল্লাহ পরহেযগারদেরকে ভালভাবেই জানেন। (৪৫) আপনার কাছে (অব্যাহতি পাওয়ার জন্য) অনুমতি প্রার্থনা করে কেবল মাত্র

بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَارْتَابَتْ قُلُوْبُهُمْ فَهُمْ فِيْ رَيْبِهِمْ يَتَرَدَّدُوْنَ ○

বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়ারতা-বাত্ ক্বুলূবুহুম্ ফাহুম্ ফী রাইবিহিম্ ইয়াতারাদ্দাদূন।

তারাই যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে না এবং তাদের অন্তর সন্দেহযুক্ত, সুতরাং তারা তাদের সন্দেহের মধ্যেই দ্বিধান্বিত।

(٤٦) وَلَوْ اَرَادُوا الْخُرُوْجَ لَاَعَدُّوْا لَهٗ عُدَّةً وَّلٰكِنْ كَرِهَ اللّٰهُ انْۢبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ

৪৬। ওয়ালাও আরা-দুল্ খুরূজা লাআ'আদ্দূ লাহূ 'উদ্দাতাওঁ ওয়ালা-কিন্ কারিহাল্লা-হুম্ বি'আ-ছাহুম্ ফাছাব্বাত্বাহুম্

(৪৬) যদি তাদের বের হওয়ার ইচ্ছা থাকত তবে অবশ্যই তার জন্য সরঞ্জামাদি প্রস্তুত করে রাখত, কিন্তু আল্লাহর অপছন্দ ছিল, তাদের যাওয়াটা, সুতরাং

وَقِيْلَ اقْعُدُوْا مَعَ الْقٰعِدِيْنَ (٤٧) لَوْ خَرَجُوْا فِيْكُمْ مَّا زَادُوْكُمْ اِلَّا خَبَالًا

ওয়া ক্বীলাক্ব্'উদ্ মা'আল্ ক্বা-'য়িদীন্ । ৪৭। লাও খারাজূ ফীকুম্ মা- যা-দূকুম্ ইল্লা- খাবালাওঁ

তাদেরকে নিবৃত্ত রাখলেন এবং বলা হল, তোমরা বসে থাক উপবিষ্টদের সাথে। (৪৭) যদি তারা তোমাদের সাথে বেরও হত, তবে তোমাদের জন্য বিশৃংখলা ছাড়া আর

وَّلَاَاوْضَعُوْا خِلٰلَكُمْ يَبْغُوْنَكُمُ الْفِتْنَةَ ۚ وَفِيْكُمْ سَمّٰعُوْنَ لَهُمْ ؕ وَاللّٰهُ

ওয়ালা আওদ্বাউ খিলা-লাকুম্ ইয়াব্গূনাকুমুল ফিত্নাতা, ওয়াফীকুম্ সাম্মা-'উনা লাহুম্; ওয়াল্লা-হু

অন্য কিছু বৃদ্ধি পেতনা এবং তোমাদের মধ্যে ফাসাদ সৃষ্টি করার জন্য দৌড়াদৌড়ি করত এবং তোমাদের মধ্যে ফিত্না সৃষ্টি করাত এবং তোমাদের মধ্যে তাদের গুপ্তচর

عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ (٤٨) لَقَدِ ابْتَغَوُا الْفِتْنَةَ مِنْ قَبْلُ وَقَلَّبُوْا لَكَ الْاُمُوْرَ حَتّٰى

'আলীমুম্ বিযযা-লিমীন্ । ৪৮। লাক্বাদিব্তাগাউল্ ফিতনাতা মিন্ ক্বাব্লু ওয়া ক্বাল্লাবূ লাকাল্ উমূরা হাত্তা-

রয়েছে। আল্লাহ অত্যাচারীদেরকে ভালভাবে জানেন। (৪৮) তারাতো পূর্বেও বিশৃংখলা করতে চেয়েছিল (ওহুদের যুদ্ধে) এবং আপনার কর্মপন্থা ওলট পালট করতে

جَآءَ الْحَقُّ وَظَهَرَ اَمْرُ اللّٰهِ وَهُمْ كٰرِهُوْنَ (٤٩) وَمِنْهُمْ مَّنْ يَّقُوْلُ ائْذَنْ لِّيْ وَلَا

জ্বা—আল্হাক্বক্বু ওয়া যাহারা আমরুল্লা-হি ওয়াহুম্ কা-রিহূন্ । ৪৯। ওয়া মিন্হুম্ মাই ইয়াকূলু'যাল্লী ওয়ালা-

চেয়েছিল। অবশেষে সত্য (আল্লাহর সাহায্য) আসল এবং আল্লাহর নির্দেশের বিজয় হল এবং তারা অপছন্দ করেছিল। (৪৯) তাদের মধ্যে কতিপয় লোক বলে, আমাকে

تَفْتِنِّيْ ؕ اَلَا فِي الْفِتْنَةِ سَقَطُوْا ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌۢ بِالْكٰفِرِيْنَ ○

তাফ্তিন্নী; আলা- ফিল্ ফিত্নাতি সাক্বাত্বূ; ওয়া ইন্না জ্বাহান্নামা লামুহীত্বাতুম্ বিল্কা-ফিরীন্ ।

অনুমতি দাও এবং আমাকে ধ্বংসের মধ্যে ফেলনা, জেনে রেখো তারাই ধ্বংসের মধ্যে পড়ে আছে। নিশ্চয়ই জাহান্নাম কাফিরদেরকে বেষ্টন করে আছে।

(٥٠) اِنْ تُصِبْكَ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۚ وَاِنْ تُصِبْكَ مُصِيْبَةٌ يَّقُوْلُوْا قَدْ اَخَذْنَآ اَمْرَنَا

৫০। ইন্ তুস্বিব্কা হ্বাসানাতুন্ তাসু'হুম্, ওয়া ইন্ তুস্বিব্কা মুস্বীবাতুই ইয়াকূলূ ক্বাদ্ আখাযনা~আম্রানা-

(৫০) যদি আপনার কোন কল্যাণ (বিজয়) পৌঁছে তাদের কাছে তা খারাপ লাগে এবং আপনার উপর যদি কোন বিপদ এসে পৌঁছে তখন তারা বলে, আমরাতো আমাদের

مِنْ قَبْلُ وَيَتَوَلَّوْا وَّهُمْ فَرِحُوْنَ (٥١) قُلْ لَّنْ يُّصِيْبَنَآ اِلَّا مَا كَتَبَ اللّٰهُ لَنَا ۚ

মিন্ ক্বাব্লু ওয়া ইয়াতাওয়াল্লাও ওয়াহুম্ ফারিহূন্ । ৫১। কুল লাই ইয়ুস্বীবানা~ইল্লা- মা- কাতাবাল্লা-হু লানা-,

ব্যাপারে পূর্বেই সাবধানতা অবলম্বন গ্রহণ করেছিলাম। আর তারা খুশী মনে ফিরে যায়। (৫১) আপনি বলুন, আমাদের উপর কিছুই পৌঁছবে না তা ব্যতীত যা আল্লাহ

هُوَ مَوْلٰىنَا ۚ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ (٥٢) قُلْ هَلْ تَرَبَّصُوْنَ بِنَآ اِلَّآ

হুওয়া মাওলা-না-, ওয়া'আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল্ মু'মিনূন। ৫২। কুল্ হাল্ তারাব্বাস্বূনা বিনা~ইল্লা~

আমাদের জন্য নির্ধারণ করে রেখেছেন, তিনিই আমাদের মালিক। আর মুমিনগণের (একমাত্র) আল্লাহর উপরই ভরসা করা উচিত। (৫২) বলুন, তোমরা

اِحْدَى الْحُسْنَيَيْنِ ؕ وَنَحْنُ نَتَرَبَّصُ بِكُمْ اَنْ يُّصِيْبَكُمُ اللّٰهُ بِعَذَابٍ مِّنْ

ইহ্দাল্ হুস্নাইয়াইনি; ওয়া নাহ্নু নাতারাব্বাস্বু বিকুম্ আইঁ ইয়ুস্বীবাকুমুল্লা-হু বি'আযা-বিম্ মিন্

অপেক্ষা করছ আমাদের ব্যাপারে দুটি ভাল বিষয়ের একটির এবং তোমাদের ব্যাপারে আশা করছি যে, আল্লাহ তোমাদেরকে শাস্তি দিবেন তাঁর পক্ষ থেকে অথবা

عِنْدِهٖۤ اَوْ بِاَيْدِيْنَا ۖ فَتَرَبَّصُوْۤا اِنَّا مَعَكُمْ مُّتَرَبِّصُوْنَ (٥٣) قُلْ اَنْفِقُوْا طَوْعًا

'ইন্দিহী~আওবিআইদীনা- ফাতারব্বাস্বূ- ইন্না- মা'আকুম্ মুতারাব্বিস্বূন । ৫৩। কুল্ আন্ফিক্বূ ত্বাও'আন্

আমাদের হাত দ্বারা, সুতরাং তোমরা (আমাদের ব্যাপারে) অপেক্ষা কর, আমরাও তোমাদের ব্যাপারে অপেক্ষা করছি। (৫৩) বলুন, তোমরা (চাই) খুশীতে

اَوْ كَرْهًا لَّنْ يُّتَقَبَّلَ مِنْكُمْ ؕ اِنَّكُمْ كُنْتُمْ قَوْمًا فٰسِقِيْنَ (٥٤) وَمَا مَنَعَهُمْ اَنْ

আও কার্হাল লাই ইয়ুতাক্বাব্বালা মিন্কুম্; ইন্নাকুম্ কুন্তুম্ ক্বাওমান্ ফা-সিক্বীন্ । ৫৪। ওয়ামা- মানা'আহুম্ আন্

ব্যয় কর, অথবা নাখুশীতে ব্যয় কর তা কখনও তোমাদের থেকে কবুল করা হবে না, নিশ্চয়ই তোমরা পাপাচারী সম্প্রদায়। (৫৪) তাদের অর্থ ব্যয় তাদের

تُقْبَلَ مِنْهُمْ نَفَقٰتُهُمْ اِلَّآ اَنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَبِرَسُوْلِهٖ وَلَا يَاْتُوْنَ الصَّلٰوةَ

তুক্ববালা মিন্হুম্ নাফাক্বা-তুহুম্ ইল্লা~আন্নাহুম্ কাফারূ বিল্লা-হি ওয়া বিরাসূলিহী ওয়ালা- ইয়া'তূনাস স্বালা-তা

থেকে কবুল না করার বাধা (কারণ) এটা ছাড়া আর কিছুই নয় যে, তারা আল্লাহ ও তাঁর রাসূলকে অস্বীকার করে এবং সালাত

اِلَّا وَهُمْ كُسَالٰى وَلَا يُنْفِقُوْنَ اِلَّا وَهُمْ كٰرِهُوْنَ (٥٥) فَلَا تُعْجِبْكَ اَمْوَالُهُمْ

ইল্লা- ওয়া হুম্ কুসা-লা- ওয়া লা- ইয়ুন্ফিকূনা ইল্লা- ওয়া হুম্ কা-রিহূন্ । ৫৫। ফালা- তু'জিব্কা আম্ওয়া-লুহুম্

আদায়ের জন্য (জামাতে) আসে অনীহা নিয়ে এবং অসন্তুষ্ট মনে অর্থ ব্যয় করে। (৫৫) সুতরাং আপনাকে যেন আশ্চর্যান্বিত না করে, তাদের ধন-সম্পদ

وَلَآ اَوْلَادُهُمْ ؕ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ بِهَا فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَتَزْهَقَ

ওয়ালা~আওলা-দুহুম্, ইন্নামা- ইয়ুরীদুল্লা-হু লিইয়ু'আয্যিবাহুম্ বিহা- ফিল্ হ্বাইয়া-তিদ্ দুন্ইয়া- ওয়া তায্হাক্বা

এবং তাদের সন্তান সন্ততি। আল্লাহর ইচ্ছাতো এ সম্পদ, সন্তান-সন্ততি দ্বারা তাদেরকে পার্থিব জীবনে শাস্তি দিবেন এবং কাফির অবস্থায়ই

أَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُوْنَ ﴿٥٥﴾ وَيَحْلِفُوْنَ بِاللّٰهِ إِنَّهُمْ لَمِنْكُمْ ۚ وَمَا هُمْ مِّنْكُمْ

আনফুসুহুম্ ওয়াহুম্ কা-ফিরূন্ । ৫৬ । ওয়া ইয়াহ্লিফূনা বিল্লা-হি ইন্নাহুম্ লামিন্কুম্, ওয়া মা-হুম্ মিন্কুম্
তাদের প্রাণ বের হয়ে যায়। (৫৬) তারা আল্লাহর নামে শপথ করে বলে যে, নিশ্চয়ই তারা তোমাদেরই দলের লোক; অথচ তারা তোমাদের দলের নয়।

وَلٰكِنَّهُمْ قَوْمٌ يَّفْرَقُوْنَ ﴿٥٦﴾ لَوْ يَجِدُوْنَ مَلْجَاً أَوْ مَغٰرٰتٍ أَوْ مُدَّخَلًا لَّوَلَّوْا

ওয়ালা-কিন্নাহুম্ ক্বাওমুই ইয়াফ্রাকূন। ৫৭। লাও ইয়াজ্বিদূনা মাল্জ্বাআন্ আও মাগা-রা-তিন আও মুদ্দাখালান্ লাওয়াল্লাও
বরং তারা ভীতু সম্প্রদায়। (৫৭) যদি তারা কোন আশ্রয় কেন্দ্র, কোন গুহা, অথবা কোন প্রবেশ পথ পায় তবে তারা তীব্র বেগে সেদিকে

إِلَيْهِ وَهُمْ يَجْمَحُوْنَ ﴿٥٧﴾ وَمِنْهُمْ مَّنْ يَّلْمِزُكَ فِي الصَّدَقٰتِ ۚ فَإِنْ أُعْطُوْا

ইলাইহি ওয়াহুম্ ইয়াজ্বমাহূন। ৫৮। ওয়া মিন্হুম্ মাই ইয়াল্মিযুকা ফিসস্বাদাক্বা-তি, ফাইন্ উ'ত্বূ
পলায়ন করবে। (৫৮) তাদের মধ্যে কতিপয় এমন লোকও আছে যারা সদকার মাল বন্টনের ব্যাপারে আপনার দুর্নাম করে, যদি তার থেকে

مِنْهَا رَضُوْا وَإِنْ لَّمْ يُعْطَوْا مِنْهَآ إِذَا هُمْ يَسْخَطُوْنَ ﴿٥٨﴾ وَلَوْ أَنَّهُمْ رَضُوْا مَآ

মিন্হা- রাদ্বূ ওয়া ইল্লাম্ ইয়ু'ত্বাও মিন্হা~ইযা- হুম্ ইয়াস্খাত্বূন। ৫৯। ওয়ালাও আন্নাহুম্ রাদ্বূ মা~
কিছু দেয়া হয় তবে তারা সন্তুষ্ট হয়। আর যদি তার থেকে কিছু দেয়া না হয়; তবে তারা হঠাৎ অসন্তুষ্ট হয়ে যায়। (৫৯) কতইনা ভাল হতো, যদি তারা আল্লাহ ও

اٰتٰهُمُ اللّٰهُ وَرَسُوْلُهٗ ۙ وَقَالُوْا حَسْبُنَا اللّٰهُ سَيُؤْتِيْنَا اللّٰهُ مِنْ فَضْلِهٖ وَرَسُوْلُهٗٓ ۙ

আ-তা-হুমুল্লা-হু ওয়া রাসূলুহূ ওয়া ক্বা-লূ হাস্বুনাল্লা-হু সাইয়ু'তীনাল লা-হু মিন্ ফাদ্বলিহী ওয়া রাসূলুহূ~
তাঁর রাসূল তাদেরকে যা দিয়েছেন তার উপর সন্তুষ্ট হয়ে যেত এবং বলত, আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, আল্লাহ আমাদেরকে দিবেন তাঁর অনুগ্রহ থেকে এবং তাঁর রাসূলও,

إِنَّآ إِلَى اللّٰهِ رٰغِبُوْنَ ﴿٥٩﴾ إِنَّمَا الصَّدَقٰتُ لِلْفُقَرَآءِ وَالْمَسٰكِيْنِ وَالْعٰمِلِيْنَ عَلَيْهَا ৭ ع ১৩ রুকু:

ইন্না~ইলাল্লা-হি রা-গিবূন্। ৬০। ইন্নামাসস্বাদাক্বা-তু লিল্ফুক্বারা—য়ি ওয়াল্ মাসা-কীনি ওয়াল 'আ-মিলীনা 'আলাইহা-
আমরা তো আল্লাহর থেকেই আশাবাদী। (৬০) সদকা (যাকাত) তো কেবল দরিদ্র, নিঃস্ব, যাকাত আদায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মচারী এবং যাদের মন

وَالْمُؤَلَّفَةِ قُلُوْبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغٰرِمِيْنَ وَفِيْ سَبِيْلِ اللّٰهِ وَابْنِ

ওয়াল্ মুআল্লাফাতি ক্বুলূবুহুম্ ওয়া ফির্রিক্বা-বি ওয়াল্ গা-রিমীনা ওয়া ফী সাবীলিল্লা-হি ওয়াব্নিস্
আকৃষ্ট করা প্রয়োজন তাদের জন্য এবং দাস মুক্তির জন্য, ঋণগ্রস্তদের জন্য, আল্লাহর রাস্তায় জিহাদকারী এবং মুসাফিরদের জন্য।

السَّبِيْلِ ۖ فَرِيْضَةً مِّنَ اللّٰهِ ۗ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٦٠﴾ وَمِنْهُمُ الَّذِيْنَ يُؤْذُوْنَ

সাবীল্; ফারীদ্বাতাম্ মিনাল্লা-হি ; ওয়াল্লা-হু 'আলীমুন্ হাকীম্। ৬১। ওয়া মিন্হুমুল লাযীনা ইয়ু'যূনান
এটা আল্লাহর পক্ষ থেকে ফরয বিধান। আল্লাহ মহাজ্ঞানী ও বিজ্ঞ। (৬১) আর তাদের মধ্যে কতিপয় এমন লোকও আছে, যারা নবীকে কষ্ট দেয়

○ টীকা (আয়াত-৬০) ঃ للفقراء والمسكين (ফকীর ও মিসকীন) ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণিত, ফকীর যে অসহায় অবস্থায়ও কারো কাছে হাত পাতে না এবং মিসকীন যে মানুষের কাছে গিয়ে হাত পাতে ও সওয়াল করে। (ইবনে কাসীর) কারো মতে, ফকীর হল, যার কিছুই নেই এবং মিসকীন হল যে নিসাব পরিমাণ সম্পদের মালিক নয়। (মাঃ কুরআন)

○ টীকা (আয়াত-৬০) ঃ وابن السبيل, অর্থাৎ, মুসাফির নিজ গৃহে ধনী হলেও সফরের অবস্থায় যদি সাহায্যের মুখাপেক্ষী হয়ে পড়ে তবে যাকাতের অংশ থেকে তাকে সাহায্য করা যাবে।

النَّبِيَّ وَيَقُوْلُوْنَ هُوَ أُذُنٌ ۚ قُلْ أُذُنُ خَيْرٍ لَّكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَيُؤْمِنُ

নাবিয়্যা ওয়া ইয়াক্বূলূনা হুওয়া উযুনুন্, ক্বুল্ উযুনু খাইরিল্লাকুম্ ইয়ু'মিনু বিল্লা-হি ওয়াইয়ু'মিনু
এবং বলে, তিনি তো কান দিয়ে সব কথাই শ্রবণ করেন, আপনি বলুন, তোমাদের জন্য যা কল্যাণকর সেটাই তিনি এ কান দিয়ে শ্রবণ করেন। তিনি তো আল্লাহর প্রতি

لِلْمُؤْمِنِيْنَ وَرَحْمَةٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۚ وَالَّذِيْنَ يُؤْذُوْنَ رَسُوْلَ اللّٰهِ

লিল্মু'মিনীনা ওয়া রাহ্মাতুললিল্লাযীনা আ-মানু মিন্কুম্, ওয়াল্লাযীনা ইয়ু'যূনা রাসূলাল্লা-হি
ঈমান আনেন, মুমিনদের কথা বিশ্বাস করেন। তোমাদের মধ্যে যারা মুমিন তিনি তাদের জন্য রহমত স্বরূপ। আর যারা আল্লাহর রাসূলকে কষ্ট দেয়

لَهُمْ عَذَابٌ أَلِيْمٌ ﴿٦١﴾ يَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ لِيُرْضُوْكُمْ ۚ وَاللّٰهُ وَرَسُوْلُهٗٓ

লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ৬২। ইয়াহ্লিফূনা বিল্লা-হি লাকুম্ লিইয়ুরদ্বূকুম্; ওয়াল্লা-হু ওয়া রাসূলুহূ~
তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। (৬২) তারা শুধু তোমাদের খুশী করার জন্যই তোমাদের সামনে আল্লাহর শপথ করে, অথচ আল্লাহ ও তাঁর রাসূল

তিন চতুর্থাংশ

أَحَقُّ أَنْ يُّرْضُوْهُ إِنْ كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٦٢﴾ أَلَمْ يَعْلَمُوْٓا أَنَّهٗ مَنْ يُّحَادِدِ اللّٰهَ

আহাক্কু আঁই ইয়ুর্দ্বূহু ইন্ কা-নূ মু'মিনীন্। ৬৩। আলাম্ ইয়া'লামূ~আন্নাহূ মাঁই ইয়ুহা- দিদিল্লা-হা
অধিক হকদার যে, (তারা) তাঁকে খুশী করে, যদি তারা মুমিন হয়। (৬৩) তারা কি জানে না? যে আল্লাহ ও তার

وَرَسُوْلَهٗ فَأَنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خٰلِدًا فِيْهَا ۚ ذٰلِكَ الْخِزْيُ الْعَظِيْمُ ﴿٦٣﴾ يَحْذَرُ

ওয়া রাসূলাহূ ফাআন্নালাহূ না-রা জ্বাহান্নামা খা-লিদান ফীহা-; যালিকাল্ খিয্ইয়ুল্ 'আযীম্ ৬৪। ইয়াহ্জারুল্
রাসূলের বিরোধিতা করবে, তার জন্য অবশ্যই রয়েছে জাহান্নামের অগ্নি, যেখানে সে অনন্তকাল থাকবে, এটাই চরম লাঞ্ছনা। (৬৪) মুনাফিকরা সর্বদা এ ভয়

الْمُنٰفِقُوْنَ أَنْ تُنَزَّلَ عَلَيْهِمْ سُوْرَةٌ تُنَبِّئُهُمْ بِمَا فِيْ قُلُوْبِهِمْ ۚ قُلِ اسْتَهْزِءُوْا ۚ

মুনা-ফিকূনা আন্ তুনায্যালা 'আলাইহিম্ সূরাতুন্ তুনাব্বিউহুম্ বিমা- ফী ক্বুলূবিহিম্, ক্বুলিস্ তাহ্যিউ
করে যে, কখন না অবতীর্ণ হয় মুসলমানের উপর এমন এক সূরা যা তাদের অন্তরের গোপন বিষয় তাদেরকে জানিয়ে দেবে, বলুন, তোমরা ঠাট্টা করতে থাক

إِنَّ اللّٰهَ مُخْرِجٌ مَّا تَحْذَرُوْنَ ﴿٦٤﴾ وَلَئِنْ سَأَلْتَهُمْ لَيَقُوْلُنَّ إِنَّمَا كُنَّا نَخُوْضُ

ইন্নাল্লা-হা মুখ্রিজুম্মা- তাহ্যারূন্। ৬৫। ওয়ালাইন্ সাআল্তাহুম্ লাইয়াকূলুন্না ইন্নামা- কুন্না- নাখূদ্বু
নিশ্চয়ই আল্লাহ প্রকাশ করে দিবেন যে সম্বন্ধে তোমরা ভয় করছ। (৬৫) আর যদি আপনি তাদেরকে জিজ্ঞাসা করেন, তবে তারা স্পষ্ট বলে দিবে যে, আমরাতো শুধু

وَنَلْعَبُ ۚ قُلْ أَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ﴿٦٥﴾ لَا تَعْتَذِرُوْا

ওয়া নাল্'আব্; ক্বুল্ আবিল্লা-হি ওয়া আ-ইয়া-তিহী ওয়া রাসূলিহী কুন্তুম্ তাস্তাহ্যিউন্। ৬৬। লা- তা'তাযিরূ
পরস্পরে হাস্যালাপ ও খেল তামাশা করছিলাম, বলুন, তোমরা কি আল্লাহ ও তাঁর আয়াতসমূহ এবং তাঁর রাসূলের প্রতি উপহাস করছিলে? (৬৬) তোমরা বাহানা করোনা,

○ টীকা (আয়াত-৬৪) মুনাফিকদের মধ্যে দু' প্রকার মুনাফিক ছিল। তাদের কেউ কেউ ত কু-আকীদা বিশিষ্ট ছিল এবং যে কোন কারণ বশতঃ নিজদেরকে মুসলমান বলে প্রকাশ করত, আর কেউ কেউ সন্দেহকারী এবং দু-দিলবিশিষ্ট ছিল। অত্র আয়াতে এ শেষোক্ত রকমের মুনাফিকের বিষয় বর্ণিত হয়েছে। এরা কোন কোন সময়ে ভয়ও করত, কিন্তু আল্লাহর দ্বীনের প্রতি হাসি-ঠাট্টা করতে ছাড়ত না। ○ টীকা (আয়াত-৬৬) যে মুনাফিক আল্লাহর দ্বীনের প্রতি ব্যঙ্গ বিদ্রুপ করে, তাদের কেউ কেউ এরূপ যে, কেবল লোকের দেখাদেখি তারা 'হাঁ'র সাথে হাঁ মিলাতে থাকে, এদের দোষ ততোধিক গুরু নয়। আর কেউ কেউ প্রকৃতপক্ষে ইসলামের প্রতি কু-ধারণা পোষণ করে। এ শ্রেণীর মুনাফিকই আল্লাহর নিকট শাস্তির যোগ্যপাত্র গণ্য হবে। আল্লাহ এস্থলে এজন্য কারো সুস্পষ্ট ব্যাখ্যা বিশ্লেষণ করেন নি যেন, নিজ নিজ অবস্থার প্রতি সকলেই অবহিত এবং সাবধান হয়ে যায়।

قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ؕ اِنْ نَّعْفُ عَنْ طَآئِفَةٍ مِّنْكُمْ نُعَذِّبْ طَآئِفَةًۢ

ক্বাদ্ কাফারতুম্ বা'দা ঈমা-নিকুম; ইননা'ফু'আন ত্বা—য়িফাতিম মিন্‌কুম্ নু'আযযিব্ ত্বা—য়িফাতাম্
নিশ্চয়ই তোমরা নিজেদেরকে মুমিন প্রকাশ করে কুফরী করেছ। তোমাদের মধ্য হতে কতককে যদি ক্ষমাও করি তবে কতককে তাদের গুনাহের

بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٦٧﴾ اَلْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ بَعْضُهُمْ مِّنْۢ بَعْضٍ ۘ

বিআন্নাহুম্ কা-নূ মুজ্‌রিমীন্। ৬৭। আল্ মুনা-ফিক্বূনা ওয়াল্ মুনা-ফিক্বা-তু বা'দ্বুহুম্ মিম্ বা'দ্বি
কারণে অবশ্যই শাস্তি দেব। (৬৭) সকল মুনাফিক পুরুষ ও মহিলা পরস্পর (চারিত্রিক দিক দিয়ে) একই ধরনের। তারা খারাপ কাজের

ع ৮ ৯ ১8 রুকূ

يَاْمُرُوْنَ بِالْمُنْكَرِ وَيَنْهَوْنَ عَنِ الْمَعْرُوْفِ وَيَقْبِضُوْنَ اَيْدِيَهُمْ ؕ نَسُوا اللّٰهَ

ইয়া'মুরূনা বিল্ মুন্‌কারি ওয়া ইয়ান্‌হাওনা 'আনিল্ মা'রূফি ওয়া ইয়াক্ববিদ্বূনা আইদিয়াহুম্, নাসুল্লা-হা
নির্দেশ দেয় এবং ভাল কাজ থেকে (মানুষদেরকে) বিরত রাখে এবং তাদের হাতকে (দান, সদ্‌কা করা থেকে) বন্ধ করে রাখে, তারা আল্লাহকে ভুলে গেছে,

ওয়াক্বফে লাযেম ৭

فَنَسِيَهُمْ ؕ اِنَّ الْمُنٰفِقِيْنَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٦٨﴾ وَعَدَ اللّٰهُ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْكُفَّارَ

ফানাসিয়াহুম্, ইন্নাল্ মুনা-ফিক্বীনা হুমুল্ ফা-সিক্বূন্। ৬৮। ওয়া'আদাল্লা-হুল মুনা-ফিক্বীনা ওয়াল্ মুনা-ফিক্বা-তি ওয়াল কুফ্‌ফা-রা
ফলে আল্লাহও তাদেরকে ভুলে গেছেন। নিশ্চয়ই মুনাফিকরা পাপাচারী। (৬৮) আল্লাহ্ ওয়াদা করেছেন মুনাফিক পুরুষ ও নারী এবং কাফিরদের জন্য

نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ؕ هِيَ حَسْبُهُمْ ۚ وَلَعَنَهُمُ اللّٰهُ ۚ وَلَهُمْ عَذَابٌ

না-রা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা-; হিয়া হ্বাস্‌বুহুম, ওয়া লা'আনাহুমুল্লা-হু ওয়া লাহুম্ 'আযা-বুম
জাহান্নামের অগ্নির, সেখানে তারা চিরকাল থাকবে, সে (অগ্নিই) তাদের (শাস্তির) জন্য যথেষ্ট। তাদেরকে আল্লাহ্ অভিশাপ করেছেন এবং তাদের জ[illegible] রয়েছে (পরকালে)

مُّقِيْمٌ ﴿٦٩﴾ كَالَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ كَانُوْا اَشَدَّ مِنْكُمْ قُوَّةً وَّاَكْثَرَ اَمْوَالًا وَّاَوْلَادًا ؕ

মুক্বীম। ৬৯। কাল্লাযীনা মিন ক্বাব্‌লিকুম্ কা-নূ~আশাদ্দা মিন্‌কুম্ কুওয়্যাতাওঁ ওয়া আক্‌ছারা আম্‌ওয়া-লাওঁ ওয়া আওলা-দা-;
চিরস্থায়ী শাস্তি। (৬৯) (হে মুনাফিকরা!) তোমরা তোমাদের পূর্ববর্তীদের ন্যায়, যারা শক্তিতে তোমাদের চেয়ে প্রবল ছিল এবং যারা অধিক ধন-সম্পদ ও সন্তান-সন্ততির

فَاسْتَمْتَعُوْا بِخَلَاقِهِمْ فَاسْتَمْتَعْتُمْ بِخَلَاقِكُمْ كَمَا اسْتَمْتَعَ الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ

ফাস্‌তাম্‌তা'ঊ বিখালা-ক্বিহিম্ ফাস্‌তাম্‌তা'তুম্ বিখালা-ক্বিকুম্ কামাস তাম্‌তা'আল্লায়ীনা মিন্ ক্বাবলিকুম্
মালিক। সুতরাং তারা সুবিধা ভোগ করেছে তাদের (পার্থিব) অংশ দ্বারা তোমরাও সুবিধা ভোগ করলে তোমাদের অংশ দ্বারা যেমনিভাবে তোমাদের পূর্ববর্তীগণ তাদের

بِخَلَاقِهِمْ وَخُضْتُمْ كَالَّذِيْ خَاضُوْا ؕ اُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِي الدُّنْيَا

বিখালা-ক্বিহিম্ ওয়া খুদ্বতুম্ কাল্লাযী খা-দ্বূ, উলা—ইকা হ্বাবিত্বাত্ আ'মা-লুহুম্ ফিদ্দুন্‌ইয়া-
অংশ থেকে সুবিধা ভোগ করেছে এবং তোমরাও অনর্থক গল্পে নিমগ্ন হচ্ছে, যেভাবে তারা অনর্থক গল্পে নিমগ্ন হয়েছে। তাদের আমল ইহকাল

وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٧٠﴾ اَلَمْ يَاْتِهِمْ نَبَاُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ

ওয়াল্ আ-খিরাতি, ওয়া উলা—ইকা হুমুল্ খা-সিরূন। ৭০। আলাম্ ইয়া'তিহিম্ নাবাউল লাযীনা মিন্ ক্বাবলিহিম্
ও পরকালে নিষ্ফল হয়ে গেছে এবং তারাই ক্ষতিগ্রস্ত। (৭০) তাদের কাছে কি তাদের পূর্ববর্তীদের সংবাদ পৌঁছেনি?

قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ ۙ وَقَوْمِ اِبْرٰهِيْمَ وَاَصْحٰبِ مَدْيَنَ وَالْمُؤْتَفِكٰتِ ؕ

ক্বাওমি নূহ্বিওঁ ওয়া 'আ-দিওঁ ওয়া ছামূদ; ওয়া ক্বাওমি ইব্‌রা-হীমা ওয়া আস্বহা-বি মাদ্‌ইয়ানা ওয়াল্ মু'তাফিকা-তি;
যেমন নূহ, আদ, সামূদ সম্প্রদায়ের এবং ইবরাহীমের সম্প্রদায়ের এবং মাদইয়ান ও বিপর্যস্ত জনপদের অধিবাসীদের, তাদের

اَتَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۚ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْا اَنْفُسَهُمْ

আতাত্‌হুম্ রুসুলুহুম্ বিল্‌বায়্যিনা-তি, ফামা- কা-নাল্লা-হু লিইয়াজ্বলিমাহুম্ ওয়া লা-কিন্ কা-নূ~আনফুসাহুম্
কাছে তাদের রাসূল স্পষ্ট দলীল নিয়ে এসেছিলেন, আল্লাহ্‌এমন নন যে, তাদের উপর অত্যাচার করবেন, কিন্তু তারা নিজেরাই

৬ ওয়াক্বফে লাযেম

يَظْلِمُوْنَ ﴿٧١﴾ وَالْمُؤْمِنُوْنَ وَالْمُؤْمِنٰتُ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۘ يَاْمُرُوْنَ

ইয়াজ্বলিমূন্। ৭১। ওয়াল্ মু'মিনূনা ওয়াল্ মু'মিনা-তু বা'দ্বুহুম্ আওলিয়া—উ বা'দ্বি। ইয়া'মুরূনা
নিজেদের উপর অত্যাচার করছিল। (৭১) মুমিন পুরুষ এবং মুমিন মহিলা পরস্পরে একে অপরের বন্ধু, তারা ভাল কাজের

بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَيُطِيْعُوْنَ

বিল্ মা'রূফি ওয়া ইয়ান্‌হাওনা 'আনিল্ মুন্‌কারি ওয়া ইয়ুক্বীমূনাসস্বালা-তা ওয়া ইয়ু'তূনা যাকা-তা ওয়া ইয়ুত্বী'ঊনা
নির্দেশ দেয় এবং অন্যায় (খারাপ) কাজ থেকে (মানুষদেরকে) বিরত রাখে, তারা সালাত কায়েম করে, যাকাত আদায় করে এবং তারা

اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ اُولٰٓئِكَ سَيَرْحَمُهُمُ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٧٢﴾ وَعَدَ اللّٰهُ

ল্লা-হা ওয়া রাসূলাহূ, উলা—ইকা সাইয়ারহ্বামুহুমুল্লা-হু, ইন্নাল্লা-হা 'আযীযুন্ হ্বাকীম। ৭২। ওয়া'আদাল্লা-হুল্
আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করে। তাদের উপরই আল্লাহ্ অতিশীঘ্র অনুগ্রহ দান করবেন। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী ও বিজ্ঞ। (৭২) আল্লাহ্ (এসব)

الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا

মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি জ্বান্নাতিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আনহা-রু খা-লিদীনা ফীহা-
মুমিন পুরুষ ও মুমিন মহিলাদের জন্য এমন জান্নাতের ওয়াদা করেছেন যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা চিরকাল

وَمَسٰكِنَ طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ؕ وَرِضْوَانٌ مِّنَ اللّٰهِ اَكْبَرُ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ

ওয়া মাসা-কিনা ত্বায়্যিবাতান্ ফী জ্বান্নাতি 'আদ্‌ন্; ওয়া রিদ্বওয়া-নুম মিনাল্লা-হি আক্‌বার; যা-লিকা হুওয়াল্ ফাওযুল
থাকবে, (এবং ওয়াদা করেছেন) উৎকৃষ্ট বাসস্থানের যা জান্নাতে চিরস্থায়ী বিদ্যমান এবং এগুলোর মধ্যে আল্লাহর সন্তুষ্টিই সবচেয়ে বড় নেয়ামত, এটাই পরম

৯ ع ৬ ১৫ রুকূ

الْعَظِيْمُ ﴿٧٣﴾ يٰٓاَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ ؕ وَمَاْوٰىهُمْ

'আযীম। ৭৩। ইয়া~আইয়্যুহান্নাবিয়্যু জ্বা-হিদিল্ কুফ্‌ফা-রা ওয়াল্ মুনা-ফিক্বীনা ওয়াগ্‌লুয্ 'আলাইহিম্; ওয়া মা'ওয়া-হুম্
সফলতা। (৭৩) হে নবী! কাফির ও মুনাফিদের বিরুদ্ধে জিহাদ করুন এবং তাদের উপর কঠোর হোন, তাদের বাসস্থান

جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿٧٤﴾ يَحْلِفُوْنَ بِاللّٰهِ مَا قَالُوْا ؕ وَلَقَدْ قَالُوْا كَلِمَةَ الْكُفْرِ

জ্বাহান্নাম; ওয়া বি'সাল্ মাস্বীর। ৭৪। ইয়াহ্বলিফূনা বিল্লা-হি মা- ক্বা-লূ; ওয়া লাক্বাদ্ ক্বা-লূ কালিমাতাল্ কুফ্‌রি
জাহান্নাম আর তা কতইনা নিকৃষ্ট আবাসস্থল। (৭৪) তারা আল্লাহর শপথ করে বলে যে, তারা অমুক কথা বলেনি, অথচ তারা কুফরীর কথা বলেছে এবং ইসলাম গ্রহণের পর

وَكَفَرُوْا بَعْدَ اِسْلَامِهِمْ وَهَمُّوْا بِمَا لَمْ يَنَالُوْا ۚ وَمَا نَقَمُوْٓا اِلَّآ اَنْ اَغْنٰىهُمُ

ওয়া কাফারূ বা'দা ইস্লা-মিহিম্ ওয়া হাম্মূ বিমা- লাম্ ইয়ানা-লূ, ওয়া মা- নাক্বামূ~ইল্লা~আন্ আগ্না-হুমু

কাফির হয়ে গেছে এবং তারা কামনা করেছিল এমন বিষয়ের যা পূর্ণ করতে পারেনি, তারা শুধু এরই প্রতিদান দিয়েছিল যে, তাদেরকে সম্পদশালী করেছিলেন

اللّٰهُ وَرَسُوْلُهٗ مِنْ فَضْلِهٖ ۚ فَاِنْ يَّتُوْبُوْا يَكُ خَيْرًا لَّهُمْ ۚ وَاِنْ يَّتَوَلَّوْا يُعَذِّبْهُمُ

ল্লা-হু ওয়া রাসূলুহূ মিন্ ফাদ্বলিহী, ফা ইঁয়্ইয়াতূবূ ইয়াকু খাইরাললাহুম্, ওয়া ইঁয় ইয়াতাওয়াল্লাও ইয়ু'আযযিব হুমু

আল্লাহ ও তাঁর রাসূল নিজ অনুগ্রহ থেকে, যদি তারা এরপরও তওবা করে, তবে এটা তাদের জন্য কল্যাণকর হবে; আর যদি তারা মুখ ফিরিয়ে

اللّٰهُ عَذَابًا اَلِيْمًا ۙ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَمَا لَهُمْ فِى الْاَرْضِ مِنْ وَّلِيٍّ وَّلَا

ল্লা-হু 'আযা-বান্ আলীমা-, ফিদ্দুন্ইয়া- ওয়াল্ আ-খিরাহ্, ওয়ামা- লাহুম্ ফিল্ আরদ্বি মিওঁ ওয়ালিয়্যিওঁ ওয়ালা-

নেয়; তবে আল্লাহ তাদেরকে ইহকাল ও পরকালে শাস্তি দিবেন যন্ত্রণাময় শাস্তি এবং পৃথিবীতে তাদের কোনই বন্ধু ও সাহায্যকারী

نَصِيْرٍ (٧٥) وَمِنْهُمْ مَّنْ عٰهَدَ اللّٰهَ لَئِنْ اٰتٰىنَا مِنْ فَضْلِهٖ لَنَصَّدَّقَنَّ وَلَنَكُوْنَنَّ مِنَ

নাস্বীর্। ৭৫। ওয়া মিনহুম্ মান্ 'আ-হাদাল্লা-হা লাইন আ-তা-না- মিন্ ফাদ্বলিহী লানাসদ্বাদ্দাক্বান্না ওয়া লানাকূনান্না মিনাস

নেই। (৭৫) তাদের মধ্যে এমন লোকও আছে যারা আল্লাহর সাথে অঙ্গীকার করেছিল, যদি আল্লাহ আমাদেরকে তাঁর অনুগ্রহে (অর্থ সম্পদ) দান করেন, তবে অবশ্যই আমরা সদকা

الصّٰلِحِيْنَ (٧٦) فَلَمَّآ اٰتٰىهُمْ مِّنْ فَضْلِهٖ بَخِلُوْا بِهٖ وَتَوَلَّوْا وَّهُمْ مُّعْرِضُوْنَ ○

স্বা-লিহ্বীন্। ৭৬। ফালাম্মা~আ-তা-হুম্ মিন্ ফাদ্বলিহী বাখিলূ বিহী ওয়া তাওয়াল্লাও ওয়াহুম্ মু'রিদ্বূ-ন্।

করব এবং নেককারদের অন্তর্ভুক্ত হব। (৭৬) অতঃপর যখন আল্লাহ তাঁর অনুগ্রহে তাদেরকে (সম্পদ) দান করলেন তখন তাতে কারপণ্য শুরু করল এবং উপেক্ষা করে ফিরে গেল।

(٧٧) فَاَعْقَبَهُمْ نِفَاقًا فِىْ قُلُوْبِهِمْ اِلٰى يَوْمِ يَلْقَوْنَهٗ بِمَآ اَخْلَفُوا اللّٰهَ مَا وَعَدُوْهُ وَبِمَا

৭৭। ফাআ'ক্বাবাহুম্ নিফা-ক্বান্ ফী কুলূবিহিম্ ইলা- ইয়াওমি ইয়ালক্বাওনাহূ বিমা~আখ্লাফুল্লা-হা মা- ওয়া'আদূহু ওয়া বিমা-

(৭৭) অনন্তর আল্লাহ শাস্তি স্বরূপ তাদের অন্তরে নেফাকী (কপটতা) পয়দা করলেন যা আল্লাহর সাথে মিলনের দিন পর্যন্ত থাকবে, এ কারণে যে, তারা আল্লাহর সাথে কৃত

كَانُوْا يَكْذِبُوْنَ (٧٨) اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ وَاَنَّ اللّٰهَ

কা-নূ ইয়াক্যিবূন্। ৭৮। আলাম্ ইয়া'লামূ~আন্নাল লা-হা ইয়া'লামু সির্রাহুম্ ওয়া নাজ্ওয়া-হুম্ ওয়া আন্নাল্লা-হা

ওয়াদা ভংগ করেছে এবং তারা মিথ্যা বলছিল। (৭৮) তারা কি জানে না যে, আল্লাহ তাদের অন্তরের গোপন বিষয় এবং তাদের গোপন পরামর্শ সবকিছুই জানেন, নিশ্চয়ই

عَلَّامُ الْغُيُوْبِ (٧٩) اَلَّذِيْنَ يَلْمِزُوْنَ الْمُطَّوِّعِيْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ فِى الصَّدَقٰتِ

'আল্লা-মুল্ গুইয়ূব্। ৭৯। আল্লাযীনা ইয়াল্মিযূনাল্ মুত্তাওবি'য়ীনা মিনাল্ মু'মিনীনা ফিসস্বাদাক্বা-তি

আল্লাহ সকল গোপন তথ্য সম্পর্কে পূর্ণ অবহিত আছেন। (৭৯) যারা নিন্দা করে, নফল সদকা প্রদানকারী মুমিনদেরকে এবং তাদেরকে যারা তাদের শ্রমলব্ধ বস্তু ছাড়া অন্য

وَالَّذِيْنَ لَا يَجِدُوْنَ اِلَّا جُهْدَهُمْ فَيَسْخَرُوْنَ مِنْهُمْ ۗ سَخِرَ اللّٰهُ مِنْهُمْ ۡ

ওয়াল্লাযীনা লা- ইয়াজ্বিদূনা ইল্লা- জুহ্দাহুম্ ফাইয়াস্খারূনা মিন্হুম্; সাখিরাল্লা-হু মিন্হুম্,

আর কিছুই পায় না, তারা তাদের প্রতি ঠাট্টা-বিদ্রূপ করে, আল্লাহ তাদের এ ঠাট্টার প্রতিফল দিবেন, তাদের জন্য রয়েছে

وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ (٨٠) اِسْتَغْفِرْ لَهُمْ اَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ ۗ اِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِيْنَ

ওয়ালাহুম্ 'আযা-বুন্ আলীম। ৮০। ইস্তাগ্ফির লাহুম্ আও লা- তাস্তাগ্ফির্ লাহুম্ ইন্ তাস্তাগ্ফির্ লাহুম্ সাব্'ঈনা

যন্ত্রণাদায়ক শাস্তি। (৮০) তাদের জন্য আপনি ক্ষমা প্রার্থনা করুন অথবা তাদের জন্য ক্ষমা প্রার্থনা না করুন (উভয়ই সমান) ; যদি আপনি সত্তর বারও ক্ষমা প্রার্থনা

مَرَّةً فَلَنْ يَّغْفِرَ اللّٰهُ لَهُمْ ۗ ذٰلِكَ بِاَنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ۗ وَاللّٰهُ لَا يَهْدِى

মার্রাতান্ ফালাইঁ ইয়াগ্ফিরাল্লা-হু লাহুম; যা-লিকা বিআন্নাহুম্ কাফারূ বিল্লা-হি ওয়া রাসূলিহী; ওয়াল্লা-হু লা- ইয়াহ্দিল্

করেন আল্লাহ কখনও তাদের ক্ষমা করবেন না, এটা এ কারণে যে, তারা কুফরী করেছে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে, আল্লাহ ফাসিক (পাপাচারী) সম্প্রদায়কে সঠিক পথ

১০
ع
৮
১৬
রুকূ

الْقَوْمَ الْفٰسِقِيْنَ (٨١) فَرِحَ الْمُخَلَّفُوْنَ بِمَقْعَدِهِمْ خِلٰفَ رَسُوْلِ اللّٰهِ وَكَرِهُوْٓا

ক্বাওমাল্ ফাসিক্বীন্। ৮১। ফারিহ্বাল্ মুখাল্লাফূনা বিমাক্ব'আদিহিম্ খিলা-ফা রাসূলি ল্লা-হি ওয়া কারিহূ~

প্রদর্শন করেন না। (৮১) (তাবুক যুদ্ধে) পেছনে (গৃহে) থাকা লোকগুলো রাসূলের বিরুদ্ধাচরণ করে নিজ গৃহে থাকার কারণে বেশ আনন্দ লাভ করেছে

اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَقَالُوْا لَا تَنْفِرُوْا فِى

আইঁ ইয়ুজ্বা-হিদূ বিআম্ওয়া-লিহিম্ ওয়া আন্ফুসিহিম্ ফী সাবীলিল লা-হি ওয়া ক্বা-লূ লা- তান্ফিরূ ফিল

এবং আল্লাহর রাস্তায় স্বীয় মাল ও জান দ্বারা জিহাদ করা না পছন্দ করেছে এবং তারা বলল, এ গরমের মধ্যে (যুদ্ধে) বের হয়ো

الْحَرِّ ۗ قُلْ نَارُ جَهَنَّمَ اَشَدُّ حَرًّا ۗ لَوْ كَانُوْا يَفْقَهُوْنَ (٨٢) فَلْيَضْحَكُوْا قَلِيْلًا

হ্বার্রি; ক্বুল্ না-রু জ্বাহান্নামা আশাদ্দু হ্বার্রা-; লাও কা-নূ ইয়াফ্ক্বাহূন্। ৮২। ফাল্ইয়াদ্বহ্বাকূ ক্বালীলাওঁ

না। তাদেরকে বলুন, জাহান্নামের অগ্নি এর চেয়ে অধিক গরম, যদি তারা বুঝত। (৮২) অতএব (পৃথিবীতে) তারা কম হেসে নিক

وَّلْيَبْكُوْا كَثِيْرًا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ (٨٣) فَاِنْ رَّجَعَكَ اللّٰهُ اِلٰى

ওয়াল্ ইয়াবকূ কাছীরা-, জ্বাযা—আম্ বিমা- কা-নূ ইয়াক্সিবূন্। ৮৩। ফাইঁর্ রাজ্বা-'আকাল্লা-হু ইলা-

এবং (পরকালে) তারা অনেক বেশী কাঁদবে তাদের কৃতকর্মের বিনিময়ে। (৮৩) এরপর যদি আল্লাহ আপনাকে (মদিনায়) তাদের কোন দলের নিকট ফিরিয়ে আনেন,

✪ টীকা (আয়াত-৮০) 'সত্তর বলতে সত্তর সংখ্যা নয়; বরং উহার মর্ম অধিক। ইহা আরবে প্রচলিত একটি বিশেষ কথা। যদ্রূপ এদেশের লোক কখনও 'পঞ্চাশ', কখনও 'একশত' এবং কখনও 'হাজার'-এর উল্লেখ করে থাকে। যথা– পঞ্চাশবার, একশত বার, হাজার বার এ কথা বলা হয়েছে– এরূপ কথার প্রচলন এদেশে রয়েছে। হাদীসে উক্ত আছে, আব্দুল্লাহ নামক মুনাফিকের মৃত্যু ঘটলে, তদীয় পুত্র হযরত নবী করীম সমীপে উপস্থিত হয়ে পিতার জানাযা নামায পড়ায়ে দেয়ার জন্য আরয করে। রাসূল (সা) সম্মতি জ্ঞাপনান্তে আব্দুল্লাহর জানাযা নামায পড়াতে প্রস্তুত হন। আব্দুল্লাহ পাকা মুনাফিক, ইসলামের ঘোরতর শত্রু ছিল এবং আব্দুল্লাহ কর্তৃক হযরত রাসূলুল্লাহ ও মুসলমানদেরকে ভীষণ কষ্ট দিয়েছিল। আব্দুল্লার জানাযা নামায পড়াতে হযরত ওমর রাসূলুল্লাহকে বাধা প্রদান করেন এবং অত্র আয়াত স্মরণ করিয়ে দেন। তখন রাসূলে আকরাম (সা) ফরমায়েছেন যে, আল্লাহ পাক আমাকে ক্ষমা প্রার্থনা করা না করার ইখতিয়ার দিয়েছেন। তিনি বলেছেন, আপনি সত্তরবার ক্ষমা প্রার্থনা করলেও আমি ক্ষমা করব না। অতএব আমি সত্তর বারেরও অধিক দোয়া করব। এটা বলে হুজুর আব্দুল্লার জানাযা নামায পড়ালেন শুধু এটাই নয়; বরং তার কাফনের জন্য নিজের একটি কোর্তাও দান করলেন। আব্দুল্লার জানাযা নামায পড়ানো শেষ হতেই আয়াত নাযিল হয়, আয়াতটি পরে আসছে। এরপর থেকে তিনি মুনাফিকদের জানাযা ও তাদের জন্য ক্ষমা প্রার্থনা ত্যাগ করেন। রাসূল (সা)-এর কার্য হতে এটা যেন মনে না করা হয় যে, তিনি 'সত্তর'-এর প্রচলন বিষয়ে জ্ঞাত ছিলেন না, বরং কথা হচ্ছে যে, রাসূল (সা) শারাফাত এবং রহমতের খনি ছিলেন। "দোষ ক্ষমা এবং অনুকম্পা প্রদর্শন" তার নৈতিক জীবনের এক বিশেষ বৈশিষ্ট্য ছিল। আর অন্যদিকে, আল্লাহর করুণা ও দয়া হতেও তাঁর ভরসা ছিল। রাসূল (সা)-এর মন 'সত্তর' শব্দটির একটি উপলক্ষ করে তাঁর "রাহমাতুল্লিল আলামীন" হওয়া সাব্যস্ত করে দেখান। ("হে আল্লাহ) তুমিও করীম, তোমার রাসূলও করীম, আমরা দুই করীমের মধ্যে আছি তজ্জন্য শত শোকর") আর ঐ যে আব্দুল্লাহর কাফনের জন্য নিজের কোর্তা দান করেছিলেন, তার ভেদ তত্ত্ব এই যে, প্রকৃত প্রস্তাবে তা আব্দুল্লাহ কর্তৃক একটি উপকারের বিনিময় ছিল। হযরত রাসূলে আকরাম (সা)-এর চাচা হযরত আব্বাস মুসলমান হলে তখনই তার কাপড় বদলাবার আবশ্যক হয়। হযরত আব্বাস হৃষ্টপুষ্ট মোটা সোটা লম্বা-চওড়া লোক থাকায় এক আব্দুল্লার কোর্তা ছাড়া অন্য কোন মুসলমানের কোর্তা তার গায়ে লাগে নি। প্রিয় পাঠক! প্রত্যুপকারের চাক্ষুস দৃশ্য হযরত নবী করীম (সা)-এর নীতি-বৈশিষ্ট্যের মধ্যে অবলোকন করুন। এটা সেই কিছুই যা রাসূল আকরাম (সা)-এর সাথে আমাদের আকীদাকে বৃদ্ধি করে থাকে।

طَائِفَةٍ مِّنْهُمْ فَاسْتَأْذَنُوكَ لِلْخُرُوجِ فَقُلْ لَّنْ تَخْرُجُوا مَعِيَ أَبَدًا وَّلَنْ تُقَاتِلُوا

ত্বা—য়িফাতিম মিন্হুম্ ফাস্তা'যানূকা লিল্খুরূজ্বি ফাক্বুল লান্ তাখরুজু মা'য়িয়া আবাদাওঁ ওয়ালান্ তুক্বা-তিলূ
অতঃপর যদি তারা যুদ্ধে যাওয়ার জন্য অনুমতি চায়, তবে আপনি বলে দিবেন, তোমরা আমার সাথে কখনও বের হবে না এবং কখনও যুদ্ধ করবে না।

مَعِيَ عَدُوًّا ۖ إِنَّكُمْ رَضِيتُمْ بِالْقُعُودِ أَوَّلَ مَرَّةٍ فَاقْعُدُوا مَعَ الْخٰلِفِينَ ﴿٨٣﴾ وَلَا

মা'য়িয়া 'আদুওওয়ান ; ইন্নাকুম্ রাদ্বীতুম্ বিল্কু'উদি আওয়্যালা মার্রাতিন্ ফাক্বউদূ মা'আল্ খা-লিফীন্ । ৮৪ । ওয়ালা-
শত্রুদের সাথে আমার সাথী হয়ে। তোমরাতো প্রথমবারই (গৃহে) বসে থাকাটাই পছন্দ করেছিলে, সুতরাং তোমরা পিছে বসে থাকা লোকদের সাথেই বসে থাক। (৮৪) আর

تُصَلِّ عَلٰى أَحَدٍ مِّنْهُمْ مَّاتَ أَبَدًا وَّلَا تَقُمْ عَلٰى قَبْرِهٖ ۖ إِنَّهُمْ كَفَرُوا بِاللّٰهِ وَرَسُولِهٖ

তুস্বাল্লি 'আলা~আহ্বাদিম মিন্হুম মা-তা আবাদাওঁ ওয়ালা- তাকুম 'আলা- ক্বাব্রিহী; ইন্নাহুম্ কাফারূ বিল্লা-হি ওয়া রাসূলিহী
যদি তাদের মধ্যে কেউ মারা যায়, তবে আপনি কখনও তাদের জানাযার নামায পড়বেন না এবং তাদের কবরের পার্শ্বেও দাঁড়াবেন না, নিশ্চয়ই তারা আল্লাহ ও তাঁর রাসূলের

وَمَاتُوا وَهُمْ فٰسِقُونَ ﴿٨٤﴾ وَلَا تُعْجِبْكَ أَمْوَالُهُمْ وَأَوْلَادُهُمْ ۚ إِنَّمَا يُرِيدُ اللّٰهُ

ওয়া মা-তূ ওয়াহুম্ ফা-সিকূন্ । ৮৫ । ওয়ালা- তু'জ্বিব্কা আমওয়া-লুহুম্ ওয়া আওলা-দুহুম্, ইন্নামা- ইয়ুরীদুল্লা-হু
সাথে কুফরী করেছে এবং পাপাচারী অবস্থায়ই তাদের মৃত্যু হয়েছে। (৮৫) আপনাকে যেন আশ্চর্যান্বিত না করে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি, আল্লাহর ইচ্ছা শুধু এটাই

أَنْ يُّعَذِّبَهُمْ بِهَا فِي الدُّنْيَا وَتَزْهَقَ أَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُونَ ﴿٨٥﴾ وَإِذَا أُنْزِلَتْ

আই ইয়ু'আযযিবাহুম্ বিহা- ফিদ্দুন্ইয়া- ওয়া তায্হাক্বা আনফুসুহুম্ ওয়া হুম্ কা-ফিরূন্ । ৮৬ । ওয়া ইযা~উন্যিলাত্
যে, সেসব (সম্পদ, সন্তান-সন্ততি) দ্বারা তাদেরকে পার্থিব জীবনে শাস্তি দিবেন এবং তাদের আত্মা বের হবে কুফরী অবস্থায়। (৮৬) আর যখন কোন সূরা অবতীর্ণ হয়,

سُورَةٌ أَنْ اٰمِنُوا بِاللّٰهِ وَجَاهِدُوا مَعَ رَسُولِهِ اسْتَأْذَنَكَ أُولُوا الطَّوْلِ مِنْهُمْ

সূরাতুন্ আন্ আ-মিনূ বিল্লা-হি ওয়া জ্বা-হিদূ মা'আ রাসূলিহিস্ তা'জানাকা উলুত্ব ত্বাওলি মিন্হুম্
এ মর্মে যে, আল্লাহর প্রতি ঈমান আন এবং তাঁর রাসূলের সাথে মিলে জিহাদ কর, তখন তাদের মধ্য হতে সামর্থবান ব্যক্তিরা অনুমতি প্রার্থনা করে

وَقَالُوا ذَرْنَا نَكُنْ مَّعَ الْقٰعِدِينَ ﴿٨٦﴾ رَضُوا بِأَنْ يَّكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ

ওয়া ক্বা-লূ যার্না- নাকুম মা'আল্ ক্বা-'য়িদীন্ । ৮৭ । রাদ্বূ বিআই ইয়াকূনূ মা'আল্ খাওয়া-লিফি ওয়া ত্বুবি'আ
এবং বলে আমাদেরকে রেহাই দিন, আমরা উপবিষ্টকারীদের সাথে থাকব। (৮৭) তারা গৃহে বসা মহিলাদের সাথে থাকাটাই

عَلٰى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ ﴿٨٧﴾ لٰكِنِ الرَّسُولُ وَالَّذِينَ اٰمَنُوا مَعَهٗ جٰهَدُوا

'আলা- কুলূবিহিম্ ফাহুম্ লা- ইয়াফ্ক্বাহূন্ । ৮৮ । লা-কিনির্ রাসূলু ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ জ্বা-হাদূ
পছন্দ করেছে তাদের অন্তরে মোহর মারা হয়েছে, ফলে তারা কিছুই বুঝে না। (৮৮) কিন্তু রাসূল এবং তাঁর সাথে যারা ঈমান

بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ ۚ وَأُولٰئِكَ لَهُمُ الْخَيْرٰتُ ۖ وَأُولٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ

বিআম্ওয়া- লিহিম্ ওয়া আন্ফুসিহিম্, ওয়া উলা—ইকা লাহুমুল্ খাইরা-তু ওয়া উলা—ইকাহুমুল্ মুফলিহূন্।
এনেছে তারা তাদের ধন-সম্পদ এবং জীবন দিয়ে যুদ্ধ করেছে তাদের জন্যই কল্যাণ রয়েছে এবং তারাই সফলকাম।

﴿٨٨﴾ أَعَدَّ اللّٰهُ لَهُمْ جَنّٰتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهٰرُ خٰلِدِينَ فِيهَا ۚ ذٰلِكَ الْفَوْزُ

৮৯ । আ'আদ্দাল্লা-হু লাহুম্ জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু খা-লিদীনা ফীহা-; যা-লিকাল ফাওযুল
(৮৯) তাদের জন্য আল্লাহ এমন জান্নাত প্রস্তুত করে রেখেছেন যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরকাল থাকবে, এটাই বিরাট

১১ ع ১৭ রুকূ

الْعَظِيمُ ﴿٨٩﴾ وَجَاءَ الْمُعَذِّرُونَ مِنَ الْأَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِينَ

'আযীম্ । ৯০ । ওয়া জ্বা—আল্ মু'আয্যিরূনা মিনাল আ'রা-বি লিইয়ু' যানা লাহুম্ ওয়া ক্বা'আদাল্লাযীনা
সফলতা, (৯০) (আরব) বেদুঈনদের মধ্য হতে অজুহাতকারী কিছু লোক উপস্থিত হল, যাতে তাদেরকে অনুমতি দেয়া হয় এবং যারা

كَذَبُوا اللّٰهَ وَرَسُولَهٗ ۚ سَيُصِيبُ الَّذِينَ كَفَرُوا مِنْهُمْ عَذَابٌ أَلِيمٌ

কাযাবুল্লা-হা ওয়া রাসূলাহূ, সাইয়ুস্বীবুল্লাযীনা কাফারূ মিনহুম্ 'আযা-বুন্ আলীম্।
আল্লাহ ও তাঁর রাসূলকে মিথ্যা বলেছে তারা একেবারে বসে থাকল। অতিশীঘ্রই তাদের মধ্যে যারা কাফির তাদের যন্ত্রণাদায়ক শাস্তি হবে,

﴿٩٠﴾ لَيْسَ عَلَى الضُّعَفَاءِ وَلَا عَلَى الْمَرْضٰى وَلَا عَلَى الَّذِينَ لَا يَجِدُونَ مَا يُنْفِقُونَ

৯১ । লাইসা 'আলাদ্ব দ্বু'আফা—য়ি ওয়া লা- 'আলাল্ মার্দ্বা- ওয়া লা-'আলাল লাযীনা লা- ইয়াজ্বিদূনা মা- ইয়ুন্ফিকূনা
(৯১) দুর্বল, পীড়িত এবং যারা ব্যয় করার সামর্থ্য রাখে না, তাদের উপর কোনই গুনাহ্ নেই যদি তারা

حَرَجٌ إِذَا نَصَحُوا لِلّٰهِ وَرَسُولِهٖ ۚ مَا عَلَى الْمُحْسِنِينَ مِنْ سَبِيلٍ ۚ وَاللّٰهُ غَفُورٌ

হ্বারাজুন ইযা নাস্বাহূ লিল্লা-হি ওয়া রাসূলিহী, মা- 'আলাল মুহ্বসিনীনা মিন্ সাবীল্, ওয়াল্লা-হু গাফূরুর্
আল্লাহ ও তাঁর রাসূলের উপর দৃঢ় আস্থা রাখে, এ ধরনের নেককারগণের উপর কোনই অভিযোগ নেই। আল্লাহ ক্ষমাশীল, পরম

رَّحِيمٌ ﴿٩١﴾ وَلَا عَلَى الَّذِينَ إِذَا مَا أَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَا أَجِدُ مَا أَحْمِلُكُمْ

রাহ্বীম্ । ৯২ । ওয়ালা- 'আলাল্লাযীনা ইযা- মা~আতাওকা লিতাহ্বমিলাহুম্ কুল্তা লা~আজ্বিদু মা~আহ্বমিলুকুম্
দয়ালু। (৯২) তাদের উপরও কোন অভিযোগ নেই, যারা আপনার কাছে আসছিল এজন্য যে তাদেরকে আপনি বাহন (যুদ্ধের সাওয়ারী) সরবরাহ করে দিবেন, তখন আপনি বলেছিলেন,

عَلَيْهِ ۪ تَوَلَّوْا وَّأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلَّا يَجِدُوا مَا يُنْفِقُونَ

'আলাইহি; তাওয়াল্লাও ওয়া আ'ইয়ুনুহুম্ তাফীদ্বু মিনাদ্দাম্'ই হ্বাযানান্ আল্লা- ইয়াজ্বিদূ মা- ইয়ুন্ফিকূন্।
আমার নিকট তোমাদের জন্য কোন বাহন (সাওয়ারী) নেই, তখন তারা দুঃখ নিয়ে অশ্রু প্রবাহিত নয়নে ফিরে গেল, এজন্য যে তারা (নিজের থেকে) কোন কিছু ব্যয় করার সামর্থ্য রাখে না।

﴿٩٢﴾ إِنَّمَا السَّبِيلُ عَلَى الَّذِينَ يَسْتَأْذِنُونَكَ وَهُمْ أَغْنِيَاءُ ۚ رَضُوا بِأَنْ

৯৩। ইন্নামাস্ সাবীলু 'আলাল্লাযীনা ইয়াস্তা'যিনূনাকা ওয়াহুম্ আগনিইয়া—উ ; রাদ্বূ বি আই
(৯৩) তাদের ব্যাপারেই অভিযোগ যারা অভাবমুক্ত হয়েও আপনার কাছে অনুমতি প্রার্থনা করে, তারা

يَكُونُوا مَعَ الْخَوَالِفِ ۙ وَطَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُونَ

ইয়াকূনূ মা'আল্ খওয়া-লিফি; ওয়া ত্বাবা'আল্লা-হু 'আলা- কুলূবিহিম্ ফাহুম্ লা- ইয়া'লামূন্।
ঘরে বসা মহিলাদের সাথে থাকাই পছন্দ করেছিল। আল্লাহ তাদের অন্তরে মোহর লাগিয়ে দিয়েছেন। তারা তা জানে না।

۝ يعتذرون اليكم اذا رجعتم اليهم ط قل لا تعتذروا لن نؤمن لكم

৯৪। ইয়া'তাযিরূনা ইলাইকুম্ ইযা- রাজ্বা'তুম্ ইলাইহিম, কুল্ লা- তা'যিরূ লান নু'মিনা লাকুম

(৯৪) যখন তোমরা তাদের কাছে ফিরে আসবে, তখন তারা তোমাদের সামনে ওজর পেশ করবে। আপনি বলুন, তোমরা ওজর পেশ কর না। আমরা তোমাদেরকে কখনই

قد نبانا الله من اخباركم ط وسيرى الله عملكم ورسوله ثم تردون

ক্বাদ নাব্বাআনাল্লা-হু মিন্ আখ্বা-রিকুম; ওয়া সাইয়ারাল্লা-হু 'আমালাকুম্ ওয়া রাসূলুহূ ছুম্মা তুরাদ্দূনা

বিশ্বাস করব না। আল্লাহ আমাদেরকে তোমাদের সকল তথ্য জানিয়ে দিয়েছেন এবং শীঘ্রই আল্লাহ এবং তাঁর রাসূল তোমাদের কার্যসমূহ দেখবেন অতঃপর তোমরা

الى علم الغيب والشهادة فينبئكم بما كنتم تعملون ۝ سيحلفون بالله

ইলা 'আ-লিমিল গাইবি ওয়াশ্‌শাহা-দাতি ফাইউনাব্বিউকুম বিমা- কুনতুম তা'মালূন। ৯৫। সাইয়াহ্বলিফূনা বিল্লা-হি

প্রত্যাবর্তিত হবে এমন সত্তার নিকট যিনি দৃশ্য ও অদৃশ্য সকল বিষয় অবগত। অতঃপর তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন যা তোমরা করতে। (৯৫) তারা তখন তোমাদের

لكم اذا انقلبتم اليهم لتعرضوا عنهم ط فاعرضوا عنهم ط انهم رجس ز

লাকুম ইয়ান্‌ক্বালাবতুম ইলাইহিম লিতু'রিদ্বূ 'আন্‌হুম ; ফাআ'রিদূ 'আন্‌হুম, ইন্নাহুম রিজ্বসুঁও

সামনে আল্লাহর শপথ করবে, যখন তোমরা তাদের কাছে ফিরে যাবে, যাতে তোমরা তাদেরকে উপেক্ষা কর। তাই তোমরা তাদেরকে বর্জন করবে। নিশ্চয়ই

وماوىهم جهنم ج جزاء بما كانوا يكسبون ۝ يحلفون لكم لترضوا

ওয়া মা'ওয়া-হুম জ্বাহান্নাম, জ্বাযা—আম্ বিমা- কা-নু ইয়াক্‌সিবূন। ৯৬। ইয়াহ্বলিফূনা লাকুম লিতারদ্বাও

তারা অপবিত্র এবং তাদের কৃতকর্মের বিনিময় তাদের ঠিকানা হবে জাহান্নাম। (৯৬) তারা এজন্য তোমাদের সামনে শপথ করে যে,

عنهم ج فان ترضوا عنهم فان الله لا يرضى عن القوم الفسقين ۝

'আন্‌হুম, ফাইন তারদ্বাও 'আন্‌হুম ফাইন্নাল্লা-হা লা- ইয়ারদ্বা- 'আনিল্‌ক্বাওমিল্ ফা-সিক্বীন।

তোমরা তাদের প্রতি সন্তুষ্ট হয়ে যাও। তোমরা তাদের প্রতি সন্তুষ্ট হলেও, আল্লাহ পাপী লোকদের প্রতি সন্তুষ্ট হবেন না।

۝ الاعراب اشد كفرا ونفاقا واجدر الا يعلموا حدود ما انزل الله

৯৭। আল্ আ'রা-বু আশাদ্দু কুফরাওঁ ওয়া নিফা-ক্বাওঁ ওয়া আজ্বদারু আল্লা-ইয়া'লামূ হুদূদা মা~আন্‌যালাল্লা-হু

(৯৭) বেদুঈন লোকেরা কুফরী ও মুনাফেকীতে অত্যন্ত কঠোর এবং আল্লাহ যা তাঁর রাসূলের প্রতি অবতীর্ণ করেছেন তার

على رسوله ط والله عليم حكيم ۝ ومن الاعراب من يتخذ ما ينفق

'আলা- রাসূলিহ্, ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম। ৯৮। ওয়া মিনাল্ আ'রা-বি মাইঁ ইয়াত্তাখিযু মা- ইউন্‌ফিক্বু

সীমা জানবার অযোগ্য। আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়। (৯৮) এবং বেদুঈনদের মধ্যে কতিপয় এমন আছে যারা যা কিছু ব্যয় করে

○ টীকা (আঃ ৯৫) ঃ কেননা, মুনাফেকী ও বিরোধিতার কারণে তাদের হৃদয় অপবিত্র হয়ে রয়েছে। তাদের আচরণে বাধা দিলে কোন সংশোধনের আশা নেই। অতএব, তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দেয়াই সঙ্গত। ○ টীকা (আঃ ৯৭) ঃ উপরোক্ত আয়াতগুলোতে আলোচ্য মুনাফিকদের সম্বন্ধে তিন প্রকারের ব্যবস্থা অবলম্বন করতে বলা হয়েছে– (ক) তাদের ওযর পেশ করার উত্তরে পরিষ্কার বলে দাও যে, তোমরা ওযর পেশ করো না, আমরা তা বিশ্বাস করি না। (খ) তাদের স্বাধীন আচরণে বাধা না দিয়ে তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দাও। (গ) তাদের প্রতি সন্তুষ্ট হয়ো না। কেননা, খোদা যখন তাদের প্রতি সন্তুষ্ট নয়, তখন মু'মিনদের জন্যও তা নিষিদ্ধ। (বঃ কোঃ)

مغرما ويتربص بكم الدوائر ط عليهم دائرة السوء ط والله سميع عليم ۝

মাগ্‌রামাওঁ ওয়া ইয়াতারাব্বাসু বিকুমুদ্দাওয়া—য়ির; 'আলাইহিম দা—য়িরাতুস্‌সাওয় ; ওয়াল্লা-হু সামী'উন 'আলীম।

তা জরিমানা মনে করে এবং তোমাদের জন্য দুর্দিনের অপেক্ষা করছে। দুর্দিনের পালা তাদের উপরই। আল্লাহ সর্বশ্রোতা, মহাজ্ঞানী।

۝ ومن الاعراب من يؤمن بالله واليوم الاخر ويتخذ ما ينفق

৯৯। ওয়া মিনাল্ আ'রা-বি মাইঁ ইউ'মিনু বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়াইয়াত্তাখিযু মা ইউন্‌ফিক্বু

(৯৯) বেদুঈনদের কেউ কেউ এমনও আছে যে, আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি ঈমান রাখে এবং যা কিছু ব্যয় করে

قربت عند الله وصلوت الرسول ط الا انها قربة لهم ط سيدخلهم الله

ক্বুরুবা-তিন 'ইন্‌দাল্লা-হি ওয়া স্বালাওয়া-তির রাসূল, আলা~ইন্নাহা- ক্বুর্‌বাতুল্লাহুম, সাই'উদখিলুহুমুল্লা-হু

তা আল্লাহর নৈকট্য ও রাসূলের দোয়া লাভের মাধ্যম মনে করে, মনে রেখ, তা তাদের জন্য আল্লাহর নৈকট্য লাভেরই মাধ্যম। তাদেরকে আল্লাহ দাখিল

১২
ع১৩
১ রুকু

في رحمته ط ان الله غفور رحيم ۝ والسبقون الاولون من المهجرين

ফী রাহ্‌মাতিহ্, ইন্নাল্লা-হা গাফূরুররাহীম। ১০০। ওয়াস্‌সা-বিক্বূনাল্ আউওয়ালূনা মিনাল মুহা-জ্বিরীনা

করবেন তাঁর রহমতের মধ্যে, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (১০০) মুহাজির ও আনসারদের মধ্যে যারা প্রথম

والانصار والذين اتبعوهم باحسان لا رضي الله عنهم ورضوا عنه و

ওয়াল আন্‌স্বা-রি ওয়াল্লাযীনাত্তাবা'উহুম বিইহ্‌সা-নির রাদ্বিওঁয়াল্লা-হু 'আন্‌হুম ওয়া-রাদ্বূ 'আনহু ওয়া

অগ্রগামী এবং যারা আন্তরিকতার সাথে তাদের অনুসরণ করেছে, আল্লাহ তাদের উপর সন্তুষ্ট এবং তারাও তাঁর প্রতি সন্তুষ্ট আর

اعد لهم جنت تجري تحتها الانهر خلدين فيها ابدا ط ذلك الفوز العظيم ۝

আ'আদ্দা লাহুম জ্বান্না-তিন তাজ্বরী তাহ্‌তাহাল আন্‌হা-রু খা-লিদীনা ফীহা~আবাদা, যালিকাল্, ফাওযুল 'আজীম।

তিনি তাদের জন্য তৈরী করেছেন এমন জান্নাত যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা সর্বদা থাকবে, এটা বিরাট সফলতা।

মা'আ ঃ ৫ ل ওয়াক্‌ফে মঞ্জিল

۝ وممن حولكم من الاعراب منفقون ط ومن اهل المدينة قف مردوا

১০১। ওয়া মিম্মান হাওলাকুম মিনাল্ আ'রা-বি মুনা-ফিক্বূনা ওয়া মিন আহ্‌লিল্ মাদীনাতি মারাদূ

(১০১) তোমাদের চারপাশে বেদুঈনদের মধ্যে কিছু লোক এবং মদীনাবাসীদের মধ্যে কিছু লোক মুনাফিক (রয়েছে)

على النفاق قف لا تعلمهم ط نحن نعلمهم ط سنعذبهم مرتين ثم يردون

'আলান্নিফা-ক্বি লা- তা'লামুহুম, নাহ্‌নু না'লামুহুম; সানু'আয্‌যিবুহুম্ মার্‌রাতাইনি ছুম্মা ইউরাদ্দূনা

যারা মুনাফেকীতে দৃঢ়। আপনি তাদেরকে জানেন না, আমি তাদেরকে জানি, আমি তাদেরকে দু'বার শাস্তি দিব অতঃপর তারা

○ টীকা (আঃ ১০০) ঃ 'সাবেক এবং অগ্রবর্তী' বলতে সমস্ত মুহাজের ও আনছারকে, আর 'তাদের অনুগামী' বলতে সমস্ত মু'মিনদেরকে বুঝান হয়েছে। অনুগামীদের মধ্যে আনছার ও মুহাজের ব্যতীত অন্যান্য সাহাবীগণও রয়েছেন। তাঁদের স্থান সাধারণ মু'মিনগণের উর্ধ্বে। দেখা যায়, ইসলাম গ্রহণের ব্যাপারে অগ্রবর্তিতা হিসাবেই ফযীলত ও মর্যাদার তারতম্য হয়েছে। কেননা, পূর্ববর্তী লোকদের ঈমান আনয়ন দেখে পরবীর্ত লোকেরা ঈমান এনেছে। কাজেই পূর্ববর্তী লোকগণ পরবর্তীদের পথ প্রদর্শক হলেন। মর্যাদার তারতম্য অনুসারে সওয়াবেরও তারতম্য হবে। অর্থাৎ, অগ্রবর্তীগণ বেহেশতের উচ্চস্তর এবং উত্তম স্থান প্রাপ্ত হবেন এবং খোদার সন্তুষ্টিও অধিক লাভ করবেন। (বঃ কোঃ)

إِلٰى عَذَابٍ عَظِيْمٍ ۝ وَاٰخَرُوْنَ اعْتَرَفُوْا بِذُنُوْبِهِمْ خَلَطُوْا عَمَلًا صَالِحًا وَّاٰخَرَ

ইলা- 'আযাবিন 'আযীম। ১০২। ওয়া আ-খারূনা'তারাফূ বিযুনূবিহিম খালাতূ 'আমালান স্বা-লিহাও ওয়া আ-খারা
ভীষণ শাস্তির দিকে প্রত্যাবর্তিত হবে (১০২) এবং অপর কতিপয় লোক যারা তাদের পাপ স্বীকার করেছে, তারা মিশিয়ে ফেলেছে নেক আমল ও খারাপ

سَيِّئًا ۭ عَسَى اللّٰهُ اَنْ يَّتُوْبَ عَلَيْهِمْ ۭ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝ خُذْ مِنْ اَمْوَالِهِمْ

সাইয়্যিআ-; 'আসাল্লা-হু আঁই ইয়াতূবা 'আলাইহিম, ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ১০৩। খুয্ মিন্ আমওয়া-লিহিম
আমল, আশা করা যায়, আল্লাহ তাদের তওবা কবুল করবেন। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (১০৩) তাদের মালসমূহ হতে

صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ۭ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ ۭ

স্বাদাক্বাতান তুত্বাহ্হিরুহুম ওয়া তুযাক্কীহিম বিহা- ওয়া স্বাল্লি আলাইহিম, ইন্না স্বালা-তাকা সাকানুল্লাহুম;
আপনি সদকা গ্রহণ করবেন, এর দ্বারা তাদেরকে পবিত্র করবেন ও পরিশুদ্ধ করবেন এবং তাদের জন্য দোয়া করবেন। নিশ্চয়ই আপনার দোয়া তাদের জন্য প্রশান্তি

وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝ اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ

ওয়াল্লা-হু সামী'উন 'আলীম। ১০৪। আলাম ইয়া'লামূ~আন্নাল্লা-হা হুওয়া ইয়াক্ববালুত্ তাওবাতা 'আন 'ইবা-দিহী
স্বরূপ। আল্লাহ খুব শ্রবণকারী, মহাজ্ঞানী। (১০৪) তারা কি জানে না যে, আল্লাহ তাঁর বান্দাদের তওবা কবুল করেন এবং সদকা গ্রহণ করেন?

وَيَاْخُذُ الصَّدَقٰتِ وَاَنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ۝ وَقُلِ اعْمَلُوْا فَسَيَرَى

ওয়া ইয়া'খুযুস্বাদাক্বা-তি ওয়া আন্নাল্লা-হা হুয়াত্ তাওয়্যা-বুর রাহীম। ১০৫। ওয়া কুলি'মালূ ফাসাইয়ারা
নিশ্চয় আল্লাহ তওবা কবুলকারী, পরম দয়ালু। (১০৫) আর আপনি বলুন, তোমরা আমল করতে থাক, আল্লাহ তোমাদের আমলসমূহ

اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ وَالْمُؤْمِنُوْنَ ۭ وَسَتُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ

ল্লা-হু 'আমালাকুম ওয়া রাসূলুহূ ওয়াল্ মু'মিনূন, ওয়া সাতুরাদ্দূনা ইলা- 'আ-লিমিল্ গাইবি ওয়াশ্শাহা-দাতি
দেখবেন, এবং তাঁর রাসূল ও মুমিনগণও এবং অদৃশ্য ও প্রকাশ্যের পরিজ্ঞাতার নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে। অতঃপর তিনি তোমাদেরকে জানিয়ে

فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝ وَاٰخَرُوْنَ مُرْجَوْنَ لِاَمْرِ اللّٰهِ اِمَّا يُعَذِّبُهُمْ

ফাইউনাব্বিউকুম বিমা- কুনতুম তা'মালূন। ১০৬। ওয়া আ-খারূনা মুরজ্বাওনা লিআমরিল্লা-হি ইম্মা- ইউ'আয্যিবুহুম
দিবেন যা তোমরা করতে। (১০৬) আর অন্য কতিপয় লোক রয়েছে যাদের ব্যাপারে আল্লাহর নির্দেশের অপেক্ষায় সিদ্ধান্ত স্থগিত রয়েছে, তিনি তাদেরকে

وَاِمَّا يَتُوْبُ عَلَيْهِمْ ۭ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝ وَالَّذِيْنَ اتَّخَذُوْا مَسْجِدًا ضِرَارًا

ওয়া ইম্মা- ইয়াতূবু 'আলাইহিম, ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম। ১০৭। ওয়াল্লাযীনাত্ তাখাযূ মাসজ্বিদান দ্বিরা রাওঁ
শাস্তি দিবেন, না তাদের মাফ করবেন। আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (১০৭) আর যারা মসজিদ নির্মাণ করেছে ক্ষতি সাধন ও

○ শানে নুযূল (আঃ ১০৭) ঃ والذين اتخذوا مسجدا - মদীনার আবু আমের নামের এক ব্যক্তি রাসূলের (সা) বিরোধিতায় সর্বদাই মশগুল থাকত। বদর যুদ্ধের পর মদীনা শরীফ গিয়ে কাফিরদের সাথে একত্রিত হয় এবং অহুদ, হোনাইন যুদ্ধসহ অনেক যুদ্ধেই মুসলমানদের বিরুদ্ধে লড়াই করেছে। পরিশেষে রোমের বাদশাহর কাছে গিয়েও তাকে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য উদ্বুদ্ধ করেছিল। সেখান থেকে সে মুনাফিকদের কাছে একটি চিঠি লিখল যে, "তোমরা মসজিদে কোবার সামনে তোমাদের এলাকায় আমার জন্য একটি মসজিদ নির্মাণ কর। আমি মদীনায় যখন আসব তখন সেখানে বসে সকল কর্মসূচী নির্ধারণ করব। মুনাফিকরা মসজিদ নির্মাণ করল। রাসূলুল্লাহ (সা) তাবুকের যুদ্ধে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন এমনি সময় মসজিদ নির্মাণকারীদের কতিপয় লোক এসে তাঁকে উক্ত মসজিদে এক ওয়াক্ত নামায আদায় করার জন্য অনুরোধ জানালেন। রাসূলুল্লাহ (সা) তাবুকের যুদ্ধ থেকে প্রত্যাবর্তনের সময় মসজিদে নামায পড়ার ওয়াদা দিলেন। তখন "মসজিদে যেরার" সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

وَّكُفْرًا وَّتَفْرِيْقًا بَيْنَ الْمُؤْمِنِيْنَ وَاِرْصَادًا لِّمَنْ حَارَبَ اللّٰهَ وَرَسُوْلَهٗ مِنْ

ওয়া কুফ্রাওঁ ওয়া তাফরীক্বাম্ বাইনাল্ মু'মিনীনা ওয়া ইর্স্বা-দাল্লিমান্ হ্বারাবাল্ লা-হা ওয়া রাসূলাহূ মিন্
কুফরী করার জন্য এবং মুমিনগণের মধ্যে পার্থক্য সৃষ্টি করার জন্য এবং তাদের জন্য ঘাঁটি স্থাপনের উদ্দেশ্যে যারা এর পূর্বে যুদ্ধ করেছে আল্লাহ ও তাঁর

قَبْلُ ۭ وَلَيَحْلِفُنَّ اِنْ اَرَدْنَآ اِلَّا الْحُسْنٰى ۭ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ۝

ক্বাব্ল, ওয়ালা ইয়াহ্লিফুন্না ইন্ আরাদ্না~ইল্লাল্হুসনা-, ওয়াল্লা-হু ইয়াশ্হাদু ইন্নাহুম লাকা-যিবূন।
রাসূলের বিরুদ্ধে, তারা অবশ্যই শপথ করবে যে, আমরা সৎ উদ্দেশ্যেই এ কাজ করেছি অথচ আল্লাহ সাক্ষী, নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

۝ لَا تَقُمْ فِيْهِ اَبَدًا ۭ لَمَسْجِدٌ اُسِّسَ عَلَى التَّقْوٰى مِنْ اَوَّلِ يَوْمٍ اَحَقُّ اَنْ

১০৮। লা- তাক্বুম ফীহি আবাদান, লামাসজ্বিদুন উস্সিসা 'আলাত্তাক্বাওয়া- মিন্ আউওয়্যালি ইয়াওমিন্ আহ্বাক্কু আন্
(১০৮) আপনি কখনও দাঁড়াবেন না অবশ্য যে মসজিদ প্রতিষ্ঠিত হয়েছে প্রথম দিন থেকেই তাকওয়ার উপর, সেটাই যথাযথস্থান যে আপনি

تَقُوْمَ فِيْهِ ۭ فِيْهِ رِجَالٌ يُّحِبُّوْنَ اَنْ يَّتَطَهَّرُوْا ۭ وَاللّٰهُ يُحِبُّ الْمُطَّهِّرِيْنَ ۝

তাক্বূমা ফীহ; ফীহি রেজ্বালুঁই ইউহ্বিব্বূনা আইঁ ইয়াতাত্বাহ্হারূ, ওয়াল্লা-হু ইউহ্বিব্বুল মুত্ত্বাহ্হিরীন।
সেখানে দাঁড়াবেন। সেখানে এমন লোকও আছে যারা পবিত্রতাকে ভালবাসে। আর আল্লাহ পবিত্র অর্জনকারীগণকে ভালবাসেন।

۝ اَفَمَنْ اَسَّسَ بُنْيَانَهٗ عَلٰى تَقْوٰى مِنَ اللّٰهِ وَرِضْوَانٍ خَيْرٌ اَمْ مَّنْ اَسَّسَ

১০৯। আফামান আস্সসা বুনইয়া-নাহূ 'আলা-তাক্বওয়া- মিনাল্লা-হি ওয়া রিদ্বওয়ানিন্ খাইরুন আম্মান আস্সাসা
(১০৯) যে ব্যক্তি তাঁর ভবনের ভিত্তি আল্লাহ ভীতি ও আল্লাহর সন্তুষ্টির জন্য স্থাপন করে সে উত্তম? না যে তার ভবনের ভিত্তি স্থাপন

بُنْيَانَهٗ عَلٰى شَفَا جُرُفٍ هَارٍ فَانْهَارَ بِهٖ فِيْ نَارِ جَهَنَّمَ ۭ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ

বুনইয়া-নাহূ 'আলা শাফা জুরুফিন্ হা-রিন ফান্হা-রা বিহী ফী না-রিজ্বাহান্নাম, ওয়াল্লা-হু লা-ইয়াহ্দিল্ ক্বা-ওমায
করে এমন গর্তের কিনারায় যা ধ্বংসের মুখোমুখী। ফলে যা তাদেরসহ জাহান্নামের আগুনে পতিত হয়? আল্লাহ অত্যাচারী সম্প্রদায়কে

الظّٰلِمِيْنَ ۝ لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِىْ بَنَوْا رِيْبَةً فِيْ قُلُوْبِهِمْ اِلَّآ اَنْ تَقَطَّعَ

যা-লেমীন। ১১০। লা ইয়াযা-লু বুন্ইয়া-নু হুমুল্লাযী বানাওরীবাতান ফী ক্বুলূবিহিম ইল্লা~আন্ তাক্বাত্ত্বা'আ
হেদায়াত করেন না। (১১০) তারা যে ভবন নির্মাণ করেছে তা তাদের অন্তরে সর্বদা সন্দেহ সৃষ্টি করতে থাকবে যে পর্যন্ত না তাদের

১৩ ৪১ ২ রুকূ

قُلُوْبُهُمْ ۭ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝ اِنَّ اللّٰهَ اشْتَرٰى مِنَ الْمُؤْمِنِيْنَ اَنْفُسَهُمْ

ক্বুলূবুহুম, ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম। ১১১। ইন্নাল্লা-হাশ্তারা- মিনাল্মু'মিনীনা আন্ফুসাহুম
অন্তর টুকরো টুকরো হয়ে যায়। আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (১১১) নিশ্চয়ই আল্লাহ মুমিনদের থেকে তাদের জান ও মাল ক্রয় করে

وَاَمْوَالَهُمْ بِاَنَّ لَهُمُ الْجَنَّةَ ۭ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَيَقْتُلُوْنَ وَيُقْتَلُوْنَ ۣ

ওয়া আমওয়া-লাহুম বিআন্না লাহুমুল্ জ্বান্নাহ, ইউক্বাতিলূনা ফী সাবীলিল্লা-হি ফাইয়াক্বতুলূনা ওয়া ইউক্বতালূন।
নিয়েছেন এর বিনিময়ে যে, তাদের জন্য জান্নাত রয়েছে, তারা আল্লাহর রাস্তায় যুদ্ধ করে, তারা হত্যা করে ও নিহত হয়।

وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرٰىةِ وَالْاِنْجِيْلِ وَالْقُرْاٰنِ ؕ وَمَنْ اَوْفٰى بِعَهْدِهٖ

ওয়া'দান 'আলাইহি হাক্বক্বান ফীত্তাওরা-তি ওয়াল্ ইনজীলি ওয়াল্ কুরআন, ওয়া মান্ আওফা- বি'আহদিহী

এ ব্যাপারে সত্য প্রতিশ্রুতি দেয়া হয়েছে তাওরাত, ইঞ্জিল ও কুরআনে। আল্লাহর চেয়ে অধিক প্রতিশ্রুতি রক্ষাকারী আর

مِنَ اللّٰهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمُ الَّذِيْ بَايَعْتُمْ بِهٖ ؕ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ

মিনাল্লা-হি ফাস্তাব্শিরূ বিবাই'য়িকুমুল্লাযী বা-ইয়া'তুম বিহ, ওয়া যা-লিকা হুওয়াল্ ফাউযুল

কে আছে? তোমরা খুশী থাক সে ক্রয়-বিক্রয়ের উপর যা তোমরা ক্রয় করেছ। এবং এটাই বিরাট

الْعَظِيْمُ ﴿١١١﴾ اَلتَّآئِبُوْنَ الْعٰبِدُوْنَ الْحٰمِدُوْنَ السَّآئِحُوْنَ الرّٰكِعُوْنَ السّٰجِدُوْنَ

'আযীম। ১১২। আত্তা—য়িবূনাল্ 'আ-বিদূনাল্ হা-মিদূনাস সা—য়িহূনার রা-কি'উনাস্ সা-জিদূনাল্

সাফল্য। (১১২) তারা তওবাকারী, ইবাদাতকারী, প্রশংসাকারী, রোযা পালনকারী, রুকূ ও সিজদাকারী

الْاٰمِرُوْنَ بِالْمَعْرُوْفِ وَالنَّاهُوْنَ عَنِ الْمُنْكَرِ وَالْحٰفِظُوْنَ لِحُدُوْدِ اللّٰهِ ؕ

আ-মিরূ না বিলমা'রূফি ওয়ান্না-হূনা 'আনিল্ মুন্কারি ওয়াল্ হা-ফিযূনা লিহুদূদিল্লা-হ,

নেক কাজের নির্দেশদাতা, অসৎ কাজের নিষেধকারী এবং আল্লাহর সীমারেখার হেফাজাতকারী। এসব মুমিনগণকে

وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿١١٢﴾ مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ يَّسْتَغْفِرُوْا لِلْمُشْرِكِيْنَ

ওয়া বাশ্শিরিল্ মুমিনীন। ১১৩। মা-কা-না লিন্নাবিয়্যি ওয়াল্লাযীনা আ-মানূ~আইঁইয়াস্তাগ্ফিরূ- লিল্মুশ্রিকীনা

আপনি সুসংবাদ জানিয়ে দিন। (১১৩) নবী এবং মুমিনগণের জন্য শোভনীয় নয় যে, তারা ক্ষমা প্রার্থনা করবে মুশরিকদের

وَلَوْ كَانُوْٓا اُولِيْ قُرْبٰى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ اَنَّهُمْ اَصْحٰبُ الْجَحِيْمِ ۝

ওয়া লাও কানূ~উলী কুরবা- মিম্ বা'দি মা- তাবাইয়্যানা লাহুম আন্নাহুম আস্হা-বুল্ জাহীম।

জন্য যদিও তারা তাদের অতি নিকটতম আত্মীয় হয়, যখন তাদের ব্যাপারে এটা সুস্পষ্ট হয়ে গেছে যে, তারা জাহান্নামী।

﴿١١٣﴾ وَمَا كَانَ اسْتِغْفَارُ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ اِلَّا عَنْ مَّوْعِدَةٍ وَّعَدَهَآ اِيَّاهُ ۚ فَلَمَّا

১১৪। ওয়া মা-কা-না-স্তিগ্ফা-রু ইবরা-হীমা লিআবীহি ইল্লা 'আম্মাও'ইদাতিওঁ ওয়া 'আদাহা~ইয়্যাহ,ফালাম্মা-

(১১৪) ইবরাহীম তাঁর পিতার জন্য ক্ষমা প্রার্থনা করেছিলেন প্রতিশ্রুতি দেয়ার কারণে, যা তিনি তার সাথে করেছিলেন। যখন তার ব্যাপারে একথা স্পষ্ট

تَبَيَّنَ لَهٗٓ اَنَّهٗ عَدُوٌّ لِّلّٰهِ تَبَرَّاَ مِنْهُ ؕ اِنَّ اِبْرٰهِيْمَ لَاَوَّاهٌ حَلِيْمٌ ﴿١١٤﴾ وَمَا كَانَ اللّٰهُ

তাবাইয়্যানা লাহূ আন্নাহূ~'আদুওউল লিল্লা-হি তাবাররাআ মিনহ; ইন্না ইবরা-হীমা লাআওওয়াহুন হালীম। ১১৫। ওয়ামা- কা-নাল্লা-হ

হয়ে গেল যে, সে আল্লাহর দুশমন, তখন তিনি তার থেকে একেবারে সম্পর্ক ছিন্ন করলেন, নিশ্চয় ইবরাহীম নরম দেল ও ধৈর্যশীল। (১১৫) আল্লাহ এমন নন

○ শানে নুযূল (আঃ ১১৩) ঃ ......ما كان للنبى - রাসূলুল্লাহ (স) যখন তাঁর চাচা আবু তালেবের মৃত্যুর পূর্ব মুহূর্তে তার ঈমান গ্রহণের ব্যাপারে নিরাশ হয়ে গেলেন, তখন তিনি তাঁর চাচার কাছে ওয়াদা দিলেন যে, "যতক্ষণ পর্যন্ত আল্লাহ তায়ালার পক্ষ হতে আমাকে নিষেধ না করা হবে ততক্ষণ পর্যন্ত আমি আপনার জন্য ক্ষমা প্রার্থনা করব।" তার মৃত্যুর পরে রাসূলুল্লাহ (সা) তাঁর জন্য ক্ষমা প্রার্থনা করলেন। সাহাবাগণ (রা) যখন এ ঘটনা জানতে পারলেন; তখন তাঁরাও বলতে লাগলেন, আমরা কেন আমাদের পিতৃ পুরুষদের জন্য দোয়া করব না! যেখানে হযরত ইবরাহীম খলীলুল্লাহ (আ) তাঁর পিতার জন্য এবং আমাদের রাসূল (সা) তাঁর চাচার জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

لِيُضِلَّ قَوْمًا بَعْدَ اِذْ هَدٰىهُمْ حَتّٰى يُبَيِّنَ لَهُمْ مَّا يَتَّقُوْنَ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ

লিইউদ্বিল্লা ক্বাওমাম্ বা'দা ইয্ হাদা-হুম হাত্তা- ইউবাইয়্যিনা লাহুমমা- ইয়াত্তাকূন, ইন্নাল্লা-হা বিকুল্লি

যে, কোন সম্প্রদায়কে হেদায়াত করার পর গোমরাহ করবেন যে পর্যন্ত না তাদের কাছে স্পষ্টভাবে বর্ণনা করেন সেসব বিষয়ে, যা থেকে তাদের

شَيْءٍ عَلِيْمٌ ﴿١١٥﴾ اِنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يُحْيٖ وَيُمِيْتُ ؕ

শাইয়িন 'আলীম। ১১৬। ইন্নাল্লা-হা লাহূ মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব, ইউহ্য়ী ওয়া ইউমীত,

সংযত হতে হবে। নিশ্চয়ই আল্লাহ সকল বিষয়ে সর্বজ্ঞ। (১১৬) আসমান ও যমীনের রাজত্ব একমাত্র আল্লাহরই, তিনিই জীবন

وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١١٦﴾ لَقَدْ تَّابَ اللّٰهُ عَلَى النَّبِيِّ وَ

ওয়ামা- লাকুম মিন দূনিল্লা-হি মিওঁ ওয়ালিয়্যিওঁ ওয়ালা- নাস্বীর। ১১৭। লাক্বাদ তা-বাল্লা-হু 'আলান্নাবিয়্যি ওয়াল্

দান করেন ও মৃত্যু ঘটান এবং তোমাদের জন্য আল্লাহ ব্যতীত কোন বন্ধু ও সাহায্যকারী নেই। (১১৭) নিশ্চয়ই আল্লাহ করুনা করেছেন নবী,

الْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ فِيْ سَاعَةِ الْعُسْرَةِ مِنْ بَعْدِ مَا كَادَ

মুহাজিরীনা ওয়াল্ আন্স্বারিল্ লাযীনাত্তাবা'উহ ফী সা-'আতিল্ 'উস্‌রাতি মিম্‌বা'দি মা-কা-দা

মুহাজির ও আনসারগণের প্রতি, যারা তাঁর অনুসরণ করেছিল কঠিন সময়ে, যখন তাদের এক দলের অন্তর বিচ্যুতির

يَزِيْغُ قُلُوْبُ فَرِيْقٍ مِّنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ ؕ اِنَّهٗ بِهِمْ رَءُوْفٌ رَّحِيْمٌ ۝

ইয়াযীগু কুলূবু ফারীক্বিম্মিনহুম ছুম্মা তা-বা 'আলাইহিম, ইন্নাহূ বিহিম রাউফুর রাহীম।

উপক্রম হয়েছিল। পরে তিনি তাদের উপর করুনা করেছেন। নিশ্চয়ই তিনি তাদের প্রতি স্নেহশীল পরম দয়ালু।

﴿١١٧﴾ وَّعَلَى الثَّلٰثَةِ الَّذِيْنَ خُلِّفُوْا ؕ حَتّٰٓى اِذَا ضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ

১১৮। ওয়া 'আলাছ্ছালা-ছাতিল্লাযীনা খুল্লিফূ; হাত্তা~ইযা- দ্বা-ক্বাত 'আলাইহিমুল্ আরদু বিমা- রাহুবাত

(১১৮) এবং সে তিন ব্যক্তির উপরেও, যারা পিছনে ছিল, যখন পৃথিবী সু-প্রশস্ত হওয়া সত্ত্বেও তাদের জন্য তা সঙ্কুচিত হয়েছিল

وَضَاقَتْ عَلَيْهِمْ اَنْفُسُهُمْ وَظَنُّوْٓا اَنْ لَّا مَلْجَاَ مِنَ اللّٰهِ اِلَّآ اِلَيْهِ ؕ ثُمَّ

. ওয়া দ্বা-ক্বাত 'আলাইহিম আনফুসুহুম ওয়াযান্নূ~আল্লা- মাল্জাআ মিনাল্লা-হি ইল্লা~ইলাইহ, ছুম্মা

এবং তাদের জন্য তাদের জীবন অতিষ্ঠ হয়েছিল এবং তারা বুঝতে পারল যে, আল্লাহ ছাড়া কোন আশ্রয় স্থল নেই; অতঃপর

تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا ؕ اِنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١١٨﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا

তা-বা 'আলাইহিম লিইয়াতূবূ, ইন্নাল্লা-হা হুওয়াত্ত্ তাওওয়া-বুর রাহীম ।১১৯। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ

তিনি তাদের প্রতি করুনার দৃষ্টি নিক্ষেপ করলেন যাতে তারা তওবা করে। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল পরম দয়ালু। (১১৯) হে ঈমানদারগণ!

১৪ (৮) ৩ রুকূ

اتَّقُوا اللّٰهَ وَكُوْنُوْا مَعَ الصّٰدِقِيْنَ ﴿١١٩﴾ مَا كَانَ لِاَهْلِ الْمَدِيْنَةِ وَمَنْ حَوْلَهُمْ

তাকূল্লা-হা ওয়া কূনূ মা'আস্বস্বা-দিক্বীন ১২০। মা- কা-না লিআহলিল মাদীনাতি ওয়া মান্ হাওলাহুম

তোমরা আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সাথী হও। (১২০) মদীনাবাসীদের এবং তাদের আশেপাশের

مِنَ الْاَعْرَابِ اَنْ يَّتَخَلَّفُوْا عَنْ رَّسُوْلِ اللّٰهِ وَلَا يَرْغَبُوْا بِاَنْفُسِهِمْ
মিনাল্ আ'রা-বি আই ইয়াতাখাল্লাফূ 'আর্‌রাসূলিল্লা-হি ওয়ালা- ইয়ার্‌গাবূ বিআন্‌ফুসিহিম
মরুবাসীদের উচিত ছিল না যে, তাদের পিছনে থেকে যাওয়া আল্লাহর রাসূল থেকে, আর তাদের জীবনকে

عَنْ نَّفْسِهٖ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ لَا يُصِيْبُهُمْ ظَمَاٌ وَّلَا نَصَبٌ وَّلَا مَخْمَصَةٌ
'আন্নাফসিহ্, যা-লিকা বি আন্নাহুম লা- ইউস্বীবুহুম যামাউওঁ ওয়ালা- নাস্বাবুওঁ ওয়ালা- মাখ্‌মাস্বাতুন্
তাঁর জীবনের চেয়ে প্রিয় মনে করা। কারণ, আল্লাহর রাস্তায় তাদের

فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا يَطَـُٔوْنَ مَوْطِئًا يَّغِيْظُ الْكُفَّارَ وَلَا يَنَالُوْنَ مِنْ
ফী সাবীলিল্লা-হি ওয়ালা- ইয়াত্বাউনা মাওত্বিআঁইঁইয়াগীজুল কুফফা-রা ওয়া লা- ইয়ানা-লূনা মিন্
তৃষ্ণা, শ্রান্তি, ক্ষুধায় কষ্ট পাওয়া, আর এমন জায়গায় যাওয়া যা কাফিরদের ক্রোধের কারণ হয়ে দাঁড়ায় এবং

عَدُوٍّ نَّيْلًا اِلَّا كُتِبَ لَهُمْ بِهٖ عَمَلٌ صَالِحٌ ؕ اِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ
'আদুওয়িন্নাইলান ইল্লা- কুতিবা লাহুম বিহী 'আমালুন স্বা-লিহুন্ ইন্নাল্লা-হা লা- ইউদ্বীউ আজ্‌রাল্
শত্রুদের থেকে কিছু পাওয়া, এসব কিছু নেক আমল হিসেবে লিপিবদ্ধ করা হয়। আল্লাহ নেককারদের প্রতিদান নষ্ট

الْمُحْسِنِيْنَ ۝ وَلَا يُنْفِقُوْنَ نَفَقَةً صَغِيْرَةً وَّلَا كَبِيْرَةً وَّلَا يَقْطَعُوْنَ
মুহ্‌সিনীন। ১২১। ওয়ালা- ইউন্‌ফিকূনা নাফাক্বাতান স্বাগীরাতাওঁ ওয়ালা কাবীরাতাওঁ ওয়ালা- ইয়াক্বত্বা'উনা
করেন না। (১২১) তারা যা কিছুই ব্যয় করে ছোট হোক বা বড় হোক এবং যে কোন উপত্যকাই অতিক্রম করে, তা তাদের নামে

وَادِيًا اِلَّا كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۝ وَمَا كَانَ
ওয়া-দিয়ান ইল্লা- কুতিবা লাহুম লিইয়াজ্‌যিয়াহুমুল্লা-হু আহ্‌সানা মা-কা-নূ ইয়া'মালূন। ১২২। ওয়ামা- কা-নাল্
লিপিবদ্ধ করা হয়েছে। যাতে আল্লাহ তাদের কৃত আমলসমূহের অধিক উত্তম প্রতিদান দেন তাদের। (১২২) আর মুমিনগণের

الْمُؤْمِنُوْنَ لِيَنْفِرُوْا كَآفَّةً ؕ فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَآئِفَةٌ لِّيَتَفَقَّهُوْا
মু'মিনূনা লিইয়ানফিরূ- কা—ফ্‌ফাহ্, ফালাও লা- নাফারা মিন্ কুল্লি ফিরক্বাতিম্‌মিনহুম ত্বা—য়িফাতুল লিইয়াতাফাক্কাহূ
এটা উচিৎ নয় যে, তারা (যুদ্ধের জন্য) একই সাথে সকলে বের হয়ে পড়বে। তারা কেন বের হয় না, তাদের প্রত্যেকটি দল হতে একটা ক্ষুদ্রদল যাতে

১৫ ع ৪ রুকূ
فِي الدِّيْنِ وَلِيُنْذِرُوْا قَوْمَهُمْ اِذَا رَجَعُوْٓا اِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُوْنَ ۝ ع
ফিদ্দীনি ওয়ালিইয়ুনযিরূ ক্বাওমাহুম ইযা- রাজ্বাউ'~ইলাইহিম লা'আল্লাহুম ইয়াহ্‌যারূন।
দ্বীন সম্পর্কে চর্চা করতে পারে আর নিজ সম্প্রদায়কে ভীতি প্রদর্শন করতে পারে, যখন তারা তাদের নিকট প্রত্যাবর্তন করবে, যাতে তারা সাবধান হয়।

۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قَاتِلُوا الَّذِيْنَ يَلُوْنَكُمْ مِّنَ الْكُفَّارِ وَلْيَجِدُوْا فِيْكُمْ
১২৩। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ ক্বা-তিলুল্লাযীনা ইয়ালূনাকুম্ মিনাল্ কুফ্‌ফা-রি ওয়াল্ ইয়াজিদূ ফীকুম্
(১২৩) হে ঈমানদারগণ! তোমরা যুদ্ধ কর তোমাদের আশে পাশে অবস্থানরত কাফিরদের সাথে, তারা তোমাদের মধ্যে কঠোরতা

এক চতুর্থাংশ

غِلْظَةً ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ۝ وَاِذَا مَآ اُنْزِلَتْ سُوْرَةٌ فَمِنْهُمْ
গিল্‌জাহ্, ওয়া'লামূ~আন্নাল্লা-হা মা'আল মুত্তাক্বীন। ১২৪। ওয়া ইযা মা~উনযিলাত্ সূরাতুন ফামিনহুম
অবলোকন করুক। জেনে রাখ আল্লাহ পরহেজগার লোকদের সাথেই আছেন। (১২৪) যখন কোন সূরা অবতীর্ণ হয় তখন তাদের

مَّنْ يَّقُوْلُ اَيُّكُمْ زَادَتْهُ هٰذِهٖٓ اِيْمَانًا ۚ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَزَادَتْهُمْ اِيْمَانًا وَّهُمْ
মাই ইয়াকূলু আইয়্যুকুম যাদাতহু হা-যিহী ঈমা-না-, ফাআম্মাল্লাযীনা আ-মানূ- ফাযা-দাতহুম ঈমা-নাওঁ ওয়াহুম
কেউ কেউ বলে এ সূরা তোমাদের মধ্যে কারো ঈমানে বাড়িয়ে দিয়েছে? যারা ঈমানদার এ সূরা তাদের ঈমান বাড়িয়ে দিয়েছে এবং তারা আনন্দ

يَسْتَبْشِرُوْنَ ۝ وَاَمَّا الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ فَزَادَتْهُمْ رِجْسًا اِلٰى
ইয়াস্তাব্‌শিরূন। ১২৫। ওয়া আম্মাল্লাযীনা ফী কুলূবিহিম মারাদ্বুন ফাযা-দাত্‌হুম রিজ্‌সান ইলা-
বোধ করছে। (১২৫) যাদের অন্তরে ব্যাধি রয়েছে তাদের খারাপের সাথে আরও

رِجْسِهِمْ وَمَاتُوْا وَهُمْ كٰفِرُوْنَ ۝ اَوَلَا يَرَوْنَ اَنَّهُمْ يُفْتَنُوْنَ فِيْ كُلِّ عَامٍ مَّرَّةً
রিজ্‌সিহিম ওয়া মা-তূ ওয়াহুম কা-ফিরূন। ১২৬। আওয়া লা-ইয়ারাওনা আন্নাহুম ইউফ্‌তানূনা ফী কুল্লি 'আ-মিম্মার্‌রাতান
খারাপ বৃদ্ধি করে এবং তারা কাফির অবস্থায়ই মরে। (১২৬) তারা কি দেখে না যে, তারা প্রতি বছর একবার বা দু'বার

اَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوْبُوْنَ وَلَا هُمْ يَذَّكَّرُوْنَ ۝ وَاِذَا مَآ اُنْزِلَتْ سُوْرَةٌ
আও মার্‌রাতাইনি ছুম্মা লা- ইয়াতূবূনা ওয়া লা-হুম ইয়াযযাক্কারূন। ১২৭। ওয়া ইযা মা~উন্‌যিলাত সূরাতুন্
বিপদগ্রস্ত হয় এরপরেও তারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না। (১২৭) যখন কোন সূরা অবতীর্ণ হয়, তখন তারা একে

نَّظَرَ بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ ؕ هَلْ يَرٰىكُمْ مِّنْ اَحَدٍ ثُمَّ انْصَرَفُوْا ؕ صَرَفَ اللّٰهُ قُلُوْبَهُمْ
নাযারা বা'দ্বুহুম ইলা বা'দ্ব, হাল ইয়ারা-কুম মিন্ আহ্বাদিন্ ছুম্মান্‌স্বারাফূ, স্বারাফাল্লা-হু কুলূবাহুম
অপরের দিকে নজর করে যে তোমাদেরকে কেউ দেখছে কিনা? অতঃপর তারা প্রস্থান করে, আল্লাহ তাদের অন্তরসমূহকে

بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُوْنَ ۝ لَقَدْ جَآءَكُمْ رَسُوْلٌ مِّنْ اَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ
বি আন্নাহুম ক্বাওমুল্লা- ইয়াফ্‌ক্বাহূন। ১২৮। লাক্বাদ জ্বা—আকুম রাসূলুম্‌মিন্ আন্‌ফুসিকুম 'আযীযুন্ 'আলাইহি মা-'আনিত্তুম
(সত্য থেকে) ফিরিয়ে দিয়েছেন, কারণ তারা নির্বোধ সম্প্রদায়। (১২৮) তোমাদেরই মধ্য হতে একজন রাসূল তোমাদের নিকট এসেছেন, যার কাছে তা খুবই

حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ رَّحِيْمٌ ۝ فَاِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِيَ اللّٰهُ ۖ
হ্বারীস্বুন্ 'আলাইকুম বিল্‌মু'মিনীনা রাঊফুর রাহ্বীম। ১২৯। ফাইন তাওয়াল্লাও ফাকুল হ্বাস্‌বিয়াল্লা-হু
কষ্টকর যা তোমাদেরকে বিপদগ্রস্ত করে। তিনি তোমাদের কল্যাণকামী, মুমিনগণের প্রতি স্নেহশীল পরম দয়াময়। (১২৯) যদি তারা মুখ ফিরায়ে নেয়

১৬ ع ৭ ৫ রুকূ
لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ۝ ع
লা~ইলা-হা ইল্লা- হুওয়া, 'আলাইহি তাওয়াক্কাল্‌তু ওয়া হুওয়া রাব্বুল্ 'আরশিল 'আযীম।
আপনি বলে দিন, আল্লাহই আমার জন্য যথেষ্ট, তিনি ছাড়া কোন মাবুদ নেই। আমি তাঁরই উপর ভরসা করি, তিনি মহান আরশের মালিক।

সূরা ইয়ূনুছ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১০৯
রুকূ ঃ ১১

① الٓرٰ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ② اَكَانَ لِلنَّاسِ عَجَبًا اَنْ اَوْحَيْنَآ اِلٰى

১। আলিফ্ লাম রা—তিল্‌কা আ-ইয়া-তুল্ কিতা-বিল হ্বাকীম। ২। আকা-না লিন্না-সি 'আজ্বাবান আন আওহ্বাইনা~ইলা-
(১) আলিফ, লা-ম রা-। এগুলো বিজ্ঞানময় কিতাবের আয়াত। (২) মানুষের জন্য এটা কি আশ্চর্যের বিষয় যে, আমি ওহী প্রেরণ করেছি

رَجُلٍ مِّنْهُمْ اَنْ اَنْذِرِ النَّاسَ وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ عِنْدَ

রাজুলিম মিন্‌হুম আন আনযিরিন্না-সা ওয়া বাশ্‌শিরিল্লাযীনা আ-মানূ~আন্না লাহুম ক্বাদামা স্বিদ্‌ক্বিন্ 'ইন্‌দা
তাদের মধ্য থেকেই একজনার উপর যে, আপনি মানুষদেরকে ভয় প্রদর্শন করুন এবং ঈমানদারগণকে সুসংবাদ দিন যে,

رَبِّهِمْ ؕ قَالَ الْكٰفِرُوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ مُّبِيْنٌ ③ اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ

রাব্‌বিহিম্, ক্বা-লাল কা-ফিরূনা ইন্না হা-যা লাসা-হ্বিরুম্মুবীন। ৩। ইন্না রাব্‌বাকুমুল্লা-হুল্লাযী খালাক্বাস
তাদের প্রতিপালকের নিকট তাদের জন্য রয়েছে উচ্চ মর্যাদা। কাফিরেরা বলে যে, নিশ্চয়ই এ ব্যক্তি সুস্পষ্ট যাদুকর। (৩) আপনার প্রতিপালক আল্লাহই

السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ يُدَبِّرُ الْاَمْرَ ؕ مَا

সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্তাওয়া- 'আলাল 'আরশি ইউদাব্‌বিরুল আমর, মা-
আসমান ও যমীন সৃষ্টি করেছেন ছয় দিনে, অতঃপর তিনি আরশের উপর উপবিষ্ট হয়ে সব বিষয় পরিচালনা করেন। কোন

مِنْ شَفِيْعٍ اِلَّا مِنْۢ بَعْدِ اِذْنِهٖ ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ۝

মিন শাফী'য়িন ইল্লা- মিম্ বা'দি ইযনিহ্, যা-লিকুমুল্লা-হু রাব্‌বুকুম ফা'বুদূহ্, আফালা- তাযাক্কারূন।
সুপারিশ করার নেই তাঁর অনুমতি ব্যতীত। তিনিই আল্লাহ তোমাদের প্রতিপালক, সুতরাং তাঁর ইবাদাত কর। এরপরেও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

④ اِلَيْهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا ؕ وَعْدَ اللّٰهِ حَقًّا ؕ اِنَّهٗ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ

৪। ইলাইহি মারজ্বি'উকুম জ্বামী'আ-, ওয়া'দাল্লাহি হাক্ব্‌ক্বা-, ইন্নাহূ ইয়াব্‌দাউল খাল্‌ক্বা ছুম্মা ইউ'য়ীদূহূ
(৪) তাঁর নিকটই তোমাদের সকলের ফিরে যেতে হবে। আল্লাহর ওয়াদা সত্য, তিনিই সৃষ্ট জীব প্রথম সৃষ্টি করেন। অতঃপর তিনি তা

لِيَجْزِيَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ بِالْقِسْطِ ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ

লিইয়াজ্‌যিয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি বিলকিসত্ব, ওয়াল্লাযীনা কাফারূ লাহুম
পুনর্বার সৃষ্টি করবেন, যাতে ন্যায়ভাবে প্রতিদান দিতে পারেন, যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে তাদেরকে। আর যারা কাফির তাদের পান

شَرَابٌ مِّنْ حَمِيْمٍ وَّعَذَابٌ اَلِيْمٌۢ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ⑤ هُوَ الَّذِيْ جَعَلَ

শারা-বুমমিন্ হ্বামীমিওঁ ওয়া 'আযা-বুন 'আলীমুম বিমা- কা-নূ ইয়াক্‌ফুরূন। ৫। হুওয়াল্লাযী জ্বা'আলাশ্
করার জন্য রয়েছে ফুটন্ত পানি এবং যন্ত্রণাদায়ক শাস্তি, কারণ তারা কুফরী করেছে। (৫) তিনিই আল্লাহ এমন যে, যিনি সূর্যকে

মঞ্জিল ৩

الشَّمْسَ ضِيَآءً وَّالْقَمَرَ نُوْرًا وَّقَدَّرَهٗ مَنَازِلَ لِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ؕ

শামসা দ্বিয়া-য়াও ওয়াল্ ক্বামারা নূরাওঁ ওয়া ক্বাদ্দারাহূ মানা-যিলা লিতা'লামূ 'আদাদাস্ সিনীনা ওয়াল্ হ্বিসা-ব,
জ্যোতির্ময় এবং চন্দ্রকে আলোকিত বানিয়েছেন এবং তাদের অবস্থান নির্ধারণ করেছেন, যাতে তোমরা সময়ের গণনা ও হিসাব জানতে পার।

مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالْحَقِّ ۚ يُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ⑥ اِنَّ فِي اخْتِلَافِ

মা- খালাক্বাল্লা-হু যা-লিকা ইল্লা- বিলহ্বাক্ব্‌ক্ব; ইউফাস্বস্বিলুল আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়া'লামূন। ৬। ইন্না ফীখ্‌তিলা-ফি
আল্লাহ এগুলো অনর্থক সৃষ্টি করেননি। তিনি নিদর্শনগুলো বিশদভাবে বর্ণনা করেন জ্ঞানীদের জন্য। (৬) নিশ্চয়ই রাত

الَّيْلِ وَالنَّهَارِ وَمَا خَلَقَ اللّٰهُ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَّقُوْنَ ۝

ল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়ামা- খালাক্বাল্লা-হু ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি লাআ-ইয়া-তিল্লি ক্বাওমিইঁ ইয়াত্তাকূন।
ও দিনের পরিবর্তনে এবং আল্লাহ আসমান ও যমীনে যা সৃষ্টি করেছেন তাতে পরহেজগারদের জন্য রয়েছে নিদর্শন।

⑦ اِنَّ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا وَرَضُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا وَاطْمَاَنُّوْا بِهَا وَالَّذِيْنَ

৭। ইন্নাল্লাযীনা লা- ইয়ারজূনা লিক্বা—আনা- ওয়া রাদ্বূ বিলহ্বায়া-তিদ্ দুন্‌ইয়া- ওয়াত্বমা'আন্নু বিহা- ওয়াল্লাযীনা
(৭) যারা আমার দর্শনের কামনা করে না এবং সন্তুষ্ট রয়েছে পার্থিব জীবন নিয়েই এবং এতেই প্রশান্তি লাভ করে এবং

هُمْ عَنْ اٰيٰتِنَا غٰفِلُوْنَ ⑧ اُولٰٓئِكَ مَاْوٰىهُمُ النَّارُ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ⑨ اِنَّ

হুম 'আন আ-ইয়া-তিনা- গা-ফিলূন। ৮। উলা—য়িকা মা'ওয়া-হুমুন্না-রু বিমা- কা-নূ ইয়াক্‌সিবূন। ৯। ইন্না
আমার নিদর্শনাবলী থেকে সম্পূর্ণ অমনোযোগী, (৮) তাদের ঠিকানা হচ্ছে জাহান্নাম, তাদের কৃতকর্মের কারণে। (৯) যারা

الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ يَهْدِيْهِمْ رَبُّهُمْ بِاِيْمَانِهِمْ ۚ تَجْرِيْ مِنْ

ল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্বস্বা-লিহ্বা-তি ইয়াহ্‌দীহিম রাব্বুহুম বিঈমা-নিহিম, তাজ্বরী মিন্
ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তদের প্রতিপালক তাদেরকে সঠিক পথ দেখাবেন তাদের ঈমানের জন্য সুখ স্বাচ্ছন্দ্য

تَحْتِهِمُ الْاَنْهٰرُ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ⑩ دَعْوٰىهُمْ فِيْهَا سُبْحٰنَكَ اللّٰهُمَّ وَتَحِيَّتُهُمْ

তাহ্বতিহিমুল্ আনহা-রু ফী জ্বান্নাতিন না'য়ীম। ১০। দা'ওয়া-হুম ফীহা সুবহ্বানাকাল্লা-হুম্মা ওয়া তাহ্বিয়্যাতুহুম
বেহেস্তের দিকে যার তলদেশে নহরসমূহ প্রবাহিত। (১০) সেখানে তাদের দোয়া হবে, হে আল্লাহ! তুমি পবিত্র, এবং সেখানে তাদের পরস্পরের অভিবাদন হবে

فِيْهَا سَلٰمٌ ۚ وَاٰخِرُ دَعْوٰىهُمْ اَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ⑪ وَلَوْ يُعَجِّلُ اللّٰهُ

ফীহা- সালাম, ওয়া আ-খিরু দা'ওয়া-হুম আনিল্‌হ্বাম্‌দু লিল্লা-হি রাব্বিল 'আ-লামীন। ১১। ওয়া লাও ইউ'আজ্জিলুল্লা-হু
"সালাম" এবং তাদের শেষ দোয়া হবে সারেজাহানের প্রতিপালক আল্লাহর জন্য সকল প্রশংসা। (১১) যদি আল্লাহ

রুকূ ৬ ع ১০ ১

○ টীকা (আঃ ৫) ঃ অত্র আয়াতে একথার প্রতি ইঙ্গিত রয়েছে যে, সূর্যের আলো নিজস্ব এবং চন্দ্রের আলো অন্য পদার্থ হতে গৃহীত। কোন নক্ষত্র এক দিবারাত্রে যে গতিপথ অতিক্রম করে, তাকেই মঞ্জিল বলা হয়েছে। সূর্যও গতিশীল, অতএব, তার জন্যও মঞ্জিল রয়েছে কিন্তু চন্দ্রের গতি সূর্যের গতি অপেক্ষা অধিক দ্রুত। অথচ তার গতিপথের পরিবর্তন সহজে বুঝা যায়। এজন্যই এ আয়াতে কেবল চন্দ্রের মঞ্জিল অতিক্রম করার কথা বলা হয়েছে। এ হিসাবে চাঁদ কোন মাসে ২৯ এবং কোন মাসে ৩০ মঞ্জিল অতিক্রম করে। কিন্তু অমাবস্যার সময় ২/১ রাত্রি চাঁদ দেখা যায় না বলে চাঁদের ২৮ মঞ্জিলের কথা লোকমুখে প্রসিদ্ধ হয়ে রয়েছে। ○ টীকা (আঃ ৭) ঃ এটা অন্যান্যদের জন্যও প্রমাণ; কিন্তু মু'মিনরাই এ প্রমাণাদি দ্বারা উপকৃত হয়ে থাকে। অতএব, বিশেষভাবে তাদের কথা উল্লেখ করা হয়েছে। (বঃ কোঃ)

لِلنَّاسِ الشَّرَّ اسْتِعْجَالَهُمْ بِالْخَيْرِ لَقُضِيَ إِلَيْهِمْ أَجَلُهُمْ ۖ فَنَذَرُ الَّذِينَ

লিন্‌না-সিশ্ শার্‌রাসতি'জ্বালাহুম বিল্‌খাইরি লাক্বুদ্বিয়া ইলাইহিম আজ্বালুহুম, ফানাযারুল্লাযীনা

মানুষের অমঙ্গল দ্রুত করতেন, যেমনি তারা তাদের মঙ্গল দ্রুত কামনা করে, তবে অবশ্যই তারা (দ্রুত) ধ্বংস হতো, সুতরাং যারা আমার দর্শনের কামনা

لَا يَرْجُونَ لِقَاءَنَا فِي طُغْيَانِهِمْ يَعْمَهُونَ ⑫ وَإِذَا مَسَّ الْإِنْسَانَ الضُّرُّ

লা- ইয়ার্‌জূনা লিক্বা—আনা ফী ত্বুগ্‌ইয়া-নিহিম ইয়া'মাহূন। ১২। ওয়া ইযা- মাস্‌সাল্ ইনসা-নাদ্ব দ্বুররু

করে না, তাদেরকে আমি ছেড়ে দেই তাদের অবাধ্যতার মধ্যে, যাতে তারা বিভ্রান্তির মধ্যে ঘুরপাক খেতে থাকে। (১২) আর যখন মানুষকে কোন দুঃখ-দুর্দশা স্পর্শ করে

دَعَانَا لِجَنْبِهِ أَوْ قَاعِدًا أَوْ قَائِمًا ۚ فَلَمَّا كَشَفْنَا عَنْهُ ضُرَّهُ مَرَّ كَأَنْ لَمْ يَدْعُنَا

দা'আ-না- লিজ্বাম্‌বিহী~আও ক্বা-'য়িদান আও ক্বা—য়িমা-, ফালাম্মা- কাশাফ্‌না- 'আন্‌হু দ্বুর্‌রাহূ মাররা কাআল্লাম ইয়াদ'উনা~

তখন সে আমাকে ডাকে শোয়া অবস্থায় বা বসা অবস্থায় অথবা দাঁড়ানো অবস্থায়। আর যখন আমি তাঁর থেকে তার দুঃখ-দুর্দশা দূর করে দেই, (তখন) সে এমনভাবে

إِلَىٰ ضُرٍّ مَسَّهُ ۚ كَذَٰلِكَ زُيِّنَ لِلْمُسْرِفِينَ مَا كَانُوا يَعْمَلُونَ ⑬ وَلَقَدْ أَهْلَكْنَا

ইলা- দ্বুররিম্মাস্‌সাহ্, কাযা-লিকা যুইয়্যিনা লিল্ মুস্‌রিফীনা মা- কা-নূ ইয়া'মালূন। ১৩। ওয়া লাক্বাদ্ আহ্‌লাক্‌নাল্

চলে যেন বিগত দুঃখ-দুর্দশার জন্য আমাকে ডাকেনি। এভাবে শোভনীয় মনে হয়, সীমালংঘনকারীদের নিকট, তাদের কৃত কাজগুলো। (১৩) আমি তোমাদের পূর্বে বহু

الْقُرُونَ مِنْ قَبْلِكُمْ لَمَّا ظَلَمُوا ۙ وَجَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ وَمَا كَانُوا لِيُؤْمِنُوا ۚ

ক্বুরূনা মিন্ ক্বাবলিকুম্ লাম্মা- য্বালামূ ওয়া জ্বা—আত্‌হুম রুসুলুহুম বিল্‌বাইয়্যিনা-তি ওয়ামা- কা-নূ লিইউ'মিনূ,

দলকে ধ্বংস করেছি যখন তারা অত্যাচার করেছিল। তাদের রাসূল তাদের নিকট স্পষ্ট নিদর্শনসহ এসেছিল, আর তারা ঈমান আনার মত ছিল না।

كَذَٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِينَ ⑭ ثُمَّ جَعَلْنَاكُمْ خَلَائِفَ فِي الْأَرْضِ

কাযা-লিকা নাজ্বযিল্ ক্বাওমাল্ মুজ্বরিমীন। ১৪। ছুম্মা জ্বা'আল্‌না-কুম খালা—য়িফা ফিল আরদ্বি

আমি এভাবে প্রতিফল দিয়ে থাকি অপরাধী সম্প্রদায়কে। (১৪) অতঃপর আমি তাদের পরে পৃথিবীতে তোমাদেরকে প্রতিনিধি বানিয়েছি, যাতে

مِنْ بَعْدِهِمْ لِنَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ ⑮ وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ ۙ

মিম্ বা'দিহিম লিনান্‌য্বুরা কাইফা তা'মালূন। ১৫। ওয়া ইযা তুতলা- 'আলাইহিম্ আইয়া-তুনা- বাইয়্যিনা-তিন্

দেখতে পারি, কিভাবে তোমরা কাজ কর। (১৫) আর যখন আমার স্পষ্ট আয়াতসমূহ তাদের সামনে পাঠ করা হয়, তখন যারা

قَالَ الَّذِينَ لَا يَرْجُونَ لِقَاءَنَا ائْتِ بِقُرْآنٍ غَيْرِ هَٰذَا أَوْ بَدِّلْهُ ۚ قُلْ مَا يَكُونُ لِي

ক্বা-লাল্লাযীনা লা- ইয়ারজ্বূনা লিক্বা—আনা-'তি বিক্বুর্‌আ-নিন গাইরি হা-যা~আও বাদ্দিল্‌হু, ক্বুল্ মা- ইয়াকূনু লী~

আমার দর্শনের কামনা করে না, তারা বলে যে, এ ব্যতীত অন্য এক কুরআন আন অথবা এটাকে পরিবর্তন করে দাও, বলুন, আমার এ অধিকার নেই যে, আমি

✪ শানে নুযূল (আঃ ১১) ঃ কাফিররা আযাব সম্পর্কীয় আয়াতগুলির প্রতি অবিশ্বাসজনিত বিদ্রূপের সাথে বলত যে, দুনিয়াতেই যদি আমাদের উপর আযাব আসত, তবেই আমরা তার প্রতি বিশ্বাস করতে পারতাম। যেমন, তারা বলে, হে আমাদের প্রভু! হিসাব-দিবসের পূর্বেই আমাদের আযাবের অংশ আমাদেরকে দিয়ে দিন। এই উক্তির পরিপ্রেক্ষিতেই এই আয়াতটি নাযিল হয়। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৫) ঃ অর্থাৎ আপনি বলে দিন, একে তো কোরআনে পাকের কোন অংশ বাদ দেয়া যেতে পারে না। দ্বিতীয়তঃ সেই বাদ দেয়ার কাজ ন্যায়ই হোক আর অন্যায়ই হোক, আমার দ্বারা তা সম্ভব নয়। বাদ দেয়া যখন সম্ভব নয়, গোটা কোরআন বদলিয়ে তদস্থলে অন্যকিছু আনয়নের প্রশ্নই অবান্তর। তা আল্লাহ পাকের কালাম, ফেরেশতার মারফতে ওহীরূপে আমি প্রাপ্ত হয়েছি। অতএব, আমাকে হুবহু এরই অনুগমন করতে হবে। অন্যথায় আমি কিয়ামত-দিবসের ভীষণ আযাবের ভয় করি। (বঃ কোঃ)

أَنْ أُبَدِّلَهُ مِنْ تِلْقَاءِ نَفْسِي ۖ إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ ۖ إِنِّي أَخَافُ

আন্ উবাদ্দিলাহূ মিন্‌তিলক্বা—ই নাফ্‌সী, ইন আত্তাবি'উ ইল্লা- মা- ইউহা~ইলাইয়্য; ইন্নী~আখা-ফু

আমার নিজের পক্ষ হতে এর মধ্যে পরিবর্তন করব। আমি শুধু অনুসরণ করব আমার নিকট যা ওহী আসে তার, যদি আমি আমার প্রতিপালকের অবাধ্যতা করি,

إِنْ عَصَيْتُ رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ⑯ قُلْ لَوْ شَاءَ اللَّهُ مَا تَلَوْتُهُ عَلَيْكُمْ

ইন্ 'আস্বাইতু রাব্‌বী 'আযা-বা ইয়াওমিন 'আযীম। ১৬। ক্বুল্ লাও শা—আল্লা-হু মা- তালাওতুহূ 'আলাইকুম

তবে আমি মহা দিবসের শাস্তির ভয় করি। (১৬) বলুন, আল্লাহ যদি চাইতেন তবে আমি এটা তোমাদের নিকট পাঠ করতাম না

وَلَا أَدْرَاكُمْ بِهِ ۖ فَقَدْ لَبِثْتُ فِيكُمْ عُمُرًا مِنْ قَبْلِهِ ۚ أَفَلَا تَعْقِلُونَ ⑰ فَمَنْ

ওয়ালা~আদরা-কুম বিহ, ফাক্বাদ্ লাবিছ্‌তু ফীকুম 'উমুরামমিন ক্বাব্‌লিহ্, আফালা- তা'ক্বিলূন। ১৭। ফামান

এবং তিনিও তোমাদেরকে এ ব্যাপারে অবগত করাতেন না। আমি এর পূর্বে তোমাদের মধ্যে তো বাস করেছি বয়সের বেশীর ভাগ সময়, এরপরেও কি তোমরা বুঝতে পারছনা? (১৭) যে

أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ ۚ إِنَّهُ لَا يُفْلِحُ الْمُجْرِمُونَ

আয্বলামু মিম্মানিফতারা- 'আলাল্লা-হি কাযিবান আও কায্‌যাবা বিআ-ইয়া-তিহ; ইন্নাহূ লা- ইউফ্‌লিহুল্ মুজ্বরিমূন।

আল্লাহ সম্পর্কে মিথ্যা রটনা করে অথবা তাঁর আয়াতসমূহকে মিথ্যা বলে, তার চেয়ে অধিক অত্যাচারী আর কে আছে? নিশ্চয়ই পাপীরা সফল হবে না।

⑱ وَيَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُولُونَ هَٰؤُلَاءِ

১৮। ওয়া ইয়া'বুদূনা মিন দূনিল্লা-হি মা-লা- ইয়াদ্বুর্‌রুহুম ওয়ালা- ইয়ান্ ফা'উহুম ওয়া ইয়াকূলূনা হা~উলা—য়ি

(১৮) তারা আল্লাহকে ছেড়ে যার ইবাদাত করে সে তাদের অনিষ্টও করতে পারে না এবং তাদের উপকারও করতে পারে না। তারা বলে, এরা আল্লাহর নিকট

شُفَعَاؤُنَا عِنْدَ اللَّهِ ۚ قُلْ أَتُنَبِّئُونَ اللَّهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ ۚ

শুফা'আ—উনা 'ইনদাল্লাহ, ক্বুল আতুনাব্‌বিউনাল্লা-হা বিমা- লা- ইয়া'লামু ফীস্‌সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আরদ্ব,

আমাদের সুপারিশকারী। বলুন, তোমরা কি আল্লাহকে এমন কিছুর খবর দিবে, যা তিনি জানেন না, আকাশ ও পৃথিবীর মাঝে?

سُبْحَانَهُ وَتَعَالَىٰ عَمَّا يُشْرِكُونَ ⑲ وَمَا كَانَ النَّاسُ إِلَّا أُمَّةً وَاحِدَةً فَاخْتَلَفُوا ۚ

সুব্‌হ্বানাহূ ওয়া তা'য়া-লা- 'আম্মা- ইউশ্‌রিকূন। ১৯। ওয়ামা- কা-নান্না-সু ইল্লা~উম্মাতাওঁ ওয়া-হ্বিদাতান ফাখ্‌তালাফূ,

তিনি পবিত্র এবং তারা যাকে শরীক করে তার থেকে অনেক উর্ধ্বে। (১৯) আর সকল মানুষ ছিল একই জাতি। পরে তারা

وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ فِيمَا فِيهِ يَخْتَلِفُونَ ○

ওয়া লাওলা- কালিমাতুন সাবাক্বাত মিররাববিকা লাক্বুদ্বিয়া বাইনাহুম ফীমা- ফীহি ইয়াখ্‌তালিফূন।

মতানৈক্য সৃষ্টি করে, যদি আপনার প্রতিপালকের বাণী পূর্বে না হত, তবে তার যে বিষয়ে তারা মতানৈক্য করছিল ফয়সালা হয়েই যেত।

⑳ وَيَقُولُونَ لَوْلَا أُنْزِلَ عَلَيْهِ آيَةٌ مِنْ رَبِّهِ ۖ فَقُلْ إِنَّمَا الْغَيْبُ لِلَّهِ فَانْتَظِرُوا ۚ

২০। ওয়া ইয়াকূলূনা লাওলা~উন্‌যিলা 'আলাইহি আ-য়াতুম মির্‌রাব্‌বিহ, ফাক্বুল ইন্নামাল্ গাইবু লিল্লা-হি ফান্তাযিরূ,

(২০) তারা বলে, তার প্রতিপালক থেকে তার উপর কোন নিদর্শন কেন অবতীর্ণ হয় না? বলুন, গায়েব একমাত্র আল্লাহই জানেন। তোমরা অপেক্ষা কর,

ع ৫০ ২ ৭ রুকূ

إِنِّي مَعَكُم مِّنَ الْمُنتَظِرِينَ ㉑ وَإِذَا أَذَقْنَا النَّاسَ رَحْمَةً مِّن بَعْدِ ضَرَّاءَ

ইন্নী মা'আকুম মিনাল মুন্তাযিরীন। ২১। ওয়া ইযা~আযাক্বনান্না-সা রাহ্মাতাম্মিম্ বা'দি দ্বার্‌রা—আ

আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি। (২১) যখন আমি মানুষকে রহস্য উপভোগ করাই, তাদের দুঃখ স্পর্শ করার পর, তখনই তারা

مَسَّتْهُمْ إِذَا لَهُم مَّكْرٌ فِي آيَاتِنَا قُلِ اللَّهُ أَسْرَعُ مَكْرًا إِنَّ رُسُلَنَا يَكْتُبُونَ

মাস্‌সাতহুম ইযা- লাহুম মাক্‌রুন ফী~আ-ইয়া-তিনা, ক্বুলিল্লা-হু আস্‌রা'উ মাক্‌রা-, ইন্না রুসুলানা- ইয়াকতুবূনা

আমার নিদর্শনাবলী সম্পর্কে চক্রান্ত শুরু করে। বলুন, আল্লাহ্ কৌশলে দ্রুততম। নিশ্চয়ই আমার ফিরিশতাগণ লিপিবদ্ধ করছে

مَا تَمْكُرُونَ ㉒ هُوَ الَّذِي يُسَيِّرُكُمْ فِي الْبَرِّ وَالْبَحْرِ حَتَّىٰ إِذَا كُنتُمْ فِي

মা- তাম্‌কুরূন। ২২। হুওয়াল্লাযী ইউসাইয়্যিরুকুম ফিল্ বাররি ওয়াল্ বাহ্বর, হাত্তা~ইযা- কুন্‌তুম্ ফীল্

তোমরা যে চক্রান্ত করছ। (২২) তিনি (আল্লাহ্) তোমাদেরকে ভ্রমণ করান স্থলে ও সমুদ্রে। এবং যখন তোমরা নৌযানে উঠ এবং তখন সে নৌযান

الْفُلْكِ وَجَرَيْنَ بِهِم بِرِيحٍ طَيِّبَةٍ وَفَرِحُوا بِهَا جَاءَتْهَا رِيحٌ عَاصِفٌ وَجَاءَهُمُ

ফুল্‌ক, ওয়া জ্বারাইনা বিহিম বিরীহ্বিন ত্বাইয়্যিবাতিওঁ ওয়া ফারিহ্ব বিহা- জা—আতহা- রীহুন 'আ-স্বিফুওঁ ওয়া জ্বা—আহুমুল

তাদের নিয়ে অনুকূল বাতাসে চলতে থাকে এবং তারা তাতে সেই আনন্দ উপভোগ করে। আর যখন উক্ত বাতাস প্রচন্ড ঘূর্ণিঝড় আকারে আসে এবং তরঙ্গ

الْمَوْجُ مِن كُلِّ مَكَانٍ وَظَنُّوا أَنَّهُمْ أُحِيطَ بِهِمْ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ

মাওজ্বু মিন কুল্লি মাকা-নিওঁ ওয়া য্বান্নূ~আন্নাহুম উহ্বীত্বা বিহিম দা'আউল্লা-হা মুখলিস্বীনা লাহুদ্দীন,

আসতে থাকে সব দিক থেকে এবং তারা ধারণা করে যে, নিশ্চয়ই তারা পরিবেষ্টিত হয়ে পড়েছে, তখন তারা একনিষ্ঠভাবে আল্লাহকে ডেকে বলে,

لَئِنْ أَنجَيْتَنَا مِنْ هَٰذِهِ لَنَكُونَنَّ مِنَ الشَّاكِرِينَ ㉓ فَلَمَّا أَنجَاهُمْ إِذَا هُمْ

লাইন্ আন্‌জ্বাইতানা- মিন্ হা-যিহী লানাকূনান্না মিনাশ্ শা-কিরীন। ২৩। ফালাম্মা~আন্‌জ্বা-হুম ইযা- হুম

যদি তুমি এ থেকে আমাদেরকে বাঁচাও তবে আমরা অবশ্যই শোকরকারীদের অন্তর্ভুক্ত হব। (২৩) যখন তিনি তাদেরকে রক্ষা করেন,

يَبْغُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا بَغْيُكُمْ عَلَىٰ أَنفُسِكُم

ইয়াব্‌গূনা ফিল্ আরদ্বি বিগাইরিল্ হ্বাক্ব্ক্ব, ইয়া~আইয়্যুহান্না-সু ইন্নামা- বাগইউকুম 'আলা~আন্‌ফুসিকুম;

সে মুহূর্তেই তারা পৃথিবীতে অত্যাচার করতে থাকে অন্যায়ভাবে। হে মানুষ! তোমাদের অত্যাচার তোমাদের নিজেদের উপরই পড়বে। পার্থিব জীবনের

مَّتَاعَ الْحَيَاةِ الدُّنْيَا ثُمَّ إِلَيْنَا مَرْجِعُكُمْ فَنُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ○

মাতা-'আল্ হ্বায়া-তিদ্ দুন্‌ইয়া- ছুম্মা ইলাইনা- মারজ্বি'উকুম ফানুনাব্বিউকুম বিমা- কুনতুম তা'মালূন।

সুখ ভোগ করে নাও অতঃপর আমার নিকটেই তোমাদের ফিরে আসতে হবে। তখন তোমাদেরকে জানিয়ে দিব যা তোমরা করতে।

㉔ إِنَّمَا مَثَلُ الْحَيَاةِ الدُّنْيَا كَمَاءٍ أَنزَلْنَاهُ مِنَ السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ

২৪। ইন্নামা- মাছালুল্ হ্বাইয়াতিদ্ দুন্‌ইয়া- কামা—ইন আন্‌যালনা-হু মিনাস্‌সামা—য়ি ফাখ্‌তালাত্বা বিহী নাবা-তুল্

(২৪) পার্থিব জীবনের উপমাতো (বৃষ্টির) পানির ন্যায়, তা আমি আসমান থেকে বর্ষণ করি, অতঃপর উৎপন্ন হয় তার দ্বারা

الْأَرْضِ مِمَّا يَأْكُلُ النَّاسُ وَالْأَنْعَامُ حَتَّىٰ إِذَا أَخَذَتِ الْأَرْضُ زُخْرُفَهَا

আরদ্বি মিম্মা- ইয়া'কুলুন্না-সু ওয়াল্ আন্'আ-ম, হ্বাত্তা~ইযা~আখাযাতিল্ আরদ্বু যুখ্‌রুফাহা-

যমীনের উদ্ভিদগুলো যা মানুষ ও জীব-জন্তুরা খায়। যখন যমীন চাকচিক্য হয়ে উঠে ও শোভা ধারণ করে এবং তার অধিকারীগণ

وَازَّيَّنَتْ وَظَنَّ أَهْلُهَا أَنَّهُمْ قَادِرُونَ عَلَيْهَا أَتَاهَا أَمْرُنَا لَيْلًا أَوْ نَهَارًا

ওয়ায্‌যাইয়ানাত ওয়া য্বান্না আহ্‌লুহা~আন্নাহুম ক্বা-দিরূনা 'আলাইহা~আতা-হা~আমরুনা- লাইলান আও নাহা-রান

ধারণা করে, তারাই এগুলোর উপর দখলদার, তখন দিনে অথবা রাতে এগুলোর উপর আমার পক্ষ থেকে কোন নির্দেশ এসে পড়ে

فَجَعَلْنَاهَا حَصِيدًا كَأَن لَّمْ تَغْنَ بِالْأَمْسِ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ

ফাজ্বা'আল্‌না-হা- হাস্বীদান কা'আল্লাম তাগ্‌না বিল্ আমস, কাযা-লিকা নুফাস্বস্বিলুল্ আ-ইয়া-তি লিক্বাওমিইঁ

এবং আমি সেগুলো এমনভাবে ধ্বংস করে দেই, মনে হয় যেন কিাত দিনে এখানে কিছুই ছিল না। আমি এরূপে নিদর্শনাবলী বর্ণনা করি চিন্তাশীল

يَتَفَكَّرُونَ ㉔ وَاللَّهُ يَدْعُو إِلَىٰ دَارِ السَّلَامِ وَيَهْدِي مَن يَشَاءُ إِلَىٰ صِرَاطٍ

ইয়াতাফাক্কারূন। ২৫। ওয়াল্লা-হু ইয়াদ'উ~ইলা- দা-রিস্ সালা-ম, ওয়া ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা—উ ইলা- স্বিরাত্বিম

সম্প্রদায়ের জন্য। (২৫) আল্লাহ শান্তির ঘরের দিকে ডাকেন এবং যাকে চান সরল পথ প্রদর্শন

مُّسْتَقِيمٍ ㉕ لِّلَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَىٰ وَزِيَادَةٌ وَلَا يَرْهَقُ وُجُوهَهُمْ قَتَرٌ

মুস্‌তাক্বীম। ২৬। লিল্লাযীনা আহ্বসানুল্ হুস্‌না- ওয়া যিয়া-দাহ, ওয়ালা- ইয়ার্‌হাক্বু উজ্বূহাহুম ক্বাতারুওঁ

করেন। (২৬) যারা নেক আমল করে তাদের জন্য রয়েছে কল্যাণ এবং এর চেয়েও অতিরিক্ত কিছু। আর তাদের চেহারাকে আচ্ছন্ন

وَلَا ذِلَّةٌ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ هُمْ فِيهَا خَالِدُونَ ㉖ وَالَّذِينَ كَسَبُوا

ওয়ালা- যিল্লাহ, উলা—য়িকা আস্বহ্বাবুল জ্বান্নাহ, হুম ফীহা- খা-লিদূন। ২৭। ওয়াল্লাযীনা কাসাবুস্

করবে না, মলিনতা ও লাঞ্ছনা। তারা জান্নাতের অধিবাসী তারা সেখানে চিরকাল থাকবে। (২৭) আর যারা মন্দ কাজ করে,

السَّيِّئَاتِ جَزَاءُ سَيِّئَةٍ بِمِثْلِهَا وَتَرْهَقُهُمْ ذِلَّةٌ مَّا لَهُم مِّنَ اللَّهِ مِنْ عَاصِمٍ

সাইয়িআ-তি জ্বাযা—উ সাইয়্যিআতিম বিমিছ্‌লিহা- ওয়া তার্‌হাক্বুহুম যিল্লাহ, মা- লাহুম্ মিনাল্লা-হি মিন্ আ-স্বিম,

তাদের প্রতিফল অনুরূপ মন্দ এবং লাঞ্ছনা তাদেরকে পরিবেষ্টন করবে লাঞ্ছনা। আল্লাহ থেকে তাদের কেউ রক্ষাকারী নেই।

كَأَنَّمَا أُغْشِيَتْ وُجُوهُهُمْ قِطَعًا مِّنَ اللَّيْلِ مُظْلِمًا أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ

কাআন্নামা~উগ্‌শিয়াত্ উজ্বূহুহুম ক্বিত্বা'য়াম মিনাল লাইলি মুজলিমা-, উলা—য়িকা আস্বহ্বাবুন্না-র,

মনে হয় যেন অন্ধকার রাতের এক অংশ দিয়ে, তাদের চেহারা আবৃত করা হয়েছে, তারা জাহান্নামের অধিবাসী। তারা

هُمْ فِيهَا خَالِدُونَ ㉗ وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ نَقُولُ لِلَّذِينَ أَشْرَكُوا

হুম ফীহা- খা-লিদূন। ২৮। ওয়া ইয়াওমা নাহ্বশুরুহুম জ্বামী'আন ছুম্মা নাকূলু লিল্লাযীনা আশ্‌রাক্

সেখানে চিরকাল থাকবে। (২৮) আর সেদিন আমি তাদের সকলকে একত্রিত করব, অতঃপর মুশরিকদেরকে বলব,

مَكَانَكُمْ أَنْتُمْ وَشُرَكَآؤُكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ وَقَالَ شُرَكَآؤُهُمْ مَّا كُنْتُمْ

মাকা-নাকুম আনতুম ওয়া শুরাকা—উকুম, ফাযাইয়্যাল্না- বাইনাহুম ওয়া ক্বা-লা শুরাকা—উহুম মা- কুনতুম
তোমরা এবং তোমাদের শরীকরা নিজ স্থানে থাক, অতঃপর আমি তাদের পরস্পরকে আলাদা করে দিব এবং তাদের শরীকরা বলবে, তোমরা আমাদের

إِيَّانَا تَعْبُدُونَ ㉘ فَكَفٰى بِاللّٰهِ شَهِيدًا بَيْنَنَا وَبَيْنَكُمْ إِنْ كُنَّا عَنْ عِبَادَتِكُمْ

ইয়্যা-না- তা'বুদূন। ২৯। ফাকাফা- বিল্লা-হি শাহীদাম বাইনানা- ওয়া বাইনাকুম ইন্‌কুন্না- 'আন 'ইবা-দাতিকুম
উপসনা করতে না। (২৯) আমাদের ও তোমাদের মাঝে আল্লাহই সাক্ষী হিসেবে যথেষ্ট যে, আমরা তোমাদের ইবাদাত সম্বন্ধে

لَغٰفِلِينَ ㉙ هُنَالِكَ تَبْلُوا كُلُّ نَفْسٍ مَّآ أَسْلَفَتْ وَرُدُّوٓا إِلَى اللّٰهِ مَوْلٰهُمُ الْحَقِّ

লাগা-ফিলীন। ৩০। হুনা-লিকা তাব্‌লূ কুল্লু নাফসিম্ মা~আস্‌লাফাত ওয়া রুদ্দূ~ইলাল্লা-হি মাওলা-হুমুল্ হাক্কি
কিছুই জানতাম না। (৩০) সেখানেই প্রত্যেকে তাদের কৃতকার্যগুলো জানতে পারবে এবং তাদেরকে তাদের প্রকৃত মালিক আল্লাহর দিকে ফিরিয়ে আনা

وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوا يَفْتَرُونَ ㉚ قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْأَرْضِ

ওয়া দ্বাল্লা 'আন্‌হুম মা-কা-নূ ইয়াফ্‌তারূন। ৩১। ক্বুল মাইঁ ইয়ারযুক্বুকুম মিনাস্ সামা—য়ি ওয়াল্ আরদ্বি
হবে এবং তাদের থেকে অদৃশ্য হয়ে যাবে, যা তারা মিথ্যা রচনা করেছিল। (৩১) বলুন, কে তোমাকে আসমান ও যমীন থেকে রিযিক দান করেন,

চতুর্থাংশ ◑ ৩ ع ৪০ ৮ রুকূ

أَمَّنْ يَّمْلِكُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَمَنْ يُّخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ

আম্মাইঁ ইয়ামলিকুস সাম'আ ওয়াল আবস্বা-রা ওয়ামাইঁ ইউখরিজুল্ হাইয়্যা মিনাল মাইয়্যিতি ওয়া ইউখরিজুল্
অথবা কে তোমাদের শ্রবণ ও দৃষ্টির মালিক এবং কে জীবিতকে মৃত থেকে বের করেন এবং মৃতকে জীবিত থেকে বের করেন

الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَمَنْ يُّدَبِّرُ الْأَمْرَ ۚ فَسَيَقُولُونَ اللّٰهُ ۚ فَقُلْ أَفَلَا تَتَّقُونَ ۝

মাইয়্যিতা মিনাল্ হাইয়্যি ওয়া মাইঁ ইউদাব্‌বিরুল আমর, ফাসাইয়াক্বূলূনাল্লা-হ, ফাক্বুল্ আফালা- তাত্তাক্বূন।
আর কে পরিচালনা করেন যাবতীয় কাজগুলো? তারা এটাই বলবে যে, আল্লাহ। বলুন, এরপরেও কি তোমরা সতর্ক হবে না?

㉛ فَذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمُ الْحَقُّ ۚ فَمَاذَا بَعْدَ الْحَقِّ إِلَّا الضَّلٰلُ ۚ فَأَنّٰى تُصْرَفُونَ ۝

৩২। ফাযা-লিকুমুল্লা-হু রাব্বুকুমুল্ হাক্কু, ফা-মা-যা- বা'দাল্ হাক্কি ইল্লাদ্ব দ্বালা-ল, ফাআন্না-তুস্বরাফূন।
(৩২) তিনিই আল্লাহ, তোমাদের প্রকৃত প্রতিপালক। সত্যের পর ভ্রান্তি ছাড়া আর কি থাকে? সুতরাং তোমরা কোথায় ফিরে যাচ্ছ?

㉜ كَذٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِينَ فَسَقُوٓا أَنَّهُمْ لَا يُؤْمِنُونَ ۝

৩৩। কাযা-লিকা হাক্কাত্ কালিমাতু রাব্বিকা 'আলাল্লাযীনা ফাসাক্ব~আন্নাহুম লা-ইউ'মিনূন।
(৩৩) এভাবে আপনার প্রতিপালকের বাণী, পাপীদের ব্যাপারে সঠিক হয়েছে। যে, তারা ঈমানই আনবে না।

✪ টীকা (আঃ ৩০) ঃ অর্থাৎ হাশরের দিন সকলে জানতে পারবে যে, পৃথিবীতে যা কিছু তারা করেছে, তা বাস্তবিকপক্ষে উপকারী, না অপকারী। অবশ্য কবরের মধ্যেও সকলে নিজের কর্মফল কতকটা বুঝতে পারবে। তবে হাশরের দিন বিশদভাবে জানতে পারবে। এ জন্যই "হাশরের দিন বুঝতে পারবে" বলা হয়েছে। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৩১) ঃ অর্থাৎ আসমান হতে পানি, তদ্দ্বারা যমীন হতে উদ্ভিদ উৎপন্ন করেন, যাতে তোমাদের রিযকের ব্যবস্থা হয়। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৩১) ঃ অর্থাৎ, তিনি এগুলি পয়দা করেছেন, রক্ষণাবেক্ষণ করেন, আবার ইচ্ছা করলে অকেজোও করে দেন। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৩৩) ঃ অর্থাৎ, একথাই যখন সত্য বলে প্রমাণিত হল যে, তিনিই একমাত্র মা'বূদ, যিনি প্রতিপালক সুতরাং এ সত্যের যা বিপরীত অর্থাৎ শিরক তা গোমরাহী ছাড়া আর কি হবে?

㉝ قُلْ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ ۚ قُلِ اللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ

৩৪। ক্বুল্ হাল্ মিন্ শুরাকা—ইকুম্ মাইঁ ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'য়ীদুহ, ক্বুলিল্লা-হু ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা-
(৩৪) বলুন, তোমাদের শরীকদের মধ্যে এমন কেহ আছে, যে সৃষ্টি জগতকে প্রথমবার সৃষ্টি করে দ্বিতীয়বার পুনরায় তা সৃষ্টি করে, বলুন, আল্লাহই সৃষ্টি জগতকে প্রথম

ثُمَّ يُعِيدُهُ فَأَنّٰى تُؤْفَكُونَ ㉞ قُلْ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّهْدِىٓ إِلَى الْحَقِّ ۚ

ছুম্মা ইউ'য়ীদুহূ ফাআন্না- তু'ফাকূন। ৩৫। ক্বুল্ হাল্ মিন্ শুরাকা—ইকুম মাইঁ ইয়াহ্‌দী~ইলাল্ হাক্ব্ ;
সৃষ্টি করেন এবং দ্বিতীয়বার পুনরায় তা সৃষ্টি করবেন এরপরে তোমরা কোথায় ফিরে যাচ্ছ? (৩৫) বলুন, তোমরা যাকে শরীক কর, তাদের মধ্যে এমন কেহ আছে, যে

قُلِ اللّٰهُ يَهْدِى لِلْحَقِّ ۗ أَفَمَنْ يَّهْدِىٓ إِلَى الْحَقِّ أَحَقُّ أَنْ يُّتَّبَعَ أَمَّنْ لَّا يَهِدِّىٓ

ক্বুলিল্লা-হু ইয়াহ্‌দী লিল্‌হাক্ব্, আফামাইঁ ইয়াহ্‌দী~ইলাল্ হাক্কি আহাক্কু আই ইউত্তাবা'আ আম্মাল লা-ইয়াহিদ্দী~
সঠিক পথ প্রদর্শন করে? বলুন, আল্লাহই সঠিক পথ প্রদর্শন করেন। যিনি সঠিক পথ প্রদর্শন, করেন তিনি আনুগত্যের বেশী উপযুক্ত

إِلَّآ أَنْ يُّهْدٰى ۚ فَمَا لَكُمْ كَيْفَ تَحْكُمُونَ ㉟ وَمَا يَتَّبِعُ أَكْثَرُهُمْ إِلَّا ظَنًّا ۚ

ইল্লা~আই ইউহ্‌দা-, ফামা- লাকুম কাইফা তাহ্‌কুমূন। ৩৬। ওয়ামা- ইয়াত্তাবি'উ আক্‌ছারুহুম ইল্লা-যান্না-
না সে, যে অন্যের পথ প্রদর্শন করা ব্যতীত নিজে পথ প্রাপ্ত হয় না? তোমাদের কি হল? তোমরা কিরূপ সিদ্ধান্ত নিতেছ? (৩৬) তাদের অধিকাংশ লোকই অনুসরণ

إِنَّ الظَّنَّ لَا يُغْنِى مِنَ الْحَقِّ شَيْئًا ۚ إِنَّ اللّٰهَ عَلِيمٌۢ بِمَا يَفْعَلُونَ ㊱ وَمَا كَانَ هٰذَا

ইন্নাযযান্না লা-ইউগ্‌নী মিনাল্ হাক্কি শাইয়া-, ইন্নাল্লা-হা 'আলীমুম বিমা- ইয়াফ'আলূন। ৩৭। ওয়ামা- কা-না হা-যাল্
করে অনুমানের, অনুমান সত্যের সম্মুখে কোনই কাজে আসে না। তোমরা যা কর সে ব্যাপারে আল্লাহ খুবই অবগত। (৩৭) আর এ

الْقُرْاٰنُ أَنْ يُّفْتَرٰى مِنْ دُونِ اللّٰهِ وَلٰكِنْ تَصْدِيقَ الَّذِى بَيْنَ يَدَيْهِ وَ

ক্বুরআ-নু আইঁ ইউফ্‌তারা- মিন্ দূনিল্লা-হি ওয়া লা-কিন্ তাস্বদ্বীক্বাল্লাযী বাইনা ইয়াদাইহি ওয়া
কুরআন এমন নয় যে, আল্লাহ ব্যতীত অন্য কারও কর্তৃক রচিত। বরং এ কুরআন পূর্ববর্তী কিতাবসমূহের প্রত্যায়নকারী এবং শরীয়তের বিধানসমূহের

تَفْصِيلَ الْكِتٰبِ لَا رَيْبَ فِيهِ مِنْ رَّبِّ الْعٰلَمِينَ ㊲ أَمْ يَقُولُونَ افْتَرٰىهُ ۖ قُلْ

তাফ্‌স্বীলাল্ কিতা-বি লা-রাইবা ফীহি মির্ রাব্‌বিল 'আ-লামীন। ৩৮। আম্ ইয়াক্বূলূনাফ্ তারা-হ, ক্বুল
বিস্তারিত বর্ণনাকারী এবং এটি যে জগতসমূহের প্রতিপালকের তরফ থেকে তাতে কোন সন্দেহ নেই। (৩৮) তারা কি

فَأْتُوا بِسُورَةٍ مِّثْلِهِ وَادْعُوا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُونِ اللّٰهِ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ۝

ফা'তূ বিসূরাতিম্ মিছ্‌লিহী ওয়াদ্‌'উ মানিস্তাত্বা'তুম মিন দূনিল্লা-হি ইন্ কুন্‌তুম স্বা-দিক্বীন।
বলে যে, এটা সে (রাসূল) বানিয়েছে? বলুন, তোমরা এর অনুরূপ একটি সূরা বানাও এবং আল্লাহকে ছাড়া অন্য যাকে চাও ডাক, যদি তোমরা সত্যবাদী হও।

✪ টীকা (আঃ ৩৪) ঃ উপরে তাওহীদের বর্ণনা করা হয়েছে, অতঃপর রাসূল (স)-কে সান্ত্বনা প্রদান করা হচ্ছে যে, এই কাফিরদের পথভ্রষ্টতায় এবং অবাধ্যতায় আপনি চিন্তিত হবেন না। এদের ঈমান আনয়ন না করা কোন অভিনব ব্যাপার নয়। এভাবে ঈমান আনবে না বলে এক শ্রেণীর লোক সম্বন্ধে আদিকাল হতেই আপনার প্রভুর কথা প্রমাণিত হয়ে রয়েছে। তবে আর আপনি ভাবাতুর কেন হবেন? (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৩৪) ঃ যেমন, তিনি মানুষকে বিবেক-বুদ্ধি দান করেছেন, তাদের জন্য পথ প্রদর্শকরূপে পয়গম্বর পাঠিয়েছেন। (বঃ কোঃ)

۝٣٩ بَلْ كَذَّبُوْا بِمَا لَمْ يُحِيْطُوْا بِعِلْمِهٖ وَلَمَّا يَاْتِهِمْ تَاْوِيْلُهٗ ؕ كَذٰلِكَ كَذَّبَ

৩৯। বাল্ কায্যাবূ বিমা- লাম্ ইউহীত্বু বি'ইল্মিহী ওয়া লাম্মা- ইয়া'তিহিম্ তা'ওয়ীলুহ, কাযা-লিকা কায্যাবা

(৩৯) এবং তারা সে বিষয় মিথ্যা বলে যে বিষয় তারা জ্ঞান আয়ত্ত করতে পারেনি এবং এখনও এর তাৎপর্য তাদের কাছে আসেনি। এরূপে তারাও মিথ্যা

الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ۝٤٠ وَمِنْهُمْ مَّنْ يُّؤْمِنُ بِهٖ

ল্লাযীনা মিন্ ক্বাবলিহিম ফান্যুর কাইফা কা-না 'আ-ক্বিবা-তুয্ য্বা-লিমীন। ৪০। ওয়া মিনহুম মাইঁ ইউ'মিনু বিহী-

বলেছে, যারা তাদের পূর্বে চলে গেছে। অতএব দেখুন, অত্যাচারীদের পরিণাম কেমন হয়েছে। (৪০) তাদের মধ্যে কতিপয় এর প্রতি ঈমান আনবে

وَمِنْهُمْ مَّنْ لَّا يُؤْمِنُ بِهٖ ؕ وَرَبُّكَ اَعْلَمُ بِالْمُفْسِدِيْنَ ۝٤١ وَاِنْ كَذَّبُوْكَ فَقُلْ لِّىْ

৪ ع ৯ রুকূ

ওয়া মিনহুম মাল্লা-ইউ'মিনু বিহ, ওয়া রাব্বুকা আ'লামু বিল্ মুফ্সিদীন। ৪১। ওয়া ইন্ কায্যাবূকা ফাকুল্লী

এবং কতিপয় এর প্রতি ঈমান আনবে না। আপনার প্রতিপালক বিশৃংখলা সৃষ্টিকারীদেরকে ভালভাবে জানেন। (৪১) যদি তারা আপনাকে মিথ্যা বলে তবে

عَمَلِىْ وَلَكُمْ عَمَلُكُمْ ۚ اَنْتُمْ بَرِيْٓـُٔوْنَ مِمَّاۤ اَعْمَلُ وَاَنَا بَرِىْٓءٌ مِّمَّا تَعْمَلُوْنَ ۝

আ'মালী ওয়া লাকুম 'আমালুকুম, আন্তুম বারী—উনা মিম্মা~আ'মালু ওয়া আনা বারী—উম্ মিম্মা তা'মালূন।

বলুন, আমার জন্য আমার আমল এবং তোমাদের জন্য তোমাদের আমল, আমার আমলের ব্যাপারে তোমরা দায়মুক্ত এবং তোমাদের আমলের ব্যাপারে আমি দায়মুক্ত।

۝٤٢ وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُوْنَ اِلَيْكَ ؕ اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ وَلَوْ كَانُوْا لَا يَعْقِلُوْنَ ۝

৪২। ওয়া মিন্হুম মাইঁ ইয়াস্তামি'উনা ইলাইক, আফা আন্তা তুস্মি'উস্ সুম্মা ওয়া লাও কা-নূ লা- ইয়া'ক্বিলূন।

(৪২) এবং তাদের মধ্যে কতিপয় আপনার প্রতি কান লাগিয়ে রাখে। আপনি কি বধিরকে শোনাবেন, যদি তারা নাও বুঝে?

۝٤٣ وَمِنْهُمْ مَّنْ يَّنْظُرُ اِلَيْكَ ؕ اَفَاَنْتَ تَهْدِى الْعُمْىَ وَلَوْ كَانُوْا لَا يُبْصِرُوْنَ ۝

৪৩। ওয়া মিনহুম্ মাইঁ ইয়ানযুরু ইলাইক, আফাআনতা তাহ্দীল 'উম্ইয়া ওয়ালাও কা-নূ লা- ইউব্স্বিরূন্।

(৪৩) তাদের মধ্যে কতিপয় আপনার দিকে তাকিয়ে থাকে। তবে কি আপনি দৃষ্টিহীনকে পথ দেখাবেন, যদি তারা নাও দেখতে পারে?

۝٤٤ اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ النَّاسَ شَيْـًٔا وَّلٰكِنَّ النَّاسَ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝٤٥ وَيَوْمَ

৪৪। ইন্নাল্লা-হা লা- ইয়ায্বলিমুন না-সা শাইয়াওঁ ওয়ালা- কিন্নান্না-সা আন্ফুসাহুম ইয়ায্বলিমূন। ৪৫। ওয়া ইয়াওমা

(৪৪) আল্লাহ মানুষের উপর কোনই অত্যাচার করেন না, বরং মানুষ নিজেদের প্রতিই অত্যাচার করে থাকে। (৪৫) আর যেদিন তাদেরকে একত্রিত করবেন

○ টীকা (আঃ ৩৯) ঃ এখানে কেউ তর্ক উত্থাপন করতে পারে যে, কোন কোন লোকের মধ্যে এমন বৈশিষ্ট্য থাকে, যা অন্যের মধ্যে থাকে না। কাজেই কোরআনের ন্যায় রচনা অন্য কেউ করতে না পারলেই তা হযরতের রচনা নয় বলে কেমন করে প্রমাণিত হল? এর উত্তরে বলা যাবে যে, কোরআন তাঁর রচনা হলে কোরআনের বৈশিষ্ট্য তাঁর জীবনের অন্য কোন কথায় তো দেখা যায় না। দ্বিতীয়তঃ কোরআন হযরত (সা)-এরই রচনা-বৈশিষ্ট্য হলে সকল সময়েই এই বৈশিষ্ট্য থাকত। চল্লিশ বছরের পর হঠাৎ প্রকাশ পেত না। তৃতীয়তঃ তাঁর রচনায় যত বড় বৈশিষ্ট্যই থাকুক না কেন, ভাষাবিশারদগণ অন্ততঃ পক্ষে তার কিছু অংশের অনুকরণ করতে পারত। এখানে তো শুধু যেকোন একটি সূরার অনুকরণ করতে বলা হয়েছে। কোন নির্দিষ্ট সূরার অনুকরণ করতে বলা হয় নি। অতএব, যে কোন একটি ক্ষুদ্র ও সহজ সূরার অনুরূপ রচনা করতে পারা তাদের উচিত ছিল; কিন্তু তাও পারে নি। সুতরাং কোরআন খোদারই কালাম, অন্য কারো কালাম নয়। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৪৩) ঃ অর্থাৎ, আপনার কথা শুনার ভান করে; কিন্তু তাদের অন্তরে সত্যান্বেষণ ও ঈমান আনয়নের ইচ্ছা থাকে না। এ হিসাবে তাদের শুনা, না শুনা উভয়ই সমান। অতএব, তাদের অবস্থা প্রকারান্তরে বধিরেরই মত হল। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৪৪) ঃ অন্তর-দৃষ্টি থাকলে অবশ্য বাহ্যিক দৃষ্টি না থাকা সত্ত্বেও কিছু কাজ হত। তাদের জ্ঞান চক্ষু না থাকার মধ্যে আল্লাহ্‌র কোন দোষ নেই। কেননা, তিনি হেদায়াতপ্রাপ্তির ক্ষমতা না দিয়েই কোন মানুষকে বিচারে দোষী করেন না; কিন্তু এ ব্যাপারে মানুষেরই দোষ যে, খোদা প্রদত্ত যোগ্যতা ও বিবেক-বুদ্ধিকে কাজে না লাগিয়ে অকেজো করে রাখে। (বঃ কোঃ)

ছাড়া তোমাদের কাছে কোন প্রমাণ উপস্থিত করা আমাদের জন্য শোভনীয় নয়। আর মুমিনদের আল্লাহ্‌র উপরই ভরসা করা উচিত।'

﴿١٢﴾ وَمَا لَنَآ اَلَّا نَتَوَكَّلَ عَلَى اللّٰهِ وَقَدْ هَدٰىنَا سُبُلَنَا ؕ وَلَنَصْبِرَنَّ عَلٰى مَآ اٰذَيْتُمُوْنَا ؕ

১২ । ওয়ামা- লানা~আল্লা- নাতাওয়াক্কাল 'আলাল্লা-হি ওয়া ক্বাদ হাদা-না- সুবুলানা- ; ওয়া লানাছ্‌বিরান্না 'আলা- মা~আ-যাইতুমূনা- ;

(১২) আমাদের কি হয়েছে যে, 'আমরা আল্লাহ্‌র উপর ভরসা করব না ? অথচ তিনিই তো আমাদের পথ প্রদর্শক। তোমরা যে আমাদেরকে কষ্ট দিচ্ছ আমরা তাতে ধৈর্যধারণ করব

وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ﴿١٣﴾ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُمْ مِّنْ

ওয়া 'আলাল্লা-হি ফাল্‌ইয়াতাওয়াক্কালিল্ মুতাওয়াক্কিলূন্ । ১৩ । ওয়া ক্বা-লাল্লাযীনা কাফারূ লিরুসুলিহিম্ লানুখ্‌রিজ্বান্নাকুম্ মিন্

এবং যারা ভরসা করতে চায়– তাদের আল্লাহর উপরই ভরসা করা উচিত।' (১৩) কাফেররা তাদের রাসূলগণকে বলেছিল, আমরা তোমাদেরকে আমাদের দেশ থেকে অবশ্যই

اَرْضِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِيْ مِلَّتِنَا ؕ فَاَوْحٰٓى اِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظّٰلِمِيْنَ ○

আর্‌দ্বিনা~আও লাতা'উদুন্না ফী মিল্লাতিনা- ; ফাআওহ্বা~ইলাইহিম্ রাব্বুহুম্ লানুহ্‌লিকান্নায্ যা-লিমীন্।

বের করে দেব কিংবা আমাদের ধর্মাদর্শে তোমরা ফিরে আসবে।' অতঃপর রাসূলগণকে তাদের প্রতিপালক ওহী করলেন, জালিমদেরকে আমি অবশ্যই বিনাশ করে দেব।'

﴿١٤﴾ وَلَنُسْكِنَنَّكُمُ الْاَرْضَ مِنْۢ بَعْدِهِمْ ؕ ذٰلِكَ لِمَنْ خَافَ مَقَامِيْ وَخَافَ وَعِيْدِ ○

১৪ । ওয়া লানুসকিনান্নাকুমুল্ আর্‌দ্বা মিম্ বা'দিহিম্ ; যা-লিকা লিমান্ খা-ফা মাক্বা-মী ওয়া খা-ফা ওয়া'ঈদ্।

(১৪) তাদের পরে আমি তোমাদেরকে অবশ্যই স্বদেশে প্রতিষ্ঠিত করব। এটা তাদের জন্য– যারা আমার সম্মুখে উপস্থিত হওয়ার এবং আমার শাস্তির ভয় রাখে।

﴿١٥﴾ وَاسْتَفْتَحُوْا وَخَابَ كُلُّ جَبَّارٍ عَنِيْدٍ ﴿١٦﴾ مِّنْ وَّرَآئِهٖ جَهَنَّمُ وَيُسْقٰى مِنْ مَّآءٍ

১৫ । ওয়াস্‌তাফ্‌তাহ্বূ ওয়াখা-বা কুল্লু জ্বাব্বা-রিন্ 'আনীদ্। ১৬ । মিঁও ওয়ারা—ইহী জ্বাহান্নামু ওয়া ইউস্‌ক্বা-মিম্ মা—ইন্

(১৫) আর রাসূলগণ ফয়সালা চাইতে লাগলেন। আর প্রত্যেক দুরাচার ও স্বৈরাচারী ব্যর্থ হয়ে গেল। (১৬) তার সম্মুখে জাহান্নাম রয়েছে, সেখানে গলিত পুঁজ

صَدِيْدٍ ﴿١٧﴾ يَّتَجَرَّعُهٗ وَلَا يَكَادُ يُسِيْغُهٗ وَيَاْتِيْهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَّمَا هُوَ

ছ্বাদীদ্। ১৭ । ইয়াতাজ্বার্‌রা'উহূ ওয়ালা- ইয়াকা-দু ইউসীগুহূ ওয়া ইয়া'তীহিল্ মাওতু মিন্ কুল্লি মাকা-নিঁও ওয়ামা- হুওয়া

পান করান হবে। (১৭) যা অতি কষ্টে ঢোক গিলে গিলে পান করবে; কিন্তু তা গিলতে পারবে না। সবদিক থেকে তার কাছে মৃত্যুযন্ত্রণা আসবে;

بِمَيِّتٍ ؕ وَمِنْ وَّرَآئِهٖ عَذَابٌ غَلِيْظٌ ⑱ مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ اَعْمَالُهُمْ

বিমায়্যিতিন ; ওয়ামিওঁ ওয়ারা—ইহী 'আযা-বুন্ গালীজ্ । ১৮ । মাছালুল্ লাযীনা কাফারূ বিরাব্বিহিম্ আ'মা-লুহুম্

কিন্তু সে মরবে না এবং তার সম্মুখে থাকবে আরও কঠোর আযাব । (১৮) যারা তাদের প্রতিপালককে অস্বীকার করে তাদের কর্মের দৃষ্টান্ত হল–

كَرَمَادِ ۨاشْتَدَّتْ بِهِ الرِّيْحُ فِيْ يَوْمٍ عَاصِفٍ ؕ لَا يَقْدِرُوْنَ مِمَّا كَسَبُوْا عَلٰى شَيْءٍ ؕ

কারামা-দিনিশ্ তাদ্দাত্ বিহির্ রীহু ফী ইয়াওমিন্ 'আ-ছিফিন্ ; লা-ইয়াক্বদিরূনা মিম্মা- কাসাবূ 'আলা- শাইয়িন্ ;

ছাই ভস্মের মত, যাকে ঝড়ের দিনে প্রবল বাতাস তীব্র বেগে উড়িয়ে নিয়ে যায় । তাদের উপার্জনের কোন কিছুই তারা কাজে লাগাতে পারে না ।

ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ⑲ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ

যা-লিকা হুওয়াদ্ব দ্বালা-লুল্ বা'ঈদ্ । ১৯ । আলাম্ তারা আন্নাল্লা-হা খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা বিল্হাক্ক্বি ;

এটাই ঘোরতর বিভ্রান্তি । (১৯) তুমি কি লক্ষ্য কর নি, আল্লাহ আসমান ও যমীন যথাযথভাবে সৃষ্টি করেছেন ? তিনি ইচ্ছা করলে তোমাদের

اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ⑳ وَّمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ○

ই ইয়াশা' ইউয্হিবকুম্ ওয়া ইয়া'তি বিখালক্বিন্ জ্বাদীদ্ । ২০ । ওয়ামা-যা-লিকা 'আলাল্লা-হি বি'আযীয ।

অস্তিত্ব বিলুপ্তিতে নিয়ে যাবেন এবং এক নতুন সৃষ্টি উপস্থিত করবেন । (২০) আর এটা আল্লাহ্র জন্য মোটেও কঠিন নয় ।

㉑ وَبَرَزُوْا لِلّٰهِ جَمِيْعًا فَقَالَ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ

২১ । ওয়া বারাযূ লিল্লা-হি জ্বামী'আন্ ফাক্বা-লাদ্ব দ্বু'আফা—উ লিল্লাযীনাস্ তাক্বারূ~ইন্না- কুন্না- লাকুম্ তাবা'আন্ ফাহাল্

(২১) সকলেই আল্লাহর সম্মুখে উপস্থিত হবে । তখন দুর্বলেরা সবলদেরকে বলবে, 'আমরা তো তোমাদের অনুসারী ছিলাম; সুতরাং তোমরা কি

اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا مِنْ عَذَابِ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ قَالُوْا لَوْ هَدٰىنَا اللّٰهُ لَهَدَيْنٰكُمْ ؕ

আন্তুম্ মুগ্নূনা 'আন্না মিন্ 'আযা-বিল্লা-হি মিন শাইয়িন্ ; ক্বা-লূ লাওহাদা-নাল্লা-হু লাহাদাইনা-কুম্;

আল্লাহ্র শাস্তির কোন অংশ আমাদের থেকে হটাতে পারবে ?' তারা বলবে, 'আল্লাহ্ আমাদেরকে সৎপথ দেখালে আমরাও তোমাদেরকে সৎপথ

سَوَآءٌ عَلَيْنَآ اَجَزِعْنَآ اَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَّحِيْصٍ ㉒ وَقَالَ الشَّيْطٰنُ لَمَّا

ع ৩ ১৫ রুকূ

সাওয়া—উন্ 'আলাইনা~আজ্বাযি'না~আম ছ্বাবার্না- মা- লানা- মিম্ মাহীছ্ব । ২২ । ওয়া ক্বা-লাশ্ শাইত্বা-নু লাম্মা-

দেখাতাম । এখন আমরা ধৈর্যহারা হই বা ধৈর্যশীল হই সবই সমান । আমাদের আর রেহাই নেই ।' (২২) যখন কার্য বিষয়ের ফয়সালা হয়ে যাবে, তখন শয়তান

قُضِيَ الْاَمْرُ اِنَّ اللّٰهَ وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَوَعَدْتُّكُمْ فَاَخْلَفْتُكُمْ ؕ وَمَا كَانَ لِيَ

ক্বুদ্বিয়াল্ আম্রু ইন্নাল্লা-হা ওয়া'আদাকুম্ ওয়াদাল্ হাক্ক্বি ওয়া ওয়া'আত্তুকুম্ ফাআখ্লাফ্তুকুম্ ; ওয়ামা- কা-না লিয়া

বলবে, 'আল্লাহ্ তোমাদের সাথে সত্য ওয়াদা দিয়েছিলেন । আর আমিও ওয়াদা দিয়েছিলাম; কিন্তু আমি ওয়াদা রক্ষা করিনি । তোমাদের উপর আমার

○ **টীকা (আঃ ২১) ঃ** এক রেওয়ায়েতে আছে, একাধারে পাঁচশত বছর আযাব ভোগ করার পর জাহান্নামীরা ফরিয়াদ করে বিফল হয়ে পরবর্তী পাঁচশত বছর ধৈর্য সহকারে আযাব ভোগ করবে । কিন্তু তাতেও বিন্দুমাত্র আযাবের লাঘবতা না দেখে বলবে, হায়! আমাদের আর রেহাই নেই । (মুঃ কোঃ)

○ **টীকা (আঃ ২২) ঃ** বলপূর্বক কাউকেও পথভ্রষ্ট করার ক্ষমতা শয়তানের নেই । তবে অন্য উপায়ে মানুষের ক্ষতি করার ক্ষমতা তার আছে । কিন্তু ফেরেশতার হেফাযতের কারণে তাও তারা সব সময় করতে পারে না । (বঃ কোঃ) ○ **টীকা (আঃ ২২) ঃ** একথা অতি সুস্পষ্ট যে, বিশ্বাসের দিক দিয়ে কেউই শয়তানকে আল্লাহর মর্যাদার অংশীদার মনে করে না বা তার উপাসনা করে না; বরং সকলেই তার প্রতি অভিশাপ বর্ষণ করে । কিন্তু তার আনুগত্য, দাসত্ব এবং জেনেশুনে বা অন্ধভাবে তার ভ্রান্তপথ অবশ্যই অনুসরণ করে থাকে– এ কাজকেই এখানে 'শিরিক' বলা হয়েছে । (শাঃ হিঃ)

عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّآ اَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِيْ ۚ فَلَا تَلُوْمُوْنِيْ وَلُوْمُوْٓا

'আলাইকুম্ মিন্ সুলত্বা-নিন্ ইল্লা~আন দা'আওতুকুম্ ফাস্তাজ্বাবতুম্ লী, ফালা- তালূমূনী ওয়ালূমূ~

কোন আধিপত্য ছিল না, তবে আমি তোমাদেরকে ডেকে ছিলাম, তোমরা সে ডাকে সাড়া দিয়েছিলে । তাই তোমরা আমাকে গালমন্দ করো না– নিজেদেরকে

اَنْفُسَكُمْ ؕ مَآ اَنَا بِمُصْرِخِكُمْ وَمَآ اَنْتُمْ بِمُصْرِخِيَّ ؕ اِنِّيْ كَفَرْتُ بِمَآ

আনফুসাকুম্ ; মা~আনা বিমুছ্রিখিকুম্ ওয়ামা~আন্তুম্ বিমুছ্রিখিয়্যা ; ইন্নী কাফার্তু বিমা~

গালমন্দ কর । আমিও তোমাদের সাহায্যকারী নই এবং তোমরাও আমার সাহায্যকারী নও । তোমরা যে ইতিপূর্বে আমাকে আল্লাহ্র সাথে শিরিক করেছিলে–

اَشْرَكْتُمُوْنِ مِنْ قَبْلُ ؕ اِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ㉓ وَاُدْخِلَ الَّذِيْنَ

আশরাক্তুমূনি মিন্ ক্বাব্লু ; ইন্নাজ্ জা-লিমীনা লাহুম্ 'আযা-বুন্ আলীম্ । ২৩ । ওয়া উদ্খিলাল্ লাযীনা

আমি তা অস্বীকার করছি । নিশ্চয় জালিমদের জন্য রয়েছে যন্ত্রনাদায়ক আযাব ।' (২৩) যারা ঈমান গ্রহণ করে ও সৎকর্ম করে–

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا

আ-মানূ ওয়া 'আমিলুছ্ ছ্বা-লিহ্বা-তি জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু খা-লিদীনা ফীহা-

তাদেরকে এমন জান্নাতে প্রবেশ করান হবে- যার নিম্নদেশে নদী প্রবাহিত হয়, সেখানে তারা অনন্তকাল থাকবে, তাদের প্রতিপালকের

بِاِذْنِ رَبِّهِمْ ؕ تَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ㉔ اَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا كَلِمَةً

বিইযনি রাব্বিহিম্ ; তাহ্বিয়্যাতুহুম্ ফীহা- সালা-ম্ । ২৪ । আলাম্ তারা কাইফা দ্বারাবাল্লা-হু মাছালান্ কালিমাতান্

অনুমতিক্রমে । সেখানে তাদের অভিবাদন হবে 'সালাম' । (২৪) তুমি কি লক্ষ্য কর না, আল্লাহ্ কিভাবে পবিত্র বাক্যের উপমা

طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ اَصْلُهَا ثَابِتٌ وَّفَرْعُهَا فِي السَّمَآءِ ㉕ تُؤْتِيْٓ اُكُلَهَا

ত্বাইয়্যিবাতান্ কাশাজ্বারাতিন্ ত্বাইয়্যিবাতিন্ আছ্লুহা- ছা-বিতুওঁ ওয়া ফার'উহা- ফিস্ সামা—ই । ২৫ । তু'তী~উকুলাহা-

বর্ণনা করেছেন যা উৎকৃষ্ট বৃক্ষের মত? যার মূল-কান্ড সুদৃঢ় ও যার শাখা-প্রশাখা ঊর্ধ্বাকাশে বিস্তৃত, (২৫) যে বৃক্ষটি প্রত্যেক মৌসুমে

كُلَّ حِيْنٍ بِاِذْنِ رَبِّهَا ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ○

কুল্লা হীনিম্ বিইয্নি রাব্বিহা-; ওয়া ইয়াদ্বরিবুল্লা-হুল্ আম্ছা-লা লিন্না-সি লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্ ।

তার প্রতিপালকের অনুমতিক্রমে ফল দান করে । আর আল্লাহ্ মানুষের জন্য উপমা বর্ণনা করেন– যাতে তারা উপদেশ গ্রহণ করে ।

㉖ وَمَثَلُ كَلِمَةٍ خَبِيْثَةٍ كَشَجَرَةٍ خَبِيْثَةِ ۨاجْتُثَّتْ مِنْ فَوْقِ الْاَرْضِ مَا لَهَا

২৬ । ওয়া মাছালু কালিমাতিন খাবীছাতিন কাশাজ্বারাতিন্ খাবীছাতি নিজ্তুছ্ছাত্ মিন্ ফাওক্বিল্ আর্দ্বি মা-লাহা-

(২৬) আর নোংরা বাক্যের উদাহরণ হলো– নোংরা বৃক্ষের মত, যার মূল কান্ড যমীন থেকে উপড়ে নেয়া হয়েছে, যার কোন

مِنْ قَرَارٍ ㉗ يُثَبِّتُ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا

মিন্ ক্বারা-র্ । ২৭ । ইউছাব্বিতুল্লা-হুল্ লাযীনা আ-মানূ বিল্ক্বাওলিছ্ ছা-বিতি ফিল্ হায়া-তিদ্ দুন্ইয়া-

স্থায়িত্ব নেই । (২৭) আল্লাহ মুমিনদেরকে দুনিয়া ও আখেরাতে সুদৃঢ় বাক্য দ্বারা সুপ্রতিষ্ঠিত রাখবেন ।

৪ ع ৬ ১৬ রুকূ

وَفِي الْاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيْنَ ۙ وَيَفْعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ﴿٢٧﴾ اَلَمْ تَرَ

ওয়া ফিল্ আ-খিরাতি ওয়া ইউদ্বিল্লুল্লা-হুজ্ জা-লিমীনা, ওয়াইয়াফ্'আলুল্লা-হু মা-ইয়াশা—উ। ২৮। আলাম্ তারা
আর জালিমদেরকে আল্লাহ্ পথভ্রষ্ট করবেন। আল্লাহ্ যা ইচ্ছা তাই করেন। (২৮) আপনি কি তাদেরকে লক্ষ্য করেন না–

اِلَى الَّذِيْنَ بَدَّلُوْا نِعْمَتَ اللّٰهِ كُفْرًا وَّاَحَلُّوْا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ ﴿٢٨﴾ جَهَنَّمَ ۚ

ইলাল্লাযীনা বাদ্দালূ নি'মাতাল্লা-হি কুফ্‌রাওঁ ওয়া আহাল্লূ ক্বাওমাহুম্ দা-রাল্ বাওয়া-র্। ২৯। জ্বাহান্নামা,
যারা আল্লাহ্‌র নেয়ামতের বিনিময়ে কুফরী করেছে এবং তারা তাদের স্বজাতিকে পৌছিয়েছে ধ্বংসের অতলে– (২৯) জাহান্নামে,

يَصْلَوْنَهَا ؕ وَبِئْسَ الْقَرَارُ ﴿٢٩﴾ وَجَعَلُوْا لِلّٰهِ اَنْدَادًا لِّيُضِلُّوْا عَنْ سَبِيْلِهٖ ؕ قُلْ

ইয়াছ্লাওনাহা- ; ওয়াবি'সাল্ ক্বারা-র। ৩০। ওয়া জ্বা'আলূ লিল্লা-হি আন্দা-দাল্ লিইউদ্বিল্লূ 'আন্ সাবীলিহী ; কুল্
যার মধ্যে তারা প্রবেশ করবে, আর তা কতই না নিকৃষ্ট বাসস্থান ! (৩০) তারা মানুষকে আল্লাহ্‌র পথ থেকে বিভ্রান্ত করার জন্য তাঁর সমকক্ষ দাঁড় করায়। বলুন,

تَمَتَّعُوْا فَاِنَّ مَصِيْرَكُمْ اِلَى النَّارِ ﴿٣٠﴾ قُلْ لِّعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْا يُقِيْمُوا الصَّلٰوةَ

তামাত্তা'উ ফাইন্না মাছীরাকুম্ ইলান্ না-র। ৩১। কুল লি'ইবা-দিয়াল্লাযীনা আ-মানূ ইউক্বীমুছ্ ছালা-তা
'তোমরা ভোগ করে নাও, অতঃপর তোমাদের জাহান্নামেই প্রত্যাবর্তন করতে হবে।' (৩১) আমার বান্দাদের মধ্যে যারা মুমিন– তাদেরকে বলুন, 'তারা

وَيُنْفِقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيْهِ

ওয়া ইউনফিক্ব মিম্মা- রাযাক্বনা-হুম্ সিররাওঁ ওয়া 'আলা-নিয়াতাম্ মিন্ ক্বাব্‌লি আইঁ ইয়া'তিয়া ইয়াওমুল্ লা-বাই'উন্ ফীহি
যথাযথভাবে নামায কায়েম রাখুক এবং আমি তাদেরকে যা দিয়েছি তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করুক- সে দিন আসার পূর্বে, যে দিন কোন ক্রয়-বিক্রয়

وَلَا خِلٰلٌ ﴿٣١﴾ اَللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَاَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً

ওয়ালা- খিলা-ল্। ৩২। আল্লা-হুল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা ওয়া আন্‌যালা মিনাস্ সামা—ই মা—আন্
ও বন্ধুত্ব থাকবে না।'(৩২) তিনিই আল্লাহ্, যিনি আসমান ও যমীন সৃষ্টি করেছেন, যিনি আসমান থেকে পানি বর্ষণ করেছেন। অতঃপর তা দিয়ে তোমাদেরকে

فَاَخْرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزْقًا لَّكُمْ ۚ وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ لِتَجْرِيَ فِي الْبَحْرِ

ফাআখ্‌রাজ্বা বিহী মিনাছ ছামারা-তি রিয্‌ক্বাল্ লাকুম্, ওয়াসাখ্‌খারা লাকুমুল্ ফুল্‌কা লিতাজ্বরিয়া ফিল্ বাহ্‌রি
রিযিক দানের জন্য ফলমূল উৎপাদন করেছেন। তিনি জলযানকে তোমাদের জন্য নিয়োজিত করে দিয়েছেন– যাতে তাঁর অনুমতিক্রমে তা সমুদ্রে বিচরণ করে

بِاَمْرِهٖ ۚ وَسَخَّرَ لَكُمُ الْاَنْهٰرَ ﴿٣٢﴾ وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَآئِبَيْنِ ۚ

বিআম্‌রিহী, ওয়া সাখ্‌খারা লাকুমুল্ আন্‌হা-র্। ৩৩। ওয়া সাখ্‌খারা লাকুমুশ্ শাম্‌সা ওয়াল্ ক্বামারা দা—ইবাইনি,
এবং তিনি নদ-নদীকেও তোমাদের জন্য নিয়োজিত করে দিয়েছেন। (৩৩) আর তিনি তোমাদের জন্য নিয়োজিত করেছেন সূর্য ও চন্দ্রকে– যা সর্বদা আবর্তন

وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ﴿٣٣﴾ وَاٰتٰىكُمْ مِّنْ كُلِّ مَا سَاَلْتُمُوْهُ ؕ وَاِنْ تَعُدُّوْا

ওয়া সাখ্‌খারা লাকুমুল্ লাইলা ওয়ান্ নাহা-র্। ৩৪। ওয়া আ-তা-কুম্ মিন্ কুল্লি মা-সাআল্‌তুমূহু ; ওয়া ইন্ তা'উদ্দূ
করে এবং তোমাদের জন্য নিয়োজিত করেছেন রাত ও দিনকে। (৩৪) তোমরা তাঁর কাছে যা চেয়েছ তা তিনি তোমাদেরকে দিয়েছেন। আর তোমরা

نِعْمَتَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ؕ اِنَّ الْاِنْسَانَ لَظَلُوْمٌ كَفَّارٌ ﴿٣٤﴾ وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ رَبِّ

নি'মাতাল্লা-হি লা- তুহ্‌সূহা-; ইন্নাল্ ইন্‌সা-না লাজালূমুন্ কাফ্‌ফা-র্। ৩৫। ওয়া ইয্ ক্বা-লা ইব্রা-হীমু রাব্বিজ্
আল্লাহ্‌র অনুগ্রহ গণনা করলে তার সংখ্যা গুণে শেষ করতে পারবে না। নিশ্চয় মানুষ অত্যাচারী ও অকৃতজ্ঞ। (৩৫) স্মরণ করুন, যখন ইব্রাহীম বলেছিলেন, 'ওগো মাবুদ!

اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ﴿٣٥﴾ رَبِّ اِنَّهُنَّ

'আল হা-যাল্ বালাদা আ-মিনাওঁ ওয়াজ্বনুবনী ওয়া বানিয়্যা আন্না'বুদাল্ আছ্‌না-ম্। ৩৬। রাব্বি ইন্নাহুন্না
এ নগরীকে আপনি নিরাপদ করুন এবং আমাকে ও আমার সন্তান-সন্ততিকে প্রতিমা পূজা থেকে বিরত রাখুন।' (৩৬) 'হে আমার প্রতিপালক ! এ সব

اَضْلَلْنَ كَثِيْرًا مِّنَ النَّاسِ ۚ فَمَنْ تَبِعَنِيْ فَاِنَّهٗ مِنِّيْ ۚ وَمَنْ عَصَانِيْ فَاِنَّكَ

আদ্বলাল্‌না কাছীরাম্ মিনান্না-সি, ফামান্ তাবি'আনী ফাইন্নাহূ মিন্নী, ওয়ামান্ আছা-নী ফাইন্নাকা
প্রতিমা বহু মানুষকে বিভ্রান্ত করেছে; সুতরাং যে আমার অনুসরণ করবে সেই আমার দলভুক্ত হবে; কিন্তু কেউ আমার অবাধ্য হলে আপনি তো নিশ্চয়

غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٦﴾ رَبَّنَا اِنِّيْ اَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ زَرْعٍ عِنْدَ

গাফূরুর রাহীম্। ৩৭। রাব্বানা~ইন্নী~আস্‌কানতু মিন্ যুররিয়্যাতী বিওয়া-দিন্ গাইরি যী যার্'ইন্ 'ইন্‌দা
ক্ষমাশীল ও পরম দয়ালু।' (৩৭) 'হে আমাদের প্রতিপালক! আমি আমার সন্তানকে আপনার পবিত্র কা'বা গৃহের অতি নিকটে ফসলহীন অনাবাদ স্থানে আবাদ

بَيْتِكَ الْمُحَرَّمِ ۙ رَبَّنَا لِيُقِيْمُوا الصَّلٰوةَ فَاجْعَلْ اَفْئِدَةً مِّنَ النَّاسِ تَهْوِيْ

বাইতিকাল্ মুহার্‌রামি রাব্বানা- লিইউক্বীমুছ্ ছালা-তা ফাজ্ব'আল্ আফ্‌ইদাতাম্ মিনান্ না-সি তাহ্‌ওয়ী~
করেছি। হে আমাদের প্রতিপালক! যাতে তারা নামায কায়েম রাখে। তাই আপনি কিছু লোকের অন্তর তাদের প্রতি আকৃষ্ট করে দিন এবং তাদেরকে ফল-মূল

اِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُوْنَ ﴿٣٧﴾ رَبَّنَاۤ اِنَّكَ تَعْلَمُ

ইলাইহিম্ ওয়ার্‌যুক্বহুম্ মিনাছ্ ছামারা-তি লা'আল্লাহুম্ ইয়াশ্‌কুরূন। ৩৮। রাব্বানা~ইন্নাকা তা'লামু
দ্বারা জীবিকা দান করুন, যাতে তারা কৃতজ্ঞতা প্রকাশ করতে পারে।' (৩৮) 'হে আমাদের প্রতিপালক ! নিশ্চয় আপনি

مَا نُخْفِيْ وَمَا نُعْلِنُ ؕ وَمَا يَخْفٰى عَلَى اللّٰهِ مِنْ شَيْءٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَآءِ ○

মা- নুখ্‌ফী ওয়ামা- নু'লিনু ; ওয়ামা- ইয়াখ্‌ফা- 'আলাল্লা-হি মিন্ শাইয়িন্ ফিল্ আর্‌দ্বি ওয়ালা-ফিস্ সামা—ই।
জানেন যা আমরা গোপন করি এবং যা আমরা প্রকাশ করি। আসমান ও যমীনের কোন কিছুই আল্লাহ্‌র কাছে গোপন নয়।'

﴿٣٨﴾ اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ عَلَى الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ ؕ اِنَّ رَبِّيْ

৩৯। আল্‌হাম্‌দু লিল্লা-হিল্লাযী ওয়াহাবালী 'আলাল্ কিবারি ইস্‌মা-'ঈলা ওয়া ইস্‌হা-ক্বা ; ইন্না রাব্বী
(৩৯) 'প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আমাকে আমার বার্ধ্যক্যে ইস্‌মাঈল ও ইস্‌হাককে দান করেছেন। নিশ্চয়, আমার প্রতিপালক প্রার্থনা

○ টীকা (আঃ ৩৭) ঃ যেন তারা দূর-দূরান্ত হতে এখানে এসে বসবাস করতে আরম্ভ করে। ফলে এখানকার বসতির জাঁক-জমক বৃদ্ধি পাবে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৮) ঃ হযরত ইবরাহীমের দুই বিবি ছিল– ছারাহ্ ও হাজেরাহ্। এদের উভয়ের মধ্যে মনোমিল ছিল না। তজ্জন্য হযরত ইবরাহীম, হাজেরা ও হাজেরার পুত্র হযরত ইসমাইলকে তথায় নিয়ে আসলেন–, যেস্থানে এখন মক্কা শহর প্রতিষ্ঠিত। কাজেই প্রকাশ্য তো হযরত ইবরাহীমের শাম দেশ হতে আগমনের কারণ হচ্ছে তাঁর দুই বিবির মধ্যে মনোমালিন্য বা কলহ-ঝগড়া। কিন্তু আগমনের প্রধান উদ্দেশ্য এই ছিল যে, পর্বতময় মক্কায় অদ্বিতীয় আল্লাহর উপাসনার ব্যবস্থা করা। (কুঃ কারীম)

৪ ১৬ রুকূ

لَسَمِيعُ الدُّعَآءِ ۝٤٠ رَبِّ اجْعَلْنِي مُقِيمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِي ۖ رَبَّنَا وَتَقَبَّلْ

লাসামী'উদ্ দু'আ—ই। ৪০। রাব্বিজ্ব 'আল্‌নী মুক্বীমাছ্ ছ্বলা-তি ওয়া মিন্ যুর্‌রিয়্যাতী, রাব্বানা- ওয়া তাক্বাব্বাল্

শুনে থাকেন।' (৪০) 'হে আমার প্রতিপালক! আমাকে এবং আমার বংশধরদেরকে নামায কায়েমকারী করুন। হে আমাদের প্রতিপালক! আমাদের দু'আ'

ع ৭ ১৮ রুকূ

دُعَآءِ ۝٤١ رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ ۝٤٢ وَلَا

দু'আ—ই। ৪১। রাব্বানাগ্ ফিরলী ওয়া লিওয়ালিদাইয়্যা ওয়ালিল্ মু'মিনীনা ইয়াওমা ইয়াক্বূমুল্ হ্বিসা-ব্। ৪২। ওয়ালা-

কবুল করুন।' (৪১) 'হে আমার প্রতিপালক! যেদিন হিসাব হবে সেদিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনদেরকে ক্ষমা করে দিবেন।' (৪২) তোমরা

تَحْسَبَنَّ اللّٰهَ غَافِلًا عَمَّا يَعْمَلُ الظّٰلِمُونَ ۚ إِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ تَشْخَصُ فِيهِ

তাহ্সাবান্নাল্লা-হা গা-ফিলান্ 'আম্মা- ইয়া'মালুজ্ জা-লিমূনা ; ইন্নামা- ইউআখ্খিরুহুম্ লিইয়াওমিন্ তাশখাছু ফীহিল্

কখনও মনে করো না যে, জালিমরা যা করে সে বিষয়ে আল্লাহ্ গাফেল। তিনি তাদেরকে সে দিন পর্যন্ত অবকাশ দেবেন– যেদিন তাদের চক্ষুসমূহ হয়ে

الْأَبْصَارُ ۝٤٣ مُهْطِعِينَ مُقْنِعِي رُءُوسِهِمْ لَا يَرْتَدُّ إِلَيْهِمْ طَرْفُهُمْ ۚ وَأَفْئِدَتُهُمْ

আব্‌ছা-র। ৪৩। মুহ্‌ত্বি'ঈনা মুক্বনি'ঈ রুঊসিহিম্ লা-ইয়ারতাদ্দু ইলাইহিম্ ত্বারফুহুম, ওয়া আফ্‌ইদাতুহুম্

যাবে বিস্ফোরিত। (৪৩) তারা মাথা ঊর্ধ্বমুখী করে ভীত-বিহ্বল হয়ে দৌড়াতে থাকবে, তাদের প্রতি তাদের দৃষ্টি ফিরে আসবে না এবং তাদের মন

هَوَآءٌ ۝٤٤ وَأَنْذِرِ النَّاسَ يَوْمَ يَأْتِيهِمُ الْعَذَابُ فَيَقُولُ الَّذِينَ ظَلَمُوا رَبَّنَآ

হাওয়া—উন্। ৪৪। ওয়া আন্‌যিরিন্ না-সা ইয়াওমা ইয়া'তীহিমুল্ 'আযা-বু ফাইয়াকূলুল্লাযীনা জালামূ রাব্বানা~

অপ্রকৃতস্থ হয়ে যাবে। (৪৪) যেদিন তাদের কাছে আযাব উপস্থিত হবে আপনি মানুষকে সেদিনের ভয় প্রদর্শন করুন। তখন জালিমরা বলবে, 'হে আমাদের প্রতিপালক!

أَخِّرْنَآ إِلٰٓى أَجَلٍ قَرِيبٍ ۙ نُجِبْ دَعْوَتَكَ وَنَتَّبِعِ الرُّسُلَ ۗ أَوَلَمْ تَكُونُوٓا

আখ্খির্‌না~ইলা~আজালিন্ ক্বারীবিন্ নুজিব দা'ওয়াতাকা ওয়া নাত্তাবি'ইর্ রুসুলা ; আওয়ালাম্ তাকূনূ~

আমাদেরকে কিছুকালের জন্য অবকাশ দিন, আমরা আপনার আহ্বানে সাড়া দেব এবং রসূলগণকে অনুসরণ করব।' তখন বলা হবে– তোমরা কি ইতিপূর্বে

أَقْسَمْتُمْ مِنْ قَبْلُ مَا لَكُمْ مِنْ زَوَالٍ ۝٤٥ وَسَكَنْتُمْ فِي مَسٰكِنِ الَّذِينَ ظَلَمُوٓا

আক্বসাম্‌তুম্ মিন্ ক্বাবলু মা-লাকুম্ মিন যাওয়া-ল্। ৪৫। ওয়া সাকান্‌তুম্ ফী মাসা-কিনিল্লাযীনা জালামূ~

শপথ করে বলতে না যে, তোমাদের কোন পতন নেই? (৪৫) যদিও তোমরা বসবাস করতে তাদের আবাসভূমিতে– যারা নিজেদের প্রতি জুলুম করেছিল

أَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبْنَا لَكُمُ الْأَمْثَالَ ۝٤٦ وَقَدْ مَكَرُوا

আন্‌ফুসাহুম্ ওয়া তাবাইয়্যানা লাকুম্ কাইফা ফা'আল্‌না- বিহিম্ ওয়াদ্বারাব্‌না-লাকুমুল্ আমছা-ল্। ৪৬। ওয়া ক্বাদ মাকারূ

এবং তাদের সাথে আমি কি করেছিলাম তাও তোমাদের কাছে স্পষ্ট হয়ে গিয়েছিল এবং আমি তোমাদের জন্য অনেক দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম। (৪৬) তারা ভীষণ

مَكْرَهُمْ وَعِنْدَ اللّٰهِ مَكْرُهُمْ ۖ وَإِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُولَ مِنْهُ الْجِبَالُ ۝

মাক্‌রাহুম্ ওয়া 'ইন্‌দাল্লা-হি মাক্‌রুহুম্ ; ওয়া ইন্ কা-না মাক্‌রুহুম্ লিতাযূলা মিন্‌হুল্ জিবা-ল্।

চক্রান্ত করেছিল। কিন্তু আল্লাহ্‌র সামনেই ছিল তাদের চক্রান্ত। যদিও তাদের চক্রান্ত এমন ছিল না– যাতে পর্বত টলে যায়।

۝٤٧ فَلَا تَحْسَبَنَّ اللّٰهَ مُخْلِفَ وَعْدِهٖ رُسُلَهٗ ۗ إِنَّ اللّٰهَ عَزِيزٌ ذُو انْتِقَامٍ ۝

৪৭। ফালা- তাহ্‌সাবান্নাল্লা-হা মুখ্‌লিফা ওয়া'দিহী রুসুলাহূ ; ইন্নাল্লা-হা 'আযীযুন্ যুনতিক্বা-ম্।

(৪৭) সুতরাং আল্লাহর ব্যাপারে ধারণা কর না যে– তিনি তার রাসূলগণের সাথে কৃত ওয়াদা ভঙ্গ করবেন। নিশ্চয় আল্লাহ্ পরাক্রমশালী ও প্রতিশোধ পরায়ণ।

۝٤٨ يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمٰوٰتُ وَبَرَزُوا لِلّٰهِ الْوَاحِدِ

৪৮। ইয়াওমা তুবাদ্দালুল্ আরদ্বু গাইরাল্ আরদ্বি ওয়াস্ সামা-ওয়া-তু ওয়া বারাযূ লিল্লা-হিল্ ওয়া-হ্বিদিল্

(৪৮) আর যেদিন এ পৃথিবী পরিবর্তিত হয়ে অন্য পৃথিবীতে পরিণত হবে এবং আকাশসমূহও পরিবর্তিত হবে, আর মানুষ পরাক্রমশালী আল্লাহ্‌র সম্মুখে

الْقَهَّارِ ۝٤٩ وَتَرَى الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ ۝٥٠ سَرَابِيلُهُمْ

ক্বাহ্‌হা-র্। ৪৯। ওয়া তারাল্ মুজ্‌রিমীনা ইয়াওমাইযিম্ মুক্বার্‌রানীনা ফিল্ আছ্‌ফা-দ্। ৫০। সারা-বীলুহুম্

উপস্থিত হবে– (৪৯) সেই দিন অপরাধীদের পরস্পরকে দেখবে হস্তপদ-শৃঙ্খলিত অবস্থায়। (৫০) তাদের পোষাক হবে

مِنْ قَطِرَانٍ وَتَغْشٰى وُجُوهَهُمُ النَّارُ ۝٥١ لِيَجْزِيَ اللّٰهُ كُلَّ نَفْسٍ مَّا

মিন্ ক্বাত্বিরা-নিওঁ ওয়া তাগ্‌শা- উজূহাহুমুন্ না-র্। ৫১। লিইয়াজ্‌যিয়াল্লা-হু কুল্লা নাফ্‌সিম্ মা-

আলকাতরার এবং অগ্নি তাদের মুখমন্ডল আচ্ছন্ন করে ফেলবে, (৫১) যাতে আল্লাহ্ প্রত্যেক অপরাধীর কৃতকর্মের প্রতিফল দিতে

كَسَبَتْ ۗ إِنَّ اللّٰهَ سَرِيعُ الْحِسَابِ ۝٥٢ هٰذَا بَلٰغٌ لِّلنَّاسِ وَلِيُنْذَرُوا

কাসাবাত্ ; ইন্নাল্লা-হা সারী'উল্ হ্বিসা-ব্। ৫২। হা-যা- বালা-গুল্ লিন্না-সি ওয়ালিইউন্‌যারূ

পারেন। নিশ্চয় আল্লাহ্ হিসাব গ্রহণে অতি তৎপর। (৫২) এটি মানুষের জন্য এক বার্তা– যাতে তারা এর দ্বারা

৭ ع ২১ ১৯ রুকূ

بِهٖ وَلِيَعْلَمُوٓا أَنَّمَا هُوَ إِلٰهٌ وَّاحِدٌ وَّلِيَذَّكَّرَ أُولُوا الْأَلْبَابِ ۝

বিহী ওয়া লিইয়া'লামূ~আন্নামা- হুওয়া ইলা-হুওঁ ওয়া-হ্বিদুওঁ ওয়ালিইয়ায যাক্কারা উলুল্ আল্‌বা-ব্।

সতর্ক হয় এবং জানতে পারে– তিনিই একমাত্র ইলাহ এবং যাতে চিন্তাশীলরা উপদেশ গ্রহণ করে।

সূরা আল হিজর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ۝
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৯৯
রুকূ ঃ ৬

۝١ الٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ وَقُرْاٰنٍ مُّبِينٍ ۝

১। আলিফ্ লা—ম্ রা-, তিল্‌কা আ-য়া-তুল্ কিতা-বি ওয়া কুর্‌আ-নিম্ মুবীন্।

(১) আলিফ লাম রা, এগুলো পরিপূর্ণ কিতাব ও সুস্পষ্ট কিতাবের আয়াত।

○ টীকা (আঃ ৪৮) ঃ এই আয়াত ও কুরআনের অন্যান্য সংকেত থেকে জানা যায় যে, কিয়ামতে যমীন ও আসমান পূর্ণরূপে ধ্বংস প্রাপ্ত হয়ে অস্তিত্বহীন হয়ে যাবে না; বরং মাত্র বর্তমান প্রাকৃতিক ব্যবস্থাকে ওলট পালট করে দেয়া হবে। তারপর প্রথম ও শেষ ফুৎকারের অন্তর্বর্তী বিশেষ সময়ের মধ্যে, যার ব্যাপ্তির পরিমাণ একমাত্র আল্লাহই জানেন। যমীন ও আসমানের বর্তমান রূপ ও গঠন পরিবর্তিত করে দেয়া হবে এবং অন্য একপ্রকার প্রাকৃতিক বিধান সহকারে গঠন করে দেয়া হবে। এই হবে পরজগত। এপর শিঙ্গায় শেষ ফুঁৎকারের সঙ্গে সঙ্গে আদমসৃষ্টির পর থেকে কিয়ামত পর্যন্ত যত মানুষ পয়দা হয়েছিল সকলকে নূতন করে জীবিত করা হবে, এবং তারা আল্লাহর সামনে উপস্থিত হবে। এ ঘটনাকেই কুরআনের ভাষায় 'হাশর' পুনরুত্থান বলা হয়ে থাকে। 'হাশর'-এর আভিধানিক অর্থ হচ্ছে– সংগৃহীত ও একত্রিত করা। (বঃ কোঃ)

② رُبَمَا يَوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ كَانُوْا مُسْلِمِيْنَ ③ ذَرْهُمْ يَاْكُلُوْا وَيَتَمَتَّعُوْا
২। রুবামা- ইয়াওয়াদ্দুল্লাযীনা কাফারূ লাও কা-নূ মুস্‌লিমীন্। ৩। যারহুম্ ইয়া'কুলূ ওয়া ইয়াতামাত্তা'উ
(২) কখনও কখনও কাফেররা কামনা করবে, যদি তারা মুসলমান হত, তবে কত ভাল হত! (৩) তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দিন, তারা ভাল করে খেতে থাকুক,

وَيُلْهِهِمُ الْاَمَلُ فَسَوْفَ يَعْلَمُوْنَ ④ وَمَاۤ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ اِلَّا وَلَهَا كِتَابٌ
ওয়া ইউল্‌হিহিমুল আমালু ফাসাওফা ইয়া'লামূন্। ৪। ওয়ামা~আহলাক্‌না- মিন্ ক্বার্‌ইয়াতিন্ ইল্লা- ওয়ালাহা- কিতা-বুম্
ভোগ করতে থাকুক এবং বিভিন্ন আশায় তারা মোহাচ্ছন্ন হয়ে থাকুক- অচিরেই তারা জানতে পারবে। (৪) আমি কোন জনপদকে তার নির্দিষ্টকাল পূর্ণ না হলে ধ্বংস

مَّعْلُوْمٌ ⑤ مَا تَسْبِقُ مِنْ اُمَّةٍ اَجَلَهَا وَمَا يَسْتَاْخِرُوْنَ ⑥ وَقَالُوْا يٰۤاَيُّهَا الَّذِيْ
মা'লূম্। ৫। মা-তাস্‌বিক্বু মিন্ উম্মাতিন্ আজ্বালাহা- ওয়ামা- ইয়াস্‌তা'খিরূন্। ৬। ওয়া ক্বা-লূ ইয়া~আইয়্যুহাল্লাযী
করি না। (৫) কোন জাতি তার নির্দিষ্ট সময়ের অগ্রে যেতে পারে না এবং পশ্চাতে থাকতে পারে না। (৬) তারা বলে, 'হে সেই ব্যক্তি! যার

نُزِّلَ عَلَيْهِ الذِّكْرُ اِنَّكَ لَمَجْنُوْنٌ ⑦ لَوْ مَا تَاْتِيْنَا بِالْمَلٰۤئِكَةِ اِنْ كُنْتَ مِنَ
নুয্‌যিলা 'আলাইহিয যিক্‌রু ইন্নাকা লামাজ্‌নূন্। ৭। লাও মা- তা'তীনা- বিল্‌মালা—ইকাতি ইন্ কুন্‌তা মিনাছ্
প্রতি কুরআন নাযিল হয়েছে- আপনি তো নিশ্চয় একজন উম্মাদ। (৭) তবে আমাদের কাছে ফেরেশ্‌তাদেরকে উপস্থিত করছেন না কেন, যদি আপনি

الصّٰدِقِيْنَ ⑧ مَا نُنَزِّلُ الْمَلٰۤئِكَةَ اِلَّا بِالْحَقِّ وَمَا كَانُوْۤا اِذًا مُّنْظَرِيْنَ ⑨ اِنَّا نَحْنُ
ছা-দিক্বীন্। ৮। মা- নুনায্‌যিলুল্ মালা—ইকাতা ইল্লা- বিল্‌হাক্বক্বি ওয়ামা- কা-নূ~ইযাম্ মুন্‌জারীন্। ৯। ইন্না- নাহ্‌নু
সত্যবাদী হন? (৮) আমি ফেরেশ্‌তাদেরকে ফয়সালা করার জন্যই পাঠাই। আর ফেরেশ্‌তারা উপস্থিত হলে তারা কোন অবকাশ পাবে না। (৯) নিশ্চয় আমিই

نَزَّلْنَا الذِّكْرَ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ⑩ وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِيْ شِيَعِ الْاَوَّلِيْنَ
নায্‌যাল্‌নায্ যিক্‌রা ওয়া ইন্না- লাহূ লাহা-ফিজূন্। ১০। ওয়া লাক্বাদ আর্‌সাল্‌না- মিন্ ক্বাব্‌লিকা ফী শিইয়া'ইল আওয়্যালীন্।
কুরআন নাযিল করেছি এবং আমিই একে সংরক্ষণ করব। (১০) আপনার পূর্বে নিশ্চয় আমি পূর্ববর্তী অনেক জাতির কাছে রাসূল পাঠিয়েছিলাম।

⑪ وَمَا يَاْتِيْهِمْ مِّنْ رَّسُوْلٍ اِلَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ⑫ كَذٰلِكَ نَسْلُكُهٗ فِيْ
১১। ওয়ামা- ইয়া'তীহিম্ মির্ রাসূলিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন্। ১২। কাযা-লিকা নাসলুকুহূ ফী
(১১) তাদের কাছে এমন কোন রাসূল আসেনি- যাকে নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত না। (১২) এভাবে আমি অপরাধীদের অন্তরে

قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ⑬ لَا يُؤْمِنُوْنَ بِهٖ وَقَدْ خَلَتْ سُنَّةُ الْاَوَّلِيْنَ ۝
কুলূবিল মুজ্‌রিমীন্। ১৩। লা- ইউ'মিনূনা বিহী ওয়া ক্বাদ্ খালাত্ সুন্নাতুল্ আওয়্যালীন্।
বিদ্রূপ-প্রবণতা বদ্ধমূল করে দিই। (১৩) তারা এর প্রতি ঈমান আনবে না- তাদের এই রীতি পূর্ববর্তীদের থেকেই চলে আসছে।

○ বিশ্লেষণ (আঃ ২) ঃ ربما يود - এ কামনা কখন করবে? এ নিয়ে বিভিন্ন মতামত রয়েছে। মৃত্যুর সময় যখন ফেরেশতাগণ তাদেরকে জাহান্নামের অগ্নি দেখাবেন, অথবা জাহান্নামে যাবার মুহূর্তে, অথবা গুনাহগার মুমিনগণকে কিছু দিনের জন্য শাস্তিমূলক জাহান্নামে রেখে, পরে জাহান্নাম হতে বের করে আনার সময়, অথবা হাশরের ময়দানে হিসাবের সময়, যখন কাফিররা দেখবে যে, মুসলমানগণ জান্নাতের দিকে যাচ্ছে। কারো মতে, কাফেরদের থেকে এ কামনা সর্বসময়ের জন্যই হতে পারে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৫) ঃ বরং নির্ধারিত সময়েই ধ্বংস হয়েছে, সুতরাং নির্ধারিত সময় এসে উপস্থিত হলেই তাদেরকেও শাস্তি দেয়া হবে। (বঃ কোঃ)

⑭ وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِّنَ السَّمَاۤءِ فَظَلُّوْا فِيْهِ يَعْرُجُوْنَ ⑮ لَقَالُوْۤا اِنَّمَا
১৪। ওয়া লাও ফাতাহ্‌না- 'আলাইহিম্ বা-বাম্ মিনাস্ সামা—ই ফাজাল্‌লূ ফীহি ইয়া'রুজূন্। ১৫। লাক্বা-লূ~ইন্নামা-
(১৪) যদি তাদের জন্য আকাশের কোন দরজা খুলে দিই এবং তারা সারা দিন তাতে আরোহণ করতে থাকে। (১৫) তবুও তারা বলবে

سُكِّرَتْ اَبْصَارُنَا بَلْ نَحْنُ قَوْمٌ مَّسْحُوْرُوْنَ ⑯ وَلَقَدْ جَعَلْنَا فِي السَّمَاۤءِ
সুক্কিরাত্ আব্‌ছা-রুনা- বাল্ নাহ্‌নু ক্বাওমুম্ মাসহূরূন্। ১৬। ওয়া লাক্বাদ্ জ্বা'আল্‌না- ফিস্ সামা—ই
'আমাদের চক্ষু নজরবন্দী করা হয়েছে, নতুবা আমরা এক যাদুগ্রস্ত সম্প্রদায়।' (১৬) নিশ্চয় আকাশে আমি বড় বড় নক্ষত্র সৃষ্টি

بُرُوْجًا وَّزَيَّنّٰهَا لِلنّٰظِرِيْنَ ⑰ وَحَفِظْنٰهَا مِنْ كُلِّ شَيْطٰنٍ رَّجِيْمٍ ⑱ اِلَّا مَنِ اسْتَرَقَ
বুরূজাও ওয়া যাইয়্যান্না-হা- লিন্না-জিরীন্। ১৭। ওয়া হাফিজ্‌না-হা- মিন্ কুল্লি শাইত্বা-নির রাজ্বীম্। ১৮। ইল্লা- মানিসতারাক্বাস্
করেছি এবং দর্শকদের জন্য তাকে সুশোভিত করেছি। (১৭) আর প্রত্যেক অভিশপ্ত শয়তান থেকে আমি তাকে রক্ষা করে থাকি, (১৮) আর কেউ চুরি করে

السَّمْعَ فَاَتْبَعَهٗ شِهَابٌ مُّبِيْنٌ ⑲ وَالْاَرْضَ مَدَدْنٰهَا وَاَلْقَيْنَا فِيْهَا رَوَاسِيَ
সাম'আ ফাআত্‌বা'আহূ শিহা-বুম্ মুবীন্। ১৯। ওয়াল্ আর্‌দ্বা মাদাদ্‌না-হা- ওয়া আল্‌ক্বাইনা- ফীহা- রাওয়া-সিয়া
ফেরেশতাদের কথা জানতে চাইলে জ্বলন্ত শিখা তার পশ্চাদ্ধাবন করে। (১৯) পৃথিবীকে আমি বিস্তৃত করেছি এবং তাতে পর্বতমালা স্থাপন করেছি।

وَاَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ شَيْءٍ مَّوْزُوْنٍ ⑳ وَجَعَلْنَا لَكُمْ فِيْهَا مَعَايِشَ وَمَنْ لَّسْتُمْ
ওয়া আমবাত্‌না- ফীহা- মিন্ কুল্লি শাইয়িম্ মাওযূন্। ২০। ওয়া জ্বা'আল্‌না- লাকুম্ ফীহা- মা'আ-ইশা ওয়ামাল্ লাস্‌তুম্
আর আমি পৃথিবীতে প্রত্যেক বস্তু সুপরিমিতভাবে উৎপন্ন করেছি। (২০) এবং তাতে তোমাদের জন্য জীবিকার ব্যবস্থা করেছি। আর তোমরা যাদেরকে

لَهٗ بِرٰزِقِيْنَ ㉑ وَاِنْ مِّنْ شَيْءٍ اِلَّا عِنْدَنَا خَزَاۤئِنُهٗ وَمَا نُنَزِّلُهٗۤ اِلَّا بِقَدَرٍ
লাহূ বিরা-যিক্বীন। ২১। ওয়া ইম্ মিন্ শাইয়িন্ ইল্লা- 'ইনদানা- খাযা—ইনুহূ, ওয়ামা- নুনায্‌যিলুহূ~ইল্লা- বিক্বাদারিম্
রুযীর ব্যবস্থা না কর তাদের জন্যও। (২১) আর প্রত্যেক বস্তুর পূর্ণ ভান্ডার আমার নিকট রয়েছে। আমি তা প্রয়োজন অনুযায়ীই সরবরাহ

مَّعْلُوْمٍ ㉒ وَاَرْسَلْنَا الرِّيٰحَ لَوَاقِحَ فَاَنْزَلْنَا مِنَ السَّمَاۤءِ مَاۤءً فَاَسْقَيْنٰكُمُوْهُ ع
মা'লূম। ২২। ওয়া আর্‌সাল্‌নার রিয়া-হা লাওয়া-ক্বিহা ফাআন্‌যাল্‌না- মিনাস্ সামা—ই মা—আন ফাআসক্বাইনা-কুমূহ
করে থাকি। (২২) আমি মেঘমালায় পূর্ণ বায়ু প্রেরণ করে থাকি, অতঃপর আকাশ থেকে পানি বর্ষণ করি। এরপর তা তোমাদেরকে পান করতে দিই।

وَمَاۤ اَنْتُمْ لَهٗ بِخٰزِنِيْنَ ㉓ وَاِنَّا لَنَحْنُ نُحْيٖ وَنُمِيْتُ وَنَحْنُ الْوٰرِثُوْنَ ۝
ওয়ামা~আন্‌তুম্ লাহূ বিখা-যিনীন। ২৩। ওয়া ইন্না- লানাহ্‌নু নুহ্‌য়ী ওয়া নুমীতু ওয়া নাহ্‌নুল্ ওয়া-রিছূন্।
আর তোমরা পানি সংরক্ষণ করতে পারতে না। (২৩) আমিই জীবন দান করি ও মৃত্যু ঘটাই এবং আমিই সবশেষে বহাল থাকব।

○ টীকা (আঃ ১৮) ঃ ইবনে কুতাইবা (রহ) বলেন, 'রাসুল (স)-এর আগমণের পূর্বে জীন ও শয়তানরা চুরি করে ফেরেশতাদের কিছু কিছু সংবাদ শুনে ফেলত।' ইবনে আব্বাস (রা) বলেন, ফেরেশতাদের কথা চুরি করার জন্য শয়তানরা একজনের উপর আরেকজন চড়ে চড়ে দুনিয়ার আকাশ সীমায় পৌছে যায়। তখন উল্কা পিন্ড দ্বারা তাদেরকে ধাওয়া করা হয়। (আবুস্‌সাউদ)

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ ومن لستم - এর দ্বারা চাকর, গোলাম, জানোয়ারকে বুঝানো হয়েছে। তাদের খাদ্যের ব্যবস্থা যদিও বাহ্যিকভাবে তোমরা কর। মূলতঃ তাদের 'রিযিক দাতা' আল্লাহ, তোমরা নও। (কুঃ কারীম)

(٢٣) وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِيْنَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَاْخِرِيْنَ (٢٤) وَاِنَّ رَبَّكَ

২৪ । ওয়া লাক্বাদ্ 'আলিম্‌নাল মুস্‌তাক্বদিমীনা মিন্‌কুম্ ওয়ালাক্বাদ 'আলিম্‌নাল্ মুস্‌তা'খিরীন্ । ২৫ । ওয়া ইন্না রাব্বাকা
(২৪) তোমাদের মধ্য থেকে ইতিপূর্বে যারা চলে গেছে আমি তাদেরকেও জানি এবং তোমাদের পরে যারা আসবে তাদেরকেও জানি। (২৫) তোমাদের প্রতিপালকই

ع
২
রুকু

هُوَ يَحْشُرُهُمْ ۭ اِنَّهٗ حَكِيْمٌ عَلِيْمٌ (٢٥) وَلَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ مِنْ صَلْصَالٍ

হুওয়া ইয়াহ্শুরুহুম্ ; ইন্নাহূ হ্বাকীমুন্ 'আলীম্ । ২৬ । ওয়ালাক্বাদ খালাক্বনাল্ ইন্‌সা-না মিন্ ছ্বালছ্বা-লিম্
তাদেরকে একত্রিত করবেন, নিশ্চয় তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। (২৬) নিশ্চয় আমি মানুষকে সৃষ্টি করেছি

مِنْ حَمَاٍ مَّسْنُوْنٍ (٢٦) وَالْجَآنَّ خَلَقْنٰهُ مِنْ قَبْلُ مِنْ نَّارِ السَّمُوْمِ (٢٧) وَاِذْ قَالَ

মিন্ হ্বামাইম্ মাসনূন্ । ২৭ । ওয়াল্‌জ্বা—ন্না খালাক্বনা-হু মিন্ ক্বাব্‌লু মিন্ না-রিস্ সামূম্ । ২৮ । ওয়া ইয্ ক্বা-লা
ছাঁচে-ঢালা শুষ্ক কাদা মাটি থেকে। (২৭) এবং এর পূর্বে আমি উত্তপ্ত অগ্নি থেকে জ্বিন সৃষ্টি করেছি। (২৮) স্মরণীয় সে সময়, যখন

رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّيْ خَالِقٌ بَشَرًا مِّنْ صَلْصَالٍ مِّنْ حَمَاٍ مَّسْنُوْنٍ (٢٨) فَاِذَا سَوَّيْتُهٗ

রাব্বুকা লিল্‌মালা—ইকাতি ইন্নী খা-লিকুম্ বাশারাম্ মিন্ ছ্বাল্‌ছ্বা-লিম্ মিন্ হ্বামাইম্ মাস্‌নূন্ । ২৯ । ফাইযা- সাওয়্যাইতুহূ
আপনার প্রভু ফেরেশ্‌তাদেরকে বলেছিলেন, 'আমি নিশ্চয় মানব জাতি সৃষ্টি করেছি, ছাঁচে-ঢালা শুষ্ক কাদা মাটি থেকে। (২৯) যখন আমি তাকে

وَنَفَخْتُ فِيْهِ مِنْ رُّوْحِيْ فَقَعُوْا لَهٗ سٰجِدِيْنَ (٢٩) فَسَجَدَ الْمَلٰٓئِكَةُ كُلُّهُمْ

ওয়ানাফাখ্‌তু ফীহি মির্ রূহ্বী ফাক্বা'উ লাহূ সা-জ্বিদীন্ । ৩০ । ফাসাজ্বাদাল্ মালা—ইকাতু কুল্লুহুম্
পূর্ণ সুঠাম করব এবং তাতে আমার রুহ্ সঞ্চার করব, তখন তোমরা তার প্রতি সিজদাবনত হবে,' । (৩০) তখন ফেরেশ্‌তারা সকলেই

اَجْمَعُوْنَ (٣٠) اِلَّآ اِبْلِيْسَ ۭ اَبٰٓى اَنْ يَّكُوْنَ مَعَ السّٰجِدِيْنَ (٣١) قَالَ يٰٓاِبْلِيْسُ

আজ্বমা'উন্ । ৩১ । ইল্লা~ইব্‌লীসা ; আবা~আঁই ইয়াকূনা মা'আস্ সা-জ্বিদীন্ । ৩২ । ক্বা-লা ইয়া~ইব্‌লীসু
সিজদা করল; (৩১) কিন্তু ইবলীস সিজদা করল না, সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হতে অস্বীকার করল। (৩২) আল্লাহ্ বললেন, 'হে ইব্‌লীস !

مَا لَكَ اَلَّا تَكُوْنَ مَعَ السّٰجِدِيْنَ (٣٢) قَالَ لَمْ اَكُنْ لِّاَسْجُدَ لِبَشَرٍ خَلَقْتَهٗ

মা-লাকা আল্লা- তাকূনা মা'আস্ সা-জ্বিদীন্ । ৩৩ । ক্বা-লা লাম্ আকুল লিআস্‌জুদা লিবাশারিন খালাক্বতাহূ
তোমার কি হল যে, তুমি সিজদাকারীদের অন্তর্ভুক্ত হলে না ?' (৩৩) সে বলল, 'আপনি ছাঁচে-ঢালা শুষ্ক কাদা মাটি থেকে যে মানুষ

مِنْ صَلْصَالٍ مِّنْ حَمَاٍ مَّسْنُوْنٍ (٣٣) قَالَ فَاخْرُجْ مِنْهَا فَاِنَّكَ رَجِيْمٌ (٣٤) وَّاِنَّ

মিন্ ছ্বালছ্বা-লিম্ মিন হ্বামাইম্ মাসনূন । ৩৪ । ক্বা-লা ফাখ্‌রুজ্ব মিন্‌হা- ফাইন্নাকা রাজ্বীম্ । ৩৫ । ওয়াইন্না
সৃষ্টি করেছেন আমি তাকে সিজদা করার পাত্র নই।' (৩৪) আল্লাহ্ বললেন, 'তুমি এখান থেকে বেরিয়ে যাও, নিশ্চয় তুমি অভিশপ্ত।' (৩৫) 'এবং

○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ من صلصال - মাটির বিভিন্ন অবস্থার প্রেক্ষিতে মাটির বিভিন্ন নাম হয়ে থাকে। যেমন- শুকনা মাটিকে تراب নরম কাদা মাটিকে طين দুর্গন্ধময় খামীর করা নরম কাদা মাটিকে حما مسنون এবং এই মাটি শুকনা হয়ে যখন ঠন ঠন শব্দ করে তখন তাকে صلصال এবং যখন তা আগুনে পোড়ানো হয়, তখন তাকে فخار (পোড়া মাটি) বলা হয়। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ سجدين - সিজদার নির্দেশ ছিল সম্মান প্রদর্শনের জন্য। ইবাদাতের উদ্দেশ্যে নয়। তবে এখন শরীয়তে মুহাম্মাদীর (স) বিধান হল সম্মান প্রদর্শনের জন্যও সিজদা করা নাজায়েয।

عَلَيْكَ اللَّعْنَةَ اِلٰى يَوْمِ الدِّيْنِ (٣٥) قَالَ رَبِّ فَاَنْظِرْنِيْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ○

'আলাইকাল্ লা'নাতা ইলা- ইয়াওমিদ্‌দীন । ৩৬ । ক্বা-লা রাব্বী ফাআনজিরনী~ইলা- ইয়াওমি ইউব'আছূন ।
কর্মফল দিবস পর্যন্ত তোমার প্রতি অভিশাপ রইল।' (৩৬) সে বলল, 'হে আমার প্রতিপালক! পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে আপনি অবকাশ দিন।'

(٣٦) قَالَ فَاِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ (٣٧) اِلٰى يَوْمِ الْوَقْتِ الْمَعْلُوْمِ (٣٨) قَالَ رَبِّ بِمَآ

৩৭ । ক্বা-লা ফাইন্নাকা মিনাল্ মুন্‌জারীন্ । ৩৮ । ইলা- ইয়াওমিল্ ওয়াক্বতিল্ মা'লূম্ । ৩৯ । ক্বা-লা রাব্বি বিমা~
(৩৭) আল্লাহ্ বললেন, তোমাকে অবকাশ দেয়া হলো-(৩৮) নির্দিষ্ট সময় পর্যন্ত।' (৩৯) সে বলল, হে আমার প্রভু ! আপনি আমাকে যেহেতু

اَغْوَيْتَنِيْ لَاُزَيِّنَنَّ لَهُمْ فِي الْاَرْضِ وَلَاُغْوِيَنَّهُمْ اَجْمَعِيْنَ (٣٩) اِلَّا عِبَادَكَ

আগ্‌ওয়াইতানী লাউযায়্যিনান্না লাহুম্ ফিল্ আরদ্বি ওয়ালা উগ্‌ইয়ান্নাহুম আজ্বমা'ঈন্ । ৪০ । ইল্লা-ইবা-দাকা
বিপথগামী করেছেন, তাই আমি পৃথিবীতে মানুষের জন্য পাপকর্মকে শোভন করে দেখাব এবং তাদের সকলকেই পথভ্রষ্ট করব।' (৪০) 'তবে

مِنْهُمُ الْمُخْلَصِيْنَ (٤٠) قَالَ هٰذَا صِرَاطٌ عَلَيَّ مُسْتَقِيْمٌ (٤١) اِنَّ عِبَادِيْ لَيْسَ

মিন্‌হুমুল মুখলাছ্বীন্ । ৪১ । ক্বা-লা হা-যা ছ্বিরা-তুন 'আলাইয়্যা মুস্‌তাক্বীম । ৪২ । ইন্না 'ইবা-দী লাইসা
আপনার নির্বাচিত বান্দাদের কথা ভিন্ন।' (৪১) আল্লাহ্ বললেন, 'এটাই আমার কাছে পৌঁছার সরল পথ।' (৪২) পথভ্রষ্টদের মধ্যে যারা তোমার

لَكَ عَلَيْهِمْ سُلْطٰنٌ اِلَّا مَنِ اتَّبَعَكَ مِنَ الْغٰوِيْنَ (٤٢) وَاِنَّ جَهَنَّمَ لَمَوْعِدُهُمْ

লাকা 'আলাইহিম্ সুলত্বা-নুন ইল্লা- মানিত্তাবা'আকা মিনাল্ গা-ওয়ীন্ । ৪৩ । ওয়া ইন্না জ্বাহান্নামা লামাও'ইদুহুম
অনুসরণ করবে- তারা ছাড়া আমার অন্য বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা থাকবে না। (৪৩) আর নিশ্চয় তোমার সকল অনুসারীদের প্রতিশ্রুত

৩
ع
রুকু

اَجْمَعِيْنَ (٤٣) لَهَا سَبْعَةُ اَبْوَابٍ ۭ لِكُلِّ بَابٍ مِّنْهُمْ جُزْءٌ مَّقْسُوْمٌ (٤٤) اِنَّ الْمُتَّقِيْنَ

আজ্বমা'ঈন । ৪৪ । লাহা- সাব্'আতু আব্‌ওয়া- বিন্ ; লিকুল্লি বা-বিম্ মিন্‌হুম জুয্‌উম্ মাক্বসূম্ । ৪৫ । ইন্নাল্ মুত্তাক্বীনা
স্থান হবে জাহান্নাম।' (৪৪) 'এর সাতটি দরজা রয়েছে। আর প্রত্যেক দরজার জন্য পৃথক পৃথক দল থাকবে। (৪৫) নিশ্চয় মুত্তাকীরা

فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ (٤٥) اُدْخُلُوْهَا بِسَلٰمٍ اٰمِنِيْنَ (٤٦) وَنَزَعْنَا مَا فِيْ صُدُوْرِهِمْ

ফী জ্বান্না-তিওঁ ওয়া 'উইয়ূন্ । ৪৬ । উদ্‌খুলূহা- বিসালা-মিন্ আ-মিনীন্ । ৪৭ । ওয়া নাযা'না- মা- ফী ছুদূরিহিম্
থাকবে প্রস্রবণ-বহুল জান্নাতে। (৪৬) 'তাদেরকে বলা হবে, তোমরা প্রশান্তি ও নিরাপত্তার সাথে তাতে প্রবেশ কর।' (৪৭) আমি তাদের অন্তর

مِّنْ غِلٍّ اِخْوَانًا عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ (٤٧) لَا يَمَسُّهُمْ فِيْهَا نَصَبٌ وَّمَا هُمْ

মিন্ গিল্লিন্ ইখ্‌ওয়া-নান্ 'আলা- সুরুরিম্ মুতাক্বা-বিলীন্ । ৪৮ । লা-ইয়ামাস্‌সুহুম্ ফীহা- নাছ্বাবুওঁ ওয়ামা-হুম্
থেকে ঈর্ষা দূর করে দেব, তারা পরস্পর ভাই ভাই হয়ে মুখোমুখি আসনে বসবে, (৪৮) সেখানে তাদেরকে ক্লান্তি স্পর্শ করবে না এবং তারা সেখান

مِّنْهَا بِمُخْرَجِيْنَ (٤٨) نَبِّئْ عِبَادِيْٓ اَنِّيْٓ اَنَا الْغَفُوْرُ الرَّحِيْمُ (٤٩) وَاَنَّ عَذَابِيْ

মিন্‌হা- বিমুখ্‌রাজ্বীন্ । ৪৯ । নাব্বি' 'ইবা-দী~আন্নী~আনাল্ গাফূরুর্ রাহ্বীম্ । ৫০ । ওয়া আন্না 'আযা-বী
থেকে বহিষ্কৃতও হবে না। (৪৯) আমার বান্দাদেরকে বলে দিন, আমি ক্ষমাশীল ও পরম দয়ালু (৫০) আর আমার আযাব- সে তো অত্যন্ত

هو العذاب الاليم ﴿٥٠﴾ ونبئهم عن ضيف ابرهيم ﴿٥١﴾ اذ دخلوا عليه فقالوا

হুওয়াল্ 'আযা-বুল আলীম্। ৫১। ওয়া নাব্বি'হুম্ 'আন্ দ্বাইফি ইব্‌রা-হীম্। ৫২। ইয্ দাখালূ 'আলাইহি ফাক্বা-লূ
যন্ত্রণাদায়ক আযাব। (৫১) আর তাদেরকে বলুন, ইব্রাহীমের (আ) অতিথিদের কথা, (৫২) যখন তারা তার নিকট উপস্থিত হয়ে বলল,

سلما قال انا منكم وجلون ﴿٥٢﴾ قالوا لا توجل انا نبشرك بغلم عليم ﴿٥٣﴾ قال

সালা-মান্ ; ক্বা-লা ইন্না- মিন্‌কুম্ ওয়াজ্বিলূন্। ৫৩। ক্বা-লূ লা-তাওজ্বাল্ ইন্না- নুবাশ্‌শিরুকা বিগুলা-মিন্ 'আলীম। ৫৪। ক্বা-লা
'সালাম'। তখন তিনি বলেছিলেন, 'আমরা তোমাদের ব্যাপারে ভীত-সন্ত্রস্ত।' (৫৩) তারা বলল 'ভয় করবেন না', আমরা আপনাকে এক জ্ঞানবান পুত্রের শুভ সংবাদ দিচ্ছি।' (৫৪) তিনি

ابشرتموني على ان مسني الكبر فبم تبشرون ﴿٥٤﴾ قالوا بشرنك بالحق

আবাশ্‌শারতুমূনী 'আলা ~আম্ মাস্‌সানিয়াল্ কিবারু ফাবিমা তুবাশ্‌শিরূন। ৫৫। ক্বা-লূ বাশ্‌শারনা-কা বিল্‌হাক্বক্বি
বললেন, 'তোমরা কি আমাকে আমার বার্ধক্য অবস্থায় এ শুভ সংবাদ দিচ্ছ? এ কোন্ বিষয়ের শুভ সংবাদ দিচ্ছ?' (৫৫) তারা বলল, 'আমরা আপনাকে

فلا تكن من القنطين ﴿٥٥﴾ قال ومن يقنط من رحمة ربه الا الضالون ○

ফালা- তাকুম্ মিনাল্ ক্বা-নিত্বীন্। ৫৬। ক্বা-লা ওয়া মাই ইয়াক্বনাতু মির্ রাহ্‌মাতি রাব্বিহী~ইল্লাদ্ব দ্বা—ল্লূন্।
সত্যসহ সুসংবাদ দিচ্ছি, তাই আপনি হতাশ হবেন না।' (৫৬) তিনি বললেন, পথভ্রষ্টরা ছাড়া আর কে তার প্রতিপালকের অনুগ্রহ থেকে হতাশ হয় ?'

﴿٥٦﴾ قال فما خطبكم ايها المرسلون ﴿٥٧﴾ قالوا انا ارسلنا الى قوم مجرمين ○

৫৭। ক্বা-লা ফামা- খাত্বুকুম্ আইয়্যুহাল্ মুরসালূন্। ৫৮। ক্বা-লূ~ইন্না~উর্‌সিল্‌না- ইলা- ক্বাওমিম্ মুজ্বরিমীন্।
(৫৭) তিনি বললেন, 'হে ফেরেশ্‌তারা ! তোমাদের (আগমনের) উদ্দেশ্য কি ?' (৫৮) তারা বলল, 'আমরা অপরাধী সম্প্রদায়ের বিরুদ্ধে প্রেরিত হয়েছি'।

﴿٥٨﴾ الا ال لوط انا لمنجوهم اجمعين ﴿٥٩﴾ الا امراته قدرنا انها لمن الغبرين ○

৫৯। ইল্লা~আ-লা লূত্বিন্ ; ইন্না- লামুনাজ্জূহুম্ আজ্বমা'ঈন্। ৬০। ইল্লাম্ রাআতাহূ ক্বাদ্দারনা~ইন্নাহা- লামিনাল্ গা-বিরীন্।
(৫৯) 'তবে লূতের পরিবারের কথা ভিন্ন, আমরা তাদের সকলকে রক্ষা করব।' (৬০) তবে লূতের স্ত্রী নয়, তার ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছি- সে পশ্চাতে অবস্থানকারীদের দলভুক্ত হবে।'

﴿٦٠﴾ فلما جاء ال لوط المرسلون ﴿٦١﴾ قال انكم قوم منكرون ﴿٦٢﴾ قالوا بل

৬১। ফালাম্মা- জ্বা—আ আ-লা লূত্বি নিল্ মুর্‌সালূন। ৬২। ক্বা-লা ইন্নাকুম্ ক্বাওমুম্ মুন্‌কারূন। ৬৩। ক্বা-লূ বাল্
(৬১) ফেরেশ্‌তারা যখন লূতের পরিবারের নিকট এল, (৬২) তখন লূত্ বললেন, 'তোমরা তো নিশ্চয় একটি অপরিচিত দল।' (৬৩) তারা বলল, 'না,

جئنك بما كانوا فيه يمترون ﴿٦٣﴾ واتينك بالحق وانا لصدقون ﴿٦٤﴾ فاسر

জ্বি'না-কা বিমা- কা-নূ ফীহি ইয়াম্‌তারূন্। ৬৪। ওয়া আতাইনা-কা বিল্‌হাক্বক্বি ওয়া ইন্না- লাছ্বা-দিক্বূন্। ৬৫। ফাআস্‌রি
তারা যে বিষয় সন্দিহান আমরা সে বিষয় নিয়ে এসেছি,' (৬৪) 'আমরা আপনার নিকট সত্য নিয়ে এসেছি। নিশ্চয় আমরা সত্যবাদী'; (৬৫) 'সুতরাং আপনি

ওয়াক্বফে লাযেম ৭

৪ ع(৬) ৪ রুকূ

---

০ টীকা (আঃ ৫৫) ঃ এটা একটি আশ্চর্য ব্যাপার। কাজেই আশ্চর্য বোধ করছি। আল্লাহর অসাধ্য বলে মনে করছি না। (বঃ কোঃ)
০ টীকা (আঃ ৫৬) ঃ অর্থাৎ, আমরা আপনাকে বাস্তব সত্যের সংবাদই দিচ্ছি। আপনি বার্ধক্যের প্রতি লক্ষ্য করবেন না। এতে নৈরাশ্যের উৎপত্তি হতে পারে। (বঃ কোঃ) ০ টীকা (আঃ ৫৮) ঃ যেহেতু ইবরাহীম (আ) নবীসুলভ জ্ঞান দ্বারা জানতে পেরেছেন যে, এরা এই সুসংবাদ ছাড়া আরো কোন গুরুতর কাজের উদ্দেশ্যেও এসেছে, কাজেই তিনি এই প্রশ্ন করলেন। (বঃ কোঃ)
০ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ فيه يمترون – অর্থাৎ আল্লাহর শাস্তি, যে ব্যাপারে লূতের (আ) সম্প্রদায়গণ সন্দেহ করেছিল।

اهلك بقطع من اليل واتبع ادبارهم ولا يلتفت منكم احد وامضوا

বিআহ্‌লিকা বিক্বিত্ব'ইম্ মিনাল্ লাইলি ওয়াত্তাবি' আদ্‌বা-রা হুম্ ওয়ালা- ইয়াল্‌তাফিত্ মিন্‌কুম্ আহাদুঁও ওয়াম্‌
রাতের কোন এক সময়ে পরিবারবর্গসহ বেরিয়ে পড়ুন। আর চলার সময় আপনি সকলের পেছনে থাকবেন এবং আপনাদের মধ্যে কেউ যেন পিছনে ফিরে না তাকায়।

حيث تؤمرون ﴿٦٥﴾ وقضينا اليه ذلك الامر ان دابر هؤلاء مقطوع

হ্বাইছু তু'মারূন্। ৬৬। ওয়াক্বাদ্বাইনা~ইলাইহি যা-লিকাল আম্‌রা আন্না দা-বিরা হা~উলা—ই মাক্বতূ'উম
আপনারা নির্দেশিত স্থানে চলে যান।' (৬৬) আমি লূতকে এ নির্দেশ প্রেরণ করি যে, সকাল বেলাই তাদের শিকড় উপড়ে

مصبحين ﴿٦٦﴾ وجاء اهل المدينة يستبشرون ﴿٦٧﴾ قال ان هؤلاء ضيفي

মুছ্‌বিহ্বীন্। ৬৭। ওয়া জ্বা—আ আহ্‌লুল্ মাদীনাতি ইয়াস্‌তাব্‌শিরূন্। ৬৮। ক্বা-লা ইন্না হা~উলা—ই দ্বাইফী
ফেলা হবে। (৬৭) আর নগরবাসীরা উল্লাস করতে করতে উপস্থিত হল। (৬৮) লূত (আ) বললেন, 'তারা আমার অতিথি,তোমরা আমাকে অসম্মান

فلا تفضحون ﴿٦٨﴾ واتقوا الله ولا تخزون ﴿٦٩﴾ قالوا اولم ننهك عن العلمين ○

ফালা- তাফদ্বাহূন ৬৯। ওয়াত্তাক্বুল্লা-হা ওয়ালা- তুখ্‌যূন। ৭০ ক্বা-লূ~আওয়ালাম্ নান্‌হাকা 'আনিল্ 'আ-লামীন।
করো না,' (৬৯) 'তোমরা আল্লাহকে ভয় কর। আর আমাকে লাঞ্ছিত করো না।' (৭০) তারা বলল, আমরা বিশ্ববাসীর সাহায্য নিতে আপনাকে বারণ করিনি ?'

﴿٧٠﴾ قال هؤلاء بنتي ان كنتم فعلين ﴿٧١﴾ لعمرك انهم لفي سكرتهم يعمهون ○

৭১। ক্বা-লা হা~উলা—ই বানা-তী~ইন্ কুন্‌তুম্ ফা-'ইলীন্। ৭২। লা'আম্‌রুকা ইন্নাহুম্ লাফী সাক্‌রাতিহিম্ ইয়া'মাহূন্।
(৭১) লূত বললেন, 'এই যে আমার কন্যারা রয়েছে, তোমরা যদি কিছু করতেই চাও তবে কর।'(৭২) আপনার প্রাণের কসম! তারা নিজেদের উম্মাদনায় বেহুশ ছিল।

﴿٧٢﴾ فاخذتهم الصيحة مشرقين ﴿٧٣﴾ فجعلنا عاليها سافلها وامطرنا عليهم

৭৩। ফাআখাযাত্‌হুমুছ্ ছ্বাইহ্বাতু মুশ্‌রিক্বীন্। ৭৪। ফাজ্বা'আল্‌না- 'আ-লিইয়াহা- সা-ফিলাহা- ওয়া আম্‌ত্বার্‌না- 'আলাইহিম্
(৭৩) অতঃপর সূর্যোদয়ের সাথে এক ভয়ংকর আওয়াজ তাদেরকে আঘাত করল। (৭৪) এরপর আমি নগরগুলিকে উলটিয়ে দিলাম এবং তাদের উপর

حجارة من سجيل ﴿٧٤﴾ ان في ذلك لايت للمتوسمين ﴿٧٥﴾ وانها لبسبيل

হ্বিজ্বা-রাতাম্ মিন সিজ্জ্বীল। ৭৫। ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিল্ মুতাওয়াস্‌সিমীন্। ৭৬। ওয়া ইন্নাহা- লাবিসাবীলিম্
কংকর-প্রস্তর বর্ষণ করলাম। (৭৫) অবশ্যই এতে পর্যবেক্ষণ শক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য নিদর্শন রয়েছে। (৭৬) আর ধ্বংসে প্রাপ্ত জনপদটি একটি আবাদ সড়কের

مقيم ﴿٧٦﴾ ان في ذلك لاية للمؤمنين ﴿٧٧﴾ وان كان اصحب الايكة لظلمين ○

মুক্বীম্। ৭৭। ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তাল্ লিল্‌মু'মিনীন্। ৭৮। ওয়া ইন্ কা-না আছ্‌হ্বা-বুল্ আইকাতি লাজা-লিমীন্।
উপর অবস্থিত। (৭৭) অবশ্যই এতে মুমিনদের জন্য রয়েছে নিদর্শন। (৭৮) আর বনের অধিবাসীরাও ছিল জালিম।

﴿٧٨﴾ فانتقمنا منهم وانهما لبامام مبين ﴿٧٩﴾ ولقد كذب اصحب الحجر

৭৯। ফান্‌তাক্বামনা- মিন্‌হুম। ওয়া ইন্নাহুমা- লাবিইমা-মিম্ মুবীন্। ৮০। ওয়া লাক্বাদ্ কায্‌যাবা আছ্‌হ্বা-বুল হ্বিজ্‌রিল্
(৭৯) তাই আমি তাদের কাছ থেকে বদলা নিয়েছি। এই জনপদ দুটি প্রকাশ্য রাস্তায় অবস্থিত। (৮০) নিশ্চয় হিজরবাসিরাও রাসূলদেরকে মিথ্যা

৬ ওয়াক্বফে লাযেম

৫ ع(১৭) ৫ রুকূ

الْمُرْسَلِيْنَ (٨٠) وَاٰتَيْنٰهُمْ اٰيٰتِنَا فَكَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ (٨١) وَكَانُوْا يَنْحِتُوْنَ

মুরসালীন্ । ৮১ । ওয়া আ-তাইনা-হুম্ আ-য়া-তিনা- ফাকা-নূ 'আন্হা- মু'রিদ্বীন্ । ৮২ । ওয়া কা-নূ ইয়ানহিতূনা
প্রতিপন্ন করেছিল । (৮১) আমি তাদেরকে আমার নিদর্শনাবলি দিয়েছিলাম । অতঃপর তারা তা উপেক্ষা করেছিল । (৮২) তারা নিশ্চিন্ত মনে

مِنَ الْجِبَالِ بُيُوْتًا اٰمِنِيْنَ (٨٢) فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُصْبِحِيْنَ (٨٣) فَمَآ اَغْنٰى

মিনাল্ জ্বিবা-লি বুইয়ূতান্ আ-মিনীন্ । ৮৩ । ফাআখাযাত্হুমুছ্ ছ্বাইহাতু মুছ্বিহীন । ৮৪ । ফামা~আগ্না-
পাহাড় কেটে গৃহ নির্মাণ করত । (৮৩) অতঃপর এক সকালে বিকট এক আওয়াজ তাদেরকে আঘাত করল; (৮৪) সুতরাং তারা যা

عَنْهُمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ (٨٤) وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا

'আনহুম্ মা-কা-নূ ইয়াক্সিবূন্ । ৮৫ । ওয়ামা- খালাক্নাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ওয়ামা- বাইনাহুমা~ইল্লা-
করেছিল তা তাদের কোন কাজে আসেনি । (৮৫) আকাশ ও পৃথিবী এবং এর মধ্যবর্তী কোন কিছুই আমি অযথা সৃষ্টি করিনি ।

بِالْحَقِّ ؕ وَاِنَّ السَّاعَةَ لَاٰتِيَةٌ فَاصْفَحِ الصَّفْحَ الْجَمِيْلَ (٨٥) اِنَّ رَبَّكَ هُوَ

বিল্হাক্বক্বি ; ওয়া ইন্নাস্ সা-'আতা লাআ-তিয়াতুন্ ফাছ্ফাহিছ্ ছ্বাফ্হাল্ জ্বামীল্ । ৮৬ । ইন্না রাব্বাকা হুওয়াল্
আর কিয়ামত অবশ্যই আসবে । তাই আপনি অত্যন্ত অনীহা ভরে তাদেরকে উপেক্ষা করুন । (৮৬) নিশ্চয় আপনার প্রতিপালক

الْخَلّٰقُ الْعَلِيْمُ (٨٦) وَلَقَدْ اٰتَيْنٰكَ سَبْعًا مِّنَ الْمَثَانِيْ وَالْقُرْاٰنَ الْعَظِيْمَ ۝

খাল্লা-ক্বুল্ 'আলীম্ । ৮৭ । ওয়ালাক্বাদ আ-তাইনা-কা সাব্'আম্ মিনাল্ মাছা-নী ওয়াল্ কুরআ-নাল্ 'আজীম্ ।
মহাস্রষ্টা, মহাজ্ঞানী । (৮৭) আমি আপনাকে সাতটি আয়াত দিয়েছি, যা বার বার পাঠ করা হয় । আর দিয়েছি মহা কুরআন ।

(٨٧) لَا تَمُدَّنَّ عَيْنَيْكَ اِلٰى مَا مَتَّعْنَا بِهٖٓ اَزْوَاجًا مِّنْهُمْ وَلَا تَحْزَنْ

৮৮ । লা তামুদ্দান্না 'আইনাইকা ইলা- মা- মাত্তা'না- বিহী~আয্ওয়া-জ্বাম্ মিনহুম্ ওয়ালা- তাহ্যান,
(৮৮) আমি কাফেরদের বিভিন্ন প্রকারের লোককে ভোগবিলাসের জন্য যে সব উপকরণ দিয়েছি, তার প্রতি আপনি চোখ তুলে তাকাবেন না ।

عَلَيْهِمْ وَاخْفِضْ جَنَاحَكَ لِلْمُؤْمِنِيْنَ (٨٨) وَقُلْ اِنِّيْٓ اَنَا النَّذِيْرُ الْمُبِيْنُ ۝

'আলাইহিম্ ওয়াখ্ফিদ্ব জ্বানা-হাকা লিলমু'মিনীন্ । ৮৯ । ওয়াকুল্ ইন্নী~আনান্ নাযীরুল্ মুবীন্ ।
আর তাদের জন্য চিন্তিত হবেন না । মুমিনদের প্রতি স্বীয় বাহু নত রাখুন । (৮৯) বলুন, 'আমি এক প্রকাশ্য ভয় প্রদর্শক ।'

(٨٩) كَمَآ اَنْزَلْنَا عَلَى الْمُقْتَسِمِيْنَ (٩٠) الَّذِيْنَ جَعَلُوا الْقُرْاٰنَ عِضِيْنَ (٩١) فَوَرَبِّكَ

৯০ । কামা~আন্যাল্না- 'আলাল্ মুক্বতাসিমীন্ । ৯১ । আল্লাযীনা জ্বা'আলুল্ কুরআ-না 'ইদ্বীন্ । ৯২ । ফাওয়ারাব্বিকা
(৯০) যেমন আমি তাদের প্রতি কুরআন নাযিল করেছি- যারা বিভক্তকারী ছিল । (৯১) যারা কুরআনকে বিভিন্ন অংশে বিভক্ত করেছিল; (৯২) সুতরাং শপথ আপনার রবের!

○ শানে নুযূল (আঃ ৮৮) ঃ একবার ইহুদী গোত্র বনী নাযীর ও বনী কুরাইযার সাতটি কাফেলা বিরাট শস্যাদি ও স্বর্ণ-রূপাসহ বিভিন্ন পণ্য দ্রব্য নিয়ে মক্কায় আসে । মুসলমানরা তা দেখে মনে মনে ভাবে- হায়, এগুলো যদি আমাদের হতো, তবে আমরা আল্লাহর পথে দান করতাম । তখন তাদের সান্ত্বনা প্রদানের জন্য এ আয়াত নাযিল হয় । (আবুস্সাউদ) ○ টীকা (আঃ ৮৮) ঃ এতে সন্দেহ নেই যে, "কুফ্র" জিনিসটা নিজ স্থলেই অতি কঠিনতর মসীবত । কিন্তু কাফেরগণ এটাকে মসীবতই মনে করে না এবং এটা হতে আত্মরক্ষার চেষ্টাও করে না । এদেরকে বুঝাতে গেলে বুঝ নেয়া তো দূরের কথা, উল্টা খারাপই মনে করে থাকে । কাজেই এদের অবস্থার প্রতি দুঃখ করা তদ্রূপই, অন্ধের সম্মুখে ক্রন্দন যদ্রূপ ।

لَنَسْـَٔلَنَّهُمْ اَجْمَعِيْنَ (٩٢) عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ (٩٣) فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ

লানাস্আলান্নাহুম্ আজ্বমা'ঈন । ৯৩ । 'আম্মা-কা-নূ ইয়া'মালূন্ । ৯৪ । ফাছ্দা' বিমা- তু'মারু
আমি তাদের সকলকে অবশ্যই জিজ্ঞাসাবাদ করব, (৯৩) তাদের কৃতকর্ম সম্পর্কে; (৯৪) সুতরাং আপনাকে যে আদেশ করা হয়, তা

وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ (٩٤) اِنَّا كَفَيْنٰكَ الْمُسْتَهْزِءِيْنَ (٩٥) الَّذِيْنَ

ওয়া আ'রিদ্ব 'আনিল মুশ্রিকীন্ । ৯৫ । ইন্না- কাফাইনা-কাল্ মুস্তাহযিঈন্ । ৯৬ । আল্লাযীনা
আপনি প্রচার করুন এবং মুশরিকদেরকে উপেক্ষা করুন । (৯৫) আমিই আপনার জন্য বিদ্রূপকারীদের বিরুদ্ধে যথেষ্ট, (৯৬) যারা

يَجْعَلُوْنَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۚ فَسَوْفَ يَعْلَمُوْنَ (٩٦) وَلَقَدْ نَعْلَمُ

ইয়াজ্ব'আলূনা মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা, ফাসাওফা ইয়া'লামূন । ৯৭ । ওয়া লাক্বাদ্ না'লামু
আল্লাহ্র সাথে অন্য উপাস্যদের সাব্যস্ত করেছে । শীঘ্রই তারা জানতে পারবে । (৯৭) আমি অবশ্যই জানি, তারা যা

اَنَّكَ يَضِيْقُ صَدْرُكَ بِمَا يَقُوْلُوْنَ (٩٧) فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَ

আন্নাকা ইয়াদ্বীক্বু ছ্বাদ্রুকা বিমা- ইয়াকূলূন্ । ৯৮ । ফাসাব্বিহ্ বিহামদি রাব্বিকা ওয়া
বলে তাতে আপনার অন্তর সঙ্কুচিত হয়ে পড়ে; (৯৮) সুতরাং আপনি আপনার প্রভুর প্রশংসা দ্বারা তাঁর মহিমা বর্ণনা করুন

كُنْ مِّنَ السّٰجِدِيْنَ (٩٨) وَاعْبُدْ رَبَّكَ حَتّٰى يَاْتِيَكَ الْيَقِيْنُ ۝

কুম মিনাস্ সা-জ্বিদীন্ । ৯৯ । ওয়া'বুদ্ রাব্বাকা হাত্তা- ইয়া'তিইয়াকাল্ ইয়াক্বীন ।
এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হয়ে যান, (৯৯) আপনার মৃত্যু উপস্থিত হওয়া পর্যন্ত আপনি আপনার প্রভুর ইবাদত করুন ।

সূরা আন্ নাহল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১২৮
রুকূ ঃ ১৬

(١) اَتٰٓى اَمْرُ اللّٰهِ فَلَا تَسْتَعْجِلُوْهُ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ (٢) يُنَزِّلُ

১ । আতা~আম্রুল্লা-হি ফালা- তাস্তা'জ্বিলূহ ; সুব্হা-নাহূ ওয়া তা'আ-লা- 'আম্মা- ইউশ্রিকূন্ । ২ । ইউনায্যিলুল্
(১) আল্লাহ্র হুকুম এসে গেছে, তাই আপনি এতে তাড়াহুড়া করবেন না । তিনি মহিমান্বিত এবং তারা যা শিরিক করে তা থেকে তিনি অনেক ঊর্ধ্বে । (২) তিনি

الْمَلٰٓئِكَةَ بِالرُّوْحِ مِنْ اَمْرِهٖ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖٓ اَنْ اَنْذِرُوْٓا اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّآ

মালা—ইকাতা বির্রূহি মিন্ আমরিহী 'আলা- মাই ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী~আন্ আনযিরূ~আন্নাহূ লা~ইলা-হা ইল্লা~
তাঁর ইচ্ছানুযায়ী তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা ওহীসহ ফেরেশতাদেরকে এমর্মে প্রেরণ করেন যে, সতর্ক করে দিন 'আমি ছাড়া অন্য কোন ইলাহ নেই,

○ শানে নুযূল (আঃ ৯৫) ঃ এ আয়াত মক্কার পাঁচজন কুরাইশ সরদারদের উদ্দেশ্যে নাযিল হয়েছে । যারা রাসূল (স)-কে নানাভাবে নির্যাতন করতো । তারা হলো, ওয়ালীদ ইবনে, মুগীরা, 'আস ইবনে ওয়াইল, হারেস ইবনে কায়েস, আসওয়াদ ইবনে আবদে ইয়াগুস এবং আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিব । অত্যন্ত নিকৃষ্টভাবে তাদের মৃত্যু-হয় । (আবুস্সাউদ) ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ اتى امر الله - নির্দেশ দ্বারা কিয়ামত বুঝানো হয়েছে । ভবিষ্যতের পরিবর্তে অতীতের সিগাহ ব্যবহার করার কারণ এই যে, কিয়ামত সংঘটিত হওয়াটা একেবারেই নিশ্চিত অবশ্যম্ভাবী ঘটবে এমন কাজের জন্য কুরআন মাজীদের অনেক ক্ষেত্রে অতীতকালের ক্রিয়া ব্যবহার করা হয় । اتى -এর অর্থ এসেছে । এখানে এর অর্থ, আসবেই । (বঃ কোঃ)

أَنَا فَاتَّقُوْنِ ② خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ تَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ③ خَلَقَ

আনা ফাত্তাকূন্। ৩। খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা বিল্‌হাক্বক্বি ; তা'আ-লা- 'আম্মা- ইউশ্‌রিকূন্। ৪। খালাক্বাল্
তাই তোমরা আমাকে ভয় কর'। (৩) তিনি যথানিয়মে আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন। তারা যা শিরিক করে, তিনি তার বহু উর্ধ্বে। (৪) তিনি শুক্র থেকে

الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ④ وَالْاَنْعَامَ خَلَقَهَا ۚ لَكُمْ فِيْهَا

ইন্‌সা-না মিন্ নুত্বফাতিন্ ফাইযা- হুওয়া খাছীমুম্ মুবীন্। ৫। ওয়াল্ আন'আ-মা খালাক্বাহা-, লাকুম্ ফীহা-
মানুষ সৃষ্টি করেছেন, অথচ সে প্রকাশ্যে বিতণ্ডা করে। (৫) তিনি চতুষ্পদ জন্তু সৃষ্টি করেছেন, তোমাদের জন্য তাতে শীতবস্ত্র ও অনেক উপকার রয়েছে

دِفْءٌ وَّمَنَافِعُ وَمِنْهَا تَاْكُلُوْنَ ⑤ وَلَكُمْ فِيْهَا جَمَالٌ حِيْنَ تُرِيْحُوْنَ وَحِيْنَ

দিফ্‌উওঁ ওয়া মানা-ফি'উ ওয়া মিনহা- তা'কুলূন্। ৬। ওয়া লাকুম্ ফীহা- জ্বামা-লুন্ হ্বীনা তুরীহূনা ওয়া হ্বীনা
এবং তা থেকে তোমরা কিছু আহারও করে থাক। (৬) তোমাদের জন্য তাতে সম্মানের বিষয় রয়েছে যখন তোমরা সন্ধ্যায় চারণভূমি থেকে ফিরিয়ে নিয়ে আস এবং সকালে

تَسْرَحُوْنَ ⑥ وَتَحْمِلُ اَثْقَالَكُمْ اِلٰى بَلَدٍ لَّمْ تَكُوْنُوْا بٰلِغِيْهِ اِلَّا بِشِقِّ

তাস্‌রাহূন্। ৭। ওয়া তাহ্বমিলু আছক্বা-লাকুম্ ইলা- বালাদিল্ লাম্ তাকূনূ বা-লিগীহি ইল্লা- বিশিক্বক্বিল
সেখানে নিয়ে যাও। (৭) তারা তোমাদের বোঝা বহন করে নিয়ে যায় এমনদেশে—যেখানে প্রাণান্তকর কষ্ট না সয়ে তোমরা পৌঁছতে

الْاَنْفُسِ ؕ اِنَّ رَبَّكُمْ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ⑦ وَّالْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيْرَ

আন্‌ফুসি ; ইন্না রাব্বাকুম্ লারাউফুর্ রাহ্বীম্। ৮। ওয়াল্ খাইলা ওয়াল্ বিগা-লা ওয়াল্ হ্বামীরা
পারতে না। নিশ্চয় তোমাদের প্রভু বড় স্নেহময় ও পরম দয়ালু। (৮) আর তিনি সৃষ্টি করেছেন ঘোড়া, খচ্চর ও গাধা– তোমাদের আরোহণ ও

لِتَرْكَبُوْهَا وَزِيْنَةً ؕ وَيَخْلُقُ مَا لَا تَعْلَمُوْنَ ⑧ وَعَلَى اللّٰهِ قَصْدُ السَّبِيْلِ وَمِنْهَا

লিতার্‌কাবূহা- ওয়াযীনাতান্ ; ওয়া ইয়াখ্‌লুক্বু মা-লা- তা'লামূন্। ৯। ওয়া 'আলাল্লা-হি ক্বাছ্‌দুস্ সাবীলি ওয়া মিন্‌হা-
শোভাবর্ধনের জন্য। আর তিনি এমন বিষয়ও সৃষ্টি করেছেন যা তোমাদের অজানা। (৯) সরল পথ আল্লাহ্ পর্যন্ত গিয়ে পৌঁছে; কিন্তু এগুলোর মধ্যে কিছু বক্র

১ ع ৯ ৭ রুকূ

جَآئِرٌ ؕ وَلَوْ شَآءَ لَهَدٰىكُمْ اَجْمَعِيْنَ ⑨ هُوَ الَّذِيْۤ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً

জ্বা—ইরুন্, ওয়া লাও শা—আ লাহাদা-কুম্ আজ্বমা'ঈন্। ১০। হুওয়াল্লাযী~আন্‌যালা মিনাস্ সামা—ই মা—আল্
পথও রয়েছে। তিনি ইচ্ছা করলে তোমাদের সকলকেই সুপথে পরিচালিত করতে পারতেন। (১০) তিনিই আকাশ থেকে তোমাদের জন্য

لَّكُمْ مِّنْهُ شَرَابٌ وَّمِنْهُ شَجَرٌ فِيْهِ تُسِيْمُوْنَ ⑩ يُنْۢبِتُ لَكُمْ بِهِ الزَّرْعَ

লাকুম্ মিন্‌হু শারা-বুওঁ ওয়া মিন্‌হু শাজ্বারুন্ ফীহি তুসীমূন্। ১১। ইউম্‌বিতু লাকুম্ বিহিয্ যার্'আ
পানি বর্ষণ করেন, এ থেকে তোমরা পান কর এবং এ থেকেই বৃক্ষ উৎপন্ন হয়। যাতে তোমরা পশু বিচরণ করাও। (১১) তিনি তোমাদের জন্য

وَالزَّيْتُوْنَ وَالنَّخِيْلَ وَالْاَعْنَابَ وَمِنْ كُلِّ الثَّمَرٰتِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ

ওয়ায্‌যাইতূনা ওয়ান্‌নাখীলা ওয়াল্ আ'না-বা ওয়া মিন্ কুল্লিছ্ ছামারা-তি ; ইন্না ফী যা-লিকা
পানি দ্বারা উৎপন্ন করেন শস্য জয়তুন, খেজুর, আঙ্গুর এবং সর্ব প্রকার ফল। নিশ্চয় এতে নিদর্শন

لَاٰيَةً لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ⑪ وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ۙ وَالشَّمْسَ وَالْقَمَرَ

লাআ-ইয়াতান্ লিক্বাওমিঁই ইয়াতাফাক্কারূন্। ১২। ওয়া সাখ্‌খারা লাকুমুল্ লাইলা ওয়ান্নাহা-রা ওয়াশ্‌শাম্‌সা ওয়াল ক্বামারা ;
রয়েছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য। (১২) তিনিই তোমাদের জন্য নিয়োজিত করেছেন রাত, দিন, সূর্য ও চন্দ্রকে

وَالنُّجُوْمُ مُسَخَّرٰتٌۢ بِاَمْرِهٖ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ⑫ وَم

য়ান্‌নুজূমু মুসাখ্‌খারা-তুম্ বিআমরিহী ; ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিক্বাওমিঁই ইয়া'ক্বিলূন্। ১৩। ওয়ামা-
বং নক্ষত্ররাজিও নিয়োজিত রয়েছে তাঁরই বিধানে। নিশ্চয় এতে বোধ শক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য রয়েছে নিদর্শন। (১৩) তিনি

ذَرَاَ لَكُمْ فِى الْاَرْضِ مُخْتَلِفًا اَلْوَانُهٗ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّذَّكَّرُوْن

ারাআ লাকুম্ ফিল্ আর্‌দ্বি মুখ্‌তালিফান্ আল্‌ওয়া-নুহূ ; ইন্না ফী যা-লিকা লাআ-য়াতাল্ লিক্বাওমিঁই ইয়ায্‌যাক্কারূন্।
তোমাদের জন্য বিভিন্ন বর্ণের বস্তু পৃথিবীতে ছড়িয়ে দিয়েছেন। এতেও নিদর্শন রয়েছে উপদেশ গ্রহণকারী সম্প্রদায়ের জন্য।

⑬ وَهُوَ الَّذِيْ سَخَّرَ الْبَحْرَ لِتَاْكُلُوْا مِنْهُ لَحْمًا طَرِيًّا وَّتَسْتَخْرِجُوْا مِنْ

১৪। ওয়াহুওয়াল্ লাযী সাখ্‌খারাল বাহ্বরা লিতা'কুলূ মিন্‌হু লাহ্বমান্ ত্বারিয়্যাওঁ ওয়া তাস্‌তাখ্‌রিজু মিন্‌হু
৩৪ । ওয়া লাক্বাদ্ আন্যাল্না— ইলাইকুম্ আ-ইয়া-তিম মুবাইয়্যিনা-তিওঁ ওয়া মাছালাম্ মিনাল্লাযীনা খালাও মিন্ ক্বাব্লিকুম্

(৩৪) নিশ্চয় আমি তোমাদের নিকট সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি এবং দৃষ্টান্ত পেশ করেছি তোমাদের পূর্ববর্তীদের ।

৪ ع ৮ ১০ রুকূ

وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ۝٣٥ اَللّٰهُ نُوْرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ مَثَلُ نُوْرِهٖ كَمِشْكٰوةٍ فِيْهَا

ওয়া মাও'ইযাতাল্ লিল্মুত্তাক্বীন । ৩৫ । আল্লা-হু নূরুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্ব; মাছালু নূরিহী কামিশ্কা-তিন ফীহা-

আর মুত্তাকীদের জন্য দিয়েছি উপদেশ । (৩৫) আল্লাহ্ই আকাশ ও পৃথিবীর জ্যোতি; তাঁর জ্যোতির উপমা প্রদীপ দানের মত, যার মধ্যে আছে

مِصْبَاحٌ ۭ اَلْمِصْبَاحُ فِيْ زُجَاجَةٍ ۭ اَلزُّجَاجَةُ كَاَنَّهَا كَوْكَبٌ دُرِّيٌّ يُّوْقَدُ مِنْ شَجَرَةٍ

মিস্বা-হ্; আল্ মিস্বা-হু ফী যুজ্বা-জ্বাহ ; আযযুজ্বা-জ্বাতু কাআন্নাহা- কাওকাবুন দুর্রিয়্যুই ইউক্বাদু মিন্ শাজ্বারাতিম্

এক প্রদীপ, প্রদীপটি একটি কাঁচের পাত্রে স্থাপিত, কাচের পাত্রটি একটি উজ্জ্বল নক্ষত্রের মত; পবিত্র যয়তুন বৃক্ষের তৈল দ্বারা যা প্রজ্জ্বলিত

○ শানে নুযূল (আঃ ৩৩) ঃ ولا تكرهوا - জাহেলিয়াতের যুগে বিভিন্ন লোক নিজের দাসীদের দ্বারা অর্থ আয় করত । মুনাফিক নেতা আবদুল্লাহ বিন উবাইর কাছে কিছু দাসী ছিল, যাদের দ্বারা অশ্লীল কাজ করিয়ে অর্থ আয় করত । তাদের মধ্য হতে অনেকে মুসলমান হয়েছিল, তারা এ ধরনের অসৎ কাজ করতে অস্বীকার করলে আবদুল্লাহ বিন উবাই তাদের উপর অশ্লীল কাজ করার জন্য জবরদস্তি করত । এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয় । (তাঃ ওসমানী)
○ বিশ্লেষণ (আঃ ৩৫) ঃ ...... لا شرقية - অর্থাৎ, সে বৃক্ষটি এমন উন্মুক্ত ময়দানে অবস্থিত যেখানে শুধু সূর্য উদয় ও অস্তের সময়ই আলো পড়ে না সারা দিনই (সর্বক্ষণ) আলো পড়তে থাকে এবং এ ধরনের বৃক্ষের ফল সুস্বাদু হয়ে থাকে । এর দ্বারা যয়তুন বৃক্ষকে বুঝানো হয়েছে ।
يهدى الله لنوره - এখানে نور দ্বারা ঈমান ও ইসলামকে বুঝানো হয়েছে । (কুঃ কারীম)

مُبٰرَكَةٍ زَيْتُوْنَةٍ لَّا شَرْقِيَّةٍ وَّلَا غَرْبِيَّةٍ ۙ يَّكَادُ زَيْتُهَا يُضِيْٓءُ وَلَوْ لَمْ تَمْسَسْهُ نَارٌ ؕ
মুবা-রাকাতিন যাইতূনাতিল লা- শারক্বিয়্যাতিওঁ ওয়া লা- গারবিয়্যাতি, ইঁ ইয়াকা-দু যাইতুহা- ইউদ্বি—উ ওয়া লাও লাম্ তাম্‌সাস্‌হু না-র;
করা হয়, যা পূর্ব মুখীও নয় এবং পশ্চিম মুখীও নয়। তাতে অগ্নিসংযোগ না করলেও মনে হয় তার তৈল যেন উজ্জ্বল আলো দিচ্ছে;

نُوْرٌ عَلٰى نُوْرٍ ؕ يَهْدِى اللّٰهُ لِنُوْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ لِلنَّاسِ ؕ
নূরুন 'আলা- নূর; ইয়াহ্‌দিল্লা-হু লিনূরিহী মাইঁ ইয়াশা—উ; ওয়া ইয়াদ্বরিবুল্লা-হুল্ আম্‌ছা-লা লিন্না-স;
জ্যোতির উপর জ্যোতি! আল্লাহ্ যাকে ইচ্ছা তাকে তার জ্যোতির দিকে পথ প্রদর্শন করেন। আর আল্লাহ্ মানুষের জন্য উপমা দিয়ে থাকেন

وَاللّٰهُ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ㊱ فِىْ بُيُوْتٍ اَذِنَ اللّٰهُ اَنْ تُرْفَعَ وَيُذْكَرَ فِيْهَا اسْمُهٗ ۙ يُسَبِّحُ
ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম। ৩৬। ফী বুয়ূতিন আযিনাল্লা-হু আন্ তুরফা'আ ওয়া ইউযকারা ফীহাস্‌মুহূ, ইউসাব্বিহু
এবং আল্লাহ্ সর্ববিষয়ে জানেন। (৩৬) আল্লাহ্ যেসব ঘরে সুউচ্চ মর্যাদাবান করার জন্য এবং তাঁর নাম নেয়ার জন্য আদেশ করেছেন সেখানে সকাল ও

لَهٗ فِيْهَا بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ㊲ رِجَالٌ ۙ لَّا تُلْهِيْهِمْ تِجَارَةٌ وَّلَا بَيْعٌ عَنْ ذِكْرِ اللّٰهِ
লাহূ ফীহা- বিল্‌গুদুওয়ি ওয়াল্ আ-স্বা-ল। ৩৭। রিজা-লুল্, লা-তুল্‌হীহিম্ তিজা-রাতুওঁ ওয়ালা- বাই'উন 'আন্ যিক্‌রিল্লা-হি
সন্ধ্যায় তার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে– (৩৭) সে সব লোক, যাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয়-বিক্রয় আল্লাহর স্মরণ থেকে

وَاِقَامِ الصَّلٰوةِ وَاِيْتَآءِ الزَّكٰوةِ ۙ يَخَافُوْنَ يَوْمًا تَتَقَلَّبُ فِيْهِ الْقُلُوْبُ
ওয়া ইক্বা-মিস্ব স্বালা-তি ওয়া ঈতা—য়িয্‌যাকা-তি; ইয়াখা-ফূনা ইয়াওমান তাতাক্বাল্লাবু ফীহিল্ ক্বুলূবু
এবং নামায কায়েম রাখতে ও যাকাত প্রদানে বিরত রাখে না; তারা ভয় করে সেদিনকে, যেদিন অন্তর ও দৃষ্টিসমূহ

وَالْاَبْصَارُ ㊳ لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا عَمِلُوْا وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ وَاللّٰهُ يَرْزُقُ
ওয়াল্ আবস্বা-র। ৩৮। লিইয়াজ্‌যিয়াহুমুল্লা-হু আহ্‌সানা মা- 'আমিলূ ওয়া ইয়াযীদা হুম্ মিন ফাদ্বলিহ; ওয়াল্লা-হু ইয়ার্‌যুক্বু
উল্টে যাবে। (৩৮) যাতে তাদেরকে তাদের সৎকাজের জন্য আল্লাহ্ উত্তম পুরস্কার দিতে পারেন এবং নিজ অনুগ্রহে আরো অধিক দান করতে পারেন। আল্লাহ্ যাকে

مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ㊴ وَالَّذِيْنَ كَفَرُوْٓا اَعْمَالُهُمْ كَسَرَابٍۭ بِقِيْعَةٍ يَّحْسَبُهُ
মাইঁ ইয়াশা—উ বিগাইরি হ্বিসা-ব। ৩৯। ওয়াল্লাযীনা কাফারূ~আ'মা-লুহুম্ কাসারা-বিম্ বিক্বী'আতিইঁ ইয়াহ্‌সাবুহুয্ যাম্
ইচ্ছা অপরিমিত জীবিকা দান করেন। (৩৯) যারা কাফের তাদের কর্ম, শূন্য মরুভূমির মরীচিকার মত, পিপাসার্ত ব্যক্তি যাকে পানি মনে করে।

الظَّمْاٰنُ مَآءً ؕ حَتّٰٓى اِذَا جَآءَهٗ لَمْ يَجِدْهُ شَيْـًٔا وَّوَجَدَ اللّٰهَ عِنْدَهٗ فَوَفّٰىهُ حِسَابَهٗ ؕ
আ-নু মা—আ; হ্বাত্তা~ইযা- জা—আহূ লাম ইয়াজিদ্‌হু শাইয়াওঁ ওয়া ওয়াজাদাল্লা-হা 'ইনদাহূ ফাওয়াফ্‌ফা-হু হ্বিসা-বাহ;
অতঃপর সে যখন কাছে যায় তখন কিছুই পায় না এবং সেখানে সে আল্লাহ্‌কে পায়। অতঃপর তিনি তার কর্মফল পূর্ণমাত্রায় দিয়ে দেন,

وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ㊵ اَوْ كَظُلُمٰتٍ فِىْ بَحْرٍ لُّجِّىٍّ يَّغْشٰىهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ مَوْجٌ
ওয়াল্লা-হু সারী'উল্ হ্বিসা-ব। ৪০। আও কাযুলুমা-তিন ফী বাহ্‌রিল লুজ্জিয়্যিইঁ ইয়াগ্‌শা-হু মাওজুম্‌মিন্ ফাওক্বিহী- মাওজুম্
আল্লাহ্ হিসাব গ্রহণে দ্রুততর। (৪০) অথবা তাদের কর্মের উপমা সমুদ্রের অতল অন্ধকারের মত, তরঙ্গের পর তরঙ্গ যাকে গ্রাস করে ফেলে,

مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ؕ ظُلُمٰتٌۢ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ ؕ اِذَآ اَخْرَجَ يَدَهٗ لَمْ يَكَدْ يَرٰىهَا ؕ وَ
মিন্ ফাওক্বিহী সাহ্বা-ব; জুলুমা-তুম্ বা'দ্বুহা- ফাওক্বা বা'দ্ব; ইযা~আখ্‌রাজা ইয়াদাহূ লাম্ ইয়াকাদ্ ইয়ারা-হা; ওয়া
যার উর্ধ্বদেশে ঘনমেঘ থাকে। যেন এক অন্ধকারের উপর আর এক অন্ধকার। সে যখন তার হাত বের করে, তখন প্রায় কিছুই

৫ ع ১১ রুকূ মَنْ لَّمْ يَجْعَلِ اللّٰهُ لَهٗ نُوْرًا فَمَا لَهٗ مِنْ نُّوْرٍ ㊶ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُسَبِّحُ لَهٗ مَنْ فِى
মাল্‌লাম্ ইয়াজ্'আ লিল্লা-হু লাহূ নূরান ফামা- লাহূ মিন্ নূর। ৪১। আলাম্ তারা আন্নাল্লা-হা ইউসাব্বিহু লাহূ মান ফিস
দেখতে পায় না। আল্লাহ্ যাকে আলো দান করেন না, তার জন্য কোনও আলো নেই। (৪১) তুমি কি দেখ না, আকাশ ও

السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَالطَّيْرُ صٰٓفّٰتٍ ؕ كُلٌّ قَدْ عَلِمَ صَلَاتَهٗ وَتَسْبِيْحَهٗ ؕ وَاللّٰهُ
সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়াত্ত্বাইরু স্বা—ফ্‌ফা-ত; কুল্লুন ক্বাদ্ 'আলিমা স্বালা-তাহূ ওয়া তাস্‌বীহ্বাহ; ওয়াল্লা-হু
পৃথিবীতে যারা আছে তারা এবং উড়ন্ত পাখীরা তাদের ডানা বিস্তার করে আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা করে? সকলেই তার প্রশংসা ও মহিমা-ঘোষণার পদ্ধতি জানে।

عَلِيْمٌۢ بِمَا يَفْعَلُوْنَ ㊷ وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ○
'আলীমুম্ বিমা- ইয়াফ'আলূন। ৪২। ওয়া লিল্লা-হি মুল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্ব, ওয়া ইলাল্লা-হিল্ মাস্বীর।
তারা যা করে সে বিষয়ে আল্লাহ্ ভাল করেই জানেন। (৪২) আকাশমন্ডলি ও ভূমন্ডলের সার্বভৌমত্ব একমাত্র আল্লাহ্‌রই এবং তাঁরই দিকে সকলের প্রত্যাবর্তন।

㊸ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُزْجِىْ سَحَابًا ثُمَّ يُؤَلِّفُ بَيْنَهٗ ثُمَّ يَجْعَلُهٗ رُكَامًا فَتَرَى الْوَدْقَ
৪৩। আলাম্ তারা আন্নাল্লা-হা ইউয্‌জী সাহ্বা-বান্ ছুম্মা ইউআল্লিফু বাইনাহূ ছুম্মা ইয়াজ্'আলুহূ রুকা-মান ফাতারাল্ ওয়াদ্‌ক্বা
(৪৩) তুমি কি দেখ না, আল্লাহ্ মেঘমালাকে সঞ্চালিত করেন, পরে অন্য মেঘমালার সাথে তাকে একত্রিত করেন। অতঃপর সেগুলো

يَخْرُجُ مِنْ خِلٰلِهٖ ۚ وَيُنَزِّلُ مِنَ السَّمَآءِ مِنْ جِبَالٍ فِيْهَا مِنْۢ بَرَدٍ فَيُصِيْبُ بِهٖ
ইয়াখ্‌রুজু মিন্ খিলা-লিহ; ওয়া ইউনায্‌যিলু মিনাস্ সামা—য়ি মিন্ জ্বিবা-লিন ফীহা- মিম্ বারাদিন ফাউস্বীবু বিহী
স্তরে স্তরে বিন্যাস করেন। তুমি তখন দেখতে পাও তার মধ্য থেকে নির্গত হয় বৃষ্টির ধারা; আর আকাশে অবস্থিত শিলাস্তূপ থেকে তিনি বর্ষণ করেন শিলা

مَنْ يَّشَآءُ وَيَصْرِفُهٗ عَنْ مَّنْ يَّشَآءُ ؕ يَكَادُ سَنَا بَرْقِهٖ يَذْهَبُ بِالْاَبْصَارِ ○
মাইঁ ইয়াশা—উ ওয়া ইয়াস্ব্‌রিফুহূ 'আম্মাইঁ ইয়াশা—উ; ইয়াকা-দু সানা- বারক্বিহী ইয়াযহাবু বিল্ আব্‌স্বা-র।
এবং এর দ্বারা তিনি যাকে ইচ্ছা তাকে আঘাত করেন এবং যাকে ইচ্ছা তার উপর থেকে তা হটিয়ে দেন। আর মেঘের বিদ্যুৎ-চমক দৃষ্টি শক্তি প্রায় কেড়ে নেয়।

㊹ يُقَلِّبُ اللّٰهُ الَّيْلَ وَالنَّهَارَ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَعِبْرَةً لِّاُولِى الْاَبْصَارِ ㊺ وَاللّٰهُ خَلَقَ كُلَّ
৪৪। ইউক্বাল্লিবুল্লা-হুল লাইলা ওয়ান নাহা-র; ইন্না ফী যা-লিকা লা'ইব্‌রাতাল লিউলীল্ আব্‌স্বা-র। ৪৫। ওয়াল্লা-হু খালাক্বা কুল্লা
(৪৪) আল্লাহ্ দিন ও রাতের পরিবর্তন ঘটান। নিশ্চয় অন্তর্দৃষ্টি সম্পন্নদের জন্য এতে শিক্ষা রয়েছে। (৪৫) আল্লাহ্ বিচরণশীল

○ বিশ্লেষণ (আঃ ৪১) ঃ علم صلاته - প্রত্যেক সৃষ্টিকেই আল্লাহ তায়ালার পক্ষ থেকে নির্দেশ বা বার্তা প্রেরণ করা হয়েছে যে, সে আল্লাহ তায়ালার ইবাদাত কিভাবে করবে।

من جبال - অর্থ আকাশে শিলার পাহাড় রয়েছে, যার থেকে শিলা বর্ষিত হয়। (ইবনে কাসীর) কারো মতে جبال অর্থ– পাহাড়ের মত বড় বড় টুকরা। অর্থাৎ, আল্লাহ তায়ালা আকাশ থেকে শুধু বৃষ্টি নয়; বরং যখন ইচ্ছা করেন তখন শিলার বড় বড় টুকরাও বর্ষণ করেন। (ফতহুল কাদীর) অথবা পাহাড়ের মত বড় বড় মেঘমালা থেকে শিলা বর্ষণ করেন। (কুঃ কারীম)

دَابَّةٍ مِّنْ مَّاءٍ ۚ فَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰى بَطْنِهٖ ۚ وَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰى

দা—ব্বাতিম্ মিম্মা—য়ি; ফামিন্হুম মাই ইয়াম্শী 'আলা- বাত্বনিহ; ওয়া মিন্হুমমাই ইয়াম্শী 'আলা-

সকল জীব-জন্তুকে পানি দ্বারা সৃষ্টি করেছেন; তাদের কতক পেটে ভর দিয়ে চলে, কতক দু পায়ে ভর দিয়ে

رِجْلَيْنِ ۚ وَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰۤى اَرْبَعٍ ؕ يَخْلُقُ اللّٰهُ مَا يَشَآءُ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ

রিজ্বলাইন, ওয়া মিন্হুম্মাই ইয়াম্শী 'আলা- আর্বা'ই; ইয়াখ্লুকুল্লা-হু মা- ইয়াশা—উ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি

চলে এবং কতক চার পায়ে ভর দিয়ে চলে। আল্লাহ যা ইচ্ছা তাই সৃষ্টি করেন। আল্লাহ্ সর্ববিষয়ে

شَيْءٍ قَدِيْرٌ ﴿٤٦﴾ لَقَدْ اَنْزَلْنَاۤ اٰيٰتٍ مُّبَيِّنٰتٍ ؕ وَاللّٰهُ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ

শাইয়িন ক্বাদীর। ৪৬। লাক্বাদ আন্যাল্না~আ-ইয়া-তিম মুবাইয়্যিনা-ত; ওয়াল্লা-হু ইয়াহ্দী মাই ইয়াশা— উ ইলা- স্বিরা-ত্বিম

সর্বশক্তিমান্। (৪৬) আমি অবশ্যই সুস্পষ্ট নিদর্শন নাযিল করেছি, আর আল্লাহ্ যাকে ইচ্ছা তাকে সরল পথ

مُّسْتَقِيْمٍ ﴿٤٧﴾ وَيَقُوْلُوْنَ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالرَّسُوْلِ وَاَطَعْنَا ثُمَّ يَتَوَلّٰى فَرِيْقٌ مِّنْهُمْ مِّنْۢ

মুস্তাক্বীম। ৪৭। ওয়া ইয়াকূলূনা আ-মান্না- বিল্লা-হি ওয়া বির্ রাসূলি ওয়া আত্বা'না- ছুম্মা- ইয়াতাওল্লা- ফারীকুম্মিনহুম্ মিম্

প্রদর্শন করেন। (৪৭) আর তারা বলে, 'আমরা আল্লাহ্ ও রাসূলের প্রতি ঈমান এনেছি এবং আমরা তাদের আনুগত্য করি।

بَعْدِ ذٰلِكَ ؕ وَمَاۤ اُولٰٓئِكَ بِالْمُؤْمِنِيْنَ ﴿٤٨﴾ وَاِذَا دُعُوْۤا اِلَى اللّٰهِ وَرَسُوْلِهٖ

বা'দি যা-লিক; ওয়ামা— উলা- য়িকা বিল মু'মিনীন। ৪৮। ওয়া ইযা- দু'উ~ইলাল্লা-হি ওয়া রাসূলিহী

অতঃপর তাদের একদল এরপর মুখ ফিরিয়ে নেয়। বস্তুতঃ তারা ঈমানদার নয়। (৪৮) আর আল্লাহ্ এবং তাঁর রাসূলের প্রতি তাদের মধ্যে ফয়সালা করে

لِيَحْكُمَ بَيْنَهُمْ اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ مُّعْرِضُوْنَ ﴿٤٩﴾ وَاِنْ يَّكُنْ لَّهُمُ الْحَقُّ يَاْتُوْۤا

লিইয়াহ্কুমা- বাইনাহুম্ ইযা- ফারীকুম্মিন্হুম্ মু'রিদ্বূন। ৪৯। ওয়া ইঁ ইঁয়াকুল্লাহুমুল্ হাক্কু ইয়া'তূ~

দেয়ার জন্য যখন তাদেরকে আহবান করা হয় তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়, (৪৯) কিন্তু সত্য তাদের স্বপক্ষে প্রতিষ্ঠিত হলে তারা বিনীতভাবে রাসূলের

اِلَيْهِ مُذْعِنِيْنَ ﴿٥٠﴾ اَفِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ اَمِ ارْتَابُوْۤا اَمْ يَخَافُوْنَ اَنْ يَّحِيْفَ اللّٰهُ

ইলাইহি মুয'ইনীন। ৫০। আফী কুলূবিহিম্ মারাদ্বুন আমির্তা-বূ~আম্ ইয়াখা-ফূনা আইঁ ইয়াহীফাল্লা-হু

কাছে ছুটে আসে। (৫০) তাদের অন্তরে কি মহাব্যাধি আছে, না তারা সন্দিহান হয়ে আছে ? না তারা ভয় করে যে, আল্লাহ্ ও

عَلَيْهِمْ وَرَسُوْلُهٗ ؕ بَلْ اُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٥١﴾ ع ◕ اِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِيْنَ اِذَا

'আলাইহিম্ ওয়া রাসূলুহ; বাল্ উলা— য়িকা হুমুয্ যা-লিমূন। ৫১। ইন্নামা- কা-না ক্বাওলাল মু'মিনীনা ইযা-

তাঁর রাসূল তাদের প্রতি জুলুম করবেন? বরং তারাই তো জালিম। (৫১) যখন ঈমানদারদেরকে তাদের মধ্যে ফয়সালার জন্য

রুকূ ১২ ع ৬ ◕ তিন চতুর্থাংশ

○ টীকা (আঃ ৪৭) ঃ অর্থাৎ, মুনাফেকরা আল্লাহ্ ও রাসূলের প্রতি ঈমান আনয়নের দাবী করে, কিন্তু এই দাবীর সত্যতা প্রকাশে তাদের মধ্য হতে দুষ্ট প্রকৃতির লোকেরা আল্লাহ ও রাসূলের আদেশ হতে মুখ ফিরায়ে লয়। অর্থাৎ, কোন মীমাংসার জন্য কেউ তাদেরকে রাসূল (স)-এর দরবারে যেতে বললে তারা অস্বীকার করে। কেননা, তারা জানে, রাসূল (স)-এর দরবারে প্রাপ্য সাব্যস্ত হলে তিনি তদনুযায়ীই ফয়সালা করবেন। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৪৭) ঃ ফলকথা, প্রকৃত, ঈমান তো কোন মুনাফেকের অন্তরই নেই, কিন্তু এই শ্রেণীর মুনাফেকদের অন্তরে তো বাহ্যিক ঈমানও নেই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫০) ঃ অর্থাৎ, তাহারা দেনাদার হলে তো দেনা সাব্যস্ত হওয়ার ভয়ে হুযূর (স)-এর দরবারে যেতে অস্বীকার করে, কিন্তু নিজেরা প্রাপক হলে তাহাদের দাবী সংরক্ষিত হবে বলিয়া দৃঢ় বিশ্বাস সহকারে হুযূর (স)-এর দরবারে চলে যায়। (বঃ কোঃ)

دُعُوْۤا اِلَى اللّٰهِ وَرَسُوْلِهٖ لِيَحْكُمَ بَيْنَهُمْ اَنْ يَّقُوْلُوْا سَمِعْنَا وَاَطَعْنَا ؕ وَاُولٰٓئِكَ هُمُ

দু'উ~ইলাল্লা-হি ওয়া রাসূলিহী লিইয়াহ্কুমা বাইনাহুম্ আই ইয়াকূলূ সামি'না- ওয়া আত্বা'না; ওয়া উলা—য়িকা হুমুল্

আল্লাহ্ ও তার রাসূলের দিকে আহবান করা হয়, তখন তারা তাদের কথায় বলে, আমরা শুনলাম ও মান্য করলাম। বস্তুতঃ তারাই

الْمُفْلِحُوْنَ ﴿٥٢﴾ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَخْشَ اللّٰهَ وَيَتَّقْهِ فَاُولٰٓئِكَ هُمُ

মুফ্লিহূন। ৫২। ওয়া মাই ইউত্বি'ইল্লা-হা ওয়া রাসূলাহূ ওয়া ইয়াখ্শাল্লা-হা ওয়া ইয়াত্তাক্বহি ফাউলা—য়িকা হুমুল

সফলকাম। (৫২) যারা আল্লাহ্ ও তাঁর রসূলের আনুগত্য করে, আল্লাহ্কে ভয় করে ও তার শাস্তি থেকে সতর্কতা অবলম্বন করে, তারাই

الْفَآئِزُوْنَ ﴿٥٣﴾ وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ اَمَرْتَهُمْ لَيَخْرُجُنَّ ؕ قُلْ

ফা—য়িযূন। ৫৩। ওয়া আক্বসামূ বিল্লা-হি জ্বাহ্দা আইমা-নিহিম্ লায়িন্ আমার্তাহুম্ লাইয়াখ্রুজুন্ন; কুল

সফলকাম। (৫৩) তারা আল্লাহ্র নামে কঠিন শপথ করে বলে, আপনি আদেশ করলে তারা জিহাদের জন্য অবশ্যই বের হবে। বলুন,

لَّا تُقْسِمُوْا ۚ طَاعَةٌ مَّعْرُوْفَةٌ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿٥٤﴾ قُلْ اَطِيْعُوا اللّٰهَ

লা- তুক্বসিমূ, ত্বা-আতুম মা'রূফাহ্ ; ইন্নাল্লা-হা খাবীরুম্ বিমা- তা'মালূন। ৫৪। কুল্ আত্বী'উল্লা-হা

তোমরা শপথ করো না, তোমাদর আনুগাত্যের প্রকৃতি তো জানাই আছে। আল্লাহ্ অবশ্যই তোমাদের কৃতকর্মের খবর রাখেন।' (৫৪) বলুন, তোমরা 'আল্লাহ্র

وَاَطِيْعُوا الرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْهِ مَا حُمِّلَ وَعَلَيْكُمْ مَّا حُمِّلْتُمْ ؕ وَاِنْ

ওয়া আত্বী'উর্ রাসূল, ফাইন্ তাওল্লাও ফাইন্নামা- 'আলাইহি মা- হুম্মিলা ওয়া 'আলাইকুম মা- হুম্মিল্তুম্; ওয়া ইন্

আনুগাত্য কর এবং রাসূলের আনুগাত্য কর।' অতঃপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে জেনে রেখ, তার উপর অর্পিত দায়িত্বের জন্য তিনিই দায়ী ও তোমাদের

تُطِيْعُوْهُ تَهْتَدُوْا ؕ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٥٥﴾ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا

তুত্বী'উহ তাহ্তাদূ; ওয়ামা- 'আলার্ রাসূলি ইল্লাল্ বালা-গুল্ মুবীন। ৫৫। ওয়া'আদাল্লা-হুল লাযীনা আ-মানূ

উপর অর্পিত দায়িত্বের জন্য তোমরাই দায়ী। তার আনুগত্য করলে সৎপথ পাবে। রাসূলের কাজ তো শুধু সুস্পষ্টভাবে প্রচার করা। (৫৫) তোমাদের মধ্যে যারা ঈমান আনে ও

مِنْكُمْ وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْاَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِيْنَ مِنْ

মিন্কুম্ ওয়া আ'মিলুস্ব্ স্বা-লিহা-তি লাইয়াস্ তাখ্লিফান্নাহুম্ ফিল্ আরদ্বি কামাস তাখ্লাফাল লাযীনা মিন্

সৎকাজ করে আল্লাহ্ তাদেরকে এ প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি তাদেরকে পৃথিবীতে অবশ্যই শাসন কর্তৃত্ব দান করবেন, যেমন তাদের পূর্ববর্তীদেরকে শাসন ভার

قَبْلِهِمْ ۪ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِيْنَهُمُ الَّذِي ارْتَضٰى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِّنْۢ بَعْدِ

ক্বাব্লিহিম্, ওয়া লাইউমাককিনান্না লাহুম্ দীনাহুমুল লাযীর্তাদ্বা- লাহুম্ ওয়ালা ইউবাদ্দিলান্নাহুম্ মিম্ বা'দি

দান করেছিলেন। আর তিনি অবশ্যই তাদের জন্য তাদের দীনকে- যা তিনি তাদের জন্য মনোনীত করেছেন- সুদৃঢ় করবেন এবং অবশ্যই তাদের ভা-

خَوْفِهِمْ اَمْنًا ؕ يَعْبُدُوْنَنِيْ لَا يُشْرِكُوْنَ بِيْ شَيْئًا ؕ وَمَنْ كَفَرَ بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ

খাওফিহিম্ আম্না-; ইয়া'বুদূনানী লা- ইউশ্রিকূনা বী শাইয়া-; ওয়া মান কাফারা বা'দা যা-লিকা ফাউলা—য়িকা হুমুল

ভীতির পর এর পরিবর্তে তাদেরকে নিরাপত্তা দান করবেন। তারা আমার ইবাদত করে, আমার সাথে কোন শরীক করে না। এরপর কেউ কুফরী করলে তারাই

الْفٰسِقُوْنَ (٥٦) وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ۝

ফা-সিকূন। ৫৬। ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়াআ-তুয যাকা-তা ওয়া আত্বী'উর্ রাসূলা লা'আল্লাকুম্ তুরহ্বামূন।
সত্যত্যাগী হবে। (৫৬) তোমরা যথাযথভাবে নামায আদায় কর, যাকাত প্রদান কর এবং রাসূলের আনুগত্য কর। যাতে তোমরা অনুগ্রহভাজন হতে পার।

(٥٧) لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْا مُعْجِزِيْنَ فِي الْاَرْضِ ۚ وَمَاْوٰىهُمُ النَّارُ ؕ وَلَبِئْسَ

৫৭। লা- তাহ্সাবান্নাল্ লাযীনা কাফারূ মু'জ্বিযীনা ফিল্ আর্দ্বি, ওয়ামা' ওয়া-হুমুননা-র, ওয়া লাবি'সাল
(৫৭) তোমরা কাফেরদেরকে পৃথিবীতে প্রবল মনে করো না। তাদের আশ্রয়স্থল তো জাহান্নাম; কত নিকৃষ্ট তাদের

ع ৭ ৯ ১৩ রুকূ

الْمَصِيْرُ (٥٨) يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لِيَسْتَاْذِنْكُمُ الَّذِيْنَ مَلَكَتْ اَيْمَانُكُمْ وَالَّذِيْنَ لَمْ

মাস্বীর। ৫৮। ইয়া~আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লিইয়াস্তা'যিনকুমুল্ লাযীনা মালাকাত্ আইমা-নুকুম্ ওয়াল্লাযীনা লাম্
প্রত্যাবর্তনস্থল! (৫৮) হে ঈমানদারগণ! তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীরা এবং তোমাদের মধ্যে যারা প্রাপ্তবয়স্ক হয়নি, তারা যেন তোমাদের কাছে আসতে

يَبْلُغُوا الْحُلُمَ مِنْكُمْ ثَلٰثَ مَرّٰتٍ ؕ مِنْ قَبْلِ صَلٰوةِ الْفَجْرِ وَحِيْنَ تَضَعُوْنَ ثِيَابَكُمْ

ইয়াবলুগুল্ হুলুমা মিনকুম্ ছালা-ছা মাররা-ত; মিন্ ক্বাব্লি স্বালা-তিল্‌ফাজ্বরি ওয়া হ্বীনা তাদ্বা'উনা ছিয়া- বাকুম্
এই তিন সময়ে তোমাদের কাছে অনুমতি গ্রহণ করে যে, ফজরের নামাযের পূর্বে, দ্বিপ্রহরে যখন তোমরা বিশ্রামের উদ্দেশ্যে

مِّنَ الظَّهِيْرَةِ وَمِنْۢ بَعْدِ صَلٰوةِ الْعِشَآءِ ۚ ثَلٰثُ عَوْرٰتٍ لَّكُمْ ؕ لَيْسَ عَلَيْكُمْ

মিনায্‌যাহীরাতি ওয়া মিম্‌বা'দি স্বালা-তিল্ 'ইশা—য়ি; ছালা-ছু 'আওরা-তিল্লাকুম্; লাইসা 'আলাইকুম্
বস্ত্র খুলে রাখ তখন এবং এশার নামাযের পর; এ তিন সময় তোমাদের গোপনীয়তা অবলম্বনের সময়। এ সময় ছাড়া অনুমতি ব্যতীত প্রবেশ করলে তোমাদের

وَلَا عَلَيْهِمْ جُنَاحٌۢ بَعْدَهُنَّ ؕ طَوّٰفُوْنَ عَلَيْكُمْ بَعْضُكُمْ عَلٰى بَعْضٍ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ

ওয়ালা- 'আলাইহিম্ জুনা-হুম্ বা'দা হুন্না; ত্বাওয়্যাফূনা 'আলাইকুম্ বা'দ্বুকুম্ 'আলা- বা'দ্ব; কাযা-লিকা ইউবাইয়্যিনুল্
এবং তাদের কোন দোষ নেই। তোমাদের একে অপরের কাছে তো আসা-যাওয়া করতেই হয়। এভাবে আল্লাহ্ তোমাদের কাছে তার

اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ (٥٩) وَاِذَا بَلَغَ الْاَطْفَالُ مِنْكُمُ الْحُلُمَ فَلْيَسْتَاْذِنُوْا

লা-হু লাকুমুল্ আ-য়া-ত; ওয়াল্লা-হু 'আলীমুন হ্বাকীম। ৫৯। ওয়া ইযা- বালাগাল্ আত্বফা-লু মিনকুমুল্ হুলুমা ফাল্ ইস্তা'যিনূ
আয়াতসমূহ সুস্পষ্টভাবে বিবৃত করেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (৫৯) আর তোমাদের সন্তান-সন্ততিরা বয়ঃপ্রাপ্ত হলে তারাও যেন

كَمَا اسْتَاْذَنَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝

কামাস তা'যানাল্লাযীনা মিন্ ক্বাবলিহিম্' কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুম আ-ইয়া-তিহ; ওয়াল্লা-হু 'আলীমুন হ্বাকীম।
[illegible] বয়োজ্যেষ্ঠদের মত অনুমতি প্রার্থনা করে। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তাঁর বিধি-বিধান সুস্পষ্টভাবে বিবৃত করেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

○ শানে নুযূল (আঃ ৫৮) ঃ يا ايها الذين امنوا - রাসূলুল্লাহ (স) একদা এক আনসারী গোলামকে দুপুরের সময় হযরত ওমরকে (রা) ডেকে আনার জন্য পাঠালেন। গোলাম বিনা অনুমতিতে তাঁর গৃহে প্রবেশ করেন। তখন ওমর ফারুক (রা) শোয়া অবস্থায় ছিলেন এবং তাঁর শরীরের কিছু অংশ থেকে কাপড় সরে গিয়েছিল। অন্য এক বর্ণনা মতে, তিনি স্ত্রীর সাথে আলাপ করতে ছিলেন। গোলামের বিনা অনুমতিতে প্রবেশ করাটা ওমর ফারুকের (রা) কাছে খুবই অপছন্দ হল। হঠাৎ তাঁর মুখ থেকে একথা বের হয়ে আসল যে, "কতইনা ভাল হত যদি আল্লাহ তায়ালা এ নিষেধ করে দিতেন যে, মাতা-পিতা, পুত্র এবং চাকর ভৃত্যরাও এমন সময় বিনা অনুমতিতে আমাদের গৃহে যেন প্রবেশ না করে।" অতঃপর যখন ওমর ফারুক (রা) রাসূলুল্লাহর দরবারে উপস্থিত হলেন তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

(٦٠) وَالْقَوَاعِدُ مِنَ النِّسَآءِ الّٰتِيْ لَا يَرْجُوْنَ نِكَاحًا فَلَيْسَ عَلَيْهِنَّ جُنَاحٌ اَنْ يَّضَعْنَ

৬০। ওয়াল ক্বাওয়া'ইদু মিনান্‌নিসা—য়িল্লা-তী লা- ইয়ারজুনা নিকা-হ্বান ফালাইসা 'আলাইহিন্না জুনা-হুন আঁই ইয়াদ্বা'না
(৬০) বৃদ্ধা নারী, যারা বিবাহের আশা রাখে না, তাদের কোন অপরাধ নেই, যদি তারা তাদের সৌন্দর্য প্রদর্শন না করে

ثِيَابَهُنَّ غَيْرَ مُتَبَرِّجٰتٍۢ بِزِيْنَةٍ ؕ وَاَنْ يَّسْتَعْفِفْنَ خَيْرٌ لَّهُنَّ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

ছিয়া-বাহুন্না গাইরা মুতাবাররিজ্বা-তিম্ বিযীনাহ; ওয়া আঁই ইস্তা'ফিফ্না খাইরুল্লাহুন্না, ওয়াল্লা-হু সামী'উন 'আলীম।
তাদের অতিরিক্ত কাপড় খুলে রাখে। তবে এ থেকে বিরত থাকাই তাদের জন্য উত্তম। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

(٦١) لَيْسَ عَلَى الْاَعْمٰى حَرَجٌ وَّلَا عَلَى الْاَعْرَجِ حَرَجٌ وَّلَا عَلَى الْمَرِيْضِ حَرَجٌ وَّلَا عَلٰۤى

৬১। লাইসা 'আলাল্ 'আমা- হ্বারাজুঁও ওয়া লা- 'আলাল 'আরাজ্বি হ্বারাজুঁও ওয়ালা- 'আলাল্ মারীদ্বি হ্বারাজুঁও ওয়া লা- 'আলা~
(৬১) দোষণীয় নয় অন্ধের জন্য, খঞ্জের জন্য, রুগ্নের জন্য এবং তোমাদের নিজেদের জন্যও আহার করা

اَنْفُسِكُمْ اَنْ تَاْكُلُوْا مِنْۢ بُيُوْتِكُمْ اَوْ بُيُوْتِ اٰبَآئِكُمْ اَوْ بُيُوْتِ اُمَّهٰتِكُمْ

আন্‌ফুসিকুম্ আন্ তা'কুলূ মিন্ বুয়ূতিকুম্ আও বুয়ূতি আ-বা—য়িকুম্ আও বুয়ূতি উম্মাহা-তিকুম্
তোমাদের সন্তানদের গৃহে, অথবা তোমাদের পিতৃগৃহে, মাতৃগৃহে,

اَوْ بُيُوْتِ اِخْوَانِكُمْ اَوْ بُيُوْتِ اَخَوٰتِكُمْ اَوْ بُيُوْتِ اَعْمَامِكُمْ اَوْ بُيُوْتِ عَمّٰتِكُمْ

আও বুয়ূতি ইখ্‌ওয়া-নিকুম্ আও বুয়ূতি আখাওয়া-তিকুম্ আও বুয়ূতি 'আমা-মিকুম্ আও বুয়ূতি 'আম্মা-তিকুম্
ভ্রাতৃগৃহে, ভগিনীগৃহে, পিতৃব্যদের গৃহে, ফুফুদের গৃহে,

اَوْ بُيُوْتِ اَخْوَالِكُمْ اَوْ بُيُوْتِ خٰلٰتِكُمْ اَوْ مَا مَلَكْتُمْ مَّفَاتِحَهٗۤ اَوْ صَدِيْقِكُمْ ؕ

আও বুয়ূতি আখ্‌ওয়া-লিকুম্ আও বুয়ূতি খালা-তিকুম্ আও মা- মালাক্তুম মা-ফা-তিহ্বাহূ~আও স্বাদীক্বিকুম্;
মামাদের গৃহে,খালাদের গৃহে অথবা সে সব গৃহে যার চাবি তোমাদের হাতে আছে অথবা তোমাদের বন্ধুদের গৃহে;

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَاْكُلُوْا جَمِيْعًا اَوْ اَشْتَاتًا ؕ فَاِذَا دَخَلْتُمْ بُيُوْتًا فَسَلِّمُوْا

লাইসা 'আলাইকুম্ জুনা-হুন আন্ তা'কুলূ জ্বামী'আন আও আশ্‌তা-তা-; ফাইযা- দাখাল্‌তুম্ বুয়ূতান ফাসাল্লিমূ
তোমরা একসঙ্গে আহার কর অথবা পৃথকভাবে আহার কর– তাতে তোমাদের কোন অপরাধ নেই। তবে যখন তোমরা গৃহে প্রবেশ করবে, তখন তোমাদের

عَلٰۤى اَنْفُسِكُمْ تَحِيَّةً مِّنْ عِنْدِ اللّٰهِ مُبٰرَكَةً طَيِّبَةً ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ

'আলা- আনফুসিকুম্ তাহ্বিয়্যাতাম্মিন্ 'ইনদিল্লা-হি মুবা-রাকাতান ত্বাইয়্যিবাহ; কাযা-লিকা ইউবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-ইয়া-তি
স্বজনদের প্রতি সালাম করবে– এ হবে আল্লাহ্র পক্ষ থেকে কল্যাণকর ও পবিত্র সম্ভাষণ। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তার নির্দেশ স্পষ্টভাবে বিবৃত করেন,

---

○ টীকা (আঃ ৬০) ঃ কেননা, ইহা বেগানা পুরুষের সম্মুখে মুক্ত করা একেবারেই নিষিদ্ধ। অতএব, শুধু মুখমণ্ডল ও দু'হাতের এবং পায়ের পাতা খোলা রাখা জায়েয। যুবতী স্ত্রীলোক ঢাকিয়া রাখিবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৬০) ঃ ان يضعن ثيابهن - হযরত শাহ্ সাহেব (র) বলেন, বৃদ্ধা মহিলা গৃহে যদি অল্প পোশাকে থাকে তা বৈধ। আর যদি পূর্ণ পর্দাসহ থাকে তা সর্বোত্তম এবং গৃহ হতে বের হবার সময়ও যদি অতিরিক্ত পোশাক যেমন বোরকা ইত্যাদি খুলে রাখে তাতে অপরাধ নেই। তবে তার সে অলংকারাদি কোনভাবেই প্রকাশ হতে পারবে না যা গোপন রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছে। (তাঃ ওসমানী) ○ টীকা (আঃ ৬১) ঃ অর্থাৎ, যদি তুমি কোন অন্ধ, খঞ্জ, রুগ্ন কিংবা অভাবগ্রস্ত ব্যক্তি সঙ্গে নিয়ে তোমার কোন স্বজনের গৃহে গিয়ে গৃহস্বামীর সম্মতিক্রমে কিছু পানাহার কর, তবে কোন ক্ষতি নেই। (বঃ কোঃ)

٨ ع৪ ১৪ রুকূ

لعلكم تعقلون ۝٦١ انما المؤمنون الذين امنوا بالله ورسوله واذا كانوا معه

লা'আল্লাকুম্ তা'ক্বিলূন। ৬২। ইন্নামাল মু'মিনূনাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া ইযা- কা-নূ মা'আহূ
যাতে তোমরা বুঝতে পার। (৬২) তারাই মুমিন, যারা আল্লাহ্ এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনে এবং রাসূলের সঙ্গে সমষ্টিগত

على امر جامع لم يذهبوا حتى يستاذنوه ان الذين يستاذنونك اولئك

'আলা- আমরিন জ্বা-মি'য়িল্লাম্ ইয়াযহাবূ হাত্তা- ইয়াস্তা'যিনূহ; ইন্নাল্ লাযীনা ইয়াস্তা'যিনূনাকা উলা—য়িকাল্
কোন কাজে একত্রিত হলে তার অনুমতি ব্যতীত সরে না পড়ে। যারা আপনার অনুমতি প্রার্থনা করে তারাই আল্লাহ্

الذين يؤمنون بالله ورسوله فاذا استاذنوك لبعض شانهم فاذن لمن

লাযীনা ইউ'মিনূনা বিল্লা-হি ওয়া রাসূলিহ, ফাইযাস্ তা'যানূকা লিবা'দ্বি শা'নিহিম্ ফা'যাল লিমান্
এবং তার রাসূলের প্রতি বিশ্বাসী। সুতরাং তারা তাদের কোন কাজে আপনার অনুমতি চাইলে তাদের মধ্য থেকে যাকে ইচ্ছা তাকে অনুমতি দিয়ে দিন এবং

شئت منهم واستغفر لهم الله ان الله غفور رحيم ۝٦٢ لا تجعلوا دعاء

শি'তা মিন্হুম্ ওয়াস্তাগ্ফির লাহুমুল্লা-হ; ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ৬৩। লা- তাজ্'আলূ দু'আ—
তাদের জন্য আল্লাহ্র কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু। (৬৩) রাসূলের আহ্বানকে তোমরা

الرسول بينكم كدعاء بعضكم بعضا قد يعلم الله الذين يتسللون منكم

আর্ রাসূলি বাইনাকুম্ কাদু'আ—য়ি বা'দ্বিকুম্ বা'দ্বা; ক্বাদ্ ইয়া'লামুল্লা-হুল্ লাযীনা ইয়াতাসাল্লালূনা মিন্কুম্
তোমাদের একে অপরের সাধারণ আহ্বানের মত মনে করো না। তোমাদের মধ্যে যারা তোমাদের দৃষ্টি ফাঁকি দিয়ে চুপি চুপি সরে

لواذا فليحذر الذين يخالفون عن امره ان تصيبهم فتنة او يصيبهم

লিওয়া-যা-, ফাল্ ইয়াহ্যারিল্ লাযীনা ইউখা-লিফূনা 'আন্ আমরিহী~আন্ তুস্বীবাহুম্ ফিত্নাতুন আও ইউস্বীবাহুম্
পড়ে, আল্লাহ্ তাদেরকে জানেন; সুতরাং যারা তাঁর আদেশের বিরুদ্ধাচারণ করে তারা যেন সতর্ক হয় যে, বিপর্যয় বা কঠিন আযাব

عذاب اليم ۝٦٣ الا ان لله ما في السموت والارض قد يعلم ما انتم

'আযা-বুন আলীম। ৬৪। আলা~ইন্না লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি; ক্বাদ্ ইয়া'লামু মা~আন্তুম্
তাদেরকে গ্রাস করবেই। (৬৪) জেনে রেখ, আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। তোমরা যা কিছু কর আল্লাহ্ তা

○ **শানে নুযূল (আঃ ৬২) ঃ** পরিখার যুদ্ধে ক্লান্ত মুসলমানগণ মদীনায় যাওয়ার প্রয়োজন হলে হুযূর (স)-এর অনুমতি নিয়ে যেতেন। অনুরূপভাবে জুমুআ ও অন্যান্য ধর্মীয় সমাবেশ হতে কোন কোন মুসলমান বিশেষ প্রয়োজনে হুযূর (স)-এর অনুমতি নিয়ে বাইরে যেতেন। এই সুযোগে এদের আড়ালে মুনাফেকরাও বিনা প্রয়োজনে গোপনে সরে পড়ত। (বঃ কোঃ) ○ **শানে নুযূল (আঃ ৬২) ঃ** ليس على الاعمى - জিহাদে যাবার সময় সাহাবাগণ (রা) এ আয়াতের প্রেক্ষিতে, অক্ষম ব্যক্তিদের কাছে তাদের ঘরের চাবি রেখে যেতেন এবং তাদেরকে ঘরের খাদ্যদ্রব্য খাবার জন্য অনুমতি দিয়ে যেতেন। কিন্তু অক্ষম সাহাবাগণ (রা) অনুমতি পাবার পরেও মালিকের অনুপস্থিতিতে সে গৃহে খাওয়া-দাওয়া করা বৈধ মনে করতেন না। আল্লাহ আয়াত অবতীর্ণ করেন যে, "আত্মীয়-স্বজন এবং যে গৃহের চাবি তার কাছে আছে সেখানে খেতে কোন গুনাহ নেই।" (কুঃ কারীম)

○ **বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ** لاتجعلو دعا. - অর্থাৎ যেমনিভাবে তোমরা একে অন্যকে নাম ধরে ডাক, রাসূলুল্লাহকে (স) সেভাবে নাম ধরে ডেক না। যেমন- হে মুহাম্মদ (স)! তবে ইয়া রাসূলাল্লাহ অথবা ইয়া নবীয়াল্লাহ ইত্যাদি বলে ডাক। (কুঃ কারীম) ○ **টীকা (আঃ ৬৪) ঃ** একথার উদ্দেশ্য এই নয়ে যে, তারা হয় ইহলোকে না হয় পরলোকে শাস্তি ভোগ করিবে; বরং উভয় কালেই তাদের শাস্তি ভোগের সম্ভাবনা রয়েছে। কেননা, আল্লাহ্ তা'আলার আদেশ লঙ্ঘনে তাঁর ক্রোধ হওয়া স্বাভাবিক এবং এই আদেশ লঙ্ঘন তাঁর অজ্ঞাতও নয়। সুতরাং তাদের শাস্তি অনিবার্য। (বঃ কোঃ)

٩ ع৩ ১৫ রুকূ

عليه ويوم يرجعون اليه فينبئهم بما عملوا والله بكل شيء عليم ۝

'আলাইহ; ওয়া ইয়াওমা ইউর্জ্বা'উনা ইলাইহি ফাইউনাব্বিউহুম্ বিমা- 'আমিলূ; ওয়াল্লা-হু বিকুল্লি শাইয়িন 'আলীম।
জানেন। যেদিন তারা তাঁর কাছে প্রত্যাবর্তিত হবে সেদিন তারা যা করত তিনি তা জানিয়ে দেবেন। আল্লাহ্ সর্ববিষয়ে জানেন।

সূরা ফুরক্বা-ন
মক্কী

بسم الله الرحمن الرحيم
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৭৭
রুকূ ঃ ৬

۝١ تبرك الذي نزل الفرقان على عبده ليكون للعلمين نذيرا ۝٢ الذي له

১। তারা-রাকাল্লাযী নায্যালাল্ ফুর্ক্বা-না 'আলা- 'আব্দিহী লিইয়াকূনা লিল্ 'আ-লামীনা নাযীরা। ২। নিল্লাযী লাহূ
(১) কত মহান তিনি, যিনি তাঁর বান্দার প্রতি কুরআন নাযিল করেছেন, যাতে তিনি বিশ্ববাসীর জন্য সতর্ককারী হতে পারেন। (২) আকাশমন্ডলি

ملك السموت والارض ولم يتخذ ولدا ولم يكن له شريك في الملك

মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়ালাম্ ইয়াত্তাখিয ওয়ালাদাওঁ ওয়ালাম্ ইয়াকুল্লাহূ শারীকুন্ ফিল্ মুল্কি
ও ভূমন্ডলির সার্বভৌমত্ব তো তারই। তিনি কোন সন্তান গ্রহণ করেননি; সার্বভৌমত্বেও তার কোন শরিক নেই। তিনিই সমস্ত

وخلق كل شيء فقدره تقديرا ۝ واتخذوا من دونه الهة لا يخلقون

ওয়া খালাক্বা কুল্লা শাইয়িন ফাক্বাদ্দারাহূ তাক্বদীরা-। ৩। ওয়াত্তাখাযূ মিন্ দূনিহী আ-লিহাতাল লা- ইয়াখ্লুক্বূনা
কিছু সৃষ্টি করেছেন এবং পরিমিতভাবে প্রতিপালন করছেন। (৩) তারা তাঁর পরিবর্তে অন্য উপাস্য গ্রহণ করেছে,

شيئا وهم يخلقون ولا يملكون لانفسهم ضرا ولا نفعا ولا يملكون موتا

শাইয়াওঁ ওয়া হুম্ ইউখ্লাকূনা ওয়া লা- ইয়াম্লিকূনা লিআন্ফুসিহিম্ দ্বাররাওঁ ওয়া লা- নাফ্'আওঁ ওয়ালা- ইয়ামলিকূনা মাওতাওঁ
যারা কিছুই সৃষ্টি করে না; বরং তারা নিজেরাই সৃষ্ট। যারা নিজেদের ভাল ও মন্দের মালিক নয়। আর যারা জীবন ও মৃত্যু

ولا حيوة ولا نشورا ۝ وقال الذين كفروا ان هذا الا افك افترىه واعانه

ওয়ালা- হায়া-তাওঁ ওয়ালা- নুশূরা-। ৪। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ~ইন্ হা-যা- ইল্লা~ইফ্কুনিফ্ তারা-হু ওয়া আ'আ-নাহূ
এবং পুনরুত্থানের মালিক নয়। (৪) কাফেররা বলে, 'এ মিথ্যা ব্যতীত কিছুই নয়; তিনিই [রাসূল (স)] তা উদ্ভাবন করেছেন এবং অন্য

عليه قوم اخرون فقد جاءو ظلما وزورا ۝ وقالوا اساطير الاولين

'আলাইহি ক্বাওমুন আ-খারূন; ফাক্বাদ্ জ্বা—উ যুল্মাওঁ ওয়াযূরা-। ৫। ওয়া ক্বা-লূ~আসা-ত্বীরুল আওওয়ালীনাক্
এক সম্প্রদায় তাকে এ ব্যাপারে সাহায্য করেছে।' তারা অবশ্যই সীমালংঘনে ও মিথ্যায় লিপ্ত। (৫) আর তারা বলে, 'এগুলি তো সেকালের

মুআ'নাকা ঃ ১০

○ **বিশ্লেষণ (আঃ ১) ঃ** الفرقان - অর্থ সত্য-মিথ্যা, তাওহীদ-শিরক, ন্যায়-অন্যায় এর মধ্যে পার্থক্যকারী। এ কুরআন সুস্পষ্টভাবে এর পার্থক্যকারী। এজন্য এ কুরআনকে ফুরকান বলা হয়েছে। (কুঃ কারীম)

○ **টীকা (আঃ ৪) ঃ** 'অন্যান্য লোকেরা' বলতে ঐসকল ইহুদী নাছারাকেই উদ্দেশ্য করা হয়েছে, যাহারা তখন ইসলাম গ্রহণ করেছিল। কিংবা যে সমস্ত ইহুদী ও নাছারা এমনি তাঁর দরবারে সময় সময় আসা-যাওয়া করত। (বঃ কোঃ)

اُكْتَتَبَهَا فَهِيَ تُمْلٰى عَلَيْهِ بُكْرَةً وَّاَصِيْلًا ⑤ قُلْ اَنْزَلَهُ الَّذِيْ يَعْلَمُ السِّرَّ فِي

তাতাবাহা- ফাহিয়া তুম্লা- 'আলাইহি বুক্রাতাওঁ ওয়া আস্বীলা- । ৬ । কুল্ আন্যালাহুল্লাযী ইয়া'লামুস্ সিরূরা ফিস্
উপকথা, যা তিনি লিখে নিয়েছেন। এগুলি সকাল-সন্ধ্যা তার নিকট পাঠ করা হয়।' (৬) বলুন, 'এটি তিনিই নাযিল করেছেন যিনি

السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اِنَّهٗ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ⑥ وَقَالُوْا مَالِ هٰذَا الرَّسُوْلِ

সামা- ওয়া-তি ওয়াল্ আর্দ্ব; ইন্নাহূ কা-না গাফূরার রাহীমা- । ৭ । ওয়া ক্বা-লূ মা-লি হা-যার রাসূলি
আকাশ ও পৃথিবীর সকল গোপন বিষয় জানেন। নিশ্চয় তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু। (৭) তারা বলে, ' এ কেমন রাসূল যে

يَاْكُلُ الطَّعَامَ وَيَمْشِيْ فِي الْاَسْوَاقِ ؕ لَوْلَآ اُنْزِلَ اِلَيْهِ مَلَكٌ فَيَكُوْنَ مَعَهٗ

ইয়া'কুলুত্ব ত্বা'আ-মা ওয়া ইয়াম্শী ফিল আস্ওয়া-ক্ব; লাওলা~উন্যিলা ইলাইহি মালাকুন ফাইয়াকূনা মা'আহূ
আহার করে এবং হাটে-বাজারে চলাফেরা করে। তার নিকট কেন কোন ফেরেশ্তা নাযিল করা হল না, যে তার সাথে সতর্ককারীরূপে

نَذِيْرًا ⑦ اَوْ يُلْقٰٓى اِلَيْهِ كَنْزٌ اَوْ تَكُوْنُ لَهٗ جَنَّةٌ يَّاْكُلُ مِنْهَا ؕ وَقَالَ الظّٰلِمُوْنَ

নাযীরা- । ৮ । আও ইউল্ক্বা~ইলাইহি কান্যুন আও তাকূনু লাহূ জান্নাতুন ইয়া'কুলু মিন্হা-; ওয়া ক্বা-লায্ যা-লিমূনা
থাকত?' (৮) অথবা 'তাকে কোন ধনভাণ্ডার দেয়া হয় না কেন অথবা তার একটি বাগান নেই কেন যা থেকে তিনি আহার করতে পারেন ?' জালিমরা আরও বলে,

اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا رَجُلًا مَّسْحُوْرًا ⑧ اُنْظُرْ كَيْفَ ضَرَبُوْا لَكَ الْاَمْثَالَ فَضَلُّوْا فَلَا

ইন্ তাত্তাবি'ঊনা ইল্লা- রাজুলাম্ মাস্হূরা । ৯ । উন্যুর কাইফা দ্বারাবূ লাকাল্ আম্ছা-লা ফাদ্বাল্লূ ফালা-
'তোমরা এক যাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ।' (৯) লক্ষ করুন, তারা আপনার কি উপমা দেয়; সুতরাং তারা পথভ্রষ্ট হয়েছে

يَسْتَطِيْعُوْنَ سَبِيْلًا ⑨ تَبٰرَكَ الَّذِيْٓ اِنْ شَآءَ جَعَلَ لَكَ خَيْرًا مِّنْ ذٰلِكَ جَنّٰتٍ ع ১ ১৬ রুকূ

ইয়াস্তাত্বী'উনা সাবীলা- । ১০ । তাবা-রাকাল লাযী ~ইন্ শা—আ জ্বা'আলা লাকা খাইরাম্মিন যা-লিকা জান্নাতিন
এবং তারা পথ পাবে না। (১০) কত মহান তিনি, যিনি ইচ্ছা করলে আপনাকে এর চেয়ে উৎকৃষ্টতর বস্তু দিতে পারেন— যেমন

تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ وَيَجْعَلْ لَّكَ قُصُوْرًا ⑩ بَلْ كَذَّبُوْا بِالسَّاعَةِ

তাজ্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু, ওয়া ইয়াজ্'আল্ লাকা ক্বাস্বূরা- । ১১ । বাল্ কায্যাবূ বিস্ সা-'আতি
উদ্যানসমূহ, যার নিম্নদেশে নদীনালা প্রবাহিত হয় এবং তিনি আপনার জন্য বানাতে পারেন প্রাসাদ সমূহ। (১১) কিন্তু তারা কিয়ামতকে মিথ্যা প্রতিপন্ন করে।

وَاَعْتَدْنَا لِمَنْ كَذَّبَ بِالسَّاعَةِ سَعِيْرًا ⑪ اِذَا رَاَتْهُمْ مِّنْ مَّكَانٍۢ بَعِيْدٍ سَمِعُوْا لَهَا

ওয়া আ'তাদ্না- লিমান্ কায্যাবা বিস্ সা-'আতি সা'ঈরা- । ১২ । ইযা- রাআত্হুম মিম্ মাকানিম্ বা'ঈদিন সামি'ঊ লাহা-
যারা কিয়ামতকে মিথ্যা প্রতিপন্ন করে, তাদের জন্য আমি অগ্নিশিখা প্রস্তুত করে রেখেছি। (১২) দূর থেকে অগ্নি যখন তাদেরকে দেখবে, তখন তারা এর বিক্ষুব্ধ

تَغَيُّظًا وَّزَفِيْرًا ⑫ وَاِذَآ اُلْقُوْا مِنْهَا مَكَانًا ضَيِّقًا مُّقَرَّنِيْنَ دَعَوْا هُنَالِكَ ثُبُوْرًا ۝

তাগাইয়্যুযাওঁ ওয়া যাফীরা । ১৩ । ওয়া ইযা- উল্কূ মিন্হা- মাকা-নান্ দ্বাইয়্যিক্বাম মুক্বার্রানীনা দা'আও হুনা-লিকা ছুবূরা- ।
গর্জন ও হুংকার শুনতে পাবে; (১৩) যখন তারা শিকলে বাঁধা অবস্থায় সেখানে কোন সংকীর্ণ স্থানে নিক্ষিপ্ত হবে, তখন তারা সেখানে 'মৃত্যু' 'মৃত্যু' বলে ডাকবে।

⑬ لَا تَدْعُوا الْيَوْمَ ثُبُوْرًا وَّاحِدًا وَّادْعُوْا ثُبُوْرًا كَثِيْرًا ⑭ قُلْ اَذٰلِكَ خَيْرٌ اَمْ جَنَّةُ

১৪ । লা- তাদ্'উল্ ইয়াওমা ছুবূরাওঁ ওয়াহ্দাওঁ ওয়াদ্'উ ছুবূরান্ কাছীরা- । ১৫ । কুল্ আযা-লিকা খাইরুন্ আম্ জান্নাতুল্
(১৪) বলা হবে, 'আজ তোমরা এক মৃত্যুকে ডেকো না, বরং অসংখ্য মৃত্যুকে ডাকো।'(১৫) বলুন, এটিই উত্তম, না স্থায়ী জান্নাত–

الْخُلْدِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ؕ كَانَتْ لَهُمْ جَزَآءً وَّمَصِيْرًا ⑮ لَهُمْ فِيْهَا مَا يَشَآءُوْنَ

খুল্দিল্লাতী উ'ইদাল্ মুত্তাকূন; কা-নাত্ লাহুম্ জ্বাযা—আওঁ ওয়া মাস্বীরা- । ১৬ । লাহুম্ ফীহা- মা- ইয়াশা—উনা
যার ওয়াদা দেয়া হয়েছে মুত্তাকীদেরকে ? এটাই তো তাদের পুরস্কার ও বাসস্থান। (১৬) সেখানে তারা যা কামনা করবে তাই পাবে এবং

خٰلِدِيْنَ ؕ كَانَ عَلٰى رَبِّكَ وَعْدًا مَّسْـُٔوْلًا ⑯ وَيَوْمَ يَحْشُرُهُمْ وَمَا يَعْبُدُوْنَ

খা-লিদীন্; কা-না 'আলা- রব্বিকা ওয়া'দাম্মাস্উলা- । ১৭ । ওয়া ইয়াওমা ইয়াহ্শুরুহুম্ ওয়ামা- ইয়া'বুদূনা
তা স্থায়ী হবে। এ প্রতিশ্রুতি পূরণ আপনার প্রতিপালকেরই দায়িত্ব। (১৭) যেদিন তিনি তাদেরকে এবং আল্লাহ ব্যতীত তারা যাদের উপাসনা

مِنْ دُوْنِ اللّٰهِ فَيَقُوْلُ ءَاَنْتُمْ اَضْلَلْتُمْ عِبَادِيْ هٰٓؤُلَآءِ اَمْ هُمْ ضَلُّوا السَّبِيْلَ ۝

মিন্ দূনিল্লা-হি ফাইয়াকূলু আ আন্তুম্ আদ্বলাল্তুম্ 'ইবা-দী হা—উলা—য়ি আম্ হুম্ দ্বাল্লুস্ সাবীল্।
করত তাদেরকে একত্রিত করে বলবেন, আমার এই বান্দাদেরকে তোমরাই কি পথভ্রষ্ট করেছিলে না তারা নিজেরাই পথভ্রষ্ট হয়েছিল।

⑰ قَالُوْا سُبْحٰنَكَ مَا كَانَ يَنْۢبَغِيْ لَنَآ اَنْ نَّتَّخِذَ مِنْ دُوْنِكَ مِنْ اَوْلِيَآءَ وَلٰكِنْ

১৮ । ক্বা-লূ সুবহ্বা-নাকা মা- কা-না ইয়ামবাগী লানা ~আন্ নাত্তাখিযা মিন্ দূনিকা আওলিইয়া—আ ওয়ালা- কিম
(১৮) তারা বলবে, 'পবিত্র ও মহান স্বত্বা আপনি! আপনার পরিবর্তে অন্যকে বন্ধুরূপে গ্রহণ করা আমাদের জন্য সমীচীন নয়। আপনিই তো তাদেরকে এবং তাদের

مَّتَّعْتَهُمْ وَاٰبَآءَهُمْ حَتّٰى نَسُوا الذِّكْرَ ۚ وَكَانُوْا قَوْمًا ۢ بُوْرًا ⑱ فَقَدْ كَذَّبُوْكُمْ بِمَا

মাত্তা'তাহুম্ ওয়া আ-বা—আহুম্ হাত্তা- নাসুয যিক্র, ওয়া কা-নূ ক্বাওমাম্ বূরা- । ১৯ । ফাক্বাদ্ কায্যাবূকুম্ বিমা-
পিতৃপুরুষদেরকে জীবনোপকরণ দিয়েছিলেন। পরিণামে তারা আপনাকে ভুলে গিয়েছিল এবং এক ধ্বংসপ্রাপ্ত জাতিতে পরিণত হয়েছিল। (১৯) (দেখ) 'তোমাদের উপাস্যরাই

تَقُوْلُوْنَ ۙ فَمَا تَسْتَطِيْعُوْنَ صَرْفًا وَّلَا نَصْرًا ۚ وَمَنْ يَّظْلِمْ مِّنْكُمْ نُذِقْهُ عَذَابًا

তাকূলূনা ফামা- তাস্তাত্বী'উনা স্বার্ফাওঁ ওয়ালা- নাস্রা-, ওয়া মাইঁ ইয়ায্বলিম মিন্কুম্ নুযিক্বহু 'আযা-বান্
তোমাদেরকে মিথ্যা সাব্যস্ত করেছে; সুতরাং তোমরা শাস্তি প্রতিহত করতে পারবে না, সাহায্যও কামনা করতে পারবে না। যে কেউ সীমালংঘন করুক আমি তাকে মহাআযাব

كَبِيْرًا ⑲ وَمَآ اَرْسَلْنَا قَبْلَكَ مِنَ الْمُرْسَلِيْنَ اِلَّآ اِنَّهُمْ لَيَاْكُلُوْنَ الطَّعَامَ وَيَمْشُوْنَ فِي

কাবীরা। ২০। ওয়ামা- আর্সাল্না- ক্বাব্লাকা মিনাল্ মুর্সালীনা ইল্লা~ইন্নাহুম্ লাইয়া'কুলূনাত্ব ত্বা'আ-মা ওয়া ইয়াম্শূনা ফিল
আস্বাদন করাবই।' (২০) আপনার পূর্বে আমি যে সব রসূল প্রেরণ করেছি তারা সকলেই তো খাবার গ্রহণ করতেন ও হাটে-বাজারে যাতায়াত করতেন।

২ ع ১৭ রুকূ الْاَسْوَاقِ ؕ وَجَعَلْنَا بَعْضَكُمْ لِبَعْضٍ فِتْنَةً ؕ اَتَصْبِرُوْنَ ۚ وَكَانَ رَبُّكَ بَصِيْرًا ۝

আস্ওয়া-ক্ব; ওয়াজ্বা'আল্না- বা'দ্বাকুম্ লিবা'দ্বিন্ ফিত্নাহ্; আতাস্বিরূন, ওয়া কা-না রাব্বুকা বাস্বীরা- ।
হে মানব জাতি! আমি তোমাদের মধ্যে একক অপরের জন্য পরীক্ষাস্বরূপ করেছি। তোমরা কি ধৈর্যধারণ করবে না ? তোমার প্রতিপালক সমস্ত কিছুই দেখে থাকেন।

পারা ১৯

(২১) وَقَالَ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا لَوْلَآ اُنْزِلَ عَلَيْنَا الْمَلٰٓئِكَةُ اَوْ نَرٰى رَبَّنَا ؕ

২১। ওয়া ক্বা-লাল্ লাযীনা লা-ইয়ারজূনা লিক্বা—আনা- লাওলা~ উন্‌যিলা 'আলাইনাল মালা—ইকাতু আও নারা- রাব্বানা- ;

(২১) এবং যারা আমার সাক্ষাতের আশা করে না, তারা বলে, আমাদের কাছে ফিরিশতা কেন অবতীর্ণ করা হয়না? অথবা আমরা আমাদের প্রতিপালককে কেন দেখি না?

لَقَدِ اسْتَكْبَرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ وَعَتَوْ عُتُوًّا كَبِيْرًا (২২) يَوْمَ يَرَوْنَ الْمَلٰٓئِكَةَ لَا بُشْرٰى

লাক্বাদিস্ তাক্‌বারূ ফী~আন্‌ফুসিহিম ওয়া'আতাও 'উতুওওয়ান্ কাবীরা-। ২২। ইয়াওমা ইয়ারাওনাল মালা—ইকাতা লা- বুশরা-

তারা তাদের অন্তরে নিজদেরকে অনেক বড় মনে করে এবং তারা খুবই অবাধ্য হয়েছে। (২২) যেদিন তারা ফিরিশতাগণকে দেখবে, সেদিন সে পাপীদের

يَوْمَئِذٍ لِّلْمُجْرِمِيْنَ وَيَقُوْلُوْنَ حِجْرًا مَّحْجُوْرًا (২৩) وَقَدِمْنَآ اِلٰى مَا عَمِلُوْا مِنْ

ইয়াওমাইযিল্ লিল্‌মুজ্‌রিমীনা ওয়া ইয়াকূলূনা হিজ্‌রাম্ মাহ্‌জূরা-। ২৩। ওয়া ক্বাদিম্‌না~ইলা- মা-'আমিলূ মিন্

জন্য কোন সুসংবাদ থাকবে না এবং তারা (আযাব দেখে) বলবে, (রক্ষা কর, রক্ষা কর!)। (২৩) এবং আমি তাদেরকৃতগুলোর দিকে

عَمَلٍ فَجَعَلْنٰهُ هَبَآءً مَّنْثُوْرًا (২৪) اَصْحٰبُ الْجَنَّةِ يَوْمَئِذٍ خَيْرٌ مُّسْتَقَرًّا وَّاَحْسَنُ

'আমালিন্ ফাজ্বা'আল্‌না-হু হাবা—আম্ মান্‌ছূরা-। ২৪। আস্‌হা-বুল্ জান্নাতি ইয়াওমাইযিন্ খাইরুম্ মুস্তাক্বাররাওঁ ওয়া আহ্‌সানু

দৃষ্টি নিক্ষেপ করব। অতঃপর সেগুলোকে আমি ছড়ানো ধূলিকণার মত করে দেব। (২৪) সেদিন জান্নাতীগণের বাসস্থান উৎকৃষ্ট এবং বিশ্রামস্থল অতি

مَقِيْلًا (২৫) وَيَوْمَ تَشَقَّقُ السَّمَآءُ بِالْغَمَامِ وَنُزِّلَ الْمَلٰٓئِكَةُ تَنْزِيْلًا (২৬) اَلْمُلْكُ يَوْمَئِذِ

মাক্বীলা-। ২৫। ওয়া ইয়াওমা তাশাক্বক্বাকুস্ সামা—উ বিলগামা-মি ওয়া নুয্‌যিলাল মালা—ইকাতু তান্‌যীলা-। ২৬। আল্‌মুলকু ইয়াওমাইযিনিল্

মনোরম হবে। (২৫) যেদিন আকাশ মেঘ মালাসহ বিদীর্ণ হবে এবং ফিরিশতাগণ পরপর প্রেরিত হবে, (২৬) সেদিন প্রকৃত কর্তৃত্ব হবে একমাত্র

الْحَقُّ لِلرَّحْمٰنِ ؕ وَكَانَ يَوْمًا عَلَى الْكٰفِرِيْنَ عَسِيْرًا (২৭) وَيَوْمَ يَعَضُّ الظَّالِمُ عَلٰى

হাক্কু লির্‌রাহ্‌মা-ন ; ওয়া কা-না ইয়াওমান 'আলাল্ কা-ফিরীনা 'আসীরা-। ২৭। ওয়া ইয়াওমা ইয়া'আদ্দুয্ যা-লিমু 'আলা-

রহমানের এবং সেদিন টি কাফিরদের উপর অতি কঠিন হবে। (২৭) সেদিন জালিম ব্যক্তি নিজ হস্তদ্বয় কামড়াতে কামড়াতে বলবে,

يَدَيْهِ يَقُوْلُ يٰلَيْتَنِى اتَّخَذْتُ مَعَ الرَّسُوْلِ سَبِيْلًا (২৮) يٰوَيْلَتٰى لَيْتَنِىْ لَمْ اَتَّخِذْ

ইয়াদাইহি ইয়াকূলু ইয়া-লাইতানিত্ তাখায্‌তু মা'আর্ রাসূলি সাবীলা-। ২৮। ইয়া- ওয়াইলাতা- লাইতানী লাম আত্তাখিয্

হায়! যদি আমি রাসূলের সাথে (তাঁর) সরলপথ গ্রহণ করতাম! (২৮) 'হায় আফসোস! যদি আমি অমুককে বন্ধু হিসেবে গ্রহণ না

فُلَانًا خَلِيْلًا (২৯) لَقَدْ اَضَلَّنِىْ عَنِ الذِّكْرِ بَعْدَ اِذْ جَآءَنِىْ ؕ وَكَانَ الشَّيْطٰنُ لِلْاِنْسَانِ

ফুলা-নান্ খালীলা-। ২৯। লাক্বাদ্ আদ্বাল্লানী 'আনিয্ যিক্‌রি বা'দা ইয্ জ্বা—আনী ; ওয়া কা-নাশ্ শাইত্বা-নু লিল'ইন্‌সা-নি

করতাম'। (২৯) সে তো আমাকে পথভ্রষ্ট করেছে, (রাসূলের) উপদেশ হতে। যখন তা আমার কাছে এসে পৌঁছেছে তারপর শয়তানতো মানুষকে

✪ বিশ্লেষণ (আঃ ২২) ঃ يوم يرون - এ দিন দ্বারা মৃত্যুর দিনকে বুঝান হয়েছে। কারো মতে, এর দ্বারা কিয়ামতের দিনকে বুঝান হয়েছে। ইমাম ইবনে কাসীর (রহ) বলেন, উভয়টিই সঠিক। এজন্য যে, এ দুটি দিনেই ফিরিশতা মুমিন ও কাফিরদের সামনে হাজির হয়ে মুমিনদের সুসংবাদ এবং কাফিরদেরকে ধ্বংসের দুঃসংবাদ দিবেন। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ২৮) ঃ উক্‌বা ইবনে আবি মুঈত রাসূল (সা)-কে দাওয়াত করলে রাসূল (সা) তার ঈমান আনয়নের শর্তে কবুল করেন এবং সে কালেমা উচ্চারণ করার পর রাসূল (স) দাওয়াতে গেলেন। এরই উল্লেখ এই আয়াতে রয়েছে। অতঃপর উবাই ইবনে খলফ তাকে ভর্ৎসনা করলে সে বলল যে, কোন উদ্দেশ্য সিদ্ধার্থে বাহ্যিকভাবে কালেমা পড়েছি, অন্তরে আস্থা স্থাপন করি নি। বাস্তবে সে কাফেরই রয়ে গেল। (বঃ কোঃ)

خَذُوْلًا (৩০) وَقَالَ الرَّسُوْلُ يٰرَبِّ اِنَّ قَوْمِى اتَّخَذُوْا هٰذَا الْقُرْاٰنَ مَهْجُوْرًا ○

খাযূলা-। ৩০। ওয়া ক্বা-লার্ রাসূলু ইয়া- রাব্বি ইন্না ক্বাওমিত্ তাখাযূ হা-যাল্ কুরআ-না মাহ্‌জূরা-।

ধোঁকা প্রদানকারী। (৩০) এবং রাসূল বললেন, হে আমার প্রতিপালক! আমার সম্প্রদায় এ কুরআনকে বর্জনীয় মনে করেছে।

(৩১) وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِىٍّ عَدُوًّا مِّنَ الْمُجْرِمِيْنَ ؕ وَكَفٰى بِرَبِّكَ هَادِيًا

৩১। ওয়া কাযা-লিকা জ্বা'আল্‌না- লিকুল্লি নাবিইয়্যিন 'আদুওয়্যাম্ মিনাল্ মুজ্‌রিমীন ;ওয়া কাফা- বিরাব্বিকা হা-দিয়াওঁ

(৩১) এভাবেই আমি কতিপয় অপরাধীদেরকে প্রত্যেক নবীর জন্য দুশমন বানিয়েছিলাম এবং আপনার প্রতিপালকই সঠিক পথ প্রদর্শনকারী এবং সাহায্যকারী

মঞ্জিল ঃ ৪

وَّنَصِيْرًا (৩২) وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَا نُزِّلَ عَلَيْهِ الْقُرْاٰنُ جُمْلَةً وَّاحِدَةً ۚ كَذٰلِكَ

ওয়া নাস্বীরা-। ৩২। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ লাওলা- নুয্‌যিলা 'আলাইহিল কুরআ-নু জুম্‌লাতাওঁ ওয়া-হিদাহ্, কাযা-লিকা,

হিসেবে যথেষ্ট। (৩২) কাফেররা বলল, সমুদয় কুরআন তার উপর একত্রে অবতীর্ণ হল না কেন?এভাবেই আমি অবতীর্ণ করেছি, এবং আমি তা থেমে থেমে

لِنُثَبِّتَ بِهٖ فُؤَادَكَ وَرَتَّلْنٰهُ تَرْتِيْلًا (৩৩) وَلَا يَاْتُوْنَكَ بِمَثَلٍ اِلَّا جِئْنٰكَ بِالْحَقِّ

লিনুছাব্বিতা বিহী ফুআ-দাকা ওয়া রাত্তাল্‌না-হু তার্‌তীলা-। ৩৩। ওয়ালা- ইয়া'তূনাকা বিমাছালিন ইল্লা-জ্বি'না-কা বিলহাক্কি

পাঠ করেছি। যাতে, এর দ্বারা আপনার অন্তর সুদৃঢ় হয় (৩৩) তারা আপনার কাছে যত জটিল বিষয় উপস্থিত নিয়ে যায় তার সঠিক উত্তর

وَاَحْسَنَ تَفْسِيْرًا (৩৪) اَلَّذِيْنَ يُحْشَرُوْنَ عَلٰى وُجُوْهِهِمْ اِلٰى جَهَنَّمَ ۙ اُولٰٓئِكَ

ওয়া আহ্‌সানা তাফ্‌সীরা-। ৩৪। আল্লাযীনা ইউহ্‌শারূনা 'আলা- উজূহিহিম ইলা- জ্বাহান্নামা, উলা—ইকা

এবং সুন্দর বিশ্লেষণ আমি আপনাকে বলে দেই : (৩৪) এরা তারা যাদেরকে মুখ উপুড় অবস্থায় জাহান্নামের দিকে নিয়ে যাওয়া করা হবে, তারা

৩ ع ১৪ ১ রুকূ

شَرٌّ مَّكَانًا وَّاَضَلُّ سَبِيْلًا (৩৫) وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنَا مَعَهٗٓ اَخَاهُ

শার্‌রুম্ মাকা-নাওঁ ওয়া আদ্বাল্লু সাবীলা-। ৩৫। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা ওয়া জ্বা'আল্‌না- মা'আহূ~আখা-হু

স্থানের দিক দিয়েও অতি নিকৃষ্ট এবং চলার দিক দিয়েও পথভ্রান্ত। (৩৫) আমি মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তাঁর সাথে তাঁর ভাই হারুনকে সাহায্যকারী

هٰرُوْنَ وَزِيْرًا (৩৬) فَقُلْنَا اذْهَبَآ اِلَى الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ؕ فَدَمَّرْنٰهُمْ تَدْمِيْرًا ؕ

হা-রূনা ওয়াযীরা-। ৩৬। ফাক্বুল্‌নায্ হাবা~ইলাল্ ক্বাওমিল্ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা-; ফাদাম্মারনা-হুম তাদ্‌মীরা-।

করেছিলাম, (৩৬) অতঃপর বলেছিলাম যে, আপনারা এমন জাতির কাছে যান, যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে, ফলে আমি তাদেরকে একেবারে ধ্বংস করে দিয়েছিলাম।

(৩৭) وَقَوْمَ نُوْحٍ لَّمَّا كَذَّبُوا الرُّسُلَ اَغْرَقْنٰهُمْ وَجَعَلْنٰهُمْ لِلنَّاسِ اٰيَةً ؕ وَاَعْتَدْنَا لِلظّٰلِمِيْنَ

৩৭। ওয়া ক্বাওমা নূহিল্ লাম্মা- কায্‌যাবুর্ রুসুলা আগ্‌রাক্বনা-হুম ওয়া জ্বা'আল্‌না-হুম লিন্না-সি আ-য়াহ ; ওয়া আ'তাদ্‌না- লিয্‌যা-লিমীনা

(৩৭) এবং নূহের সম্প্রদায়কেও যখন তারা রাসূলগণকে মিথ্যারোপ করেছিল, তখন আমি তাদেরকে ডুবিয়ে দিয়েছিলাম এবং মানুষদের জন্য, তাদেরকে দৃষ্টান্ত স্বরূপ করে দিলাম। আর আমি

✪ টীকা (আঃ ৩১) ঃ আপনার চিন্তার দু'টি কারণ হতে পারে। তাদের পথভ্রষ্ট থাকার এবং তারা আপনাকে উৎপীড়ন করার আশংকার। অতএব, আল্লাহ্ পাকই তাদের হেদায়াতের জন্য এবং তাদের উৎপীড়ন দমনের জন্য যথেষ্ট। আপনি কোন চিন্তা করবেন না। (বঃ কোঃ)

✪ টীকা (আঃ ৩২) ঃ এই প্রশ্নের উদ্দেশ্য এই যে, কোরআন আল্লাহ্‌র কালাম হলে ক্রমান্বয়ে নাযিল করার কি প্রয়োজন ছিল? এতে সন্দেহ হয় যে, মোহাম্মদ (দ) স্বয়ং চিন্তা করে কিছু কিছু রচনা করতেছেন। উত্তর পরবর্তী আয়াতে আসতেছে। (বঃ কোঃ)

✪ টীকা (আঃ ৩৪) ঃ এখানে 'বাসস্থান' বলতে দোযখ, আর পন্থা বলতে ধর্মনীতি ও মতবাদ উদ্দেশ্য। আর মুখে ভর দিয়ে বিপরীতভাবে হাটানোর শাস্তি তাদের উপযোগী এই জন্য যে, তাদের প্রশ্নগুলিও বিপরীত বুদ্ধিপ্রসূত। কাজেই শাস্তিও তাদের বিপরীত দিক হতে হবে। (বঃ কোঃ)

عَذَابًا اَلِيْمًا (৩৭) وَّعَادًا وَّثَمُوْدَاۡ وَاَصْحٰبَ الرَّسِّ وَقُرُوْنًاۢ بَيْنَ ذٰلِكَ كَثِيْرًا ○

'আযা-বান্ আলীমা- । ৩৮ । ওয়া 'আ-দাও ওয়া ছামূদা ওয়া আস্হ্বা-বার্ রাস্সি ওয়া কুরূনাম্ বাইনা যা-লিকা কাছীরা- ।
জালিমদের জন্য যন্ত্রণাময় শাস্তি প্রস্তুত করে রেখেছি, । (৩৮) আমি আদ, সামূদ এবং কূপবাসী এবং তাদের মধ্যবর্তী বহু সম্প্রদায়কে (ধ্বংস করেছিলাম) ।

(৩৮) وَكُلًّا ضَرَبْنَا لَهُ الْاَمْثَالَ ز وَكُلًّا تَبَّرْنَا تَتْبِيْرًا (৩৯) وَلَقَدْ اَتَوْا عَلَى الْقَرْيَةِ الَّتِىْٓ

৩৯ । ওয়া কুল্লান্ দ্বারাব্না- লাহুল্ আম্ছা-লা, ওয়া কুল্লান্ তাব্বার্না- তাত্বীরা- । ৪০ । ওয়া লাক্বাদ্ আতাও 'আলাল্ ক্বার্ইয়াতিল্লাতী~
(৩৯) এবং আমি তাদের সবার জন্য দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম, আর আমি তাদের প্রত্যেককেই ধ্বংস করে দিয়েছিলাম । (৪০) তারাতো সে জনপদের পার্শ্ব দিয়ে

اُمْطِرَتْ مَطَرَ السَّوْءِ ؕ اَفَلَمْ يَكُوْنُوْا يَرَوْنَهَا ج بَلْ كَانُوْا لَا يَرْجُوْنَ نُشُوْرًا (৪০) وَاِذَا

উম্ত্বিরাত্ মাত্বারাস্ সাওই ; আফালাম ইয়াকূনূ ইয়ারাওনাহা-, বাল্ কা-নূ লা- ইয়ার্জুনা নুশূরা- । ৪১ । ওয়া ইযা-
আসা যাওয়া করে, যার উপর বর্ষিত হয়েছিল প্রস্তর বৃষ্টি এরপরও কি তারা তা দেখে না? প্রকৃত পক্ষে তারা পুনর্জীবিত হবার আশা করে না । (৪১) যখন তারা

رَاَوْكَ اِنْ يَّتَّخِذُوْنَكَ اِلَّا هُزُوًا ؕ اَهٰذَا الَّذِىْ بَعَثَ اللّٰهُ رَسُوْلًا (৪১) اِنْ كَادَ

রাআওকা ইয ইয়াত্তাখিযূনাকা ইল্লা- হুযুওয়ান ; আহা-যাল্লাযী বা'আছাল্লা-হু রাসূলা- । ৪২ । ইন্ কা-দা
আপনাকে দেখে তখন তারা আপনাকে নিয়ে উপহাস করতে থাকে যে, ইনিই কি সে ব্যক্তি যাকে আল্লাহ্ রাসূল হিসেবে প্রেরণ করেছেন? (৪২) সেতো

لَيُضِلُّنَا عَنْ اٰلِهَتِنَا لَوْلَاۤ اَنْ صَبَرْنَا عَلَيْهَا ؕ وَسَوْفَ يَعْلَمُوْنَ حِيْنَ يَرَوْنَ الْعَذَابَ

লাইউদ্বিল্লুনা- 'আন্ আ-লিহাতিনা- লাওলা~আন্ স্বাবার্না- 'আলাইহা-; ওয়া সাওফা ইয়া'লামূনা হ্বীনা ইয়ারাওনাল্ 'আযা-বা
আমাদেরকে আমাদের মা'বুদ হতে দূরে সরিয়ে দিত, যদি না আমরা তাদের উপর মজবুত থাকতাম । যখন তারা শাস্তি দেখবে, তখন তারা স্পষ্ট জানতে

مَنْ اَضَلُّ سَبِيْلًا (৪২) اَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ ؕ اَفَاَنْتَ تَكُوْنُ عَلَيْهِ وَكِيْلًا

মান্ আদ্বাল্লু সাবীলা- । ৪৩ । আরাআইতা মানিত্তাখাযা ইলা-হাহূ হাওয়া-হু ; আফাআন্তা তাকূনু 'আলাইহি ওয়াকীলা- ।
পারবে যে, কে অধিক পথভ্রষ্ট । (৪৩) আপনি কি তাকে দেখেন না, যে নিজ প্রবৃত্তিকে উপাস্য হিসেবে গ্রহণ করেছে, অতএব আপনি কি কখনো তার ব্যবস্থাপক হতে পারেন?

(৪৩) اَمْ تَحْسَبُ اَنَّ اَكْثَرَهُمْ يَسْمَعُوْنَ اَوْ يَعْقِلُوْنَ ؕ اِنْ هُمْ اِلَّا كَالْاَنْعَامِ بَلْ هُمْ

৪৪ । আম্ তাহ্বসাবু আন্না আক্ছারাহুম ইয়াস্মা'উনা আও ইয়া'ক্বিলূন; ইন্ হুম ইল্লা- কাল্ আন্'আ-মি বাল্ হুম
(৪৪) অথবা আপনি কি এ ধারণা করে যে, তাদের মধ্যে অনেকেই শোনে অথবা বুঝে? তারা তো নিচক চতুষ্পদ জন্তুর মত বরং তারা এর চেয়ে অধিক

اَضَلُّ سَبِيْلًا (৪৪) اَلَمْ تَرَ اِلٰى رَبِّكَ كَيْفَ مَدَّ الظِّلَّ ج وَلَوْ شَآءَ لَجَعَلَهٗ سَاكِنًا ج

৪ ع ১০ ২ রুকূ

আদ্বাল্লু সাবীলা- । ৪৫ । আলাম্ তারা ইলা-রাব্বিকা কাইফা মাদ্দায্ যিল্লা, ওয়ালাও শা—আ লাজ্বা'আলাহূ সা-কিনান-,
পথভ্রষ্ট । (৪৫) আপনি কি দেখেন না যে, আপনার প্রতিপালক ছায়াকে কিভাবে বিস্তৃত করেন? যদি তিনি ইচ্ছা করতেন, তবে সেটাকে স্থির রাখতে পারতেন; অতঃপর

○ বিশ্লেষণ (আঃ ৩৮) ঃ اصحب الرس - (কূপবাসী) কে ছিল? এ ব্যাপারে মতভেদ রয়েছে। রূহুলমা'নীতে এ ব্যাপারে অনেক আলোচনা করা হয়েছে। মোট কথা তারা এমন সম্প্রদায় ছিল যে, যারা তাদের পয়গম্বরদের অস্বীকার করার কারণে ধ্বংস হয়ে গিয়েছিল। হযরত শাহ ছাহেব (রহ) বলেন, তারা এক রাসূলের উম্মত যারা তাদের রাসূলকে কূয়ায় বন্ধ করে রেখেছিল। অতঃপর তাদের উপর যখন শাস্তি আসল, তখন সে রাসূল তা থেকে নিষ্কৃতি পেলেন। (তাঃ ওসমানী) কূপের নিকট বাস করত বলে তাদেরকে আসহাবে রাস্স, নামকরণ করা হয়েছে। ○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ ولقد اتوا على القرية - জনপদ দ্বারা লূতের (আ) সম্প্রদায়কে বুঝান হয়েছে এবং অমংগলের বৃষ্টি দ্বারা পাথরের বৃষ্টি বুঝান হয়েছে। এ জনপদকে ওলট-পালট করে তার উপর পাথরের বৃষ্টি বর্ষণ করা হয়েছিল। এ জনপদটি শ্যাম ও হিজাজের যাতায়াতের পথে পড়ে, সেখান হয়ে মক্কাবাসী যাতায়াত করে থাকে। (কুঃ কারীম)

ثُمَّ جَعَلْنَا الشَّمْسَ عَلَيْهِ دَلِيْلًا (৪৫) ثُمَّ قَبَضْنٰهُ اِلَيْنَا قَبْضًا يَّسِيْرًا (৪৬) وَهُوَ الَّذِىْ

ছুম্মা জ্বা'আলনাশ্ শামসা 'আলাইহি দালীলা- । ৪৬ । ছুম্মা ক্বাবাদ্বনা-হু ইলাইনা- ক্বাব্দ্বাই ইয়াসীরা- । ৪৭ । ওয়া হুওয়াল্লাযী
আমি সূর্যকে তার প্রমাণ হিসেবে নির্ধারণ করেছি । (৪৬) অতঃপর আমি একেক্রমান্বে আস্তে নিজের দিকে টেনে আনি । (৪৭) আর তিনি (আল্লাহ) যিনি

جَعَلَ لَكُمُ الَّيْلَ لِبَاسًا وَّالنَّوْمَ سُبَاتًا وَّجَعَلَ النَّهَارَ نُشُوْرًا (৪৭) وَهُوَ الَّذِىْٓ اَرْسَلَ

জ্বা'আলা লাকুমুল্ লাইলা লিবা-সাওঁ ওয়ান্ নাওমা সুবা-তাওঁ ওয়া জ্বা'আলান্ নাহা-রা নুশূরা- । ৪৮ । ওয়া হুওয়াললাযী~আরসালার্
রাতকে তোমার জন্য বানিয়েছেন আবরণস্বরূপ এবং নিদ্রাকে বানিয়েছেন আরামদায়ক এবং দিনকে করেছেন (নিদ্রা থেকে) ওঠার সময় । (৪৮) এবং তিনি (আল্লাহ)

الرِّيٰحَ بُشْرًاۢ بَيْنَ يَدَىْ رَحْمَتِهٖ ج وَاَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً طَهُوْرًا (৪৮) لِّنُحْيِۦَ بِهٖ

রিইয়া-হ্বা বুশরাম্ বাইনা ইয়াদাই রাহ্বমাতিহ, ওয়া আন্যাল্না- মিনাস্ সামা—ই মা—আন্ ত্বাহূরা- । ৪৯ । লিনুহ্বইইয়া বিহী
তাঁর রহমত (বৃষ্টি) বর্ষণের পূর্বে সুসংবাদ প্রদানকারী হিসেবে বায়ু প্রেরণ করেন এবং আমি বর্ষণ করি আকাশ থেকে বিশুদ্ধ পানি, যাতে এর দ্বারা (৪৯) আমি মৃত জনপদকে

بَلْدَةً مَّيْتًا وَّنُسْقِيَهٗ مِمَّا خَلَقْنَآ اَنْعَامًا وَّاَنَاسِىَّ كَثِيْرًا (৪৯) وَلَقَدْ صَرَّفْنٰهُ بَيْنَهُمْ

বাল্দাতাম্ মাইতাওঁ ওয়া নুস্ক্বিয়াহূ মিম্মা- খালাক্বনা~আন্'আ-মাওঁ ওয়া আনা-সিইয়্যা কাছীরা- । ৫০ । ওয়া লাক্বাদ্ স্বার্রাফ্না-হু বাইনাহুম
সতেজ করি এবং আমি আমার সৃষ্টির মধ্য হতে বহু চতুষ্পদ জন্তু এবং মানুষদেরকে তা (পানি) পান করাই । (৫০) এবং আমি তা (বৃষ্টি) তাদের মধ্যে পরিমাণ মত বর্ষণ

لِيَذَّكَّرُوْا ۖ فَاَبٰٓى اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا (৫০) وَلَوْ شِئْنَا لَبَعَثْنَا فِىْ كُلِّ قَرْيَةٍ

লিইয়ায্যাক্কারূ, ফাআবা~আক্ছারুন্না-সি ইল্লা- কুফূরা- । ৫১ । ওয়ালাও শি'না- লাবা'আছ্না-ফী কুল্লি ক্বার্ইয়াতিন্
করি, যাতে তারা উপদেশ গ্রহণ করে, কিন্তু তাদের অধিকাংশই অকৃতজ্ঞতা প্রকাশ করে । (৫১) যদি আমি ইচ্ছা করতাম, অবশ্যই প্রতিটি জনপদে একজন ভীতি প্রদর্শনকারী

نَّذِيْرًا (৫১) فَلَا تُطِعِ الْكٰفِرِيْنَ وَجَاهِدْهُمْ بِهٖ جِهَادًا كَبِيْرًا (৫২) وَهُوَ الَّذِىْ مَرَجَ

নাযীরা- । ৫২ । ফালা- তুত্বি'ইল কা-ফিরীনা ওয়া জ্বা-হিদ্হুম্ বিহী জ্বিহা-দান্ কাবীরা- । ৫৩ । ওয়া হুওয়াললাযী মারাজ্বাল
পাঠাতাম । (৫২) সুতরাং আপনি কাফিরদের অনুসরণ করবেন না এবং কুরআন দ্বারা তাদের মোকাবেলা করুন । (৫৩) আর তিনি (আল্লাহ), এমন যিনি দুটি সমুদ্রকে

الْبَحْرَيْنِ هٰذَا عَذْبٌ فُرَاتٌ وَّهٰذَا مِلْحٌ اُجَاجٌ ج وَجَعَلَ بَيْنَهُمَا بَرْزَخًا وَّحِجْرًا

বাহ্বরাইনি হা-যা- 'আয্বুন ফুরা-তুওঁ ওয়া হা-যা- মিল্হ্বুন উজ্বা-জ্ব, ওয়া জ্বা'আলা বাইনাহুমা- বার্যাখাওঁ ওয়া হ্বিজ্বরাম্
পরস্পরে মিলিয়ে রেখেছেন, একটি তো সুমিষ্ট সুস্বাদু এবং অন্যটি লবণাক্ত, তিক্ত পানি; এবং এ উভয়ের মাঝে একটি শক্তিশালী প্রতিবন্ধকতা এবং (পার্থক্যকারী) পর্দা সৃষ্টি

مَّحْجُوْرًا (৫৩) وَهُوَ الَّذِىْ خَلَقَ مِنَ الْمَآءِ بَشَرًا فَجَعَلَهٗ نَسَبًا وَّصِهْرًا ؕ وَكَانَ رَبُّكَ

মাহ্বজূরা- । ৫৪ । ওয়া হুওয়াল্লাযী খালাক্বা মিনাল্ মা—ই বাশারান্ ফাজ্বা'আলাহূ নাসাবাওঁ ওয়া স্বিহ্রা-, ওয়া কা-না রাব্বুকা
করেছেন । (৫৪) আর তিনি (আল্লাহ) এমন যিনি পানি হতে মানুষকে সৃষ্টি করেছেন; এবং তিনি তার জন্য নির্ধারণ করেছেন বংশগত এবং বৈবাহিক সম্পর্ক । আপনার রব

○ টীকা (আঃ ৪৬) ঃ যেহেতু সূর্যের ছায়া ক্রমশঃ সংকুচিত হয়ে পরিশেষে একেবারে বিলীন হয়ে যাওয়া সম্পূর্ণরূপে আল্লাহ্ তা'আলার ক্ষমতাধীন। আর বাহ্যিকরূপে অদৃশ্য হয়ে গেলেও আল্লাহ্ পাকের জ্ঞান হতে অদৃশ্য হতে পারে না। তাই "নিজের দিকে সংকুচিত করি" বলেছেন। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৫০) ঃ ولقد صرفنه - বৃষ্টি ঘুরায়ে ঘুরায়ে বর্ষণ করি। অর্থাৎ কখনো এক এলাকায় কখনো অন্য এলাকায়, যার ফলে কখনো এক শহরে বৃষ্টি হয় অন্য শহরে হয় না, আবার কখনো অন্য শহরে বৃষ্টি হয়, কিন্তু পূর্বের জায়গায় বৃষ্টি হয় না। এটা আল্লাহ তায়ালার ইচ্ছা। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৫৪) ঃ অর্থ এই তত্ত্বের কারণেই বিবাহ সম্পর্ক ও বংশের সৃষ্টি হয়েছে। জন্মগ্রহণ করা মাত্রই পিতা-পিতামহের সাথে বংশগত এবং শ্বশুর-শাশুড়ীর সাথে বিবাহগত সম্পর্ক স্থাপিত হয়। (বঃ কোঃ)

قَدِيْرًا (55) وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُهُمْ وَلَا يَضُرُّهُمْ ؕ وَكَانَ الْكَافِرُ

ক্বাদীরা- । ৫৫ । ওয়া ইয়া'বুদূনা মিন্ দূনিল্লা-হি মা-লা- ইয়ান্‌ফা'উহুম ওয়ালা- ইয়াদ্বুর্‌রুহুম ; ওয়া কা-নাল কা-ফিরু
বড়ই ক্ষমতাবান। (৫৫) তারা আল্লাহকে ছেড়ে ঐ পদার্থের ইবাদাত করে, যে না তাদের কোন উপকার করতে পারে এবং না তাদের কোন ক্ষতি করতে পারে। কাফিররাতো নিজ

عَلٰى رَبِّهٖ ظَهِيْرًا (56) وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا مُبَشِّرًا وَّنَذِيْرًا (57) قُلْ مَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ

'আলা- রাব্বিহী জাহীরা- । ৫৬ । ওয়া মা~আর্‌সাল্‌না-কা ইল্লা- মুবাশ্‌শিরাওঁ ওয়া নাযীরা- । ৫৭ । ক্বুল্ মা~আস্‌আলুকুম 'আলাইহি
প্রতিপালকের বিপক্ষে (শয়তানের) সাহায্যকারী। (৫৬) আমি তো আপনাকে শুধু সুসংবাদদাতা এবং ভীতি প্রদর্শনকারী করে প্রেরণ করেছি। (৫৭) বলুন, আমি আল্লাহর নির্দেশ

مِنْ اَجْرٍ اِلَّا مَنْ شَآءَ اَنْ يَّتَّخِذَ اِلٰى رَبِّهٖ سَبِيْلًا (58) وَتَوَكَّلْ عَلَى الْحَيِّ الَّذِيْ

মিন্ আজ্‌রিন ইল্লা- মান্ শা—আ আইঁ ইয়াত্তাখিযা ইলা- রাব্বিহী সাবীলা- । ৫৮ । ওয়া তাওয়াক্কাল 'আলাল্ হাইয়িল্লাযী
পৌঁছানোর জন্য তোমাদের কাছে কোন বিনিময় চাই না। কিন্তু কেবল এই চাই যে, যে চায়, সে তার রবের পথ গ্রহণ করুক। (৫৮) আপনি চিরঞ্জীব আল্লাহর উপর ভরসা

لَا يَمُوْتُ وَسَبِّحْ بِحَمْدِهٖ ؕ وَكَفٰى بِهٖ بِذُنُوْبِ عِبَادِهٖ خَبِيْرًا (59) ۚ الَّذِيْ خَلَقَ

লা- ইয়ামূতু ওয়া সাব্বিহ্ বিহাম্‌দিহ ; ওয়া কাফা- বিহী বিযুনূবি 'ইবা-দিহী খাবীরা- ৫৯ । নিল্লাযী খালাক্বাস্
করুন, যাঁর কোন মৃত্যু নেই এবং তাঁর প্রশংসা ও পবিত্রতা বর্ণনা করুন। তিনি (আল্লাহ) তাঁর বান্দাদের গুনাহ সম্পর্কে পূর্ণ অবহিত। (৫৯) তিনি (আল্লাহ) সৃষ্টি করেছেন

السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۚ اَلرَّحْمٰنُ

সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ওয়া মা- বাইনাহুমা- ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্‌তাওয়া- 'আলাল্ 'আরশ, আর্ রাহ্‌মা-নু
আকাশ ও পৃথিবী এবং তার মধ্যবর্তী সব কিছু ছয় দিনে এবং তিনি আরশে সমাসীন হলেন, তিনি রহমান, সুতরাং কোন অভিজ্ঞ ব্যক্তির ব্যাপারে তার কাছেই

فَسْئَلْ بِهٖ خَبِيْرًا (60) وَاِذَا قِيْلَ لَهُمُ اسْجُدُوْا لِلرَّحْمٰنِ قَالُوْا وَمَا الرَّحْمٰنُ ۗ

ফাস্‌আল বিহী খাবীরা- । ৬০ । ওয়া ইযা- ক্বীলা লাহুমুস্ জুদূ লির্‌রাহ্‌মা-নি ক্বা-লূ ওয়া মার্‌রাহ্‌মা-ন,
জিজ্ঞেস করুন। (৬০) যখন তাদেরকে বলা হয় যে, রহমানকে সিজদা কর, তখন তারা বলে, রহমান (আবার) কে? আমরাকি তাকেই সিজদা করব, যাকে

সিজদাহ

اَنَسْجُدُ لِمَا تَاْمُرُنَا وَزَادَهُمْ نُفُوْرًا (61) ۩ تَبٰرَكَ الَّذِيْ جَعَلَ فِي السَّمَآءِ بُرُوْجًا

আনাস্‌জুদু লিমা- তা'মুরুনা-ওয়া যা-দাহুম নুফূরা- । ৬১ । তাবা-রাকাল্ লাযী জ্বা'আলা ফিস্ সামা—ই বুরুজাওঁ
সিজদা করার জন্য তুমি আমাদেরকে বলবে? এতে তাদের (দ্বীনের প্রতি) অবজ্ঞা (আরও) বেড়ে যায়। (৬১) মহিমান্বিত তিনি (আল্লাহ), যিনি আকাশে বুরুজ

وَّجَعَلَ فِيْهَا سِرٰجًا وَّقَمَرًا مُّنِيْرًا (62) وَهُوَ الَّذِيْ جَعَلَ الَّيْلَ وَالنَّهَارَ خِلْفَةً لِّمَنْ

ওয়া জ্বা'আলা ফীহা- সিরা-জাওঁ ওয়া ক্বামারাম্ মুনীরা- । ৬২ । ওয়া হুওয়াল্লাযী জ্বা'আলাল্ লাইলা ওয়ান্ নাহা-রা খিল্‌ফাতাল্ লিমান্
সৃষ্টি করেছেন এবং যার মধ্যে সৃষ্টি করেছেন সূর্য এবং চন্দ্র, যা আলোকময়। (৬২) এবং তিনি (আল্লাহ) এমন সত্ত্বা যিনি রাত এবং দিনকে একে অন্যের পশ্চাদগামী বানিয়েছেন

মঞ্জিল ঃঃ ৪ সিজদাহ্ ঃঃ ৭ ৫ ع ৬ ৩ রুকূ

○ **টীকা (আঃ ৬০) ঃ** কেননা, 'রহ্‌মান' শব্দটির প্রচলন তাদের মধ্যে কম ছিল। বস্তুতঃ ইসলামী শিক্ষার প্রতি তাদের এত ঘৃণা ছিল যে, ইসলামী শব্দগুলোর প্রতিও বিরোধিতা পোষণ করত। কোরআন শরীফের মধ্যে এই শব্দটি অধিক ব্যবহৃত হয়েছে বলেই তারা শব্দটির বিরোধী হয়েছে। ○ **বিশ্লেষণ (আঃ ৬১) ঃ** بروجا - **বুরুজ অর্থ** বড় বড় তারকা। অথবা আকাশের দুর্গ যেখানে ফিরিশতা পাহারা দেন। অথবা সম্ভবত, সূর্যের বারটি মঞ্জিলকে বুঝান হয়েছে। যা জ্যোতি বিজ্ঞানীগণ বর্ণনা করেছেন। হযরত শাহ ছাহেব (রহ) বলেন, আকাশের বারটি অংশের নাম برج (বুরুজ) (তাঃ ওসমানী)

اَرَادَ اَنْ يَّذَّكَّرَ اَوْ اَرَادَ شُكُوْرًا (63) وَعِبَادُ الرَّحْمٰنِ الَّذِيْنَ يَمْشُوْنَ عَلَى الْاَرْضِ

আরা-দা আইঁ ইয়ায্‌যাক্কারা আও আরা-দা শুকূরা- । ৬৩ । ওয়া 'ইবা-দুর্ রাহ্‌মা-নিল্ লাযীনা ইয়াম্‌শূনা 'আলাল্ আর্‌দ্বি
সে ব্যক্তির জন্য, যে উপদেশ গ্রহণ এবং কৃতজ্ঞ স্বীকার করার ইচ্ছা রাখে। (৬৩) রহমানের (সত্যিকার) বান্দা তারাই, যারা পৃথিবীতে বিনয়ের সাথে চলে

هَوْنًا وَّاِذَا خَاطَبَهُمُ الْجٰهِلُوْنَ قَالُوْا سَلٰمًا (64) وَالَّذِيْنَ يَبِيْتُوْنَ لِرَبِّهِمْ سُجَّدًا

হাওনাওঁ ওয়া ইযা- খা-ত্বাবাহুমুল্ জ্বা-হিলূনা ক্বা-লূ সালা-মা- । ৬৪ । ওয়াল্লাযীনা ইয়াবীতূনা লিরাব্বিহিম সুজ্জাদাওঁ
এবং যখন মূর্খ লোকেরা তাদের সাথে কথাবার্তা বলে, তখন তারা বলে যে, সালাম! (৬৪) তারা তাদের প্রতিপালকের সামনে সিজদাবনত এবং কিয়াম (দণ্ডায়মান)

وَّقِيَامًا (65) وَالَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ۖ اِنَّ عَذَابَهَا كَانَ

ওয়া ক্বিইয়া-মা- । ৬৫ । ওয়াল্লাযীনা ইয়াক্বূলূনা রাব্বানাস্বরিফ 'আন্না-'আযা-বা জ্বাহান্নাম; ইন্না 'আযা-বাহা- কা-না
অবস্থায় রাত কাটিয়ে দেয় (৬৫) এবং তারা বলে যে, হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে সরিয়ে দিন জাহান্নামের শাস্তি, কেননা, তার শাস্তি একেবারে

غَرَامًا (66) ۖ اِنَّهَا سَآءَتْ مُسْتَقَرًّا وَّمُقَامًا (67) وَالَّذِيْنَ اِذَآ اَنْفَقُوْا لَمْ يُسْرِفُوْا وَلَمْ

গারা-মা- । ৬৬ । ইন্নাহা- সা—আত্ মুস্তাক্বার্‌রাওঁ ওয়া মুক্বা-মা- । ৬৭ । ওয়াল্লাযীনা ইযা~আন্‌ফাক্বূ লাম্ ইউস্‌রিফূ ওয়া লাম্
সর্বনাশকারী। (৬৬) নিশ্চয় সেটা (জাহান্নাম) বাসস্থান এবং অবস্থানস্থল হিসেবে খুবই নিকৃষ্ট। (৬৭) এবং তারা যখন ব্যয় করে, তখন অপব্যয় করে না এবং কৃপণতাও

يَقْتُرُوْا وَكَانَ بَيْنَ ذٰلِكَ قَوَامًا (68) وَالَّذِيْنَ لَا يَدْعُوْنَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ وَلَا

ইয়াক্বতুরূ ওয়া কা-না বাইনা যা-লিকা ক্বাওয়া-মা- । ৬৮ । ওয়াল্লাযীনা লা-ইয়াদ্'উনা মা'আল্লা-হি ইলা-হান আ-খারা ওয়ালা-
করে না বরং তারা এ উভয়ের মাঝে মধ্যবর্তী পন্থা অবলম্বন করে। (৬৮) এবং তারা আল্লাহর সাথে অন্য কোন মা'বুদকে ডাকেনা এবং যাকে

يَقْتُلُوْنَ النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُوْنَ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ يَلْقَ

ইয়াক্বতুলূনান্ নাফ্‌সাল্লাতী হার্‌রামাল্লা-হু ইল্লা- বিল্‌হাক্বক্বি ওয়ালা- ইয়ায্‌নূন, ওয়া মাইঁ ইয়াফ'আল্ যা-লিকা ইয়াল্‌ক্বা
আল্লাহ হত্যা করতে নিষেধ করেছেন, ন্যায় সংগত কারণ ব্যতীত তাকে হত্যা করে না। তারা ব্যভিচার করে না। যে এ কাজগুলো করে সে শাস্তির

اَثَامًا (69) يُّضٰعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيٰمَةِ وَيَخْلُدْ فِيْهٖ مُهَانًا (70) ۖ اِلَّا مَنْ تَابَ

আছা-মা- । ৬৯ । ইউদ্বা-'আফ্ লাহুল্ 'আযা-বু ইয়াওমাল্ ক্বিইয়া-মাতি ওয়া ইয়াখ্‌লুদ ফীহী মুহা-না- । ৭০ । ইল্লা- মান্ তা-বা
সম্মুখিন হবে। (৬৯) কিয়ামতের দিন তার শাস্তি দ্বিগুণ করা হবে এবং সে লাঞ্ছনা অবমাননার সাথে সেখানে সর্বদা থাকবে। (৭০) কিন্তু তাদের ব্যতীত,

وَاٰمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَاُولٰٓئِكَ يُبَدِّلُ اللّٰهُ سَيِّاٰتِهِمْ حَسَنٰتٍ ۗ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا

ওয়া আ-মানা ওয়া 'আমিলা 'আমালান্ স্বা-লিহান্ ফাউলা—ইকা ইউবাদ্দিলুল্লা-হু সাইয়্যিআ-তিহিম হাসানা-ত ; ওয়া কা-নাল্লা-হু গাফূরার্
যারা তওবা করে এবং ঈমান আনে এবং নেক কাজ করে; এসব ব্যক্তিদের গুনাহসমূহ আল্লাহ নেক দ্বারা বদলিয়ে দিবেন। আল্লাহ পাপ মার্জনাকারী এবং

○ **টীকা (আঃ ৬৭) ঃ** কোন মোবাহ্ কাজে অনাবশ্যক সামর্থ্যের বাইরে ব্যয় করা কিংবা এবাদতে অনাবশ্যক ব্যয় করা যার পরিণামে অধৈর্য, লোভ এবং অসুদুদ্দেশ্য এসে পড়ে তা অপব্যয় বলে গণ্য। কেননা, পাপের সহায়কও পাপ বলেই গণ্য হয়। অনুরূপভাবে এবাদতে আবশ্যকীয় ব্যয় না করা কার্পণ্যের মধ্যে গণ্য। কেননা, এস্থলে ব্যয় সংকোচ জায়েয নয়। (বঃ কোঃ)

○ **বিশ্লেষণ (আঃ ৬৮) ঃ** الا بالحق - (কিন্তু ন্যায় ভাবে) ন্যায়ভাবে হত্যার তিনটি পদ্ধতি ঃ ১. ইচ্ছাপূর্বক হত্যার বিনিময় হত্যা করা, ২. বিবাহিত ব্যভিচারীকে প্রস্তরাঘাতে হত্যা করা, ৩. যে ব্যক্তি দ্বীন ত্যাগ করে দল থেকে আলাদা হয়ে যায় তাকে হত্যা করা। (তাঃ ওসমানী)

رحيما (৭১) ومن تاب وعمل صالحا فانه يتوب الى الله متابا (৭২) والذين لا

রাহীমা- । ৭১ । ওয়া মান্ তা-বা ওয়া 'আমিলা স্বা-লিহান্ ফাইন্নাহূ ইয়াতূবু ইলাল্লা-হি মাতা-বা- । ৭২ । ওয়াল্লাযীনা লা-
পরম দয়ালু। (৭১) যে ব্যক্তি তওবা করে এবং নেক কাজ করে, সে তো আল্লাহর দিকেই সত্যিকারভাবে প্রত্যাবর্তন করে। (৭২) এবং যারা মিথ্যা কথায়

يشهدون الزور واذا مروا باللغو مروا كراما (৭৩) والذين اذا ذكروا بايت

ইয়াশ্হাদূনায্ যূরা, ওয়া ইযা- মার্রূ বিল্ লাগ্ওয়ি মার্রূ কিরা-মা- । ৭৩ । ওয়াল্লাযীনা- ইযা- যুক্কিরূ বিআ-ইয়া-তি
সাক্ষ্য দেয় না এবং যখন অনর্থক কার্যকলাপের সম্মুখিন হয় তখন মর্যাদা রক্ষার্থে (তা এড়িয়ে) চলে। (৭৩) এবং যখন তাদেরকে প্রতিপালকের আয়াতসমূহ

ربهم لم يخروا عليها صما وعميانا (৭৪) والذين يقولون ربنا هب لنا من ازواجنا

রাব্বিহিম লাম্ ইয়াখিররূ 'আলাইহা- ছুম্মাওঁ ওয়া 'উম্ইয়া-না- । ৭৪ । ওয়াল্লাযীনা ইয়াকূলূনা রাব্বানা- হাব্ লানা- মিন্ আয্ওয়া-জিনা-
দ্বারা উপদেশ দেয়া হয়, তখন তারা তার উপর অন্ধ ও বধিরের মত হয় না। (৭৪) এবং তারা এ বলে যে, হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে

وذريتنا قرة اعين واجعلنا للمتقين اماما (৭৫) اولئك يجزون الغرفة بما

ওয়া যুর্রিইয়্যা-তিনা- কুর্রাতা আ'ইউনিওঁ ওয়াজ্'আল্না- লিলমুত্তাক্বীনা ইমা-মা- । ৭৫ । উলা—ইকা ইউজ্যাওনাল্ গুরফাতা বিমা-
আমাদের স্ত্রী এবং সন্তানদের থেকে চোখের শীতলতা দান করুন এবং আমাদেরকে পরহেজগারদের পথ প্রদর্শক বানিয়ে দিন। (৭৫) তাদেরকে প্রতিদান দেয়া হবে

صبروا ويلقون فيها تحية وسلما (৭৬) خلدين فيها حسنت مستقرا ومقاما

স্বাবারূ ওয়া ইউলাক্কাওনা ফীহা- তাহিইয়্যাতাওঁ ওয়া সালা-মা- ।৭৬। খা-লিদীনা ফীহা-; হাসুনাত্ মুস্তাক্বার্রাওঁ ওয়া মুক্বা-মা- ।
জান্নাতের কক্ষ, এজন্য যে, তারা ধৈর্য্য ধারণ করেছে, সেখানে তারা অভিবাদন ও সালাম পাবে। ৭৬। সেখানে তারা অনন্তকাল থাকবে, সেটা খুবই উৎকৃষ্ট স্থান।

(৭৭) قل ما يعبؤا بكم ربي لولا دعاؤكم فقد كذبتم فسوف يكون لزاما ○

৭৭। কুল মা- ইয়া'বাউ বিকুম রাব্বী লাওলা- দু'আ—উকুম, ফাক্বাদ্ কায্যাবতুম ফাসাওফা ইয়াকূনু লিযা-মা- ।
(৭৭) বলুন, যদি তোমরা আমার প্রতিপালককে না ডাক, তবে আমার প্রতিপালক মোটেও এর পরোয়া করেন না। তোমরা মিথ্যা প্রতিপন্ন করেছ, অচিরেই তার প্রতিফল অবশ্যম্ভাবী।

এক চতুর্থাংশ ◔ ৬ ع٧ ৪ রুকূ

সূরা শু'আরা
মক্কী

بسم الله الرحمن الرحيم
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২২৭
রুকূ ঃ ১১

① طسم ② تلك ايت الكتب المبين ③ لعلك باخع نفسك الا يكونوا

১। ত্বা-সী—ন মী—ম। ২। তিল্কা আ-ইয়া-তুল কিতা-বিল মুবীন। ৩। লা'আল্লাকা বা-খি'উন্ নাফ্সাকা আল্লা- ইয়াকূনূ
(১) ত্বা-সী-ন মী-ম (২) এ আয়াতসমূহ স্পষ্ট বর্ণনাকারী কিতাবের। (৩) তাদের ঈমান না আনার কারণে হয়তো আপনি দুঃখে আত্মহননকারী

মঞ্জিল ৫

○ টীকা (আঃ ৭৭) ঃ মর্ম এই যে, পয়গাম্বরগণের প্রেরণ এবং কিতাবগুলো নাযিল করণের মধ্যে আল্লাহ্র কোন নিজস্ব উদ্দেশ্য নেই, বরং বান্দা মছীবতে পড়লে তাকে ডেকে থাকে, তখন তিনি বান্দার অবস্থার প্রতি রহম করেন এবং ইচ্ছা করেন যেন বান্দা দোযখে না পড়ে। অতএব যারা আল্লাহ্র আয়াতগুলোকে মিথ্যা জানে, তারা নিজেরাই তো মছীবতে পড়লে তাকে ডেকে থাকে, আর তারা নিজেরাই তা হতে "মোড় ঘুরে" থাকে, এজন্যই তারা আজাবের যোগ্যপাত্র। আর তা অর্থাৎ আজাব এদের মাথা হতে কোন প্রকারেই টলতে পারে না।

مؤمنين ④ ان نشا ننزل عليهم من السماء اية فظلت اعناقهم لها خضعين ○

মু'মিনীন। ৪। ইন্ নাশা' নুনায্যিল্ 'আলাইহিম্ মিনাস্ সামা—ই আ-ইয়াতান্ ফাযাল্লাত আ'না-কুহুম্ লাহা- খা-দ্বি'ঈন।
হয়ে পড়বেন। (৪) যদি আমি ইচ্ছা করতাম তবে আকাশ হতে এমন কোন নিদর্শন প্রেরণ করতাম, যার প্রতি তাদের গর্দান অবনত হয়ে পড়ত।

⑤ وما ياتيهم من ذكر من الرحمن محدث الا كانوا عنه معرضين ⑥ فقد

৫। ওয়া মা- ইয়া'তীহিম মিন যিক্রিম্ মিনার্ রাহ্মা-নি মুহ্দাছিন ইল্লা- কা-নূ 'আন্হু মু'রিদ্বীন। ৬। ফাক্বাদ্
(৫) এবং যখনই তাদের কাছে রহমানের পক্ষ থেকে, কোন নতুন উপদেশ আসে, তখনই তারা তার থেকে মুখ ফিরিয়ে নেয়। (৬) তারাতো অবিশ্বাস করেছে।

كذبوا فسياتيهم انبؤا ما كانوا به يستهزءون ⑦ اولم يروا الى الارض

কায্যাবূ ফাসাইয়া'তীহিম আম্বা—উ মা- কা-নূ বিহী ইয়াস্তাহ্যিঊন। ৭। আওয়ালাম ইয়ারাও ইলাল্ আরদ্বি
সুতরাং অতিশীঘ্রই তাদের কাছে আসবে সে বিষয়ের প্রকৃত তথ্য, যে বিষয় তারা ঠাট্টা করছিল। (৭) তারা কি পৃথিবীর দিকে লক্ষ্য করে না?

كم انبتنا فيها من كل زوج كريم ⑧ ان في ذلك لاية وما كان اكثرهم

কাম্ আম্বাত্না- ফীহা-মিন্ কুল্লি যাওজিন্ কারীম। ৮। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আকছারুহুম্
আমি তাতে প্রত্যেক প্রকারের উৎকৃষ্ট উদ্ভিদ উৎপন্ন করেছি। (৮) নিশ্চয়ই তার মধ্যে রয়েছে নিদর্শন; কিন্তু তাদের অধিকাংশই

مؤمنين ⑨ وان ربك لهو العزيز الرحيم ⑩ واذ نادى ربك موسى ان ائت

মু'মিনীন। ৯। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রাহীম। ১০। ওয়া ইয্ না-দা- রাব্বুকা মূসা~আনি'তিল
মুমিন নয়। (৯) নিশ্চয়ই আপনার প্রতিপালক মহা প্রভাবশালী পরম দয়ালু। (১০) যখন আপনার প্রতিপালক মূসাকে ডেকে বললেন, আপনি অত্যাচারী সম্প্রদায়ের

১ ع٩ ৫ রুকূ

القوم الظلمين ⑪ قوم فرعون الا يتقون ⑫ قال رب اني اخاف ان

ক্বাওমায্ যা-লিমীন। ১১। ক্বাওমা ফির'আওন ; আলা- ইয়াত্তাকূন। ১২। কা-লা রাব্বি ইন্নী~আখা-ফু আইঁ
নিকট যান, (১১) ফিরআউন সম্প্রদায়ের কাছে, তারা কি ভয় করে না? (১২) তিনি (মূসা) বললেন, হে আমার রব! আমার তো এ ভয় হচ্ছে যে, তারা আমাকে মিথ্যাপ্রতিপন্ন

يكذبون ⑬ ويضيق صدري ولا ينطلق لساني فارسل الى هرون ⑭ ولهم علي

ইউকায্যিবূন। ১৩। ওয়া ইয়াদ্বীক্ব স্বাদ্রী ওয়ালা- ইয়ান্ত্বালিক্ব লিসা-নী ফাআর্সিল ইলা- হা-রূন। ১৪। ওয়া লাহুম 'আলাইয়্যা
করবে (১৩) এবং আমার অন্তর সংকীর্ণ হয়ে পড়েছে এবং আমার জিহ্বা তো স্পষ্ট নয়। অতএব আপনি হারুনের প্রতি (ওহী) প্রেরণ করুন। (১৪) আমার প্রতি তাদের

ذنب فاخاف ان يقتلون ⑮ قال كلا فاذهبا بايتنا انا معكم مستمعون ○

যাম্বুন্ ফাআখা-ফু আই ইয়াক্বতুলূন। ১৫। ক্বা-লা কাল্লা-, ফায্হাবা- বিআ-ইয়া-তিনা~ইন্না- মা'আকুম্ মুস্তামি'উন।
অভিযোগও রয়েছে, আমি ভয় করছি যে, তারা আমাকে হত্যা করবে। (১৫) আল্লাহ্ বললেন, কখনও এটা হবে না। আপনারা দু'জনই আমার নিদর্শনসহ যান, নিশ্চয়ই আমি আপনাদের সাথে আছি, (আপনাদের কথা) শ্রবণকারী।

○ টীকা (আঃ ৪) ঃ এবং তারা ঈমান আনতে বাধ্য হয়। কিন্তু এরূপ করলে পরীক্ষার সুযোগ অবশিষ্ট থাকবে না, কাজেই সেরূপ করা হয় না। আর তাদের ইচ্ছার উপর ছেড়ে দেয়ার কারণে বিষয়টি 'জাব্রিয়া' এবং 'ক্বাদ্রিয়া' নামক দু' বাতেল মতবাদের মাঝামাঝি হয়। মোটকথা, ইচ্ছাশক্তি বান্দার হাতে, কাজ সম্পন্ন করার ক্ষমতা আল্লাহ্ নিজের হাতে রেখেছেন।

○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ ولهم علي ذنب - এ গুনাহের দ্বারা কিবতী হত্যাকে বুঝান হয়েছে। যা হযরত মূসা (আ) কর্তৃক সংঘটিত হয়েছিল। কিবতী যেহেতু ফেরআউনের সম্প্রদায়ের ছিল এজন্য সে তার পরিবর্তে হযরত মূসাকে হত্যা করতে চেয়েছিল।

۝١٥ فأتيا فرعون فقولا إنا رسول رب العلمين ۝١٦ أن أرسل معنا بني إسراءيل ۝

১৬। ফা'তিইয়া- ফির'আওনা ফাকূলা~ইন্না- রাসূলু রাব্বিল 'আ-লামীন। ১৭। আন্ আরসিল্ মা'আনা- বানী~ইস্‌রা—ঈল।
(১৬) আপনারা দু'জন ফিরআউনের কাছে যান এবং বলেন, আমরা বিশ্বজগতের প্রতিপালকের প্রেরিত (রাসূল)। (১৭) যেন তুমি আমাদের সাথে বনী ইসরাঈলকে প্রেরণ কর।

۝١٧ قال ألم نربك فينا وليدا ولبثت فينا من عمرك سنين ۝١٨ وفعلت

১৮। ক্বা-লা আলাম্ নুরাব্বিকা ফীনা- ওয়ালীদাওঁ ওয়ালাবিছ্‌তা ফীনা- মিন্ 'উমুরিকা সিনীন। ১৯। ওয়া ফা'আল্‌তা
(১৮) সে বলল, আমরা কি তোমাকে শৈশবকালে আমাদের মাঝে প্রতিপালন করিনি? এবং তুমি জীবনের অনেক সময় আমাদের মধ্যেই অতিবাহিত করেছ। (১৯) তুমি তো

فعلتك التي فعلت وأنت من الكفرين ۝١٩ قال فعلتها إذا وأنا من الضالين ۝

ফা'লাতাকাল্ লাতী ফা'আল্‌তা ওয়া আন্তা মিনাল কা-ফিরীন। ২০। ক্বা-লা ফা'আল্‌তুহা~ইযাওঁ ওয়া আনা মিনাদ্ব দ্বা—ল্লীন।
সে কাণ্ড করে গেছ, যা তুমি করেছিলে এবং তুমি অকৃতজ্ঞদের অন্তর্ভুক্ত। (২০) মূসা বললেন, আমিতো সে কাজ সে সময় করেছিলাম, যখন আমি এ ব্যাপারে অসতর্ক ছিলাম।

۝٢٠ ففررت منكم لما خفتكم فوهب لي ربي حكما وجعلني من المرسلين ۝

২১। ফাফারার্‌তু মিন্‌কুম লাম্মা- খিফ্‌তুকুম ফাওয়াহাবা লী রাব্বী হুক্‌মাওঁ ওয়া জ্বা'আলানী মিনাল মুরসালীন।
(২১) অতঃপর যখন তোমাদের ভয় হল আমি তোমাদের থেকে পালিয়ে গিয়েছিলাম, তখন আমাকে আমার রবের জ্ঞান দান করলেন এবং আমাকে রাসূলদের অন্তর্ভুক্ত করলেন।

۝٢١ وتلك نعمة تمنها علي أن عبدت بني إسراءيل ۝٢٢ قال فرعون وما رب

২২। ওয়া তিল্‌কা নি'মাতুন্ তামুন্নুহা- 'আলাইয়্যা আন্ 'আব্বাত্তা বানী~ইস্‌রা—ঈল। ২৩। ক্বা-লা ফির'আওনু ওয়ামা- রাব্বুল
(২২) আমার প্রতি তোমার যে অনুগ্রহের কথা বলছ, তা হল তুমি বনী ঈসরাঈলদেরকে গোলাম বানিয়ে রেখেছ। (২৩) ফিরআউন বলল, বিশ্বজগতের

العلمين ۝٢٣ قال رب السموت والأرض وما بينهما إن كنتم موقنين ۝

'আ-লামীন। ২৪। ক্বা-লা রাব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা- বাইনাহুমা-; ইন্ কুন্‌তুম্ মূক্বিনীন।
প্রতিপালক আবার কে? (২৪) মূসা বললেন, তিনি আকাশ, ও যমীনে এবং তার মধ্যস্থ সব কিছুর প্রতিপালক, যদি তোমরা বিশ্বাসী হও।

۝٢٤ قال لمن حوله ألا تستمعون ۝٢٥ قال ربكم ورب آبائكم الأولين ۝٢٦ قال

২৫। ক্বা-লা লিমান্ হাওলাহূ~আলা- তাস্তামি'ঊন। ২৬। ক্বা-লা রাব্বুকুম ওয়া রাব্বু আ-বা—ইকুমুল আওওয়ালীন। ২৭। ক্বা-লা
(২৫) সে তার চারপাশের লোকদেরকে বলল, তোমরা কি শোনছ না? (২৬) মূসা বললেন, তিনি তোমাদের এবং তোমাদের পূর্বের পিতৃপুরুষদের প্রতিপালক। (২৭) ফিরআউন

إن رسولكم الذي أرسل إليكم لمجنون ۝٢٧ قال رب المشرق والمغرب

ইন্না রাসূলাকুমুল্ লাযী~উর্‌সিলা ইলাইকুম লামাজ্‌নূন। ২৮। ক্বা-লা রাব্বুল্ মাশ্‌রিক্বি ওয়াল্ মাগ্‌রিবি
বলল, তোমাদের এ রাসূল, যাকে তোমাদের প্রতি প্রেরণ করা হয়েছে, সে তো অবশ্যই পাগল। (২৮) মূসা বললেন, তিনি (আল্লাহ), পূর্ব, পশ্চিম এবং তাদের মধ্যস্থ

✪ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ فينا من عمرك - কেউ বলেন, ১৮ বছর মূসা (আ) ফিরআউনের ঘরে কাটিয়েছেন। কারো মতে, ১৩০ এবং কারো মতে ৪০ বছর। অর্থাৎ এত বছর আমাদের মাঝে থেকে মাত্র কিছুদিন এদিক ওদিক থেকেই নবুওয়াতের দাবী করেছে। (কুঃ কারীম)

✪ টীকা (আঃ ২৫) ঃ ফেরাউন খোদা হওয়ার দলীল তলব করতেন– সাক্ষ্য দ্বারা হযরত মূসা ফেরাউন এবং তার দলবলকে জ্ঞানের সাক্ষ্য দ্বারা গায়েল করতেন, অর্থাৎ সৃষ্টি দ্বারা সৃষ্টিকর্তা হওয়ার প্রতি 'এসতেদলাল' করতেন এবং সঙ্গে সঙ্গে এটাও বলতেন যে, "অর্থাৎ যদি তোমাদের জ্ঞান থাকে এবং জ্ঞানের সাক্ষ্য যদি তোমাদের বিশ্বাস দেয়াতে পারে, তবে এইটাই আল্লাহ হওয়ার দলীল। আর যদি আদৌ তোমাদের জ্ঞানই না থাকে, কিম্বা জ্ঞানের সাক্ষ্যদানের বিশ্বাসই না থাকে, তবে ইহা তর্ক মাত্র।

وما بينهما إن كنتم تعقلون ۝٢٨ قال لئن اتخذت إلها غيري لأجعلنك

ওয়ামা- বাইনাহুমা- ; ইন্ কুন্‌তুম তা'ক্বিলূন। ২৯। ক্বা-লা লাইনিত্ তাখায্‌তা ইলা-হান্ গাইরী লাআজ্ব'আলান্নাকা
সব কিছুর প্রতিপালক, যদি তোমরা বোঝ। (২৯) ফিরআউন বলল, যদি তুমি আমাকে ছাড়া অন্য কাউকে মা'বুদ হিসেবে গ্রহণ কর, তবে অবশ্যই আমি তোমাকে

من المسجونين ۝٢٩ قال أولو جئتك بشيء مبين ۝٣٠ قال فأت به إن كنت

মিনাল্ মাস্‌জূনীন। ৩০। ক্বা-লা আওয়ালাও জ্বি'তুকা বিশাইইম্ মুবীন। ৩১। ক্বা-লা ফা'তি বিহী~ইন্ কুন্তা
কারাবন্দী করব। (৩০) মূসা বললেন, আমি যদি তোমার কাছে কোন স্পষ্ট মু'জেযা উপস্থিত করি?(৩১) ফিরআউন বলল, যদি তুমি সত্যবাদী হও তবে তা (মু'জেযা)

من الصدقين ۝٣١ فألقى عصاه فإذا هي ثعبان مبين ۝٣٢ ونزع يده فإذا هي

মিনাছ্ ছা-দিক্বীন। ৩২। ফাআলক্বা- 'আস্বা-হু ফাইযা- হিইয়া ছু'বা-নুম মুবীন। ৩৩। ওয়া নাযা'আ ইয়াদাহূ ফাইযা- হিইয়া
উপস্থিত কর। (৩২) মূসা (তখন) তার লাঠি (যমীনে) ফেলে দিলেন, যেটি (হঠাৎ) সুস্পষ্ট অজগর হয়ে গেল। (৩৩) এবং মূসা নিজের হাত বের করলেন, সেটাও

২ ع ২৪ ৬ রুকু

بيضاء للنظرين ۝٣٣ قال للملا حوله إن هذا لسحر عليم ۝٣٤ يريد أن يخرجكم

বাইদ্বা—উ লিন্না-জিরীন। ৩৪। ক্বা-লা লিল্‌মালাই হাওলাহূ~ইন্না হা-যা- লাসা-হিরুন 'আলীম। ৩৫। ইউরীদু আই ইউখ্‌রিজ্বাকুম্
সে মুহূর্তে দর্শকদের কাছে সাদা চকচকে দেখা গেল। (৩৪) ফেরআউন তার চার পাশে অবস্থান রত সভাসদ্বৃন্দকে বলল, এতো এক অভিজ্ঞ যাদুকর। (৩৫) এতো চায় যে,

من أرضكم بسحره فماذا تأمرون ۝٣٥ قالوا أرجه وأخاه وابعث في

মিন্ আর্‌দ্বিকুম্ বিসিহ্‌রিহ ; ফামা-যা- তা'মুরূন। ৩৬। ক্বা-লূ~আর্‌জ্বিহ্ ওয়া আখা-হু ওয়াব্'আছ্ ফিল
তার যাদুর প্রভাবে তোমাদেরকে দেশ থেকে বের করে দিবে, বল, তোমরা (এ ব্যাপারে) কি ফয়সালা দিবে? (৩৬) তারা বলল, তাকে ও তার ভাইকে অবকাশ দিন,

المدائن حشرين ۝٣٦ يأتوك بكل سحار عليم ۝٣٧ فجمع السحرة لميقت

মাদা—ইনি হা-শিরীন। ৩৭। ইয়া'তূকা বিকুল্লি সাহ্হা-রিন 'আলীম। ৩৮। ফাজুমি'আস্ সাহারাতু লিমীক্বা-তি
আর শহরগুলোতে আহ্বানকারীদের পাঠান। (৩৭) যাতে তারা আপনার কাছে অভিজ্ঞ যাদুকরদেরকে নিয়ে আসে। (৩৮) অতঃপর যাদুকরদেরকে নির্দিষ্ট সময়ে

يوم معلوم ۝٣٨ وقيل للناس هل أنتم مجتمعون ۝٣٩ لعلنا نتبع السحرة

ইয়াওমিম্ মা'লূম। ৩৯। ওয়া ক্বীলা লিন্না-সি হাল্ আন্‌তুম্ মুজ্বতামি'ঊন। ৪০। লা'আল্লানা- নাত্তাবি'উস্ সাহারাতা
নির্ধারিত দিনে একত্রিত করা হল (৩৯) এবং মানুষদেরকে বলা হল, তোমরাও (সমবেত স্থলে) একত্র হচ্ছ কি? (৪০) যাতে আমরা যাদুকরের অনুসরণ করতে পারি

✪ টীকা (আঃ ৩৬) ঃ "হাশেরীনা" শব্দের শাব্দিক অর্থ হচ্ছে– একত্রকারী। মর্ম হচ্ছে সে লোক– যারা শহরে শহরে গমন করে, এবং যাদুকরদেরকে একত্রিত করে নিয়ে এসেছে। আমি (অনুবাদক) আহ্বানকারী তরজমা গ্রহণ করেছি, কিন্তু এর সাথে "যাদুকরদিগের একত্র করা" আরো বাড়িয়ে দিয়েছি।

✪ টীকা (আঃ ৪০) ঃ ফেরাউনের হযরত মূসা সম্বন্ধে শুরু হতেই যাদুকর হওয়ার বিশ্বাস ছিল এবং সঙ্গে সঙ্গে ফেরাউনের এটাও বিশ্বাস ছিল যে, নিজের যাদুকর দ্বারা মূসাকে পরাজিত করবে। ফেরাউন রহস্যভাবে এ ঘোষণা করেছিল। এর আসল উদ্দেশ্য ছিল– লোক জড় করা। অতএব এ অবস্থায় যাদুকর বলতে হযরত মূসা, হযরত হারুন এবং তাদের সঙ্গী বনী-ইসরাইল। কিম্বা যাদুকর বলতে সে যাদুকর- যাদেরকে ফেরাউন জড় করেছিল। অতএব ঘোষণাকারীর এই মর্ম দাঁড়াবে যে, যদি আমরা (যাদুকররা) বিজয়ী হই তবে আমরা তাদেরই ধর্ম গ্রহণ করব, কিন্তু ফেরাউনের এরূপ বলাও রহস্যভাবে ছিল। কারণ, তার যাদুকর পয়গাম্বরীর দাবীদার ছিল না, আর তারা তাদের দ্বীনের দাওয়াতও কাউকে করত না। বরং তাদেরকে ফেরাউনের প্রজার মধ্যে গণ্য করা হতো।

إِنْ كَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ㊶ فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالُوْا لِفِرْعَوْنَ أَئِنَّ لَنَا لَأَجْرًا إِنْ كُنَّا

ইন্ কা-নূ হুমুল্ গা-লিবীন। ৪১। ফালাম্মা- জ্বা—আস্ সাহ্বারাতু ক্বা-লূ লিফির'আওনা আইন্না লানা- লাআজ্বরান ইন্ কুন্না-
যদি তারা বিজয়ী হয়। (৪১) যাদুকরেরা উপস্থিত হয়ে ফিরআউনকে বলল, আমাদেরকে কি পুরস্কার দেয়া হবে যদি আমরা

نَحْنُ الْغٰلِبِيْنَ ㊷ قَالَ نَعَمْ وَإِنَّكُمْ إِذًا لَّمِنَ الْمُقَرَّبِيْنَ ㊸ قَالَ لَهُمْ مُّوْسٰٓى أَلْقُوْا مَآ

নাহ্নুল গা-বিলীন। ৪২। ক্বা-লা না'আম ওয়া ইন্নাকুম ইযাল্ লামিনাল্ মুক্বার্‌রাবীন, ৪৩। ক্বা-লা লাহুম্ মূসা~আল্‌ক্বূ মা~
বিজয়ী হই? (৪২) ফিরআউন বলল, হ্যাঁ, এমন হলে তোমরা, আমার নিকটতম ব্যক্তিদের অন্তর্ভুক্ত হয়ে যাবে। (৪৩) মূসা যাদুকরদেরকে বললেন,

أَنْتُمْ مُّلْقُوْنَ ㊹ فَأَلْقَوْا حِبَالَهُمْ وَعِصِيَّهُمْ وَقَالُوْا بِعِزَّةِ فِرْعَوْنَ إِنَّا لَنَحْنُ

আন্‌তুম্ মুল্‌ক্বূন। ৪৪। ফাআল্‌ক্বাও হ্বিবা-লাহুম ওয়া 'ইস্বিয়্যাহুম ওয়া ক্বা-লূ বি'ইয্‌যাতি ফির'আওনা ইন্না- লানাহ্নুল
তোমাদের যা ফেলার তোমরা ফেল। (৪৪) তারা তাদের রশিগুলো ও লাঠিগুলো (মাটিতে) ফেলেদিল এবং বলতে লাগল, ফিরআউনের সম্মানের শপথ, আমরা

الْغٰلِبُوْنَ ㊺ فَأَلْقٰى مُوْسٰى عَصَاهُ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُوْنَ ㊻ فَأُلْقِيَ السَّحَرَةُ

গা-লিবূন। ৪৫। ফাআল্‌ক্বা- মূসা- 'আস্বা-হু ফাইযা- হিইয়া তাল্‌ক্বাফু মা- ইয়া'ফিকূন। ৪৬। ফাউল্‌ক্বিয়াস্ সাহ্বারাতু
জয়ী হবই। (৪৫) এরপরে মূসা স্বীয় লাঠি ফেললেন, সাথে সাথে সেটি (সাপ হয়ে) তাদের অলীক জিনিসগুলোকে গিলে ফেলতে লাগল। (৪৬) এটা দেখে যাদুকরেরা

سٰجِدِيْنَ ㊼ قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ㊽ رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ㊾ قَالَ اٰمَنْتُمْ لَهٗ

সা-জ্বিদীন। ৪৭। ক্বা-লূ~আ-মান্না- বিরাব্বিল 'আ-লামীন। ৪৮। রাব্বি মূসা- ওয়া- হা-রূন। ৪৯। ক্বা-লা আ-মান্‌তুম লাহূ
সিজদায় পড়ল। (৪৭) তারা বলল, আমরা জাহানের রবের প্রতি ঈমান আনলাম। (৪৮) যিনি মূসা ও হারুনের প্রতিপালক। (৪৯) ফিরআউন বলল, আমার অনুমতির

قَبْلَ أَنْ اٰذَنَ لَكُمْ ۚ إِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِيْ عَلَّمَكُمُ السِّحْرَ ۚ فَلَسَوْفَ تَعْلَمُوْنَ ۚ

ক্বাব্‌লা আন আ-যানা লাকুম, ইন্নাহূ লাকাবীরু কুমুল্লাযী 'আল্লামাকুমুস্ সিহ্‌র, ফালাছাওফা তা'লামূন ;
পূর্বেই তার প্রতি ঈমান আনলে? নিশ্চয়ই সে (মূসা) তোমাদের বড় নেতা, যে তোমাদেরকে যাদু শিক্ষা দিয়েছে। সুতরাং অতিশীঘ্রই তোমরা জেনে নিবে (আমার শাস্তিসমূহ)।

لَأُقَطِّعَنَّ أَيْدِيَكُمْ وَأَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ وَّلَأُصَلِّبَنَّكُمْ أَجْمَعِيْنَ ㊿ قَالُوْا لَا ضَيْرَ ۬

লাউক্বাত্তি'আন্না আইদিইয়াকুম ওয়া আরজ্বুলাকুম্ মিন্ খিলা-ফিওঁ ওয়ালা উস্বাল্লিবান্নাকুম আজ্বমা'ঈন। ৫০। ক্বা-লূ লা-দ্বাইরা
আমি অবশ্যই তোমাদের এ পার্শ্বের হাত এবং বিপরীত দিকের পা কর্তন করব এবং তোমাদেরকে শূলে চড়াব। (৫০) তারা (উত্তরে) বলল, কোন অসুবিধা নেই,

إِنَّآ إِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ (51) إِنَّا نَطْمَعُ أَنْ يَّغْفِرَ لَنَا رَبُّنَا خَطٰيٰنَآ أَنْ كُنَّآ أَوَّلَ الْمُؤْمِنِيْنَ ۝ ৩ ع ১৮ ৭ রুকূ

ইন্না~ইলা- রাব্বিনা মুন্‌ক্বালিবূন। ৫১। ইন্না- নাত্বমা'উ আঁই ইয়াগ্‌ফিরালানা- রাব্বুনা- খাত্বা-য়া-না~আন্ কুন্না~আওয়্যালাল মু'মিনীন।
নিশ্চয়ই আমরা রবের দিকে প্রত্যাবর্তনকারী। (৫১) আমরা আশা করি, আমাদের রব আমাদের সব গুনাহ ক্ষমা করে দিবেন; যেহেতু আমরা সর্ব প্রথম ঈমান গ্রহণকারী।

○ টীকা (আঃ ৪৯) ঃ অর্থাৎ, যাদুকরগণকে ঈমান আনয়ন করতে দেখে ফেরাউন অত্যন্ত ভীত হয়ে পড়ল, ভাবল, পাছে সমস্ত প্রজাই মুসলমান হয়ে না পড়ে। তখন একটি বিষয় মনে মনে চিন্তা করে যাদুকরগণকে বলল ......। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৯) ঃ এবং তোমরা সকলে তার শিষ্য, কাজেই তোমরা পরস্পর গোপনে ষড়যন্ত্র করেছ যে, "তুমি এরূপ করবে, এবং এরূপে জয়-পরাজয়ের অভিনয় করবে। যার ফলে কিব্‌তী সম্প্রদায় হতে রাজত্ব ছিনিয়ে নিয়ে আনন্দিত মনে নেতৃত্ব করতে পারবে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫০) ঃ কেননা, তুমি হত্যা করলে আমরা আমাদের প্রভুর সমীপে গিয়ে পৌছব। সেখানে আমাদের জন্য সর্বপ্রকারের নিরাপত্তা রয়েছে এবং আমরা তথায় মহা শান্তিতে থাকতে পারব। সুতরাং এরূপ মৃত্যুতে কোনই ক্ষতি নেই। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫১) ঃ اول المؤمنين - সর্বপ্রথম ইসলাম গ্রহণকারী এ কারণে বলা হয়েছে যে, ফিরআউনের সম্প্রদায় মুসলমান ছিল না। ঈমান গ্রহণের ব্যাপারে তারাই সর্বাগ্রে ছিল। (কুঃ কারীম)

---

(52) وَأَوْحَيْنَآ إِلٰى مُوْسٰٓى أَنْ أَسْرِ بِعِبَادِيْٓ إِنَّكُمْ مُّتَّبَعُوْنَ (53) فَأَرْسَلَ فِرْعَوْنُ فِي

৫২। ওয়া আওহ্বাইনা~ইলা- মূসা~আন্ আস্‌রি বি'ইবা-দী~ইন্নাকুম্ মুত্তাবা'ঊন। ৫৩। ফাআর্‌সালা ফির্'আওনু ফিল্
(৫২) আমি মূসাকে হুকুম দিয়েছিলাম যে, রাতারাতি আমার বান্দা (বনী ইসরাইল)দেরকে নিয়ে বেরিয়ে যান, আপনাদের পশ্চাদ্ধাবন করা হবে। (৫৩) ফিরআউন শহরগুলোতে

الْمَدَآئِنِ حٰشِرِيْنَ (54) إِنَّ هٰٓؤُلَآءِ لَشِرْذِمَةٌ قَلِيْلُوْنَ (55) وَإِنَّهُمْ لَنَا لَغَآئِظُوْنَ ۝

মাদা—ইনি হ্বা-শিরীন। ৫৪। ইন্না হা~উলা—ই লাশির্‌যিমাতুন্ ক্বালীলূন। ৫৫। ওয়া ইন্নাহুম লানা- লাগা—ইযূন
তার লোক সংগ্রাহকদেরকে পাঠিয়ে দিল এবং বলে দিল, (৫৪) নিশ্চয়ই তারা (বনী ইসরাইল) অল্প সংখ্যক একটি দল, (৫৫) তারা আমাদের (অন্তরে) ক্রোধ সৃষ্টি করেছে।

(56) وَإِنَّا لَجَمِيْعٌ حٰذِرُوْنَ (57) فَأَخْرَجْنٰهُمْ مِّنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ (58) وَّكُنُوْزٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ۝

৫৬। ওয়া ইন্না- লাজ্বামী'উন হ্বা-যিরূন। ৫৭। ফাআখ্‌রাজ্বনা-হুম্ মিন জ্বান্না-তিওঁ ওয়া 'উয়ূন। ৫৮। ওয়া কুনূযিওঁ ওয়া মাক্বা-মিন কারীম।
(৫৬) আমরাতো (তাদের থেকে) সদা শঙ্কিত। (৫৭) অবশেষে আমি ফিরাউনের বাহিনীকে বের করে দিলাম বাগান ও ঝরণাসমূহ, (৫৮) এবং ধন-ভান্ডার ও উৎকৃষ্ট স্থানসমূহ হতে।

(59) كَذٰلِكَ ۖ وَأَوْرَثْنٰهَا بَنِيْٓ إِسْرَآءِيْلَ (60) فَأَتْبَعُوْهُمْ مُّشْرِقِيْنَ (61) فَلَمَّا تَرَآءَا الْجَمْعٰنِ

৫৯। কাযা-লিকা ; ওয়া আওরাছ্‌না-হা-বানী~ইসরা—ঈল। ৬০। ফাআত্‌বা'উহুম্ মুশ্‌রিক্বীন। ৬১। ফালাম্মা- তারা—আল্ জ্বাম্'আ-নি
(৫৯) এভাবেই হয়েছিল, এবং বনী ইসরাঈলদেরকে এসব কিছুর উত্তরাধিকারী করেছিলাম। (৬০) তারা সূর্য উদয়ের সময় তাদের পেছনে এসে পৌছল। (৬১) অতঃপর যখন উভয় দল একে

قَالَ أَصْحٰبُ مُوْسٰٓى إِنَّا لَمُدْرَكُوْنَ (62) قَالَ كَلَّا ۚ إِنَّ مَعِيَ رَبِّيْ سَيَهْدِيْنِ ۝

ক্বা-লা আস্বহ্বা-বু মূসা~ইন্না-লামুদ্‌রাকূন। ৬২। ক্বা-লা কাল্লা-, ইন্না মা'ইয়া রাব্বী সাইয়াহ্‌দীন।
অপরকে দেখল, তখন মূসার সাথীরা বলল, নিশ্চয়ই আমরা তো নাগাল প্রাপ্ত। (৬২) মূসা বললেন, কখনই নয়, আছেন আমার রব আমার সাথে যিনি আমাকে পথ প্রদর্শন করবেন।

(63) فَأَوْحَيْنَآ إِلٰى مُوْسٰٓى أَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْبَحْرَ ۖ فَانْفَلَقَ فَكَانَ كُلُّ فِرْقٍ

৬৩। ফাআওহ্বাইনা~ইলা- মূসা~আনিদ্বরিব্ বি'আছা-কাল্ বাহ্‌র ; ফান্‌ফালাক্বা ফাকা-না কুল্লু ফিরক্বিন্
(৬৩) অতঃপর আমি মূসাকে হুকুম দিলাম যে, আপনার লাঠি দ্বারা সমুদ্রের উপর আঘাত করুন; ফলে সমুদ্র বিদীর্ণ হয়ে গেল এবং প্রত্যেকটি ভাগ বৃহৎ

كَالطَّوْدِ الْعَظِيْمِ (64) وَأَزْلَفْنَا ثَمَّ الْاٰخَرِيْنَ (65) وَأَنْجَيْنَا مُوْسٰى وَمَنْ مَّعَهٗٓ أَجْمَعِيْنَ ۝

কাত্বত্বাওদিল্ 'আজীম। ৬৪। ওয়া আয্‌লাফ্‌না- ছাম্মাল আ-খারীন। ৬৫। ওয়া আন্‌জ্বাইনা- মূসা- ওয়ামাম্ মা'আহূ~আজ্বমা'ঈন।
পাহাড়ের মত হয়ে গেল। (৬৪) আর আমি সে স্থানে অন্য দলটিকেও অগ্রসর করালাম। (৬৫) এবং মূসা এবং আমি তার সব সাথীদেরকে রক্ষা করলাম।

(66) ثُمَّ أَغْرَقْنَا الْاٰخَرِيْنَ (67) إِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ (68) وَإِنَّ

৬৬। ছুম্মা আগরাক্বনাল্ আ-খারীন। ৬৭। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আকছারুহুম্ মু'মিনীন। ৬৮। ওয়া ইন্না
(৬৬) অতঃপর অপর দলটিকে ডুবিয়ে দিলাম, (৬৭) নিশ্চয় এর মধ্যে রয়েছে নিদর্শন; কিন্তু তাদের অধিকাংশ লোকই মুমিন নয়। (৬৮) আপনার প্রতিপালক

○ বিশ্লেষণ (আঃ ৫৪) ঃ قليلون - বনী ইসরাঈলের সংখ্যা ১২ লক্ষের চেয়েও কিছু বেশী ছিল। কিন্তু ফিরআউন তাদেরকে নিজেদের মোকাবেলায় অল্প সংখ্যক ধারণা করেছিল। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ৬৩) ঃ فانفلق فكان - অর্থাৎ পানির অংশ বড় পাহাড়ের মত দাঁড়িয়ে গেল এবং পথ হয়ে গেল, মূসা (আ) ও তার সাথীরা রক্ষা পেল। ○ বিশ্লেষণ (আঃ ৬৪) ঃ وازلفنا - অর্থাৎ ফিরআউনের সৈন্য বাহিনীও (সমুদ্রের) নিকটে এসে পৌছল এবং সমুদ্রের মধ্যে রাস্তা দেখে বনী ইসরাঈলের পরে তারা সে পথে প্রবেশ করল। ফিরআউনের সব বাহিনী সমুদ্রের মধ্যস্থ পথে প্রবেশ করার সাথে সাথেই আল্লাহর নির্দেশে পানির পাহাড় পরস্পরে মিলে গেল। (তাঃ ওসমানী)

ربك لهو العزيز الرحيم ﴿٦٩﴾ واتل عليهم نبا ابرهيم ﴿٧٠﴾ اذ قال لابيه وقومه ما

রাব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রাহীম । ৬৯ । ওয়াত্‌লু 'আলাইহিম নাবাআ ইব্রা-হীম । ৭০ । ইয্ ক্বা-লা লিআবীহি ওয়া ক্বাওমিহী মা-

পরাক্রমশালী, অসীম দয়ালু। (৬৯) আর আপনি তাদের কাছে ইবরাহীমের ঘটনা বর্ণনা করুন। (৭০) যখন তিনি পিতা এবং তার সম্প্রদায়কে বলেছিলেন যে, তোমরা কার

تعبدون ﴿٧١﴾ قالوا نعبد اصناما فنظل لها عكفين ﴿٧٢﴾ قال هل يسمعونكم اذ

তা'বুদূন । ৭১ । ক্বা-লূ না'বুদু আস্বনা-মান্ ফানাযালুলু লাহা- 'আ-কিফীন । ৭২ । ক্বা-লা হাল্ ইয়াস্‌মা'ঊনাকুম ইয্

ইবাদত করছ? (৭১) তারা বলল, আমরা মূর্তিসমূহের ইবাদাত করছি এবং আমরা সর্বদা তাদের জন্যই নিবেদিত। (৭২) তিনি বললেন, যখন তোমরা তাকে ডাক, তোমাদের

تدعون ﴿٧٣﴾ او ينفعونكم او يضرون ﴿٧٤﴾ قالوا بل وجدنا اباءنا كذلك يفعلون ○

তাদ্‌'ঊন । ৭৩ । আও ইয়ান্‌ফা'ঊনাকুম আও ইয়াদ্বুর্‌রূন । ৭৪ । ক্বা-লূ বাল্ ওয়াজাদ্‌না~আ-বা—আনা- কাযা-লিকা ইয়াফ্‌'আলূন ।

সে ডাক কি তারা শোনে? (৭৩) বা তারা কি তোমাদের উপকার বা ক্ষতি করতে পারে? (৭৪) তারা বলল, বরং আমরাতো আমাদের পিতৃপুরুষদেরকে এভাবে করতে পেয়েছি।

﴿٧٥﴾ قال افرءيتم ما كنتم تعبدون ﴿٧٦﴾ انتم واباؤكم الاقدمون ﴿٧٧﴾ فانهم عدو لي

৭৫ । ক্বা-লা আফারাআইতুম্ মা- কুন্‌তুম তা'বুদূন । ৭৬ । আন্‌তুম ওয়া আ-বা—উকুমুল আক্বদামূন । ৭৭ । ফাইন্নাহুম 'আদুওউল্লী~

(৭৫) তিনি বললেন, তাদের সম্পর্কে কি খবর রাখছ, যার উপাসনা করছ? (৭৬) তোমরা এবং তোমাদের আগের পিতৃ পুরুষরা? (৭৭) বস্তুতঃ তারা সব-ই আমার দুশমন,

الا رب العلمين ﴿٧٨﴾ الذي خلقني فهو يهدين ﴿٧٩﴾ والذي هو يطعمني و

ইল্লা- রাব্বাল 'আ-লামীন । ৭৮ । আল্লাযী খালাক্বানী ফাহুওয়া ইয়াহ্‌দীন । ৭৯ । ওয়াল্লাযী হুওয়া ইউত্ব্'ইমুনী ওয়া

সারা জাহানের রব ব্যতীত। (৭৮) যিনি আমাকে সৃষ্টি করেছেন, অনন্তর তিনিই আমাকে সঠিক পথ প্রদর্শন করেন। (৭৯) তিনিই (আল্লাহ), আমাকে আহার ও পানীয় প্রদান

يسقين ﴿٨٠﴾ واذا مرضت فهو يشفين ﴿٨١﴾ والذي يميتني ثم يحيين ﴿٨٢﴾ والذي

ইয়াস্‌ক্বীন । ৮০ । ওয়া ইযা- মারিদ্বতু ফাহুওয়া ইয়াশ্‌ফীন । ৮১ । ওয়াল্লাযী ইউমীতুনী ছুম্মা ইউহ্‌ঈন । ৮২ । ওয়াল্লাযী ~

করেন। (৮০) আর যখন আমি রোগাক্রান্ত হই, তখন তিনিই আমাকে সুস্থতা দান করেন। (৮১) তিনিই আমার মৃত্যু ঘটাবেন, অতঃপর আমাকে জীবিত করবেন। (৮২) তিনি

اطمع ان يغفر لي خطيئتي يوم الدين ﴿٨٣﴾ رب هب لي حكما والحقني

আত্বমা'উ আঁই ইয়াগ্‌ফিরালী খাত্বী—আতী ইয়াওমাদ্ দীন । ৮৩ । রাব্বি হাব্‌লী হুক্‌মাও ওয়া আল্‌হিক্বনী

এমন যাঁর কাছে আমি (এ) আশা করছি যে, তিনি বিচার দিবসের দিন আমার ত্রুটিগুলো ক্ষমা করে দিবেন। (৮৩) হে আমার প্রতিপালক! আমাকে হিকমত দান করুন

بالصلحين ﴿٨٤﴾ واجعل لي لسان صدق في الاخرين ﴿٨٥﴾ واجعلني من ورثة جنة

বিস্বস্বা-লিহীন । ৮৪ । ওয়াজ্‌'আল্লী লিসা-না স্বিদ্‌ক্বিন্ ফিল্ আ-খিরীন । ৮৫ । ওয়াজ্‌'আল্‌নী মিওঁ ওয়ারাছাতি জ্বান্নাতিন্

এবং পূন্যবানদের অন্তর্ভুক্ত করুন। (৮৪) (আমার) পরবর্তীদের মধ্যে আমার (সম্পর্কে) ভাল আলোচনা জারী রাখুন। (৮৫) আমাকে সুখময় জান্নাতের উত্তরাধিকারীদের

○ বিশ্লেষণ (আঃ ৮৩) ঃ حكما - 'হিকমত' দ্বারা জ্ঞান, বুঝ, অথবা নবুওয়াত ও রেসালাত বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ৮৪) ঃ হযরত ইবরাহীম (আ) সেই উচ্চস্তরের মর্যাদা এবং বিশেষ নৈকট্যই প্রার্থনা করেছিলেন, যা প্রথম শ্রেণীর পয়গাম্বরদের জন্য নির্দিষ্ট। কেননা, সাধারণ নেককার লোকদের তুলনায় তিনি অনেক উর্ধ্বে ছিলেন। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৮৪) ঃ اجعل لى لسان - অর্থাৎ এমন নেক আমল করার তাওফীক দাও, পরবর্তী বংশধরেরা যেন সর্বদা আমার সম্পর্কে সুধারণা রাখে এবং আমার পথে চলার আগ্রহ সৃষ্টি হয়। অথবা এ অর্থও হতে পারে যে, পরবর্তীকালে আমার পরিবার-পরিজনদের মধ্যে যেন নবী ও উম্মত হন এবং তারা আমার দ্বীন জারী রাখে। (তাঃ ওসমানী)

৪ ع৭ ৮ রুকূ

ওয়াক্বফে লাযেম ৭

النعيم ﴿٨٦﴾ واغفر لابي انه كان من الضالين ﴿٨٧﴾ ولا تخزني يوم يبعثون ○

না'ঈম । ৮৬ । ওয়াগ্‌ফির্ লিআবী ~ইন্নাহূ কা-না মিনাদ্ব দ্বা—ল্লীন, ৮৭ । ওয়ালা- তুখ্‌যিনী ইয়াওমা ইউব্'আছূন।

অন্তর্ভুক্ত করুন। (৮৬) এবং আমার পিতাকে ক্ষমা করুন, নিশ্চয়ই সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত ছিল। (৮৭) এবং পুনরুত্থান দিবসে আমাকে অপমানিত করবেন না।

﴿٨٨﴾ يوم لا ينفع مال ولا بنون ﴿٨٩﴾ الا من اتى الله بقلب سليم ﴿٩٠﴾ وازلفت الجنة

৮৮ । ইয়াওমা লা- ইয়ানফা'উ মা-লুঁও ওয়ালা- বানূন । ৮৯ । ইল্লা- মান্ আতাল্লা-হা বিক্বাল্‌বিন্ সালীম । ৯০ । ওয়া উয্‌লিফাতিল জ্বান্নাতু

(৮৮) যে দিন সম্পদ ও সন্তানাদি কোনই উপকারে আসবেনা। (৮৯) শুধু যে পরিশুদ্ধ আত্মা নিয়ে আল্লাহর কাছে উপস্থিত হবে। (৯০) এবং পরহেজগারদের জন্য জান্নাত

للمتقين ﴿٩١﴾ وبرزت الجحيم للغوين ﴿٩٢﴾ وقيل لهم اينما كنتم تعبدون ○

লিল্‌মুত্তাক্বীন । ৯১ । ওয়া বুর্‌রিযাতিল জ্বাহীমু লিল্‌গা-ওয়ীন । ৯২ । ওয়া ক্বীলা লাহুম আইনামা- কুন্‌তুম তা'বুদূন ।

একেবারে নিকটবর্তী করা হবে। (৯১) এবং পথভ্রষ্টদের জাহান্নাম প্রদর্শন করা হবে। (৯২) এবং তাদেরকে বলা হবে যে, তারা কোথায় গেল, যাদের তোমরা ইবাদত করতে

﴿٩٣﴾ من دون الله ط هل ينصرونكم او ينتصرون ﴿٩٤﴾ فكبكبوا فيها هم والغاون ○

৯৩ । মিন্ দূনিল্লা-হি ; হাল্ ইয়ানস্বুরূনাকুম আও ইয়ান্তাস্বিরূন । ৯৪ । ফাকুব্‌কিবূ ফীহা- হুম ওয়াল্‌গা-উন ।

(৯৩) আল্লাহকে ছাড়া তারা কি তোমাদের কোন সাহায্য করতে পারে? বা নিজেদেরকে (শাস্তি হতে) বাঁচাতে পারে? (৯৪) অতঃপর তাদেরকে এবং পথভ্রষ্টদেরকে মুখ উপুড় করে জাহান্নামে ফেলে দেয়া হবে।

﴿٩٥﴾ وجنود ابليس اجمعون ﴿٩٦﴾ قالوا وهم فيها يختصمون ﴿٩٧﴾ تالله ان كنا لفي

৯৫ । ওয়া জুনূদু ইবলীসা আজ্বমা'ঊন । ৯৬ । ক্বা-লূ ওয়া হুম ফীহা-ইয়াখ্‌তাস্বিমূন । ৯৭ । তাল্লা-হি ইন্ কুন্না- লাফী

(৯৫) এবং ইবলীসের সকল সৈন্য বাহিনীদেরকেও। (৯৬) তারা সেখানে (বসে) একে অপরের সাথে ঝগড়া করে বলবে, (৯৭) আল্লাহর শপথ! নিশ্চয়ই আমরা স্পষ্ট

ضلل مبين ﴿٩٨﴾ اذ نسويكم برب العلمين ﴿٩٩﴾ وما اضلنا الا المجرمون ○

দ্বালা-লিম্ মুবীন । ৯৮ । ইয্ নুসাওয়্যীকুম বিরাব্বিল্ 'আ-লামীন । ৯৯ । ওয়া মা~আদ্বাল্লানা~ইল্লাল্ মুজ্বরিমূন ।

বিভ্রান্তির মধ্যেই ছিলাম, (৯৮) যখন আমরা তোমাদেরকে সারা জাহানের প্রতিপালক-এর সমতুল্য মনে করতাম। (৯৯) এবং আমাদেরকে শুধু পাপীরাই পথভ্রষ্ট করেছিল।

﴿١٠٠﴾ فما لنا من شافعين ﴿١٠١﴾ ولا صديق حميم ﴿١٠٢﴾ فلو ان لنا كرة فنكون من المؤمنين ○

১০০ । ফামা- লানা- মিন্ শা-ফি'ঈন । ১০১ । ওয়ালা- স্বাদীক্বিন্ হামীম । ১০২ । ফালাও আন্না লানা- কার্‌রাতান্ ফানাকূনা মিনাল মু'মিনীন ।

(১০০) এখন আমাদের কোনই সুপারিশকারী নেই, (১০১) এবং কোন অন্তরঙ্গ বন্ধুও নেই। (১০২) হায়! যদি আমাদের আবার পুনরায় (পৃথিবীতে) যাবার সুযোগ হত, তবে আমরা মুমিন হয়ে যেতাম।

﴿١٠٣﴾ ان في ذلك لاية ط وما كان اكثرهم مؤمنين ﴿١٠٤﴾ وان ربك لهو العزيز الرحيم ○

১০৩ । ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আক্‌ছারুহুম মু'মিনীন । ১০৪ । ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম ।

(১০৩) নিশ্চয়ই এতে নিদর্শন রয়েছে; অথচ তাদের অধিকাংশ লোকই মুমিন নয়। (১০৪) নিশ্চয়ই আপনার প্রতিপালক মহা পরাক্রমশালী, অসীম দয়ালু।

৫ ع১৬ ৯ রুকূ

○ টীকা (আঃ ৮৬) ঃ হযরত ইবরাহীম (আ) কাফের পিতার জন্য ক্ষমা প্রার্থনা নিষ্ফল হওয়া সম্বন্ধে ভালরূপেই অবগত ছিলেন। অতএব, তিনি যে দো'আ করেছিলেন, 'আমার পিতাকে ক্ষমা করুন, এর অর্থ তাকে ক্ষমার যোগ্য করুন' অর্থাৎ, তার মনে ঈমান আনয়নের আগ্রহ সৃষ্টি করে দিন। যেন ঈমান এনে ক্ষমার যোগ্য হতে পারে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৯৩) ঃ অতএব, এই মূর্তিসমূহ নিজদিগকেও রক্ষা করতে পারল না এবং উপাসাবৃন্দকেও না। এরূপ শয়তান কাউকেও সাহায্য ও আত্মরক্ষা করতে পারবে না। (বঃ কোঃ)

(١٠٤) كذبت قوم نوح المرسلين (١٠٥) إذ قال لهم أخوهم نوح ألا تتقون (١٠٦) إني

১০৫। কায্‌যাবাত ক্বাওমু নূহিনিল মুরসালীন। ১০৬। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম নূহুন আলা- তাত্তাকূন। ১০৭। ইন্নী
(১০৫) নূহের সম্প্রদায়ও রাসূলগণকে মিথ্যারোপ করেছিল। (১০৬) যখন তাদের ভাই নূহ তাদেরকে বললেন, তোমাদের কি আল্লাহর ভয় নেই? (১০৭) (শোন!) নিশ্চয়ই আমি

لكم رسول أمين (١٠٧) فاتقوا الله وأطيعون (١٠٨) وما أسئلكم عليه من أجر إن

লাকুম রাসূলুন আমীন। ১০৮। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১০৯। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন আজ্‌রিন, ইন্
তোমাদের জন্য বিশ্বস্ত রাসূল; (১০৮) অতএব তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১০৯) আমি তোমাদের কাছে এ (জন্য) কোন মজুরী চাই না,

أجري إلا على رب العلمين (١٠٩) فاتقوا الله وأطيعون (١١٠) قالوا أنؤمن لك واتبعك

আজ্‌রিইয়া ইল্লা- 'আলা- রাব্বিল 'আ-লামীন। ১১০। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১১১। ক্বা-লূ~আনু'মিনু লাকা ওয়াত্তাবা'আকাল্
আমার বিনিময় তো সারা জাহানের রবের কাছে। (১১০) সুতরাং আল্লাহকে ভয় কর এবং আমার অনুসরণ কর। (১১১) তারা বলল, আমরা কি তোমার প্রতি ঈমান আনব, অথচ

الأرذلون (١١١) قال وما علمي بما كانوا يعملون (١١٢) إن حسابهم إلا على ربي لو

আর্‌যালূন। ১১২। ক্বা-লা ওয়া মা- 'ইলমী বিমা- কা-নূ ইয়া'মালূন। ১১৩। ইন্ হিসা-বুহুম ইল্লা- 'আলা- রাব্বী লাও
নিকৃষ্ট লোকেরা তোমার অনুসরণ করছে? (১১২) নূহ বললেন, তারা কি কাজ করছে আমার জানার দরকার নেই, (১১৩) তাদের হিসাব তো একমাত্র আমার প্রতিপালকের কাছে,

تشعرون (١١٣) وما أنا بطارد المؤمنين (١١٤) إن أنا إلا نذير مبين (١١٥) قالوا لئن لم

তাশ'উরূন। ১১৪। ওয়া মা~আনা- বিত্বা রিদিল মু'মিনীন। ১১৫। ইন্ আনা ইল্লা- নাযীরুম্ মুবীন। ১১৬। ক্বা-লূ লাইল্ লাম্
যদি তোমরা বুঝতে! (১১৪) আর আমি মুমিনগণকে বহিষ্কারকারী নই। (১১৫) আমিতো শুধু মাত্র একজন সুস্পষ্ট সাবধানকারী। (১১৬) তারা বলল, হে নূহ! তুমি যদি

تنته ينوح لتكونن من المرجومين (١١٦) قال رب إن قومي كذبون ○

তান্‌তাহি ইয়া-নূহু লাতাকূনান্না মিনাল্ মারজূমীন। ১১৭। ক্বা-লা রাব্বি ইন্না ক্বাওমী কায্‌যাবূন।
বিরত না হও, (তবে) তোমাকে অবশ্যই প্রস্তরাঘাতে হত্যা করা হবে। (১১৭) নূহ বললেন, হে আমার প্রতিপালক! আমার সম্প্রদায় আমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করতেছে?

(١١٧) فافتح بيني وبينهم فتحا ونجني ومن معي من المؤمنين (١١٨) فأنجينه

১১৮। ফাফ্‌তাহ্ বাইনী ওয়া বাইনাহুম ফাত্‌হাওঁ ওয়া নাজ্জিনী ওয়া মাম্ মা'ইয়া মিনাল্ মু'মিনীন। ১১৯। ফাআন্‌জাইনা-হু
(১১৮) সুতরাং আমার মধ্যে ও তাদের মধ্যে স্পষ্ট ফয়সালা করে দিন এবং আমাকে এবং আমার মুমিন সাথীগণকে রক্ষা করুন। (১১৯) অতঃপর আমি তাকে

ومن معه في الفلك المشحون (١١٩) ثم أغرقنا بعد البقين (١٢٠) إن في ذلك

ওয়া মাম্ মা'আহূ ফিল্ ফুল্‌কিল্ মাশ্‌হূন। ১২০। ছুম্মা আগ্‌রাক্‌না- বা'দুল বা-ক্বীন। ১২১। ইন্না ফী যা-লিকা
ও তার সাথীগণকে রক্ষা করলাম নৌকায়, যেটি ছিল বোঝাইকৃত। (১২০) অতঃপর বাকী সবগুলোকে আমি ডুবিয়ে দিলাম। (১২১) নিশ্চয়ই এর মধ্যে রয়েছে

○ টীকা (আঃ ১০৭) ঃ যেহেতু রাসূলের একদিকে আল্লাহর সাথে সম্বন্ধ থাকে, আর অন্য দিকে উম্মতের সাথে। কাজেই কখনো তাঁকে আল্লাহর রাসূল বলা হয়, কারণ আল্লাহ তাঁকে প্রেরণ করেছেন। আর কখনো তাঁকে উম্মতের রাসূল বলা হয়, কারণ তাঁকে উম্মতের দিকে পাঠানো হয়েছে। আমানতদারেরও দু'টি দিক হতে পারে। এক এই যে, আল্লাহ অহীর উপর রাসূলকে বিশ্বাস করেছেন যে, রাসূল ঠিকভাবে নির্দেশ বান্দাকে পৌছাবেন। কিম্বা এই যে, রাসূল লোকের মধ্যে বিশ্বাসী বলে মনে করা যেত যে, রাসূল মিথ্যা বলতেন না। এ অবস্থায় যেখানে যেখানে "লাকুম রাসূলুন আমিন"-এর শব্দ এসেছে, সেখানে সেখানে এ অর্থই বুঝতে হবে।

---

৬ ع ১৪ ১০ রুকূ

لأية وما كان أكثرهم مؤمنين (١٢١) وإن ربك لهو العزيز الرحيم (١٢٢) كذبت

লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না আক্‌ছারুহুম্ মু'মিনীন। ১২২। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম। ১২৩। কায্‌যাবাত
দৃষ্টান্ত; কিন্তু তাদের অধিকাংশ লোকই মুমিন নহে। (১২২) নিশ্চয়ই আপনার প্রতিপালক মহা পরাক্রমশালী,পরম দয়ালু। (১২৩) আদ (সম্প্রদায়)ও রাসূলগণকে

عاد المرسلين (١٢٣) إذ قال لهم أخوهم هود ألا تتقون (١٢٤) إني لكم رسول أمين ○

'আ-দুনিল মুরসালীন। ১২৪। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম হূদুন আলা- তাত্তাকূন। ১২৫। ইন্নী লাকুম রাসূলুন আমীন।
প্রত্যাখান করেছিল। (১২৪) যখন তাদের কাছে তাদের ভাই হূদ বলেছিলেন, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১২৫) আমি তোমাদের জন্য নিশ্চয়ই একজন বিশ্বস্ত রাসূল।

(١٢٥) فاتقوا الله وأطيعون (١٢٦) وما أسئلكم عليه من أجر إن أجري إلا على رب

১২৬। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১২৭। ওয়ামা~আস্আলুকুম 'আলাইহি মিন্ আজ্‌র, ইন্ আজ্‌রিয়া ইল্লা- 'আলা- রাব্বিল
(১২৬) সুতরাং আল্লাহকে ভয় কর এবং আমার কথা শোন। (১২৭) আমি এ (দাওয়াতের) ব্যাপারে তোমাদের কাছে পারিশ্রামিক চাইনা, আমার পারিশ্রমিক শুধু সারা জাহানের

العلمين (١٢٧) أتبنون بكل ريع اية تعبثون (١٢٨) وتتخذون مصانع لعلكم تخلدون ○

'আ-লামীন। ১২৮। আতাবনূনা বিকুল্লি রী'ইন আ-ইয়াতান তা'বাছূন। ১২৯। ওয়া তাত্তাখিযূনা মাস্বা-নি'আ লা'আল্লাকুম তাখ্‌লুদূন।
প্রতিপালকের কাছেই। (১২৮) তোমরা কি প্রতিটি উঁচু স্থানে খেলার ছলে স্মৃতি (প্রাসাদ) তৈরী করছ? (১২৯) এবং তোমরা বড় বড় প্রাসাদ তৈরী করছ, মনে হয় যেন তোমরা চিরস্থায়ীভাবে তাতে বসবাস করবে।

(١٢٩) وإذا بطشتم بطشتم جبارين (١٣٠) فاتقوا الله وأطيعون (١٣١) واتقوا الذي أمدكم

১৩০। ওয়া ইযা- বাত্বাশ্‌তুম বাত্বাশ্‌তুম জ্বাব্বা-রীন। ১৩১। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৩২। ওয়াত্তাকুল্ লাযী~আমাদ্দাকুম
(১৩০) যখন তোমরা (কারো প্রতি) আক্রমণ কর, তখন আক্রমণ কর কঠোরভাবে, (১৩১) তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৩২) এবং তোমরা তাঁকে ভয় কর, যিনি তোমাদেরকে সে সব বস্তু দিয়ে সাহায্য করেছেন,

بما تعلمون (١٣٢) أمدكم بأنعام وبنين (١٣٣) وجنت وعيون (١٣٤) إني أخاف عليكم

বিমা- তা'লামূন। ১৩৩। আমাদ্দাকুম্ বিআন'আ-মিওঁ ওয়া বানীন। ১৩৪। ওয়া জ্বান্না-তিওঁ ওয়া 'উইউন। ১৩৫। ইন্নী~আখা-ফু 'আলাইকুম
যা তোমরা জান! (১৩৩) তিনি (আল্লাহ) তোমাদেরকে সাহায্য করেছেন চতুষ্পদ জন্তু ও সন্তানাদি দ্বারা (১৩৪) এবং বাগান ও ঝরণা দ্বারা। (১৩৫) আমি তোমাদের

عذاب يوم عظيم (١٣٥) قالوا سواء علينا أوعظت أم لم تكن من الوعظين (١٣٦) إن

'আযা-বা ইয়াওমিন 'আযীম। ১৩৬। ক্বা-লূ সাওয়া—উন 'আলাইনা~আওয়া 'আয্‌তা আম্ লাম্ তাকুম্ মিনাল্ ওয়া-'ইযীন। ১৩৭। ইন্
ব্যাপারে ভয় করছি, কঠিন দিনের (পরকালের) শাস্তির। (১৩৬) তারা বলল, তুমি উপদেশ দাও অথবা না দাও, উভয়ই আমাদের কাছে সমান। (১৩৭) এটাতো

○ টীকা (আঃ ১২৯) ঃ 'আদ সম্প্রদায় ভাস্কর কার্যে অর্থাৎ প্রস্তর শিল্পে নিপুণ ছিল, এমনকি তারা যা অনাবশ্যক তাতে সময় নষ্ট করত। পর্বত খোদিত করে তারা বিভিন্ন প্রকার বাসস্থান ও স্মৃতিস্তম্ভ প্রস্তুত করত। অধুনা যেমন আমাদের দেশের খ্যাতনামা ব্যক্তিদের স্মৃতিস্তম্ভ প্রস্তুত করে প্রকাশ্য স্থানে স্থাপন করা হয়। উদ্দেশ্য এই থাকে যাতে তাদের স্মৃতিচিহ্ন বিদ্যমান থাকে। কিন্তু লক্ষ্য করে দেখলে এটা বুঝতে পারা যায় যে, তাতে কোন সার্থকতা নেই। কারণ চিরকাল স্থায়িত্বের পরিচয় আমরা কোরআন পাকের كل من عليها فان অর্থাৎ "চিরঞ্জীব আল্লাহ ব্যতীত সবই ধ্বংসে পরিণত হবে।" এ সত্য বাণীতে বেশ বুঝতে পারি। আমরা আরো দেখতে পাই যে, 'স্মৃতিস্তম্ভ', 'মাজার' ও দুর্গ প্রভৃতি নির্মাণে লোক লক্ষ লক্ষ অর্থ ব্যয় করে থাকে। অথচ কিছুদিন পরে তার নির্মাণকারীর কোন সন্ধানই পাওয়া যায় না। স্মৃতিস্তম্ভ, পিরামিড প্রভৃতি নির্মাণের দিক দিয়ে মিসরই জগতের মধ্যে প্রাচীন ও সুবিখ্যাত। তথায় যেরূপ মনোরম ও মজবুত পিরামিড ইত্যাদি দেখতে পাওয়া যায় তা জগতে দুর্লভ। কোনও কোনটিতে খোদিত লেখাও পরিদৃষ্ট হয়। কিন্তু কোথায় তার নির্মাণকারী? তার এখন প্রকৃত অবস্থা কি দাঁড়িয়েছে। ফলকথা, "নিত্য আল্লাহ পাকের নামই থাকবে" এ ভাবধারা মুসলমানের থাকা উচিত। এতদ্ব্যতীত সব কিছুই ধ্বংসশীল, সুতরাং নির্বোধ মানুষই অনর্থক কার্যে লিপ্ত হয়।

هٰذَآ اِلَّا خُلُقُ الْاَوَّلِيْنَ (١٣٨) وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ (١٣٩) فَكَذَّبُوْهُ فَاَهْلَكْنٰهُمْ ۭ اِنَّ فِيْ

হা-যা~ইল্লা- খুলুকুল আওওয়ালীন। ১৩৮। ওয়া মা- নাহ্নূ বিমু'আয্যাবীন। ১৩৯। ফাকায্যাবূহু ফাআহ্লাক্না- হুম; ইন্না ফী
আগেকার (লোক)দেরই চরিত্র। (১৩৮) আমরা কখনও শাস্তি প্রাপ্ত হব না। (১৩৯) অতঃপর তারা (আদ জাতি) তাকে প্রত্যাখ্যান করল, তখন আমি তাদেরকে ধ্বংস করেছিলাম।

ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ (١٤٠) وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۝ ৭ ع ১৮ ১১ রুকূ

যা-লিকা লাআ-ইয়াহ; ওয়া মা- কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১৪০। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম।
নিশ্চয়ই এর মধ্যে রয়েছে বিরাট উপদেশ এবং তাদের অধিকাংশই বিশ্বাসী নয়। (১৪০) নিশ্চয়ই আপনার প্রতিপালকই মহা পরাক্রমশালী, পরম দয়ালু।

(١٤١) كَذَّبَتْ ثَمُوْدُ الْمُرْسَلِيْنَ (١٤٢) اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ صٰلِحٌ اَلَا تَتَّقُوْنَ (١٤٣) اِنِّيْ لَكُمْ

১৪১। কায্যাবাত ছামূদুল মুরসালীন। ১৪২। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম স্বা-লিহুন 'আলা- তাত্তাকূন। ১৪৩। ইন্নী লাকুম
(১৪১) সামূদ (জাতি)ও রাসূলগণকে প্রত্যাখ্যান করেছিল। (১৪২) যখন তাদের ভাই সালেহ তাদেরকে বলল যে, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১৪৩) নিশ্চয়ই আমি

رَسُوْلٌ اَمِيْنٌ (١٤٤) فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ (١٤٥) وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ

রাসূলুন আমীন। ১৪৪। ফাত্তাক্বুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৪৫। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন আজ্বর, ইন্ আজ্বরিয়া
তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল। (১৪৪) সুতরাং আল্লাকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৪৫) আমি তোমাদের কাছে এজন্য পারিশ্রমিক চাইনা, আমার পারিশ্রমিক

اِلَّا عَلٰي رَبِّ الْعٰلَمِيْنَ (١٤٦) اَتُتْرَكُوْنَ فِيْ مَا هٰهُنَآ اٰمِنِيْنَ (١٤٧) فِيْ جَنّٰتٍ وَّ

ইল্লা-'আলা- রাব্বিল 'আ-লামীন। ১৪৬। আতুত্রাকূনা ফী মা- হা-হুনা~আ-মিনীন। ১৪৭। ফী জান্না-তিওঁ ওয়া
একমাত্র সারা জাহানের প্রতিপালকের কাছেই রয়েছে। (১৪৬) তোমাদেরকে কি নিরাপদে ছেড়ে রাখা হবে যা এখানে আছে তার মধ্যে, (১৪৭) (অর্থাৎ) বাগানে ও

عُيُوْنٍ (١٤٨) وَّزُرُوْعٍ وَّنَخْلٍ طَلْعُهَا هَضِيْمٌ (١٤٩) وَتَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا فٰرِهِيْنَ ۝

'উইউন। ১৪৮। ওয়া যুরূ'ইওঁ ওয়া নাখ্লিন্ ত্বাল্'উহা- হাদ্বীম। ১৪৯। ওয়া তান্হিতূনা মিনাল্ জ্বিবা-লি বুউতান্ ফা-রিহীন।
ঝরণায় (১৪৮) এবং শস্য ক্ষেত্র এবং খেজুরের বাগানে যার কলি খুবই ঘন। (১৪৯) এবং তোমরা সগর্বে পাহাড় কেটে কেটে ঘর নির্মাণ করছ?

(١٥٠) فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ (١٥١) وَلَا تُطِيْعُوْٓا اَمْرَ الْمُسْرِفِيْنَ (١٥٢) الَّذِيْنَ يُفْسِدُوْنَ فِي

১৫০। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৫১। ওয়ালা- তুত্বী'উ~আমরাল মুসরিফীন। ১৫২। আল্লাযীনা ইউফ্সিদূনা ফিল
(১৫০) তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৫১) এবং সীমালংঘনকারী (কাফির)দের নির্দেশকে মেনো না, (১৫২) যারা পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি করে

الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ (١٥٣) قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ (١٥٤) مَآ اَنْتَ اِلَّا بَشَرٌ

আরদ্বি ওয়ালা- ইউস্বলিহূন। ১৫৩। ক্বা-লূ~ইন্নামা~আন্তা মিনাল মুসাহ্হারীন। ১৫৪। মা~আন্তা ইল্লা- বাশারুম্
এবং (নিজ চরিত্রকে) সংশোধন করে না। (১৫৩) তারা বলল, নিশ্চয়ই তুমি তো যাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত। (১৫৪) তুমিতো আমাদের মতই একজন মানুষ,

مِّثْلُنَا ۚ فَاْتِ بِاٰيَةٍ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ (١٥٥) قَالَ هٰذِهٖ نَاقَةٌ لَّهَا شِرْبٌ وَّلَكُمْ

মিছ্লুনা-, ফা'তি বিআইয়া-তিন ইন্ কুন্তা মিনাস্ব স্বা-দিক্বীন। ১৫৫। ক্বা-লা হা-যিহী না-ক্বাতুল্ লাহা- শিরবুওঁ ওয়া লাকুম
তুমি কোন নিদর্শন নিয়ে এস, যদি তুমি সত্যবাদী হও। (১৫৫) সালেহ বললেন, এ উষ্ট্রী, এর জন্য রয়েছে পানি পান করার একটি সময় এবং তোমাদের জন্য রয়েছে

شِرْبُ يَوْمٍ مَّعْلُوْمٍ (١٥٦) وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابُ يَوْمٍ عَظِيْمٍ ۝

শিরবু ইয়াওমিম্ মা'লূম। ১৫৬। ওয়ালা- তামাস্সূহা- বিসূ—ইন ফাইয়া'খুযাকুম 'আযা-বু ইয়াওমিন্ 'আজীম।
পানি পান করার নির্ধারিত এক একটি দিন। (১৫৬) তাকে (মেরে ফেলার জন্য) স্পর্শ কর না। (যদি এটা কর) তবে তোমাদেরকে (পরকালের) শাস্তি পাকড়াও করবে।

(١٥٧) فَعَقَرُوْهَا فَاَصْبَحُوْا نٰدِمِيْنَ (١٥٨) فَاَخَذَهُمُ الْعَذَابُ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا

১৫৭। ফা'আক্বারূহা- ফা'আস্ববাহু না-দিমীন। ১৫৮। ফাআখাযাহুমুল 'আযা-ব; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ; ওয়া মা-
(১৫৭) অতঃপর তারা সেটিকে হত্যা করল, এরপর তারা অনুতপ্ত হল। (১৫৮) অতঃপর তাদেরকে শাস্তি পাকড়াও করল, নিশ্চয়ই এর মধ্যে রয়েছে উপদেশ এবং তাদের

৮ ع ১৯ ১২ রুকূ كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ (١٥٩) وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ (١٦٠) كَذَّبَتْ قَوْمُ لُوْطِ ۨ

কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১৫৯। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর রাহীম। ১৬০। কায্যাবাত ক্বাওমু লূতিনিল্
অধিকাংশই ঈমানদার নয়। (১৫৯) নিশ্চয় আপনার প্রতিপালক মহা পরাক্রমশালী, পরম দয়ালু। (১৬০) লূত (আ)-এর সম্প্রদায়ও রাসূলগণকে অবিশ্বাস

الْمُرْسَلِيْنَ (١٦١) اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ لُوْطٌ اَلَا تَتَّقُوْنَ (١٦٢) اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ۝

মুরসালীন। ১৬১। ইয্ ক্বা-লা লাহুম আখূহুম লূতুন্ আলা- তাত্তাকূন। ১৬২। ইন্নী লাকুম রাসূলুন আমীন।
করেছিল। (১৬১) যখন তাদের কাছে তাদের ভাই (লূত) বলেছিলেন, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১৬২) নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

(١٦٣) فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ (١٦٤) وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰي رَبِّ

১৬৩। ফাত্তাক্বুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৬৪। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন্ আজ্বর, ইন্ আজ্বরিয়া ইল্লা- 'আলা- রাব্বিল
(১৬৩) সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৬৪) আমি এর বিনিময়ে তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাইনা, আমার পারিশ্রমিক একমাত্র সারা

الْعٰلَمِيْنَ (١٦٥) اَتَاْتُوْنَ الذُّكْرَانَ مِنَ الْعٰلَمِيْنَ (١٦٦) وَتَذَرُوْنَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ مِّنْ

'আ-লামীন। ১৬৫। আতা'তূনায্ যুক্রা-না মিনাল্ 'আ-লামীন। ১৬৬। ওয়া তাযারূনা মা- খালাক্বা লাকুম রাব্বুকুম্ মিন্
জাহানের প্রতিপালকের কাছে। (১৬৫) তোমরা কি পৃথিবীতে শুধু পুরুষদের সাথেই কুকর্ম কর, (১৬৬) অথচ তোমরা বর্জন করছ, যা তোমাদের প্রতিপালক সৃষ্টি করেছেন

اَزْوَاجِكُمْ ۭ بَلْ اَنْتُمْ قَوْمٌ عٰدُوْنَ (١٦٧) قَالُوْا لَئِنْ لَّمْ تَنْتَهِ يٰلُوْطُ لَتَكُوْنَنَّ مِنَ

আয্ওয়া-জ্বিকুম; বাল্ আন্তুম ক্বাওমুন 'আ-দূন। ১৬৭। ক্বা-লূ লাইল্লাম তান্তাহি ইয়া-লূতু লাতাকূনান্না মিনাল
তোমাদের স্ত্রীদের মধ্য হতে, তোমরা তো সীমালঙ্ঘনকারী সম্প্রদায়। (১৬৭) তারা বলল, হে লূত! যদি তুমি বিরত না হও, তবে অবশ্যই তোমাকে (দেশ থেকে) বের করে

الْمُخْرَجِيْنَ (١٦٨) قَالَ اِنِّيْ لِعَمَلِكُمْ مِّنَ الْقَالِيْنَ (١٦٩) رَبِّ نَجِّنِيْ وَاَهْلِيْ مِمَّا يَعْمَلُوْنَ ۝

মুখ্রাজ্বীন। ১৬৮। ক্বা-লা ইন্নী লি'আমালিকুম্ মিনাল ক্বা-লীন। ১৬৯। রাব্বি নাজ্জিনী ওয়া আহ্লী মিম্মা- ইয়া'মালূন।
দেয়া হবে। (১৬৮) লূত বললেন, আমি (এ) কাজকে অপছন্দ করি। (১৬৯) হে আমার রব! আমাকে এবং আমার পরিবার-পরিজনকে সে কাজ থেকে রক্ষা করুন, যা তারা করে।

○ **টীকা (আঃ ১৫৬) ঃ** পানি পান করার পালা এরূপ ছিল যে, একদিন ছালেহ্ (আ)-এর উষ্ট্রীর জন্য এবং একদিন সামূদ সম্প্রদায়ের পশুগুলোর জন্য নির্দিষ্ট ছিল। উষ্ট্রীটি স্বীয় পালার দিন কূপের সম্পূর্ণ পানি নিঃশেষ করে পান করত। ফলে সেদিন অবশিষ্ট থাকত না। এই ব্যাপারটি তাদের অসহ্য হওয়ায় তারা উষ্ট্রীটির শত্রু হয়ে দাঁড়াল। (বঃ কোঃ) ○ **বিশ্লেষণ (আঃ ১৫৭) ঃ** فعقروها - উষ্ট্রিটি আল্লাহ তায়ালার কুদরতের নিশানা এবং নবীর নবুওয়াতের সত্যতার দলীল ছিল। সামূদ সম্প্রদায় ঈমান গ্রহণ না করে কুফর, শিরকে চরম ভাবে লিপ্ত হল। শেষ পর্যন্ত তারা জীবিত উষ্ট্রিটির পায়ের গোড়ালি কেটে জখম করে সেটিকে হত্যা করল। ফলে তিনদিন পরে তাদের উপর শাস্তির নিদর্শন আসা শুরু করল। তারা তাদের কৃতকার্যে লজ্জিত হল। কিন্তু শাস্তি আসার পরে তাদের তওবা ও লজ্জিত হওয়া কোনই কাজে আসল না।

۝١٦٩ فنجينه واهله اجمعين ۝١٧٠ الا عجوزا في الغبرين ۝١٧١ ثم دمرنا الاخرين ○

১৭০। ফানাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ~আজ্মা'ঈন। ১৭১। ইল্লা- 'আজুযান্ ফিল গা-বিরীন। ১৭২। ছুম্মা দাম্মারনাল্ আ-খারীন।
(১৭০) সুতরাং আমি তাকে এবং তার পরিবার-পরিজনকে রক্ষা করলাম। (১৭১) কিন্তু এক বৃদ্ধা ব্যতীত, সে ছিল পশ্চাদবর্তীদের মধ্যে। (১৭২) অতঃপর অন্য সবাইকেই ধ্বংস করলাম।

۝١٧٢ وامطرنا عليهم مطرا ج فساء مطر المنذرين ۝١٧٣ ان في ذلك لاية ط وما كان

১৭৩। ওয়া আম্তার্না- 'আলাইহিম্ মাত্বারা-, ফাসা—আ মাত্বারুল্ মুন্যারীন। ১৭৪। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ; ওয়া মা- কা-না
(১৭৩) তাদের উপর (পাথরের) বৃষ্টি বর্ষণ করেছিলাম, কতই খারাপ ছিল ভীতিপ্রদর্শিতদের উপর বর্ষিত বৃষ্টি। (১৭৪) নিশ্চয় এর মধ্যে রয়েছে নিদর্শন, কিন্তু তাদের অধিকাংশই

اكثرهم مؤمنين ۝١٧٤ وان ربك لهو العزيز الرحيم ۝١٧٥ كذب اصحب لئيكة ৯ ع ১৩ রুকূ

আক্ছারুহুম্ মু'মিনীন। ১৭৫। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম। ১৭৬। কায্যাবা আছ্হা-বুল আইকাতিল
মুমিন নয়। (১৭৫) নিশ্চয়ই আপনার প্রতিপালক, পরাক্রমশালী, পরম দয়ালু। (১৭৬) আইকা (জংগল) বাসীরাও রাসূলগণকে অস্বীকার

المرسلين ۝١٧٦ اذ قال لهم شعيب الا تتقون ۝١٧٧ اني لكم رسول امين ○

মুর্সালীন। ১৭৭। ইয্ ক্বা-লা লাহুম শু'আইবুন আলা- তাত্তাকূন। ১৭৮। ইন্নী লাকুম রাসূলুন আমীন।
করেছিল, (১৭৭) যখন তাদের কাছে শোয়াইব বললেন, তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? (১৭৮) নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

۝١٧٨ فاتقوا الله واطيعون ۝١٧٩ وما اسئلكم عليه من اجر ج ان اجري الا على رب

১৭৯। ফাত্তাকুল্লা-হা ওয়া আত্বী'উন। ১৮০। ওয়া মা~আস্আলুকুম 'আলাইহি মিন্ আজ্র, ইন্ আজ্রিয়া ইল্লা- 'আলা- রাব্বিল
(১৭৯) সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার অনুগত হও। (১৮০) আমি এজন্য তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না, আমার পারিশ্রমিক একমাত্র সারা

العلمين ۝١٨٠ اوفوا الكيل ولا تكونوا من المخسرين ۝١٨١ وزنوا بالقسطاس

'আ-লামীন। ১৮১। আওফুল কাইলা ওয়ালা- তাকূনূ মিনাল্ মুখ্সিরীন। ১৮২। ওয়াযিনূ বিলক্বিস্ত্বা-সিল্
জাহানের প্রতিপালকের কাছে। (১৮১) তোমরা মাপ পূর্ণভাবে দিবে, মাপে কম করো না যারা মাপে কম দেয় তাদের অন্তর্ভূক্ত হয়ো না। (১৮২) এবং সঠিকভাবে

المستقيم ۝١٨٢ ولا تبخسوا الناس اشياءهم ولا تعثوا في الارض مفسدين ○

মুস্তাক্বীম। ১৮৩। ওয়ালা- তাব্খাসুন্ না-সা আশ্ইয়া—আহুম ওয়ালা- 'তাছাও ফিল্ আর্দ্বি মুফ্সিদীন।
ওযন কর। (১৮৩) এবং লোকদেরকে (মাপের সময়) তাদের (প্রাপ্য) দ্রব্যাদিসমূহ কম দিবে না এবং পৃথিবীতে বিশৃংখলা ছড়াবে না।

۝١٨٣ واتقوا الذي خلقكم والجبلة الاولين ۝١٨٤ قالوا انما انت من المسحرين ○

১৮৪। ওয়াত্তাকুল্লাযী খালাক্বাকুম ওয়াল জিবিল্লাতাল্ আওয়্যালীন। ১৮৫। ক্বা-লূ~ইন্নামা~আন্তা মিনাল্ মুসাহ্হারীন।
(১৮৪) এবং ভয় কর তাঁকে, যিনি সৃষ্টি করেছেন তোমাদেরকে এবং পূর্বের সকল সৃষ্টিকে। (১৮৫) তারা বলল, নিশ্চয় তুমি যাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত।

✪ বিশ্লেষণ (আঃ ১৭১) ঃ الا عجوزا - বৃদ্ধা দ্বারা হযরত লূতের (আ) বৃদ্ধা স্ত্রীকে বুঝান হয়েছে। যে ঈমান গ্রহণ করছিল না। ফলে সেও তার সম্প্রদায়ের সাথেই ধ্বংস হয়েছিল। ✪ টীকা (আঃ ১৭৩) ঃ হযরত লূত (আ)-এর এ স্ত্রী কাফের ছিল। অতএব, রাত্রে সে হযরত লূত (আ)-এর সাথে গ্রাম হতে বের হয় নি। সুতরাং সে আযাবের উপযোগী লোকদের মধ্যে রয়ে গেল। আর লূত (আ)-কে যে, তার সম্প্রদায়ের লোকদের সামাজিক ভ্রাতা বলা হয়েছে, মতান্তরে তিনি শ্বশুর বাড়ীর দিক হতে কাওমের ভাই হয়ে থাকবেন। কেননা, তিনি সঙ্গীবিহীন অবস্থায় হিজরত করে এদেশে এসেছিলেন। (বঃ কোঃ) ✪ বিশ্লেষণ (আঃ ১৭৬) ঃ اصحب لئيكة - ইবনে কাসীর (রহ) বলেন, "আসহাবে আইকা" মাদায়েন সম্প্রদায়কে বলা হয়। ايكة (আইকা) একটি বৃক্ষের নাম, যাকে তারা পূজা করত। এ কারণে তাদেরকে اصحب لئيكة (আইকাবাসী) বলা হয়।

۝١٨٥ وما انت الا بشر مثلنا وان نظنك لمن الكذبين ۝١٨٦ فاسقط علينا كسفا من

১৮৬। ওয়া মা~আন্তা ইল্লা- বাশারুম্ মিছ্লুনা- ওয়া ইন্ নাজুন্নুকা লামিনাল কা-যিবীন। ১৮৭। ফাআস্ক্বিত্ব 'আলাইনা- কিসাফাম্ মিনাস্
(১৮৬) তুমিতো আমাদের মতই একজন মানুষ, আমরা তোমাকে অবশ্যই মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত বলে মনে করি। (১৮৭) তুমি নিক্ষেপ কর আমাদের উপর

السماء ان كنت من الصدقين ۝١٨٧ قال ربي اعلم بما تعملون ۝١٨٨ فكذبوه

সামা—ই ইন্ কুন্তা মিনাস্ব স্বা-দিক্বীন। ১৮৮। ক্বা-লা রাব্বী ~আ'লামু বিমা- তা'মালূন। ১৮৯। ফাকায্যাবূহু
আকাশের একটা টুকরা, যদি তুমি সত্যবাদী হও। (১৮৮) তিনি বললেন, তোমরা যা কর সে সম্পর্কে আমার প্রতিপালক খুবই অবগত। (১৮৯) অতঃপর তারা তাঁকে

فاخذهم عذاب يوم الظلة ط انه كان عذاب يوم عظيم ۝١٨٩ ان في ذلك لاية ط

ফাআখাযাহুম 'আযা-বু ইয়াওমিয্ যুল্লাহ ; ইন্নাহূ কা-না 'আযা-বা ইয়াওমিন 'আযীম। ১৯০। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ ;
অস্বীকার করল, ফলে তাদেরকে মেঘাচ্ছন্ন দিনের শাস্তি পাকড়াও করল। নিশ্চয়ই সেটা ছিল মহা দিবসের শাস্তি। (১৯০) নিশ্চয়ই এর মধ্যে রয়েছে বড় নিদর্শন,

১০ ع ১৪ রুকূ وما كان اكثرهم مؤمنين ۝١٩٠ وان ربك لهو العزيز الرحيم ۝١٩١ وانه لتنزيل

ওয়া মা- কা-না আক্ছারুহুম্ মু'মিনীন। ১৯১। ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আযীযুর রাহীম। ১৯২। ওয়া ইন্নাহূ লাতান্যীলু
কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়। (১৯১) এবং নিশ্চয়ই তোমার প্রতিপালক, মহা পরাক্রমশালী, পরম দয়ালু। (১৯২) নিশ্চয় এ কুরআন সারা জাহানের

رب العلمين ۝١٩٢ نزل به الروح الامين ۝١٩٣ على قلبك لتكون من المنذرين ○

রাব্বিল্ 'আ-লামীন। ১৯৩। নাযালা বিহির্ রূহুল আমীন। ১৯৪। 'আলা- ক্বাল্বিকা লিতাকূনা মিনাল্ মুন্যিরীন।
প্রতিপালকের থেকে অবতীর্ণ। (১৯৩) যা নিয়ে বিশ্বস্ত ফিরিশতা (জীবরাঈল) অবতরণ করেছে (১৯৪) আপনার অন্তরে, যাতে আপনি ভীতি প্রদর্শকারী হতে পারেন।

۝١٩٤ بلسان عربي مبين ۝١٩٥ وانه لفي زبر الاولين ۝١٩٦ اولم يكن لهم

১৯৫। বিলিসা-নিন্ 'আরাবিয়্যিম্ মুবীন। ১৯৬। ওয়া ইন্নাহূ লাফী যুবুরিল্ আওয়্যালীন। ১৯৭। আওয়ালাম ইয়াকুল্ লাহুম
(১৯৫) সুস্পষ্ট আরবী ভাষায়। (১৯৬) পূর্ববর্তী কিতাবসমূহেও এ কুরআনের কথা অবশ্যই উল্লেখ রয়েছে। (১৯৭) এটা কি তাদের জন্য নিদর্শন হিসেবে যথেষ্ট নয়

اية ان يعلمه علمؤا بني اسراءيل ۝١٩٧ ولو نزلنه على بعض الاعجمين ○

আ-ইয়াতান্ আঁই ইয়া'লামাহূ 'উলামা—উ বানী~ইস্রা—ঈল। ১৯৮। ওয়ালাও নায্যাল্না-হু 'আলা- বা'দ্বিল আ'জামীন।
যে, কুরআনকে বনী ইসরাঈলের আলিমগণও জানে। (১৯৮) আর যদি আমি তা (কুরআন) কোন অনারব ব্যক্তির উপর নাযিল করতাম,

۝١٩٨ فقراه عليهم ما كانوا به مؤمنين ۝١٩٩ كذلك سلكنه في قلوب المجرمين ○

৩ ওয়াক্বফে গোফরান

শাজ্বারিল্ আখ্দ্বারি না-রান্ ফাইযা- আন্তুম্ মিন্হু তূক্বিদূন। ৮১। আওয়া লাইসাল্ লাযী খালাক্বাস্
বৃক্ষ হতে অগ্নি সৃষ্টি করেছেন, ফলে তোমরা তা থেকে আগুন জ্বালিয়ে থাক। (৮১) যিনি আকাশ ও পৃথিবীকে সৃষ্টি করেছেন,

السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يَّخْلُقَ مِثْلَهُمْ ۗ بَلٰى ۗ وَهُوَ الْخَلّٰقُ

সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা বিক্বা-দিরিন্ 'আলা~আইঁ ইয়াখ্লুক্বা মিছ্লাহুম ; বালা-, ওয়া হুওয়াল খাল্লা-কুল
তিনি কি সক্ষম নন, (পুনরায়) অনুরূপ ভাবে সৃষ্টি করতে? অবশ্যই সক্ষম। তিনি সৃষ্টিকর্তা,

○ টীকা (আঃ ৮০) ঃ আলোচ্য আয়াত দ্বারা আল্লাহ তা'আলা তৎকালীন আরবদের অকৃতজ্ঞতা জনিত ভ্রান্তি অপনোদন করে বলেছেন যে, তোমরা যে সরস বৃক্ষ হতে তাদেরকে পরস্পর ঘর্ষণ করে অগ্নি উৎপন্ন কর সে বৃক্ষকেও পরম দাতা শক্তিশালী একক আল্লাহ সৃষ্টি করেছেন। আরবাসীরা মারখ ও ইফার নামক দুটি বৃক্ষের শাখাকে পরস্পর ঘর্ষণ করে অগ্নি প্রজ্জ্বলিত করে। তাদের মতে আঙ্গুর ব্যতীত সকল প্রকার কাষ্ঠ হতে অগ্নি উৎপাদিত হয়। তবে মারখ, ইফার যন্দদ ও যন্দা বৃক্ষ হতে সাধারণত অগ্নি জ্বালান হয়। ○ বিশ্লেষণ (আঃ ৮০) ঃ ......الشجر الاخضر - আরবে দু ধরনের বৃক্ষ ছিল। একটি 'মারখ' অন্যটি 'ইফার'। এ দুটি কাঠ মিলিয়ে ঘর্ষণ করলে আগুন জ্বলত। এখানে সবুজ বৃক্ষ দ্বারা সেটাই বুঝান হয়েছে। (কুঃ কারীম)

الْعَلِيْمُ (٨١) اِنَّمَآ اَمْرُهٗٓ اِذَآ اَرَادَ شَيْئًا اَنْ يَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ○

'আলীম। ৮২। ইন্নামা~আম্‌রুহূ~ইযা~আরা-দা শাইআন্ আঁই ইয়াকূলা লাহূ কুন্ ফাইয়াকূন।
মহাজ্ঞানী। (৮২) তিনি যখন কোন জিনিস সৃষ্টি করতে চান, তখন তিনি (শুধু) বলেন, 'কুন' (হও)। অতঃপর (সেটি) হয়ে যায়।

(٨٢) فَسُبْحٰنَ الَّذِيْ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّاِلَيْهِ تُرْجَعُوْنَ ○ ع ৫ ৪ রুকূ

৮৩। ফাসুব্‌হা-নাল্ লাযী বিয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িঁও ওয়া ইলাইহি তুর্‌জা'উন।
(৮৩) পবিত্র তিনি (আল্লাহ), যাঁর (কুদরতী) হাতে রয়েছে প্রতিটি জিনিসের কর্তৃত্ব (বাদশাহী) এবং তাঁর দিকেই তোমরা প্রত্যাবর্তিত হবে।

সূরা ছা-ফফা-ত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৮২
রুকূ ঃ ৫

وَالصّٰٓفّٰتِ صَفًّا (١) فَالزّٰجِرٰتِ زَجْرًا (٢) فَالتّٰلِيٰتِ ذِكْرًا (٣) اِنَّ اِلٰهَكُمْ لَوَاحِدٌ ○

১। ওয়াস্বস্বা-ফফা-তি স্বাফ্‌ফান। ২। ফায্‌যা-জ্বিরা-তি যাজ্‌রান। ৩। ফাত্তা-লিইয়া-তি যিক্‌রান। ৪। ইন্না ইলা-হাকুম লাওয়া-হিদ।
(১) শপথ, যারা সারিবদ্ধ ভাবে দাঁড়ায়, (২) এবং (শপথ) ধমকের সাথে বাধা প্রদানকারীদের, (৩) এবং (শপথ) যিকর পাঠকারীদের। (৪) নিশ্চয়ই তোমাদের মাবুদ একজন।

৬ মঞ্জিল

(٤) رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ (٥) اِنَّا زَيَّنَّا السَّمَآءَ

৫। রাব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়ামা- বাইনাহুমা- ওয়া রাব্বুল্ মাশা-রিক্ব। ৬। ইন্না- যাইয়্যান্নাস্ সামা—আদ্
(৫) যিনি আকাশ ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছুর প্রতিপালক এবং প্রতিপালক পূর্ব দিকগুলোর। (৬) আমি সুসজ্জিত করেছি নিকটতর আকাশকে,

الدُّنْيَا بِزِيْنَةِ الْكَوَاكِبِ (٦) وَحِفْظًا مِّنْ كُلِّ شَيْطٰنٍ مَّارِدٍ (٧) لَا يَسَّمَّعُوْنَ

দুন্‌ইয়া- বিযীনাতিনিল্ কাওয়া-কিব্। ৭। ওয়া হিফ্‌জাম্ মিন্ কুল্লি শাইত্বা-নিম্ মা-রিদ্। ৮। লা- ইয়াস্‌সাম্মা'উনা
তারকাগুলোর সৌন্দর্য দ্বারা। (৭) এবং সেটা প্রত্যেক অবাধ্য শয়তান হতে সংরক্ষণ করেছি। (৮) (এ কারণে) তারা উর্ধ জগতের ফেরেশতাদের মজলিসের দিকে

اِلَى الْمَلَاِ الْاَعْلٰى وَيُقْذَفُوْنَ مِنْ كُلِّ جَانِبٍ (٨) دُحُوْرًا وَّلَهُمْ عَذَابٌ

ইলাল্ মালাইল্ 'আলা- ওয়া ইউক্বযাফূনা মিন্ কুল্লি জ্বা-নিব্। ৯। দুহূরাওঁ ওয়া লাহুম 'আযা-বুওঁ
(তাদের কথা শোনার জন্য) কান দিতে পারে না। প্রতিটি দিক হতে তাদের উপর (অগ্নি শিখা) নিক্ষিপ্ত হয়, (৯) (তাদের) তাড়িয়ে দেয়ার জন্য। তাদের জন্য রয়েছে

وَّاصِبٌ (٩) اِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَاَتْبَعَهٗ شِهَابٌ ثَاقِبٌ (١٠) فَاسْتَفْتِهِمْ اَهُمْ

ওয়া-স্বিব্। ১০। ইল্লা- মান্ খাত্বিফাল্ খাত্বফাতা ফাআত্‌বা'আহূ শিহা-বুন্ ছা-ক্বিব। ১১। ফাস্‌তাফ্‌তিহিম্ আহুম্
স্থায়ী শাস্তি। (১০) কিন্তু যে হঠাৎ কিছু কথা নিয়ে ভাগে, তখন তাদের পিছু ধাওয়া করে (এক) জ্বলন্ত অগ্নি শিখা। (১১) (যারা অবিশ্বাসী) তাদের জিজ্ঞেস করুন, তাদের সৃষ্টি করা

○ টীকা (আঃ ১) ঃ আল্লাহর আদেশ পালনের জন্য ফেরেশতাদের সারিবদ্ধভাবে দণ্ডায়মান থাকার কথা অন্য আয়াতেও বর্ণিত আছে এবং হাদীস শরীফেও উল্লেখ রয়েছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২) ঃ ……فالزجرت - যে ফিরিশতা শয়তানকে আকাশে যেতে বাধা প্রদান করে ও ধমকের সাথে তাড়িয়ে দেয়। অথবা সে নেক ব্যক্তিগণ, যারা নিজেরা গুনাহ থেকে বেঁচে থাকে এবং অন্যকে গুনাহর কাজে ধমক দিয়ে তা থেকে বাধা দেয়। (তাঃ ওসমানী)
○ টীকা (আঃ ৩) ঃ অর্থাৎ, আসমানী সংবাদ চুপি চুপি শ্রবণের উদ্দেশ্যে শয়তানরা আসমানে আরোহণ কালে। যে ফেরেশতাগণ জ্বলন্ত তারকা শিখা নিক্ষেপ করে তাদেরকে বিতাড়িত করে দেয়, তাদের শপথ। (বঃ কোঃ)

اَشَدُّ خَلْقًا اَمْ مَّنْ خَلَقْنَا ۭ اِنَّا خَلَقْنٰهُمْ مِّنْ طِيْنٍ لَّازِبٍ (١١) بَلْ عَجِبْتَ

আশাদ্দু খাল্‌ক্বান্ আম্‌মান্ খালাক্বনা-; ইন্না- খালাক্বনা-হুম্ মিন্ ত্বীনিল্ লা-যিব্। ১২। বাল্ 'আজ্বিব্‌তা
অধিক কঠিন না, তাদের, যাদেরকে তোমাদের ব্যতীত সৃষ্টি করেছি? নিশ্চয়ই আমি তাদেরকে গাঢ় মাটি দিয়ে সৃষ্টি করেছি। (১২) (হে নবী!) আপনি তো আশ্চর্যান্বিত হয়েছেন।

وَيَسْخَرُوْنَ (١٢) وَاِذَا ذُكِّرُوْا لَا يَذْكُرُوْنَ (١٣) وَاِذَا رَاَوْا اٰيَةً يَّسْتَسْخِرُوْنَ ○

ওয়া ইয়াস্‌খারূন। ১৩। ওয়া ইযা- যুক্কিরূ লা- ইয়ায্‌কুরূন। ১৪। ওয়া ইযা- রাআও আ-য়াতাঁই ইয়াস্‌তাস্‌খিরূন।
আর তারা উপহাস করছে। (১৩) যখন তাদেরকে উপদেশ দেয়া হয় সে উপদেশ তারা মানে না। (১৪) আর যখন কোন নিদর্শন দেখে, তারা তখন সেগুলোকেও উপহাস করে।

(١٤) وَقَالُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ (١٥) ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا

১৫। ওয়া ক্বা-লূ~ইন্ হা-যা~ ইল্লা- সিহ্‌রুম্ মুবীন। ১৬। আ ইযা- মিত্‌না- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইজা-মান্ আইন্না-
(১৫) এবং বলে, এগুলো প্রকাশ্য যাদু ছাড়া আর কিছু নহে। (১৬) আমরা যখন মারা যাব এবং মাটি ও হাড্ডি হয়ে যাব, তখনও কি আমাদেরকে

لَمَبْعُوْثُوْنَ (١٦) اَوَاٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ (١٧) قُلْ نَعَمْ وَاَنْتُمْ دَاخِرُوْنَ (١٨) فَاِنَّمَا

লামাব্‌'উছূন। ১৭। আওয়া আ-বা—উনাল্ আওয়্যালূন। ১৮। কুল্ না'আম্ ওয়া আন্‌তুম দা-খিরূন। ১৯। ফাইন্নামা-
উঠানো হবে? (১৭) আর আমাদের পূর্বের পিতৃ পুরুষদেরকেও? (১৮) আপনি বলুন, হাঁ হাঁ এবং তোমরা (ক্বেয়ামতের দিন) অপমানিত হবে। (১৯) সেদিন শুধু মাত্র

هِيَ زَجْرَةٌ وَّاحِدَةٌ فَاِذَا هُمْ يَنْظُرُوْنَ (١٩) وَقَالُوْا يٰوَيْلَنَا هٰذَا يَوْمُ الدِّيْنِ ○

হিয়া যাজ্বরাতু ওয়া-হিদাতুন্ ফাইযা- হুম্ ইয়ান্‌জুরূন। ২০। ওয়াক্বালূ ইয়া-ওয়াইলানা- হা-যা- ইয়াওমুদ্ দীন।
একটি (ভীষণ) আওয়াজ হবে, আর সে সময়ই তা তারা দেখবে। (২০) এবং তারা বলবে যে, হায় আফসোস! এটাই তো প্রতিদান দিবস।

১ ع ২১ ৫ রুকূ

(٢٠) هٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ (٢١) اُحْشُرُوا الَّذِيْنَ ظَلَمُوْا

২১। হা-যা- ইয়াওমুল্ ফাস্বলিল্লাযী কুন্‌তুম্ বিহী তুকায্‌যিবূন। ২২। উহ্‌শুরুল লাযীনা জালামূ
(২১) (আল্লাহ বলবেন) এটাই সে মীমাংসার দিবস, যে দিবসকে তোমরা অবিশ্বাস করতে। (২২) (আল্লাহর পক্ষ থেকে ফিরিশতাগণকে বলা হবে) একত্র কর, জালিমও তাদের

وَاَزْوَاجَهُمْ وَمَا كَانُوْا يَعْبُدُوْنَ (٢٢) مِنْ دُوْنِ اللّٰهِ فَاهْدُوْهُمْ اِلٰى صِرَاطِ

ওয়া আয্‌ওয়া- জ্বাহুম ওয়ামা- কা-নূ ই'য়াবুদূন। ২৩। মিন্ দূনিল্লা-হি ফাহ্‌দূহুম্ ইলা- স্বিরা-ত্বিল্
সাথীদেরকে এবং তাদেরকেও যাদের তারা ইবাদাত করত (২৩) আল্লাহ্ ব্যতীত তাদেরকে। অতঃপর তাদেরকে পরিচালিত কর জাহান্নামের

○ এক চতুর্থাংশ

الْجَحِيْمِ (٢٣) وَقِفُوْهُمْ اِنَّهُمْ مَّسْئُوْلُوْنَ (٢٤) مَا لَكُمْ لَا تَنَاصَرُوْنَ (٢٥) بَلْ هُمُ الْيَوْمَ

জ্বাহীম। ২৪। ওয়া ক্বিফূহুম ইন্নাহুম মাস্‌উলূন। ২৫। মা- লাকুম লা- তানা-স্বারূন। ২৬। বাল্ হুমুল্ ইয়াওমা
পথে। (২৪) অতঃপর তাদেরকে থামাও, কারণ তাদের কাছে প্রশ্ন করা হবে, (২৫) তোমাদের কি হল যে, তোমরা একে অপরকে সাহায্য করছ না? (২৬) বরং তারা সব আজ

○ টীকা (আঃ ১১) ঃ মক্কার কাফেররা পরকাল সম্পর্কে যে সন্দেহ প্রকাশ করত, এখানে এর জবাব দেয়া হয়েছে। তারা মনে করত, পরকাল সম্ভব নয়। কেননা মরে যাওয়া লোকদের পুনরায় জীবিত হওয়া অসম্ভব। এর জবাবে পরকালের সম্ভাবনার দলীল ও প্রমাণ পেশ করে আল্লাহ্ তায়ালা সর্বপ্রথম তাদের সামনে এ প্রশ্ন উপস্থিত করেছেন। যে মৃত্যু মানুষকে পুনরায় পয়দা করা তোমাদের মতে যদি বড় কঠিন ব্যাপার হয়ে থাকে যে আল্লাহর পক্ষে এ বিরাট বিশাল বিশ্বলোক সৃষ্টি করা কঠিন বা অসম্ভব হয় না এবং যিনি একবার তোমাদের পয়দা করতে পেরেছেন, তার সম্পর্কে তোমরা মনে করছো যে, তিনি আবার তোমাদেরকে সৃষ্টি করতে অক্ষম এ কেমন করে যুক্তি সংগত হতে পারে.....? তোমাদের বুদ্ধি বলতে কি কিছু নেই। (কুঃ কারীম)

مُسْتَسْلِمُوْنَ (٢٦) وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ (٢٧) قَالُوْٓا اِنَّكُمْ كُنْتُمْ

মুস্তাস্লিমূন। ২৭। ওয়া আক্ববালা 'বাদ্বুহুম্ 'আলা- 'বাদ্বিই ইয়াতাসা—আলূন। ২৮। ক্বা-লূ~ইন্নাকুম্ কুন্তুম্
আনুগত্যতা স্বীকার করবে। (২৭) তারা একজন অন্য জনের দিকে মুখ করে পরস্পরে জিজ্ঞাসাবাদ করবে, (২৮) তারা (তাদের নেতাদেরকে) বলবে,

تَاْتُوْنَنَا عَنِ الْيَمِيْنِ (٢٨) قَالُوْا بَلْ لَّمْ تَكُوْنُوْا مُؤْمِنِيْنَ (٢٩) وَمَا كَانَ لَنَا عَلَيْكُمْ

তা'তূনানা- 'আনিল্ ইয়ামীন। ২৯। ক্বা-লূ বাল্ লাম্ তাকূনূ মু'মিনীন। ৩০। ওয়া মা- কা-না লানা- 'আলাইকুম্
তোমরা তো আমাদের কাছে আসতে ডান দিক থেকে। (২৯) তারা (নেতারা) বলবে, তোমরা তো ঈমানদারই ছিলে না। (৩০) এবং আমাদের কোন কর্তৃত্বই তোমাদের

مِّنْ سُلْطٰنٍ ۚ بَلْ كُنْتُمْ قَوْمًا طٰغِيْنَ (٣٠) فَحَقَّ عَلَيْنَا قَوْلُ رَبِّنَآ ۖ اِنَّا لَذَآئِقُوْنَ ○

মিন্ সুল্ত্বা-নিন্, বাল্ কুন্তুম্ ক্বাওমান্ ত্বা-গীন। ৩১। ফাহ্বাক্বক্বা 'আলাইনা- ক্বাওলু রাব্বিনা~, ইন্না- লাযা—ইক্বূন।
উপর ছিল না। বরং তোমরা ছিলে অবাধ্য সম্প্রদায়। (৩১) সুতরাং এখন আমাদের উপর আমাদের প্রতিপালকের বাণী সত্য হয়েছে, আমাদের (শাস্তি) ভোগ করতেই হবে।

(٣١) فَاَغْوَيْنٰكُمْ اِنَّا كُنَّا غٰوِيْنَ (٣٢) فَاِنَّهُمْ يَوْمَئِذٍ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ○

৩২। ফাআগ্ওয়াইনা-কুম্ ইন্না- কুন্না- গা-ওয়ীন। ৩৩। ফাইন্নাহুম ইয়াওমাইযিন্ ফিল্ 'আযা-বি মুশ্তারিকূন।
(৩২) আমরা তোমাদেরকে পথভ্রষ্ট করেছিলাম, কারণ, আমরা নিজেরাও পথভ্রষ্ট ছিলাম। (৩৩) অতঃপর সেদিন তারা (সব) শাস্তিতে শরীক হবে।

(٣٣) اِنَّا كَذٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِيْنَ (٣٤) اِنَّهُمْ كَانُوْٓا اِذَا قِيْلَ لَهُمْ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ ۙ

৩৪। ইন্না- কাযা-লিকা নাফ্'আলু বিল্মুজ্রিমীন। ৩৫। ইন্নাহুম কা-নূ~ইযা- ক্বীলা লাহুম লা~ইলা-হা ইল্লাল্লা-হু,
(৩৪) আমি এভাবেই করে থাকি গুনাহগার (মুশরিক)-দের প্রতি। (৩৫) তারা এমন ছিল যে, যখন তাদের কাছে বলা হত যে, আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই, তখন তারা

يَسْتَكْبِرُوْنَ (٣٥) وَيَقُوْلُوْنَ اَئِنَّا لَتَارِكُوْٓا اٰلِهَتِنَا لِشَاعِرٍ مَّجْنُوْنٍ (٣٦) بَلْ جَآءَ

ইয়াস্তাক্বিরূন। ৩৬। ওয়া ইয়াকূলূনা আইন্না- লাতা-রিকূ~আ-লিহাতিনা- লিশা-'ইরিম্ মাজ্নূন। ৩৭। বাল্ জা—আ
অহংকার করত (৩৬) এবং বলত, আমরা কি আমাদের মাবুদগণকে এক উন্মাদ কবির (কথার) জন্য ছেড়ে দিব? (৩৭) (আল্লাহ বলেন) সে (নবী) সত্য (দ্বীন)

بِالْحَقِّ وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ (٣٧) اِنَّكُمْ لَذَآئِقُوا الْعَذَابِ الْاَلِيْمِ ۚ (٣٨) وَمَا تُجْزَوْنَ

বিল্হাক্বক্বি ওয়া স্বাদ্দাক্বাল মুরসালীন। ৩৮। ইন্নাকুম লাযা—ইক্বুল 'আযা-বিল্ আলীম। ৩৯। ওয়া মা- তুজ্যাওনা
নিয়ে এসেছে এবং সে সব রাসূলগণকে সত্যায়িত করে। (৩৮) (হে কাফির) তোমরা তো অবশ্যই যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করবে। (৩৯) আর তোমাদেরকে কেবল

اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ (٣٩) اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ (٤٠) اُولٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُوْمٌ ○

ইল্লা- মা- কুন্তুম তা'মালূন। ৪০। ইল্লা- 'ইবা-দাল লা-হিল্ মুখ্লাস্বীন। ৪১। উলা—ইকা লাহুম্ রিয্কুম্ 'মালূম।
তারই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে। (৪০) তবে তারা ব্যতীত, যারা আল্লাহর একনিষ্ঠ বান্দা। (৪১) তাদের জন্য রয়েছে নির্দিষ্ট রিযিক,

○ **বিশ্লেষণ (আঃ ২৮) ঃ** عن اليمين – ডান হাতে সাধারণত শক্তি বেশী থাকে। এখানে বুঝানো হয়েছে যে, তোমরা আমাদের বিভ্রান্ত করার জন্য জোর করতে এবং আমাদের সামনে তোমাদের শক্তি নিয়ে হাজির হতে, যাতে আমরা তোমাদের পথ অনুসরণ করি। (তাঃ ওসমানী)

○ **টীকা (আঃ ২৮) ঃ** মূলে 'ইয়ামীন' ডানহাত ব্যবহৃত হয়েছে। বাগ্‌ধারা অনুসারে যদি এর অর্থ শক্তি ও ক্ষমতা গ্রহণ করা হয় তবে এর মর্ম হবে– তোমরা জবরদস্তিমূলকভাবে আমাদেরকে পথভ্রষ্টতার দিকে টেনে নিয়ে গিয়েছিলে? আর যদি এর অর্থ মঙ্গল ও শুভ গ্রহণ করা হয় তবে এর মর্ম হবে– তোমরা আমাদের শুভাকাঙ্খীর বেশ ধরে আমাদেরকে প্রতারিত করেছিলে। আর যদি এর অর্থ শপথ বলে ধরা হয় তবে অর্থ হবে– তোমরা শপথ করে করে আমাদেরকে নিশ্চিন্ততা দান করেছিলে যে– যা তোমরা পেশ করছো সেটাই সত্য। (কুঃ কারীম)

(٤١) فَوَاكِهُ ۚ وَهُمْ مُّكْرَمُوْنَ (٤٢) فِىْ جَنّٰتِ النَّعِيْمِ (٤٣) عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ (٤٤) يُطَافُ

৪২। ফাওয়া-কিহু, ওয়া হুম্ মুকরামূন। ৪৩। ফী জান্না-তিন্ না'ঈম। ৪৪। 'আলা- সুরুরিম্ মুতাক্বা-বিলীন। ৪৫। ইউত্বা-ফু
(৪২) ফলসমূহ এবং তারা হবে সম্মানিত। (৪৩) তারা সুখময় জান্নাতে, (৪৪) তা সামনা-সামনি আসনের উপর বসবে। (৪৫) প্রবাহিত

عَلَيْهِمْ بِكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ (٤٥) بَيْضَآءَ لَذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ۚ (٤٦) لَا فِيْهَا غَوْلٌ

'আলাইহিম্ বিকা'সিম্ মিম্ মা'ঈনিম। ৪৬। বাইদ্বা—আ লায্যাতিল্ লিশ্শা-রিবীন। ৪৭। লা- ফীহা- গাওলুঁও
শরাবের পেয়ালা তাদের সামনে পরিবেশন করা হবে। (৪৬) যা হবে সাদা রং এর, সু-স্বাদু হবে পানকারীদের জন্য। (৪৭) তাতে নেশা জাতীয় কিছুই নেই

وَّلَا هُمْ عَنْهَا يُنْزَفُوْنَ (٤٧) وَعِنْدَهُمْ قٰصِرٰتُ الطَّرْفِ عِيْنٌ (٤٨) كَاَنَّهُنَّ بَيْضٌ

ওয়ালা- হুম্ 'আন্হা- ইউন্যাফূন। ৪৮। ওয়া 'ইন্দাহুম ক্বা-স্বিরা-তুত্ব ত্বার্ফি 'ঈন। ৪৯। কাআন্নাহুন্না বাইদ্বুম্
এবং তা পানে তারা মাতালও হবে না। (৪৮) এবং তাদের কাছে থাকবে দৃষ্টি অবনতকারী, বড় বড় (সুন্দর) চোখ ওয়ালা (হুর) গণ। (৪৯) মনে হয় যেন তারা লুক্কায়িত

مَّكْنُوْنٌ (٤٩) فَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ (٥٠) قَالَ قَآئِلٌ مِّنْهُمْ

মাক্নূন। ৫০। ফাআক্ববালা 'বাদ্বুহুম্ 'আলা- 'বাদ্বিই ইয়াতাসা—আলূন। ৫১। ক্বা-লা ক্বা—ইলুম্ মিন্হুম
ডিম। (৫০) (জান্নাতীগণ) একজন অন্য জনের দিকে মুখ করে (সামনা সামনি হয়ে) জিজ্ঞেস করবে। (৫১) তাদের মধ্যে একজন বলবে,

اِنِّىْ كَانَ لِىْ قَرِيْنٌ (٥١) يَّقُوْلُ اَئِنَّكَ لَمِنَ الْمُصَدِّقِيْنَ (٥٢) ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا

ইন্নী কা-না লী ক্বারীন। ৫২। ইয়াক্বূলু আইন্নাকা লামিনাল্ মুস্বাদ্দিক্বীন। ৫৩। আইযা- মিত্না- ওয়া কুন্না- তুরা-বাওঁ
আমার একজন (পৃথিবীতে) বন্ধু ছিল, (৫২) সে (আমাকে) বলত, তুমি কি (কিয়ামতে) বিশ্বাসকারী? (৫৩) আমরা যখন মারা যাব এবং মাটি ও হাড্ডি হয়ে যাব

وَّعِظَامًا ءَاِنَّا لَمَدِيْنُوْنَ (٥٣) قَالَ هَلْ اَنْتُمْ مُّطَّلِعُوْنَ (٥٤) فَاطَّلَعَ فَرَاٰهُ فِىْ

ওয়া 'ইজা-মান্ আইন্না- লামাদীনূন। ৫৪। ক্বা-লা হাল্ আন্তুম্ মুত্ত্বালি'উন। ৫৫। ফাত্ত্বালা'আ ফারাআ-হু ফী
তখন কি আমাদেরকে প্রতিফল দেয়া হবে? (৫৪) আল্লাহ বলবেন, তোমরা কি একটু ঝুঁকে তাঁকে দেখতে চাও? (৫৫) অতঃপর সে নীচে ঝুঁকবে এবং তাকে জাহান্নামের

سَوَآءِ الْجَحِيْمِ (٥٥) قَالَ تَاللّٰهِ اِنْ كِدْتَّ لَتُرْدِيْنِ (٥٦) وَلَوْلَا نِعْمَةُ رَبِّىْ لَكُنْتُ

সাওয়া—ইল্ জ্বাহ্বীম। ৫৬। ক্বা-লা তাল্লা-হি ইন্ কিত্তা লাতুর্দীন। ৫৭। ওয়া লাওলা- 'নিমাতু রাব্বী লাকুন্তু
মধ্যে দেখতে পাবে। (৫৬) সে (জান্নাতী) বলবে, আল্লাহর শপথ! তুমি তো আমাকে ধ্বংসে করাই শুরু করেছিলে, (৫৭) আমার প্রতিপালকের রহমত না হলে, তবে আমিও

مِنَ الْمُحْضَرِيْنَ (٥٧) اَفَمَا نَحْنُ بِمَيِّتِيْنَ (٥٨) اِلَّا مَوْتَتَنَا الْاُوْلٰى وَمَا نَحْنُ

মিনাল্ মুহ্দ্বারীন। ৫৮। আফামা- নাহ্নু বিমাইয়্যিতীন। ৫৯। ইল্লা- মাওতাতানাল্ উলা- ওয়ামা- নাহ্নু
জাহান্নামে উপস্থিতদের মধ্যে হতাম। (৫৮) আমরা তো আর (জান্নাতে) মরব না (৫৯) আমাদের প্রথম বারের মরণের পরে এবং আমরা

○ **বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ** بيض مكنون – অর্থাৎ শুত্রু মুরগীর ডিম। যা খুবই সুন্দর রং-এর হয়ে থাকে এবং ডিমগুলো, মুরগী তার পাখার নীচে খুবই যত্নের সাথে লুকিয়ে রাখে। তাতে ডিমের সৌন্দর্য নষ্ট হতে পারে না। (কুঃ কারীম) ○ **টীকা (আঃ ৫৯) ঃ** বেহেশতবাসীগণ পরস্পর আলোচনা করতে করতে তাদের পার্থিব বিপথগামী জনৈক বন্ধুর কথা স্মরণ করে বলবে– চল আমরা তার অবস্থা দেখি। তৎপর তারা তাকিয়ে দেখবে যে, সে কেয়ামত অবিশ্বাসী বিপথগামী লোক দোযখে পতিত হয়ে অসীম যন্ত্রণা ভোগ করতেছে। তখন তারা তাকে বলবে– পৃথিবীতে যদি আমরা তোমার কথা অনুযায়ী চলতাম তবে আমরাও এরূপে শাস্তি পেতাম। করুণাময় আল্লাহ তা'আলা স্বীয় করুণায় আমাদেরকে উদ্ধার করেছেন। এক্ষণে অবহিত হও, আমরা মাত্র একবারই মৃত্যুরকবলে পতিত হয়েছিলাম। এখন আমরা অনন্ত জীবন লাভ করে চিরসুখী হয়েছি। এটাই পরম সাফল্য। (কুঃ কাঃ)

بِمُعَذَّبِينَ (٦٠) إِنَّ هَٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيمُ (٦١) لِمِثْلِ هَٰذَا فَلْيَعْمَلِ الْعَامِلُونَ ○

বিমু'আয্যাবীন। ৬০। ইন্না হা-যা- লাহুওয়াল্ ফাওযুল 'আজীম। ৬১। লিমিছ্লি হা-যা- ফাল্ ই'য়ামালিল্ 'আ-মিলূন।
তো আর শাস্তি পাব না? (৬০) (জান্নাতীদের জন্য) এটাতো বিরাট সফলতা। (৬১) এরূপ সাফল্য লাভের জন্য কর্মশীলদের সাধনা করা উচিত।

(٦٢) أَذَٰلِكَ خَيْرٌ نُّزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّومِ (٦٣) إِنَّا جَعَلْنَاهَا فِتْنَةً لِّلظَّالِمِينَ ○

৬২। আযা-লিকা খাইরুন্ নুযুলান্ আম্ শাজ্বারাতুয্ যাক্কূম। ৬৩। ইন্না- জ্বা'আল্না-হা- ফিত্নাতাল্ লিজ্জা-লিমীন।
(৬২) আতিথেয়তার জন্য কি এটাই উত্তম, না যাক্কুম বৃক্ষ? (৬৩) আমি এটা জালিমদের জন্য পরীক্ষা স্বরূপ বানিয়ে রেখেছি।

(٦٤) إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ (٦٥) طَلْعُهَا كَأَنَّهُ رُءُوسُ الشَّيَاطِينِ ○

৬৪। ইন্নাহা- শাজ্বারাতুন্ তাখ্রুজু ফী~আস্বলিল্ জ্বাহীম। ৬৫। ত্বাল্'উহা- কাআন্নাহূ রুঊসুশ্ শায়া-ত্বীন।
(৬৪) এ (যাক্কুম) বৃক্ষ জাহান্নামের (তল) দেশ থেকে উৎপন্ন হয়। (৬৫) যার গুচ্ছ (শাখা) শয়তানের মাথার মত।

(٦٦) فَإِنَّهُمْ لَآكِلُونَ مِنْهَا فَمَالِئُونَ مِنْهَا الْبُطُونَ (٦٧) ثُمَّ إِنَّ لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا

৬৬। ফাইন্নাহুম লাআ-কিলূনা মিন্হা- ফামা-লিউনা মিন্হাল্ বুতূন। ৬৭। ছুম্মা ইন্না লাহুম 'আলাইহা- লাশাওবাম্
(৬৬) তারা (জাহান্নামীরা) সে বৃক্ষ থেকেই খাবে এবং তা দিয়েই উদর পূর্ণ করবে। (৬৭) অতঃপর তাদের (পিপাসা মিটানোর) জন্য থাকবে গরম

مِّنْ حَمِيمٍ (٦٨) ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى الْجَحِيمِ (٦٩) إِنَّهُمْ أَلْفَوْا آبَاءَهُمْ ضَالِّينَ ○

মিন্ হ্বামীম। ৬৮। ছুম্মা ইন্না মার্জ্বি'আহুম্ লাইলাল্ জ্বাহ্বীম। ৬৯। ইন্নাহুম্ আল্ফাও আ-বা—আহুম দ্বা—ল্লীন।
পানির মিশ্রণ। (৬৮) এবং তাদের প্রত্যাবর্তন স্থল হবে জাহান্নামেরই দিকে। (৬৯) নিশ্চয়ই তারা তাদের পিতৃ পুরুষদেরকে পেয়েছিল বিভ্রান্ত অবস্থায়।

(٧٠) فَهُمْ عَلَىٰ آثَارِهِمْ يُهْرَعُونَ (٧١) وَلَقَدْ ضَلَّ قَبْلَهُمْ أَكْثَرُ الْأَوَّلِينَ (٧٢) وَلَقَدْ

৭০। ফাহুম্ 'আলা~আ-ছা-রিহিম্ ইউহ্রা'উন। ৭১। ওয়া লাক্বাদ্ দ্বাল্লা ক্বাব্লাহুম্ আক্ছারুল্ আওয়্যালীন ৭২। ওয়া লাক্বাদ্
(৭০) এবং তারা তাদের পদ চিহ্নের উপর দৌড়াতে ছিল। (৭১) তাদের পূর্বেও অনেক লোক, বিভ্রান্ত হয়েছিল অতীতের (৭২) এবং আমি তাদের মাঝে

أَرْسَلْنَا فِيهِم مُّنذِرِينَ (٧٣) فَانظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنذَرِينَ (٧٤) إِلَّا عِبَادَ اللَّهِ

আর্সাল্না- ফীহিম্ মুন্যিরীন। ৭৩। ফান্জুর্ কাইফা কা-না 'আক্বিবাতুল মুন্যারীন। ৭৪। ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্
ভীতি প্রদর্শনকারী (নবী) প্রেরণ করেছিলাম। (৭৩) এখন দেখ তাদের পরিণাম (শাস্তি) কেমন হয়েছিল, যাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছিল। (৭৪) কিন্তু আল্লাহর একনিষ্ঠ

الْمُخْلَصِينَ (٧٥) وَلَقَدْ نَادَانَا نُوحٌ فَلَنِعْمَ الْمُجِيبُونَ (٧٦) وَنَجَّيْنَاهُ وَأَهْلَهُ

মুখ্লাস্বীন। ৭৫। ওয়ালা ক্বাদ্ না-দা-না- নূহুন্ ফালা'নিমাল্ মুজ্বীবূন। ৭৬। ওয়া নাজ্জ্বাইনা-হু ওয়া আহ্লাহূ
বান্দাদের ব্যতীত। (৭৫) আমাকে নূহ ডেকেছিলেন, আমি কত উত্তম জবাব দাতা। (৭৬) আমি তাকে এবং তার পরিবার-পরিজনদেরকে কঠিন মসিবত

ع ২ ৫৩ ৬ রুকু

○ টীকা (আঃ ৬০) ঃ অর্থাৎ, আনন্দের আবেগে বলবে, আল্লাহ যাবতীয় বিপদ ও কষ্ট হতে তাকে মুক্তি দিয়ে চিরতরে নিশ্চিন্ত করেছেন। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬৪) ঃ বায়যাবী (র) লিখেছেন, যাক্কুম বৃক্ষের পাতাগুলো ক্ষুদ্র ক্ষুদ্র এবং দুর্গন্ধময় তিক্ত স্বাদবিশিষ্ট। মোহরা' এবং 'সিজ' গাছ প্রায় এর সদৃশ। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬৫) ঃ কেননা, তারা এর অস্তিত্ব অবিশ্বাস করে এবং বিদ্রূপ করে বলে, 'যাক্কুম' অর্থ মাখন ও খোরমা, এটা তো খুব সুস্বাদু। আরও বলে যে, 'যাক্কুম' বৃক্ষ হলে অগ্নিতে উৎপন্ন হয় কিরূপে? সম্মুখে এর উত্তর আসছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৭৬) ঃ ......اهله - পরিবার দ্বারা বুঝানো হয়েছে, হযরত নূহের (আ) প্রতি ঈমান গ্রহণকারীগণকে। তাঁর পরিবার-পরিজনের মধ্যে যারা মুমিন তারাও এর অন্তর্ভুক্ত। الكرب العظـ - (মহা বিপদ) অর্থাৎ মহা তুফান। যাতে হযরত নূহের (আ) সম্প্রদায় (যারা মুমিন ছিল না) নিমজ্জিত হয়েছিল। (কুঃ কারীম)

مِنَ الْكَرْبِ الْعَظِيمِ (٧٧) وَجَعَلْنَا ذُرِّيَّتَهُ هُمُ الْبَاقِينَ (٧٨) وَتَرَكْنَا عَلَيْهِ فِي

মিনাল্ কার্বিল্ 'আজীম। ৭৭। ওয়া জ্বা'আল্না- যুর্রিয়্যাতাহূ হুমুল্ বা-ক্বীন। ৭৮। ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্
থেকে রক্ষা করেছিলাম। (৭৭) এবং আমি তার সন্তানদেরকে (বংশজারী রাখায়) বাকি রেখেছি। (৭৮) আমি জারী রেখেছি পরবর্তীদের মধ্যে

الْآخِرِينَ (٧٩) سَلَامٌ عَلَىٰ نُوحٍ فِي الْعَالَمِينَ (٨٠) إِنَّا كَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ○

আ-খিরীন। ৭৯। সালা-মুন্ 'আলা- নূহ্বিন্ ফিল্ 'আ-লামীন। ৮০। ইন্না- কাযা-লিকা নাজ্বযিল্ মুহ্বসিনীন।
তার উত্তম আলোচনা, (৭৯) সারা জাহানে নূহের প্রতি 'সালাম' (শান্তি) বর্ষিত হোক। (৮০) নিশ্চয়ই আমি এভাবে পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি।

(٨١) إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِينَ (٨٢) ثُمَّ أَغْرَقْنَا الْآخَرِينَ (٨٣) وَإِنَّ مِن شِيعَتِهِ

৮১। ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন। ৮২। ছুম্মা আগ্রাক্বনাল্ আ-খারীন। ৮৩। ওয়া ইন্না মিন্ শী'আতিহী
(৮১) সে ছিল আমার মুমিন বান্দাদের অন্তর্ভুক্ত। (৮২) অতঃপর আমি অন্য সবকে ডুবিয়ে দিলাম। (৮৩) ইবরাহীম তো নূহের অনুসারীদের

ওয়াক্বফে লাযেম

لَإِبْرَاهِيمَ (٨٤) إِذْ جَاءَ رَبَّهُ بِقَلْبٍ سَلِيمٍ (٨٥) إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَاذَا

লাইব্রা-হীম। ৮৪। ইয্ জ্বা—আ রাব্বাহূ বিক্বাল্বিন্ সালীম। ৮৫। ইয্ ক্বা-লা লিআবীহি ওয়া ক্বাওমিহী মা-যা-
অন্তর্ভুক্ত ছিল। (৮৪) স্মরণ করুন! যখন সে তার রবের কাছে উপস্থিত হয়েছিলেন পবিত্র আত্মা নিয়ে, (৮৫) যখন সে তার পিতা ও তার সম্প্রদায়কে বললেন, তোমরা কিসের

تَعْبُدُونَ (٨٦) أَئِفْكًا آلِهَةً دُونَ اللَّهِ تُرِيدُونَ (٨٧) فَمَا ظَنُّكُم بِرَبِّ الْعَالَمِينَ ○

তা'বুদূন। ৮৬। আইফ্কান্ আ-লিহাতান্ দূনাল্লা-হি তুরীদূন। ৮৭। ফামা- জান্নুকুম্ বিরাব্বিল্ 'আ-লামীন।
ইবাদত (পূজা) করছ? (৮৬) তোমরা কি মিথ্যা মাবুদকে চাও, আল্লাহর পরিবর্তে? (৮৭) তোমাদের সারা'জাহানের প্রতিপালক (আল্লাহ) সম্পর্কে কি ধারণা?

(٨٨) فَنَظَرَ نَظْرَةً فِي النُّجُومِ (٨٩) فَقَالَ إِنِّي سَقِيمٌ (٩٠) فَتَوَلَّوْا عَنْهُ مُدْبِرِينَ ○

৮৮। ফানাজারা নাজ্রাতান্ ফিন্ নুজূম। ৮৯। ফাক্বা-লা ইন্নী সাক্বীম। ৯০। ফাতাওয়াল্লাও 'আন্হু মুদ্বিরীন।
(৮৮) অতঃপর সে তারকাগুলোর প্রতি একবার তাকালেন। (৮৯) অতঃপর সে বললেন, নিশ্চয়ই আমি ব্যাধিগ্রস্ত। (৯০) একথায় তারা সব (তাকে রেখে) চলে গেল।

○ টীকা (আঃ ৯০) ঃ এস্থলে কতিপয় মর্যাদাসম্পন্ন অধ্যবসায়ী ভয় প্রদর্শনকারী প্রেরিত মহাপুরুষগণের বিবরণ উল্লেখ করা হয়েছে; যাতে দুষ্টবুদ্ধি মক্কাবাসীরা শিক্ষা গ্রহণ করতে পারে। তন্মধ্যে সুপ্রসিদ্ধ অধ্যবসায়ী মহাপুরুষদ্বয় হযরত নূহ (আ) ও হযরত ইবরাহিম (আ)-এর জীবনেতিহাস সবিশেষ উল্লেখযোগ্য। প্রথমতঃ হযরত নূহ (আ)-এর ঘটনার সাথে হযরত রাসূলে করীম (সা)-এর যুগের ঘটনার বিশেষ সামঞ্জস্য রয়েছে। হযরত নূহ (আ)-এর যুগে জগৎব্যাপী অধর্ম অনাচারের প্রবল স্রোত চলতেছিল, এর গতিরোধ করার জন্য তিনি প্রেরিত হয়েছিলেন। তিনি দেশবাসীকে সুদীর্ঘকাল পর্যন্ত সৎপথে আহ্বান করে যখন অকৃতকার্য্য হয়েছিলেন, তখন তাঁর কতিপয় অনুগামী ব্যতীত তারা সকলেই মহাপ্লাবনে পতিত হয়ে নিমজ্জিত হল। উদ্ধার প্রাপ্তগণের বংশধর অবশিষ্ট রয়ে গেল। হযরত নূহ (আ)-এর সত্যসাধনার কথা লোকে বিস্মৃত হয় না, এখনও তাঁর প্রতি সালাম প্রেরিত হয়। মহাপুরুষ হযরত রাসূলে করীম (সা)-এর আবির্ভাবের যুগেও জগতের লোক অনুরূপ অধর্ম অনাচার কল্পিত উপাস্যের আরাধনা উপাসনা প্রভৃতি গর্হিত কার্যে লিপ্ত ছিল। তাদের পাপব্যধির আশু সুচিকিৎসার জন্য পারদর্শী বিজ্ঞ চিকিৎসকরূপে হযরত মহানবী (সা) প্রেরিত হয়েছিলেন। তাঁর ত্রুটিহীন সুচিকিৎসা অল্পদিনের মধ্যে সুফলপ্রসূ হল। নূহ (আ)-এর যুগে বিধর্মীরা নিমজ্জিত হয়েছিল। আর হযরত নবী করীম (সা)-এর যুগে লোক ধ্বংস হতে পরিত্রাণ পেয়ে ধর্মালোকে তাদের হৃদয়াকাশ সমুদ্ভাসিত হল। জাহাজারোহী মুষ্টিময় লোক হযরত নূহ (আ)-এর শিক্ষা দীক্ষা গ্রহণ করেছিল; পক্ষান্তরে বিশ্বের কোটি কোটি লোক হযরত মহানবী (সা)-এর ত্রুটিহীন সুশিক্ষা গ্রহণ করার সুযোগ পেয়েছে। তন্মধ্যে যারা তাঁর অনুপম শিক্ষা দীক্ষা গ্রহণ করেছে তারা সফলকাম হয়েছে এবং যারা অমান্য করে সত্যদ্রোহীতা করেছে তারা নিষ্ট হয়েছে। হযরত নূহ (আ)-এর যুগের লোকদের পরিত্রাণপথ বা জাহাজ ছিল কাষ্ঠ নির্মিত আর মহানবী হযরত মুহাম্মদ (সা)-এর জাহাজ হচ্ছে সুশিক্ষা প্রাপ্ত তাঁর প্রিয় সহচরগণ ও জ্ঞানগর্ভ পবিত্র কোরআন যা কেয়ামত পর্যন্ত অটুট থাকবে।
দ্বিতীয় ঘটনা ঃ হযরত ইবরাহীমের (আ)। তাঁর সম্প্রদায় এমন কি জন্মদাতা পিতাও ঘোর পৌত্তলিক ছিল। তাঁরা মূর্তি ও নক্ষত্র পুঞ্জের পূজা করত। তিনি তাদের ঐ সমস্ত কল্পিত শক্তিহীন উপাস্যসমূহের অসারতা যুক্তিসহকারে প্রতিপন্ন করে তাদেরকে ধর্ম পথে আহ্বান করতে লাগলেন। কিন্তু তারা তাকে মান্য করল না, উপরন্তু তাকে বিবিধ প্রকারে উৎপীড়ন করতে বদ্ধ পরিকর হল। প্রজ্বলিত অগ্নিকুণ্ডে তাঁকে নিক্ষেপ করল। আল্লাহ তা'আলা তাকে তা থেকে উদ্ধার করলেন অবশেষে তিনি শামদেশ অভিমুখে রওয়ানা হলেন। (কুঃ কারীম)

۝٩١ فَرَاغَ اِلٰٓى اٰلِهَتِهِمْ فَقَالَ اَلَا تَاْكُلُوْنَ ۚ ۝٩٢ مَا لَكُمْ لَا تَنْطِقُوْنَ ۝٩٣ فَرَاغَ

৯১। ফারা-গা ইলা~আ-লিহাতিহিম্ ফাক্বা-লা আলা- তা'কুলূন। ৯২। মা-লাকুম লা- তানত্বিকূন। ৯৩। ফারা-গা
(৯১) অতঃপর তিনি তাদের দেবতাদের কাছে গিয়ে বললেন, 'তোমরা খাদ্য গ্রহণ কর না কেন?' (৯২) 'তোমাদের কি হয়েছে যে, তোমরা কথা বল না?' (৯৩) এরপর

عَلَيْهِمْ ضَرْبًاۢ بِالْيَمِيْنِ ۝٩٤ فَاَقْبَلُوْٓا اِلَيْهِ يَزِفُّوْنَ ۝٩٥ قَالَ اَتَعْبُدُوْنَ مَا تَنْحِتُوْنَ ۙ

'আলাইহিম্ দ্বারবাম্ বিল্ ইয়ামীন। ৯৪। ফাআক্ববালূ~ইলাইহি ইয়াযিফ্ফূন। ৯৫। ক্বা-লা আতা'বুদূনা মা- তান্হিতূন।
তিনি তাদের ওপর ঝাপিয়ে পড়ে সবলে আঘাত হানলেন। (৯৪) লোকেরা তার দিকে ছুটে এল। (৯৫) তিনি বললেন, 'তোমরা তো স্বহস্তে নির্মিত প্রস্তর মূর্তির পূজা কর?'

۝٩٦ وَاللّٰهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُوْنَ ۝٩٧ قَالُوا ابْنُوْا لَهٗ بُنْيَانًا فَاَلْقُوْهُ فِى الْجَحِيْمِ ۙ

৯৬। ওয়াল্লা-হু খালাক্বাকুম্ ওয়ামা- তা'মালূন। ৯৭। ক্বা-লুব্ নূ লাহূ বুন্ইয়া-নান্ ফাআলক্বূহু ফিল্ জ্বাহীম।
(৯৬) 'আল্লাহ তোমাদেরকে এবং তোমাদের তৈরী বস্তুকেও সৃষ্টি করেছেন।' (৯৭) তারা বলল, 'অগ্নিকুন্ড বানাও, অতঃপর একে অগ্নিতে নিক্ষেপ কর।'

۝٩٨ فَاَرَادُوْا بِهٖ كَيْدًا فَجَعَلْنٰهُمُ الْاَسْفَلِيْنَ ۝٩٩ وَقَالَ اِنِّىْ ذَاهِبٌ اِلٰى رَبِّىْ

৯৮। ফাআরা-দূ বিহী কাইদান্ ফাজ্বা'আল্না- হুমুল্ আস্ফালীন। ৯৯। ওয়া ক্বা-লা ইন্নী যা-হিবুন্ ইলা- রাব্বী
(৯৮) তারা তার বিরুদ্ধে চক্রান্ত করেছিল, কিন্তু আমি তাদেরকে অতি নীচ করে দিলাম। (৯৯) এবং তিনি বলেছিলেন, আমিতো আমার রবের দিকে চললাম, নিশ্চয়ই তিনি

سَيَهْدِيْنِ ۝١٠٠ رَبِّ هَبْ لِىْ مِنَ الصّٰلِحِيْنَ ۝١٠١ فَبَشَّرْنٰهُ بِغُلٰمٍ حَلِيْمٍ ۝١٠٢ فَلَمَّا

সাইয়াহ্দীন। ১০০। রাব্বি হাব্লী মিনাস্ব স্বা-লিহ্বীন। ১০১। ফাবাশ্ শার্না-হু বিগুলা-মিন্ হ্বালীম। ১০২। ফালাম্মা-
আমাকে সঠিক পথ দেখাবেন। (১০০) হে আমার রব! আমাকে একটি নেক সন্তান দান করুন। (১০১) অতঃপর আমি তাকে সুসংবাদ দিলাম একটি সহিষ্ণু পুত্রের। (১০২) যখন

بَلَغَ مَعَهُ السَّعْىَ قَالَ يٰبُنَىَّ اِنِّىْٓ اَرٰى فِى الْمَنَامِ اَنِّىْٓ اَذْبَحُكَ فَانْظُرْ

বালাগা মা'আহুস্ 'সাইয়া ক্বা-লা ইয়া- বুনাইয়্যা ইন্নী~আরা-ফিল্ মানা-মি আন্নী~আয্বাহুকা ফান্জুর্
সে সন্তান, তার পিতার সাথে চলা ফেরার মত বয়সে উপনীত হল, তখন ইবরাহীম বললেন, আমি স্বপ্নে দেখেছি যে, আমি তোমাকে যবেহ করছি। এখন তুমি চিন্তা করে বল,

مَاذَا تَرٰى ؕ قَالَ يٰٓاَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ ؗ سَتَجِدُنِىْٓ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ

মা-যা- তারা-; ক্বা-লা ইয়া~আবাতিফ্ 'আল্ মা- তু'মারু, সাতাজ্বিদুনী~ইন্শা—আল লা-হু মিনাস্ব
এ ব্যাপারে তোমার সিদ্ধান্ত কি? সে (পুত্র) বললেন, হে আমার আব্বা! যেভাবে নির্দেশ দেয়া হয়েছে, সে ভাবেই করুন। আপনি আমাকে পাবেন ধৈর্যশীল হিসেবে, যদি আল্লাহ

الصّٰبِرِيْنَ ۝١٠٣ فَلَمَّآ اَسْلَمَا وَتَلَّهٗ لِلْجَبِيْنِ ۚ ۝١٠٤ وَنَادَيْنٰهُ اَنْ يّٰٓاِبْرٰهِيْمُ ۙ

স্বা-বিরীন্। ১০৩। ফালাম্মা~আস্লামা- ওয়া তাল্লাহূ লিল্জ্বাবীন। ১০৪। ওয়ানা- দাইনা-হু আইঁ ইয়া~ইব্রা-হীম।
ইচ্ছা করেন, (১০৩) যখন তারা উভয়ে আনুগত্য প্রদর্শন করলেন এবং তিনি তার পুত্রকে কাত করে শোয়াইলেন, (১০৪) তখন আমি তাকে ডেকে বললাম, 'হে ইবরাহীম!

۝١٠٥ قَدْ صَدَّقْتَ الرُّءْيَا ۚ اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ۝١٠٦ اِنَّ هٰذَا لَهُوَ

১০৫। ক্বাদ্ স্বাদ্দাক্বতার্ রু'ইয়া- ইন্না- কাযা-লিকা নাজ্যিল্ মুহ্বসিনীন। ১০৬। ইন্না হা-যা- লাহুওয়াল্
(১০৫) আপনি আপনার স্বপ্ন সত্যিকার ভাবেই বাস্তবায়ন করেছেন। এভাবেই আমি পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি। (১০৬) নিশ্চয়ই এটা ছিল একটি

الْبَلٰٓؤُا الْمُبِيْنُ ۝١٠٧ وَفَدَيْنٰهُ بِذِبْحٍ عَظِيْمٍ ۝١٠٨ وَتَرَكْنَا عَلَيْهِ فِى الْاٰخِرِيْنَ ۖ

বালা—উল্ মুবীন। ১০৭। ওয়া ফাদাইনা-হু বিযিব্হ্বিন্ 'আজীম। ১০৮। ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্ আ-খিরীন।
প্রকাশ্য পরীক্ষা। (১০৭) এবং আমি তার যবেহর বিনিময়, বড় একটি যবেহর পশু দিয়ে দিলাম। (১০৮) এবং তার উত্তম আলোচনা পরবর্তীদের মাঝেও জারী রেখেছি।

۝١٠٩ سَلٰمٌ عَلٰٓى اِبْرٰهِيْمَ ۝١١٠ كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ۝١١١ اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ

১০৯। সালা-মুন্ 'আলা~ইব্রা-হীম। ১১০। কাযা-লিকা নাজ্যিল্ মুহ্বসিনীন। ১১১। ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন।
(১০৯) সালাম (শান্তি) বর্ষিত হোক ইবরাহীমের প্রতি। (১১০) আমি এভাবেই পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি। (১১১) সে ছিল আমার মুমিন বান্দাদের মধ্য হতে।

۝١١٢ وَبَشَّرْنٰهُ بِاِسْحٰقَ نَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ۝١١٣ وَبٰرَكْنَا عَلَيْهِ وَعَلٰٓى اِسْحٰقَ ؕ

১১২। ওয়া বাশ্শার্না-হু বিইস্হ্বা-ক্বা নাবিয়্যাম্ মিনাস্ব স্বা-লিহ্বীন। ১১৩। ওয়া বা-রাক্না- 'আলাইহি ওয়া 'আলা~ইস্হ্বা-ক্ব ;
(১১২) আমি তাকে সুসংবাদ দিয়েছিলাম ইসহাক সম্পর্কে, যিনি নবী হবে পুণ্যবানদের অন্তর্ভুক্ত হবেন। (১১৩) আমি তার প্রতি বরকত নাযিল করেছিলাম এবং তার (পুত্র)

৩ ع ৭ রুকূ

وَمِنْ ذُرِّيَّتِهِمَا مُحْسِنٌ وَّظَالِمٌ لِّنَفْسِهٖ مُبِيْنٌ ۝١١٤ وَلَقَدْ مَنَنَّا عَلٰى مُوْسٰى

ওয়া মিন্ যুর্রিয়্যাতিহিমা- মুহসিনুঁও ওয়া জা-লিমুল্ লিনাফ্সিহী মুবীন। ১১৪। ওয়া লাক্বাদ্ মানান্না- 'আলা- মূসা-
ইসহাকের উপরও এবং তাদের বংশের মধ্য হতে পুণ্যবান এবং কতক নিজের প্রতি প্রকাশ্য জুলুমকারী। (১১৪) আমি মূসা ও হারুনের প্রতি (নবুওয়াত দান করে)

وَهٰرُوْنَ ۝١١٥ وَنَجَّيْنٰهُمَا وَقَوْمَهُمَا مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ۝١١٦ وَنَصَرْنٰهُمْ فَكَانُوْا هُمُ

ওয়া হা-রূন। ১১৫। ওয়া নাজ্জাইনা-হুমা- ওয়া ক্বাওমাহুমা- মিনাল্ কার্বিল্ 'আজীম। ১১৬। ওয়া নাস্বার্না- হুম ফাকা-নূ হুমুল্
অনুগ্রহ করেছিলাম (১১৫) এবং আমি রক্ষা করেছিলাম তাদেরকে এবং তাদের সম্প্রদায়কে কঠিন শাস্তি থেকে। (১১৬) এবং আমি তাদেরকে সাহায্য করেছিলাম ফলে তারা

الْغٰلِبِيْنَ ۝١١٧ وَاٰتَيْنٰهُمَا الْكِتٰبَ الْمُسْتَبِيْنَ ۝١١٨ وَهَدَيْنٰهُمَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ۙ

গা-লিবীন। ১১৭। ওয়া আ-তাইনা- হুমাল্ কিতা-বাল্ মুস্তাবীন। ১১৮। ওয়া হাদাইনা- হুমাস্ব স্বিরা-ত্বাল্ মুস্তাক্বীম।
বিজয়ী হয়েছিলেন। (১১৭) আমি তাদের উভয়কে প্রদান করেছিলাম সু-স্পষ্ট কিতাব। (১১৮) এবং আমি তাদের উভয়কে সরল পথ প্রদর্শন করেছিলাম।

۝١١٩ وَتَرَكْنَا عَلَيْهِمَا فِى الْاٰخِرِيْنَ ۝١٢٠ سَلٰمٌ عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ۝١٢١ اِنَّا كَذٰلِكَ

১১৯। ওয়া তারাক্না- 'আলাইহিমা- ফিল্ আ-খিরীন। ১২০। সালা-মুন্ 'আলা- মূসা- ওয়া হা-রূন। ১২১। ইন্না- কাযা-লিকা
(১১৯) এবং আমি তাদের উভয়ের প্রশংসা (জারী) রেখেছি পরবর্তীদের মাঝে। (১২০) মূসা ও হারুনের প্রতি সালাম (শান্তি)। (১২১) আমি এভাবেই পুন্যবানদেরকে

نَجْزِى الْمُحْسِنِيْنَ ۝١٢٢ اِنَّهُمَا مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ۝١٢٣ وَاِنَّ اِلْيَاسَ لَمِنَ

নাজ্যিল্ মুহ্বসিনীন। ১২২। ইন্নাহুমা- মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন। ১২৩। ওয়া ইন্না ইল্ইয়া-সা লামিনাল্
প্রতিদান দিয়ে থাকি। (১২২) তারা উভয়ই ছিলেন আমার মুমিন বান্দাদের মধ্য হতে। (১২৩) ইলিয়াসও ছিলেন রাসূলগণেরই

○ বিশ্লেষণ (আঃ ১০৭) ঃ بذبح عظيم - বড় যবেহ একটি ভেড়া ছিল। যেটি আল্লাহ তায়ালা জান্নাত থেকে হযরত জিবরাঈল (আ)-এর মাধ্যমে প্রেরণ করেছিলেন। (ইবন কাসীর) ○ টীকা (আঃ ১০৭) ঃ কেহ বলেন, এ জন্তুটি একটি সাধারণ দুম্বা ছিল। আকারে বড় বলে عظيم - (শ্রেষ্ঠ) বলা হয়েছে। আবার কেহ বলেন, বেহেশত থেকে প্রেরিত হয়েছিল। আর বেহেশতী বলে عظيم শব্দে সম্মানিত বুঝান হয়েছে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১১৩) ঃ তন্মধ্যে একটি এই যে, তাঁদের বংশ খুব বৃদ্ধি পেয়েছে এবং তাঁদের বংশে বহু সংখ্যক নবী হয়েছিলেন। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১১৪) ঃ এতে একথা স্পষ্ট হয়ে গেল যে, আদী-পুরুষ বুযুর্গ হলে তাতে সন্তানের কোনই কাজ হয় না, যদি তারা নিজেরা ঈমান হতে বঞ্চিত থাকে। এতে ইহুদী সম্প্রদায়ের আলেমদের দর্পন চূর্ণ হয়ে গেল। (বঃ কোঃ)

المرسلين (١٢٣) اذ قال لقومه الا تتقون (١٢٤) اتدعون بعلا وتذرون احسن

মুরসালীন। ১২৪। ইয্ ক্বা-লা লিক্বাওমিহী~আলা- তাত্তাকুন। ১২৫। আতাদ্'উনা 'বালাওঁ ওয়া তাযারূনা আহ্সানাল্
একজন। (১২৪) যখন সে তার সম্প্রদায়কে বললেন, তোমরা কি আল্লাহকে ভয় করনা? (১২৫) তোমরা কি বা'আলকে পূজা করবে? এবং শ্রেষ্ঠতর সৃষ্টিকর্তাকে পরিত্যাগ

الخالقين (١٢٥) الله ربكم ورب ابائكم الاولين (١٢٦) فكذبوه فانهم

খা-লিক্বীন। ১২৬। আল্লা-হা রাব্বাকুম ওয়া রাব্বা আ-বা—ইকুমুল্ আওয়্যালীন। ১২৭। ফাকায্যাবূহু ফাইন্নাহুম
করছ? (১২৬) আল্লাহ, যিনি তোমাদের রব, এবং রব তোমাদের পূর্ব পিতৃপুরুষদের। (১২৭) তারা তাকে মিথ্যাবাদী বলেছিল, সুতরাং তাদেরকে (শাস্তির জন্য) উপস্থিত

لمحضرون (١٢٧) الا عباد الله المخلصين (١٢٨) وتركنا عليه في الاخرين ○

লামুহ্দ্বারূন। ১২৮। ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্ মুখ্লাস্বীন। ১২৯। ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্ আ-খিরীন।
করা হবেই। (১২৮) তবে আল্লাহর খাঁটি বান্দাগণ ব্যতীত। (১২৯) আমি তাদের প্রশংসা পরবর্তীগণের মাঝে জারী রেখেছি।

(١٢٩) سلم على ال ياسين (١٣٠) انا كذلك نجزي المحسنين (١٣١) انه من عبادنا

১৩০। সালা-মুন্ 'আলা~ইল্ ইয়া-সীন। ১৩১। ইন্না- কাযা-লিকা নাজ্যিল্ মুহ্সিনীন। ১৩২। ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্
(১৩০) ইলিয়াসের উপর সালাম (শান্তি) বর্ষিত হোক। (১৩১) এমনিইভাবে আমি পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি। (১৩২) সে ছিল আমার মুমিন বান্দাদের

المؤمنين (١٣٢) وان لوطا لمن المرسلين (١٣٣) اذ نجينه واهله اجمعين ○

মু'মিনীন। ১৩৩। ওয়া ইন্না লূত্বাল্ লামিনাল্ মুরসালীন। ১৩৪। ইয্ নাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ~আজ্মা'ঈন।
মধ্য হতে। (১৩৩) লূতও ছিলেন রাসূলদের একজন। (১৩৪) আমি রক্ষা করেছিলাম তাকে ও তার পরিবার-পরিজনের সকলকে,

(١٣٤) الا عجوزا في الغبرين (١٣٥) ثم دمرنا الاخرين (١٣٦) وانكم لتمرون

১৩৫। ইল্লা- 'আজূযান্ ফিল্ গা-বিরীন। ১৩৬। ছুম্মা দাম্মারনাল্ আ-খারীন। ১৩৭। ওয়া ইন্নাকুম লাতামুর্রূনা
(১৩৫) শুধু সে বৃদ্ধা ব্যতীত, যে পেছনে অবস্থানকারীদের মধ্যে ছিল। (১৩৬) অতঃপর আমি অন্যদেরকে ধ্বংস করেছিলাম। (১৩৭) আর তোমরা তো অবশ্যই (তাদের ধ্বংসের)

عليهم مصبحين (١٣٧) وباليل افلا تعقلون (١٣٨) وان يونس لمن المرسلين ○

'আলাইহিম্ মুস্বিহীন। ১৩৮। ওয়া বিল্লাইলি ; আফালা- 'তাক্বিলূন। ১৩৯। ওয়া ইন্না ইউনুসা লামিনাল্ মুরসালীন।
সে স্থানগুলো হতে চলাফেরা করে থাক সকাল ও (১৩৮) সন্ধ্যায়; এরপরেও কি তোমাদের জ্ঞান হয় না? (১৩৯) এবং ইউনুস, সে রাসূলগণের মধ্য হতেই একজন।

৪ ع ৫ ৮ রুকূ

(١٣٩) اذ ابق الى الفلك المشحون (١٤٠) فساهم فكان من المدحضين ○

১৪০। ইয্ আবাক্বা ইলাল্ ফুল্কিল্ মাশ্হূন। ১৪১। ফাসা- হামা ফাকা-না মিনাল্ মুদ্হাদ্বীন।
(১৪০) স্মরণ করুন! যখন সে পলায়ন করে বোঝাইকৃত নৌকায় পৌঁছল, (১৪২) অতঃপর তারা (নৌকার লোকেরা) কোরা লটারী ধরল, তাতে ইউনুস পরাজিত হল।

○ বিশ্লেষণ (আঃ ১২৫) ঃ ....بعلا - বা'আল একটি প্রতিমার নাম। যেটি চার মুখ বিশিষ্ট ছিল এবং ত্রিশ গজ উঁচু ছিল। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ১২৬) ঃ কেননা, অপর নির্মাতাগণ শুধু কোন কোন বস্তুকে সংমিশ্রিত ও সংযোজিত করতে পারে। তাও ক্ষণস্থায়ী। পক্ষান্তরে আল্লাহ তায়ালা সমস্ত পদার্থকে নূতন করে সৃষ্টি করতে সক্ষম এবং সে নির্মাতাগণ তাদের নির্মিত পদার্থে প্রাণ দান করতে পারে না। আর আল্লাহ প্রাণ দান করে থাকেন। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৩৮) ঃ প্রাতঃকাল এবং রাত্রিকালের উল্লেখ এ জন্য করা হয়েছে যে, আরব দেশে প্রায়শঃ রাত্রির প্রথম হতে ভোর পর্যন্ত ভ্রমণ করারই অভ্যাস। লূত সম্প্রদায়ের বিধ্বস্ত স্থান হতে যদি যাত্রার মনযিল আরম্ভ হয়ে থাকে, তবে পথিকগণ রাত্রিকালে তা অতিক্রম করবে, আর যদি ঐ স্থানটিতে মনযিল শেষ হয়ে থাকে, তবে প্রাতঃকালে তা অতিক্রম করবে। (বঃ কোঃ)

(١٤١) فالتقمه الحوت وهو مليم (١٤٢) فلولا انه كان من المسبحين (١٤٣) للبث

১৪২। ফাল্তাক্বামাহুল্ হূতু ওয়া হুওয়া মুলীম। ১৪৩। ফালাওলা~আন্নাহূ কা-না মিনাল মুসাব্বিহীন। ১৪৪। লালাবিছা
(১৪২) অতঃপর মাছ তাকে একেবারেই গলাধঃকরণ করল এবং সে তখন নিজেকে অপরাধী মনে করতে লাগলেন। (১৪৩) সে যদি তাসবীহ্ পাঠ না করতেন, (১৪৪) তবে

◐ অর্ধেক

في بطنه الى يوم يبعثون (١٤٤) فنبذنه بالعراء وهو سقيم (١٤٥) وانبتنا

ফী বাত্বনিহী~ইলা- ইয়াওমি ইউব্'আছূন। ১৪৫। ফানাবায্না-হু বিল্ 'আরা—ই ওয়া হুওয়া সাক্বীম। ১৪৬। ওয়া আম্বাত্না-
পুনরুত্থান দিবস পর্যন্ত মাছের পেটেই থাকতেন। (১৪৫) আমি তাকে (মাছের পেট হতে) ঢেলে দিলাম, একটি তৃণ বিহীন প্রান্তরে তখন সে ছিল পীড়িত। (১৪৬) এবং আমি উৎপন্ন করলাম

عليه شجرة من يقطين (١٤٦) وارسلنه الى مائة الف او يزيدون (١٤٧) فامنوا

'আলাইহি শাজ্বারাতাম্ মিঁই ইয়াক্বত্বীন। ১৪৭। ওয়া আর্সাল্না-হু ইলা- মিআতি আল্ফিন্ আও ইয়াযীদূন। ১৪৮। ফাআ-মানূ
তার উপর (ছায়ার জন্য) একটি লাউ গাছ। (১৪৭) অতঃপর আমি তাকে (পুনরায়) প্রেরণ করলাম, এক লক্ষ লোকের দিকে অথবা তার চেয়ে অধিক। (১৪৮) তারা ঈমান

فمتعنهم الى حين (١٤٨) فاستفتهم الربك البنات ولهم البنون ○

ফামা'ত্তানা-হুম ইলা- হ্বীন। ১৪৯। ফাস্তাফ্তিহিম্ আলিরাব্বিকাল্ বানা-তু ওয়া লাহুমুল্ বানূন।
এনেছিল, সুতরাং আমি তাদেরকে নির্দিষ্ট সময় পর্যন্ত সম্পদ ভোগ করার সুযোগ দিলাম। (১৪৯) হে নবী! তাদেরকে জিজ্ঞেস করুন, তোমার প্রতিপালকের জন্য কি রয়েছে কন্যা সন্তান, আর তাদের জন্য পুত্র সন্তান?

(١٤٩) ام خلقنا الملئكة اناثا وهم شهدون (١٥٠) الا انهم من افكهم ليقولون ○

১৫০। আম্ খালাক্বনাল্ মালা—ইকাতা ইনা-ছাওঁ ওয়া হুম শা-হিদূন। ১৫১। আলা~ইন্নাহুম্ মিন্ ইফ্কিহিম লাইয়াকূলূন।
(১৫০) অথবা আমি কি ফিরিশতাগণকে নারীরূপে সৃষ্টি করেছি এবং (সৃষ্টি করার সময়) তারা উপস্থিত ছিল? (১৫১) জেনে রাখ, তারা মিথ্যা বানিয়ে বলছে যে,

(١٥١) ولد الله وانهم لكذبون (١٥٢) اصطفى البنات على البنين (١٥٣) ما لكم

১৫২। ওয়ালাদাল্লা-হু ওয়া ইন্নাহুম্ লাকা-যিবূন। ১৫৩। আস্বত্বাফাল্ বানা-তি 'আলাল্ বানীন। ১৫৪। মা-লাকুম,
(১৫২) আল্লাহ সন্তান জন্ম দিয়েছেন। নিশ্চয়ই ওরা মিথ্যাবাদী। (১৫৩) আল্লাহ কি পুত্রের চেয়ে কন্যাকে বেশী পছন্দ করেন? (১৫৪) তোমাদের কি হয়েছে, তোমরা কি

كيف تحكمون (١٥٤) افلا تذكرون (١٥٥) ام لكم سلطن مبين (١٥٦) فاتوا بكتبكم

কাইফা তাহ্কুমূন। ১৫৫। আফালা- তাযাক্কারূন। ১৫৬। আম্ লাকুম সুলত্বা-নুম্ মুবীন। ১৫৭। ফা'তূ বিকিতা-বিকুম
ধরনের (অযৌক্তিক) ফয়সালা করছ? (১৫৫) তোমরা কি (এতটুকুও) বুঝনা? (১৫৬) কিংবা তোমাদের কাছে কি কোন প্রমাণ আছে? (১৫৭) যদি তোমরা সত্যবাদী হয়ে

ان كنتم صدقين (١٥٧) وجعلوا بينه وبين الجنة نسبا ولقد علمت الجنة

ইন্ কুন্তুম্ স্বা-দিক্বীন। ১৫৮। ওয়াজ্বা'আলূ বাইনাহূ ওয়া বাইনাল্ জ্বিন্নাতি নাসাবান ; ওয়া লাক্বাদ্ 'আলিমাতিল্ জ্বিন্নাতু
থাক, তবে তোমাদের কিতাব নিয়ে আস। (১৫৮) তারা (কাফিরেরা) নির্ধারণ করেছে, আল্লাহ ও জীনদের মধ্যেও আত্মীয়তা। অথচ জীনেরা অবশ্যই জানে যে,

---

○ টীকা (আঃ ১৪৬) ঃ লাউ-এর প্রকৃতিগত এরূপ গুণ আছে। এর পাতার ছায়ায় মক্ষিকা আসতে পারে না মৎস্যদ্বারা গ্রাসিত হযরত ইউনুছ (আ) যখন তার উদর হতে বহির্গত হয়েছিলেন, তখন তাঁর দেহস্থ চর্মের উপরিভাগ এরূপ ক্ষয় হয়েছিল যে, তাতে মক্ষিকা বসলে ক্ষত হয়ে পড়ত। একারণে মক্ষিকার উপদ্রব নিবারণে লাউ গাছের উৎপত্তি হয়েছিল। ○ টীকা (আঃ ১৪৭) ঃ তিনি নিনুয়া শহরে ধর্ম প্রচার করার জন্য আদিষ্ট হয়েছিলেন। তা মোসেল নগরীর নিকটবর্তী এক শহর ছিল। আবী ইবনে কা'ব বর্ণিত হাদীস মোতাবেক এর লোক সংখ্যা এক লক্ষ বিশ সহস্র ছিল।

إِنَّهُمْ لَمُحْضَرُونَ (১৫৯) سُبْحَٰنَ ٱللَّهِ عَمَّا يَصِفُونَ (১৬০) إِلَّا عِبَادَ ٱللَّهِ ٱلْمُخْلَصِينَ ○

ইন্নাহুম্ লামুহ্দ্বারূন। ১৫৯। সুব্হা-নাল্লা-হি 'আম্মা- ইয়াস্বিফূন। ১৬০। ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্ মুখ্লাস্বীন।
তাদের উপস্থিত করা হবেই। (১৫৯) আল্লাহ পবিত্র সে সব কথা থেকে তার যা বলে। (১৬০) কিন্তু যারা আল্লাহর খাঁটি বান্দা তারা এর থেকে ভিন্ন।

(১৬১) فَإِنَّكُمْ وَمَا تَعْبُدُونَ (১৬২) مَآ أَنتُمْ عَلَيْهِ بِفَٰتِنِينَ (১৬৩) إِلَّا مَنْ هُوَ صَالِ ٱلْجَحِيمِ ○

১৬১। ফাইন্নাকুম্ ওয়ামা- তা'বুদূন। ১৬২। মা~আন্তুম্ 'আলাইহি বিফা-তিনীন। ১৬৩। ইল্লা- মান্ হুওয়া স্বা-লিল্ জ্বাহীম।
(১৬১) তোমরা এবং তোমাদের উপাস্যরা- (১৬২) কেউ আল্লাহর সম্পর্কে কাউকে বিভ্রান্ত করতে পারবে না। (১৬৩) কেবল পারবে যারা জাহান্নামে যাবে তাদেরকে।

(১৬৪) وَمَا مِنَّآ إِلَّا لَهُۥ مَقَامٌ مَّعْلُومٌ (১৬৫) وَإِنَّا لَنَحْنُ ٱلصَّآفُّونَ (১৬৬) وَإِنَّا لَنَحْنُ

১৬৪। ওয়ামা- মিন্না~ইল্লা-লাহূ মাক্বা-মুম্ 'মালূম। ১৬৫। ওয়া ইন্না- লানাহ্নুস্ব স্বা—ফ্ফূন। ১৬৬। ওয়া ইন্না- লানাহ্নুল্
(১৬৪) (ফিরিশতাগণের কথা) আমাদের প্রত্যেকের জন্যই তো জায়গা নির্ধারিত। (১৬৫) আমরাতো সারিবদ্ধভাবে দাঁড়ানো থাকি। (১৬৬) আমরা নিশ্চয়ই আল্লাহর

ٱلْمُسَبِّحُونَ (১৬৭) وَإِن كَانُوا لَيَقُولُونَ (১৬৮) لَوْ أَنَّ عِندَنَا ذِكْرًا مِّنَ ٱلْأَوَّلِينَ ○

মুসাব্বিহূন। ১৬৭। ওয়া ইন্ কা-নূ লাইয়াক্বূলূন। ১৬৮। লাও আন্না 'ইন্দানা- যিক্রাম্ মিনাল্ আওয়্যালীন।
তাসবীহ বর্ণনাকারী। (১৬৭) তারা (কাফিরেরা) তো বলে আসছে যে, (১৬৮) যদি আমাদের কাছে পূর্ববর্তীদের ন্যায় কোন উপদেশ (কিতাব) আসত,

(১৬৯) لَكُنَّا عِبَادَ ٱللَّهِ ٱلْمُخْلَصِينَ (১৭০) فَكَفَرُوا بِهِۦ فَسَوْفَ يَعْلَمُونَ (১৭১) وَلَقَدْ سَبَقَتْ

১৬৯। লাকুন্না- 'ইবা-দাল্লা-হিল্ মুখ্লাস্বীন। ১৭০। ফাকাফারূ বিহী ফাসাওফা ই'য়ালামূন। ১৭১। ওয়া লাক্বাদ্ সাবাক্বাত্
(১৬৯) অবশ্যই আমরা আল্লাহর খাঁটি বান্দা হতাম। (১৭০) কিন্তু তারা কুরআনের সাথে কুফ্রী করল, অতি শীঘ্রই তারা এর পরিণাম জানতে পারবে। (১৭১) আমার প্রেরিত

كَلِمَتُنَا لِعِبَادِنَا ٱلْمُرْسَلِينَ (১৭২) إِنَّهُمْ لَهُمُ ٱلْمَنصُورُونَ (১৭৩) وَإِنَّ جُندَنَا لَهُمُ

কালিমাতুনা- লি'ইবা-দিনাল্ মুরসালীন। ১৭২। ইন্নাহুম লাহুমুল মানস্বূরূন। ১৭৩। ওয়া ইন্না জুন্দানা- লাহুমুল্
বান্দাদের জন্য আমার (সাহায্যের) কথা পূর্বেই নির্ধারিত। (১৭২) নিশ্চয়ই তারা সাহায্য প্রাপ্ত হবে। (১৭৩) আর নিশ্চয়ই আমার বাহিনী (মুমিনগণ) বিজয়ী

ٱلْغَٰلِبُونَ (১৭৪) فَتَوَلَّ عَنْهُمْ حَتَّىٰ حِينٍ (১৭৫) وَأَبْصِرْهُمْ فَسَوْفَ يُبْصِرُونَ (১৭৬) أَفَبِعَذَابِنَا

গা-লিবূন। ১৭৪। ফাতাওয়াল্লা 'আন্হুম হাত্তা- হীন। ১৭৫। ওয়া আব্স্বির্হুম ফাসাওফা ইউব্স্বিরূন। ১৭৬। আফাবি 'আযা-বিনা-
হবে। (১৭৪) অতএব কিছুকালের জন্য তাদেরকে উপেক্ষা করুন। (১৭৫) লক্ষ করুন, শীঘ্রই তারা এর পরিণাম দেখতে পাবে। (১৭৬) তারা কি আমার শাস্তি দ্রুত কামনা

يَسْتَعْجِلُونَ (১৭৭) فَإِذَا نَزَلَ بِسَاحَتِهِمْ فَسَآءَ صَبَاحُ ٱلْمُنذَرِينَ (১৭৮) وَتَوَلَّ

ইয়াস্'তাজ্বিলূন। ১৭৭। ফাইযা- নাযালা বিসা-হাতিহিম্ ফাসা—আ স্বাবা-হুল্ মুন্যারীন। ১৭৮। ওয়া তাওয়াল্লা
করে? (১৭৭) যখন শাস্তি তাদের ঘরের আঙ্গিনায় নাযিল হবে, তখন তাদের প্রাতঃকাল অত্যন্ত খারাপ হয়ে যাবে, যাদেরকে সতর্ক করা হয়েছিল। (১৭৮) সুতরাং আপনি কিছু

عَنْهُمْ حَتَّىٰ حِينٍ (১৭৯) وَأَبْصِرْ فَسَوْفَ يُبْصِرُونَ (১৮০) سُبْحَٰنَ رَبِّكَ رَبِّ ٱلْعِزَّةِ

'আন্হুম্ হাত্তা-হীন। ১৭৯। ওয়া আব্স্বির্ ফাসাওফা ইউব্স্বিরূন। ১৮০। সুব্হা-না রাব্বিকা রাব্বিল্ 'ইয্যাতি
দিনের জন্য তাদের থেকে মুখ ফিরিয়ে থাকুন, (১৭৯) এবং আপনি তাদেরকে দেখতে থাকুন, শীঘ্রই তারা (কুফরীর শাস্তি) দেখতে পাবে। (১৮০) আপনি তারা যা বলে তা থেকে

ع ৫ ১৪ ৯ রুকূ ১

عَمَّا يَصِفُونَ (১৮১) وَسَلَٰمٌ عَلَى ٱلْمُرْسَلِينَ (১৮২) وَٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ ٱلْعَٰلَمِينَ ○

'আম্মা- ইয়াস্বিফূন। ১৮১। ওয়া- সালা-মুন্ 'আলাল মুরসালীন। ১৮২। ওয়াল্ হাম্দু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন।
আপনার প্রতিপালক পবিত্র, যিনি মহা সম্মানিত। (১৮১) রাসূলগণের প্রতি সালাম (১৮২) এবং সব প্রশংসা আল্লাহর জন্য যিনি সারা জাহানের প্রতিপালক।

সূরা ছোয়াদ
মক্কী

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ ○
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৮৮
রুকূ ঃ ৫

① صٓ وَٱلْقُرْءَانِ ذِى ٱلذِّكْرِ ② بَلِ ٱلَّذِينَ كَفَرُوا فِى عِزَّةٍ وَشِقَاقٍ ③ كَمْ أَهْلَكْنَا

১। স্বা—দ্ ওয়াল্ কুরআ-নি যিয্ যিক্রি। ২। বালিল্লাযীনা কাফারূ ফী 'ইয্যাতিওঁ ওয়া শিক্বা-ক্ব। ৩। কাম্ আহ্লাক্না-
(১) সা-দ, উপদেশপূর্ণ কুরআনের শপথ। (২) কিন্তু কাফিরেরা অহংকার ও (দ্বীনের) বিরোধিতার মধ্যে রয়েছে। (৩) তাদের পূর্বে আমি ধ্বংস

مِن قَبْلِهِم مِّن قَرْنٍ فَنَادَوا وَّلَاتَ حِينَ مَنَاصٍ ④ وَعَجِبُوٓا أَن جَآءَهُم مُّنذِرٌ

মিন্ ক্বাব্লিহিম মিন ক্বার্নিন্ ফানা-দাওঁ ওয়ালা-তা হ্বীনা মানা-স্ব। ৪। ওয়া 'আজ্বিবূ~আন্ জ্বা—আহুম্ মুন্যিরুম্
করেছি বহু জাতিকে, তখন তারা চীৎকার করে ডেকেছিল, কিন্তু সে সময় পলায়ন করার কোনই সুযোগ ছিল না। (৪) আর কাফিরেরা আশ্চর্য হয়েছে যে, তাদের মধ্য হতেই

مِّنْهُمْ ز وَقَالَ ٱلْكَٰفِرُونَ هَٰذَا سَٰحِرٌ كَذَّابٌ ⑤ أَجَعَلَ ٱلْءَالِهَةَ إِلَٰهًا وَٰحِدًا ج

মিন্হুম্ ওয়াক্বা-লাল্ কা-ফিরূনা হা-যা- সা-হ্বিরূন্ কায্যা-ব। ৫। আজ্বা'আলাল্ আ-লিহাতা ইলা-হাওঁ ওয়া-হ্বিদান্,
একজন ভীতি প্রদর্শনকারী (রাসূল) এসেছে এবং কাফিরেরা বলে, এ ব্যক্তিতো একজন যাদুকর এবং মিথ্যাবাদী। (৫) সে কি এত মাবুদগুলোকে এক মাবুদ করে দিয়েছে?

إِنَّ هَٰذَا لَشَىْءٌ عُجَابٌ ⑥ وَٱنطَلَقَ ٱلْمَلَأُ مِنْهُمْ أَنِ ٱمْشُوا وَٱصْبِرُوا عَلَىٰٓ ءَالِهَتِكُمْ ج

ইন্না হা-যা- লাশাইউন্ 'উজ্বা-ব্। ৬। ওয়ান্ ত্বালাক্বাল্ মালাউ মিন্হুম আনিম্শূ ওয়াছ্বিরূ 'আলা~আ-লিহাতিকুম,
এটাতো খুবই আশ্চর্যজনক বিষয়। (৬) তাদের নেতারা তাদের (মজলিস) থেকে এ (কথা) বলে চলে গেল যে, চল এবং তোমাদের মাবুদগুলোর উপর তোমরা মজবুত থাক,

إِنَّ هَٰذَا لَشَىْءٌ يُرَادُ ⑦ مَا سَمِعْنَا بِهَٰذَا فِى ٱلْمِلَّةِ ٱلْءَاخِرَةِ ج إِنْ هَٰذَآ إِلَّا ٱخْتِلَٰقٌ ○

ইন্না হা-যা- লাশাইউঁই ইউরা-দ্ ৭। মা-সামি'না- বিহা-যা- ফিল্ মিল্লাতিল্ আ-খিরাতি, ইন্ হা-যা~ইল্লাখ্ তিলা-ক্ব।
নিশ্চয়ই এর মধ্যে কোন উদ্দেশ্য নিহিত রয়েছে। (৭) আমরা তো এরূপ (তাওহীদের) কথা শুনিনি অতীতের ধর্মে, এটা একটা মনগড়া মিথ্যা কথা।

⑧ ءَأُنزِلَ عَلَيْهِ ٱلذِّكْرُ مِنۢ بَيْنِنَا ط بَلْ هُمْ فِى شَكٍّ مِّن ذِكْرِى ع بَلْ لَّمَّا

৮। আ উন্যিলা 'আলাইহিয্ যিক্রু মিম্ বাইনিনা-; বাল্ হুম্ ফী শাককিম্ মিন্ যিক্রী, বাল্ লাম্মা-
(৮) আমাদের (গোত্রের) মধ্য হতে কি তার উপরই কুরআন অবতীর্ণ হয়েছে? প্রকৃত পক্ষে এসব লোকেরা আমার কুরআনের ব্যাপারে, সন্দেহের মধ্যে (রয়েছে) বরং তারা

○ শানে নুযূল (আঃ ১) ঃ হযরতের পিতৃব্য আবু তালেব পীড়িত হলে কুরাইশ সম্প্রদায়ের কতিপয় ব্যক্তি তার নিকটে আসল, রাসূল (স)-ও পদার্পণ করলেন। কুরাইশরা রাসূল (সা)-এর বিরুদ্ধে তার নিকট অভিযোগ করল, আবু তালেব বললেন, আপনি কি চান? রাসূল (স) বললেন, আমি চাই, শুধু একটি বাক্য, তদ্দারা সমগ্র আরব দেশ তাদের বশীভূত হবে। সমস্ত অনারব দেশগুলো জিযিয়া কর দিবে। তিনি বললেন, সে বাক্যটি কি? রাসূল (স) বললেন, لا اله الا الله কুরাইশরা বলতে লাগল, নিন, সমস্ত উপাস্যের অস্তিত্ব লোপ করে এক উপাস্য স্থির করে দিল। بل لما يذوقوا العذاب পর্যন্ত আয়াতগুলো এসম্বন্ধে নাযিল হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ মোটকথা, মানুষ হওয়ার কারণে তার নবী হওয়া অসম্ভব। সুতরাং তা দ্বারা যে সমস্ত অলৌকিক কার্য সাধিত হয়, তা মু'জেযা নয়- যাদু। কাজেই সে যা বলছে সমস্তই মিথ্যা। (বঃ কোঃ)

يذوقوا عذاب ⑨ ام عندهم خزائن رحمة ربك العزيز الوهاب ⑩ ام لهم

ইয়াযূক্ব 'আযা-ব্। ৯। আম্ 'ইন্দাহুম খাযা—ইনু রাহ্মাতি রাব্বিকাল্ 'আযীযিল্ ওয়াহ্হা-ব্। ১০। আম্ লাহুম্
আমার শাস্তি এখন পর্যন্ত উপভোগ করেনি। (৯) তাদের কাছে কি, আপনার প্রতিপালক, যিনি মহা ক্ষমতাশীল দাতা, তাঁর রহমতের ভান্ডার আছে। (১০) অথবা

ملك السموت والارض وما بينهما تف فليرتقوا في الاسباب ⑪ جند

মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়ামা- বাইনাহুমা-, ফাল্ইয়ার্তাক্ব ফিল্ আস্বা-ব্। ১১। জুন্দুম্
আকাশ ও পৃথিবী এবং এ দু'য়ের মধ্যে যা কিছু আছে সবগুলোর মালিকানা কি তাদের? তবে তারা রশি ধরে (আকাশে) উঠে যাক। (১১) (কাফিরদের)

ما هنالك مهزوم من الاحزاب ⑫ كذبت قبلهم قوم نوح وعاد وفرعون

মা- হুনা-লিকা মাহ্যূমুম্ মিনাল্ আহ্যা-ব্। ১২। কায্যাবাত্ ক্বাব্লাহুম ক্বাওমু নূহিঁও ওয়া 'আ-দুঁও ওয়া ফির'আওনু
বাহিনী সেখানে পরাজিত দলগুলোর মধ্যেই হবে। (১২) তাদের পূর্বেও নূহ, আদ এবং বহু শিবিরের অধিপতি ফিরআউনের সম্প্রদায়গণ মিথ্যাবাদী

ذو الاوتاد ⑬ وثمود وقوم لوط واصحب لئيكة ط اولئك الاحزاب ○

যুল্ আওতা-দ। ১৩। ওয়া ছামূদু ওয়া ক্বাওমু লূত্বিঁও ওয়া আস্বহা-বুল্ আইকাতি ; উলা—ইকাল্ আহ্যা-ব্।
বলেছিল রাসূলগণকে। (১৩) এবং সামুদ ও লূত সম্প্রদায়গণ এবং আয়কা অধিবাসী তারাও ছিল বড় বড় দল।

১ ع ১৪ ১০ রুকূ

⑭ ان كل الا كذب الرسل فحق عقاب ⑮ وما ينظر هؤلاء الا صيحة

১৪। ইন্ কুল্লুন্ ইল্লা- কায্যাবার্ রুসুলা ফাহাক্ক্বা 'ইক্বা-ব্। ১৫। ওয়ামা- ইয়ান্জুরু হা~উলা—ই ইল্লা- স্বাইহাতাও
(১৪) তারা সবাই রাসূলগণকে মিথ্যাবাদী বলেছিল। ফলে (তাদের প্রতি) আমার শাস্তি সত্য পরিণত হয়েছিল। (১৫) তারা তো শুধু একটি আওয়াজের অপেক্ষায় আছে,

واحدة ما لها من فواق ⑯ وقالوا ربنا عجل لنا قطنا قبل يوم الحساب ○

ওয়া-হিদাতাম্ মা-লাহা- মিন্ ফাওয়া-ক্ব। ১৬। ওয়া ক্বা-লূ রাব্বানা- 'আজ্জিল্ লানা- ক্বিত্ত্বানা- ক্বাব্লা ইয়াওমিল্ হিসা-ব।
যাতে কোন বিরতি হবে না। (১৬) এবং তারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদের (কর্ম অনুযায়ী) আমাদের অংশ হিসাব দিবস (কিয়ামত) এর পূর্বেই শীঘ্র দিয়ে দাও।

⑰ اصبر على ما يقولون واذكر عبدنا داود ذا الايد ج انه اواب ⑱ انا

১৭। ইস্বির্ 'আলা-মা- ইয়াক্বূলূনা ওয়ায্কুর 'আব্দানা- দা-উদা যাল্ আইদি, ইন্নাহূ~আওয়্যা-ব্। ১৮। ইন্না-
(১৭) (হে নবী!) আপনি তাদের কথায় ধৈর্যধারণ করুন এবং আমার বান্দা দাউদের (কথা) স্মরণ করুন, সে খুবই শক্তিশালী ছিল। নিশ্চয়ই সে (দাউদ) ছিল (আল্লাহর দিকে) প্রত্যাবর্তনকারী। (১৮) আমি

سخرنا الجبال معه يسبحن بالعشي والاشراق ⑲ والطير محشورة ط

সাখ্খারনাল্ জ্বিবা-লা মা'আহূ ইউসাব্বিহ্না বিল্'আশিয়্যি ওয়াল্ ইশ্রা-ক্ব ১৯। ওয়াত্ব ত্বাইরা মাহ্শূরাতান্ ;
অনুগত করে রেখেছিলাম পাহাড়সমূহকে যে, তার সাথে সকাল ও সন্ধ্যায় তাসবীহ পাঠ করত (১৯) এবং পাখীগুলোকেও (তার কাছে) একত্রিত করে দিয়েছিলাম,

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ ......فليرتقوا - অর্থাৎ রশির মাধ্যমে আকাশে উঠ এবং সেখান থেকে রাসূলুল্লাহর (স) প্রতি ওহী আসার পথ বন্ধ করে দাও। যদি তা সম্ভব না হয়, তবে অযথা কেন কুরআনের বিরোধিতা করছ? (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ১১) ঃ ......جند ما هنالك - আল্লাহর পক্ষ থেকে রাসূলুল্লাহকে (সা) সাহায্য এবং কাফিরদের পরাজিত করার ওয়াদা। هنالك দ্বারা বদরের যুদ্ধের প্রতি ইংগিত করা হয়েছে। (কুঃ কারীম)
○ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ اصحب لئيكة –আইকাবাসী অর্থাৎ হযরত শোয়াবের (আ) সম্প্রদায় ও মাদায়েন জনপদের অধিবাসীগণ।

ওয়াক্বফে লাযেম

كل له اواب ⑳ وشددنا ملكه واتينه الحكمة وفصل الخطاب ○

কুল্লুল্ লাহূ~আওয়্যা-ব্। ২০। ওয়া শাদাদ্না- মুল্কাহূ ওয়া আ-তাইনা-হুল্ হিক্মাতা ওয়া ফাস্বলাল্ খিত্বা-ব্।
সবগুলো তার অনুগত ছিল। (২০) আর আমি মজবুত করে দিয়েছিলাম তার রাজত্ব, এবং তাকে হিকমত এবং শুদ্ধ মীমাংসা করার যোগ্যতা। প্রদান করেছিলাম

㉑ وهل اتىك نبؤا الخصم م اذ تسوروا المحراب ㉒ اذ دخلوا على داود

২১। ওয়া হাল্ আতা-কা নাবাউল্ খাস্বমি। ইয্ তাসাওয়ারুল্ মিহ্রা-ব্। ২২। ইয্ দাখালূ 'আলা- দা-উদা
(২১) আপনার কাছে কি সে সব বিবাদকারীদের খবর এসে পৌছেছে? যখন তারা ইবাদতখানার প্রাচীর লাফিয়ে আসল, (২২) আর যখন তারা দাউদের কাছে প্রবেশ করল,

ففزع منهم قالوا لا تخف ج خصمن بغى بعضنا على بعض فاحكم بيننا

ফাফাযি'আ মিন্হুম্ ক্বা-লূ লা-তাখাফ্, খাস্বমা-নি বাগা- বা'দ্বুনা- 'আলা- 'বাদ্বিন্ ফাহ্কুম্ বাইনানা-
তখন সে ঘাবড়ে গেলেন, তারা বলল, ভয় পাবেন না, আমরা দু'দল বিবাদকারী। আমরা একে অন্যের প্রতি জুলুম করেছি। এখন আমাদের মাঝে সঠিকভাবে ফয়সালা করে দিন।

بالحق ولا تشطط واهدنا الى سواء الصراط ㉓ ان هذا اخي تف له تسع

বিল্হাক্ক্বি ওয়ালা- তুশ্ত্বিত্ব ওয়াহ্দিনা ~ইলা- সাওয়া—ইস্ব স্বিরা-ত্ব। ২৩। ইন্না হা-যা ~আখী, লাহূ তিস্'উওঁ
ফয়সালার মধ্যে অন্যায় করবেন না এবং আমাদেরকে সঠিক পথ প্রদর্শন করুন। (২৩) (তারা একজন বলল) এ আমার (দ্বীনি) ভাই। তার কাছে নিরানব্বইটি

وتسعون نعجة ولي نعجة واحدة تف فقال اكفلنيها وعزني في الخطاب ○

ওয়া তিস্'উনা 'নাজ্বাতাওঁ ওয়া লিয়া 'নাজ্বাতুওঁ ওয়া-হিদাতুন্, ফাক্বা-লা আক্ফিল্নীহা- ওয়া 'আয্যানী ফিল্ খিত্বা-ব্।
দুম্বা আছে, এবং আমার কাছে (মাত্র) একটি দুম্বা আছে। সে আমাকে বলে যে, এটিকেও আমার দায়িত্বে দাও এবং সে কথাবার্তায়ও আমার উপর প্রভাব খাটাচ্ছে।

㉔ قال لقد ظلمك بسؤال نعجتك الى نعاجه ط وان كثيرا من الخلطاء

২৪। ক্বা-লা লাক্বাদ্ জালামাকা বিসুআ-লি 'নাজ্বাতিকা ইলা- নি'আ-জ্বিহী ; ওয়া ইন্না কাছীরাম্ মিনাল্ খুলাত্বা—ই
(২৪) দাউদ বলল, তার দুম্বাগুলোর সাথে মিলানোর জন্য তোমার (একটি মাত্র) দুম্বা চেয়ে নিশ্চয়ই সে, তোমার প্রতি জুলুম করেছে। এবং অধিকাংশ শরীকদার

ليبغي بعضهم على بعض الا الذين امنوا وعملوا الصلحت وقليل

লাইয়াব্গী বা'দ্বুহুম 'আলা- বা'দ্বিন্ ইল্লাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া ক্বালীলুম্
একে অন্যের প্রতি জুলুম করে থাকে, শুধু তারা ব্যতীত যারা ঈমান আনে এবং নেক কাজ করে এবং এ ধরনের লোক সংখ্যায় খুবই কম। দাউদ বুঝতে পারল যে,

সিজদাহ ঃ ১০

সিজদাহ

ما هم ط وظن داود انما فتنه فاستغفر ربه وخر راكعا واناب ㉕ فغفرنا

মা-হুম ; ওয়া জান্না দা-উদু আন্নামা- ফাতান্না-হু ফাস্তাগ্ফারা রাব্বাহূ ওয়া খার্রা রা-কি'আওঁ ওয়া আনা-ব্। ২৫। ফাগাফার্না-
আমি তাকে পরীক্ষা করেছি। অতঃপর সে তার প্রতিপালকের কাছে মার্জনা প্রার্থনা করল এবং সিজদায় মাথা নত করল এবং আমার দিকে প্রত্যাবর্তন করল। (২৫) আমি তার

له ذلك ط وان له عندنا لزلفى وحسن ماب ㉖ يداود انا جعلنك

লাহূ যা-লিকা ; ওয়া ইন্না লাহূ 'ইন্দানা- লাযুল্ফা- ওয়া হুস্না মাআ-ব্। ২৬। ইয়া-দা-উদু ইন্না- জ্বা'আল্না-কা
অপরাধ মার্জনা করে দিলাম। নিশ্চয়ই তার জন্য রয়েছে আমার নিকট মর্যাদা এবং উত্তম ঠিকানা। (২৬) হে দাউদ! আমি আপনাকে পৃথিবীতে

خَلِيْفَةً فِى الْاَرْضِ فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوٰى فَيُضِلَّكَ

খালীফাতান্ ফিল্আর্দ্বি ফাহ্কুম্ বাইনান্ না-সি বিল্হাক্কি ওয়ালা- তাত্তাবি'ইল্ হাওয়া- ফা ইউদ্বিল্লাকা
খলীফা বানিয়েছি, আপনি মানুষের মাঝে ন্যায় ভাবে ফয়সালা করুন এবং নিজ প্রবৃত্তির অনুসরণ করবেন না, কারণ, সে (অনুসরণ)

عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنَّ الَّذِيْنَ يَضِلُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌۢ

'আন্ সাবীলিল লা-হি ; ইন্নাল্লাযীনা ইয়াদ্বিল্লূনা 'আন্ সাবীলিল্লা-হি লাহুম্ 'আযা-বুন্ শাদীদুম্
আপনাকে আল্লাহর পথ হতে বিভ্রান্ত করবে। যারা আল্লাহর পথ হতে বিভ্রান্ত হয়, তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। এজন্য যে,

بِمَا نَسُوْا يَوْمَ الْحِسَابِ ㉗ وَمَا خَلَقْنَا السَّمَآءَ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا بَاطِلًا ؕ

বিমা- নাসূ ইয়াওমাল্ হিসা-ব্। ২৭। ওয়ামা- খালাক্বনাস্ সামা—আ ওয়াল্ আরদ্বা ওয়ামা- বাইনাহুমা- বা-ত্বিলান ;
তারা হিসাব দিবসকে ভুলে রয়েছে। (২৭) আমি আকাশ, পৃথিবী এবং তার মধ্যস্থ সৃষ্টিগুলোকে অকারণে সৃষ্টি করিনি; (কিন্তু)

ذٰلِكَ ظَنُّ الَّذِيْنَ كَفَرُوْا ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنَ النَّارِ ㉘ اَمْ نَجْعَلُ الَّذِيْنَ

যা-লিকা জান্নুল্ লাযীনা কাফারূ, ফাওয়াইলুল্ লিল্লাযীনা কাফারূ মিনান্ না-র্। ২৮। আম্ নাজ্'আলুল্লাযীনা
কাফিরদের এরূপ ধারণা আছে, সুতরাং কাফিরদের জন্য জাহান্নামের কঠিন শাস্তি। (২৮) যারা ঈমান আনে

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ كَالْمُفْسِدِيْنَ فِى الْاَرْضِ ۫ اَمْ نَجْعَلُ الْمُتَّقِيْنَ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি কালমুফসিদীনা ফিল্ আর্দ্বি, আম্ নাজ্'আলুল্ মুত্তাক্বীনা
ও নেক কাজ করে, আমি তাদেরকে পৃথিবীতে অশান্তি সৃষ্টিকারীদের সমান করব? অথবা পরহেজগারগণকে পাপীদের মত সমান

كَالْفُجَّارِ ㉙ كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ مُبٰرَكٌ لِّيَدَّبَّرُوْٓا اٰيٰتِهٖ وَلِيَتَذَكَّرَ اُولُوا الْاَلْبَابِ ○

কালফুজ্জা-র্। ২৯। কিতা-বুন্ আন্যাল্না-হু ইলাইকা মুবা-রাকুল্ লিইয়াদ্দাব্বারূ~আ-য়া-তিহী ওয়া লিইয়াতাযাক্কারা উলুল্ আল্বা-ব্।
একনিষ্ঠ হয়ে তাঁকেই ডাক। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহরই জন্য, যিনি সারা জাহানের রব। (৬৬) বলুন, আমাকে তাদের ইবাদাত করতে নিষেধ করা হয়েছে,

الذين تدعون من دون الله لما جاءنى البينت من ربى ز وامرت

লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি লাম্মা- জ্বা—আনিয়াল্ বাইয়্যিনা-তু মির্ রাব্বী, ওয়া উমির্‌তু
যাদেরকে তোমরা আল্লাহ ব্যতীত ডাক, যেহেতু আমার কাছে সুস্পষ্ট দলীলসমূহ এসে পৌঁছেছে আমার প্রতিপালকের পক্ষ হতে। আমাকে এ নির্দেশও দেয়া হয়েছে যে,

ان اسلم لرب العلمين (٦٦) هو الذى خلقكم من تراب ثم من نطفة

আন্ উসলিমা লিরাব্বিল্ 'আ-লামীন। ৬৭। হুওয়াল্লাযী খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্ ছুম্মা মিন্ নুত্বফাতিন্
আমি যেন সারা জাহানের প্রতিপালকের অনুগত হয়ে যাই। (৬৭) তিনিই সে মহান আল্লাহ, যিনি তোমাদেরকে মাটি হতে সৃষ্টি করেছেন, অতঃপর বীর্য হতে।

ثم من علقة ثم يخرجكم طفلا ثم لتبلغوا اشدكم ثم لتكونوا

ছুম্মা মিন্ 'আলাক্বাতিন্ ছুম্মা ইউখ্‌রিজুকুম্ ত্বিফ্‌লান্ ছুম্মা লিতাব্‌লুগূ~আশুদ্দাকুম্ ছুম্মা লিতাকূনূ
অতঃপর রক্ত পিণ্ড হতে, অতঃপর তোমাদেরকে বের করেন শিশুর আকৃতিতে, অতঃপর যাতে তোমরা যৌবনে পৌঁছতে পার, অতঃপর যেন

○ টীকা (আঃ ৬৭) ঃ পূর্ব আয়াতে তাওহীদ সংক্রান্ত বিষয় আলোচিত হওয়ার পর আল্লাহ তায়ালা যে একমাত্র বিশ্বজগতের প্রতিপালক সে সম্বন্ধে মানব সৃষ্টির কতিপয় তথ্য আলোচ্য আয়াতে উল্লেখ করা হয়েছে। তিনি মানবজাতির আদি পিতা হযরত আদম (আ)-কে মৃত্তিকা হতে সৃষ্টি করেছিলেন; তৎপরে মানবকে তার বংশ পরম্পরায় প্রজনন প্রক্রিয়া দ্বারা সৃষ্টি করে আসছে। অধিকন্তু মানব যে নগণ্য শুক্রকীট হতে জন্মলাভ করে তার প্রধান অংশ মৃত্তিকাজাত উপাদান। অর্থাৎ মৃত্তিকাজাত হতে উৎপন্ন খাদ্যাদির সারবস্তু দ্বারা রস, রক্ত, অস্থি-মজ্জা ও মানব জন্মের সূচনা শুক্র'কীট ইত্যাদি উৎপন্ন হয়। (কুঃ কারীম)

شيوخا ج ومنكم من يتوفى من قبل ولتبلغوا اجلا مسمى ولعلكم

শুয়ূখান, ওয়া মিন্‌কুম্ মাই ইউতাওয়াফ্‌ফা- মিন্ ক্বাব্‌লু ওয়া লিতাব্‌লুগূ~আজালাম্ মুসাম্মাওঁ ওয়া লা'আল্লাকুম্
তোমরা বৃদ্ধ হও। তোমাদের মধ্যে অনেকে এর পূর্বেই মারা যায় যাতে তোমরা নির্ধারিত সময় পর্যন্ত পৌঁছতে পার এবং যাতে তোমরা

تعقلون (٦٧) هو الذى يحى ويميت ج فاذا قضى امرا فانما يقول له كن

'তাক্বিলূন। ৬৮। হুওয়াল্লাযী ইউহ্য়ী ওয়া ইউমীতু, ফাইযা- ক্বাদ্বা~আম্‌রান্ ফাইন্নামা- ইয়াক্বূলু লাহূ কুন্
বুঝতে পার। (৬৮) তিনি (আল্লাহ) এমন যিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান। যখন তিনি কোন কিছু করার সিদ্ধান্ত করেন, তখন শুধু তিনি বলেন, হয়ে যাও।

৭ ع ১২ রুকূ

فيكون (٦٨) الم تر الى الذين يجادلون فى ايت الله ط انى يصرفون ۝

ফাইয়াকূন। ৬৯। আলাম্ তারা ইলাল্ লাযীনা ইউজ্বা-দিলূনা ফী~আয়া-তিল্লা-হি ; আন্না- ইউস্বরাফূন।
অতঃপর তা হয়ে যায়। (৬৯) আপনি কি তাদেরকে দেখেন না, যারা আমার আয়াতের ব্যাপারে ঝগড়া করে? কিভাবে তারা ফিরে যাচ্ছে (ঈমান থেকে)?

(٦٩) الذين كذبوا بالكتب وبما ارسلنا به رسلنا قف فسوف يعلمون ۝

৭০। আল্লাযীনা কায্‌যাবূ বিল্‌কিতা-বি ওয়া বিমা~আর্‌সাল্‌না- বিহী রুসুলানা-, ফাসাওফা ই'য়ালামূন।
(৭০) যারা অস্বীকার করে আমার কিতাবকে এবং আমি যা সহ আমার রাসূলগণকে প্রেরণ করেছি সেগুলোকেও, অতি শীঘ্রই তারা জানতে পারবে।

(٧٠) اذ الاغلل فى اعناقهم والسلسل ط يسحبون (٧١) فى الحميم لا ثم فى النار

৭১। ইযিল্ আগ্‌লা-লু ফী~'আনা-ক্বিহিম্ ওয়াস্ সালা-সিলু ইউস্‌হাবূন। ৭২। ফিল্ হামীমি; ছুম্মা ফিন্না-রি
(৭১) যখন তাদের গর্দানে, বেড়ি এবং জিঞ্জির লাগানো হবে এবং তাদেরকে টেনে হেঁচড়ে নিয়ে যাওয়া হবে। (৭২) গরম পানিতে অতঃপর তাদেরকে আগুনে

يسجرون (٧٢) ثم قيل لهم اين ما كنتم تشركون (٧٣) من دون الله ط

ইউস্‌জ্বারূন। ৭৩। ছুম্মা ক্বীলা লাহুম্ আইনা মা-কুন্‌তুম্ তুশ্‌রিকূন। ৭৪। মিন্ দূনিল্লা-হি ;
পোড়ানো হবে। (৭৩) অতঃপর তাদেরকে বলা হবে, তারা এখন কোথায় তোমরা যাদেরকে (আল্লাহর সাথে) শরীক করতে (৭৪) আল্লাহ ব্যতীত?

قالوا ضلوا عنا بل لم نكن ندعوا من قبل شيئا ط كذلك يضل الله

ক্বা-লূ দ্বাল্লূ 'আন্না- বাল্ লাম্ নাকুন্ নাদ্'উ মিন্ ক্বাব্‌লু শাইআন ; কাযা-লিকা ইউদ্বিল্লুল্লা-হুল্
তারা বলবে তারা আমাদের থেকে অদৃশ্য হয়ে গেছে। বরং আমরা এর পূর্বে কাউকেই আহবান করিনি। আল্লাহ কাফিরদেরকে এভাবেই

الكفرين (٧٤) ذلكم بما كنتم تفرحون فى الارض بغير الحق وبما كنتم

কা-ফিরীন। ৭৫। যা-লিকুম বিমা- কুন্‌তুম্ তাফ্‌রাহূনা ফিল্ আর্‌দ্বি বিগাইরিল্ হাক্বক্বি ওয়া বিমা-কুন্‌তুম্
পথভ্রষ্ট করেন। (৭৫) এটা এ কারণেই যে, তোমরা পৃথিবীতে অবৈধভাবে আনন্দ-উল্লাস করতে এবং এ কারণে যে, তোমরা অহংকার

تمرحون (٧٥) ادخلوا ابواب جهنم خلدين فيها ج فبئس مثوى المتكبرين ۝

তাম্‌রাহূন। ৭৬। উদ্‌খুলূ~আব্‌ওয়া-বা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা-, ফাবি'সা মাছ্‌ওয়াল্ মুতাকাব্বিরীন।
করতে। (৭৬) এখন তোমরা জাহান্নামের দরজা দিয়ে প্রবেশ কর, সেখানে চিরস্থায়ী ভাবে বসবাসের জন্য। কতইনা নিকৃষ্ট আবাস স্থল অহংকারীদের জন্য।

(٧٧) فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ ۚ فَإِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمْ أَوْ نَتَوَفَّيَنَّكَ

৭৭। ফাস্ববির ইন্না ও'য়াদাল্লা-হি হ্বাক্বকুন্, ফাইম্মা- নুরিয়ান্নাকা বা'দ্বাল্লাযী না'ইদুহুম্ আও নাতাওয়াফ্ ফাইয়ান্নাকা
(৭৭) সুতরাং আপনি ধৈর্যধারণ করুন, নিশ্চয়ই আল্লাহর প্রতিশ্রুতি সত্য, তাদেরকে আমি যে প্রতিশ্রুতি প্রদান করি, তার থেকে কিছু যদি আপনাকে দেখিয়ে দেই বা যদি

فَإِلَيْنَا يُرْجَعُونَ (٧٨) وَلَقَدْ أَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ مِنْهُمْ مَّنْ قَصَصْنَا عَلَيْكَ

ফাইলাইনা- ইউরজ্বা'উন। ৭৮। ওয়া লাক্বাদ্ আর্‌সাল্‌না- রুসুলাম্ মিন্ ক্বাব্‌লিকা মিন্‌হুম্ মান্ ক্বাস্বাস্বনা- 'আলাইকা ;
আপনাকে এর পূর্বে মৃত্যু দান করি তবে আমার কাছেই হবে সকলের প্রত্যাবর্তন। (৭৮) আমি তো আপনার পূর্বেই অনেক রাসূল প্রেরণ করেছি; তাদের মধ্য হতে

وَمِنْهُمْ مَّنْ لَّمْ نَقْصُصْ عَلَيْكَ ۗ وَمَا كَانَ لِرَسُولٍ أَنْ يَأْتِيَ بِآيَةٍ إِلَّا

ওয়া মিন্‌হুম্ মাল্ লাম্ নাক্বসুস্ব 'আলাইকা ; ওয়ামা- কা-না লিরাসূলিন্ আঁই ইয়া'তিয়া বিআ-য়া-তিন্ ইল্লা-
কতকের বর্ণনা আপনার কাছে পেশ করেছি এবং কতকের বর্ণনা আপনার কাছে পেশ করিনি। কোন রাসূলের পক্ষে আল্লাহর অনুমতি ব্যতীত কোন নিদর্শন পেশ করা,

بِإِذْنِ اللّٰهِ ۚ فَإِذَا جَاءَ أَمْرُ اللّٰهِ قُضِيَ بِالْحَقِّ وَخَسِرَ هُنَالِكَ الْمُبْطِلُونَ ۝ ৮ ع ১৩ রুকূ

বিইয্‌নিল্লা-হি, ফাইযা- জ্বা—আ আম্‌রুল্লা-হি কুদ্বিয়া বিল্‌হ্বাক্বক্বি ওয়া খাসিরা হুনা-লিকাল্ মুব্‌ত্বিলূন।
সম্ভব ছিল না। যখন আল্লাহর নির্দেশ আসবে তখন যথাযথভাবে ফয়সালা হয়ে যাবে। আর ক্ষতিগ্রস্ত হবে সেখানে, বাতিল পন্থীরা।

(٧٩) اللّٰهُ الَّذِي جَعَلَ لَكُمُ الْأَنْعَامَ لِتَرْكَبُوا مِنْهَا وَمِنْهَا تَأْكُلُونَ (٨٠) وَلَكُمْ

৭৯। আল্লা-হুল্লাযী জ্বা'আলা লাকুমুল্ আন্'আ-মা লিতার্‌কাবূ মিন্‌হা- ওয়া মিন্‌হা- তা'কুলূন। ৮০। ওয়ালাকুম্
(৭৯) তিনি আল্লাহ, যিনি তোমাদের জন্য চতুষ্পদ জন্তু সৃষ্টি করেছেন। তার মধ্য হতে কতককে তোমরা সওয়ারী হিসেবে ব্যবহার কর, কতক তোমরা খাও। (৮০) তোমাদের

فِيهَا مَنَافِعُ وَلِتَبْلُغُوا عَلَيْهَا حَاجَةً فِي صُدُورِكُمْ وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ

ফীহা- মানা-ফি'উ ওয়ালিতাব্‌লুগূ 'আলাইহা- হ্বা-জ্বাতান্ ফী স্বুদূরিকুম্ ওয়া 'আলাইহা- ওয়া 'আলাল্ ফুল্‌কি
জন্য রয়েছে এতে বহু উপকার, আর যেন তোমরা তাতে আরোহণ করে তোমাদের অন্তরের প্রয়োজনীয় আকাঙ্খা পূর্ণ করতে পার এবং এদের উপর ও নৌযানে তোমাদের

تُحْمَلُونَ (٨١) وَيُرِيكُمْ آيَاتِهِ ۖ فَأَيَّ آيَاتِ اللّٰهِ تُنْكِرُونَ (٨٢) أَفَلَمْ يَسِيرُوا

তুহ্বমালূন। ৮১। ওয়া ইউরীকুম্ আ-য়া-তিহী, ফাআইয়্যা আ-য়া-তিল্লা-হি তুন্‌কিরূন। ৮২। আফালাম্ ইয়াসীরূ
সওয়ার করান হয়। (৮১) আল্লাহ তাঁর (কুদরতের) নিদর্শনসমূহ তোমাদেরকে দেখাচ্ছেন। অতএব তোমরা আল্লাহর কোন নিদর্শনকে অস্বীকার করবে? (৮২) তারা

فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ ۚ كَانُوا أَكْثَرَ مِنْهُمْ

ফিল্ আরদ্বি ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম ; কা-নূ~আক্‌ছারা মিন্‌হুম্
পৃথিবীতে ভ্রমণ করে দেখে না যে, তাদের পূর্ববর্তী (অবিশ্বাসী)-দের পরিণাম কেমন হয়েছে? তারা ছিল তাদের চেয়ে সংখ্যায় অধিক এবং

✪ টীকা (আঃ ৭৭) ঃ نعدهم – শাস্তি প্রদানের প্রতিশ্রুতি। রাসূলুল্লাহর (স) জীবদ্দশায় কাফিরদের শাস্তি হৌক বা নাহোক, তাদের সকলকে আল্লাহর কাছে যেতে হবে। (কুঃ কারীম) ✪ টীকা (আঃ ৭৮) ঃ অর্থাৎ একথায় সকল নবীই সমান যে, আল্লাহ্ তা'আলার অনুমতি ভিন্ন মু'জেযা প্রকাশ করা কোন নবীর সাধ্য নেই। সুতরাং কতক লোক এ কারণেও তাদেরকে অবিশ্বাস করত। তদ্রূপ এসমস্ত লোকও আপনাকে অবিশ্বাস করছে। অতএব, আপনি সান্ত্বনা লাভ করুন এবং ধৈর্য ধারণ করুন। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৮০) ঃ যেমন কারও সাথে সাক্ষাৎ করতে যাওয়া, ব্যবসায়-বাণিজ্যের উদ্দেশ্যে যাওয়া ইত্যাদি। উপরের বাক্যে আরোহণই ছিল উদ্দেশ্য, আর এখানে আরোহণের উদ্দেশ্য বর্ণিত হয়েছে। (বঃ কোঃ)

وَأَشَدَّ قُوَّةً وَآثَارًا فِي الْأَرْضِ فَمَا أَغْنَىٰ عَنْهُمْ مَا كَانُوا يَكْسِبُونَ (٨٣) فَلَمَّا

ওয়া আশাদ্দা কুওয়্যাতাওঁ ওয়া আ-ছা-রান্ ফিল্ আরদ্বি ফামা~আগ্‌না- 'আন্‌হুম্ মা-কা-নূ ইয়াক্‌সিবূন। ৮৩। ফালাম্মা-
শক্তিতেও প্রবল এবং বহু নিদর্শনও রেখে গিয়েছিল পৃথিবীতে। তাদের কৃতকর্ম তাদের কোন কাজেই আসেনি। (৮৩) যখন কোন

جَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ فَرِحُوا بِمَا عِنْدَهُمْ مِنَ الْعِلْمِ وَحَاقَ بِهِمْ

জ্বা—আত্‌হুম্ রুসুলুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি ফারিহ্ব বিমা- 'ইন্‌দাহুম্ মিনাল্ 'ইল্‌মি ওয়া হ্বা-ক্বা বিহিম্
রাসূল তাদের কাছে কোন স্পষ্ট নিদর্শন নিয়ে আগমন করতো, তখন তারা তাদের নিজেদের (ভ্রান্ত) জ্ঞানের তারা গর্ব করত। যে বিষয় তারা ঠাট্টা করত, সেটাই

مَا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ (٨٤) فَلَمَّا رَأَوْا بَأْسَنَا قَالُوا آمَنَّا بِاللّٰهِ وَحْدَهُ وَكَفَرْنَا

মা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন। ৮৪। ফালাম্মা- রাআও বা'সানা- ক্বা-লূ~আ-মান্না- বিল্লা-হি ওয়াহ্বদাহূ ওয়া কাফার্‌না-
তাদেরকে পাকড়াও করল। (৮৪) যখন তারা আমার শাস্তি দেখল, তখন তারা বলল, আমরা ঈমান আনলাম আল্লাহর একত্ববাদের উপর এবং যাদেরকে আমরা

بِمَا كُنَّا بِهِ مُشْرِكِينَ (٨٥) فَلَمْ يَكُ يَنْفَعُهُمْ إِيمَانُهُمْ لَمَّا رَأَوْا بَأْسَنَا ۗ

বিমা- কুন্না-বিহী মুশ্‌রিকীন। ৮৫। ফালাম্ ইয়াকু ইয়ান্‌ফা'উহুম্ ঈমা-নুহুম্ লাম্মা- রাআও বা'সানা-;
তাঁর সাথে শরীক করতাম তাদের সবগুলোকে অস্বীকার করলাম। (৮৫) আমার শাস্তি দেখার পরে। তাদের ঈমান গ্রহন, কোনই কাজে আসল না।

৯ ع ১৪ রুকূ سُنَّتَ اللّٰهِ الَّتِي قَدْ خَلَتْ فِي عِبَادِهِ ۚ وَخَسِرَ هُنَالِكَ الْكَافِرُونَ ۝

সুন্নাতাল্লা-হিল্লাতী ক্বাদ্ খালাত্ ফী 'ইবা-দিহী ওয়া খাসিরা হুনা-লিকাল্ কা-ফিরূন।
আল্লাহর এ নিয়ম পূর্ব হতেই তাঁর বান্দাদের উপর এভাবে চলে আসছে এবং এখানে কাফিরেরাই ক্ষতিগ্রস্ত হয়।

সূরা হা-মীম সিজ্বদাহ্
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্বমা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৫৪
রুকূ ঃ ৬

(١) حٰمٓ (٢) تَنْزِيلٌ مِنَ الرَّحْمٰنِ الرَّحِيمِ (٣) كِتَابٌ فُصِّلَتْ آيَاتُهُ قُرْآنًا عَرَبِيًّا

১। হ্বা-মী—ম্। ২। তান্‌যীলুম্ মিনার্ রাহ্বমা-নির রাহ্বীম। ৩। কিতাবুন ফুস্বস্বিলাত্ আ-য়া-তুহূ কুর্‌আ-নান 'আরাবিয়্যাল্
(১) হা- মী-ম। (২) এ দয়াময় পরম দয়ালুর নিকট হতে অবতীর্ণ। (৩) এ এমন কিতাব, যার আয়াতসমূহ বিস্তারিত ভাবে বর্ণিত হয়েছে আরবী কুরআন রূপে

✪ শানে নুযূল ঃ সূরা হা-মীম আস্‌সাজ্জদা ঃ এ সূরাটি সম্পর্কে বর্ণিত আছে যে, একবার কুরায়শ নেতৃবৃন্দের পরামর্শ সভায় আলোচনা হল যে, রাসূলুল্লাহ (সা) এর অনুসারী ক্রমেই বেড়ে চলেছে। এটা চির রহিত করণের জন্য অবশ্যই একটি পরিকল্পনা গ্রহণ করতে হবে। তারা তাদের মধ্যে সবচেয়ে অভিজ্ঞ বাগ্মী ও মিষ্টভাষী ব্যক্তি, ওতবা বিন রাবিয়াহ কে এজন্য নির্বাচন করল যে, সে রাসূলুল্লাহ (স)-এর সাথে আলাপ-আলোচনা করবে। এ সিদ্ধান্ত মোতাবেক সে রাসূলুল্লাহ (স)-এর দরবারে আসে এবং বলে যে, আপনার কারণেই আরববাসীগণের মধ্যে বিশৃংখলা ও মতানৈক্য সৃষ্টি হয়েছে। আপনার নতুন (ধর্মের) দাওয়াত দ্বারা যদি আপনার উদ্দেশ্য হয়, ধন-সম্পদ ও অর্থ-কড়ি উপার্জন করা। তা আমরা আপনার সামনে এনে জমা করে দেই। যদি আপনি চান নেতৃত্ব, তবে আমরা আপনাকে আমাদের নেতৃত্বের আসনে বসিয়ে দেই, যদি ইচ্ছা করেন কোন সুন্দরী রমনী বিবাহ করতে, তবে একজন নয় বরং দশজন অতি সুন্দরী রমনী বিবাহের ব্যবস্থা করে দেই। যদি মনে করেন আপনার উপর কোন দুষ্ট জ্বীনের প্রভাব আছে, যাতে আপনি আমাদের মাবুদগুলোকে মন্দ বলেন। আমরা আমাদের দায়িত্বে আপনার চিকিৎসা করিয়ে দেই। রাসূলুল্লাহ (স) তার এ কথাগুলো শুনে তার সামনে এ সূরাটি পাঠ করেন। যাতে সে খুবই প্রভাবান্বিত হয়ে পড়ে। সে কুরায়শ নেতৃবৃন্দের কাছে ফিরে গিয়ে বলল যে, মুহাম্মদ (স) যা আমার সামনে পেশ করেছেন তা যাদু এবং উপখ্যান কোন কবিতা নয়। (কুঃ কারীম)

لِقَوْمٍ يَعْلَمُونَ ۝٤ بَشِيرًا وَنَذِيرًا ۚ فَأَعْرَضَ أَكْثَرُهُمْ فَهُمْ لَا يَسْمَعُونَ ۝

লিক্বাওমিঁই ইয়া'লামূন। ৪। বাশীরাওঁ ওয়া নাযীরান্, ফা'আরাদ্বা আক্‌ছারুহুম্ ফাহুম্ লা- ইয়াস্‌মা'উন।
সে সম্প্রদায়ের জন্য, যারা সে সম্পর্কে জানে। (৪) (কুরআন) সুসংবাদাতা এবং সতর্ককারী, অথচ তাদের অধিকাংশ লোকই উপেক্ষা সুতরাং তারা শ্রবণই করে না।

۝٥ وَقَالُوا قُلُوبُنَا فِي أَكِنَّةٍ مِمَّا تَدْعُونَا إِلَيْهِ وَفِي آذَانِنَا وَقْرٌ وَمِنْ بَيْنِنَا

৫। ওয়াক্বা-লূ কুলূবুনা- ফী~আকিন্নাতিম্ মিম্মা- তাদ্‌'উনা~ইলাইহি ওয়া ফী~ আ-যা-নিনা- ওয়াক্বরুওঁ ওয়া মিম্ বাইনিনা-
(৫) তারা (নবীকে) বলে, আপনি যার প্রতি আমাদেরকে দাওয়াত দিচ্ছেন, সে বিষয় আমাদের অন্তর (পর্দা দ্বারা) আবৃত। কর্ণ এ ব্যাপারে বধির এবং আমাদের ও

وَبَيْنِكَ حِجَابٌ فَاعْمَلْ إِنَّنَا عَامِلُونَ ● ۝٦ قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِثْلُكُمْ يُوحَىٰ

ওয়া বাইনিকা হ্বিজ্বা-বুন্ ফা'মাল্ ইন্নানা- 'আ-মিলূন। ৬। কুল্ ইন্নামা~আনা বাশারুম্ মিছ্‌লুকুম্ ইউহ্বা~
আপনার মাঝে রয়েছে অন্তরায় সুতরাং আপনি আপনার কাজ করুন। আমরা আমাদের কাজ করি। (৬) বলুন, আমিতো তোমাদের মতই একজন মানুষ, আমার উপর ওহী

তিন চতুর্থাংশ ●

إِلَيَّ أَنَّمَا إِلَٰهُكُمْ إِلَٰهٌ وَاحِدٌ فَاسْتَقِيمُوا إِلَيْهِ وَاسْتَغْفِرُوهُ ۗ وَوَيْلٌ لِلْمُشْرِكِينَ ۝

ইলাইয়্যা আন্নামা~ইলা-হুকুম্ ইলা-হুওঁ ওয়া-হ্বিদুন্ ফাস্‌তাক্বীমূ~ইলাইহি ওয়াস্ তাগ্‌ফিরূহ্‌ ; ওয়া ওয়াইলুল্ লিল্‌মুশ্‌রিকীন।
অবতীর্ণ হয় যে, তোমাদের সকলের মাবুদ এক আল্লাহ। সুতরাং তাঁর দিকেই নিবিষ্ট হও এবং তাঁর কাছেই ক্ষমা প্রার্থনা কর এবং সে সব মুশরিকদের জন্য দুর্ভোগ,

۝٧ الَّذِينَ لَا يُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ ۝٨ إِنَّ الَّذِينَ

৭। আল্লাযীনা লা- ইউ'তূনায্ যাকা-তা ওয়া হুম্ বিল্‌আখিরাতি হুম্ কা-ফিরূন। ৮। ইন্নাল্লাযীনা
(৭) যারা যাকাত আদায় করে না এবং তারা পরকালেরও অবিশ্বাসী। (৮) যারা

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ۝٩ قُلْ أَئِنَّكُمْ لَتَكْفُرُونَ

ع ১৫ রুকূ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি লাহুম্ আজ্বরুন্ গাইরু মাম্‌নূন। ৯। কুল্ আইন্নাকুম্ লাতাক্‌ফুরূনা
ঈমান আনে ও নেক কাজ করে তাদের জন্য রয়েছে এমন পুরস্কার যা কখনও হ্রাস করা হবে না। (৯) বলুন, তোমরা কি এমন

بِالَّذِي خَلَقَ الْأَرْضَ فِي يَوْمَيْنِ وَتَجْعَلُونَ لَهُ أَنْدَادًا ۚ ذَٰلِكَ رَبُّ الْعَالَمِينَ ۝

বিল্লাযী খালাক্বাল্ আর্‌দ্বা ফী ইয়াওমাইনি ওয়া তাজ্‌'আলূনা লাহূ~আন্‌দা-দান ; যা-লিকা রাব্বুল্ 'আলা-মীন।
যিনি দু দিনে পৃথিবী সৃষ্টি করেছেন, এবং তোমরা তাঁর শরীক নির্ধারণ করছ? তিনিইতো (আল্লাহ) সার জাহানের প্রতিপালক।

۝١٠ وَجَعَلَ فِيهَا رَوَاسِيَ مِنْ فَوْقِهَا وَبَارَكَ فِيهَا وَقَدَّرَ فِيهَا أَقْوَاتَهَا فِي أَرْبَعَةِ

১০। ওয়া জ্বা'আলা ফীহা- রাওয়া-সিয়া মিন্ ফাওক্বিহা- ওয়া বা-রাকা ফীহা- ওয়া ক্বাদ্দারা ফীহা~আক্বওয়া-তাহা- ফী~আর্‌বা'আতি
(১০) তিনিই পৃথিবীতে তার পৃষ্ঠে মজবুত পাহাড় সৃষ্টি করেছেন, এবং তাতে রেখে দিয়েছেন কল্যাণকর বস্তু এবং সেখানে খাদ্যের ব্যবস্থা করেছেন চারদিনে;

أَيَّامٍ سَوَاءً لِلسَّائِلِينَ ۝١١ ثُمَّ اسْتَوَىٰ إِلَى السَّمَاءِ وَهِيَ دُخَانٌ فَقَالَ لَهَا

আইয়্যা-মিন ; সাওয়া—আল্ লিস সা—ইলীন। ১১। ছুম্মাস তাওয়া~ইলাস্ সামা—ই ওয়াহিয়া দুখা-নুন্ ফাক্বা-লা লাহা-
এটা প্রশ্নকারীদের জন্য। (১১) অতঃপর তিনি নিবিষ্ট হলেন আকাশের দিকে এবং সেটি ছিল ধূম্রায়িত, অতঃপর তিনি সেটাকে ও পৃথিবীকে বললেন, তোমরা উভয়ই

وَلِلْأَرْضِ ائْتِيَا طَوْعًا أَوْ كَرْهًا قَالَتَا أَتَيْنَا طَائِعِينَ ۝١٢ فَقَضَاهُنَّ سَبْعَ

ওয়ালিল্ আর্‌দ্বি'তিয়া ত্বাও'আন্ আও কার্‌হান ; ক্বা-লাতা~আতাইনা- ত্বা—ই'ঈন। ১২। ফাক্বাদ্বা-হুন্না সাব্‌'আ
ইচ্ছায় অথবা অনিচ্ছায়(আমার উদ্দেশ্য বাস্তবায়নে এগিয়ে) আস। তারা উভয়ই বলল, আমরা স্বেচ্ছায় উপস্থিত হলাম। (১২) অতঃপর তিনি দু দিনে

سَمَاوَاتٍ فِي يَوْمَيْنِ وَأَوْحَىٰ فِي كُلِّ سَمَاءٍ أَمْرَهَا ۚ وَزَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا

সামা-ওয়া-তিন্ ফী ইয়াওমাইনি ওয়া আওহ্বা-ফী কুল্লি সামা—ইন্ আম্‌রাহা- ; ওয়া যাইয়্যান্নাস্ সামা—আদ্ দুন্‌ইয়া-
আকাশ মন্ডলীকে সপ্ত আকাশে রূপান্তরিত করেন এবং প্রত্যেক আকাশে তাঁর যথাযথ আদেশ প্রেরণ করলেন এবং আমি পৃথিবীর নিকটতম আকাশকে সুশোভিত

بِمَصَابِيحَ ۖ وَحِفْظًا ۚ ذَٰلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ ۝١٣ فَإِنْ أَعْرَضُوا فَقُلْ

বিমাস্বা-বীহ্বা, ওয়া হ্বিফ্‌জান ; যা-লিকা তাক্বদীরুল্ 'আযীযিল্ 'আলীম। ১৩। ফাইন্ আ'রাদ্বূ ফাক্বুল
করলাম, আলো (তারকারাজি) দ্বারা এটা মহা প্রতাপশালী, মহাজ্ঞানী (আল্লাহর) নিরূপণ। (১৩) এরপরেও যদি তারা মুখ ফিরায়, তবে বলুন,

أَنْذَرْتُكُمْ صَاعِقَةً مِثْلَ صَاعِقَةِ عَادٍ وَثَمُودَ ۝١٤ إِذْ جَاءَتْهُمُ الرُّسُلُ مِنْ

আন্‌যার্‌তুকুম্ স্বা-'ইক্বাতাম্ মিছ্‌লা স্বা-'ইক্বাতি 'আ-দিওঁ ওয়া ছামূদ। ১৪। ইয্ জ্বা—আত্‌হুমুর্ রুসুলু মিম্
আমি তোমাদের সতর্ক করে দিচ্ছি আদ এবং সামুদ সম্প্রদায়ের শাস্তির অনুরূপ এক ধ্বংসকারী শাস্তির। (১৪) তাদের কাছে যখন রাসূল আগমন

بَيْنِ أَيْدِيهِمْ وَمِنْ خَلْفِهِمْ أَلَّا تَعْبُدُوا إِلَّا اللَّهَ ۖ قَالُوا لَوْ شَاءَ رَبُّنَا لَأَنْزَلَ

বাইনি আইদীহিম্ ওয়া মিন্ খাল্‌ফিহিম্ আল্লা- তা'বুদূ~ইল্লাল্লা-হা ; ক্বা-লূ লাও শা—আ রাব্বুনা লা আন্‌যালা
করেছিলেন তাদের সম্মুখ হতে এবং পশ্চাৎ হতে, তারা বলেছিলেন তোমরা আল্লাহ ব্যতীত অন্য কারও ইবাদাত কর না, তখন তারা জবাবে বলেছিল যে, যদি আমাদের

مَلَائِكَةً فَإِنَّا بِمَا أُرْسِلْتُمْ بِهِ كَافِرُونَ ۝١٥ فَأَمَّا عَادٌ فَاسْتَكْبَرُوا فِي الْأَرْضِ

মালা—ইকাতান্ ফাইন্না- বিমা~উর্‌সিল্‌তুম্ বিহী কা-ফিরূন। ১৫। ফাআম্মা- 'আ-দুন্ ফাস্‌তাক্‌বারূ ফিল্ আর্‌দ্বি
প্রতিপালক এটা ইচ্ছাই করতেন, তবে তিনি অবশ্যই ফিরশতা প্রেরণ করতেন। সুতরাং আপনাদের এ রিসালাতের আমরা অস্বীকারকারী। (১৫) আদ সম্প্রদায় তো

بِغَيْرِ الْحَقِّ وَقَالُوا مَنْ أَشَدُّ مِنَّا قُوَّةً ۖ أَوَلَمْ يَرَوْا أَنَّ اللَّهَ الَّذِي خَلَقَهُمْ

বিগাইরিল্ হ্বাক্বক্বি ওয়া ক্বা-লূ মান্ আশাদ্দু মিন্না কুওয়্যাতান ; আওয়ালাম্ ইয়ারাও আন্নাল্লা-হাল্লাযী খালাক্বাহুম্
অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করত এবং বলত যে, আমাদের চেয়ে শক্তিমান আর কে আছে? তারা কি চিন্তা করে না যে, আল্লাহ, যিনি তাদেরকে সৃষ্টি

هُوَ أَشَدُّ مِنْهُمْ قُوَّةً ۖ وَكَانُوا بِآيَاتِنَا يَجْحَدُونَ ۝١٦ فَأَرْسَلْنَا عَلَيْهِمْ رِيحًا

হুওয়া আশাদ্দু মিন্‌হুম্ কুওয়্যাতান ; ওয়া কা-নূ বিআ-য়া-তিনা- ইয়াজ্বহ্বাদূন ১৬। ফাআর্‌সাল্‌না- 'আলাইহিম্ রীহ্বান
করেছেন, তিনি তাদের চেয়ে অধিক শক্তিবান। অথচ তারা আমার নির্দশনসমূহকে অবিশ্বাস করত। (১৬) সুতরাং আমি এক অশুভ দিনে

صَرْصَرًا فِي أَيَّامٍ نَحِسَاتٍ لِنُذِيقَهُمْ عَذَابَ الْخِزْيِ فِي الْحَيَاةِ الدُّنْيَا ۖ

স্বার্‌স্বারান ফী~আইয়্যা-মিন্ নাহ্বিসা-তিল্ লিনুযীক্বাহুম্ 'আযা-বাল্ খিয্‌যই ফিল্ হ্বায়া-তিদ্ দুন্‌ইয়া-;
তাদের উপর (শাস্তি স্বরূপ) ঝড়ো হাওয়া, প্রেরণ করলাম যাতে তারা এ পার্থিব জীবনে লাঞ্ছনাদায়ক শাস্তি উপভোগ করতে পারে।

وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَخْزٰى وَهُمْ لَا يُنْصَرُوْنَ ⑰ وَاَمَّا ثَمُوْدُ فَهَدَيْنٰهُمْ فَاسْتَحَبُّوا

ওয়ালা 'আযা-বুল্ আ-খিরাতি আখ্যা- ওয়াহুম্ লা ইউন্স্বারূন। ১৭। ওয়া আম্মা- ছামূদু ফাহাদাইনা-হুম্ ফাস্তাহাব্বুল্
এবং পরকালের শাস্তি এর চেয়েও অধিক লাঞ্ছনাদায়ক এবং তাদের কোনই সাহায্যকারী হবে না। (১৭) আর সামূদ সম্প্রদায়ের অবস্থাতো এই যে, আমি তাদেরকে পথ প্রদর্শন

الْعَمٰى عَلَى الْهُدٰى فَاَخَذَتْهُمْ صٰعِقَةُ الْعَذَابِ الْهُوْنِ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ع ○

'আমা- 'আলাল্ হুদা- ফাআখাযাত্হুম্ স্বা-'ইক্বাতুল্ 'আযা-বিল্ হূনি বিমা-কা-নূ ইয়াক্সিবূন।
করেছিলাম, কিন্তু তারা সঠিক রাস্তার পরিবর্তে ভ্রান্ত রাস্তাকে গ্রহণ করেছিল। তাদেরকে লাঞ্ছনাদায়ক শাস্তিস্বরূপ বজ্রের আওয়াজ পাকড়াও করল তাদের কৃতকর্মের বিনিময়।

২ ع ১৬ রুকূ

⑱ وَنَجَّيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ⑲ وَيَوْمَ يُحْشَرُ اَعْدَاۤءُ اللّٰهِ اِلَى

১৮। ওয়া নাজ্জাইনাল্ লাযীনা আ-মানূ ওয়াকা-নূ ইয়াত্তাক্বূন। ১৯। ওয়া ইয়াওমা ইউহ্শারু 'আদা—উল্লা-হি ইলান্
(১৮) আমি রক্ষা করেছিলাম মুমিনগণকে এবং যারা পরহেজগারী অবলম্বন করত। (১৯) আর যেদিন আল্লাহর দুশমনদেরকে সমবেত করা হবে জাহান্নামের

النَّارِ فَهُمْ يُوْزَعُوْنَ ⑳ حَتّٰٓى اِذَا مَا جَاۤءُوْهَا شَهِدَ عَلَيْهِمْ سَمْعُهُمْ وَاَبْصَارُهُمْ

না-রি ফাহুম্ ইউযা'উন। ২০। হাত্তা~ইযা- মা- জ্বা—উহা- শাহিদা 'আলাইহিম্ সাম্'উহুম্ ওয়া আব্স্বা-রুহুম্
অভিমুখে, তাদেরকে বিভিন্ন দলে সারিবদ্ধ করা হবে, (২০) শেষ পর্যন্ত তারা যখন জাহান্নামের নিকট এসে পৌঁছবে, তখন তাদের কর্ণ, তাদের চক্ষু

وَجُلُوْدُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ㉑ وَقَالُوْا لِجُلُوْدِهِمْ لِمَ شَهِدْتُّمْ عَلَيْنَا ؕ

ওয়া জুলূদুহুম্ বিমা- কা-নূ ই'য়ামালূন। ২১। ওয়া ক্বা-লূ লিজুলূদিহিম্ লিমা শাহিত্তুম্ 'আলাইনা-;
এবং তাদের চর্ম, তাদের কৃতকর্ম সম্পর্কে সাক্ষ্য দিবে। (২১) তারা তাদের চর্মকে জিজ্ঞাসা করবে, তোমরা আমাদের বিরুদ্ধে কেন সাক্ষ্য দিলে? তারা

قَالُوْٓا اَنْطَقَنَا اللّٰهُ الَّذِيْٓ اَنْطَقَ كُلَّ شَيْءٍ وَّهُوَ خَلَقَكُمْ اَوَّلَ مَرَّةٍ وَّاِلَيْهِ

ক্বা-লূ~ আন্ত্বাক্বানাল্লা-হুললাযী~আন্ত্বাক্বা কুল্লা শাইয়িওঁ ওয়া হুওয়া খালাক্বাকুম্ আওয়্যালা মার্রাতিওঁ ওয়া ইলাইহি
জবাবে বলবে, আমাদেরকে আল্লাহ কথা বলার শক্তি দিয়েছেন, যিনি প্রতিটি বস্তুকে কথা বলার শক্তি দিয়েছেন। তিনিই তোমাদেরকে প্রথমবারে সৃষ্টি করেছেন এবং তাঁর

تُرْجَعُوْنَ ㉒ وَمَا كُنْتُمْ تَسْتَتِرُوْنَ اَنْ يَّشْهَدَ عَلَيْكُمْ سَمْعُكُمْ وَلَآ اَبْصَارُكُمْ

তুর্জা'উন। ২২। ওয়ামা- কুন্তুম্ তাস্তাতিরূনা আই ইয়াশ্হাদা 'আলাইকুম্ সাম্'উকুম্ ওয়ালা ~আব্স্বা-রুকুম্
দিকেই তোমরা সকলে প্রত্যাবর্তন করবে। (২২) তোমরা তোমাদের পাপ এদের থেকে গোপন করতে না। কারণ তোমাদের (কর্মের) ব্যাপারে তোমাদের কর্ন, তোমাদের চক্ষু

وَلَا جُلُوْدُكُمْ وَلٰكِنْ ظَنَنْتُمْ اَنَّ اللّٰهَ لَا يَعْلَمُ كَثِيْرًا مِّمَّا تَعْمَلُوْنَ ㉓ وَذٰلِكُمْ

ওয়ালা- জুলূদুকুম্ ওয়ালা- কিন্ জানান্তুম্ আন্নাল্লা-হা লা- ই'য়ালামু কাছীরাম্ মিম্মা- 'তামালূন। ২৩। ওয়া যা-লিকুম্
এবং তোমাদের চর্ম সাক্ষ্য দিবেন। আর তোমরা এ ধারণা করতে যে, তোমরা যা কিছুই করছ, তার অনেক কর্মই আল্লাহ জানেন না। (২৩) তোমাদের

ظَنُّكُمُ الَّذِيْ ظَنَنْتُمْ بِرَبِّكُمْ اَرْدٰىكُمْ فَاَصْبَحْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ○

জান্নুকুমুল্লাযী জানান্তুম বিরাব্বিকুম্ আর্দা-কুম্ ফাআস্বাহ্তুম মিনাল খা-সিরীন।
প্রতিপালক সম্পর্কে তোমাদের এ (ভ্রান্ত) ধারণা, তোমাদের ধ্বংস করেছে এবং পরিশেষে তোমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়েছে।

㉔ فَاِنْ يَّصْبِرُوْا فَالنَّارُ مَثْوًى لَّهُمْ ۚ وَاِنْ يَّسْتَعْتِبُوْا فَمَا هُمْ مِّنَ الْمُعْتَبِيْنَ ○

২৪। ফা-ইঁয় ইয়াস্বিরূ ফান্না-রু মাছ্ওয়াল্ লাহুম্, ওয়া ইঁয় ইয়াস্'তাতিবূ ফামা-হুম্ মিনাল্ 'মুতাবীন।
(২৪) এখন যদি তারা ধৈর্য ধারনও করে তবুও তাদের ঠিকানা জাহান্নাম। এবং যদি তারা (আল্লাহর) দয়া কামনা করে তবুও তারা দয়াপ্রাপ্ত হবে না।

㉕ وَقَيَّضْنَا لَهُمْ قُرَنَاۤءَ فَزَيَّنُوْا لَهُمْ مَّا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَحَقَّ

২৫। ওয়া ক্বাইয়্যাদ্বনা- লাহুম্ কুরানা—আ ফাযাইয়্যানূ লাহুম্ মা-বাইনা আইদীহিম্ ওয়ামা- খালফাহুম্ ওয়া হাক্বক্বা
(২৫) আমি তাদের কতিপয় সংগী নিযুক্ত করে দিয়েছিলাম। যারা তাদের সামনে সুশোভিত করে তুলছিল তাদের সম্মুখের ও পশ্চাতের

عَلَيْهِمُ الْقَوْلُ فِيْٓ اُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمْ مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ ۚ اِنَّهُمْ

'আলাইহিমুল ক্বাওলু ফী~উমামিন্ ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্লিহিম্ মিনাল্ জিন্নি ওয়াল্ ইন্সি, ইন্নাহুম্
কর্মগুলোকে এবং আল্লাহর বাণী (শাস্তি) তাদের ব্যাপারেও তাদের পূর্ববর্তী জ্বীন ও মানুষদের ন্যায় সঠিক (বাস্তবায়িত) হয়েছে। তারা ছিল

৩ ع ১৭ রুকূ

كَانُوْا خٰسِرِيْنَ ㉖ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَا تَسْمَعُوْا لِهٰذَا الْقُرْاٰنِ

কা-নূ খা-সিরীন। ২৬। ওয়া ক্বা-লাল্ লাযীনা কাফারূ লা-তাস্মা'উ লিহা-যাল্ কুরআ-নি
ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত। (২৬) কাফেররা বলে, তোমরা এ কুরআনকে শ্রবণ করনা বরং তা পাঠের সময় হৈ চৈ শুরু কর,

وَالْغَوْا فِيْهِ لَعَلَّكُمْ تَغْلِبُوْنَ ㉗ فَلَنُذِيْقَنَّ الَّذِيْنَ كَفَرُوْا عَذَابًا

ওয়াল্গাও ফীহি লা'আল্লাকুম্ তাগ্লিবূন। ২৭। ফালানুযী ক্বান্নাল্ লাযীনা কাফারূ 'আযা-বান্
যাতে তোমরা বিজয়ী হতে পার। (২৭) আমি এ কাফিরদেরকে কঠিন শাস্তির স্বাদ উপভোগ করাবই

شَدِيْدًا ۙ وَّلَنَجْزِيَنَّهُمْ اَسْوَاَ الَّذِيْ كَانُوْا يَعْمَلُوْنَ ㉘ ذٰلِكَ جَزَاۤءُ اَعْدَاۤءِ اللّٰهِ

শাদীদাওঁ, ওয়ালা নাজ্যিয়ান্নাহুম্ আস্ওয়াল্ লাযী কা-নূ ই'য়ামালূন। ২৮। যা-লিকা জ্বাযা—উ 'আদা—ইল্লা-হিন্
এবং তাদেরকে তাদের মন্দ (গুনাহর) কাজের প্রতিফল দিবই। (২৮) আল্লাহর দুশমনদের প্রতিফল

النَّارُ ۚ لَهُمْ فِيْهَا دَارُ الْخُلْدِ ؕ جَزَاۤءًۢ بِمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ○

না-রু, লাহুম্ ফীহা- দা-রুল্ খুল্দি ; জ্বাযা—আম্ বিমা-কা-নূ বি আ-য়া-তিনা- ইয়াজ্হাদূন।
এই (জাহান্নামের) অগ্নি, যেটা তাদের স্থায়ী বাসগৃহ; এটাই হচ্ছে, আমার নিদর্শনাবলী প্রত্যাখ্যানের প্রতিফল।

㉙ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا رَبَّنَآ اَرِنَا الَّذَيْنِ اَضَلّٰنَا مِنَ الْجِنِّ وَالْاِنْسِ نَجْعَلْهُمَا

২৯। ওয়া ক্বা-লাল্লাযীনা কাফারূ রাব্বানা ~আরিনাল্ লাযাইনি আদ্বাল্লা-না- মিনাল্ জিন্নি ওয়াল ইন্সি নাজ্'আল্হুমা-
(২৯) কাফেররা বলবে, হে আমাদের প্রতিপালক! জ্বীন ও মানুষের মধ্য হতে যারা আমাদেরকে (পৃথিবীতে) পথভ্রষ্ট করেছে, তাদেরকে দেখিয়ে দিন, আজ

○ টীকা (আঃ ২৪) ঃ কেননা, তোমরা ধারণা করতে যে, আল্লাহ তায়ালা মানুষের কার্য সম্বন্ধে অবগত নয়। আবার তোমরা তোমাদের যাবতীয় শিরক ও পাপকার্যকে অপরাধ মনে করতে না। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ لهم قرناء - (কতিপয় সংগী) দ্বারা মানুষ ও জ্বীনের মধ্য হতে শয়তানকে বুঝানো হয়েছে। যারা বাতিল পন্থীদের সামনে তাদের কুফরী ও গুনাহর কাজগুলো শোভনীয় করে তুলে ধরে। ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ والغوا فيه - অর্থাৎ কুরআন তেলাওয়াতের সময়, হৈ চৈ কর, তালি বাজাও, জোরে কথা বার্তা বল। যাতে মজলিসে উপস্থিত ব্যক্তিদের কর্ণ কুরআনের আওয়াজ যেতে না পারে এবং কুরআনের আওয়াজ শুনে যাতে তার প্রতি আকৃষ্ট না হয়ে পড়ে।

تَحْتَ أَقْدَامِنَا لِيَكُونَا مِنَ الْأَسْفَلِينَ (٢٩) إِنَّ الَّذِينَ قَالُوا رَبُّنَا اللّٰهُ

তাহ্তা আক্বদা-মিনা- লিইয়াকূনা- মিনাল্ আসফালীন। ৩০। ইন্নাল্ লাযীনা ক্বা-লূ রাব্বুনাল্লা-হু
আমরা তাদেরকে পদদলিত করব, যাতে তারা অপমানিত হয়। (৩০) নিশ্চয়ই যারা বলে, আমাদের প্রতিপালক (একমাত্র) আল্লাহ্ এবং এর উপর

ثُمَّ اسْتَقَامُوا تَتَنَزَّلُ عَلَيْهِمُ الْمَلٰٓئِكَةُ أَلَّا تَخَافُوا وَلَا تَحْزَنُوا وَأَبْشِرُوا

ছুম্মাস্ তাক্বা-মূ তাতানায্যালু 'আলাইহিমুল্ মালা—ইকাতু আল্লা- তাখা-ফূ ওয়ালা- তাহ্যানূ ওয়া আব্শিরূ
কায়েম থাকে তাদের কাছে প্রেরিত হবে, ফিরিশতা (এ শুভ সংবাদ নিয়ে) যে, তোমরা কোন ভয় কর না এবং চিন্তাও কর না। বরং সে জান্নাতের সু-সংবাদ শ্রবণ কর,

بِالْجَنَّةِ الَّتِي كُنْتُمْ تُوعَدُونَ (٣٠) نَحْنُ أَوْلِيٰٓؤُكُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا

বিল্ জ্বান্নাতিল্লাতী কুন্তুম্ তূ'আদূন। ৩১। নাহ্নু আওলিয়া—উকুম ফিল্ হ্বায়া-তিদ্ দুন্ইয়া-
যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল। (৩১) তোমাদের পার্থিব জীবনেও আমরা তোমাদের বন্ধু (সাহায্যকারী) ছিলাম, এখন

وَفِي الْاٰخِرَةِ ج وَلَكُمْ فِيهَا مَا تَشْتَهِيٓ أَنْفُسُكُمْ وَلَكُمْ فِيهَا مَا تَدَّعُونَ ۝

ওয়া ফিল্ আ-খিরাতি, ওয়ালাকুম্ ফীহা- মা- তাশ্তাহী~আন্ফুসুকুম্ ওয়া লাকুম্ ফীহা-মা-তাদ্দা'উন।
পরকালেও বন্ধু থাকব। তোমরা যা আন্তরিকভাবে কামনা করবে এবং যা কিছু চাবে তা সব কিছুই তোমাদের জন্য সেখানে (জান্নাতে) মওজুদ রয়েছে।

(٣١) نُزُلًا مِنْ غَفُورٍ رَحِيمٍ (٣٢) وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِمَّنْ دَعَآ إِلَى اللّٰهِ وَعَمِلَ صَالِحًا

৩২। নুযুলাম্ মিন্ গাফূরির্ রাহ্বীম। ৩৩। ওয়া মান্ আহ্বসানু কাওলাম্ মিম্মান্ দা'আ~ইলাল্লা-হি ওয়া 'আমিলা স্বা-লিহ্বাওঁ
(৩২) এসব কিছু ক্ষমাশীল, দয়ালু আল্লাহর তরফ হতে, মেহমানদারী। (৩৩) তার চেয়ে সর্বোত্তম আহব্বানকারী আর কে আছে? যে আল্লাহর দিকে মানুষদেরকে আহ্বান করে

وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ (٣٣) وَلَا تَسْتَوِي الْحَسَنَةُ وَلَا السَّيِّئَةُ ط اِدْفَعْ

ওয়া ক্বা-লা ইন্নানী মিনাল্ মুস্লিমীন। ৩৪। ওয়ালা- তাস্তাওয়িল্ হ্বাসানাতু ওয়ালাস্ সাইয়্যিআতু ; ইদ্'ফা
এবং নেক কাজ করে এবং বলে যে, নিশ্চয়ই আমি মুসলমানগণের অন্তর্ভুক্ত। (৩৪) ভালকাজ এবং মন্দকাজ সমান নয়। ভাল

بِالَّتِي هِيَ أَحْسَنُ فَإِذَا الَّذِي بَيْنَكَ وَبَيْنَهُ عَدَاوَةٌ كَأَنَّهُ وَلِيٌّ حَمِيمٌ ۝

বিল্লাতী হিয়া আহ্বসানু ফাইযাল্ লাযী বাইনাকা ওয়া বাইনাহূ 'আদা-ওয়াতুন্ কাআন্নাহূ ওয়ালিইয়্যুন হ্বামীম।
কাজ দ্বারা মন্দকে দুর করুন, ফলে আপনার সাথে যার সাথে দুশমনী, সে এমন হবে যে, মনে হবে যেন সে আপনার ঘনিষ্ঠ বন্ধু।

○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ ثم استقاموا - [অতঃপর এর উপর কায়েম (সুদৃঢ়) থাকে]। কায়েম থাকার অর্থ, হযরত সিদ্দীকে আকবর (রা) বলেন, শিরক না করা। হযরত ওমর ফারুক (রা) বলেন, আল্লাহ তায়ালার হুকুমের প্রতি কায়েম থাকা। (অর্থাৎ নেক কাজ করা গুনাহর কাজ থেকে বিরত থাকা) হযরত ওসমান (রা) বলেন, নিজ আমল পরিশুদ্ধ ও পবিত্র করা। হযরত আলী (রা) বলেন, ফরজ ইবাদাতগুলো আদায় করা। হযরত হাসান বসরী (র) বলেন, এর অর্থ আনুগত্যতার সাথে ইবাদাত করা এবং গুনাহ থেকে বেঁচে থাকা। (তাঃ কাদেরী)

○ বিশ্লেষণ (আঃ ৩৩) ঃ ومن احسن قولا - এ আয়াত রাসূলুল্লাহর (স) প্রসংগে বলা হয়েছে, যেহেতু তিনি সকলকে আল্লাহ তায়ালার প্রতি আহ্বান করেছেন।

কোন তফসীরকার বলেন, এর দ্বারা আলিমগণকে বুঝানো হয়েছে, যেহেতু তারা লোকদেরকে দ্বীনের তালীম দিয়ে থাকেন এবং হযরত আয়েশা (রা) বলেন, এ আয়াত মুয়াজ্জিনগণের প্রসংগে বলা হয়েছে। আইনুল মা'নীর লিখক এ আয়াতের শানে নুযুল প্রসংগে বলেন, যখন হযরত বিলাল (রা) আজান দিতেন তখন ইয়াহুদিরা ঠাট্টা করে বলত যে, কাক ডাকছে এবং নামাজের দিকে আহ্বান করছে। তখন এ আয়াত অবতীর্ণ হয়। (কুঃ কারীম)

(٣٤) وَمَا يُلَقّٰهَآ إِلَّا الَّذِينَ صَبَرُوا ج وَمَا يُلَقّٰهَآ إِلَّا ذُو حَظٍّ عَظِيمٍ (٣٥) وَإِمَّا

৩৫। ওয়ামা- ইউলাক্কা-হা~ইল্লাল্ লাযীনা স্বাবারূ, ওয়ামা- ইউ লাক্কা-হা~ইল্লা- যূ হ্বাজ্জিন্ 'আজীম। ৩৬। ওয়া ইম্মা-
(৩৫) এগুলো শুধুমাত্র তারাই প্রাপ্ত হয়, যারা ধৈর্যশীল। আর শুধু প্রাপ্ত তারাই হয়, যারা মহাভাগ্যবান। (৩৬) আর যদি

يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ط إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ۝

ইয়ান্যাগান্নাকা মিনাশ শাইত্বা-নি নায্গুন্ ফাস্তা ইয্ বিল্লা-হি ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ 'আলীম।
শয়তান কোন কুমন্ত্রণা আপনাকে (প্ররোচনা) দেয়, তখন আল্লাহর আশ্রয় কামনা করুন। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, মহাজ্ঞানী।

(٣٦) وَمِنْ اٰيٰتِهِ الَّيْلُ وَالنَّهَارُ وَالشَّمْسُ وَالْقَمَرُ ط لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا

৩৭। ওয়া মিন্ আয়া-তিহিল্ লাইলু ওয়ান্ নাহা-রু ওয়াশ্ শাম্সু ওয়াল্ ক্বামারু ; লা-তাসজুদূ লিশ্শাম্সি ওয়ালা-
(৩৭) তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রাত, দিন, সূর্য ও চন্দ্র। তোমরা সূর্যকে সিজদা করনা এবং

لِلْقَمَرِ وَاسْجُدُوا لِلّٰهِ الَّذِي خَلَقَهُنَّ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ (٣٧) فَإِنِ اسْتَكْبَرُوا

লিল্ক্বামারি ওয়াস্জুদূ লিল্লা-হিল্ লাযী খালাক্বাহুন্না ইন্ কুন্তুম্ ইয়্যা-হু তা'বুদূন। ৩৮। ফাইনিস্ তাক্বার্
চন্দ্রকেও নয়, বরং সিজদাকর একমাত্র সে আল্লাহর জন্য যিনি এসবগুলোর স্রষ্টা, যদি তোমরা তাঁরই ইবাদাত করতে চাও। (৩৮) (এরপরেও) যদি তারা

সিজদাহ্ ঃ ১১

সিজদাহ
فَالَّذِينَ عِنْدَ رَبِّكَ يُسَبِّحُونَ لَهُ بِالَّيْلِ وَالنَّهَارِ وَهُمْ لَا يَسْئَمُونَ (٣٨) وَمِنْ

ফাল্লাযীনা 'ইনদা রাব্বিকা ইউসাব্বিহ্বূনা লাহূ বিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়াহুম্ লা-ইয়াস্আমূন। ৩৯। ওয়া মিন্
অহংকার করে, তবে যারা আল্লাহর নিকটতম রয়েছে তারাতো রাত, দিন তাঁর তাসবীহ বর্ণনা করছেন এবং (কোন সময়ও) তারা বিরক্ত হয়না। (৩৯) আল্লাহর

اٰيٰتِهِٓ أَنَّكَ تَرَى الْأَرْضَ خَاشِعَةً فَإِذَآ أَنْزَلْنَا عَلَيْهَا الْمَآءَ اهْتَزَّتْ وَرَبَتْ ط

আ-য়া-তিহী~আন্নাকা তারাল্ আর্দ্বা খা-শি'আতান্ ফাইযা~আন্যাল্না- 'আলাইহাল্ মা—আহ্ তায্যাত্ ওয়া রাবাত ;
নিদর্শনাবলীর মধ্যে একটি এই যে, আপনি যমীনকে দেখতে পান শুষ্ক, অতঃপর যখন বৃষ্টি বর্ষণ করি তখন সেটি সতেজ হয়ে ফুলে উঠে;

إِنَّ الَّذِيٓ أَحْيَاهَا لَمُحْيِ الْمَوْتٰى ط إِنَّهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيرٌ (٣٩) إِنَّ الَّذِينَ

ইন্নাল্লাযী~আহ্বইয়া-হা- লামুহ্বইল্ মাওতা ; ইন্নাহূ 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ৪০। ইন্নাল্লাযীনা
যিনি শুষ্ক যমীনকে জীবিত করেন, তিনিই মৃতদেরকেও (পুনরায়) জীবনদানকারী। নিশ্চয়ই আল্লাহ্ সর্ব বিষয়ের উপর ক্ষমতাবান। (৪০) যারা আমার

يُلْحِدُونَ فِيٓ اٰيٰتِنَا لَا يَخْفَوْنَ عَلَيْنَا ط أَفَمَنْ يُلْقٰى فِي النَّارِ خَيْرٌ أَمْ مَنْ

ইউল্হ্বিদূনা ফী~আ-য়া-তিনা- লা- ইয়াখ্ফাওনা 'আলাইনা- ; আফামাই ইউল্ক্বা- ফিন্না-রি খাইরুন্ আম্ মাই
আয়াতসমূহকে বিকৃত করে তারা আমার থেকে গোপন নহে। বলুন, উত্তম কোন ব্যক্তি? যে জাহান্নামে নিক্ষিপ্ত হবে সে, না যে কিয়ামতের দিন নিরাপদে

يَّأْتِيٓ اٰمِنًا يَّوْمَ الْقِيٰمَةِ ط اِعْمَلُوا مَا شِئْتُمْ لا إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ (٤٠) إِنَّ الَّذِينَ

ইয়া'তী~আ-মিনাই ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ; 'ইমালূ মা-শি'তুম্, ইন্নাহূ বিমা- 'তামালূনা বাস্বীর। ৪১। ইন্নাল্ লাযীনা
থাকবে সে? তোমরা যা কর, তোমাদের নিজ ইচ্ছানুযায়ী নিশ্চয়ই তোমাদের কৃতকর্ম তিনি ভালভাবে দেখছেন। (৪১) যারা তাদের

كَفَرُوا بِالذِّكْرِ لَمَّا جَاءَهُمْ ۚ وَإِنَّهُ لَكِتٰبٌ عَزِيزٌ ㊷ لَا يَأْتِيهِ الْبَاطِلُ

কাফারূ বিয্যিক্‌রি লাম্মা- জ্বা—আহুম্, ওয়া ইন্নাহূ লাকিতা-বুন্ 'আযীয্। ৪২। লা- ইয়া'তীহিল্ বা-ত্বিল্

কাছে কুরআন পৌঁছার পর তা অবিশ্বাস করে, তাদের মধ্যে উপলব্ধি ক্ষমতা কম। নিশ্চয়ই এ কিতাব অতি মর্যাদাপূর্ণ। (৪২) যাতে কোন অসত্য কথা

مِنْ بَيْنِ يَدَيْهِ وَلَا مِنْ خَلْفِهٖ ۖ تَنْزِيلٌ مِّنْ حَكِيمٍ حَمِيدٍ ㊸ مَا يُقَالُ لَكَ إِلَّا

মিম্ বাইনি ইয়াদাইহি ওয়ালা- মিন্ খাল্ফিহী ; তানযীলুম্ মিন্ হাকীমিন্ হামীদ। ৪৩। মা- ইউক্বা-লু লাকা ইল্লা-

আসতে না পারে। না সম্মুখ হতে না পশ্চাত হতে; এটি বিজ্ঞ মহা প্রশংসিত (আল্লাহ)-এর পক্ষ হতে অবতীর্ণ। (৪৩) (হে নবী!) আপনার ব্যাপারে

مَا قَدْ قِيلَ لِلرُّسُلِ مِنْ قَبْلِكَ ۖ إِنَّ رَبَّكَ لَذُو مَغْفِرَةٍ وَّذُو عِقَابٍ أَلِيمٍ ۝

মা-ক্বাদ্ ক্বীলা লির্‌রুসুলি মিন্ ক্বাব্‌লিকা ; ইন্না রাব্বাকা লাযূ মাগ্‌ফিরাতিঁও ওয়া যূ 'ইক্বা-বিন্ আলীম।

তো সে সব বলা হয়, যা আপনার পূর্ববর্তী রাসূলগণ সম্পর্কে বলা হত। আপনার প্রতিপালক নিশ্চয়ই ক্ষমাশীল ও কষ্টদায়ক শাস্তি দাতা।

㊹ وَلَوْ جَعَلْنٰهُ قُرْاٰنًا أَعْجَمِيًّا لَّقَالُوا لَوْلَا فُصِّلَتْ اٰيٰتُهٗ ۖ ءَاَعْجَمِيٌّ

৪৪। ওয়া লাও জ্বা'আল্‌না-হু কুরআ-নান্ 'আজ্বামিয়্যাল্ লাক্বা-লূ লাওলা-ফুস্‌সিলাত আ-য়া-তুহূ ; আ 'আজ্বামিয়্যুঁও

(৪৪) আমি যদি কুরআনকে 'অনারবী' ভাষায় অবতীর্ণ করতাম, তবে তারা বলত যে, এর আয়াতসমূহ স্পষ্টভাবে কেন বর্ণিত হয়নি? কি ব্যাপার কুরআন 'অনারবী'

وَّعَرَبِيٌّ ۖ قُلْ هُوَ لِلَّذِينَ اٰمَنُوا هُدًى وَّشِفَاءٌ ۖ وَالَّذِينَ لَا يُؤْمِنُونَ

ওয়া 'আরাবীয়্যুন ; কুল হুওয়া লিল্লাযীনা আ-মানূ হুদাওঁ ওয়া শিফা—উন ; ওয়াল্লাযীনা লা-ইউ'মিনূনা

এবং রাসূল আরবী? বলুন, মুমিনদের জন্য এ কুরআন সত্যের পথ নির্দেশক ও রোগ নিবারণকারী। আর যারা ঈমান আনে না, তাদের

فِيٓ اٰذَانِهِمْ وَقْرٌ وَّهُوَ عَلَيْهِمْ عَمًى ۖ أُولٰٓئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍ بَعِيدٍ ۝

ফী~আ-যা-নিহিম্ ওয়াক্বরুঁও ওয়া হুওয়া 'আলাইহিম্ 'আমান উলা—ইকা ইউনা-দাওনা মিম্ মাকা-নিম্ বা'ঈদ।

কর্ণে রয়েছে বধিরতা আর কুরআন তাদের ওপর অন্ধত্বস্বরূপ। তারা এমন লোক যে, (মনে হয়) যেন তাদের ডাকা হচ্ছে অনেক দূর থেকে।

㊺ وَلَقَدْ اٰتَيْنَا مُوسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيهِ ۖ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ

৪৫। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা ফাখ্‌তুলিফা ফীহি ; ওয়া লাওলা- কালিমাতুন্ সাবাক্বাত্

(৪৫) নিশ্চয়ই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, অতঃপর তাতে মতানৈক্য করা হয়েছিল। যদি আপনার প্রতিপালকের তরফ হতে এ ব্যাপারে পূর্ব নির্ধারিত

مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ۖ وَإِنَّهُمْ لَفِي شَكٍّ مِّنْهُ مُرِيبٍ ㊻ مَنْ

মির রাব্বিকা লাকুদ্বিয়া বাইনাহুম ; ওয়া ইন্নাহুম লাফী শাক্কিম মিন্‌হু মুরীব। ৪৬। মান

সিদ্ধান্ত না থাকত, তবে তাদের মাঝে ফয়সালা হয়ে যেত। নিশ্চয়ই তারা এ ব্যাপারে সন্দেহের মধ্যে ইতস্ততকারী। (৪৬) যে নেক কাজ করে সে তা

عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ ۖ وَمَنْ أَسَاءَ فَعَلَيْهَا ۖ وَمَا رَبُّكَ بِظَلَّامٍ لِّلْعَبِيدِ ۝

'আমিলা স্বা-লিহান্ ফালিনাফ্‌সিহী ওয়ামান্ আসা—আ ফা'আলাইহা-; ওয়ামা- রাব্বুকা বিজাল্লা-মিল লিল্'আবীদ।

নিজের উপকারের জন্যই করে, আর যে খারাপ কাজ করে তার প্রতিফল তার উপর আসবেই, আপনার প্রতিপালক বান্দাগণের প্রতি অবিচার করেন না।

পারা ২৫

㊼ إِلَيْهِ يُرَدُّ عِلْمُ السَّاعَةِ ۖ وَمَا تَخْرُجُ مِنْ ثَمَرٰتٍ مِّنْ أَكْمَامِهَا وَمَا تَحْمِلُ

৪৭। ইলাইহি ইউরাদ্দু 'ইল্‌মুস্ সা-'আতি ; ওয়া মা-তাখ্‌রুজু মিন্ ছামারা-তিম্ মিন্ আক্‌মা-মিহা- ওয়ামা- তাহ্‌মিলু

(৪৭) কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহর কাছেই নিহিত। এবং কোন ফল তার কোষ হতে বের হয় না, কোন স্ত্রী গর্ভবতী হয় না এবং সন্তানও প্রসব করে না,

مِنْ أُنْثٰى وَلَا تَضَعُ إِلَّا بِعِلْمِهٖ ۖ وَيَوْمَ يُنَادِيهِمْ أَيْنَ شُرَكَاءِي ۙ قَالُوٓا اٰذَنّٰكَ ۙ

মিন্ উন্‌ছা- ওয়ালা- তাদ্বা'উ, ইল্লা- বি'ইল্‌মিহী ; ওয়া ইয়াওমা ইউনা-দীহিম্ আইনা শুরাকা—ঈ, ক্বা-লূ~আ-যান্না-কা,

আল্লাহর অবগতি ব্যতীত। যেদিন আল্লাহ, তাদেরকে ডেকে জিজ্ঞাসা করবেন, আমার শরীকেরা কোথায়? জওয়াবে তারা বলবে, আপনার কাছে আবেদন করেছি যে,

مَا مِنَّا مِنْ شَهِيدٍ ㊽ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوا يَدْعُونَ مِنْ قَبْلُ وَظَنُّوا مَا لَهُمْ مِّنْ

মা-মিন্না- মিন্ শাহীদ। ৪৮। ওয়া দ্বাল্লা 'আন্‌হুম্ মা-কা-নূ ইয়াদ্'উনা মিন্ ক্বাব্‌লু ওয়া জান্নূ মা-লাহুম্ মিম্

এ ব্যাপারে আমাদের মধ্যে কোন সাক্ষী নেই। (৪৮) এবং তারা এর পূর্বে যাদেরকে ডাকত, তারা সব অদৃশ্য হয়ে যাবে এবং তারা ধারণা করবে যে, এখন তাদের

مَّحِيصٍ ㊾ لَا يَسْأَمُ الْإِنْسَانُ مِنْ دُعَاءِ الْخَيْرِ ۫ وَإِنْ مَّسَّهُ الشَّرُّ فَيَئُوسٌ

মাহীস্ব। ৪৯। লা-ইয়াস্‌আমুল্ ইন্‌সা-নু মিন্ দু'আ—ইল্ খাইরি, ওয়াইম্ মাস্‌সাহুশ্ শার্‌রু ফাইয়াউসুন্

পরিত্রাণের কোন উপায় নেই। (৪৯) মানুষ (পার্থিব) কল্যাণ কামনায় কোন বিরক্ত হয় না, কিন্তু যদি তাকে কোন অমংগল স্পর্শ করে তখন সে হতাশ ও নিরুদ্যম

قَنُوطٌ ㊿ وَلَئِنْ أَذَقْنٰهُ رَحْمَةً مِّنَّا مِنْ بَعْدِ ضَرَّاءَ مَسَّتْهُ لَيَقُولَنَّ هٰذَا لِي ۙ

ক্বানূত্ব। ৫০। ওয়ালাইন্ আযাক্বনা-হু রাহ্‌মাতাম্ মিন্না- মিম্ 'বাদি দ্বার্‌রা—আ মাস্‌সাত্‌হু লাইয়াকূলান্না হা-যা-লী,

হয়ে পড়ে। (৫০) আর যদি তাকে দুঃখ-কষ্ট স্পর্শ করার পর, আমি আমার তরফ থেকে অনুগ্রহের স্বাদ গ্রহণ করাই, তখন সে বলে যে, এ তো আমার জন্যই

وَمَا أَظُنُّ السَّاعَةَ قَائِمَةً ۙ وَّلَئِنْ رُّجِعْتُ إِلٰى رَبِّي إِنَّ لِي عِنْدَهٗ لَلْحُسْنٰى ۚ

ওয়ামা~আযুন্নুস্ সা-'আতা ক্বা—ইমাতাওঁ, ওয়ালাইর্ রু'জি'তু ইলা- রাব্বী~ইন্না লী 'ইন্‌দাহূ লাল্‌হুস্‌না-,

এবং আমি ধারণা করি না যে, কিয়ামত সংঘটিত হবে। আর যদি আমাকে প্রতিপালকের কাছে প্রত্যাবর্তন করা হয়, তবে নিশ্চয়ই তাঁর কাছে আমার জন্য কল্যাণ রয়েছে।

فَلَنُنَبِّئَنَّ الَّذِينَ كَفَرُوا بِمَا عَمِلُوا ۫ وَلَنُذِيقَنَّهُمْ مِّنْ عَذَابٍ غَلِيظٍ (51) وَإِذَآ

ফালানুনাব্বিআন্নাল্ লাযীনা কাফারূ বিমা- 'আমিলূ, ওয়া লানুযীক্বান্নাহুম্ মিন্ 'আযা-বিন্ গালীজ্। ৫১। ওয়া ইযা~

আমি কাফিরদেরকে তাদের কৃতকর্মগুলো অবহিত করবই। এবং তাদেরকে কঠিন শাস্তি ভোগ করাব। (৫১) যখন আমি মানুষের প্রতি

أَنْعَمْنَا عَلَى الْإِنْسَانِ أَعْرَضَ وَنَاٰ بِجَانِبِهٖ ۚ وَإِذَا مَسَّهُ الشَّرُّ فَذُو دُعَاءٍ عَرِيضٍ ۝

আন্'আম্‌না- 'আলাল্ ইন্‌সা-নি 'আর্‌দ্বা ওয়া নাআ-বিজ্বা-নিবিহী, ওয়া ইযা- মাস্‌সাহুশ্ শার্‌রু ফাযূ দু'আ—ইন্ 'আরীদ্ব।

নেয়ামত দান করি, তখন সে (আমার থেকে) মুখ ফিরায় এবং দূরে চলে যায়, এবং যখন তাকে অমংগল স্পর্শ করে, তখন সে দীর্ঘ প্রার্থনা লিপ্ত হয়।

○ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ علم الساعة - আল্লাহ ব্যতীত কিয়ামতের জ্ঞান অন্য আর কার ও নেই। হযরত জিব্রাইল (আ) রাসূলুল্লাহ (স)-কে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করায়, তিনি (স) বলেন, "এ ব্যাপারে আমার ততটুকু জ্ঞান আছে, যতটুকু জ্ঞান আপনার আছে" আমি এ ব্যাপারে আপনার চেয়ে বেশী জানি না।" ما منا من شهيد - অর্থাৎ আজ (কিয়ামতের দিন) একথা বলার কেউ নেই যে, আপনার কোন শরীক আছে।

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ دعا الخير - কল্যাণ কামনা অর্থাৎ মানুষ পৃথিবীর ধন-সম্পদ, সুস্বাস্থ্য মানসম্মান ও উঁচু মর্যাদা ইত্যাদি কামনায় বিরক্ত হয়না।

○ বিশ্লেষণ (আঃ ৫০) ঃ هذا لي - আমি আল্লাহর অতি প্রিয় বান্দা। এজন্য তিনি খুশী হয়ে এ নেয়ামতসমূহ আমাকে দান করেছেন। অথচ পার্থিব ধন-সম্পদ শুধু বান্দার পরীক্ষার জন্য। অর্থাৎ অধিক ধন-সম্পদে, কে কৃতজ্ঞতা স্বীকার করে এবং কষ্টের মধ্যে কে ধৈর্য্য ধারণ করে? (কুঃ কারীম)

كَفَرُوْا بِالذِّكْرِ لَمَّا جَآءَهُمْ ۚ وَاِنَّهٗ لَكِتٰبٌ عَزِيْزٌ (৪২) لَّا يَاْتِيْهِ الْبَاطِلُ

কাফারূ বিয্যিক্রি লাম্মা- জ্বা—আহুম্, ওয়া ইন্নাহূ লাকিতা-বুন্ 'আযীয্ । ৪২। লা- ইয়া'তীহিল্ বা-ত্বিলু
কাছে কুরআন পৌঁছার পর তা অবিশ্বাস করে, তাদের মধ্যে উপলব্দি ক্ষমতা কম। নিশ্চয়ই এ কিতাব অতি মর্যাদাপূর্ণ। (৪২) যাতে কোন অসত্য কথা

مِنْۢ بَيْنِ يَدَيْهِ وَلَا مِنْ خَلْفِهٖ ؕ تَنْزِيْلٌ مِّنْ حَكِيْمٍ حَمِيْدٍ (৪৩) مَا يُقَالُ لَكَ اِلَّا

মিম্ বাইনি ইয়াদাইহি ওয়ালা- মিন্ খাল্ফিহী ; তানযীলুম্ মিন্ হ্বাকীমিন্ হ্বামীদ। ৪৩। মা- ইউক্বা-লু লাকা ইল্লা-
আসতে না পারে। না সম্মুখ হতে না পশ্চাত হতে; এটি বিজ্ঞ মহা প্রশংসিত (আল্লাহ)-এর পক্ষ হতে অবতীর্ণ। (৪৩) (হে নবী!) আপনার ব্যাপারে

مَا قَدْ قِيْلَ لِلرُّسُلِ مِنْ قَبْلِكَ ؕ اِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ وَّذُوْ عِقَابٍ اَلِيْمٍ ○

মা-ক্বাদ্ ক্বীলা লির্রুসুলি মিন্ ক্বাব্লিকা ; ইন্না রাব্বাকা লাযূ মাগ্ফিরাতিওঁ ওয়া যূ 'ইক্বা-বিন্ আলীম।
তো সে সব বলা হয়, যা আপনার পূর্ববর্তী রাসূলগণ সম্পর্কে বলা হত। আপনার প্রতিপালক নিশ্চয়ই ক্ষমাশীল ও কষ্টদায়ক শাস্তি দাতা।

(৪৪) وَلَوْ جَعَلْنٰهُ قُرْاٰنًا اَعْجَمِيًّا لَّقَالُوْا لَوْلَا فُصِّلَتْ اٰيٰتُهٗ ؕ ءَاَعْجَمِيٌّ

তাস্হীল

৪৪। ওয়া লাও জ্বা'আল্না-হু কুরআ-নান্ 'আজ্বামিয়্যাল্ লাক্বা-লূ লাওলা-ফুস্স্বিলাত আ-য়া-তুহূ ; আ 'আজ্বামিয়্যুওঁ
(৪৪) আমি যদি কুরআনকে 'অনারবী' ভাষায় অবতীর্ণ করতাম, তবে তারা বলত যে, এর আয়াতসমূহ স্পষ্টভাবে কেন বর্ণিত হয়নি? কি ব্যাপার কুরআন 'অনারবী'

وَّعَرَبِيٌّ ؕ قُلْ هُوَ لِلَّذِيْنَ اٰمَنُوْا هُدًى وَّشِفَآءٌ ؕ وَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ

ওয়া 'আরাবীয়্যুন ; ক্বুল হুওয়া লিল্লাযীনা আ-মানূ হুদাওঁ ওয়া শিফা—উন ; ওয়াল্লাযীনা লা-ইউ'মিনূনা
এবং রাসূল আরবী? বলুন, মুমিনদের জন্য এ কুরআন সত্যের পথ নির্দেশক ও রোগ নিবারণকারী। আর যারা ঈমান আনে না, তাদের

ع فِيْۤ اٰذَانِهِمْ وَقْرٌ وَّهُوَ عَلَيْهِمْ عَمًى ؕ اُولٰٓئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍۭ بَعِيْدٍ ○

৫
ع২
১৯
রুকূ

ফী~আ-যা-নিহিম্ ওয়াক্বরুওঁ ওয়া হুওয়া 'আলাইহিম্ 'আমান উলা—ইকা ইউনা-দাওনা মিম্ মাকা-নিম্ বা'ঈদ।
কর্ণে রয়েছে বধিরতা আর কুরআন তাদের ওপর অন্ধত্বস্বরূপ। তারা এমন লোক যে, (মনে হয়) যেন তাদের ডাকা হচ্ছে অনেক দূর থেকে।

(৪৫) وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيْهِ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ

৪৫। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা ফাখ্তুলিফা ফীহি ; ওয়া লাওলা- কালিমাতুন্ সাবাক্বাত্
(৪৫) নিশ্চয়ই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, অতঃপর তাতে মতানৈক্য করা হয়েছিল। যদি আপনার প্রতিপালকের তরফ হতে এ ব্যাপারে পূর্ব নির্ধারিত

مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ (৪৬) مَنْ

মির রাব্বিকা লাক্বুদ্বিয়া বাইনাহুম ; ওয়া ইন্নাহুম লাফী শাক্কিম মিন্হু মুরীব। ৪৬। মান
সিদ্ধান্ত না থাকত, তবে তাদের মাঝে ফয়সালা হয়ে যেত। নিশ্চয়ই তারা এ ব্যাপারে সন্দেহের মধ্যে ইতস্ততকারী। (৪৬) যে নেক কাজ করে সে তা

عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ وَمَنْ اَسَآءَ فَعَلَيْهَا ؕ وَمَا رَبُّكَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ○

'আমিলা স্বা-লিহ্বান্ ফালিনাফ্সিহী ওয়ামান্ আসা—আ ফা'আলাইহা-; ওয়ামা- রাব্বুকা বিজাল্লা-মিল্ লিল্'আবীদ।
নিজের উপকারের জন্যই করে, আর যে খারাপ কাজ করে তার প্রতিফল তার উপর আসবেই, আপনার প্রতিপালক বান্দাগণের প্রতি অবিচার করেন না।

(৪৭) اِلَيْهِ يُرَدُّ عِلْمُ السَّاعَةِ ؕ وَمَا تَخْرُجُ مِنْ ثَمَرٰتٍ مِّنْ اَكْمَامِهَا وَمَا تَحْمِلُ

৪৭। ইলাইহি ইউরাদ্দু 'ইল্মুস্ সা-'আতি ; ওয়া মা-তাখ্রুজু মিন্ ছামারা-তিম্ মিন্ আক্মা-মিহা- ওয়ামা- তাহ্বমিলু
(৪৭) কিয়ামতের জ্ঞান একমাত্র আল্লাহর কাছেই নিহিত। এবং কোন ফল তার কোষ হতে বের হয় না, কোন স্ত্রী গর্ভবতী হয় না এবং সন্তানও প্রসব করে না,

مِنْ اُنْثٰى وَلَا تَضَعُ اِلَّا بِعِلْمِهٖ ؕ وَيَوْمَ يُنَادِيْهِمْ اَيْنَ شُرَكَآءِيْ ۙ قَالُوْۤا اٰذَنّٰكَ ۙ

মিন্ উন্ছা- ওয়ালা- তাদ্বা'উ, ইল্লা- বি'ইল্মিহী ; ওয়া ইয়াওমা ইউনা-দীহিম্ আইনা শুরাকা—ঈ, ক্বা-লূ~আ-যান্না-কা,
আল্লাহর অবগতি ব্যতীত। যেদিন আল্লাহ, তাদেরকে ডেকে জিজ্ঞাসা করবেন, আমার শরীকেরা কোথায়? জওয়াবে তারা বলবে, আপনার কাছে আবেদন করেছি যে,

مَا مِنَّا مِنْ شَهِيْدٍ (৪৮) وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَدْعُوْنَ مِنْ قَبْلُ وَظَنُّوْا مَا لَهُمْ مِّنْ

মা-মিন্না- মিন্ শাহীদ। ৪৮। ওয়া দ্বাল্লা 'আন্হুম্ মা-কা-নূ ইয়াদ্'উনা মিন্ ক্বাব্লু ওয়া জান্নূ মা-লাহুম্ মিম্
এ ব্যাপারে আমাদের মধ্যে কোন সাক্ষী নেই। (৪৮) এবং তারা এর পূর্বে যাদেরকে ডাকত, তারা সব অদৃশ্য হয়ে যাবে এবং তারা ধারণা করবে যে, এখন তাদের

مَّحِيْصٍ (৪৯) لَا يَسْئَمُ الْاِنْسَانُ مِنْ دُعَآءِ الْخَيْرِ ؗ وَاِنْ مَّسَّهُ الشَّرُّ فَيَئُوْسٌ

মাহ্বীস্ব। ৪৯। লা-ইয়াস্আমুল্ ইন্সা-নু মিন্ দু'আ—ইল্ খাইরি, ওয়াইম্ মাস্সাহুশ্ শার্রু ফাইয়াউসুন্
পরিত্রাণের কোন উপায় নেই। (৪৯) মানুষ (পার্থিব) কল্যাণ কামনায় কোন বিরক্ত হয় না, কিন্তু যদি তাকে কোন অমংগল স্পর্শ করে তখন সে হতাশ ও নিরুদ্যম

قَنُوْطٌ (৫০) وَلَئِنْ اَذَقْنٰهُ رَحْمَةً مِّنَّا مِنْۢ بَعْدِ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُوْلَنَّ هٰذَا لِيْ ۙ

ক্বানূত্ব। ৫০। ওয়ালাইন্ আযাক্বনা-হু রাহ্বমাতাম্ মিন্না- মিম্ 'বাদি দ্বার্রা—আ মাস্সাত্হু লাইয়াকূলান্না হা-যা-লী,
হয়ে পড়ে। (৫০) আর যদি তাকে দুঃখ-কষ্ট স্পর্শ করার পর, আমি আমার তরফ থেকে অনুগ্রহের স্বাদ গ্রহণ করাই, তখন সে বলে যে, এ তো আমার জন্যই

وَمَاۤ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّجِعْتُ اِلٰى رَبِّيْۤ اِنَّ لِيْ عِنْدَهٗ لَلْحُسْنٰى ۚ

ওয়ামা~আযুন্নুস্ সা-'আতা ক্বা—ইমাতাওঁ, ওয়ালাইর্ রু'জ্বিতু ইলা- রাব্বী~ইন্না লী 'ইন্দাহূ লালহুস্না-,
এবং আমি ধারণা করি না যে, কিয়ামত সংঘটিত হবে। আর যদি আমাকে প্রতিপালকের কাছে প্রত্যাবর্তন করা হয়, তবে নিশ্চয়ই তাঁর কাছে আমার জন্য কল্যাণ রয়েছে।

فَلَنُنَبِّئَنَّ الَّذِيْنَ كَفَرُوْا بِمَا عَمِلُوْا ؗ وَلَنُذِيْقَنَّهُمْ مِّنْ عَذَابٍ غَلِيْظٍ (৫১) وَاِذَاۤ

ফালানুনাব্বিআন্নাল্ লাযীনা কাফারূ বিমা- 'আমিলূ, ওয়া লানুযীক্বান্নাহুম্ মিন্ 'আযা-বিন্ গালীজ্। ৫১। ওয়া ইযা~
আমি কাফিরদেরকে তাদের কৃতকর্মগুলো অবহিত করবই। এবং তাদেরকে কঠিন শাস্তি ভোগ করাব। (৫১) যখন আমি মানুষের প্রতি

اَنْعَمْنَا عَلَى الْاِنْسَانِ اَعْرَضَ وَنَاٰ بِجَانِبِهٖ ۚ وَاِذَا مَسَّهُ الشَّرُّ فَذُوْ دُعَآءٍ عَرِيْضٍ ○

আন্'আম্না- 'আলাল্ ইন্সা-নি 'আরাদ্বা ওয়া নাআ-বিজ্বা-নিবিহী, ওয়া ইযা- মাস্সাহুশ্ শার্রু ফাযূ দু'আ—ইন্ 'আরীদ্ব।
নেয়ামত দান করি, তখন সে (আমার থেকে) মুখ ফিরায় এবং দূরে চলে যায়, এবং যখন তাকে অমংগল স্পর্শ করে, তখন সে দীর্ঘ প্রার্থনা লিপ্ত হয়।

○ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ علم الساعة - আল্লাহ ব্যতীত কিয়ামতের জ্ঞান অন্য আর কার ও নেই। হযরত জিব্রাইল (আ) রাসূলুল্লাহ (স)-কে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করায়, তিনি (স) বলেন, "এ ব্যাপারে আমার ততটুকু জ্ঞান আছে, যতটুকু জ্ঞান আপনার আছে" আমি এ ব্যাপারে আপনার চেয়ে বেশী জানি না।" ما منا من شهيد - অর্থাৎ আজ (কিয়ামতের দিন) একথা বলার কেউ নেই যে, আপনার কোন শরীক আছে।
○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ دعا الخير - কল্যাণ কামনা অর্থাৎ মানুষ পৃথিবীর ধন-সম্পদ, সুস্বাস্থ্য মানসম্মান ও উঁচু মর্যাদা ইত্যাদি কামনায় বিরক্ত হয়না।
○ বিশ্লেষণ (আঃ ৫০) ঃ هذا لي - আমি আল্লাহর অতি প্রিয় বান্দা। এজন্য তিনি খুশী হয়ে এ নেয়ামতসমূহ আমাকে দান করেছেন। অথচ পার্থিব ধন-সম্পদ শুধু বান্দার পরীক্ষার জন্য। অর্থাৎ অধিক ধন-সম্পদে, কে কৃতজ্ঞতা স্বীকার করে এবং কষ্টের মধ্যে কে ধৈর্য্য ধারণ করে? (কুঃ কারীম)

(٥٢) قُلْ اَرَءَيْتُمْ اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ ثُمَّ كَفَرْتُمْ بِهٖ مَنْ اَضَلُّ مِمَّنْ هُوَ

৫২। কুল্ আরাআইতুম্ ইন্ কা-না মিন্ 'ইন্দিল্লা-হি ছুম্মা কাফারতুম্ বিহী মান্ আদ্বাল্লু মিম্মান্ হুওয়া
(৫২) বলুন! তোমরা কি চিন্তা করে দেখেছ, যদি এ কুরআন আল্লাহর তরফ হতে অবতীর্ণ হয়ে থাকে, এরপরে অমান্য কর, তবে তার চেয়ে অধিক ভ্রান্ত আর কে আছে,

فِيْ شِقَاقٍ بَعِيْدٍ (٥٣) سَنُرِيْهِمْ اٰيٰتِنَا فِي الْاٰفَاقِ وَفِيْۤ اَنْفُسِهِمْ حَتّٰى

ফী শিক্বা-ক্বিম্ বা'ঈদ। ৫৩। সানুরীহিম্ আ-য়া-তিনা ফিল্ আ-ফাক্বি ওয়া ফী~আন্ফুসিহিম্ হাত্তা-
যে (আল্লাহর) ঘোর দুশমনিতে লিপ্ত রয়েছে। (৫৩) আমি অতিশীঘ্র আমার নিদর্শনাবলী তাদের দেখাব, সুদূর প্রান্তে এবং তাদের নিজেদের অভ্যন্তরেও।

يَتَبَيَّنَ لَهُمْ اَنَّهُ الْحَقُّ ؕ اَوَلَمْ يَكْفِ بِرَبِّكَ اَنَّهٗ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ۝

ইয়াতাবাইয়্যানা লাহুম্ আন্নাহুল্ হাক্বক্ব, আওয়ালাম্ ইয়াক্ফি বিরাব্বিকা আন্নাহূ 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ্।
অবশেষে তাদের কাছে প্রকাশ হয়ে যাবে সত্য। আপনার প্রতিপালক সম্পর্কে এটাই কি যথেষ্ট নয় যে, নিশ্চয়ই তিনি সর্ব বিষয়ের উপর সাক্ষী রয়েছেন।

(٥٤) اَلَاۤ اِنَّهُمْ فِيْ مِرْيَةٍ مِّنْ لِّقَآءِ رَبِّهِمْ ؕ اَلَاۤ اِنَّهٗ بِكُلِّ شَيْءٍ مُّحِيْطٌ ۝

৫৪। আলা~ইন্নাহুম ফী মির্ইয়াতিম্ মিল্ লিক্বা—ই রাব্বিহিম্ ; আলা~ইন্নাহূ বিকুল্লি শাইয়িম্ মুহীত্ব।
(৫৪) জেনে রাখ! তারা তাদের প্রতিপালকের সাক্ষাৎ সম্পর্কে সংশয়ের মধ্যে রয়েছে। জেনে রাখো! আল্লাহ প্রতিটি বস্তুতেই পরিবেষ্টন করে আছেন।

ع ৬ ১ রুকু

সূরা শুরা
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫৩
রুকূ ঃ ৫

(١) حٰمٓ (٢) عٓسٓقٓ (٣) كَذٰلِكَ يُوْحِيْۤ اِلَيْكَ وَاِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۙ اللّٰهُ

১। হা-মী—ম ২। 'আই—ন্ সী—ন ক্বা—ফ্। ৩। কাযা-লিকা ইউহী~ইলাইকা ওয়া ইলাল্লাযীনা মিন্ ক্বাব্লিকাল্ লা-হুল্
(১) হা-মী-ম, (২) 'আইন-সী-ন ক্বা-ফ। (৩) মহাপ্রতাপশালী, মহাবিজ্ঞ আল্লাহ এভাবেই আপনার প্রতি এবং আপনার পূর্ববর্তীগণের

الْعَزِيْزُ الْحَكِيْمُ (٤) لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ۝

'আযীযুল্ হাকীম। ৪। লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়া মা-ফিল্ আর্দ্বি ; ওয়াহুয়াল্ 'আলিয়্যুল 'আজীম।
প্রতি ওহী প্রেরণ করেন। (৪) আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে সব সৃষ্টি তাঁরই (কর্তৃত্বে)। তিনি উচ্চতর, মহত্তম।

(٥) تَكَادُ السَّمٰوٰتُ يَتَفَطَّرْنَ مِنْ فَوْقِهِنَّ وَالْمَلٰٓئِكَةُ يُسَبِّحُوْنَ بِحَمْدِ رَبِّهِمْ

৫। তাকা-দুস্ সামা-ওয়া-তু ইয়াতাফাত্ত্বারনা মিন্ ফাওক্বিহিন্না ওয়াল্ মালা—ইকাতু ইউসাব্বিহূনা বিহাম্দি রাব্বিহিম
(৫) মনে হয় যেন আকাশ উপর হতে ফেটে পড়ে। আর ফিরিশতাগণ তাদের প্রতিপালকের প্রশংসাসহ তাসবীহ বর্ণনা করছে

✪ শানে নুযূল (আঃ ৫৩) ঃ ايتنا فى الافاق - আবু জাহল রাসূলুল্লাহ (স)-এর কাছে এসে বললেন, আমাকে একটি মুজেযা দেখান। রাসূলুল্লাহ (স) চন্দ্রকে দু'টুকরা করে তাকে দেখান। আবু জাহল বলল, হে কুরাইশ! মুহাম্মদ (স) তোমাদের উপর যাদু করেছে। তোমরা মক্কা শরীফের সীমান্তে লোক প্রেরণ কর, তারা সেখানে গিয়ে লোকদেরকে জিজ্ঞাসা করবে যে, তারা কি চন্দ্রকে দু' টুকরা অবস্থায় দেখেছে? যদি সেখানকার লোকেরা দেখে থাকে, তবে বুঝা যাবে, এটা আল্লাহ প্রদত্ত। আর যদি না দেখে, তবে বুঝা যাবে এটা মুহাম্মদের (স) যাদু। যখন মক্কার সীমান্ত এলাকার লোকেরা এ চন্দ্র দু' টুকরা দেখেছে বলে সাক্ষ্য দিল, তখন আবু জাহল বলল, মুহাম্মদের (স) এ যাদু সর্বত্র ছড়িয়ে পড়েছে। তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

وَيَسْتَغْفِرُوْنَ لِمَنْ فِي الْاَرْضِ ؕ اَلَاۤ اِنَّ اللّٰهَ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ (٦) وَالَّذِيْنَ

ওয়া ইয়াস্তাগ্ফিরূনা লিমান্ ফিল্ আর্দ্বি ; আলা~ইন্নাল্লা-হা হুওয়াল্ গাফূরুর্ রাহীম। ৬। ওয়াল্লাযীনাত্
এবং পৃথিবীর অধিবাসীদের জন্য ক্ষমা প্রার্থনা করছে, জেনে রাখ, নিশ্চয়ই আল্লাহ গুনাহ মার্জনাকারী, মহা করুণাময়। (৬) যারা আল্লাহ

اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖۤ اَوْلِيَآءَ اللّٰهُ حَفِيْظٌ عَلَيْهِمْ ۖ وَمَاۤ اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيْلٍ ۝

তাখাযূ মিন্ দূনিহী~আওলিয়া—আল্লা-হু হাফীজুন্ 'আলাইহিম্, ওয়ামা~আন্তা 'আলাইহিম্ বিওয়াকীল্।
ব্যতীত অন্যকে অভিভাবক হিসেবে গ্রহণ করে আল্লাহ তাদের প্রতি খুব দৃষ্টি রাখেন, (হে নবী!) আপনি তাদের ব্যবস্থাপক নন।

(٧) وَكَذٰلِكَ اَوْحَيْنَاۤ اِلَيْكَ قُرْاٰنًا عَرَبِيًّا لِّتُنْذِرَ اُمَّ الْقُرٰى وَمَنْ حَوْلَهَا

৭। ওয়া কাযা-লিকা আওহাইনা~ইলাইকা কুরআ-নান্ 'আরাবিয়্যাল্ লিতুন্যিরা উম্মাল্ কুরা- ওয়া মান্ হাওলাহা-
(৭) এভাবে আমি কোরআনকে আরবী ভাষায় আপনার প্রতি ওহী হিসেবে প্রেরণ করেছি, যাতে মক্কাবাসীগণকে এবং এর চার পাশের অধিবাসীগণকে সতর্ক করে দিতে পারেন

وَتُنْذِرَ يَوْمَ الْجَمْعِ لَا رَيْبَ فِيْهِ ؕ فَرِيْقٌ فِي الْجَنَّةِ وَفَرِيْقٌ فِي السَّعِيْرِ ۝

ওয়া তুন্যিরা ইয়াওমাল্ জ্বাম্'ই লা-রাইবা ফীহি ; ফারীকুন্ ফিল্ জান্নাতি ওয়া ফারীকুন্ ফিস্ সা'ঈর।
এবং সতর্ক করতে পারেন সমবেত দিবস (কিয়ামত) সম্পর্কে। যাতে কোন সন্দেহ নেই। সেদিন এক দল জান্নাতে যাবে আর একদল জাহান্নামে যাবে।

(٨) وَلَوْ شَآءَ اللّٰهُ لَجَعَلَهُمْ اُمَّةً وَّاحِدَةً وَّلٰكِنْ يُّدْخِلُ مَنْ يَّشَآءُ فِيْ رَحْمَتِهٖ ؕ

৮। ওয়া লাও শা—আল্লা-হু লাজ্বা'আলাহুম উম্মাতাওঁ ওয়া-হিদাতাওঁ ওয়ালা-কিঁই ইউদ্খিলু মাঁই ইয়াশা—উ ফী রাহ্মাতিহী ;
(৮) আল্লাহ যদি ইচ্ছা করতেন তবে, তাদের সবকে একই দলভুক্ত করে দিতে পারতেন। কিন্তু তিনি (আল্লাহ) যাকে চান তাকে তাঁর রহমতের অন্তর্ভুক্ত করে নেন।

وَالظّٰلِمُوْنَ مَا لَهُمْ مِّنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ (٩) اَمِ اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖۤ اَوْلِيَآءَ ۚ

ওয়াজ্ জা-লিমূনা মা-লাহুম্ মিওঁ ওয়ালিয়্যিওঁ ওয়ালা- নাস্বীর। ৯। আমিত্তাখাযূ মিন্ দুনিহী~আওলিয়া—আ,
অত্যাচারীদের কোন বন্ধু নেই এবং কোন সাহায্যকারীও নেই। (৯) তারা (কাফিরেরা) কি আল্লাহ ছাড়া অন্যকে অভিভবক হিসেবে গ্রহণ করেছে?

فَاللّٰهُ هُوَ الْوَلِيُّ وَهُوَ يُحْيِ الْمَوْتٰى ۫ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ (١٠) وَمَا اخْتَلَفْتُمْ

ফাল্লা-হু হুওয়াল্ ওয়ালিয়্যু ওয়া হুওয়া ইউহ্য়িল্ মাওতা-, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ১০। ওয়া মাখ্ তালাফ্তুম্
কিন্তু আল্লাহ (একমাত্র) তিনিইতো এবং তিনিই মৃতকে জীবিত করেন, তিনিই প্রতিটি বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান। (১০) যে বিষয়ে তোমরা

১ ع ২ রুকু

فِيْهِ مِنْ شَيْءٍ فَحُكْمُهٗۤ اِلَى اللّٰهِ ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبِّيْ عَلَيْهِ تَوَكَّلْتُ ۖۗ وَاِلَيْهِ

ফীহি মিন্ শাইয়িন্ ফাহুক্মুহূ~ইলাল্লা-হি ; যা-লিকুমুল্লা-হু রাব্বী 'আলাইহি তাওয়াক্কালতু, ওয়া ইলাইহি
মতভেদ করছ, তার ফয়সালাতো আল্লাহর নিকট। তিনিই আল্লাহ, আমার প্রতিপালক। আমি ভরসা করি তাঁরই উপর এবং আমি তাঁর দিকেই

✪ বিশ্লেষণ (আঃ ৭) ঃ كذالك - (অনুরূপ) অর্থাৎ যেভাবে পূর্ববর্তী সব নবী (আ) গণের উপর তার সম্প্রদায়ের নিজ ভাষায় কিতাব অবতীর্ণ করেছি।

✪ বিশ্লেষণ (আঃ ৭) ঃ ام القرى - (উম্মুলকুরা) - মক্কার নাম। মক্কা শরীফকে শহরসমূহের মাতা এজন্য বলা হয় যে, এটা আরবের অতি প্রাচীন শহর। মনে হয় যেন, এটি গোটা শহরের মা। এর থেকেই অন্যান্য শহরগুলোর সৃষ্টি। এখানে এর দ্বারা মক্কাবাসীকে বুঝান হয়েছে। حولها দ্বারা এর পূর্ব পশ্চিমের সব এলাকাকে বুঝান হয়েছে। يوم الجمع - সমবেতের দিন "দ্বারা কিয়ামতের দিনকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ اختلفتم - দ্বীনের মতানৈক্য। যেমন- ইয়াহুদ ও খৃষ্টান এবং মুসলমান ও অমুসলিমের মধ্যে দ্বীনী মতভেদ।

انيب ⑪ فاطر السموت والارض ۭ جعل لكم من انفسكم ازواجا

উনীব। ১১। ফা-ত্বিরুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; জ্বা'আলা লাকুম্ মিন্ আন্ফুসিকুম্ আযওয়া-জ্বাওঁ

স্থায়ীভাবে থাকবে। (৭২) এটি সে জান্নাত, যার উত্তরাধিকারী আজ তোমাদেরকে করা হয়েছে, তোমাদের (সৎ) কর্মের প্রতিদান স্বরূপ।

(٧٣) لكم فيها فاكهة كثيرة منها تاكلون (٧٤) ان المجرمين في عذاب جهنم

৭৩। লাকুম্ ফীহা- ফা-কিহাতুন্ কাছীরাতুম্ মিন্‌হা- তা'কুলূন। ৭৪। ইন্নাল্ মুজ্‌রিমীনা ফী 'আযা-বি জ্বাহান্নামা
(৭৩) তোমাদের জন্য সেথায় রয়েছে অনেক ফলমূল, তোমরা তা থেকে খেতে থাকবে। (৭৪) নিশ্চয়ই অপরাধীরা জাহান্নামের শাস্তির মধ্যে স্থায়ীভাবে

○ **বিশ্লেষণ (আঃ ৬৬) ঃ** هل ينظرون - স্পষ্ট আয়াত ও নিদর্শনাবলী এবং আল্লাহ প্রেরিত নবী (আ)গণ তাদের কাছে আসার পরেও, তারা (কাফিরেরা) অবিশ্বাস করে। তবে তারা কিসের প্রতীক্ষায় রয়েছে? তাদের অবস্থা দৃষ্টে মনে হয়, কিয়ামত যখন তাদের একেবারে মাথার উপর এসে হাজির হবে, তখন তারা বিশ্বাস করবে। কিন্তু তখন মেনে নেয়ায় কোন কাজে আসবে না। (কুঃ কারীম)

○ **বিশ্লেষণ (আঃ ৭০) ঃ** وازواجكم - এর অর্থ কেহ মুমিন স্ত্রী, কেহ মুমিন সাথী এবং কেহ জান্নাতের হুর বলেছেন। এসব গুলো অর্থই ঠিক। কেননা জান্নাতে উপরোক্ত সবগুলোই মওজুদ থাকবে।

خٰلِدُوْنَ (٧٤) لَا يُفَتَّرُ عَنْهُمْ وَهُمْ فِيْهِ مُبْلِسُوْنَ (٧٥) وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ كَانُوْا هُمُ

খা-লিদূন। ৭৫। লা-ইউফাত্তারু 'আন্‌হুম ওয়া হুম্ ফীহি মুব্‌লিসূন। ৭৬। ওয়ামা- জালাম্‌না-হুম্ ওয়ালা-কিন্ কা-নূ হুমুজ্

থাকবে। (৭৫) হ্রাস করা হবে না তাদের থেকে (এ শাস্তি) এবং তারা নিরাশ হয়ে পড়বে। (৭৬) আমি তাদের প্রতি জুলুম করিনি; বরং তারাই ছিল

الظّٰلِمِيْنَ (٧٦) وَنَادَوْا يٰمٰلِكُ لِيَقْضِ عَلَيْنَا رَبُّكَ ؕ قَالَ اِنَّكُمْ مّٰكِثُوْنَ (٧٧) لَقَدْ

জা-লিমীন। ৭৭। ওয়ানা-দাও ইয়া-মা-লিকু লিইয়াক্বদ্বি 'আলাইনা-রাব্বুকা ; ক্বা-লা ইন্নাকুম্ মা-কিছূন। ৭৮। লাক্বাদ্

জালিম। (৭৭) তারা ডাক দিয়ে বলবে, হে মালেক! তোমার প্রতিপালক যেন আমাদেরকে একেবারে শেষ করে দেন। সে বলবে, তোমরা এভাবেই অবস্থান করবে। (৭৮) আমিতো

جِئْنٰكُمْ بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَكُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ (٧٨) اَمْ اَبْرَمُوْٓا اَمْرًا فَاِنَّا

জ্বি'না-কুম্ বিল্‌হাক্বক্বি ওয়ালা-কিন্না আক্‌ছারাকুম্ লিল্‌হাক্বক্বি ক্বা-রিহূন। ৭৯। আম্ আবরামূ~আম্‌রান্ ফাইন্না-

তোমাদের কাছে সত্য (দ্বীন) পৌঁছিয়েছি কিন্তু তোমাদের অধিকাংশ লোকই ছিল সত্য (দ্বীন) অপছন্দকারী। (৭৯) বরং তারা কি চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করেছে? (জেনে রাখ)

مُبْرِمُوْنَ (٧٩) اَمْ يَحْسَبُوْنَ اَنَّا لَا نَسْمَعُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ ؕ بَلٰى وَرُسُلُنَا

মুব্‌রিমূন। ৮০। আম্ ইয়াহ্‌সাবূনা আন্না- লা-নাস্‌মা'উ সির্‌রাহুম্ ওয়া নাজ্‌ওয়া-হুম ; বালা- ওয়া রুসুলুনা-

আমিই চূড়ান্ত ব্যবস্থা গ্রহণকারী। (৮০) তারা কি ধারণা করে যে, আমি তাদের গোপন কথা এবং তাদের গোপন পরামর্শ শুনিনা? হ্যাঁ, অবশ্যই শুনি এবং আমার ফেরেশতরা

لَدَيْهِمْ يَكْتُبُوْنَ (٨٠) قُلْ اِنْ كَانَ لِلرَّحْمٰنِ وَلَدٌ ۖ فَاَنَا اَوَّلُ الْعٰبِدِيْنَ ○

লাদাইহিম্ ইয়াক্‌তুবূন। ৮১। কুল ইন্ কা-না লির্‌রাহ্‌মা-নি ওয়ালাদুন্ ফাআনা আওয়্যালুল্ 'আ-বিদীন।

তাদের কাছে থেকে সবকিছু লিখছে। (৮১) বলুন, যদি রহমান (আল্লাহর) কোন সন্তান হত, তবে আমিই সর্বপ্রথম হতাম তার ইবাদাতকারী।

(٨٢) سُبْحٰنَ رَبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُوْنَ ○

৮২। সুব্‌হা-না রাব্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি রাব্বিল্ 'আর্‌শি 'আম্মা- ইয়াস্বিফূন।

(৮২) যিনি আকাশমন্ডলী ও পৃথিবীর প্রতিপালক, যিনি আরশের প্রতিপালক, তিনি (আল্লাহ) সে সবকিছু হতে অতি পবিত্র, যা তারা বলে।

(٨٣) فَذَرْهُمْ يَخُوْضُوْا وَيَلْعَبُوْا حَتّٰى يُلٰقُوْا يَوْمَهُمُ الَّذِيْ يُوْعَدُوْنَ ○

৮৩। ফাযার্‌হুম্ ইয়াখূদ্বূ ওয়া ইয়াল্'আবূ হাত্তা-ইউলা-কু ইয়াওমা হুমুল্ লাযী ইউ'আদূন।

(৮৩) আপনি তাদেরকে ছেড়ে দিন, তারা বিতর্কে এবং খেল-তামাশায় লিপ্ত থাকুক সে দিবস উপস্থিত হওয়া পর্যন্ত, যে দিবসের প্রতিশ্রুতি তাদেকে দেয়া হয়েছে।

(٨٤) وَهُوَ الَّذِيْ فِي السَّمَآءِ اِلٰهٌ وَّفِي الْاَرْضِ اِلٰهٌ ؕ وَهُوَ الْحَكِيْمُ الْعَلِيْمُ ○

৮৪। ওয়া হুওয়াল্লাযী ফিস্ সামা—ই ইলা-হুওঁ ওয়া ফিল্ আরদ্বি ইলা-হুন ; ওয়া হুয়াল্ হাকীমুল্ 'আলীম।

(৮৪) তিনিই এমন মহান (আল্লাহ), যিনি আকাশমন্ডলীর মাবুদ এবং পৃথিবীরও মাবুদ। তিনিই (আল্লাহ) মহা বিজ্ঞ, মহাজ্ঞানী।

(٨٥) وَتَبٰرَكَ الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۚ وَعِنْدَهٗ

৮৫। ওয়া তাবা-রাকাল্লাযী লাহূ মুল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা- বাইনাহুমা-, ওয়া 'ইন্‌দাহূ

(৮৫) সে মহান সত্তা অতি মর্যাদা সম্পন্ন, যার বাদশাহী রয়েছে আকাশমন্ডলী, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যস্থ যা কিছু রয়েছে সব কিছুর মধ্যে এবং তাঁরই কাছে রয়েছে

عِلْمُ السَّاعَةِ ۚ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ (٨٥) وَلَا يَمْلِكُ الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ

'ইল্‌মুস্ সা-'আতি, ওয়া ইলাইহি তুর্‌জ্বা'উন। ৮৬। ওয়ালা- ইয়াম্‌লিকুল্ লাযীনা ইয়াদ্'উনা মিন্

কিয়ামতের সঠিক তথ্য; আর তাঁর দিকেই তোমরা প্রত্যাবর্তিত হবে। (৮৬) এবং আল্লাহ ব্যতীত তারা যাদেরকে ডাকে তাদের সুপারিশের কোনই ক্ষমতা নেই।

دُوْنِهِ الشَّفَاعَةَ اِلَّا مَنْ شَهِدَ بِالْحَقِّ وَهُمْ يَعْلَمُوْنَ (٨٦) وَلَئِنْ سَاَلْتَهُمْ

দূনিহিশ্ শাফা-'আতা ইল্লা- মান্ শাহিদা বিল্‌হাক্বক্বি ওয়া হুম্ ই'য়ালামূন। ৮৭। ওয়া লাইন্ সাআল্‌তাহুম্

তবে (সুপারিশের যোগ্য সে হবে) যারা সত্য কথাকে জেনে তার সাক্ষ্য দেয়। (৮৭) (হে নবী!) যদি আপনি তাদেরকে জিজ্ঞাসা করেন যে, তাদের স্রষ্টা কে?

مَّنْ خَلَقَهُمْ لَيَقُوْلُنَّ اللّٰهُ فَاَنّٰى يُؤْفَكُوْنَ (٨٧) وَقِيْلِهٖ يٰرَبِّ اِنَّ هٰٓؤُلَآءِ

মান্ খালাক্বাহুম্ লাইয়াকূলুন্নাল্লা-হু ফাআন্না- ইউ'ফাকূন। ৮৮। ওয়া ক্বীলিহী ইয়া-রাব্বি ইন্না হা~উলা—ই

তবে তারা জবাবে বলবে, আল্লাহ। এরপরেও তারা কোথায় ফিরে যাচ্ছে? (৮৮) আর রাসূলের এ কথা আমি শুনি যে, "হে আমার প্রতিপালক! এ সম্প্রদায়তো

قَوْمٌ لَّا يُؤْمِنُوْنَ (٨٨) فَاصْفَحْ عَنْهُمْ وَقُلْ سَلٰمٌ ؕ فَسَوْفَ يَعْلَمُوْنَ ○ ع

ক্বাওমুল্ লা-ইউ'মিনূন। ৮৯। ফাস্বফাহ্ 'আন্‌হুম্ ওয়া কুল্ সালা-মুন ; ফাসাওফা ই'য়ালামূন।

ঈমান গ্রহণ করবেই না।" (৮৯) (জবাবে আল্লাহ বলেন) আপনি তাদের থেকে মুখ ফিরিয়ে নিন এবং বলুন, "সালাম", অতিশীঘ্রই তারা জানতে পারবে।

সূরা দুখা-ন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫৯
রুকূ ঃ ৩

(١) حٰمٓ (٢) وَالْكِتٰبِ الْمُبِيْنِ (٣) اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةٍ مُّبٰرَكَةٍ اِنَّا كُنَّا مُنْذِرِيْنَ ○

১। হা-মী—ম্। ২। ওয়াল্‌কিতা-বিল্ মুবীন। ৩। ইন্না~আন্‌যাল্‌না-হু ফী লাইলাতিম্ মুবা-রাকাতিন্ ইন্না- কুন্না- মুন্‌যিরীন।

(১) হা-মী-ম; (২) শপথ, সুস্পষ্ট কিতাবের; (৩) নিশ্চয়ই আমি কুরআন অবতীর্ণ করেছি এক মুবারক (কল্যাণময়) রজনীতে। আমি ছিলাম এক সতর্ককারী।

(٤) فِيْهَا يُفْرَقُ كُلُّ اَمْرٍ حَكِيْمٍ (٥) اَمْرًا مِّنْ عِنْدِنَا ؕ اِنَّا كُنَّا مُرْسِلِيْنَ (٦) رَحْمَةً مِّنْ

৪। ফীহা- ইউফ্‌রাক্বু কুল্লু আম্‌রিন্ হাকীম। ৫। আম্‌রাম্ মিন্ 'ইনদিনা ; ইন্না- কুন্না- মুর্‌সিলীন। ৬। রাহ্‌মাতাম্ মির্

(৪) এ রজনীতে প্রত্যেক গুরুত্বপূর্ণ কাজের ফয়সালা করা হয়, (৫) আমার পক্ষ থেকেই নির্দেশক্রমে। আমিই রাসূল প্রেরণ করে থাকি। (৬) আপনার

○ বিশ্লেষণ (আঃ ৮৮) ঃ وقيله - অর্থাৎ নবীর এ কথা আল্লাহ (অবশ্যই) অবগত রয়েছেন। আল্লাহ তাঁর রাসূলের একনিষ্ঠ আবেদন এবং ব্যথিত হৃদয়ের আহ্বানের কথা অবশ্যই জানেন। এখানে وقيله এর সম্বন্ধ রয়েছে عنده علم الساعة এর দিকে। অর্থাৎ, আল্লাহই কিয়ামত এবং নবীর (স) আবেদন সম্পর্কে অবহিত। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৮৯) ঃ سلم - (সালাম) অর্থাৎ হে নবী! আপনি দুঃখ করবেন না, চিন্তিতও হবেন না এবং তাদের ব্যাপারে কোন পদক্ষেপও নিবেন না। আপনি ফরজ আন্দাজ তাবলীগ করে তাদের থেকে এ বলে মুখ ফিরাবেন যে, আচ্ছা, তোমরা আমাকে স্বীকার কর না, তবে আমার সালাম নাও। (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ২) ঃ والكتب - কিতাব দ্বারা কুরআনকে বুঝান হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৩) ঃ ليلة مبركة - (কল্যাণময় রজনী) এখানে কল্যাণময় রজনী দ্বারা "লাইলাতুল কদর" (শবে কদর) কে বুঝান হয়েছে। অর্থাৎ কদরের রাতে এ কিতাব (কুরআন) অবতীর্ণ হয়েছে। এ রাতকে বরকতময় বলার কারণ– (১) এ রাতে কুরআন মাজীদ অবতীর্ণ হয়েছে। (২) এ রাতে পৃথিবীতে ফিরিশতাগণ আগমন করেন। (৩) এ রাতে সারা বছরের গুরুত্বপূর্ণ বিষয় ফয়সালা হয়। (৪) এ রাতের ইবাদাত হাজার মাসের চেয়ে উত্তম। এ কদরের রাত রমজান মাসের শেষ দশদিনের কোন এক রাত। কেহ বলেন, "বরকতময় রাত" হচ্ছে শাবানের ১৫ই রাত। কিন্তু এটা সঠিক নয়।

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ يفرق فى كل امر حكيم - অর্থাৎ এ রাতে বান্দার গুরুত্বপূর্ণ বিষয়, ফয়সালা করা হয়। যাতে আর কোন পরিবর্তন হয় না। এ আয়াতের তাফসীর প্রসংগে বর্ণিত আছে যে, এ রাতে আগত বছরের জন্য মৃত্যু, হায়াত এবং জীবনের গুরুত্বপূর্ণ বিষয়ের ফয়সালা লওহে মাহফুজে অবতীর্ণ হয়। সেখান থেকে ফিরিশতাগণকে দায়িত্ব প্রদান করা হয়। (ইবন কাসীর)

৮ ওয়াক্বফে লাযেম ৭ (ع) ১৩ রুকূ

হা'আ ঃ ১২

ربك ؕ انه هو السميع العليم ۝٧ رب السموت والارض وما بينهما

রাব্বিকা ; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ 'আলীম । ৭ । রাব্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়া মা- বাইনাহুমা- ।

প্রতিপালকের দয়াস্বরূপ। তিনিতো সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৭) যিনি আকাশমণ্ডলী, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যে যা কিছু আছে সব কিছুর প্রতিপালক,

ان كنتم موقنين ۝٨ لا اله الا هو يحي ويميت ؕ ربكم ورب ابائكم

ইন্ কুনতুম্ মূক্বিনীন । ৮ । লা~ইলা-হা ইল্লা-হুওয়া ইউহ্য়ী ওয়া ইউমীতু ; রাব্বুকুম্ ওয়া রাব্বু আ-বা—ইকুমুল্

যদি তোমরা দৃঢ় বিশ্বাসী হও। (৮) তিনি ছাড়া কোন মাবুদ নেই, তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান; তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্ব

الاولين ۝٩ بل هم في شك يلعبون ۝١٠ فارتقب يوم تاتي السماء بدخان

আওয়্যালীন । ৯ । বাল্ হুম্ ফী শাক্কিই ইয়াল্'আবূন । ১০ । ফার্তাক্বিব্ ইয়াওমা তা'তিস্ সামা—উ বিদুখা-নিম্

পিতৃপুরুষদেরও প্রতিপালক। (৯) বরং তারা সন্দেহ পরায়ন হয়ে খেল-তামাশা করতেছে। (১০) সুতরাং আপনি সে দিনের অপেক্ষা করুন, যেদিন আকাশে স্পষ্ট

مبين ۝١١ يغشى الناس ؕ هذا عذاب اليم ۝١٢ ربنا اكشف عنا العذاب

মুবীন্ । ১১ । ইয়াগ্শান্ না-সা ; হা-যা- 'আযা-বুন্ আলীম । ১২ । রাব্বানাক্শিফ্ 'আন্নাল্ 'আযা-বা

ধোঁয়ার সৃষ্টি হবে। (১১) যা লোকদেরকে আবৃত করে ফেলবে। এটাই কষ্টদায়ক শাস্তি। (১২) হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে এ শাস্তি দূর করুন। আমরা

انا مؤمنون ۝١٣ انى لهم الذكرى وقد جاءهم رسول مبين ۝١٤ ثم

ইন্না- মু'মিনূন । ১৩ । আন্না- লাহুমুয্ যিক্রা- ওয়া ক্বাদ্ জ্বা—আহুম্ রাসূলুম্ মুবীন । ১৪ । ছুম্মা

ঈমান গ্রহণ করবই। (১৩) তাদের জন্য উপদেশ কিভাবে গ্রহণীয় হবে? তাদের কাছে তো স্পষ্ট বর্ণনাকারী রাসূল আগমন করেছে। (১৪) অতঃপর তারা

تولوا عنه وقالوا معلم مجنون ۝١٥ انا كاشفوا العذاب قليلا انكم عائدون ۝

তাওয়াল্লাও 'আন্হু ওয়া ক্বা-লূ মু'আল্লামুম্ মাজ্নূন । ১৫ । ইন্না- কা-শিফুল্ 'আযা-বি ক্বালীলান্ ইন্নাকুম্ 'আ—ইদূন ।

তার থেকে মুখ ফিরায় এবং বলে সে তো শিক্ষাপ্রাপ্ত সেতো উন্মাদ। (১৫) আমি অল্প সময়ের জন্য শাস্তি সরিয়ে নিলেই তোমরা পূর্বাবস্থায় ফিরে যাবে।

۝١٦ يوم نبطش البطشة الكبرى ۚ انا منتقمون ۝١٧ ولقد فتنا قبلهم قوم

১৬ । ইয়াওমা নাব্তিশুল্ বাত্শাতাল্ কুব্রা-, ইন্না- মুনতাক্বিমূন । ১৭ । ওয়া লাক্বাদ্ ফাতান্না॰ ক্বাব্লাহুম্ ক্বাওমা

(১৬) যেদিন আমি শক্তভাবে পাকড়াও করব, সেদিন আমি প্রতিশোধ নিবই। (১৭) আমি তাদের পূর্বে ফেরাউন সম্প্রদায়কে পরীক্ষা করেছিলাম

فرعون وجاءهم رسول كريم ۝١٨ ان ادوا الي عباد الله ؕ اني لكم رسول

ফির্'আওনা ওয়া জ্বা—আহুম্ রাসূলুন্ কারীম । ১৮ । আন্ আদ্দূ~ইলাইয়্যা 'ইবা-দাল্লা-হি ; ইন্নী লাকুম্ রাসূলুন

এবং তাদের কাছে এক মর্যাদাবান রাসূল এসেছিলেন। (১৮) তিনি আল্লাহর বান্দাগণকে বললেন, আমার কাছে আত্মসমর্পণ কর, নিশ্চয়ই আমি তোমাদের জন্য প্রেরিত একজন

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ بدخان مبين - (প্রকাশ্য ধোঁয়া) অর্থ "এ আয়াতের ব্যাখ্যায় তফসীরবিদগণ বিভিন্ন মন্তব্য পেশ করেছেন। (১) ধোঁয়া দ্বারা মক্কা বিজয়ের দিন যে ধুলো বালি উড়েছিল এবং তা বায়ুকে পর্যন্ত ঢেকে ফেলেছিল, সে ধুলো-বালিকে বুঝানো হয়েছে। (২) কেহ বলেন, দুর্ভিক্ষের কালকে বুঝানো হয়েছে। রাসূলুল্লাহ (সা) বদ দোয়ায় কাফিরেরা একবার দুর্ভিক্ষের কষ্টে মরে যাওয়ার উপক্রম হয়েছিল এবং মৃত কুকুরের হাড্ডি পর্যন্ত খেতে শুরু করেছিল। (৩) কেহ বলেন, দুর্ভিক্ষের কারণে, ক্ষুধার যন্ত্রণায় মানুষের দৃষ্টি শক্তি এতই দুর্বল হয়ে পড়েছিল যে, তখন তারা আকাশের দিকে তাকালেও আকাশে ধোঁয়ার মত দেখত। (তাঃ কাদেরী) (৪) এ ধোঁয়া কিয়ামতের দশটি নিদর্শনাবলীর মধ্য হতে একটি। এ ধোঁয়া কিয়ামত সংঘটিত হওয়ার পূর্ব মুহূর্তে প্রকাশ পাবে। (কুঃ কারীম)

امين ۝١٩ وان لا تعلوا على الله ۚ اني اتيكم بسلطن مبين ۝٢٠ واني عذت

আমীন । ১৯ । ওয়া আল্লা- 'তালূ 'আলাল্লা-হি, ইন্নী~আ-তীকুম্ বিসুল্ত্বা-নিম্ মুবীন্ । ২০ । ওয়া ইন্নী 'উয্তু

বিশ্বস্ত রাসূল। (১৯) আর তোমরা আল্লাহর নির্দেশের বিদ্রোহ কর না, আমি তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করেছি। (২০) নিশ্চয়ই আমি নিরাপত্তা কামনা করছি,

بربي وربكم ان ترجمون ۝٢١ وان لم تؤمنوا لي فاعتزلون ۝٢٢ فدعا ربه

বিরাব্বী ওয়া রাব্বিকুম্ আন্ তারজুমূন । ২১ । ওয়া ইল্ লাম্ তু'মিনূ লী 'ফাতাযিলূন । ২২ । ফাদা'আ- রাব্বাহূ~

আমার ও তোমাদের রবের নিকট, তোমরা যে আমাকে প্রস্তরাঘাতে মেরে ফেলবে তা থেকে (রক্ষার জন্য)। (২১) আর যদি তোমরা আমার প্রতি বিশ্বাস না কর, তবে তোমরা আমার থেকে আলাদা হয়ে যাও। (২২) অতঃপর মূসা তার রবের কাছে প্রার্থনা

● তিন চতুর্থাংশ

ان هؤلاء قوم مجرمون ۝٢٣ فاسر بعبادي ليلا انكم متبعون ۝٢٤ واترك

আন্না হা~উলা—ই ক্বাওমুম্ মুজ্বরিমূন । ২৩ । ফাআস্রি বি'ইবা-দী লাইলান্ ইন্নাকুম্ মুত্তাবা'উন । ২৪ । ওয়াত্রুকিল্

করেন যে, এরাতো এক পাপী সম্প্রদায়। (২৩) আমি বলেছিলাম, আপনি আমার বান্দাগণকে নিয়ে রাতারাতি বেরিয়ে যান। আপনাদের অনুসরণ করা হবেই। (২৪) আপনারা

البحر رهوا ؕ انهم جند مغرقون ۝٢٥ كم تركوا من جنت وعيون ۝٢٦ وزروع

বাহ্রা রাহ্ওয়ান ; ইন্নাহুম্ জুন্দুম্ মুগ্রাক্বূন । ২৫ । কাম্ তারাকূ মিন্ জ্বান্না-তিওঁ ওয়া 'উইয়ূন । ২৬ । ওয়া যুরূ'ইওঁ

সমুদ্রকে নিশ্চল অবস্থায় ত্যাগ করুন। নিশ্চয়ই এ (ফিরআউনের) বাহিনী নিমজ্জিত হবে। (২৫) তারা পিছনে রেখে গিয়েছিল বহু বাগান ও নহর (২৬) এবং বহু কৃষিক্ষেত

ومقام كريم ۝٢٧ ونعمة كانوا فيها فكهين ۝٢٨ كذلك ۣ واورثنها قوما

ওয়া মাক্বা-মিন্ কারীম। ২৭। ওয়া 'নামাতিন্ কা-নূ ফীহা- ফা-কিহীন । ২৮ । কাযা-লিকা; ওয়া আওরাছ্না-হা- ক্বাওমান্

ও সু-সজ্জিত বাসস্থান। (২৭) এবং কত প্রাচুর্য, যাতে তারা বিলাসিতায় চলত। (২৮) এ ভাবেই ঘটে গেল এবং আমি এগুলোর মালিক করেছিলাম

১ ২৯ ১৪ রুকূ

اخرين ۝٢٩ فما بكت عليهم السماء والارض وما كانوا منظرين ۝٣٠ ولقد

আ-খারীন । ২৯ । ফামা- বাকাত্ 'আলাইহিমুস্ সামা—উ ওয়াল্ আরদ্বু ওয়ামা- কা-নূ মুন্জারীন । ৩০ । ওয়ালাক্বাদ্

অন্য এক সম্প্রদায়কে। (২৯) আকাশমণ্ডলী ও পৃথিবী তাদের জন্য ক্রন্দন করেনি এবং তাদের কোন সুযোগও দেয়া হয়নি। (৩০) আমি বনী

نجينا بني اسراءيل من العذاب المهين ۝٣١ من فرعون ؕ انه كان عاليا

নাজ্জ্বাইনা- বানী~ইস্রা—ঈল মিনাল্ 'আযা-বিল্ মুহীন । ৩১ । মিন্ ফির্'আওনা ; ইন্নাহূ কা-না 'আ-লিয়াম্

ইসরাঈলকে রক্ষা করলাম লাঞ্ছনাদায়ক শাস্তি হতে (৩১) ফিরআউনের নিশ্চয়ই সে (ফেরাউন) ছিল (আল্লাহর) অবাধ্য,

من المسرفين ۝٣٢ ولقد اخترنهم على علم على العلمين ۝٣٣ واتينهم من

মিনাল মুস্রিফীন। ৩২। ওয়া লাক্বাদিখ্ তারনা-হুম্ 'আলা- 'ইলমিন্ 'আলাল্ 'আ-লামীন। ৩৩। ওয়া আ-তাইনা-হুম্ মিনাল্

সীমালঙ্ঘনকারীদের মধ্যে, (৩২) আমি জেনে বুঝে তাদেরকে বিশ্বজগতের উপর শ্রেষ্ঠতর করেছি। (৩৩) এবং আমি তাদেরকে দান করেছিলাম

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ ترجمون - হযরত মূসা (আ)-এর দাওয়াত ও তাবলীগের কারণে ফিরআউন মূসা (আ)-কে হত্যার ভয় দেখিয়েছিল। যে কারণে তিনি তাঁর রবের কাছে নিরাপত্তা কামনা করেছেন। ○ বিশ্লেষণ (আঃ ২৪) ঃ رهوا - (নিশ্চল, পানি থামানো অবস্থায় ত্যাগ কর) অর্থাৎ (হে মূসা) তোমার প্রথম লাঠির আঘাতে নদী শুষ্ক হয়ে রাস্তা হয়ে যাবে। তখন তোমরা সে পথে নদী পার হয়ে চলে যাবে। দ্বিতীয় বার লাঠি দ্বারা আঘাত করবে না। কেননা তাতে নদী পুনরায় পূর্বের ন্যায় হয়ে যাবে। দ্বিতীবার আঘাত না করার কারণ, ফিরাউনের দলেরা নদী শুষ্ক দেখে সে পথে প্রবেশ করবে। তখনই তাদেরকে ডুবিয়ে মারা হবে। ○ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, আকাশ ও পৃথিবীর কোন প্রাণীই তাদের ধ্বংসে ব্যথিত ও দুঃখিত হয়নি।

الْاٰيٰتِ مَا فِيْهِ بَلٰٓؤٌا مُّبِيْنٌ ㉝ اِنَّ هٰٓؤُلَآءِ لَيَقُوْلُوْنَ ㉞ اِنْ هِيَ اِلَّا مَوْتَتُنَا
আ-য়া-তি মা-ফীহি বালা—উম্ মুবীন । ৩৪ । ইন্না হা~উলা—ই লা- ইয়াক্বূলূন । ৩৫ । ইন্হিয়া ইল্লা- মাওতাতুনাল্
কতিপয় নিদর্শনাবলী, যাতে ছিল স্পষ্ট পরীক্ষা । (৩৪) কাফিরেরা তো এটাই বলে যে, (৩৫) আমাদের এ প্রথম মৃত্যু ব্যতীত আর কিছুই নেই,

الْاُوْلٰى وَمَا نَحْنُ بِمُنْشَرِيْنَ ㉟ فَاْتُوْا بِاٰبَآئِنَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ㊱ اَهُمْ خَيْرٌ
উলা- ওয়ামা- নাহ্নু বিমুন্শারীন । ৩৬ । ফা'তূ বিআ-বা—ইনা~ইন্ কুন্তুম্ স্বা-দিক্বীন । ৩৭ । আহুম্ খাইরুন্
এবং আমরা আর পুনরায় উত্থিত হব না । (৩৬) সুতরাং তোমরা যদি সত্যবাদীই হও, তবে আমাদের পিতৃপুরুষদেরকে হাজির কর । (৩৭) (আল্লাহ বলেন) তারা

اَمْ قَوْمُ تُبَّعٍ ۙ وَّالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ اَهْلَكْنٰهُمْ ؗ اِنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ○
আম্ ক্বাওমু তুব্বা'ইওঁ, ওয়াল্লাযীনা মিন্ ক্বাব্লিহিম ; আহ্লাক্না-হুম্ ইন্নাহুম্ কা-নূ মুজ্রিমীন ।
(মক্কার কাফিরেরা) শ্রেষ্ঠ না 'তুবা' সম্প্রদায় এবং তাদের পূর্বে যারা ছিল? আমি তাদেরকে ধ্বংস করেছি, নিশ্চয়ই তারা ছিল অপরাধী ।

㊲ وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا لٰعِبِيْنَ ㊳ مَا خَلَقْنٰهُمَآ اِلَّا
৩৮ । ওয়ামা- খালাক্বনাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা ওয়ামা- বাইনাহুমা- লা-'ইবীন । ৩৯ । মা- খালাক্না-হুমা~ইল্লা-
(৩৮) আমি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং এতদুভয়ের মধ্যে যা কিছু রয়েছে এসবগুলো খেল-তামাশার বস্তু হিসেবে সৃষ্টি করিনি । (৩৯) আমি এ দুটি (আকাশ ও পৃথিবী)

بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ㊴ اِنَّ يَوْمَ الْفَصْلِ مِيْقَاتُهُمْ اَجْمَعِيْنَ ○
বিল্হাক্বক্বি ওয়ালা-কিন্না আক্ছারাহুম লা- ই'য়ালামূন । ৪০ । ইন্না ইয়াওমাল্ ফাস্বলি মীক্বা-তুহুম্ আজ্মা'ঈন ।
উদ্দেশ্যহীন ভাবে সৃষ্টি করিনি, কিন্তু অধিকাংশেই তা জানে না । (৪০) নিশ্চয়ই ফয়সালার দিন তাদের সবার (হিসাবনিকাশের) নির্দিষ্ট সময় রয়েছে ।

㊵ يَوْمَ لَا يُغْنِيْ مَوْلًى عَنْ مَّوْلًى شَيْئًا وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ㊶ اِلَّا مَنْ رَّحِمَ اللّٰهُ ؕ
৪১ । ইয়াওমা লা-ইউগ্নী মাওলান্ 'আম মাওলান্ শাইয়াওঁ ওয়ালা- হুম্ ইউন্স্বারূন । ৪২ । ইল্লা-মার্ রাহ্বিমাল্লা-হু ;
(৪১) সেদিন কোন বন্ধু অপর বন্ধুর কোনই উপকারে আসবে না এবং তারা সাহায্যও পাবে না । (৪২) তবে তাদের কথা ভিন্ন, যার প্রতি

اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ㊷ اِنَّ شَجَرَتَ الزَّقُّوْمِ ㊸ طَعَامُ الْاَثِيْمِ ○ ع
ইন্নাহূ হুওয়াল্ 'আযীযুর রাহ্বীম । ৪৩ । ইন্না শাজ্বারাতায্ যাক্কূম । ৪৪ । ত্বা'আ-মুল্ আছীম ।
আল্লাহ মেহেরবানী করেন । তিনিতো পরাক্রমশালী, করুণাময় । (৪৩) নিশ্চয়ই যাক্কুম বৃক্ষ হবে, (৪৪) পাপীর খাদদ্রব্য ।

ع ৩ ১৫ রুকু

㊹ كَالْمُهْلِ ۚ يَغْلِيْ فِي الْبُطُوْنِ ㊺ كَغَلْيِ الْحَمِيْمِ ㊻ خُذُوْهُ فَاعْتِلُوْهُ اِلٰى سَوَآءِ
৪৫ । কাল্ মুহ্লি, ইয়াগ্লী ফিল্ বুতূন । ৪৬ । কাগাল্ইল্ হ্বামীম । ৪৭ । খুযূহু 'ফাতিলূহু ইলা- সাওয়া—ইল্
(৪৫) যা হবে, গলিত তামার ন্যায়, তা উদরে টগবগ করে ফুটতে থাকবে, (৪৬) উৎলানো গরম পানির মত । (৪৭) আমি বলব, তাকে ধর এবং টেনে নিয়ে যাও

الْجَحِيْمِ ㊼ ثُمَّ صُبُّوْا فَوْقَ رَاْسِهٖ مِنْ عَذَابِ الْحَمِيْمِ ㊽ ذُقْ ۚ اِنَّكَ اَنْتَ
জ্বাহ্বীম । ৪৮ । ছুম্মা স্বুব্বূ ফাওক্বা রা'সিহী মিন্ 'আযাবিল্ হ্বামীম । ৪৯ । যুক্ব; ইন্নাকা আন্তাল
জাহান্নামের মধ্যে । (৪৮) অতঃপর শাস্তি স্বরূপ, তার মাথার উপর ফুটন্ত পানি ঢেলে দাও । (৪৯) বলা হবে, তুমি (শাস্তির) স্বাদ উপভোগ কর

الْعَزِيْزُ الْكَرِيْمُ ㊾ اِنَّ هٰذَا مَا كُنْتُمْ بِهٖ تَمْتَرُوْنَ ㊿ اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ
'আযীযুল কারীম । ৫০ । ইন্না হা-যা- মা- কুন্তুম্ বিহী তাম্তারূন । ৫১ । ইন্নাল্ মুত্তাক্বীনা ফী
তুমি ছিলে (পৃথিবীর) প্রতাপশালী, সম্মানিত । (৫০) এটা সেই জিনিস যাতে তোমরা সন্দেহ করতে । (৫১) নিশ্চয়ই পরহেজগারগণ থাকবে

مَقَامٍ اَمِيْنٍ (51) فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ (52) يَلْبَسُوْنَ مِنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ
মাক্বা-মিন্ আমীন্ । ৫২ । ফী জ্বান্না-তিওঁ ওয়া 'উইউন । ৫৩ । ইয়াল্বাসূনা মিন্ সুন্দুসিওঁ ওয়া ইস্তাব্রাক্বিম্
নিরাপদ স্থানে (৫২) জান্নাত এবং নহরসমূহের মধ্যে । (৫৩) তারা সেখানে পরিধান করবে পাতলা ও ভারী রেশমী বস্ত্র এবং তারা পরস্পরে সামনা-সামনি

مُّتَقٰبِلِيْنَ (53) كَذٰلِكَ ۗ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ (54) يَدْعُوْنَ فِيْهَا بِكُلِّ
মুতাক্বা-বিলীন । ৫৪ । কাযা-লিকা, ওয়া যাওয়াজ্না-হুম্ বিহূরিন্ 'ঈন্ । ৫৫ । ইয়াদ্'উনা ফীহা-বিকুল্লি
হয়ে বসবে । (৫৪) তাদের ব্যাপারে এরূপই হবে এবং তাদের বিয়ে করিয়ে দিব, ডাগর চক্ষু বিশিষ্ট হুরদের সাথে, (৫৫) সেখানে তারা নিশ্চিন্ত মনে

فَاكِهَةٍ اٰمِنِيْنَ (55) لَا يَذُوْقُوْنَ فِيْهَا الْمَوْتَ اِلَّا الْمَوْتَةَ الْاُوْلٰى ۚ وَوَقٰهُمْ
ফা-কিহাতিন আ-মিনীন । ৫৬ । লা- ইয়াযূক্বূনা ফীহাল্ মাওতা ইল্লাল্ মাওতাতাল্ উলা-, ওয়া ওয়াক্বা-হুম্
প্রত্যেক প্রকারের ফল, সেবককে আনার জন্য বলবেন । (৫৬) প্রথম মৃত্যু ব্যতীত; সেখানে তারা আর মৃত্যুর স্বাদ গ্রহণ করবে না, এবং তাদের রব তাদেরকে

عَذَابَ الْجَحِيْمِ (56) فَضْلًا مِّنْ رَّبِّكَ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ (57) فَاِنَّمَا
'আযা-বাল্ জ্বাহ্বীম । ৫৭ । ফাদ্বলাম্ মির্ রাব্বিকা; যা-লিকা হুওয়াল্ ফাওযুল 'আজীম । ৫৮ । ফাইন্নামা-
জাহান্নামের শাস্তি হতে রক্ষা করবেন, (৫৭) এটা আপনার প্রতিপালকের অনুগ্রহ । এটাই বিশাল সাফল্য । (৫৮) এ কুরআনকে আমি সহজ করে দিয়েছি,

يَسَّرْنٰهُ بِلِسَانِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ (58) فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ○ ع
ইয়াস্ সার্না-হু বিলিসা-নিকা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন । ৫৯ । ফার্তাক্বিব্ ইন্নাহুম্ মুর্তাক্বিবূন ।
আপনার (নিজ) ভাষায়, যাতে তারা (এর দ্বারা) উপদেশ গ্রহণ করে । (৫৯) সুতরাং আপনি প্রতীক্ষায় থাকুন এবং তারাও তো অপেক্ষামান ।

ع ৩ ১৬ রুকু

সূরা জ্বা-ছিয়াহ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩৭
রুকূ ঃ ৪

① حٰمٓ ② تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ③ اِنَّ فِي السَّمٰوٰتِ
১ । হ্বা-মী—ম্ । ২ । তান্যীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আযীযিল্ হ্বাকীম । ৩ । ইন্না ফিস্ সামা-ওয়া-তি
(১) হ্বা-মী-ম; (২) এ নাযিলকৃত কিতাব আল্লাহ্র তরফ থেকে (অবতীর্ণ), যিনি মহাপ্রতাপশালী, মহাবিজ্ঞ । (৩) নিশ্চয়ই আকাশমণ্ডলি

○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ امنين - (নিশ্চিন্ত মনে) অর্থাৎ জান্নাতের ফল শেষ হয়ে যাবার ভয় নেই এবং সেগুলো খেলে কোন অসুস্থ হবারও ভয় নেই । নিশ্চিন্ত মনেই তারা সেগুলো খেতে পারবে । (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৫৭) ঃ فضلا من ربك - হাদীস শরীফে বর্ণিত– রাসূলুল্লাহ (সা) বলেন, জেনে রাখ! তোমাদের মধ্যে কাউকে তার আমল জান্নাতে প্রবেশ করাতে পারবে না । সাহাবাগণ আরজ করেন, হে আল্লাহর রাসূল! আপনাকেও? রাসূলুল্লাহ (সা) বলেন, হ্যাঁ? আমাকেও । তবে আল্লাহ তায়ালা আমাকে তাঁর রহমতের মধ্যে অন্তর্ভুক্ত করে নিবেন । (কুঃ কারীম)

والارض لايت للمؤمنين ④ وفى خلقكم وما يبث من دابة ايت

ওয়াল্ আর্দ্বি লাআ-য়া-তিল্ লিল্ মু'মিনীন। ৪। ওয়া ফী খাল্ক্বিকুম ওয়ামা- ইয়াবুছ্ছু মিন দা—ব্বাতিন্ আ-য়া-তুল্
ও ভূ-মন্ডলে নিদর্শন রয়েছে মুমিনগণের জন্য। (৪) তোমাদের সৃষ্টিতে এবং জীব জন্তুর বিস্তারে অনেক নিদর্শন রয়েছে

لقوم يوقنون ⑤ واختلاف اليل والنهار وما انزل الله من السماء من

লিক্বাওমিঁই ইউক্বিনূন। ৫। ওয়াখ্তিলা-ফিল্ লাইলি ওয়ান্নাহা-রি ওয়ামা ~আন্যালাল্লা-হু মিনাস্ সামা—ই মির্
দৃঢ় বিশ্বাসীদের জন্য। (৫) এবং রাত দিবসের গমনাগমনে, যমীন মৃত (শুষ্ক) হয়ে যাবার পরে আল্লাহ আকাশ হতে বর্ষণ করে

رزق فاحيا به الارض بعد موتها وتصريف الريح ايت لقوم يعقلون ○

রিয্ক্বিন্ ফাআহ্ইয়া- বিহিল্ আর্দ্বা 'বাদা মাওতিহা- ওয়া তাস্বরীফির রিয়া-হ্বি আ-য়া-তুল্ লিক্বাওমিঁই ই'য়াক্বিলূন।
যমীনকে যে জীবিত (সতেজ) করেন তাতে এবং বায়ুর পরিবর্তনে, নিদর্শন রয়েছে, জ্ঞানী লোকদের জন্য।

⑥ تلك ايت الله نتلوها عليك بالحق ج فباى حديث بعد الله وايته

৬। তিল্কা আ-য়া-তুল্লা-হি নাত্লূহা- 'আলাইকা বিল্হাক্ক্বি, ফাবিআইয়্যি হ্বাদীছিম্ 'বাদাল্লা-হি আ-য়া-তিহী
(৬) এগুলো আল্লাহর আয়াত, যা আমি আপনাকে সঠিকভাবে শোনাচ্ছি, সুতরাং আল্লাহর কথার পরে এবং তাঁর নিদর্শনাবলীর পরে তারা কোন কথার প্রতি ঈমান

يؤمنون ⑦ ويل لكل افاك اثيم ⑧ يسمع ايت الله تتلى عليه ثم يصر

ইউ'মিনূন। ৭। ওয়াইলুল্ লিকুল্লি আফ্ফা-কিন্ আছীম। ৮। ইয়াস্মা'উ আ-য়া-তিল্লা-হি তুত্লা- 'আলাইহি ছুম্মা ইউস্বিররু
আনবে? (৭) ধ্বংস, সেই প্রত্যেক মিথ্যাবাদী পাপীর, (৮) যে আল্লাহর আয়াতসমূহ তার সামনে পাঠ করতে শোনে, যখন তার সামনে তা পাঠ করা হয়, এরপরেও সে অহংকারী

مستكبرا كان لم يسمعها ج فبشره بعذاب اليم ⑨ واذا علم من ايتنا شيئا

মুস্তাক্বিরান্ কাআল্লাম্ ইয়াস্মা'হা- ফাবাশ্শির্হু বি'আযা-বিন্ আলীম। ৯। ওয়া ইযা- 'আলিমা মিন্ আ-য়া-তিনা- শাইআনিত্
অবস্থায় এমনভাবে দৃঢ় থাকে, যেন সে তা শোনেনি। তাকে যন্ত্রণাদায়ক শাস্তির সংবাদ দিন। (৯) যখন সে আমার কোন আয়াত সম্পর্কে অবগত হয় তখন সে তা

اتخذها هزوا ط اولئك لهم عذاب مهين ⑩ من ورائهم جهنم ج ولا

তাখাযাহা- হুযুওয়ান ; উলা—ইকা লাহুম্ 'আযা-বুম্ মুহীন। ১০। মিওঁ ওয়ারা—ইহিম জ্বাহান্নামু, ওয়ালা-
নিয়ে পরিহাস করে, তাদের জন্যই রয়েছে লাঞ্ছনাদায়ক আযাব। (১০) তাদের সামনে রয়েছে জাহান্নাম এবং তাদের কোন

يغنى عنهم ما كسبوا شيئا ولا ما اتخذوا من دون الله اولياء ج ولهم

ইউগ্নী 'আন্হুম্ মা- কাসাবূ শাইআওঁ ওয়ালা- মাত্তাখাযূ মিন্ দূনিল্লা-হি আওলিয়া—আ, ওয়া লাহুম
কৃতকর্ম কোনই উপকারে আসবে না। তারা আল্লাহ ব্যতীত যাদেরকে সাহায্যকারী হিসেবে গ্রহণ করেছিল তারাও নয়।

عذاب عظيم ⑪ هذا هدى ج والذين كفروا بايت ربهم لهم عذاب

'আযা-বুন্ 'আজীম। ১১। হা-যা- হুদান্, ওয়াল্লাযীনা কাফারূ বিআ-য়া-তি রাব্বিহিম্ লাহুম্ 'আযা-বুম্
তাদের জন্য রয়েছে ভীষণ শাস্তি। (১১) এই কুরআন সত্যপথ প্রদর্শক এবং যারা তাদের প্রতিপালকের আয়াতসমূহকে অস্বীকার করে, তাদের জন্য রয়েছে

১ ع ২১ ১৭ রুকূ

من رجز اليم ⑫ الله الذى سخر لكم البحر لتجرى الفلك فيه بامره

মির রিজ্বযিন্ আলীম। ১২। আল্লা-হুল্লাযী সাখ্খারা লাকুমুল্ বাহ্বরা লিতাজ্বরিয়াল্ ফুল্কু ফীহি বিআম্রিহী
কষ্টদায়ক শাস্তি। (১২) আল্লাহ, যিনি সমুদ্রকে তোমাদের কল্যাণের জন্য কাজে লাগিয়ে দিয়েছেন, যাতে তাঁর নির্দেশে তাতে নৌযানগুলো চলতে পারে এবং যাতে তোমরা

ولتبتغوا من فضله ولعلكم تشكرون ⑬ وسخر لكم ما فى السموت وما

ওয়ালিতাব্তাগূ মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্কুরূন। ১৩। ওয়া সাখ্খারা লাকুম্ মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা-
তালাস করতে পার তাঁর অনুগ্রহ। আর যেন তোমরা কৃতজ্ঞতা স্বীকার কর। (১৩) এবং তিনি তোমাদের জন্য কাজে লাগিয়ে দিয়েছেন, আকাশমন্ডলী

فى الارض جميعا منه ط ان فى ذلك لايت لقوم يتفكرون ⑭ قل للذين

ফিল্ আর্দ্বি জ্বামী'আম্ মিন্হু ; ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল্ লিক্বাওমিঁই ইয়াতাফাক্কারূন। ১৪। কুল্ লিল্লাযীনা
ও পৃথিবীতে অবস্থিত সব সৃষ্ট জীবকে, তাঁর নিজ পক্ষ হতে। নিশ্চয়ই এগুলোর মধ্যে রয়েছে নিদর্শন, চিন্তাশীলদের জন্য। (১৪) মুমিনগণকে বলুন,

امنوا يغفروا للذين لا يرجون ايام الله ليجزى قوما بما كانوا يكسبون ○

আ-মানূ ইয়াগ্ফিরূ লিল্লাযীনা লা-ইয়ার্জুনা আইয়্যা-মাল্লা-হি লিইয়াজ্বযিয়া ক্বাওমাম বিমা- কা-নূ ইয়াক্সিবূন।
তারা যেন ক্ষমা করে দেন তাদেরকে, যারা আল্লাহর দিবসগুলোর প্রতি আস্থা রাখে না; যাতে আল্লাহ প্রত্যেক সম্প্রদায়কে তাদের কৃতকর্মের প্রতিদান দিতে পারেন।

⑮ من عمل صالحا فلنفسه ج ومن اساء فعليها ز ثم الى ربكم ترجعون ○

১৫। মান্ 'আমিলা স্বা-লিহ্বান্ ফালিনাফ্সিহী ওয়ামান্ আসা—আ ফা'আলাইহা-, ছুম্মা ইলা-রাব্বিকুম তুরজ্বা'উন।
(১৫) যে নেক কাজ করে, তা তার জন্যই করে, এবং যে খারাপ কাজ করে, তার প্রতিফল তার উপরই বর্তিবে, অতঃপর তোমরা তোমাদের রবের দিকে প্রত্যাবর্তিত হবে।

⑯ ولقد اتينا بنى اسراءيل الكتب والحكم والنبوة ورزقنهم من

১৬। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- বানী~ইস্রা—ঈলাল্ কিতা-বা ওয়াল্ হুক্মা ওয়ান্নুবুওয়্যাতা ওয়া রাযাক্বনা-হুম্ মিনাত্ব
(১৬) আমি বনী ইসরাঈলকে কিতাব (তাওরাত), বাদশাহী ও নবুওয়াত দান করেছিলাম এবং তাদেরকে পবিত্র খাদ্য দান করেছিলাম

الطيبت وفضلنهم على العلمين ⑰ واتينهم بينت من الامر ج فما اختلفوا

ত্বাইয়্যিবা-তি ওয়া ফাদ্বদ্বাল্না-হুম 'আলাল্ 'আ-লামীন। ১৭। ওয়া আ-তাইনা-হুম্ বাইয়্যিনা-তিম্ মিনাল্ আম্রি, ফামাখ্ তালাফূ~
এবং বিশ্বজগতের উপর তাদেরকে মর্যাদাবান করেছিলাম। (১৭) এবং তাদেরকে দান করেছিলাম দ্বীন সম্পর্কিত সুস্পষ্ট প্রমাণাদি। তাদের কাছে জ্ঞান

الا من بعد ما جاءهم العلم لا بغيا بينهم ط ان ربك يقضى بينهم يوم

ইল্লা-মিম্ বা'দি মা- জ্বা—আহুমুল্ 'ইল্মু ; বাগ্ইয়াম্ বাইনাহুম্; ইন্না রাব্বাকা ইয়াক্বদ্বী বাইনাহুম্
পৌঁছার পরও তাদের পারস্পরিক হিংসা বিদ্বেষের কারণে, তারা মতভেদ করেছিল। নিশ্চয়ই আপনার প্রতিপালক, কিয়ামতের দিন তাদের মাঝে সে বিষয়

القيمة فيما كانوا فيه يختلفون ⑱ ثم جعلنك على شريعة من الامر

ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্তালিফূন। ১৮। ছুম্মা জ্বা'আল্না-কা 'আলা-শারী'আতিম মিনাল্ আম্রি
ফয়সালা করে দিবেন, যে বিষয় তারা পরস্পরে মতভেদ করত। (১৮) অতঃপর আমি আপনাকে দ্বীনের এক বিশেষ পথের উপর সু-প্রতিষ্ঠিত করেছি, সুতরাং

فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ اَهْوَآءَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ⑲ اِنَّهُمْ لَنْ يُّغْنُوْا عَنْكَ مِنَ اللّٰهِ

ফাত্তা'বিহা- ওয়ালা-তাত্তা'বি আহ্ওয়া—আল্লাযীনা লা-ই'য়ালামূন। ১৯। ইন্নাহুম লাঈ ইউগ্নূ 'আন্কা মিনাল লা-হি

আপনি সে নীতিগুলোই মেনে চলুন। অজ্ঞ (লোক)-দের মনোবৃত্তির অনুসরণ করবেন না। (১৯) তারা আপনার কোনই উপকারে আসবে না আল্লাহর

شَيْـًٔا ؕ وَاِنَّ الظّٰلِمِيْنَ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۚ وَاللّٰهُ وَلِيُّ الْمُتَّقِيْنَ ⑳ هٰذَا

শাইআন ; ওয়া ইন্নাজ্ জা-লিমীনা 'বাদ্বুহুম্ আওলিয়া—উ 'বাদ্বিন, ওয়াল্লা-হু ওয়ালিয়্যুল্ মুত্তাক্বীন। ২০। হা-যা-

সামনে। জালিম (পাপী) গণ একে অপরের বন্ধু এবং আল্লাহ পরহেজগারদের বন্ধু। (২০) এ কুরআন

بَصَآئِرُ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ㉑ اَمْ حَسِبَ الَّذِيْنَ اجْتَرَحُوا

বাস্বা—ইরু লিন্না-সি ওয়া হুদাওঁ ওয়া রাহ্মাতুল্ লিক্বাওমিঈ ইউক্বিনূন। ২১। আম্ হ্বাসিবাল্ লাযীনাজ্ব তারাহুস্

মানব জাতির জন্য উজ্জ্বল দৃষ্টান্ত এবং দৃঢ়-বিশ্বাসীদের জন্য পথ প্রদর্শক ও অনুগ্রহ স্বরূপ। (২১) তবে কি, যারা খারাপ (পাপ) কাজ করে,

السَّيِّاٰتِ اَنْ نَّجْعَلَهُمْ كَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ سَوَآءً مَّحْيَاهُمْ

সায়্যিআ-তি আন্ নাজ্ব'আলাহুম্ কাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি, সাওয়া—আম্ মাহ্বইয়া-হুম্

তারা কি মনে করে যে, আমি তাদেরকে, তাদের জীবন ও মৃত্যুর দিক দিয়ে মুমিনগণ ও পুণ্যবানদের সমান করব?

وَمَمَاتُهُمْ ؕ سَآءَ مَا يَحْكُمُوْنَ ㉒ ع وَخَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ع ২ ১৮ রুকূ

ওয়া মামা-তুহুম ; সা—আ মা- ইয়াহ্বকুমূন। (২২) ওয়া খালাক্বাল্লা-হুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা বিল্হ্বাক্বক্বি

কতইনা নিকৃষ্ট তাদের! ফয়সালা, (বিবেচনা)! (২২) আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবীকে যথার্থতার সাথে সৃষ্টি করেছেন এবং যাতে প্রত্যেকটি

وَلِتُجْزٰى كُلُّ نَفْسٍۢ بِمَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ㉓ اَفَرَءَيْتَ مَنِ اتَّخَذَ

ওয়া লিতুজ্বযা- কুল্লু নাফ্সিম্ বিমা- কাসাবাত ওয়া হুম্ লা-ইউজ্লামূন। ২৩। আফারাআইতা মানিত্তাখাযা

লোককে তাদের কৃতকর্মের প্রতিফল দেয়া যায় এবং তাদের প্রতি কোন প্রকার জুলুম করা হবে না। (২৩) আপনি তার প্রতি খেয়াল করেছেন? যে তার

اِلٰهَهٗ هَوٰىهُ وَاَضَلَّهُ اللّٰهُ عَلٰى عِلْمٍ وَّخَتَمَ عَلٰى سَمْعِهٖ وَقَلْبِهٖ وَجَعَلَ عَلٰى بَصَرِهٖ

ইলা-হাহূ হাওয়া-হু ওয়া আদ্বাল্লাহুল্লা-হু 'আলা- 'ইল্মিওঁ ওয়াখাতামা 'আলা- সাম্'ইহী ওয়া ক্বাল্বিহী ওয়া জ্বা'আলা 'আলা- বাস্বারিহী

কু-প্রবৃত্তিকে নিজ মাবুদ বানিয়ে নিয়েছে, আল্লাহ তাকে তার জ্ঞানের উপর বিভ্রান্ত করেছেন, তার কর্ন ও অন্তরে মোহর করে দিয়েছেন এবং তার চোখের উপর ঢেলে দিয়েছেন

غِشٰوَةً ؕ فَمَنْ يَّهْدِيْهِ مِنْۢ بَعْدِ اللّٰهِ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ㉔ وَقَالُوْا مَا هِيَ اِلَّا حَيَاتُنَا

গিশা-ওয়াতান ; ফামাইঁ ইয়াহ্দীহি মিম্ 'বাদিল্লা-হি ; আফালা- তাযাক্কারূন। ২৪। ওয়া ক্বা-লূ মা-হিয়া ইল্লা- হ্বায়া-তুনাদ্

পর্দা, সুতরাং আল্লাহর পরে, কে তাকে সত্য পথ প্রদর্শন করবে? তোমরা কি এরপরেও উপদেশ গ্রহণ করবে না? (২৪) তারা বলে, আমাদের জীবনতো শুধু এ পার্থিব

○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ ...... سواء محياهم - কোন জ্ঞানী ব্যক্তি কি এ ধারণা করতে পারে যে, এক নাফরমান (পাপী) ব্যক্তি এবং একজন নেককার (সৎ) ব্যক্তি, এ দু'জনার সাথে আল্লাহ তায়ালা সমান (একই ধরনের) ব্যবহার করবেন? এবং উভয়ের পরিণাম কি একই ধরনের হবে? কখনই নয়। না তারা দু'জন এ পার্থিব জগতে বরাবর হতে পারে, না মৃত্যুর পরে। মুমিনগণ মৃত্যুর পরে পাবেন জান্নাত, অগণিত নেয়ামত এবং উচ্চ মর্যাদা। কাফিরেরা এসব কিছু থেকে থাকবে বঞ্চিত। (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ على علم - অর্থাৎ আল্লাহ তায়ালা জানেন যে, যে নিজ কুপ্রবৃত্তিকে মাবুদ হিসেবে মেনে নিয়েছে, সে মানসিকভাবেই খারাপ। তার কুফর হওয়াটা আল্লাহ অবগত আছেন বলেই তাকে বিভ্রান্ত করেন। অথবা, সে (অবিশ্বাসী মুশরিক) আল্লাহর একত্ববাদ সম্পর্কে জ্ঞান রাখার পরেও এবং বুঝার পরেও বিভ্রান্তির পথ গ্রহণ করেছে। (তাঃ ওসমানী)

الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا يُهْلِكُنَآ اِلَّا الدَّهْرُ ۚ وَمَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۚ

দুন্ইয়া- নামূতু ওয়া নাহ্বইয়া- ওয়ামা- ইউহ্লিকুনা~ইল্লাদ্ দাহ্রু, ওয়ামা- লাহুম্ বিযা-লিকা মিন্ 'ইলমিন্

জীবনই। আমরা (পৃথিবীতেই) মরি ও জীবিত থাকি। মহাকালই আমাদের ধ্বংস করে, কিন্তু তাদের এ সম্পর্কে কোনই জ্ঞান নেই, তারা তো

اِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ ㉕ وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ مَّا كَانَ حُجَّتَهُمْ

ইন্হুম্ ইল্লা- ইয়াজুন্নূন। ২৫। ওয়া ইযা- তুত্লা- 'আলাইহিম্ আ-য়া-তুনা- বায়্যিনা-তিম্ মা-কা-না হুজ্জ্বাতাহুম

শুধু মাত্র নিজ ধারণায় কথা বলে। (২৫) যখন তাদের সামনে আমার সুস্পষ্ট আয়াতসমূহ আবৃত্তি করা হয়; তখন তাদের কাছে এ কথা ব্যতীত আর অন্য কোন দলীল

اِلَّآ اَنْ قَالُوا ائْتُوْا بِاٰبَآئِنَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ㉖ قُلِ اللّٰهُ يُحْيِيْكُمْ ثُمَّ

ইল্লা~আন্ ক্বা-লু'তূ বিআ-বা—ইনা~ইন্ কুন্তুম ছা-দিক্বীন। ২৬। ক্বুলিল্লা-হু ইউহ্ব'ঈকুম্ ছুম্মা

থাকে না যে, "যদি তোমরা সত্যবাদী হও, তবে আমাদের পিতৃপুরুষদেরকে এনে উপস্থিত কর। (২৬) বলুন, আল্লাহই তোমাদের জীবন দানকারী এবং

يُمِيْتُكُمْ ثُمَّ يَجْمَعُكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ

ইউমীতুকুম্ ছুম্মা ইয়াজ্বমা'উকুম্ ইলা- ইয়াওমিল্ ক্বিয়া-মাতি লা-রাইবা ফীহি ওয়ালা-কিন্না আক্ছারান্ না-সি

তিনিই তোমাদের মৃত্যু দাতা। তিনিই তোমাদেরকে কিয়ামতের দিন সমবেত করবেন, যাতে কোনই সন্দেহ নেই; কিন্তু অধিকাংশ লোক

৩ (৫) ১৯ রুকূ لَا يَعْلَمُوْنَ ㉗ ع وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَئِذٍ

লা- ই'য়ালামূন ২৭। ওয়া লিল্লা-হি মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; ওয়া ইয়াওমা তাক্বূমুস্ সা-'আতু ইয়াওমাইযি

তা জানে না। (২৭) আকাশ ও পৃথিবীর বাদশাহী একমাত্র আল্লাহরই জন্য। যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন মিথ্যা প্রতিপন্নকারীরা

يَّخْسَرُ الْمُبْطِلُوْنَ ㉘ وَتَرٰى كُلَّ اُمَّةٍ جَاثِيَةً قف كُلُّ اُمَّةٍ تُدْعٰٓى اِلٰى كِتٰبِهَا ؕ

ইয়াখ্সারুল্ মুব্ত্বিলূন। ২৮। ওয়া তারা-কুল্লা উম্মাতিন্ জ্বা-ছিয়াতান্ কুল্লু উম্মাতিন্ তুদ্'আ~ইলা- কিতা-বিহা-;

হবে ক্ষতিগ্রস্ত। (২৮) আপনি সেদিন প্রত্যেক সম্প্রদায়কে হাঁটুর ওপর ভর করে থাকা অবস্থায় দেখতে পাবেন, এবং প্রত্যেক সম্প্রদায়কে ডাকা হবে

اَلْيَوْمَ تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ㉙ هٰذَا كِتٰبُنَا يَنْطِقُ عَلَيْكُمْ بِالْحَقِّ ؕ اِنَّا كُنَّا

আল্ইয়াওমা তুজ্বযাওনা মা- কুন্তুম্ 'তামালূন। ২৯। হা-যা- কিতা-বুনা- ইয়ানত্বিক্বু 'আলাইকুম্ বিল্হ্বাক্বক্বি ; ইন্না- কুন্না-

তার আমল নামার দিকে এবং আজ তোমাদের সে প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে। (২৯) এ আমার কিতাব, যা তোমাদের ব্যাপারে সত্য

نَسْتَنْسِخُ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ㉚ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُدْخِلُهُمْ

নাস্তান্সিখু মা- কুন্তুম্ 'তামালূন। ৩০। ফাআম্মাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ফাইউদ্খিলুহুম্

সত্য বলে দিবে। আমি তোমাদের কৃত কর্মগুলো লিপিবদ্ধ করেছিলাম। (৩০) যারা ঈমান আনে ও নেক কাজ করে, তাদের

رَبُّهُمْ فِيْ رَحْمَتِهٖ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْمُبِيْنُ ㉛ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا قف اَفَلَمْ

রাব্বুহুম্ ফী রাহ্বমাতিহী ; যা-লিকা হুওয়াল্ ফাওযুল্ মুবীন। ৩১। ওয়া আম্মাল্ লাযীনা কাফারূ, আফালাম্

প্রতিপালক তাদের প্রবেশ করাবেন, তাঁর নিজ রহমতে (জান্নাতে)। এটাই তাদের প্রকাশ্য সফলতা। (৩১) যারা কাফির তাদেরকে বলা হবে তোমাদের

تَكُنْ اٰيٰتِىْ تُتْلٰى عَلَيْكُمْ فَاسْتَكْبَرْتُمْ وَكُنْتُمْ قَوْمًا مُّجْرِمِيْنَ ㉜ وَاِذَا قِيْلَ
তাকুন্‌ আ-য়া-তী তুত্‌লা- 'আলাইকুম্‌ ফাস্‌তাক্‌বারতুম্‌ ওয়া কুন্‌তুম্‌ ক্বাওমাম্‌ মুজ্‌রিমীন। ৩২। ওয়া ইযা- ক্বীলা
সামনে কি আমার আয়াতসমূহ পাঠ করা হয়নি? কিন্তু তোমরা অহঙ্কার করেছিলে এবং তোমরা ছিলে বড়ই পাপী সম্প্রদায়। (৩২) আর যখন

اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّالسَّاعَةُ لَا رَيْبَ فِيْهَا قُلْتُمْ مَّا نَدْرِىْ مَا السَّاعَةُ اِنْ
ইন্না ও'য়াদাল্লা-হি হাক্বকুঁও ওয়াস্‌ সা-'আতু লা- রাইবা ফীহা- কুল্‌তুম্‌ মা- নাদ্‌রী মাস্‌সা-'আতু, ইন্‌
বলা হত যে, আল্লাহর প্রতিশ্রুতি সঠিক এবং কিয়ামত সম্পর্কে কোনই সন্দেহ নেই, তোমরা তখন বলতে, আমরা বুঝি না, কিয়ামত কি? আমাদের মতে

نَّظُنُّ اِلَّا ظَنًّا وَّمَا نَحْنُ بِمُسْتَيْقِنِيْنَ ㉝ وَبَدَا لَهُمْ سَيِّاٰتُ مَا عَمِلُوْا وَحَاقَ
নাজুন্‌নু ইল্লা- জান্নাওঁ ওয়ামা- নাহ্‌নু বিমুস্‌তাইক্বিনীন। ৩৩। ওয়া বাদা-লাহুম্‌ সায়্যিআ-তু মা-'আমিলূ ওয়া হা-ক্বা
এটা একটি ধারণা মাত্র এবং আমরা এ সম্পর্কে সুনিশ্চিত নই। (৩৩) তাদের কাছে তাদের খারাপ কাজগুলো প্রকাশ হয়ে পড়বে এবং যে বিষয়গুলো নিয়ে

بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ㉞ وَقِيْلَ الْيَوْمَ نَنْسٰىكُمْ كَمَا نَسِيْتُمْ لِقَآءَ
বিহিম্‌ মা- কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন। ৩৪। ওয়া ক্বীলাল্‌ ইয়াওমা নান্‌সা-কুম্‌ কামা- নাসীতুম্‌ লিক্বা—আ
তারা ঠাট্টা করত, সেগুলোই তাদেরকে বেষ্টন করে নিবে। (৩৪) এবং তাদের বলা হবে, আজ আমি তোমাদেরকে ভুলব, যেভাবে তোমরা এ দিবসের

يَوْمِكُمْ هٰذَا وَمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ㉟ ذٰلِكُمْ بِاَنَّكُمُ اتَّخَذْتُمْ
ইয়াওমিকুম্‌ হা-যা- ওয়ামা'ওয়া- কুমুন্‌ না-রু ওয়া মা- লাকুম্‌ মিন্‌ না-স্বিরীন। ৩৫। যা-লিকুম বিআন্নাকুমুত্‌ তাখায্‌তুম্‌
সাক্ষাৎকে ভুলে গিয়েছিলে। তোমাদের ঠিকানা হবে জাহান্নাম, তোমাদের কোনই সাহায্যকারী থাকবে না। (৩৫) এ (শাস্তি) গুলোর কারণ, তোমরা আল্লাহর

اٰيٰتِ اللّٰهِ هُزُوًا وَّغَرَّتْكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ لَا يُخْرَجُوْنَ مِنْهَا
আ-য়া-তিল্লা-হি হুযুওয়াওঁ ওয়াগার্‌রাত্‌কুমুল হা-য়া-তুদ্‌ দুন্‌ইয়া-, ফাল্‌ইয়াওমা লা- ইউখ্‌রাজূনা মিন্‌হা-
আয়াতসমূহ সম্পর্কে ঠাট্টা-বিদ্রুপ করতে এবং এ পার্থিব জীবন তোমাদেরকে ধোকায় ফেলেছিল, সুতরাং আজ তোমাদেরকে জাহান্নাম হতে বের করা হবে না

وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ㊱ فَلِلّٰهِ الْحَمْدُ رَبِّ السَّمٰوٰتِ وَرَبِّ الْاَرْضِ رَبِّ
ওয়ালা-হুম্‌ ইউস্‌'তাতাবূন। ৩৬। ফালিল্লা-হিল্‌ হাম্‌দু রাব্বিস্‌ সামা-ওয়া-তি ওয়া রাব্বিল্‌ আর্‌দ্বি রাব্বিল্‌
এবং তাদেরকে আল্লাহর অনুগ্রহ লাভের সুযোগ ও দেয়া হবে না। (৩৬) যাবতীয় প্রশংসা সে আল্লাহর জন্য, যিনি আকাশমন্ডলীর ও পৃথিবীর প্রতিপালক

الْعٰلَمِيْنَ ㊲ وَلَهُ الْكِبْرِيَآءُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۖ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ○ ৪ ع ২০ রুকূ
'আ-লামীন। ৩৭। ওয়ালাহুল্‌ কিব্‌রিইয়া—উ ফিস্‌ সামা-ওয়া-তি ওয়াল্‌ আর্‌দ্বি, ওয়া হুওয়াল্‌ 'আযীযুল্‌ হাকীম।
ও সারা জাহানের প্রতিপালক। (৩৭) আকাশসমূহ ও পৃথিবীতে তাঁরই মহিমা (শ্রেষ্ঠত্ব), তিনি মহাপ্রতাপশালী, মহাবিজ্ঞ।

○ **টীকা (আঃ ৩৪) ঃ** পাপাচারিগণের অসৎকার্যের প্রতিফল তারা ভোগ করবেই। তদুপরি দোযখে পতিত হয়ে তারা তিরস্কারমূলক ও হতাশাব্যঞ্জক কথাও শ্রবণ করবে। তাদেরকে বলা হবে যে, পৃথিবীতে তোমরা যেরূপ পরকালকে ভুলেছিলে, অদ্য আমি (আল্লাহ) তোমাদেরকে তদ্রূপ ভুলেছি। এতে দোযখবাসীরা হতাশায় মুষড়িয়ে পড়বে। "আমি তোমাদেরকে ভুলে যাচ্ছি" অর্থে আল্লাহ তায়ালার যে বিস্মৃতি আসবে, তা নয়। এটা পরকাল অবিশ্বাসী দোযখবাসীদের প্রতি তিরস্কার ও হতাশাস্বরূপ বলা হবে। কারণ আল্লাহ তায়ালা সর্বপ্রকার ত্রুটি-বিচ্যুতি থেকে পবিত্র, কোন প্রকার ভুলভ্রান্তি ও বিস্মৃতি তাঁকে স্পর্শ করতে পারে না। ○ **বিশ্লেষণ (আঃ ৩৫) ঃ** ولاهم يستعتبون - অর্থাৎ পরকালে কাফিরদেরকে সুযোগ দেয়া হবে না যে, তারা তওবা করে অথবা আল্লাহ তায়ালাকে রাজী-খুশী করিয়ে তাদের শাস্তি মওকুফ করাবে ও জান্নাতে প্রবেশ করবে।

সূরা আহক্বা-ফ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩৫
রুকূ ঃ ৪

① حٰمٓ ② تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ③ مَا خَلَقْنَا السَّمٰوٰتِ
১। হা-মী—ম্‌। ২। তানযীলুল্‌ কিতা-বি মিনাল্লা-হিল্‌ 'আযীযিল্‌ হাকীম। ৩। মা- খালাক্বনাস্‌ সামা-ওয়া-তি
(১) হা-মী-ম; (২) এ কিতাব আল্লাহর তরফ থেকে অবতীর্ণ; যিনি মহাপরাক্রমশালী, মহাজ্ঞানী। (৩) আমি আকাশ

পারা ২৬

وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا عَمَّآ
ওয়াল্‌ আর্‌দ্বা ওয়ামা- বাইনাহুমা~ইল্লা-বিল্‌হাক্বক্বি ওয়া আজ্বালিম্‌ মুসাম্মান ; ওয়াল্লাযীনা কাফারূ 'আম্মা~
ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছুই একটি নির্দিষ্ট সময়ের জন্য যথাযোগ্য সৃষ্টি করেছি। যারা কাফির তাদেরকে সতর্কবাণী শোনাবার পরেও তা থেকে

اُنْذِرُوْا مُعْرِضُوْنَ ④ قُلْ اَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَرُوْنِىْ مَاذَا خَلَقُوْا
উন্‌যিরূ 'মুরিদ্বূন। ৪। কুল্‌ আরাআইতুম্‌ মা-তাদ্‌'উনা মিন্‌ দূনিল্লা-হি আরূনী মা- যা-খালাক্ব
মুখ ফিরায়। (৪) বলুন, তোমরা কি চিন্তা করে দেখছ যে, আল্লাহ ব্যতীত তোমরা যাদেরকে ডাকছ, তাদের সম্পর্কে? আমাকে তোমরা দেখাও,

مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِى السَّمٰوٰتِ ؕ اِيْتُوْنِىْ بِكِتٰبٍ مِّنْ قَبْلِ هٰذَآ
মিনাল্‌ আর্‌দ্বি আম্‌ লাহুম্‌ শির্‌কুন্‌ ফিস্‌ সামা-ওয়া-তি ; ঈতূনী বিকিতা-বিম্‌ মিন্‌ ক্বাব্‌লি হা-যা~
তারা পৃথিবীতে কি সৃষ্টি করেছে? অথবা তারা কোন অংশীদার আছে কিনা আকাশমণ্ডলীতে? যদি তোমরা সত্যবাদী হয়ে থাক, তবে এ কুরআনের পূর্ববর্তী

اَوْ اَثٰرَةٍ مِّنْ عِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ⑤ وَمَنْ اَضَلُّ مِمَّنْ يَّدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ
আও আছা-রাতিম্‌ মিন্‌ 'ইল্‌মিন্‌ ইন্‌ কুন্‌তুম স্বা-দিক্বীন। ৫। ওয়ামান্‌ আদ্বাল্‌লু মিম্মাই ইয়াদ্‌'উ মিন্‌ দূনিল্লা-হি
কোন কিতাব অথবা পূর্ব বর্ণিত কোন তথ্য আমার কাছে উপস্থিত কর। (৫) সে ব্যক্তির চেয়ে পথভ্রষ্ট আর কে? যে আল্লাহ ব্যতীত এমন কাউকে ডাকে,

مَنْ لَّا يَسْتَجِيْبُ لَهٗٓ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ وَهُمْ عَنْ دُعَآئِهِمْ غٰفِلُوْنَ ⑥ وَاِذَا حُشِرَ
মাল্‌ লা- ইয়াস্‌তাজ্বীবু লাহূ~ইলা- ইয়াওমিল্‌ ক্বিয়া-মাতি ওয়া হুম্‌ 'আন্‌ দু'আ—ইহিম্‌ গা-ফিলূন। ৬। ওয়া ইযা- হুশিরান্‌
যে কিয়ামত পর্যন্ত ডাকলেও তাকে জবাব দিবে না। বরং তারা তাদে ডাক সম্পর্কে বে-খবর। (৬) যখন সব মানুষকে সমবেত করা হবে,

النَّاسُ كَانُوْا لَهُمْ اَعْدَآءً وَّكَانُوْا بِعِبَادَتِهِمْ كٰفِرِيْنَ ⑦ وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ
না-সু কা-নূ লাহুম আ'দা—আওঁ ওয়া কা-নূ বি'ইবা-দাতিহিম কা-ফিরীন। ৭। ওয়া ইযা- তুত্‌লা- 'আলাইহিম
তখন সে (দেবতা) গুলো তাদের দুশমন হয়ে যাবে এবং সে (ভ্রান্ত মাবুদ)-গুলো তাদের ইবাদাত অস্বীকার করবে। (৭) যখন তাদের সামনে আমার

اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ○
আ-য়া-তুনা- বাইয়্যিনা-তিন্‌ ক্বা-লাল লাযীনা কাফারূ লিল্‌হাক্বক্বি লাম্মা- জা—আহুম্‌, হা-যা- সিহ্‌রুম্‌ মুবীন।
সুস্পষ্ট আয়াতসমূহ পাঠ করা হয়, তখন কাফিরেরা এ সত্য বিষয় (কুরআন) সম্পর্কে বলে, যখন তা তাদের কাছে আসে, এটাতো প্রকাশ্য যাদু

(৭) اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَلَا تَمْلِكُوْنَ لِيْ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ
৮। আম্ ইয়াকূলূনাফ্ তারা-হু ; কুল্ ইনিফ্ তারাইতুহূ ফালা- তাম্লিকূনা লী মিনাল্লা-হি শাইআন ;
(৮) অথবা তারা বলে যে, এটি সে নিজেই বানিয়েছে। বলুন, যদি আমি নিজেই তৈরী করে থাকি, তবে তোমরা কোন ক্ষমতাই রাখবে না আল্লাহর শাস্তি হতে, আমাকে

هُوَ اَعْلَمُ بِمَا تُفِيْضُوْنَ فِيْهِ ؕ كَفٰى بِهٖ شَهِيْدًا بَيْنِيْ وَبَيْنَكُمْ ؕ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ
হুওয়া 'আলামু বিমা-তুফীদূনা ফীহি ; কাফা-বিহী শাহীদাম্ বাইনী ওয়া বাইনাকুম ; ওয়া হুয়াল্ গাফূরুর্ রাহীম।
রক্ষা করতে; তোমরা যা চিন্তা-ভাবনা করছ, আল্লাহ তা ভালভাবেই জানেন। আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসেবে তিনিই যথেষ্ট এবং তিনিই ক্ষমাশীল ও পরম দয়ালু।

(৮) قُلْ مَا كُنْتُ بِدْعًا مِّنَ الرُّسُلِ وَمَآ اَدْرِيْ مَا يُفْعَلُ بِيْ وَلَا بِكُمْ ؕ اِنْ اَتَّبِعُ
৯। কুল্ মা- কুন্তু বিদ্'আম্ মিনার্ রুসুলি ওয়ামা~আদ্রী মা- ইউফ্'আলু বী ওয়ালা-বিকুম ; ইন্ আত্তাবি'উ
(৯) বলুন, আমিতো রাসূলগণের মধ্যে সর্বপ্রথম নই। আমি জানি না, তোমাদের সাথে ও আমার সাথে কি আচরণ করা হবে। আমার প্রতি যা

اِلَّا مَا يُوْحٰۤى اِلَيَّ وَمَآ اَنَا اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ (৯) قُلْ اَرَءَيْتُمْ اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ
ইল্লা- মা- ইউহ্বা~ইলাইয়্যা ওয়ামা~আনা ইল্লা- নাযীরুম্ মুবীন। ১০। কুল্ আরাআইতুম্ ইন্ কা-না মিন্ 'ইন্দিল্লা-হি
ওহী করা হয়, আমি শুধু তারই অনুসরণ করি। আমিতো শুধু একজন প্রকাশ্য সতর্ককারী। (১০) বলুন, তোমরা কি চিন্তা করে দেখেছ, যদি এ কুরআন আল্লাহর তরফ

وَكَفَرْتُمْ بِهٖ وَشَهِدَ شَاهِدٌ مِّنْۢ بَنِيْۤ اِسْرَآءِيْلَ عَلٰى مِثْلِهٖ فَاٰمَنَ وَاسْتَكْبَرْتُمْ ؕ
ওয়া কাফারতুম্ বিহী ওয়া শাহিদা শা-হিদুম্ মিম্ বানী~ইস্রা—ঈলা 'আলা- মিছ্লিহী ফাআ-মানা ওয়াস্ তাক্বারতুম ;
হতে হয়ে থাকে, আর তোমরা তা অস্বীকার কর, এবং বনী ইসরাঈলের একজন সাক্ষী, অনুরূপ সাক্ষ্য দেয় এবং এতে ঈমানও আনে আর তোমরা আত্মগর্ব কর,

اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ (১০) وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْ
ইন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল্ ক্বাওমাজ্ জা-লিমীন। ১১। ওয়া ক্বা-লাল্লাযীনা কাফারূ লিল্লাযীনা আ-মানূ লাও
তবে তোমাদের পরিণতি কি হবে? নিশ্চয়ই আল্লাহ জালিম দেরকে সৎপথ প্রদর্শন করেন না। (১১) এবং কাফিরেরা মুমিনগণ সম্পর্কে বলে যে, যদি এটা ভালই হতো,

كَانَ خَيْرًا مَّا سَبَقُوْنَآ اِلَيْهِ ؕ وَاِذْ لَمْ يَهْتَدُوْا بِهٖ فَسَيَقُوْلُوْنَ هٰذَآ اِفْكٌ
কা-না খাইরাম্ মা- সাবাকূনা~ইলাইহি ; ওয়া ইয্ লাম্ ইয়াহ্তাদূ বিহী ফাসাইয়াকূলূনা হা-যা~ইফ্কুন্
তবে তারা আমাদের পূর্বে তার দিকে (অর্থাৎ ইসলাম গ্রহণে) অগ্রগামী হতে পারত না। যখন তারা এ (কুরআন) দ্বারা সঠিক পথ প্রাপ্ত হয়নি, তখন তারা বলে, এ তো

✪ বিশ্লেষণ (আঃ ৯) ঃ قل ما كنت بدعا - অর্থাৎ তোমরা আমার কথায় আশ্চর্য হচ্ছ কেন? আমিতো অভিনব কোন কিছু নিয়ে আসিনি। আমার পূর্বে পৃথিবীতে নবুওয়াত ও রিসালাতের ধারাবাহিকতা জারী ছিল। আমি সর্বশেষ নবী। আমি নতুন (প্রথম) নবী হিসেবে আসেনি। পূর্ববর্তী রাসূলগণ যে সংবাদ দিয়েছেন, আমিও অনুরূপ সংবাদ দিচ্ছি। সুতরাং তা মেনে নিতে তোমাদের অসুবিধা কোথায়? (তাঃ ওসমানী)

وما ادرى - অর্থাৎ আমি অবগত নই, আমার সাথে আল্লাহ তায়ালা কিরূপ ব্যবহার করবেন। আমার এখানে (পৃথিবীতে) সুখ হবে, না কষ্ট হবে, মক্কা থেকে আমি হিজরত করব, না এখানে অবস্থান করব, আমার মৃত্যু স্বাভাবিকভাবে হবে, না তোমাদের হাতে আমি নিহত হব, এসব কিছুই একমাত্র আল্লাহ তায়ালাই জানেন। এবং তোমাদের সাথে আল্লাহ তায়ালা কিরূপ ব্যবহার করবেন তাও আমি অবগত নই, তোমাদেরকে যমীনে দাবিয়ে দেবেন, না ভূমি কম্প দিয়ে ধ্বংস করে দেবেন, না অন্যভাবে শাস্তি দেবেন, না অবকাশ দেবেন, এসব কিছুই আমি জানি না। আমার কাজ শুধু আল্লাহর ওহীর অনুসরণ করা এবং দ্বীনের দাওয়াত পৌঁছান এবং সাবধান করা। (তাঃ কাদেরী) ✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ شاهد من بنى اسرائيل - বনী ইসরাঈলের সাক্ষ্য দ্বারা আবদুল্লাহ ইবন সালামকে বুঝানো হয়েছে। কারো মতে- মক্কায় অবস্থানকালীন কোন বনী ইসরাঈলকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

✪ শানে নুযূল (আঃ ১১) ঃ وقال الذين كفروا - হযরত বিলাল, আমার, সোহায়েব এবং খাব্বাব (রা) প্রমুখ যারা গরীব ও অসহায় ছিলেন অথচ ইসলাম গ্রহণে তারা অগ্রগামী ছিলেন, মক্কার কাফিরেরা তাদেরকে দেখে বলত, যদি এ দ্বীনের মধ্যে কোন কল্যাণ নিহিত থাকত, তবে আমাদের মত সম্মানিত ব্যক্তিরাই সর্বপ্রথম সে দ্বীন (ইসলাম) কবুল করত। তারা (গরীব মুসলমানগণ) আমাদের পূর্বে ঈমান নিতে পারত না। এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (কুঃ কাঃ)

قَدِيْمٌ (১১) وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰۤى اِمَامًا وَّرَحْمَةً ؕ وَهٰذَا كِتٰبٌ مُّصَدِّقٌ
ক্বাদীম। ১২। ওয়া মিন্ ক্বাব্লিহী কিতা-বু মূসা~ইমা-মাওঁ ওয়া রাহ্মাতান ; ওয়া হা-যা- কিতা-বুম্ মুস্বাদ্দিকুল্
প্রাচীনত্ব মিথ্যা। (১২) এর (কুরআনের) পূর্বে মূসার কিতাব ছিল পথ প্রদর্শক ও অনুগ্রহ স্বরূপ এবং এ কিতাব তা সত্যায়িত

لِّسَانًا عَرَبِيًّا لِّيُنْذِرَ الَّذِيْنَ ظَلَمُوْا ۖۗ وَبُشْرٰى لِلْمُحْسِنِيْنَ (১২) اِنَّ الَّذِيْنَ
লিসা-নান্ 'আরাবিয়্যাল্ লিইউন্যিরাল্ লাযীনা জালামূ ; ওয়া বুশ্রা- লিল্মুহ্সিনীন। ১৩। ইন্নাল্লাযীনা
করে, যা আরবী ভাষায়, যাতে সতর্ক করে জালিমদেরকে এবং সু-সংবাদ দেয় পুণ্যবানদেরকে। (১৩) যারা বলে, আমাদের

قَالُوْا رَبُّنَا اللّٰهُ ثُمَّ اسْتَقَامُوْا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ (১৩) اُولٰٓئِكَ
ক্বা-লূ রাব্বুনাল্লা-হু ছুম্মাস্ তাক্বা-মূ ফালা- খাওফুন্ 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্যানূন। ১৪। উলা—ইকা
প্রতিপালক আল্লাহ। অতঃপর এর উপরই দৃঢ়ভাবে কায়েম থাকে, তাদের কোন ভয় নেই এবং তারা বিষন্নও হবে না। (১৪) তারাই

اَصْحٰبُ الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ (১৪) وَوَصَّيْنَا
আস্বহ্বা-বুল্ জান্নাতি খা-লিদীনা ফীহা-, জ্বাযা—আম্ বিমা- কা-নূ ই'য়ামালূন। ১৫। ওয়া ওয়াস্বস্বাইনাল্
জান্নাতের অধিবাসী, যেখানে তারা চিরস্থায়ী ভাবে বসবাস করবে। এটা তাদের কৃতকর্মের প্রতিদান। (১৫) আমি মানুষকে তার মাতা পিতার

الْاِنْسَانَ بِوَالِدَيْهِ اِحْسٰنًا ؕ حَمَلَتْهُ اُمُّهٗ كُرْهًا وَّوَضَعَتْهُ كُرْهًا ؕ وَحَمْلُهٗ وَفِصٰلُهٗ
ইন্সা-না বিওয়া-লিদাইহি ইহ্সা-নান ; হ্বামালাত্হু উম্মুহূ কুর্হাওঁ ওয়া ওয়াদ্বা'আত্হু কুর্হান ; ওয়া হ্বাম্লুহূ ওয়া ফিস্বা-লুহূ
সাথে ভাল ব্যবহার করার জন্য নির্দেশ দিয়েছি। তার মাতা তাকে গর্ভে ধারণ করে অতি কষ্টের সাথে এবং প্রসব করে খুবই কষ্টের সাথে এবং তাকে গর্ভে ধারণ করতে ও

ثَلٰثُوْنَ شَهْرًا ؕ حَتّٰۤى اِذَا بَلَغَ اَشُدَّهٗ وَبَلَغَ اَرْبَعِيْنَ سَنَةً ۙ قَالَ رَبِّ اَوْزِعْنِيْۤ
ছালা-ছূনা শাহ্রান ; হ্বাত্তা~ইযা-বালাগা আশুদ্দাহূ ওয়া বালাগা আর্বা'ঈনা সানাতান্, ক্বা-লা রাব্বি আও'যিনী~
দুধ ছাড়াতে সময় লেগেছে ত্রিশমাস, যখন সে যৌবন প্রাপ্ত হয় এবং চল্লিশ বছরে পৌছে, তখন সে বলে, হে আমার প্রতিপালক!, আমাকে তাওফীক দান করুন,

اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْۤ اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ
আন্ আশ্কুরা 'নিমাতাকাল্ লাতী~অন্'আম্তা 'আলাইয়্যা ওয়া 'আলা- ওয়া-লিদাইয়্যা ওয়া আন্ 'আমালা স্বা-লিহ্বান তার্দ্বা-হু
যাতে আমি আপনার সে নেয়ামতের শোকর আদায় করতে পারি, যা আপনি আমার প্রতি ও আমার মাতা-পিতার প্রতি দান করেছেন এবং আমি যাতে এমন নেক কাজ করতে

✪ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ بوالديه احسنا - মাতা-পিতার সাথে সদ্ব্যবহার করার জন্য কুরআন মাজীদে কঠোরভাবে তাগীদ দেয়া হয়েছে। বিভিন্ন দিক দিয়ে পিতার চেয়ে মাতার হক অগ্রগণ্য। কেননা, মাতা নয়মাস পর্যন্ত সন্তানকে গর্ভে ধারণ করার কষ্ট এবং পরে সন্তান প্রসব করার কষ্ট সহ্য করেন। এ কারণে হাদীস শরীফেও মাতাকে, পিতার চেয়ে প্রাধান্য দিয়েছে। এক সাহাবী (রা) রাসূলুল্লাহ (স)-কে জিজ্ঞেস করেন, আমার সদ্ব্যবহার পাওয়ার সর্ব প্রথম কে দাবীদার? তিনি (স) জবাব দিলেন, তোমার মাতা। সে সাহাবী (রা) পুনরায় একথা জিজ্ঞেস করেন, তিনি (স) অনুরূপই জবাব দেন। তৃতীয়বারেও তিনি (স) অনুরূপ জবাব দেন। চতুর্থবারে তিনি (স) বলেন, তোমার পিতা। (কুঃ কারীম)

فصال - অর্থ (শিশুকে) মায়ের দুধ ছাড়ানো। কতিপয় সাহাবা (রা)-এর দ্বারা দলীল পেশ করেন যে, মহিলাদের গর্ভের বাচ্চার সময়কাল কমপক্ষে ছয়মাস। অর্থাৎ ছয়মাসের পরে যদি কোন মহিলার সন্তান জন্ম হয় তবে সে সন্তান বৈধ সন্তান। কেননা, কুরআন শিশুর দুধ ছাড়ানোর সময়কাল দু বছর (২৪ মাস) বর্ণনা করেছে। (সূরা লুকমান ১৪ ঃ সূরা বাকারা ২৩৩ঃ) এ হিসেবে গর্ভের বাচ্চার সময়কাল শুধু ছয়মাস বাকী থাকে। (কুঃ কারীম)

اشد - দ্বারা যৌবনকালকে বুঝানো হয়েছে। কারো মতে, ১৮ (আঠার) বছর সময়কালকে বুঝানো হয়েছে। (কুঃ কারীম)

بلغ اربعين - শানে নুযূল ঃ অধিকাংশ তাফসীরকারের মতে, এ আয়াত হযরত আবু বকরের (রা) শানে বর্ণিত। কেননা, আবু বকর (রা) ৬ মাস মাতৃগর্ভে ছিলেন, দু' বছর পূর্ণ দুধ পান করেছেন। আঠার বছর বয়সের সময় রাসূলুল্লাহ (স)-এর খেদমতে হাজির হন এবং রাসূলুল্লাহর সাথে সিরিয়া সফরে যান। তখন রাসূলুল্লাহর (স)-এর বয়স ছিল বিশ বছর। যখন রাসূলুল্লাহ (স)-এর বয়স চল্লিশ বছর। তখন আবু বকরের (রা) বয়স ৩৮ বছর। এ সময় তিনি রাসূলের (স) প্রতি ঈমান আনেন। যখন হযরত আবু বকরের বয়স চল্লিশে পৌঁছে, তখন তিনি উল্লেখিত দোয়া করেন। (তাঃ কাদেরী)

وَاَصْلِحْ لِىْ فِىْ ذُرِّيَّتِىْ ۚ اِنِّىْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّىْ مِنَ الْمُسْلِمِيْنَ ⑯ اُولٰٓئِكَ

ওয়া আস্বলিহ্ লী ফী যুর্‌রিয়্যাতী ; ইন্নী তুব্‌তু ইলাইকা ওয়া ইন্নী মিনাল্ মুস্‌লিমীন। ১৬। উলা—ইকাল্

পারি যাতে আপনি খুশী হন আমার সন্তানদের মধ্যে নেক কাজ করার সামর্থ্য দিন। আমি আপনার দিকেই প্রত্যাবর্তন করলাম এবং আমি অনুগত হলাম। (১৬) আমি

الَّذِيْنَ نَتَقَبَّلُ عَنْهُمْ اَحْسَنَ مَا عَمِلُوْا وَنَتَجَاوَزُ عَنْ سَيِّاٰتِهِمْ فِىْٓ اَصْحٰبِ

লাযীনা নাতাক্বাব্বালু 'আন্‌হুম আহ্বসানা মা- 'আমিলূ ওয়া নাতাজ্বা-ওয়াযু 'আন্ সায়্যিআ-তিহিম্ ফী~আস্বহা-বিল্

এসব লোকদেরই নেক কাজগুলো গ্রহণ করে থাকি এবং তাদের খারাপ (পাপ) কাজগুলো মিটিয়ে দিয়ে থাকি। তারা হবে

الْجَنَّةِ ؕ وَعْدَ الصِّدْقِ الَّذِىْ كَانُوْا يُوْعَدُوْنَ ⑰ وَالَّذِىْ قَالَ لِوَالِدَيْهِ اُفٍّ

জ্বান্নাতি ; ও'য়াদাস্ব স্বিদ্‌ক্বিল্ লাযী কা-নূ ইউ'আদূন ১৭। ওয়াল্লাযী ক্বা-লা লিওয়া-লিদাইহি উফ্‌ফিল্

জান্নাতের অধিবাসী, সে সত্য প্রতিশ্রুতি অনুযায়ী, যে প্রতিশ্রুতি তাদের দেয়া হয়েছিল। (১৭) আর যে তার মাতা-পিতাকে বলে, তোমাদের প্রতি আমি অসন্তুষ্ট

لَّكُمَآ اَتَعِدٰنِنِىْٓ اَنْ اُخْرَجَ وَقَدْ خَلَتِ الْقُرُوْنُ مِنْ قَبْلِىْ ۚ وَهُمَا يَسْتَغِيْثٰنِ اللّٰهَ

লাকুমা~আতা'ইদা-নিনী~আন্ উখ্‌রাজ্বা ওয়াক্বাদ্ খালাতিল্ কুরূনু মিন্ ক্বাব্‌লী, ওয়া হুমা- ইয়াস্‌তাগীছা-নিল্লা-হা

তোমরা আমাকে এ কথাই বলতে চাও যে, "আমি পুনরুত্থিত হব এবং আমার পূর্বে বহু দল অতিবাহিত হয়ে গেছে"। তারা উভয়ই আল্লাহর দরবারে ফরিয়াদ করে

وَيْلَكَ اٰمِنْ ۖ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ ۚ فَيَقُوْلُ مَا هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ○

ওয়াইলাকা আ-মিন্ ; ইন্না ওয়া'দাল্লা-হি হ্বাক্বকুন্, ফাইয়াকূলু মা- হা-যা~ইল্লা~আসা-ত্বীরুল্ আওয়্যালীন।

এবং বলে তোমার জন্য আফসোস! তুমি ঈমান আন নিশ্চয়ই আল্লাহর প্রতিশ্রুতি সত্য। কিন্তু সে বলে, এগুলো প্রাচীন কালের উপাখ্যান।

⑱ اُولٰٓئِكَ الَّذِيْنَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِىْٓ اُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمْ مِّنَ الْجِنِّ

১৮। উলা—ইকাল্ লাযীনা হাক্বক্বা 'আলাইহিমুল্ ক্বাওলু ফী~উমামিন্ ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্‌লিহিম্ মিনাল্ জ্বিন্নি

(১৮) নিশ্চয়ই এদের পূর্বে জীন ও মানুষের মধ্য হতে অনেক সম্প্রদায় চলে গেছে যাদের প্রতিও তাদের ন্যায় আল্লাহর বাণী (শাস্তি) সত্য হয়েছে।

وَالْاِنْسِ ؕ اِنَّهُمْ كَانُوْا خٰسِرِيْنَ ⑲ وَلِكُلٍّ دَرَجٰتٌ مِّمَّا عَمِلُوْا ۚ وَلِيُوَفِّيَهُمْ

ওয়াল্ ইনসি ; ইন্নাহুম কা-নূ খা-সিরীন। ১৯। ওয়া লিকুল্লিন্ দারাজ্বা-তুম্ মিম্মা- 'আমিলূ, ওয়া লিইউওয়াফ্‌ফিয়াহুম

এরাতো (ভীষণ) ক্ষতিগ্রস্ত। (১৯) প্রত্যেকেই তার (নিজকৃত) কর্ম অনুযায়ী পদমর্যাদা (সম্মান) লাভ করবে, যাতে তারা তাদের কর্মের পূর্ণ

اَعْمَالَهُمْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ⑳ وَيَوْمَ يُعْرَضُ الَّذِيْنَ كَفَرُوْا عَلَى النَّارِ ؕ اَذْهَبْتُمْ

'আমা-লাহুম ওয়া হুম লা-ইউজ্‌লামূন। ২০। ওয়া ইয়াওমা ই'উরাদ্বুল লাযীনা কাফারূ 'আলান্ না-রি ; আয্‌হাব্‌তুম্

প্রতিদান পায় এবং তাদের প্রতি জুলুম করা হবে না। (২০) যেদিন কাফেরদেরকে জাহান্নামের পার্শ্বে উপস্থিত করা হবে, সে দিন তাদের বলা হবে তোমরা

طَيِّبٰتِكُمْ فِىْ حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُمْ بِهَا ۚ فَالْيَوْمَ تُجْزَوْنَ عَذَابَ

ত্বাইয়্যিবা-তিকুম্ ফী হ্বায়া-তিকুমুদ্ দুন্‌ইয়া- ওয়াস্‌তাম্'তাতুম্ বিহা-, ফাল্‌ইয়াওমা তুজ্বযাওনা 'আযা-বাল্

তোমাদের উপভোগীয় উৎকৃষ্ট বস্তু পার্থিব জীবনেই শেষ করে দিয়েছ এবং তার দ্বারা পার্থিব উপকৃত হয়েছ। সুতরাং আজ তোমাদেরকে লাঞ্ছনার

২
ع ৪০
২
রুকূ

الْهُوْنِ بِمَا كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنْتُمْ تَفْسُقُوْنَ ○

হূনি বিমা- কুন্‌তুম্ তাস্‌তাক্‌বিরূনা ফিল্ আর্‌দ্বি বিগাইরিল্ হ্বাকুক্বি ওয়া বিমা- কুন্‌তুম তাফ্‌সুকূন।

শাস্তি প্রদান করা হবে, কারণ তোমরা পৃথিবীতে অন্যায়ভাবে বিদ্রোহ করেছিলে এবং তোমরা অপকর্মে লিপ্ত ছিলে।

㉑ وَاذْكُرْ اَخَا عَادٍ ؕ اِذْ اَنْذَرَ قَوْمَهٗ بِالْاَحْقَافِ وَقَدْ خَلَتِ النُّذُرُ مِنْ بَيْنِ يَدَيْهِ

২১। ওয়ায্‌কুর আখা- 'আ-দিন্ ; ইয্ আন্‌যারা ক্বাওমাহূ বিল্‌আহ্বক্বা-ফি ওয়া ক্বাদ্ খালাতিন্ নুযুরু মিম্ বাইনি ইয়াদাইহি

(২১) এবং স্মরণ করুন, আদ সম্প্রদায়ের ভাই হূদের কথা। যখন সে তার সম্প্রদায়কে, "আহকাফ' নামক স্থানে সতর্ক করেছিলেন। অবশ্য

وَمِنْ خَلْفِهٖٓ اَلَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ؕ اِنِّىْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ○

ওয়া মিন্ খাল্‌ফিহী~আল্লা- 'তাবুদূ~ইল্লাল্লা-হা ; ইন্নী~আখা-ফু 'আলাইকুম 'আযা-বা ইয়াওমিন্ 'আজীম।

তার পূর্বে এবং তার পরেও সতর্ককারীগণ এসেছিলেন, তোমরা আল্লাহ ব্যতীত অন্য কোন কিছুর ইবাদাত করনা, আমি তোমাদের ব্যাপারে 'মহা দিবসের শাস্তির' ভয় করছি।

㉒ قَالُوْٓا اَجِئْتَنَا لِتَاْفِكَنَا عَنْ اٰلِهَتِنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○

২২। ক্বা-লূ~আজ্বি'তানা- লিতা'ফিকানা- 'আন্ আ-লিহাতিনা-, ফা'তিনা- বিমা- তা'ইদুনা~ইন্ কুন্‌তা মিনাস্ব স্বা-দিক্বীন।

(২২) তারা বলল, তুমি কি আমাদের কাছে এ জন্য এসেছ যে, আমাদেরকে আমাদের মাবুদের উপাসনা হতে বিরত রাখবে? যদি তুমি সত্যবাদী হও, তবে যে শাস্তির কথা বলছ, তা এনে আমাদের সামনে উপস্থিত কর।

㉓ قَالَ اِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللّٰهِ ۖ وَاُبَلِّغُكُمْ مَّآ اُرْسِلْتُ بِهٖ وَلٰكِنِّىْٓ اَرٰىكُمْ

২৩। ক্বা-লা ইন্নামাল্ 'ইল্‌মু 'ইন্দাল্লা-হি, ওয়া উবাল্লিগুকুম্ মা~উর্‌সিল্‌তু বিহী ওয়ালা-কিন্নী~আরা-কুম

(২৩) সে বললো, এ সম্পর্কিত জ্ঞান তো শুধু আল্লাহর নিকটেই। আমি যা সহ প্রেরিত হয়েছি, সেটাই তোমাদের কাছে প্রচার করি। কিন্তু আমি তোমাদেরকে এক নির্বোধ

قَوْمًا تَجْهَلُوْنَ ㉔ فَلَمَّا رَاَوْهُ عَارِضًا مُّسْتَقْبِلَ اَوْدِيَتِهِمْ ۙ قَالُوْا هٰذَا عَارِضٌ

ক্বাওমান্ তাজ্বহালূন। ২৪। ফালাম্মা- রাআওহু 'আ-রিদ্বাম্ মুস্‌তাক্বিলা আওদিয়াতিহিম, ক্বা-লূ হা-যা- 'আ-রিদুম্

সম্প্রদায় হিসেবে দেখছি। (২৪) অতঃপর যখন তারা মেঘমালা দেখতে পেল যে,তা তাদের উপত্যকার দিকে এগিয়ে আসছে, তখন তারা বলতে লাগল যে, এ মেঘমালা আমাদের

مُّمْطِرُنَا ؕ بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهٖ ؕ رِيْحٌ فِيْهَا عَذَابٌ اَلِيْمٌ ㉕ تُدَمِّرُ كُلَّ

মুম্‌ত্বিরুনা- ; বাল্ হুওয়া মাস্‌তা'জ্বাল্‌তুম্ বিহী; রীহুন্ ফীহা- 'আযা-বুন্ আলীম। ২৫। তুদাম্মিরু কুল্লা

উপর বৃষ্টি বর্ষণ করবে। হূদ (আ) বলেন, এ তো সে মেঘ যা তোমরা দ্রুত কামনা করছিলে। এতো কষ্টদায়ক শাস্তি প্রদানকারী মেঘ। (২৫) যা তার প্রতিপালকের

شَىْءٍۭ بِاَمْرِ رَبِّهَا فَاَصْبَحُوْا لَا يُرٰٓى اِلَّا مَسٰكِنُهُمْ ؕ كَذٰلِكَ نَجْزِى الْقَوْمَ

শাইয়িম্ বিআম্‌রি রাব্বিহা- ফাআস্ববাহূ লা- ইউরা~ইল্লা- মাসা-কিনুহুম ; কাযা-লিকা নাজ্বযিল্ ক্বাওমাল্

নির্দেশে সবকিছুকে ধ্বংস করে দিবে। পরিণামে এমন হল যে, তাদের আবাসগুলো ছাড়া অন্য কিছুই দেখা যাচ্ছিল না। এভাবেই আমি পাপী সম্প্রদায়কে প্রতিফল

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ قوما تجهلون - কারণ, তোমরা একদিকে কুফরী করছ, অন্যদিকে তোমরা আমার কাছে এমন বিষয় দাবী করছ যা আমার সামর্থের বহির্ভূত। ○ বিশ্লেষণ (আঃ ২৪) ঃ بل هو ما استعجلتم - হযরত হূদ (আ) তাদেরকে বলেন, এটা শুধু মেঘ নয়, যা তোমরা বুঝতেছ বরং এটা শাস্তি, যা তোমরা দ্রুতকামনা করছিলে। হযরত আয়েশা (রা) রাসূলুল্লাহ (স)-কে জিজ্ঞেস করেন যে, লোকেরা মেঘ দেখে খুশী হয়, যেহেতু মেঘের কারণে বৃষ্টি হবে। কিন্তু আপনার চেহারায় দুশ্চিন্তা ও অস্থিরতার নিদর্শন প্রকাশ পায়। রাসূলুল্লাহ (স) বলেন, আয়েশা (রা) এর কি নিশ্চয়তা আছে যে, এ মেঘে শাস্তি আসবে না? যখন একটি সম্প্রদায় বায়ুর শাস্তিস্থলে ধ্বংস হয়েছে। সে সম্প্রদায়ও মেঘ দেখে বলেছিল যে, আমাদের উপর বৃষ্টি বর্ষণ করবে।

الْمُجْرِمِينَ ㉕ وَلَقَدْ مَكَّنَّهُمْ فِيمَا إِنْ مَكَّنَّكُمْ فِيهِ وَجَعَلْنَا لَهُمْ سَمْعًا وَأَبْصَارًا

মুজ্‌রিমীন। ২৬। ওয়া লাক্বাদ্ মাক্কান্না-হুম্ ফীমা~ইম্ মাক্কান্না-কুম্ ফীহি ওয়া জা'আল্‌না- লাহুম সাম্'আওঁ ওয়া আব্‌ছা-রাওঁ
দিয়ে থাকি। (২৬) (হে কুরাইশ কাফিরেরা) আমি তাদেরকে এমন শক্তি সামর্থ্য দিয়েছিলাম যা তোমাদেরকে দেইনি এবং আমি তাদেরকে (দ্বীনের কথা শোনার জন্য) কর্ণ,

وَأَفْـِٕدَةً ۖ فَمَا أَغْنَىٰ عَنْهُمْ سَمْعُهُمْ وَلَا أَبْصَارُهُمْ وَلَا أَفْـِٕدَتُهُمْ مِنْ شَيْءٍ

ওয়া আফ্‌ইদাতান ; ফামা~আগ্‌না- 'আন্‌হুম সাম্'উহুম ; ওয়ালা~আব্‌স্বা-রুহুম ওয়ালা~আফ্‌ইদাতুহুম মিন্ শাইয়িন্
চক্ষু এবং অন্তর দিয়েছিলাম। কিন্তু তাদের কর্ণ, চক্ষু ও অন্তরগুলো তাদের কোনও উপকারে আসেনি। কারণ,

إِذْ كَانُوا يَجْحَدُونَ بِآيَاتِ اللَّهِ وَحَاقَ بِهِمْ مَا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ ㉖ وَلَقَدْ

ইয্ কা-নূ ইয়াজ্‌হাদূনা, বিআ-য়া-তিল্লা-হি ওয়া হা-ক্বা বিহিম্ মা-কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন। ২৭। ওয়া লাক্বাদ্
তারা আল্লাহর আয়াতসমূহকে অস্বীকার করেছিল এবং সেগুলো নিয়ে তারা হাসি-তামাশা করত। সেগুলোই তাদেরকে বেষ্টণী করল। (২৭) নিশ্চয়ই আমি

أَهْلَكْنَا مَا حَوْلَكُمْ مِنَ الْقُرَىٰ وَصَرَّفْنَا الْآيَاتِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ㉗ فَلَوْلَا

আহ্‌লাক্‌না- মা- হাওলাকুম্ মিনাল্ কুরা- ওয়া স্বার্‌রাফ্‌নাল্ আ-য়া-তি লা'আল্লাহুম্ ইয়ার্‌জি'উন। ২৮। ফালাওলা-
তোমাদের চারপাশের জনপদগুলো ধ্বংস করে দিয়েছিলাম। আমি বিভিন্নভাবে আমার আয়াতগুলো পেশ করেছিলাম, যাতে তারা ফিরে আসে। (২৮) আল্লাহর নৈকট্য অর্জনের

نَصَرَهُمُ الَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِ اللَّهِ قُرْبَانًا آلِهَةً ۖ بَلْ ضَلُّوا عَنْهُمْ ۚ وَذَٰلِكَ

নাস্বারাহুমুল্ লাযীনাত্ তাখাযূ মিন্ দূনিল্লা-হি কুরবা-নান্ আ-লিহাতান ; বাল্ দ্বাল্লূ 'আন্‌হুম, ওয়া যা-লিকা
জন্য আল্লাহর পরিবর্তে, যাদেরকে তারা মাবুদ রূপে গ্রহণ করেছিল, তারা কেন সাহায্য করল না? তাদের মাবুদগুলো তাদের থেকে অদৃশ্য হয়ে গেল। তাদের এ কথাগুলো শুধু

إِفْكُهُمْ وَمَا كَانُوا يَفْتَرُونَ ㉘ وَإِذْ صَرَفْنَا إِلَيْكَ نَفَرًا مِنَ الْجِنِّ يَسْتَمِعُونَ

ইফ্‌কুহুম ওয়ামা- কা-নূ ইয়াফ্‌তারুন। ২৯। ওয়া ইয্ স্বারাফ্‌না~ইলাইকা নাফারাম্ মিনাল্ জ্বিন্নি ইয়াস্‌তামি'উনাল্
মিথ্যা রটনা এবং মিথ্যা অপবাদ (২৯) যখন আমি আপনার প্রতি মনোনিবেশ করিয়েছিলাম, একদল জ্বীনকে যারা কুরআন পাঠ শোনছিল। যখন তারা রাসূলের কাছে উপস্থিত

الْقُرْآنَ ۚ فَلَمَّا حَضَرُوهُ قَالُوا أَنْصِتُوا ۖ فَلَمَّا قُضِيَ وَلَّوْا إِلَىٰ قَوْمِهِمْ مُنْذِرِينَ ۝

কুর্‌আ-না, ফালাম্মা- হাদ্বারূহু ক্বা-লূ~আন্‌ছিতূ, ফালাম্মা- কুদ্বিয়া ওয়াল্লাও ইলা- ক্বাওমিহিম্ মুন্‌যিরীন।
হল, তারা পরস্পরে বলতে লাগল, মনোযোগসহকারে শ্রবণ কর। যখন কুরআন পাঠ শেষ হল, তখন তারা তাদের সম্প্রদায়ের নিকট প্রত্যাবর্তন করল সতর্কবাণী বাহক হিসেবে।

㉙ قَالُوا يَا قَوْمَنَا إِنَّا سَمِعْنَا كِتَابًا أُنْزِلَ مِنْ بَعْدِ مُوسَىٰ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ

৩০। ক্বা-লূ ইয়া- ক্বাওমানা~ইন্না- সামি'না- কিতা-বান্ উন্‌যিলা মিম্ বা'দি মূসা- মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি
(৩০) তারা বলল, হে আমার সম্প্রদায়! আমরা এমন এক কিতাব পাঠ শুনেছি যা মূসার পরে অবতীর্ণ হয়েছে, যে কিতাব, তার পূর্ববর্তী কিতাবসমূহের

○ টীকা (আঃ ২৯) ঃ বর্ণিত আছে, রাসূল (স)-এর নবুওয়াতের পূর্বে জ্বিনেরা আকাশের কিছু কিছু সংবাদ চুরি করে জেনে নিত। রাসূল (স)-এর প্রতি ওহী নাযিল শুরু হলে এই প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। কোন জ্বিন এই চেষ্টা করলে তাকে উল্কাপিন্ড দ্বারা ধাওয়া করা হত। এজন্য তারা এর কারণ সন্ধানের জন্য বের হয় এবং তারা পৃথিবীর পূর্ব-পশ্চিমে ছড়িয়ে পড়ে। তাদের একদল বতনে নাখলা নামক স্থান দিয়ে পথ অতিক্রম করে। ঘটনাক্রমে সেদিন রাসূল (স) সেখানে সাহাবায়ে কেরামদের নিয়ে ফজর বা এশার নামায পড়ছিলেন। তারা তখন নামাযরত কুরআন তেলাওয়াত শুনে বিস্ময়ে অভিভূত হয়ে যায় এবং বুঝতে পারে, এই নতুন বিষয়ের কারণেই আকাশের সংবাদ প্রাপ্তির পথ বন্ধ হয়ে গেছে। কুরআন তেলাওয়াতে মুগ্ধ হয়ে তারা কুরআনের প্রতি ঈমান আনে এবং তাদের সম্প্রদায়ের কাছে ফিরে গিয়ে এর সংবাদ দেয়। (শাঃ হিঃ)

يَهْدِي إِلَى الْحَقِّ وَإِلَىٰ طَرِيقٍ مُسْتَقِيمٍ ㉚ يَا قَوْمَنَا أَجِيبُوا دَاعِيَ اللَّهِ وَآمِنُوا

ইয়াহ্‌দী~ইলাল হাক্বক্বি ওয়া ইলা- ত্বারীক্বিম্ মুস্‌তাক্বীম। ৩১। ইয়া- ক্বাওমানা~আজ্বীবূ দা-'ইয়াল্লা-হি ওয়া আ-মিনূ
সত্যায়িতকারী, যা সত্য ও সঠিক পথ প্রদর্শনকরে। (৩১) হে আমার সম্প্রদায়! আল্লাহর পথে আহ্বানকারীর আহ্বান কবুল কর এবং তার প্রতি ঈমান আন,

بِهِ يَغْفِرْ لَكُمْ مِنْ ذُنُوبِكُمْ وَيُجِرْكُمْ مِنْ عَذَابٍ أَلِيمٍ ㉛ وَمَنْ لَا يُجِبْ

বিহী ইয়াগ্‌ফির্‌লাকুম্ মিন্ যুনূবিকুম্ ওয়া ইউজ্বির্‌কুম্ মিন্ 'আযা-বিন্ আলীম। ৩২। ওয়া মাল্ লা- ইউজ্বিব্
আল্লাহ তোমাদের পাপ গুলো ক্ষমা করে দিবেন এবং কষ্টদায়ক শাস্তি হতে তোমাদেরকে রক্ষা করবেন। (৩২) যে ব্যক্তি আল্লাহর পথে আহ্বানকারীর

دَاعِيَ اللَّهِ فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْأَرْضِ وَلَيْسَ لَهُ مِنْ دُونِهِ أَوْلِيَاءُ ۚ أُولَٰئِكَ

দা-'ইয়াল লা-হি ফালাইসা বি'মুজ্বিযিন্ ফিল্ আর্‌দ্বি ওয়া লাইসা লাহূ মিন্ দূনিহী~আওলিয়া—উ ; উলা—ইকা
আহ্বান কবুল করবে না সে পৃথিবীতে আল্লাহকে অক্ষম করতে পারবে না এবং আল্লাহ ছাড়া তাদের কোন সাহায্যকারী হবে না। তারা

فِي ضَلَالٍ مُبِينٍ ㉜ أَوَلَمْ يَرَوْا أَنَّ اللَّهَ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلَمْ يَعْيَ

ফী দ্বালা-লিম্ মুবীন। ৩৩। আওয়ালাম্ ইয়ারাও আন্নাল্লা-হাল্ লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বা ওয়ালাম্ ই'য়াইয়া
প্রকাশ্য বিভ্রান্তির মধ্যে রয়েছে। (৩৩) তারা কি দেখে না যে, আল্লাহ আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং এতদুভয়ের

بِخَلْقِهِنَّ بِقَادِرٍ عَلَىٰ أَنْ يُحْيِيَ الْمَوْتَىٰ ۚ بَلَىٰ إِنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

বিখাল্‌ক্বিহিন্না বিক্বা-দিরিন্ 'আলা~আই ইউহ্‌ইয়াল্ মাওতা- ; বালা~ইন্নাহূ 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর।
সৃষ্টিতে তিনি ক্লান্ত হননি। তিনি পূর্ণক্ষমতাবান, মৃতকে জীবিত করতে? (অবশ্যই ক্ষমতাবান)। নিশ্চয়ই তিনি সমস্ত বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান।

㉝ وَيَوْمَ يُعْرَضُ الَّذِينَ كَفَرُوا عَلَى النَّارِ ۖ أَلَيْسَ هَٰذَا بِالْحَقِّ ۖ قَالُوا بَلَىٰ وَرَبِّنَا ۚ

৩৪। ওয়া ইয়াওমা ই'উরাদ্বুল্ লাযীনা কাফারূ 'আলান্ না-রি ; আলাইসা হা-যা- বিল্‌হাক্বক্বি ; ক্বা-লূ বালা- ওয়া রাব্বিনা- ;
(৩৪) যেদিন কাফিরদেরকে জাহান্নামের কাছে উপস্থিত করা হবে এবং তাদেরকে বলা হবে এ শাস্তি কি সত্য নয়? তারা বলবে, হাঁ, আমাদের প্রতিপালকের শপথ!

قَالَ فَذُوقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُونَ ㉞ فَاصْبِرْ كَمَا صَبَرَ أُولُو الْعَزْمِ

ক্বা-লা ফাযূক্বূল্ 'আযা-বা বিমা- কুন্‌তুম তাক্‌ফুরূন। ৩৫। ফাস্বিবির্ কামা- স্বাবারা উলূল্ 'আয্‌মি
তখন তাদেরকে বলবেন, শাস্তি উপভোগ কর, কারণ তোমরা ছিলে অস্বীকারকারী (৩৫) সুতরাং আপনি এমন ভাবে ধৈর্য্য ধারন করুন, যেভাবে ধৈর্য ধারণ করেছিলেন

مِنَ الرُّسُلِ وَلَا تَسْتَعْجِلْ لَهُمْ ۚ كَأَنَّهُمْ يَوْمَ يَرَوْنَ مَا يُوعَدُونَ لَمْ

মিনার্ রুসুলি ওয়ালা- তাস্'তাজ্বিল্ লাহুম ; কাআন্নাহুম্ ইয়াওমা ইয়ারাওনা মা- ইউ'আদূনা লাম্
দৃঢ়প্রতিজ্ঞ রাসূলগণ এবং তাদের ব্যাপারে ব্যস্ত হবেন না। যেদিন তারা দেখবে, যার প্রতিশ্রুতি তাদেরকে দেয়া হয়েছিল, তখন তাদের কাছে মনে হবে যেন,

○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ يقومنا اجيبوا - জ্বীনেরা তাদের সম্প্রদায়কে রাসূলুল্লাহ (স)-এর নবুওয়াতের প্রতি ঈমান গ্রহণ করার দাওয়াত দিয়েছিল। يغفرلكم - অর্থাৎ কুফরী অবস্থায় যে গুনাহ করেছ তা আল্লাহ তায়ালা ইসলাম গ্রহণের দ্বারা মাফ করে দিবেন। পরবর্তীতে নতুন হিসাব-নিকাশ শুরু হবে। উল্লেখ্য যে, এখানে গুনাহ মাফের কথা বলা হয়েছে। কিন্তু হক্কুল ইবাদ (বান্দার হক) মাফের কথা বলা হয়নি। (তাঃ ওসমানী)

○ বিশ্লেষণ (আঃ ৩৩) ঃ ولم يعى - (আল্লাহ ক্লান্ত হননি) এ আয়াতাংশ দ্বারা ইয়াহুদীদের সে মন্তব্য বাতিল করে দেয়া হয়েছে, যারা বলত যে, আল্লাহ ছয়দিনে আকাশ ও যমীন সৃষ্টি করে, সপ্তম দিনে আরাম করেছেন। (নাউজুবিল্লাহ!) (তাঃ ওসমানী)

يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنْ نَّهَارٍ ؕ بَلٰغٌ ۚ فَهَلْ يُهْلَكُ اِلَّا الْقَوْمُ الْفٰسِقُوْنَ ۝

ইয়াল্বাসূ~ইল্লা- সা-'আতাম্ মিন্ নাহা-রিন ; বালা-গুন্, ফাহাল্ ইউহ্লাকু ইল্লাল্ ক্বাওমুল্ ফা-সিকূন।
তারা পৃথিবীতে দিবসের এক মুহূর্তের চেয়ে বেশী অবস্থান করেনি। এ বাণী পৌছানো (আপনার দায়িত্ব)। সুতরাং পাপাচারী সম্প্রদায় ব্যতীত কাউকেই ধ্বংস করা হবে না।

সূরা মুহাম্মদ
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩৮
রুকূ ঃ ৪

① اَلَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ اَضَلَّ اَعْمَالَهُمْ ② وَالَّذِيْنَ اٰمَنُوْا

১। আল্লাযীনা কাফারূ ওয়াস্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি আদ্বাল্লা 'আমা-লাহুম্। ২। ওয়াল্লাযীনা আ-মানূ
(১) যারা কুফরী করে এবং আল্লাহ্র পথ থেকে অন্যকে বিরত রাখে, আল্লাহ তাদের আমলগুলো বরবাদ করে দেন। (২) আর যারা ঈমান আনে,

وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاٰمَنُوْا بِمَا نُزِّلَ عَلٰى مُحَمَّدٍ وَّهُوَ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۙ كَفَّرَ

ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া আ-মানূ বিমা- নুয্যিলা 'আলা- মুহাম্মাদিওঁ ওয়াহুওয়াল্ হাক্কু মির্ রাব্বিহিম, কাফ্ফারা
নেক কাজ করে এবং মুহাম্মদের (স) প্রতি যা অবতীর্ণ হয়েছে, তার প্রতিও বিশ্বাস রাখে এবং তা তাদের প্রতিপালকের তরফ থেকে প্রেরিত সত্য আল্লাহ তাদের

عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَاَصْلَحَ بَالَهُمْ ③ ذٰلِكَ بِاَنَّ الَّذِيْنَ كَفَرُوا اتَّبَعُوا الْبَاطِلَ وَاَنَّ

'আন্হুম সাইয়্যিআ-তিহিম্ ওয়া আস্বলাহা বা-লাহুম। ৩। যা-লিকা বিআন্নাল্লাযীনা কাফারুত্ তাবা'উল্ বা-ত্বিলা ওয়া আন্নাল্
গুনাহসমূহ তাদের থেকে দূরকরে দিবেন এবং তাদের (আত্মিক) অবস্থা সংশোধন করবেন। (৩) কারণ, কাফিরেরা বাতিলের অনুসরণ করে এবং মুমিনগণ,

الَّذِيْنَ اٰمَنُوا اتَّبَعُوا الْحَقَّ مِنْ رَّبِّهِمْ ؕ كَذٰلِكَ يَضْرِبُ اللّٰهُ لِلنَّاسِ اَمْثَالَهُمْ ۝

লাযীনা আ-মানুত্ তাবা'উল্ হাক্কা মির্ রাব্বিহিম ; কাযা-লিকা ইয়াদ্বরিবুল্লা-হু লিন্না-সি আম্ছা-লাহুম।
তাদের প্রতিপালকের পক্ষ থেকে আগত সত্যদ্বীনের অনুসরণ করে। এভাবে আল্লাহ মানুষদের জন্য তাদের উদাহরণ বর্ণনা করেন।

④ فَاِذَا لَقِيْتُمُ الَّذِيْنَ كَفَرُوْا فَضَرْبَ الرِّقَابِ ؕ حَتّٰٓى اِذَآ اَثْخَنْتُمُوْهُمْ فَشُدُّوا

৪। ফাইযা- লাক্বীতুমুল্ লাযীনা কাফারূ ফাদ্বার্বার্ রিক্বা-বি ; হাত্তা~ই যা~আছ্খান্তুমূহুম ফাশুদ্দুল্
(৪) যখন তোমর কাফিরদের সাথে (যুদ্ধে) মুখোমুখি হবে, তখন তোমরা তাদের গর্দানে আঘাত কর, অবশেষে যখন তাদের শোচনীয়ভাবে পরাস্ত করবে তখন

الْوَثَاقَ ۙ فَاِمَّا مَنًّۢا بَعْدُ وَاِمَّا فِدَآءً حَتّٰى تَضَعَ الْحَرْبُ اَوْزَارَهَا ۚ ذٰلِكَ ؕ

ওয়া ছা-ক্বা, ফাইম্মা- মান্নাম্ 'বাদু ওয়াইম্মা- ফিদা—আন্ হাত্তা- তাদ্বা'আল্ হারবু আওযা-রাহা-; যা-লিকা ;
তাদেরকে শক্তভাবে বেঁধে ফেলবে, অতঃপর হয় অনুগ্রহপূর্বক ছেড়ে দিবে অথবা বিনিময় ছেড়ে দিবে। তোমরা লড়বে যতক্ষণ না যুদ্ধ (কারী) তার হাতিয়ার রেখে দিবে।

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ ....وصدوا عن - এখানে কুরায়শ কাফিরদের কথা বলা হয়েছে। কারো মতে, আহলে কিতাবকে বুঝানো হয়েছে। কারো মতে, সব কাফিরদেরকেই বুঝান হয়েছে।

اضل اعمالهم - এ আয়াতের এক অর্থ তারা রাসূলুল্লাহ (স)-এর বিরুদ্ধে যে ষড়যন্ত্র করেছে, আল্লাহ তায়ালা তা ব্যর্থ করে দিয়েছেন। দ্বিতীয় অর্থ তাদের মধ্যে যেসব সুন্দর চরিত্র বিদ্যমান। যেমন- আত্মীয়তার সম্পর্ক রক্ষা, বন্দীদের মুক্তি দেয়া, অতিথেয়তা, হাজীদের খেদমত। এসব ভালকাজগুলোর কোনই প্রতিদান তারা পরকালে পাবে না। কেননা ঈমান ব্যতীত পরকালে কোন আমলেরই প্রতিদান দেয়া হবে না। (কুঃ কারীম)

وَلَوْ يَشَآءُ اللّٰهُ لَانْتَصَرَ مِنْهُمْ وَلٰكِنْ لِّيَبْلُوَا۟ بَعْضَكُمْ بِبَعْضٍ ؕ وَالَّذِيْنَ قُتِلُوْا

ওয়ালাও ইয়াশা—উল্লা-হু লান্তাস্বারা মিন্হুম ওয়ালা- কিল্ লিইয়াব্লুওয়া 'বাদ্বাকুম্ বি'বা-দ্বিন ; ওয়াল্লাযীনা কুতিলূ
এটাই বিধান। আর আল্লাহ যদি ইচ্ছা করতেন তবে তাদের থেকে প্রতিশোধ নিতে পারতেন। কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করবেন। যারা আল্লাহর

فِيْ سَبِيْلِ اللّٰهِ فَلَنْ يُّضِلَّ اَعْمَالَهُمْ ⑤ سَيَهْدِيْهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ⑥ وَيُدْخِلُهُمُ

ফী সাবীলিল্লা-হি ফালাই ইউদ্বিল্লা 'আমা-লাহুম। ৫। সাইয়াহ্দীহিম ওয়া ইউস্বলিহু বা-লাহুম। ৬। ওয়া ইউদ্খিলুহুমুল্
রাস্তায় শহীদ হন তাদের আমল কখনই বিনাশ করা হবে না। (৫) আল্লাহ তাদের সঠিক পথ প্রদর্শন করেন এবং তাদের অন্তর পরিশুদ্ধ করেদেন। (৬) এবং তাদেরকে এমন

الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ⑦ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تَنْصُرُوا اللّٰهَ يَنْصُرْكُمْ وَيُثَبِّتْ

জান্নাতা 'আর্রাফাহা-লাহুম। ৭। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~ইন্ তান্স্বুরুল্লা-হা ইয়ান্স্বুর্কুম্ ওয়া ইউছাব্বিত্
জান্নাতে প্রবেশ করাবেন যা তাদেরকে তিনি অবহিত করিয়েছিলেন। (৭) হে মুমিনগণ! যদি তোমরা আল্লাহর দ্বীনের সাহায্য কর, তবে তিনি তোমাদের সাহায্য করবেন এবং

اَقْدَامَكُمْ ⑧ وَالَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَاَضَلَّ اَعْمَالَهُمْ ⑨ ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا

আক্বদা-মাকুম। ৮। ওয়াল্লাযীনা কাফারূ ফা'তাসাল্লাহুম্ ওয়া আদ্বাল্লা 'আমা-লাহুম। ৯। যা-লিকা বিআন্নাহুম কারিহূ
তোমাদের পদক্ষেপকে দৃঢ় রাখবেন। (৮) যারা কাফির তাদের জন্য রয়েছে ধ্বংস এবং তাদের কর্মসমূহ নিস্ফল করে দিবেন। (৯) এটা এজন্য যে, তারা

مَآ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ⑩ اَفَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ

মা~আন্যালাল্লা-হু ফাআহ্বাত্বা 'আমা-লাহুম। ১০। আফালাম্ ইয়াসীরূ ফিল্ আর্দ্বি ফাইয়ান্জুরূ কাইফা
আল্লাহর অবতীর্ণ বিষয়সমূহ অপছন্দ করেছে। সুতরাং তাদের কর্মসমূহ ধ্বংস করে দিবেন। (১০) তারা কি পৃথিবীতে ভ্রমণ করে দেখে না যে, তাদের পূর্ববর্তীদের

كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ دَمَّرَ اللّٰهُ عَلَيْهِمْ ۫ وَلِلْكٰفِرِيْنَ اَمْثَالُهَا ⑪ ذٰلِكَ

কা-না 'আ-ক্বিবাতুললাযীনা মিন্ ক্বাব্লিহিম ; দাম্মারাল্লা-হু 'আলাইহিম, ওয়া লিল্কা-ফিরীনা আম্ছা-লুহা-। ১১। যা-লিকা
পরিণাম কেমন হয়েছিল? আল্লাহ তাদের ধ্বংস করেছেন এবং কাফিরদের জন্য রয়েছে তাদের অনুরূপ শাস্তি। (১১) এর কারণ

ع ১১ ১ ৫ রুকূ

بِاَنَّ اللّٰهَ مَوْلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَاَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ⑫ اِنَّ اللّٰهَ يُدْخِلُ

বিআন্নাল্লা-হা মাওলাল্ লাযীনা আ-মানূ ওয়া আন্নাল্ কা-ফিরীনা লা- মাওলা- লাহুম। ১২। ইন্নাল্লা-হা ইউদ্খিলুল্
এই যে, আল্লাহ মুমিনগণের বন্ধু এবং কাফিরদের জন্য কোন বন্ধু (সাহায্যকারী) নেই। (১২) নিশ্চয়ই (আল্লাহ) যারা

الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ وَالَّذِيْنَ

লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি জান্না-তিন্ তাজ্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু ; ওয়াল্লাযীনা
ঈমান আনে ও নেক কাজ করে তাদেরকে এমন জান্নাতে প্রবেশ করাবেন, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত। আর যারা

○ বিশ্লেষণ (আঃ ৯) ঃ اعمالهم - আমল দ্বারা তাদের সে কর্মগুলোকে বুঝানো হয়েছে, যা বাহ্যিকভাবে ভালকাজ। যেমন- মসজিদে হারাম নির্মাণ, কাবাঘর তাওয়াফ, আতিথেয়তা, মজলুমদের সাহায্য এবং ইয়াতীমদের প্রতি দয়া। কিন্তু ঈমান না থাকার কারণে, পরকালে তারা এ ভাল কাজের কোনই প্রতিদান পাবে না। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ১১) ঃ بان الله مولى - অর্থাৎ আল্লাহ মুমিন ও নেককারগণের বন্ধু (সাহায্যকারী)। যিনি তাদেরকে সর্বদা সাহায্য করেন। কাফিরদের এমন বন্ধু (সাহায্যকারী) কে আছে, যে আল্লাহর মোকাবিলায় সাহায্য করতে পারে? অহুদের যুদ্ধে আবু সুফিয়ান ডাক দিয়ে বলছিল, আমাদের (সাহায্যকারী হিসেবে) উজ্জা রয়েছে, তোমাদের জন্য (সাহায্যকারী হিসেবে) উজ্জা নেই। রাসূলুল্লাহ (স) জোর আওয়াজে বলেছিলেন, "الله مولانا ولا مولى لكم" অর্থাৎ আল্লাহ আমাদের বন্ধু (সাহায্যকারী), তোমাদের কোন বন্ধু (সাহায্যকারী) নেই। (তাঃ ওসমানী)

كَفَرُوْا يَتَمَتَّعُوْنَ وَيَاْكُلُوْنَ كَمَا تَاْكُلُ الْاَنْعَامُ وَالنَّارُ مَثْوًى لَّهُمْ ﴿١٣﴾ وَكَاَيِّنْ

কাফারূ ইয়াতামাত্তা'উনা ওয়া ই'য়াকুলূনা কামা- তা'কুলুল্ আন্'আ-মু ওয়ান্নারু মাছ্ওয়াল্ লাহুম । ১৩ । ওয়া কাআয়্যিম্
কাফির, তারা পার্থিব বস্তু উপভোগ করে এবং জন্তুজানোয়ারের মত খায়, তাদের ঠিকানা জাহান্নাম (১৩) বহু জনপদ ছিল,

مِّنْ قَرْيَةٍ هِيَ اَشَدُّ قُوَّةً مِّنْ قَرْيَتِكَ الَّتِيْٓ اَخْرَجَتْكَ ج اَهْلَكْنٰهُمْ فَلَا نَاصِرَ

মিন্ ক্বার্‌য়াতিন্ হিয়া আশাদ্দু কুওয়্যাতাম্ মিন্ ক্বার্‌য়াতিকাল্ লাতী~আখ্‌রাজ্বাত্‌কা, আহ্‌লাক্‌না-হুম ফালা- না-স্বিরা
আপনাকে যে জনপদ হতে বিতাড়িত করেছে সে জনপদ হতে খুবই শক্তিশালী আমি তাদেরকে ধ্বংস করে দিয়েছি। যাদের সাহায্যকারী কেউ

لَهُمْ ﴿١٤﴾ اَفَمَنْ كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ كَمَنْ زُيِّنَ لَهٗ سُوْٓءُ عَمَلِهٖ وَاتَّبَعُوْٓا

লাহুম। ১৪। আফামান্ কা-না 'আলা- বাইয়্যিনাতিম্ মির্ রাব্বিহী কামান্ যুইয়্যিনা লাহূ সূ—উ 'আমালিহী ওয়াত্তাবা'উ~
ছিল না (১৪) যে ব্যক্তি তার রবের প্রেরিত সুস্পষ্ট দলীল (কুরআন)-এর উপর কায়েম রয়েছে, সে কি তার বরাবর হতে পারে, যার কাছে তার মন্দ কাজগুলো অতি শোভনীয়

اَهْوَآءَهُمْ ﴿١٥﴾ مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ط فِيْهَآ اَنْهٰرٌ مِّنْ مَّآءٍ غَيْرِ اٰسِنٍ ج

আহ্‌ওয়া—আহুম। ১৫। মাছালুল্ জ্বান্নাতিল লাতী উ'ইদাল্ মুত্তাকূনা ; ফীহা~আন্‌হা-রুম্ মিম্ মা—ইন্ গাইরি আ-সিনিন্,
মনে হয় এবং যারা নিজ ইচ্ছার অনুসরণ করে? (১৫) সে জান্নাতের দৃষ্টান্ত, যার প্রতিশ্রুতি পরহেজগার-গণকে, দেয়া হয়েছে, এই যে তাতে রয়েছে পানির নহরসমূহ

وَاَنْهٰرٌ مِّنْ لَّبَنٍ لَّمْ يَتَغَيَّرْ طَعْمُهٗ ج وَاَنْهٰرٌ مِّنْ خَمْرٍ لَّذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ۚ وَاَنْهٰرٌ

ওয়া আন্‌হা-রুম্ মিল্ লাবানিল্ লাম্ ইয়াতাগাইয়্যার্ 'ত্বামুহূ, ওয়া আন্‌হা-রুম্ মিন্ খাম্‌রিল্ লায্‌যাতিল্ লিশ্ শা-রিবীনা, ওয়া আন্‌হা-রুম্
যার স্বচ্ছতা অপরিবর্তনীয়, রয়েছে দুধের নহরসমূহ যার স্বাদ অপরিবর্তনীয়, রয়েছে শরাবের নহর যা পানকারীদের জন্য খুবই মজাদার। আর রয়েছে পরিশ্রুত মধুর

مِّنْ عَسَلٍ مُّصَفًّى ط وَلَهُمْ فِيْهَا مِنْ كُلِّ الثَّمَرٰتِ وَمَغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ ط كَمَنْ هُوَ

মিন্ 'আসালিম্ মুস্বাফ্‌ফান ; ওয়া লাহুম ফীহা- মিন্ কুল্লিছ্ ছামারা-তি ওয়া মাগ্‌ফিরাতুম্ মির্ রাব্বিহিম্; কামান্ হুওয়া
নহর এবং সেখানে তাদের জন্য রয়েছে বিবিধ ফলমূল এবং তাদের প্রতিপালকের তরফ থেকে ক্ষমা। এ (জান্নাতের অধিকারী) পরহেজগারগণ কি তাদের বরাবর,

خَالِدٌ فِي النَّارِ وَسُقُوْا مَآءً حَمِيْمًا فَقَطَّعَ اَمْعَآءَهُمْ ﴿١٦﴾ وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ

খা-লিদুন্ ফিন্না-রি ওয়া সুকূ মা—আন্ হ্বামীমান্ ফাক্বাত্ত্বা'আ আম্'আ—আহুম। ১৬। ওয়া মিন্‌হুম্ মাইঁ ইয়াস্‌তামি'উ
যারা জাহান্নামে স্থায়ীভাবে থাকবে এবং যাদেরকে পান করানো হবে, ফুটন্ত পানি, যা তাদের নাড়িভুঁড়ি টুকরো টুকরো করে দিবে (১৬) তাদের মধ্যে কতিপয়

اِلَيْكَ ج حَتّٰٓى اِذَا خَرَجُوْا مِنْ عِنْدِكَ قَالُوْا لِلَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ مَاذَا قَالَ

ইলাইকা, হাত্তা~ইযা- খারাজূ মিন্ 'ইন্‌দিকা ক্বা-লূ লিল্লাযীনা উতুল্ 'ইল্‌মা মা-যা- ক্বা-লা
আপনার কথা শোনে। অতঃপর যখন আপনার নিকট থেকে বের হয়ে যায়, তখন তারা জ্ঞানী ব্যক্তিদের কাছে বলে, এখন সে কি বললেন?

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ غير اسن - (অপরিবর্তনীয়) পৃথিবীর পানির কখনও পরিবর্তন হয় এবং তার স্বাদ ও গন্ধেরও পরিবর্তন আসে। যা পানে শরীরে ব্যাধির সৃষ্টি করে। কিন্তু জান্নাতের পানির কোনই পরিবর্তন আসবে না। সে পানি হবে শীতল, ক্লান্তিরোধক ও সতেজ এবং স্বাস্থ্যসম্মত। لبن - অর্থাৎ দুধ পৃথিবীর দুধের মত নয় যে, গাভীর স্তন হতে বের হবে। বরং দুধের নহর হবে। যা নষ্ট হবার কোনই সম্ভাবনা নেই। خمر - জান্নাতী শরাব, খুবই মজাদার হবে। তাতে কোন নেশা হবে না এবং দুর্বলতাও আসবে না। জান্নাতী মধু হবে খুব নির্মল ও পরিচ্ছন্ন। সে মধু পৃথিবীর মধু মক্ষিকার সংগ্রহকৃত মধুর মত নয় বরং তা হবে জান্নাতী মধু। (তাঃ ওসমানী)

اٰنِفًا قف اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ ﴿١٧﴾ وَالَّذِيْنَ

আ-নিফান্, উলা—ইকাল্ লাযীনা ত্বাবা'আল্লা-হু 'আলা- কূলূবিহিম্ ওয়াত্তাবা'উ~আহ্‌ওয়া—আহুম। ১৭। ওয়াল্লাযিনাহ্
তাদের অন্তরের ওপর আল্লাহ মোহর লাগিয়ে দিয়েছেন। আর তারা তাদের নিজ ইচ্ছার অনুসরণ করে। (১৭) আর যারা সৎপথ গ্রহণ করেছে আল্লাহ তাদের হেদায়েত

اهْتَدَوْا زَادَهُمْ هُدًى وَّاٰتٰىهُمْ تَقْوٰىهُمْ ﴿١٨﴾ فَهَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ

তাদাও যা-দাহুম্ হুদাওঁ ওয়া আ-তা-হুম্ তাক্বওয়া-হুম্। ১৮। ফাহাল্ ইয়ান্‌জুরূনা ইল্লাস্ সা-'আতা আন্ তা'তিয়াহুম্
বৃদ্ধি করে দেন এবং যাতে তাদের পরহেজগারী বৃদ্ধি পায় ও স্থায়ী হয়। (১৮) তারা কি এ অপেক্ষায় রয়েছে যে, কিয়ামত তাদের ওপর হঠাৎ এসে

بَغْتَةً ج فَقَدْ جَآءَ اَشْرَاطُهَا ج فَاَنّٰى لَهُمْ اِذَا جَآءَتْهُمْ ذِكْرٰىهُمْ ﴿١٩﴾ فَاعْلَمْ اَنَّهٗ

বাগ্‌তাতান্, ফাক্বাদ্ জ্বা—আ আশ্‌রা-ত্বুহা-, ফাআন্না- লাহুম্ ইযা- জ্বা—আতহুম্ যিক্‌রা-হুম। ১৯। 'ফালাম আন্নাহূ
পড়ুক? কিয়ামতের নিদর্শনগুলোতো এসেই গেছে সুতরাং সে মুহূর্তে তাদের উপদেশ গ্রহণ করার সময় কিভাবে হবে। (১৯) (হে নবী!) জেনে রাখুন যে,

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاسْتَغْفِرْ لِذَنْۢبِكَ وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ط وَاللّٰهُ يَعْلَمُ

লা~ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াস্‌তাগ্‌ফির্ লিযাম্‌বিকা ওয়া লিল্‌মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ; ওয়াল্লা-হু ইয়া'লামু
"আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই"। আপনি আপনার গুনাহ (ত্রুটি-বিচ্যুতি) এর জন্য ক্ষমা প্রার্থনা করুন এবং মুমিন পুরুষ, নারীদের ব্যাপারেও। আল্লাহ তোমাদের

২ ع ৬ রুকূ

مُتَقَلَّبَكُمْ وَمَثْوٰىكُمْ ﴿٢٠﴾ وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْا لَوْلَا نُزِّلَتْ سُوْرَةٌ ج فَاِذَآ اُنْزِلَتْ

মুতাক্বাল্লাবাকুম্ ওয়া মাছ্‌ওয়া-কুম। ২০। ওয়া ইয়াকূলুল্ লাযীনা আ-মানূ লাওলা- নুয্‌যিলাত্ সূরাতুন্, ফাইযা~উন্‌যিলাত্
গতিবিধি এবং অবস্থান স্থল সম্পর্কে খুব জানেন। (২০) মুমিনগণ বলে, (কাফিরদের সাথে যুদ্ধ করার ব্যাপারে) কেন একটি সূরা অবতীর্ণ হয় না? যখন কোন

سُوْرَةٌ مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ لا رَاَيْتَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ

সূরাতুম্ মুহ্‌কামাতুওঁ ওয়া যুকিরা ফীহাল্ ক্বিতা-লু, রাআইতাল্ লাযীনা ফী কূলূবিহিম্ মারাদ্বুইঁ
স্পষ্ট সূরা অবতীর্ণ হয় এবং তাতে যুদ্ধ বিষয়ক বর্ণনা থাকে, তখন আপনি তাদেরকে দেখবেন, যাদের অন্তরে নেফাকীর ব্যাধি আছে, তারা আপনার দিকে

يَّنْظُرُوْنَ اِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ ط فَاَوْلٰى لَهُمْ ﴿٢١﴾ طَاعَةٌ وَّقَوْلٌ

ইয়ান্‌জুরূনা ইলাইকা নাজারাল্ মাগ্‌শিয়্যি 'আলাইহি মিনাল্ মাওতি; ফাআওলা-লাহুম। ২১। ত্বা-'আতুওঁ ওয়া ক্বাওলুম্
মৃত্যুর ভয়ে অচেতন মানুষের ন্যায় তাকাচ্ছে। সুতরাং ধ্বংস তাদের জন্য অধিকতর উত্তম ছিল, (২১) তাদের মেনে চলা এবং সুন্দর কথা জানা আছে।

مَّعْرُوْفٌ قف فَاِذَا عَزَمَ الْاَمْرُ قف فَلَوْ صَدَقُوا اللّٰهَ لَكَانَ خَيْرًا لَّهُمْ ﴿٢٢﴾ فَهَلْ عَسَيْتُمْ

মা'রূফুন্, ফাইযা- 'আযামাল্ আম্‌রু, ফালাও স্বাদাকুল্লা-হা লাকা-না খাইরাল্লাহুম। ২২। ফাহাল্ 'আসাইতুম্
যখন কোন যুদ্ধ বিষয় সিদ্ধান্ত হয়ে যায়, যদি তারা আনুগত্যতায় ও প্রতিশ্রুতিরক্ষায় আল্লাহর কাছে সত্যবাদী হত, তবে তাদের জন্য এটা কল্যাণকর হত। (২২) তোমরা যদি

○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ واستغفر لذنبك - এ আয়াতে রাসূলুল্লাহকে (স) আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনার নির্দেশ দেয়া হয়েছে। নিজের জন্যও এবং মুমিনগণের জন্যও। ক্ষমা প্রার্থনার খুবই গুরুত্ব তাগিদ দেয়া হয়েছে। রাসূলুল্লাহ (স) বলেন, "হে মানবগণ! তোমরা আল্লাহর দরবারে তওবা ও ক্ষমা প্রার্থনা কর। আমিও আল্লাহর দরবারে দৈনিক সত্তরবারের অধিক তওবা ও ক্ষমা প্রার্থনা করি। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ২১) ঃ قول معروف - অর্থাৎ জিহাদের নির্দেশে হতাশ (ভীত) না হয়ে, তাদের জন্য ভাল ছিল যে, তারা আনুগত্যতা প্রকাশ করত এবং রাসূলুল্লাহর (স) সম্পর্কে ধৃষ্টতাপূর্ণ কথা না বলে ভাল কথা বলত। (কুঃ কারীম)

إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوْا فِي الْاَرْضِ وَتُقَطِّعُوْٓا اَرْحَامَكُمْ (২৩) اُولٰٓئِكَ الَّذِيْنَ

ইন্ তাওয়াল্লাইতুম্ আন্ তুফ্সিদূ ফিল্ আরদ্বি ওয়া তুক্বাত্ত্বি'উ~আরহ্বা-মাকুম। ২৩। উলা—ইকাল্ লাযীনা

ক্ষমতা লাভ কর, তবে সম্ভবতঃ তোমরা পৃথিবীতে বিবাদ সৃষ্টি করবে এবং আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করবে। (২৩) এসব লোকদের প্রতি

لَعَنَهُمُ اللّٰهُ فَاَصَمَّهُمْ وَاَعْمٰٓى اَبْصَارَهُمْ (২৪) اَفَلَا يَتَدَبَّرُوْنَ الْقُرْاٰنَ اَمْ عَلٰى

লা'আনাহুমুল্লা-হু ফাআস্বাম্মাহুম ওয়া 'আমা~আব্স্বা-রাহুম। ২৪। আফালা- ইয়াতাদাব্বারূনাল্ কুরআ-না আম্ 'আলা-

আল্লাহ অভিশাপ করেন এবং তাদের বধির করেন ও তাদের দৃষ্টি শক্তি নিয়ে যান। (২৪) তারা কি কোরআন সম্পর্কে চিন্তা-ভাবনা করে না? না তাদের অন্তরে

قُلُوْبٍ اَقْفَالُهَا (২৫) اِنَّ الَّذِيْنَ ارْتَدُّوْا عَلٰٓى اَدْبَارِهِمْ مِّنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ

কুলূবিন্ আক্বফা-লুহা-। ২৫। ইন্নাল্ লাযীনার্ তাদ্দূ 'আলা~আদ্বা-রিহিম্ মিম্ 'বাদি মা- তাবাইয়্যানা লাহুমুল

তালা পড়ে গেছে? (২৫) যারা তাদের কাছে সত্য পথ স্পষ্টভাবে প্রকাশ হওয়ার পরেও, পৃষ্ঠ প্রদর্শন করতঃ ফিরে গিয়েছে নিশ্চয়ই শয়তান তাদের সামনে

الْهُدَى ۙ الشَّيْطٰنُ سَوَّلَ لَهُمْ ۖ وَاَمْلٰى لَهُمْ (২৬) ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا لِلَّذِيْنَ

হুদাশ্, শাইত্বা-নু সাওয়্যালা লাহুম ; ওয়া আম্লা- লাহুম। ২৬। যা-লিকা বিআন্নাহুম্ ক্বা-লূ লিল্লাযীনা

তাদের (অসৎ) কাজগুলো সুন্দর করে দেখায় এবং তাদেরকে অবকাশ দিয়ে রেখেছে। (২৬) এটা এজন্য যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন

كَرِهُوْا مَا نَزَّلَ اللّٰهُ سَنُطِيْعُكُمْ فِيْ بَعْضِ الْاَمْرِ ۚ وَاللّٰهُ يَعْلَمُ اِسْرَارَهُمْ ○

কারিহূ মা- নায্যালাল্লা-হু সানুত্বী'উকুম্ ফী 'বাদ্বিল্ আম্রি, ওয়াল্লা-হু ইয়া'লামু ইসরা-রাহুম।

তা যারা অপছন্দ করে তাদেরকে বলে যে, আমরা কতিপয় ব্যাপারে তোমাদের কথা শোনব। আল্লাহ্ তাদের গোপন পরামর্শ খুব জানেন।

(২৭) فَكَيْفَ اِذَا تَوَفَّتْهُمُ الْمَلٰٓئِكَةُ يَضْرِبُوْنَ وُجُوْهَهُمْ وَاَدْبَارَهُمْ (২৮) ذٰلِكَ

২৭। ফাকাইফা ইযা- তাওয়াফ্ফাত্হুমুল্ মালা—ইকাতু ইয়াদ্বরিবূনা উজূহাহুম্ ওয়া আদ্বা-রাহুম। ২৮। যা-লিকা

(২৭) তাদের কেমন (দুর্গতি) হবে, যখন ফিরিশতাগণ তাদের মুখমন্ডল এবং পৃষ্ঠদেশে আঘাত করতে করতে তাদের প্রাণ নিয়ে যাবেন? (২৮) কারণ, তারা

بِاَنَّهُمُ اتَّبَعُوْا مَآ اَسْخَطَ اللّٰهَ وَكَرِهُوْا رِضْوَانَهٗ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ (২৯) اَمْ حَسِبَ

বিআন্নাহুমুত্ তাবা'উ মা~আস্খাত্বাল্লা-হা ওয়া কারিহূ রিদ্বওয়া-নাহূ ফাআহ্বাত্বা 'আমা-লাহুম। ২৯। আম্ হ্বাসিবাল

সে বিষয় অনুসরণ করে, যা আল্লাহকে অসন্তুষ্ট করে, তারা তাঁর সন্তুষ্টিকে অপছন্দ করে। তিনি তাদের সব কর্মগুলো ব্যর্থ করে দেন। (২৯) যাদের অন্তরে

ع ৩ ৭ রুকূ

الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ اَنْ لَّنْ يُّخْرِجَ اللّٰهُ اَضْغَانَهُمْ (৩০) وَلَوْ نَشَآءُ

লাযীনা ফী কুলূবিহিম্ মারাদ্বুন্ আল্ লাইঁ ইউখ্রিজাল্লা-হু আদ্বগা-নাহুম। ৩০। ওয়া লাও নাশা—উ

ব্যাধি রয়েছে, তারা কি এ ধারনা করে যে, আল্লাহ্ তাদের বিদ্বেষকে প্রকাশ করবেন না? (৩০) আমি যদি ইচ্ছা করতাম, তবে আমি অবশ্যই, আপনাকে

○ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ واملى لهم - অর্থাৎ শয়তান তাদেরকে দীর্ঘ আশা দিয়ে এভাবে প্রতারিত করে যে, যুদ্ধে যেয়ো না। তোমরা দীর্ঘকাল বেঁচে থাকবে। মৃত্যুকে নিজ ইচ্ছায় ডেকে এনে লাভ কি? (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ سنطيعكم فى بعض - মুনাফিকেরা, ইয়াহুদসহ অন্যান্যদেরকে বলে, যদিও আমরা প্রকাশ্যভাবে মুসলমান হয়েছি। কিন্তু মুসলমানদের সাথে মিলে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করব না; বরং সুযোগমত তোমাদেরই সাহায্য করব। আর এ ধরনের কাজে তোমাদেরই কথা শুনব। (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ ولو نشاء - আল্লাহ্ প্রত্যেক মুনাফিকের মুখমন্ডলে এমন নিশানা করে দিতেন, যাতে তাদেরকে প্রকাশ্যভাবেই বুঝা যেত। কিন্তু আল্লাহ সাধারণভাবে মুনাফিকদের ক্ষেত্রে এটা করেননি। কেননা আল্লাহ্ তায়ালার এক নাম 'সাত্তার' (বান্দার দোষ গোপনকারী) এ পবিত্র নামের বৈশিষ্ট্যের কারণেই এটা করা হয়নি।

لَاَرَيْنٰكَهُمْ فَلَعَرَفْتَهُمْ بِسِيْمٰهُمْ ۚ وَلَتَعْرِفَنَّهُمْ فِيْ لَحْنِ الْقَوْلِ ۚ وَاللّٰهُ يَعْلَمُ

লাআরাইনা-কাহুম ফালা'আরাফ্তাহুম্ বিসীমা-হুম ; ওয়া লাতা'রিফান্নাহুম্ ফী লাহ্বনিল্ ক্বাওলি ; ওয়াল্লা-হু ইয়া'লামু

তাদের পরিচয় জানিয়ে দিতাম। সুতরাং আপনি তাদের নিদর্শন দেখে তাদের চিনতে পারতেন এবং আপনি তাদেরকে তাদের কথার ধরনে চিনতে পারতেন; আল্লাহ্ তোমাদের

اَعْمَالَكُمْ (৩১) وَلَنَبْلُوَنَّكُمْ حَتّٰى نَعْلَمَ الْمُجٰهِدِيْنَ مِنْكُمْ وَالصّٰبِرِيْنَ ۙ وَنَبْلُوَا

'আমা-লাকুম। ৩১। ওয়া লানাব্লুওয়ান্নাকুম্ হ্বাত্তা- 'নালামাল্ মুজা-হিদীনা মিন্কুম্ ওয়াস্বস্বা-বিরীনা, ওয়া নাব্লুওয়া

কর্মসমূহ খুব জানেন। (৩১) আমি অবশ্যই তোমাদের পরীক্ষা করব। যতক্ষণ না আমি তোমাদের মধ্য হতে জেহাদকারী এবং ধৈর্য ধারণকারীদেরকে জানতে পারি এবং আমি

اَخْبَارَكُمْ (৩২) اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ وَشَآقُّوا الرَّسُوْلَ

আখ্বা-রাকুম। ৩২। ইন্নাল্ লাযীনা কাফারূ ওয়া স্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ওয়া শা—ক্কুর্ রাসূলা

তোমাদের অবস্থাটাও পরখ করতে পারি। (৩২) যারা কুফরী করে এবং আল্লাহর রাস্তা হতে লোকদেরকে বিরত রাখে এবং রাসূলের বিরোধিতা করে

مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدٰى ۙ لَنْ يَّضُرُّوا اللّٰهَ شَيْـًٔا ۖ وَسَيُحْبِطُ اَعْمَالَهُمْ ○

মিম্ 'বাদি মা- তাবাইয়্যানা লাহুমুল্ হুদা- লাইঁ ইয়াদ্বুর্ রুল্লা-হা শাইআন ; ওয়া সাইউহ্বিত্বু 'আমা-লাহুম।

তাদের কাছে সত্য পথ স্পষ্টভাবে প্রকাশ হওয়ার পরেও, তারা আল্লাহর কোনই অনিষ্ট করতে পারবে না। তিনি তাদের কর্মগুলো নিষ্ফল করে দিবেন।

(৩৩) يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَلَا تُبْطِلُوْٓا اَعْمَالَكُمْ ○

৩৩। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~আত্বী'উল্লা-হা ওয়া আত্বী'উর্ রাসূলা ওয়ালা- তুব্ত্বিলূ~'আমা-লাকুম।

(৩৩) হে মুমিনগণ! আল্লাহর নির্দেশ মেনে চল, এবং রাসূলের অনুসরণ কর এবং তোমাদের আমলগুলো নষ্ট কর না।

(৩৪) اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ مَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يَّغْفِرَ اللّٰهُ

৩৪। ইন্নাল্লাযীনা কাফারূ~ওয়া স্বাদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ছুম্মা মা-তূ ওয়াহুম্ কুফ্ফা-রুন্ ফালাইঁ ইয়াগ্ফিরাল্লা-হু

(৩৪) যারা কুফরী করে এবং আল্লাহর রাস্তা থেকে মানুষদেরকে বিরত রাখে, অতঃপর মারাও যায় কাফির অবস্থায়, আল্লাহ্ তাদেরকে কখনই ক্ষমা

لَهُمْ (৩৫) فَلَا تَهِنُوْا وَتَدْعُوْٓا اِلَى السَّلْمِ ۖ وَاَنْتُمُ الْاَعْلَوْنَ ۖ وَاللّٰهُ مَعَكُمْ

লাহুম। ৩৫। ফালা- তাহিনূ ওয়া তাদ্'উ~ইলাস্ সাল্মি, ওয়া আন্তুমুল্ 'আলাওনা, ওয়াল্লা-হু মা'আকুম

করবেন না। (৩৫) (হে মুমিনগণ!) তোমরা মনোবল হারিয়ো না এবং সন্ধির জন্য তাদেরকে ডেক না, তোমরাই হবে বিজয়ী এবং আল্লাহ্ তোমাদের সাথে আছেন, তিনি

وَلَنْ يَّتِرَكُمْ اَعْمَالَكُمْ (৩৬) اِنَّمَا الْحَيٰوةُ الدُّنْيَا لَعِبٌ وَّلَهْوٌ ۚ وَاِنْ تُؤْمِنُوْا وَتَتَّقُوْا

ওয়ালাইঁ ইয়াতিরাকুম্ 'আমা-লাকুম। ৩৬। ইন্নামাল্ হ্বায়া-তুদ্ দুন্ইয়া- লা'ইবুঁও ওয়া লাহ্উন ; ওয়া ইন্ তু'মিনূ ওয়া তাত্তাকূ

কখনও তোমাদের আমলসমূহ কমতি করবেন না। (৩৬) পার্থিব জীবন শুধুমাত্র খেল-তামাশার জীবন। যদি তোমরা ঈমান আন এবং সংযম পরায়ন হও, তবে আল্লাহ তোমাদেরকে

يُؤْتِكُمْ اُجُوْرَكُمْ وَلَا يَسْـَٔلْكُمْ اَمْوَالَكُمْ (৩৭) اِنْ يَّسْـَٔلْكُمُوْهَا فَيُحْفِكُمْ تَبْخَلُوْا

ইউ'তিকুম্ উজূরাকুম্ ওয়ালা- ইয়াস্আল্কুম্ আম্ওয়া-লাকুম। ৩৭। ইঁ ইয়াস্আল্কুমূহা- ফাইউহ্বফিকুম্ তাবখালূ

তোমাদের পুরস্কার প্রদান করবেন এবং তিনি তোমাদের কাছে তোমাদের ধনসম্পদ চান না। (৩৭) যদি তিনি তোমাদের কাছে তোমাদের সম্পদ চান এবং তা যদি চান খুব জোর ভাবে, তবে তোমরা (তা প্রদানে) কৃপণতা করবে

وَيُخْرِجْ اَضْغَانَكُمْ ㊳ هَاَنْتُمْ هٰۤؤُلَاۤءِ تُدْعَوْنَ لِتُنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ فَمِنْكُمْ

ওয়া ইউখ্‌রিজ্ব আদ্বগা-নাকুম । ৩৮ । হা~আন্‌তুম হা~উলা—ই তুদ্'আওনা লিতুন্‌ফিকু ফী সাবীলিল্লা-হি, ফামিন্‌কুম্

এবং তখন তিনি তোমাদের বিদ্বেষ মনোভাব প্রকাশ করে দিবেন। (৩৮) খবরদার! তোমরাতো সে লোক, যাদেরকে আল্লাহর রাস্তায় ব্যয় করার জন্য বলা হয়েছে,

مَّنْ يَّبْخَلُ ۚ وَمَنْ يَّبْخَلْ فَاِنَّمَا يَبْخَلُ عَنْ نَّفْسِهٖ ۭ وَاللّٰهُ الْغَنِيُّ وَاَنْتُمُ

মাইঁ ইয়াব্‌খালু, ওয়া মাইঁ ইয়াব্‌খাল ফাইন্নামা- ইয়াব্‌খালু 'আন্ নাফ্‌সিহী ; ওয়াল্লা-হুল্ গানিইয়্যু ওয়া আন্‌তুমুল

অথচ তোমাদের মধ্যে কতিপয় কৃপণতা করে এবং যারা কৃপণতা করে তারা তা করে তাদের নিজের সাথেই। আল্লাহ্ তোমাদের দানের অমুখাপেক্ষী।

الْفُقَرَاۤءُ ۚ وَاِنْ تَتَوَلَّوْا يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ۙ ثُمَّ لَا يَكُوْنُوْۤا اَمْثَالَكُمْ ○ ع ৪ ৮ রুকূ

ফুক্বারা—উ, ওয়া ইন্ তাতাওয়াল্লাও ইয়াস্‌তাব্‌দিল্ ক্বাওমান্ গাইরাকুম্ ছুম্মা লা- ইয়াকূনূ~আম্‌ছা-লাকুম ।

তোমরা (তাঁর অনুগ্রহের) মুখাপেক্ষী যদি তোমরা ফিরে যাও, তবে তোমাদের পরিবর্তে অন্য এক জাতিকে, স্থলাভিষিক্ত করবেন যারা তোমাদের অনুরূপ হবে না।

সূরা ফাতহ্
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৯
রুকূ ঃ ৪

① اِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِيْنًا ② لِّيَغْفِرَ لَكَ اللّٰهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْۢبِكَ وَمَا تَاَخَّرَ

১। ইন্না- ফাতাহ্‌না- লাকা ফাত্‌হাম্ মুবীনা- । ২। লিয়াগ্‌ফিরা লাকাল্লা-হু মা- তাক্বাদ্দামা মিন্ যাম্‌বিকা ওয়ামা- তাআখ্‌খারা

(১) (হে নবী!) নিশ্চয়ই আমি আপনাকে সুস্পষ্ট প্রকাশ্য বিজয় দিয়েছি। (২) যাতে আল্লাহ আপনার অতীতের ত্রুটিসমূহ পরবর্তী ত্রুটিসমূহ মাফ করে

وَيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكَ وَيَهْدِيَكَ صِرَاطًا مُّسْتَقِيْمًا ③ وَّيَنْصُرَكَ اللّٰهُ نَصْرًا

ওয়া ইউতিম্মা 'নিমাতাহূ 'আলাইকা ওয়া ইয়াহ্‌দিয়াকা স্বিরা-ত্বাম্ মুস্‌তাক্বীমা- । ৩ । ওয়া ইয়ান্‌স্বুরাকাল্লা-হু নাস্বরান্

দেন এবং আপনার প্রতি তাঁর অনুগ্রহ পরিপূর্ণ করে দেন এবং আপনাকে সত্য পথে পরিচালিত করেন। (৩) এবং আল্লাহ আপনাকে এক শক্তিশালী

عَزِيْزًا ④ هُوَ الَّذِيْۤ اَنْزَلَ السَّكِيْنَةَ فِيْ قُلُوْبِ الْمُؤْمِنِيْنَ لِيَزْدَادُوْۤا اِيْمَانًا

'আযীযা- । ৪ । হুওয়াল্লাযী~আন্‌যালাস্ সাকীনাতা ফী কুলূবিল্ মু'মিনীনা লিইয়ায্‌দা-দূ~ঈমা-নাম্

সাহায্য দান করেন। (৪) তিনিই মুমিনগণের অন্তরে স্থিতিশীলতা (শান্তি) প্রদান করেন, যাতে তাদের ঈমানের সাথে আরও ঈমান বৃদ্ধি

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ انا فتحنا لك فتحا مبينا - ষষ্ঠ হিজরীতে রাসূলুল্লাহ (স) এবং প্রায় ১৪০০ সাহাবা (রা) ওমরার উদ্দেশ্যে মক্কা অভিমুখে রওয়ানা দেন। কিন্তু মক্কার নিকটবর্তী হোদায়বিয়া নামক স্থানে কাফেরেরা রাসূলুল্লাহ (স)-কে বাধার সৃষ্টি করে এবং ওমরাহ পালন করা থেকে বঞ্চিত রাখে। রাসূলুল্লাহ (স) হযরত ওসমান (রা)-কে কাফির নেতৃবৃন্দের সাথে আলোচনা করার জন্য প্রতিনিধি হিসেবে মক্কায় প্রেরণ করেন। যাতে মুসলমানগণ ওমরাহ পালন করতে পারেন, সে ব্যাপারে তাদেরকে উদ্বুদ্ধ করে অনুমতি নিয়ে আসতে পারেন। কিন্তু হযরত ওসমান (রা) মক্কা গমনের পরে তাঁর শাহাদাতের খবর ছড়িয়ে পড়ে। এ প্রেক্ষিতে রাসূলুল্লাহ (স) হযরত ওসমানের (রা) শাহদাতের প্রতিশোধ নেয়ার জন্য সাহাবাগণ (রা) থেকে বায়াত (প্রতিজ্ঞা) নিলেন। যা 'বাইয়াতে রিদওয়ান' নামে পরিচিত। অবশেষে এ খবর মিথ্যা বলে প্রমাণিত হল। তথাপি কাফেররা মুসলমানগণকে ওমরাহ পালনের অনুমতি দেয়নি। মুসলমানগণ, আগামী বছরের প্রতিশ্রুতিতে, প্রত্যাবর্তনের সিদ্ধান্ত নেন। সেখানে তারা মাথা মুন্ডন করেন এবং কুরবানীও করেন। পরিশেষে কাফিরদের সাথে একটি চুক্তিও স্বাক্ষরিত হয়। যদিও অধিকাংশ সাহাবার (রা) কাছে এ চুক্তি অপছন্দনীয় ছিল। কিন্তু রাসূলুল্লাহ (স) ভবিষ্যতের চিন্তা করে এ সন্ধিকে মুসলমানের জন্য কল্যাণকর মনে করেন। হোদায়বিয়া থেকে মদীনা শরীফ প্রত্যাবর্তনের পথে এ সূরাটি অবতীর্ণ হয়। যাতে হোদায়বিয়ার সন্ধিকে 'ফতহে মুবীন' (সুস্পষ্ট বিজয়) বলে বর্ণিত হয়েছে। এর দুবছর পরেই মুসলমানগণ মক্কায় বিজয়ের বেশে প্রবেশ করেন। কতিপয় সাহাবা (রা) বলেন, এ বিজয়কে 'মক্কা বিজয় না বলে' হোদায়বিয়ার সন্ধি বিজয় বলা যায়। রাসূলুল্লাহ (স) বলেন, আজ রাতে আমার কাছে এমন একটি সূরা অবতীর্ণ হয়েছে যা আমার কাছে পৃথিবী ও পৃথিবীর মধ্যস্থ সব কিছুর চেয়ে প্রিয়। (কুঃ কারীম)

مَّعَ اِيْمَانِهِمْ ۭ وَلِلّٰهِ جُنُوْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ○

মা'আ ঈমা-নিহিম ; ওয়া লিল্লা-হি জুনূদুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ; ওয়া কা-নাল্লা-হু 'আলীমান্ হাকীমা- ।

হয় এবং আকাশ ও পৃথিবীর সমগ্র সৈন্যবাহিনী আল্লাহ্‌রই (নিয়ন্ত্রণে), আল্লাহ মহাজ্ঞানী, মহাবিজ্ঞ।

⑤ لِّيُدْخِلَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ

৫। লিইউদ্‌খিলাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু

(৫) এটা এ কারণে যে, তিনি মুমিন পুরুষ ও নারীগণকে এমন জান্নাতে প্রবেশ করাবেন, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত,

خٰلِدِيْنَ فِيْهَا وَيُكَفِّرَ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ ۭ وَكَانَ ذٰلِكَ عِنْدَ اللّٰهِ فَوْزًا عَظِيْمًا ○

খা-লিদীনা ফীহা- ওয়া ইউকাফ্‌ফিরা 'আন্‌হুম্ সায়্যিআ-তিহিম ; ওয়া কা-না যা-লিকা 'ইন্‌দাল লা-হি ফাওযান 'আজীমা- ।

সেখানে তারা চিরস্থায়ীভাবে বসবাস করবে এবং তিনি তাদের থেকে তাদের পাপসমূহ মিটিয়ে দিবেন, আর এটাই আল্লাহর নিকট মহাসফলতা।

⑥ وَّيُعَذِّبَ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِيْنَ وَالْمُشْرِكٰتِ الظَّاۤنِّيْنَ

৬। ওয়া ইউ'আয্‌যিবাল্ মুনা-ফিক্বীনা ওয়াল মুনা-ফিক্বা-তি, ওয়াল মুশরিকীনা ওয়াল মুশরিকা-তিজ্ জা—ন্নীনা

(৬) আর তিনি সে সব মুনাফিক পুরুষ ও নারী এবং মুশরিক পুরুষ ও নারীদেরকে শাস্তি দিবেন, যারা আল্লাহ সম্পর্কে খারাপ ধারণা রাখে।

بِاللّٰهِ ظَنَّ السَّوْءِ ۭ عَلَيْهِمْ دَاۤئِرَةُ السَّوْءِ ۚ وَغَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ وَلَعَنَهُمْ

বিল্লা-হি জান্নাস্ সাওই ; 'আলাইহিম্ দা—ইরাতুস্ সাওই, ওয়া গাদ্বিবাল্লা-হু 'আলাইহিম্ ওয়া লা'আনাহুম

খারাপ আবর্তন তাদের উপরই, আল্লাহ তাদের ওপর ক্রোধান্বিত (অসন্তুষ্ট) হয়েছেন এবং তাদের ওপর অভিশাপ করেছেন

وَاَعَدَّ لَهُمْ جَهَنَّمَ ۭ وَسَاۤءَتْ مَصِيْرًا ⑦ وَلِلّٰهِ جُنُوْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ

ওয়া আ'আদ্দা লাহুম জ্বাহান্নামা ; ওয়া সা—আত্ মাস্বীরা- । ৭ । ওয়া লিল্লা-হি জুনূদুস্ সা-মা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ;

এবং তাদের জন্য তৈরি করেছেন জাহান্নাম। আর সেটি খুব নিকৃষ্ট ঠিকানা। (৭) আকাশমন্ডলী ও পৃথিবীর সৈন্য বাহিনী আল্লাহরই (কর্তৃত্বে)

وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ⑧ اِنَّاۤ اَرْسَلْنٰكَ شَاهِدًا وَّمُبَشِّرًا وَّنَذِيْرًا ⑨ لِّتُؤْمِنُوْا

ওয়া কা-নাল্লা-হু 'আযীযান্ হাকীমা- । ৮ । ইন্না~আর্‌সাল্‌না-কা শা-হিদাওঁ ওয়া মুবাশ্‌শিরাওঁ ওয়া নাযীরা- । ৯ । লিতু'মিনূ

এবং আল্লাহ মহাপ্রভাবশালী, মহাবিজ্ঞ। (৮) নিশ্চয়ই আমি আপনাকে প্রেরণ করেছি সাক্ষী হিসেবে এবং সুসংবাদদাতা এবং ভয় প্রদর্শনকারী হিসেবে। (৯) যাতে তোমরা

بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَتُعَزِّرُوْهُ وَتُوَقِّرُوْهُ ۭ وَتُسَبِّحُوْهُ بُكْرَةً وَّاَصِيْلًا ⑩ اِنَّ الَّذِيْنَ

বিল্লা-হি ওয়া রাসূলিহী ওয়া তু'আয্‌যিরূহু ওয়া তুওয়াক্কিরূহু ; ওয়া তুসাব্‌বিহূহু বুক্‌রাতাওঁ ওয়া আস্বীলা- । ১০ । ইন্নাল্ লাযীনা

আল্লাহ এবং তাঁর রাসূলের ওপর ঈমান আন এবং তাঁর সাহায্য কর ও তাঁর সম্মান কর, এবং সকাল-সন্ধ্যায় আল্লাহরই তাসবীহ বর্ণনা কর। (১০) যারা

○ শানে নুযূল (আঃ ৫) ঃ ليدخل المؤمنين - হাদীস শরীফে বর্ণিত, যখন সূরায়ে ফাতেহার প্রথমাংশ ليغفرلك اللہ অবতীর্ণ হয়, তখন মুসলমানগণ রাসূলুল্লাহর (স) কাছে আরয করেন, হে রাসূল! আপনার জন্য মুবারক বাদ (সু-সংবাদ)। আমাদের জন্য কি (সংবাদ) রয়েছে? এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা ليدخل المؤمنين অবতীর্ণ করেন। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ يبايعونك - অর্থাৎ সে ব'য়াত (অংগীকার), যা রাসূলুল্লাহ (স) হযরত ওসমানের (রা) শাহাদাতের খবর শুনে, তার প্রতিশোধ নেয়ার জন্য হোদায়বিয়ায় উপস্থিত ১৪০০/১৫০০ সাহাবাগণ (আ) থেকে বা'য়াত নিয়েছিলেন। (কুঃ কারীম)

يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللّٰهَ ط يَدُ اللّٰهِ فَوْقَ أَيْدِيهِمْ ج فَمَنْ نَكَثَ فَإِنَّمَا

ইউবা-ই'উনাকা ইন্নামা- ইউবা-ই'উনাল্লা-হা ; ইয়াদুল্লা-হি ফাওক্বা আইদীহিম্ ফামান্ নাকাছা ফাইন্নামা-

আপনার হাতে বা'য়াত করে, তারা আল্লাহর কাছে বায়াত করে আল্লাহর (কুদরতী) হাত, তাদের হাতের ওপরে। সুতরাং যে তা ভংগ করে (অংগীকার) ভংগ

يَنْكُثُ عَلٰى نَفْسِهٖ ج وَمَنْ أَوْفٰى بِمَا عٰهَدَ عَلَيْهُ اللّٰهَ فَسَيُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا ۝ ع ১ ৯ রুকু

ইয়ান্‌কুছু 'আলা- নাফ্‌সিহী ওয়া মান্ আওফা- বিমা- 'আ-হাদা 'আলাইহুল্লা-হা ফাসাইউ'তীহি আজ্‌রান্ 'আজীমা-।

করার শাস্তি তার নিজেরই ওপরে পতিত হয়। আর যে ব্যক্তি আল্লাহর সাথে কৃত অংগীকার পূর্ণ করে, তাকে আল্লাহ অতিশীঘ্রই বিরাট পুরস্কার দান করবেন।

⑪ سَيَقُولُ لَكَ الْمُخَلَّفُونَ مِنَ الْأَعْرَابِ شَغَلَتْنَا أَمْوَالُنَا وَأَهْلُونَا فَاسْتَغْفِرْ لَنَا ج

১১। সাইয়াকূলু লাকাল্ মুখাল্লাফূনা মিনাল্ 'আরা-বি শাগালাত্‌না~আম্‌ওয়া-লুনা- ওয়া আহ্‌লূনা- ফাস্‌তাগ্‌ফির্ লানা-,

(১১) আরব গ্রামবাসীদের মধ্যে যারা পশ্চাতে রয়ে গেছে তারা আপনাকে বলবে যে, আমাদের সম্পদ ও পরিবার-পরিজন, আমাদেরকে ব্যস্ত রেখেছে।

يَقُولُونَ بِأَلْسِنَتِهِمْ مَا لَيْسَ فِي قُلُوبِهِمْ ط قُلْ فَمَنْ يَمْلِكُ لَكُمْ مِنَ اللّٰهِ شَيْئًا

ইয়াকূলূনা বিআল্‌সিনাতিহিম্ মা- লাইসা ফী কুলূবিহিম ; কুল্ ফামাইঁ ইয়াম্‌লিকু লাকুম্ মিনাল্লা-হি শাইআন্

সুতরাং আমাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন। তারা তাদের মুখ দিয়ে যা বলে, তা তাদের অন্তরে নেই। আপনি বলুন, আল্লাহ যদি ইচ্ছা করেন তোমাদের কোন

إِنْ أَرَادَ بِكُمْ ضَرًّا أَوْ أَرَادَ بِكُمْ نَفْعًا ط بَلْ كَانَ اللّٰهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا ⑫ بَلْ

ইন্ আরা-দাবিকুম্ দ্বাররান্ আও আরা-দাবিকুম নাফ্'আন ; বাল্ কা-নাল্লা-হু বিমা- 'তামালূনা খাবীরা-। ১২। বাল্

অকল্যাণ করতে অথবা কল্যাণ সাধন করতে কে তাকে তা থেকে বিরত রাখার ক্ষতা রাখে? বরং তোমরা যা কিছু কর, সব কিছুই আল্লাহ খুব জানেন। (১২) বরং

ظَنَنْتُمْ أَنْ لَنْ يَنْقَلِبَ الرَّسُولُ وَالْمُؤْمِنُونَ إِلٰى أَهْلِيهِمْ أَبَدًا وَزُيِّنَ

জানান্‌তুম্ আল্লাই ইয়ান্ ক্বালিবার্ রাসূলু ওয়াল্ মু'মিনূনা ইলা~আহ্‌লীহিম্ আবাদাওঁ ওয়া যুইয়্যিনা

তোমরা এ ধারণা পোষণ করে ছিলে যে, রাসূল এবং মুমিনগণ তাঁদের পরিবার-পরিজনের কাছে কখনই ফিরে আসবে না এবং এ ধারণা তোমাদের

ذٰلِكَ فِي قُلُوبِكُمْ وَظَنَنْتُمْ ظَنَّ السَّوْءِ صلے وَكُنْتُمْ قَوْمًا بُورًا ⑬ وَمَنْ لَمْ يُؤْمِنْ

যা-লিকা ফী কুলূবিকুম্ ওয়া জানান্‌তুন্ জান্নাস্ সাওই, ওয়া কুন্‌তুম্ ক্বাওমাম্ বূরা-। ১৩। ওয়া মাল্লাম্ ইউ'মিন্

অন্তরে খুবই পছন্দ (মনঃপূত) হয়েছিল এবং তোমরা খারাপ ধারণা করেছিলে, তোমরাতো ধ্বংসযোগ্য সম্প্রদায়। (১৩) আর যে আল্লাহ ও তাঁর

بِاللّٰهِ وَرَسُولِهٖ فَإِنَّا أَعْتَدْنَا لِلْكٰفِرِينَ سَعِيرًا ⑭ وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ط

বিল্লা-হি ওয়া রাসূলিহী ফাইন্না~'আতাদ্‌না- লিল্ কা-ফিরীনা সা'ঈরা-। ১৪। ওয়া লিল্লা-হি মুল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বি ;

রাসূলের প্রতি বিশ্বাস রাখে না আমি সে সব অবিশ্বাসীদের জন্য জ্বলন্ত অগ্নি তৈরি করে রেখেছি। (১৪) আকাশমন্ডলী ও পৃথিবীর বাদশাহী একমাত্র আল্লাহরই,

يَغْفِرُ لِمَنْ يَشَاءُ وَيُعَذِّبُ مَنْ يَشَاءُ ط وَكَانَ اللّٰهُ غَفُورًا رَحِيمًا ⑮ سَيَقُولُ

ইয়াগ্‌ফিরু লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইউ'আয্‌যিবু মাইঁ ইয়াশা—উ ; ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহ্বীমা-। ১৫। সাইয়াকূলুল্

তিনি যাকে চান ক্ষমা করেন, আর যাকে চান শাস্তি দেন। তিনি মহা ক্ষমাপরায়ন ও অসীম দয়ালু। (১৫) যখন তোমরা যুদ্ধে

الْمُخَلَّفُونَ إِذَا انْطَلَقْتُمْ إِلٰى مَغَانِمَ لِتَأْخُذُوهَا ذَرُونَا نَتَّبِعْكُمْ ج يُرِيدُونَ

মুখাল্লাফূনা ইযান্ ত্বালাক্বতুম্ ইলা- মাগা-নিমা লিতা'খুযূহা- যারূনা- নাত্তা'বিকুম্, ইউরীদূনা

প্রাপ্ত (গনীমতের) সম্পদ গ্রহণের জন্য যাবে, তখন যারা পশ্চাতে (নিজ গৃহে) থেকে গিয়েছিল তারা বলবে, আমাদেরকেও তোমাদের সাথে যেতে অনুমতি

أَنْ يُبَدِّلُوا كَلٰمَ اللّٰهِ ط قُلْ لَنْ تَتَّبِعُونَا كَذٰلِكُمْ قَالَ اللّٰهُ مِنْ قَبْلُ ج فَسَيَقُولُونَ

আইঁ-ইউবাদ্দিলূ কালা-মাল্লা-হি ; কুল্ লান্ তাত্তাবি'উনা- কাযা-লিকুম ক্বা-লাল্লা-হু মিন্ ক্বাব্‌লু, ফাসাইয়াকূলূনা

দাও? তারা চায়, আল্লাহর বাণীকে পরিবর্তন করতে, আপনি বলুন, তোমরা কখনই আমাদের সাথে আসতে পারবে না। আল্লাহ পূর্বেই এরূপ বলেছেন, তারা

بَلْ تَحْسُدُونَنَا ط بَلْ كَانُوا لَا يَفْقَهُونَ إِلَّا قَلِيلًا ⑯ قُلْ لِلْمُخَلَّفِينَ مِنَ

বাল্ তাহ্বসুদূনানা-; বাল্ কা-নূ লা- ইয়াফ্‌ক্বাহূনা ইল্লা- ক্বালীলা-। ১৬। কুল্ লিল্‌মুখাল্লাফীনা মিনাল্

বলবে বরং তোমরা আমাদেরকে ঈর্ষা করতেছ। মূলতঃ ওদের বুঝ শক্তিই কম। (১৬) আপনি পশ্চাতে (গৃহে) থেকে যাওয়া আরব গ্রামবাসীদেরকে বলুন

الْأَعْرَابِ سَتُدْعَوْنَ إِلٰى قَوْمٍ أُولِي بَأْسٍ شَدِيدٍ تُقَاتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ ج

'আরা-বি সাতুদ্'আওনা ইলা- ক্বাওমিন্ উলী বা'সিন্ শাদীদিন্ তুক্বা-তিলূনাহুম্ আও ইউস্‌লিমূনা,

অতিশীঘ্রই তোমরা নির্দেশ প্রাপ্ত হবে এমন এক জাতির সাথে যুদ্ধ করতে, যারা কঠোর যোদ্ধা। তোমরা (হয়) তাদের সাথে যুদ্ধ করবে অথবা তারা মুসলমান হয়ে যাবে।

فَإِنْ تُطِيعُوا يُؤْتِكُمُ اللّٰهُ أَجْرًا حَسَنًا ج وَإِنْ تَتَوَلَّوْا كَمَا تَوَلَّيْتُمْ مِنْ قَبْلُ

ফাইন্ তুত্বী'উ ইউ'তিকুমুল্লা-হু আজ্‌রান হ্বাসানান্, ওয়া ইন্ তাতাওয়াল্লাও কামা- তাওয়াল্লাইতুম্ মিন্ ক্বাব্‌লু

যদি তোমরা এ নির্দেশ মান্য কর, তবে আল্লাহ তোমাদেরকে উত্তম প্রতিদান দিবেন। আর যদি তোমরা (অমান্য করে) ফিরে যাও, যেভাবে এর পূর্বে ফিরে গিয়েছিলে,

يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا ⑰ لَيْسَ عَلَى الْأَعْمٰى حَرَجٌ وَلَا عَلَى الْأَعْرَجِ حَرَجٌ

ইউ'আয্‌যিব্‌কুম্ 'আযা-বান্ আলীমা-। ১৭। লাইসা 'আলাল্ 'আমা- হ্বারাজুওঁ ওয়ালা- 'আলাল্ 'আরাজ্বি হ্বারাজুওঁ

তবে তিনি তোমাদেরকে কষ্টদায়ক শাস্তি দিবেন। (১৭) যারা অন্ধ, খোড়া এবং রুগ্ন তাদের জন্য কোন পাপ নেই (যুদ্ধে অংশ গ্রহণ না করার জন্য)।

وَلَا عَلَى الْمَرِيضِ حَرَجٌ ط وَمَنْ يُطِعِ اللّٰهَ وَرَسُولَهٗ يُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِي مِنْ

ওয়ালা- 'আলাল্ মারীদ্বি হ্বারাজুন ; ওয়া মাইঁ ইউত্বি'ইল্লা-হা ওয়া রাসূলাহূ ইউদ্‌খিল্‌হু জ্বান্না-তিন তাজ্বরী মিন্

যে কেহ আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ মেনে চলবে, তাকে আল্লাহ প্রবেশ করাবেন এমন জান্নাতে, যার তলদেশে

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ ......الى مغانم - এখানে গনীমতের সম্পদ দ্বারা খয়বর যুদ্ধে প্রাপ্ত সম্পদকে বুঝান হয়েছে। হোদায়বিয়ার সন্ধির পরে যখন রাসূলুল্লাহ (স) খয়বরের যুদ্ধে রওয়ানা দেন, যে যুদ্ধের বিজয়ের সু-সংবাদ আল্লাহ তায়ালা হোদায়বিয়ার সময় রাসূলুল্লাহ (স)-কে জানিয়েছিলেন। তখন নির্দেশ হল যে, হোদায়বিয়ায় যারা উপস্থিত ছিলেন, তারাই একমাত্র এ যুদ্ধে অংশগ্রহণ করতে পারবে। যখন এ সিদ্ধান্ত হল, তখন হোদায়বিয়ার সময় গৃহে অবস্থানকারীরা, যুদ্ধে অংশগ্রহণের জন্য অনুমতি প্রার্থনা করে। কিন্তু তাদের প্রার্থনা মঞ্জুর করা হয়নি। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১৫) ঃ ان يبدلوا كلم الله - আল্লাহর বাণী দ্বারা বুঝান হয়েছে যে, খয়বরের গনীমতের মাল, হোদায়বিয়ায় যারা উপস্থিত ছিল তাদের জন্য নির্দিষ্ট করার প্রতিশ্রুতি। মুনাফিকরা তাতে (গনীমতে) শরীক হয়ে আল্লাহর কালাম অর্থাৎ তাঁর প্রতিশ্রুতি পরিবর্তন করতে চেয়েছিল। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ১৬) ঃ الى قوم اولى باس - কোন তফসীরকার বলেন, এখানে আরবের কতিপয় গোত্রের কথা বলা হয়েছে। যাদের সাথে হোনায়ন নামক স্থানে মুসলমানদের সাথে যুদ্ধ হয়েছে। কেহ বলেন, মূসায়লামা কাজ্জাবের অনুসারীদেরকে বুঝান হয়েছে। কেহ বলেন, পারস্য ও রোমের পৌত্তলিক ও খৃষ্টানদেরকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

○ শানে নুযূল (আঃ ১৭) ঃ ليس على ....حرج - যুদ্ধে অংশগ্রহণ না করার শাস্তির কথা শুনে, অক্ষম ও দুর্বল মুসলমানগণ ভীত হয়ে পড়ে। তারা বলে যে, আমরা অক্ষমতার কারণে যুদ্ধে অংশগ্রহণ করতে পারব না। আমাদের কি অবস্থা হবে? এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ وَمَنْ يَّتَوَلَّ يُعَذِّبْهُ عَذَابًا اَلِيْمًا ⑱ لَقَدْ رَضِيَ اللّٰهُ عَنِ

তাহ্তিহাল্ আন্হা-রু, ওয়া মাই ইয়াতাওয়াল্লা ইউ'আয্যিব্হু 'আযা-বান আলীমা- । ১৮ । লাক্বাদ্ রাদ্বিয়াল্লা-হু 'আনিল্

নহর প্রবাহিত । আর যে (আল্লাহর নির্দেশ হতে) মুখ ফিরায়ে থাকবে, তিনি তাদের কষ্টদায়ক শাস্তি দিবেন । (১৮) নিশ্চয়ই আল্লাহ

ع ১০ রুকু

চতুর্থাংশ ◑

الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِيْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ

মু'মিনীনা ইয্ ইউবা-ই'উনাকা তাহ্তাশ্ শাজ্বারাতি ফা'আলিমা মা-ফী ক্বুলূবিহিম্ ফাআন্যালাস্

মুমিনগণের প্রতি খুশী হয়েছেন যখন তারা বৃক্ষের তলায় বসে আপনার কাছে বায়াত হয়েছিল । তাদের অন্তরে যা ছিল, তা তিনি অবগত ছিলেন । অতঃপর আল্লাহ তাদের

السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَاَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا ⑲ وَّمَغَانِمَ كَثِيْرَةً يَّاْخُذُوْنَهَا ؕ

সাকীনাতা 'আলাইহিম ওয়া আছা-বাহুম ফাত্হান্ ক্বারীবা- । ১৯ । ওয়া মাগা-নিমা কাছীরাতাই ইয়া'খুযূনাহা-;

ওপর সান্ত্বনা প্রদান করলেন এবং প্রতিদান (স্বরূপ) দিলেন তাদেরকে অতি নিকটতম একটি বিজয় । (১৯) এবং বিপুল পরিমাণ গনীমতের মাল, যা তারা অর্জন করবে,

وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ⑳ وَعَدَكُمُ اللّٰهُ مَغَانِمَ كَثِيْرَةً تَاْخُذُوْنَهَا فَعَجَّلَ

ওয়া কা-নাল্লা-হু 'আযীযান্ হ্বাকীমা- । ২০ । ওয়া'আদাকুমুল লা-হু মাগা-নিমা কাছীরাতান্ তা'খুযূনাহা- ফা'আজ্বজ্বালা

আল্লাহ মহা প্রভাবশালী, মহাবিজ্ঞ । (২০) আল্লাহ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন প্রচুর গনীমতের মালের, যা তোমরা অর্জন করবে । এগুলো তোমাদেরকে তিনি

لَكُمْ هٰذِهٖ وَكَفَّ اَيْدِيَ النَّاسِ عَنْكُمْ ۚ وَلِتَكُوْنَ اٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ

লাকুম্ হা-যিহী ওয়া কাফ্ফা আইদিয়ান্ না-সি 'আন্কুম্, ওয়া লিতাকূনা আ-ইয়াতাল্ লিল্মু'মিনীনা

অতি দ্রুত দান করেছিলেন এবং তিনি নিবৃত্ত করে ছিলেন তোমাদের থেকে শত্রুর হস্ত যাতে এটি মুমিনগণের জন্য একটি নিদর্শন হয়

وَيَهْدِيَكُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ㉑ وَّاُخْرٰى لَمْ تَقْدِرُوْا عَلَيْهَا قَدْ اَحَاطَ اللّٰهُ بِهَا ؕ

ওয়া ইয়াহ্দিয়াকুম্ স্বিরা-ত্বাম্ মুস্তাক্বীমা- । ২১ । ওয়া উখ্রা- লাম্ তাক্বদিরূ 'আলাইহা- ক্বাদ্ আহা-ত্বাল লা-হু বিহা-;

এবং আল্লাহ তোমাদেরকে সত্য পথে পরিচালিত করেন । (২১) এবং তোমাদের জন্য আরও (গনীমত) রয়েছে, যা এখন পর্যন্ত তোমাদের মালিকানায় আসেনি ।

وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرًا ㉒ وَلَوْ قٰتَلَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا لَوَلَّوُا الْاَدْبَارَ ثُمَّ

ওয়াকা-নাল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীরা- । ২২ । ওয়া লাও ক্বা-তালাকুমুল্ লাযীনা কাফারূ লাওয়াল্লাউল্ আদ্বা-রা ছুম্মা

আল্লাহ সেগুলো নিজ অধিকারে রেখে দিয়েছেন । আল্লাহ প্রতিটি বিষয়ে মহা ক্ষমতাবান । (২২) যদি তোমাদের সাথে কাফেররা যুদ্ধ করত, তবে অবশ্যই তারা পৃষ্ঠ প্রদর্শন করতঃ

لَا يَجِدُوْنَ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ㉓ سُنَّةَ اللّٰهِ الَّتِيْ قَدْ خَلَتْ مِنْ قَبْلُ ۚۖ وَلَنْ

লা- ইয়াজ্বিদূনা ওয়ালিয়্যাওঁ ওয়ালা- নাস্বীরা- । ২৩ । সুন্নাতাল্লা-হিল্ লাতী ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্লু, ওয়া লান্

ভেগে যেত । অতঃপর তারা কোন বন্ধু ও সাহায্যকারী পেত না । (২৩) আল্লাহর এ পদ্ধতি (ধারা), প্রথম থেকেই চলে আসছে । আর আপনি

○ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ لقد رضی الله...... - হোদায়বিয়া নামক স্থানে যখন কাফেরেরা রাসূলুল্লাহ (স) মক্কা যেতে বাধা দেয়, তখন রাসূলুল্লাহ (স) হযরত ওসমানকে (রা) কাফির নেতৃবৃন্দের সাথে আলোচনার জন্য মক্কায় প্রেরণ করেন । কাফেররা হযরত ওসমানের (রা) মক্কায় গৃহবন্দী করে রাখে । মুসলমান শিবিরে তাঁর শাহাদতের খবর ছড়িয়ে পড়লে, হযরত ওসমানের (রা) শাহাদতের প্রতিশোধ নেয়ার জন্য হোদায়বিয়ায় উপস্থিত ১৫০০ (পনের শত) সাহাবী রাসূলুল্লাহ (স) হাতে এ বলে প্রতিজ্ঞা (ব'য়াত) করেন যে, 'আমরা কুরায়শদের সাথে যুদ্ধ করব এবং আমরা যুদ্ধের ময়দান থেকে পিছ পা হবনা । হযরত যাবের (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (স) বলেন, যারা আজ এ বৃক্ষের নিচে বয়াত (প্রতিজ্ঞাবদ্ধ) হয়েছে, তারা কেউই জাহান্নামে যাবে না এবং এ বয়াতকে 'বয়াতে রিদওয়ান' (সন্তুষ্টির প্রতিজ্ঞা) এজন্য বলা হয় যে, হোদায়বিয়ায় যারা বয়াত হয়েছে তাদের প্রতি আল্লাহ সন্তুষ্ট । (তাঃ কাদেরী)

تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبْدِيْلًا ㉔ وَهُوَ الَّذِيْ كَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ وَاَيْدِيَكُمْ عَنْهُمْ

(٥٣) مُتَّكِـِٕيْنَ عَلٰى فُرُشٍۢ بَطَاۤىِٕنُهَا مِنْ اِسْتَبْرَقٍ ؕ وَجَنَا الْجَنَّتَيْنِ دَانٍ (٥٤) فَبِاَيِّ اٰلَاۤءِ

৫৪। মুত্তাকিঈনা 'আলা- ফুরুশিম্ বাত্বা—ইনুহা- মিন্ ইস্তাব্রাক্বিন ; ওয়া জ্বানাল্ জ্বান্নাতাইনি দা-ন্। ৫৫। ফাবিআইয়্যি আ-লা—ই
(৫৪) সেখানে জান্নাতীগণ এমন বিছানায় হেলান দিয়ে বসবে, যার ভিতরের অংশ হবে কারুকার্য খচিত রেশমী বিশিষ্ট এবং এ দুটি জান্নাতের
ফলসমূহ থাকবে তাদের অতি নিকটে। (৫৫) সুতরাং তোমরা তোমাদের

○ বিশ্লেষণ (আঃ ৪৬) ঃ جنتين - দু জান্নাত। হাদীস শরীফে বর্ণিত "দু উদ্যান (জান্নাত) রৌপ্যের হবে, যার আসবাব পত্র সব রৌপ্যের থাকবে এবং দু উদ্যান (জান্নাত) স্বর্ণের হবে। যার আসবাবপত্র সব স্বর্ণের থাকবে। কেউ বলেন, স্বর্ণের উদ্যান, বিশেষ মুমিনগণের জন্য এবং রৌপ্যের উদ্যান সাধারণ মুমিনগণের জন্য। (ইবন কাসীর) ○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ فاكهة زوجن - অর্থাৎ স্বাদের দিক দিয়ে দু ধরনের হবে। কেউ বলেন– এক ধরনের ফল হবে, তরু তাজা। আর এক ধরনের ফল হবে শুষ্ক। (কুঃ কারীম)

رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٥٦) فِيْهِنَّ قٰصِرٰتُ الطَّرْفِ لَمْ يَطْمِثْهُنَّ اِنْسٌ قَبْلَهُمْ وَلَا

রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৫৬। ফীহিন্না ক্বা-স্বিরা-তুত্ব ত্বারফি লাম্‌ ইয়াত্বমিছ্‌হুন্না ইন্‌সুন ক্বাব্‌লাহুম্‌ ওয়ালা-
রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৫৬) সেখানে থাকবে বহু দৃষ্টি অবনত হুর, যাদেরকে এর পূর্বে স্পর্শ করেনি কোন মানুষ এবং

جَآنٌّ (٥٧) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٥٨) كَاَنَّهُنَّ الْيَاقُوْتُ وَالْمَرْجَانُ (٥٩) فَبِاَيِّ

জ্বা—ন্নুন। ৫৭। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৫৮। কাআন্নাহুন্নাল্‌ ইয়া-ক্বূতু ওয়াল্‌ মার্‌জ্বা-ন। ৫৯। ফাবিআইয়্যি
জ্বীন। (৫৭) সুতরাং তোমরা তোমাদের প্রতিপালকের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৫৮) দেখলে মনে হবে যেন, তারা নীলকান্ত মনি এবং মুক্তাদানা। (৫৯) তোমরা

اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٦٠) هَلْ جَزَآءُ الْاِحْسَانِ اِلَّا الْاِحْسَانُ (٦١) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا

আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৬০। হাল্‌ জ্বাযা—উল্‌ ইহ্‌সা-নি ইল্লাল্‌ ইহ্‌সা-ন। ৬১। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা-
তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৬০) উত্তম কাজের জন্য উত্তম প্রতিদান ব্যতীত আর কি হতে পারে? (৬১) সুতরাং তোমরা তোমাদের রবের কোন

تُكَذِّبٰنِ (٦٢) وَمِنْ دُوْنِهِمَا جَنَّتٰنِ (٦٣) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٦٤) مُدْهَآمَّتٰنِ ○

তুকায্‌যিবা-ন। ৬২। ওয়া মিন্‌ দূনিহিমা- জ্বান্নাতা-ন। ৬৩। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৬৪। মুদ্‌হা—ম্মাতা-ন।
নেয়ামতকে অস্বীকার করবে? (৬২) এবং এ দুটি জান্নাত ব্যতীত আরও দুটি জান্নাত রয়েছে। (৬৩) সুতরাং তোমরা তোমাদের রবের কোন
নেয়ামতকে অস্বীকার করবে? (৬৪) যে দুটি ঘনসবুজ রং এর।

(٦٥) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٦٦) فِيْهِمَا عَيْنٰنِ نَضَّاخَتٰنِ (٦٧) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا

৬৫। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৬৬। ফীহিমা- 'আইনা-নি নায্‌যা-খাতা-ন। ৬৭। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা-
(৬৫) সুতরাং তোমরা তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৬৬) এ দুটি জান্নাতে রয়েছে, দুটি উদ্বেলিত প্রস্রবণ, (৬৭) তোমরা তোমাদের রবের কোন

تُكَذِّبٰنِ (٦٨) فِيْهِمَا فَاكِهَةٌ وَّنَخْلٌ وَّرُمَّانٌ (٦٩) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٧٠) فِيْهِنَّ

তুকায্‌যিবা-ন। ৬৮। ফীহিমা- ফা-কিহাতুঁও ওয়া নাখ্‌লুঁও ওয়া রুম্মা-ন। ৬৯। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৭০। ফীহিন্না
নেয়ামতকে অস্বীকার করবে? (৬৮) সেখানে রয়েছে ফল, খেজুর এবং ডালিম। (৬৯) তোমরা তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৭০) সেখানে রয়েছে

خَيْرٰتٌ حِسَانٌ (٧١) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٧٢) حُوْرٌ مَّقْصُوْرٰتٌ فِي الْخِيَامِ ○

খাইরা-তুন হিসা-ন। ৭১। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৭২। হূরুম্‌ মাক্বস্বূরা-তুন্‌ ফিল্‌ খিয়া-ম।
উত্তম চরিত্রের সুন্দরীগণ। (৭১) সুতরাং তোমরা তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৭২) হুরগণ তাঁবুতে সুরক্ষিত।

(٧٣) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٧٤) لَمْ يَطْمِثْهُنَّ اِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَآنٌّ ○

৭৩। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন ৭৪। লাম্‌ ইয়াত্বমিছ্‌হুন্না ইন্‌সুন্‌ ক্বাব্‌লাহুম্‌ ওয়ালা- জ্বা—ন্নুন্‌।
(৭৩) সুতরাং তোমরা তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৭৪) তাদেরকে ইতিপূর্বে কোন মানুষ এবং জ্বীন স্পর্শ করেনি।

○ টীকা (আঃ ৫৬) ঃ নারীর আসল সৌন্দর্য হচ্ছে নির্লজ্জ না হওয়া এবং তার চক্ষুতে লজ্জা থাকা। এই কারণে আল্লাহ তায়ালার জান্নাতের নেয়ামতসমূহের মধ্যে নারীর উল্লেখ করতে গিয়ে সর্বপ্রথম তার রূপ ও সৌন্দর্যের নয় বরং তার লজ্জাশীলতা ও সতীত্বের প্রশংসা করেছেন। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৭২) ঃ فى الخيام – রাসূলুল্লাহ (সঃ) বলেন, জান্নাতে ক্ষেতির তাবু হবে। যার প্রস্থ হবে ৬০ মাইল। তার প্রতিটিতে জান্নাতীগণের সহধর্মিণী (হুরগণ) থাকবে, এক কোণা থেকে অন্য কোণা দেখা যাবে না। মুমিনগণ সেখানে ঘোরা ফেরা করবেন। (কুঃ করীম)

(٧٥) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٧٦) مُتَّكِـِٕيْنَ عَلٰى رَفْرَفٍ خُضْرٍ وَّعَبْقَرِيٍّ حِسَانٍ ○

৭৫। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন। ৭৬। মুত্তাকিঈনা 'আলা-রাফ্‌রাফিন্‌ খুদ্বরিঁও ওয়া 'আব্‌ক্বারিইয়্যিন্‌ হিসা-ন্‌।
(৭৫) সুতরাং তোমরা তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৭৬) তারা হেলান দিয়ে বসবে সবুজ নরম গদিতে এবং সুন্দর বিছানায়।

(٧٧) فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ (٧٨) تَبٰرَكَ اسْمُ رَبِّكَ ذِي الْجَلٰلِ وَالْاِكْرَامِ ○

রুকু ১৩ ৩

৭৭। ফাবিআইয়্যি আ-লা—ই রাব্বিকুমা- তুকায্‌যিবা-ন ৭৮। তাবা-রাকাস্‌মু রাব্বিকা যিল্‌ জ্বালা-লি ওয়াল্‌ ইকরা-ম।
(৭৭) হে জ্বীন ও মানুষ! তোমরা তোমাদের রবের কোন নেয়ামতকে অস্বীকার করবে? (৭৮) তোমার রবের নাম কত মর্যাদা সম্পন্ন, যিনি মহোত্তম এবং অতি সম্মানিত।

সূরা ওয়া-ক্বি'আহ্‌
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৯৬
রুকূ ঃ ৩

(١) اِذَا وَقَعَتِ الْوَاقِعَةُ (٢) لَيْسَ لِوَقْعَتِهَا كَاذِبَةٌ (٣) خَافِضَةٌ رَّافِعَةٌ (٤) اِذَا

م ওয়াক্‌ফে লাযেম

১। ইযা- ওয়াক্বা'আতিল্‌ ওয়া-ক্বি'আহ। ২। লাইসা লিওয়াক্ব'আতিহা- কা-যিবাহ। ৩। খা-ফিদ্বাতুর রা-ফি'আতুন। ৪। ইযা-
(১) শ্রবণ কর! যেদিন মহা প্রলয় ঘটে যাবে, (২) যা সংঘটনে কোন মিথ্যা নেই। (৩) এ (দিবস) কাউকে করবে নীচু, কাউকে করবে শ্রেষ্ঠ, (৪) যখন

رُجَّتِ الْاَرْضُ رَجًّا (٥) وَّبُسَّتِ الْجِبَالُ بَسًّا (٦) فَكَانَتْ هَبَآءً مُّنْۢبَثًّا ○

রুজ্জাতিল্‌ আর্‌দ্বু রাজ্জাঁও। ৫। ওয়া বুস্‌সাতিল্‌ জ্বিবা-লু বাস্‌সা-। ৬। ফাকা-নাত হাবা—আম্‌ মুম্‌বাছ্‌ছা-।
পৃথিবী কম্পিত হবে প্রবল বেগে। (৫) এবং পাহাড়গুলো একেবারে চূর্ণবিচূর্ণ হয়ে যাবে। (৬) যাতে তা (পাহাড়গুলো) পরিণত হবে বিক্ষিপ্ত ধূলিকণায়,

(٧) وَّكُنْتُمْ اَزْوَاجًا ثَلٰثَةً (٨) فَاَصْحٰبُ الْمَيْمَنَةِ مَآ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ○

৭। ওয়া কুন্‌তুম আয্‌ওয়া-জ্বান্‌ ছালা-ছাহ। ৮। ফাআস্বহা-বুল্‌ মাইমানাতি মা~আস্বহা-বুল মাইমানাহ।
(৭) এবং তোমরা তিন দলে বিভিক্ত হবে। (৮) অতঃপর যারা ডান দিকের লোক, কতই ভাগ্যবান ডান দিকের লোকেরা।

(٩) وَاَصْحٰبُ الْمَشْـَٔمَةِ مَآ اَصْحٰبُ الْمَشْـَٔمَةِ (١٠) وَالسّٰبِقُوْنَ السّٰبِقُوْنَ ○

৯। ওয়া আস্বহা-বুল্‌ মাশ্‌আমাতি মা~আস্বহা-বুল মাশ্‌আমাহ্‌। ১০। ওয়াস্‌ সা-বিক্বূনাস্‌ সা-বিক্বূন।
(৯) আর বাম দিকের লোক, কত দুর্ভাগ্যবান। (১০) অগ্রগামীগণই অগ্রগামী।

(١١) اُولٰٓئِكَ الْمُقَرَّبُوْنَ (١٢) فِيْ جَنّٰتِ النَّعِيْمِ (١٣) ثُلَّةٌ مِّنَ الْاَوَّلِيْنَ (١٤) وَقَلِيْلٌ مِّنَ

১১। উলা—ইকাল্‌ মুক্বার্‌রাবূন্‌। ১২। ফী জ্বান্না-তিন্‌ না'ঈম। ১৩। ছুল্লাতুম্‌ মিনাল্‌ আওয়্যালীন। ১৪। ওয়া ক্বালীলুম্‌ মিনাল্‌
(১১) তারাই সান্নিধ্য প্রাপ্ত। (১২) স্থায়ী জান্নাতে। (১৩) সেখানে অধিক সংখ্যক হবে, পূর্ববর্তীদের মধ্য হতে। (১৪) এবং কম সংখ্যক হবে,

---

○ বিশ্লেষণ (আঃ ৯) ঃ اصحب المشئمة - সেসব কাফিরদেরকে বুঝান হয়েছে, কিয়ামতে যাদের আমলনামা বাম হাতে দেয়া হবে। তারা এতে খুবই বিষণ্ণ হবে এবং নিজকে দুর্ভাগ্যবান মনে করবে। (কুঃ করীম) ○ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ ثلة من الاولين - পূর্ববর্তী নবী (আ) গণের মধ্য হতে জান্নাতে অধিক সংখ্যক হবে এবং পরবর্তী অর্থাৎ রাসূলুল্লাহ (সা)-এর উম্মতগণের সংখ্যা কম হবে। এখানে তাদের সংখ্যার কথা বলা হয়েছে, যারা তাদের নবীকে স্বচক্ষে দেখেছেন এবং তাদের খেদমতে গিয়ে ঈমান এনেছেন। পূর্ববর্তী নবীগণের (আ) সব উম্মত এখানে বুঝান হয়নি। কেননা সে হিসেবে শেষ নবী রাসূলুল্লাহ (সা)-এর উম্মতগণই বেশি হবেন। হাদীস শরীফে বর্ণিত, রাসূলুল্লাহ (সা) বলেন, "জান্নাতীগণের একশত বিশটি সারি হবে। তার মধ্যে আশিটি সারি হবে আমার উম্মতের। আর বাকি সারি থাকবে আমার পূর্ববর্তী নবীগণের (আ) উম্মতগণের। (তাঃ কাদেরী)

الْاٰخِرِيْنَ (١٤) عَلٰى سُرُرٍ مَّوْضُوْنَةٍ (١٥) مُّتَّكِـِٔيْنَ عَلَيْهَا مُتَقٰبِلِيْنَ (١٦) يَطُوْفُ عَلَيْهِمْ
আ-খিরীন। ১৫। 'আলা- সুরুরিম্ মাওদ্বূনাতিন্ ১৬। মুত্তাকিঈনা 'আলাইহা- মুতাক্বা-বিলীন। ১৭। ইয়াত্বূফু 'আলাইহিম্
পরবর্তীদের মধ্য হতে। (১৫) তারা (জান্নাতে) স্বর্ণ জড়িত আসনে (১৬) হেলান দিয়ে একে অপরের দিকে মুখ করে বসবে, (১৭) তাদের চারপাশে

وِلْدَانٌ مُّخَلَّدُوْنَ (١٧) بِاَكْوَابٍ وَّاَبَارِيْقَ ۙ وَكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ (١٨) لَّا يُصَدَّعُوْنَ
ওয়িলদা-নুম্ মুখাল্লাদূন। ১৮। বিআক্ওয়া-বিওঁ ওয়া আবা-রীক্বা, ওয়া কা'সিম্ মিম্ মা'ঈন। ১৯। লা- ইউস্বাদ্দা'ঊনা
ঘোরা ফেরা করবে চির কিশোর বালকেরা (১৮) পান পাত্র ও শরাব পরিপূর্ণ পাত্র নিয়ে। (১৯) যা পানে মাথা ব্যথায় আক্রান্তও হবে না

عَنْهَا وَلَا يُنْزِفُوْنَ (١٩) وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُوْنَ (٢٠) وَلَحْمِ طَيْرٍ مِّمَّا يَشْتَهُوْنَ °
'আন্হা- ওয়ালা- ইউন্যিফূন। ২০। ওয়া ফা-কিহাতিম্ মিম্মা- ইয়াতাখাইয়ারূন। ২১। ওয়া লাহ্মি ত্বাইরিম মিম্মা- ইয়াশ্তাহূন।
এবং চেতনাও হারাবে না (২০) এবং তাদের মনঃপূত ফলসমূহ নিয়ে (২১) এবং তাদের অভিপ্রেত পাখির গোশ্ত নিয়ে।

(٢١) وَحُوْرٌ عِيْنٌ (٢٢) كَاَمْثَالِ اللُّؤْلُؤِ الْمَكْنُوْنِ (٢٣) جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ (٢٤) لَا يَسْمَعُوْنَ
২২। ওয়া হূরুন 'ঈন। ২৩। কাআম্ছা-লিল্ লু'লুওয়িল্ মাক্নূন। ২৪। জ্বাযা—আম্ বিমা- কা-নূ ইয়া'মালূন্। ২৫। লা- ইয়াস্মা'ঊনা
(২২) আর তাদের জন্য (জান্নাতে থাকবে) দৃষ্টি অবনতকারী হূর, (২৩) যা আচ্ছাদিত মুক্তার মত, (২৪) এসব পাবে তাদের (নেক) কাজের প্রতিদানস্বরূপ। (২৫) সেখানে তারা

فِيْهَا لَغْوًا وَّلَا تَاْثِيْمًا (٢٥) اِلَّا قِيْلًا سَلٰمًا سَلٰمًا (٢٦) وَاَصْحٰبُ الْيَمِيْنِ ۙ مَآ اَصْحٰبُ
ফীহা- লাগ্ওয়াওঁ ওয়ালা- তা'ছীমা-। ২৬। ইল্লা- ক্বীলান্ সালা-মান্ সালা-মা-। ২৭। ওয়া আস্বহা-বুল্ ইয়ামীনি মা~আস্বহা-বুল্
শোনবে না কোন প্রকার নিরর্থক কথা এবং পাপ জনিত বাক্য। (২৬) শুধু তারা শোনবে সালাম, আর সালাম আওয়াজ। (২৭) আর ডানদিকের লোকগণ,

الْيَمِيْنِ (٢٧) فِيْ سِدْرٍ مَّخْضُوْدٍ (٢٨) وَّطَلْحٍ مَّنْضُوْدٍ (٢٩) وَّظِلٍّ مَّمْدُوْدٍ (٣٠) وَّمَآءٍ
ইয়ামীন। ২৮। ফী সিদ্রিম্ মাখ্দ্বূদ্ ২৯। ওয়া ত্বাল্হিম্ মান্দ্বূদ্। ৩০। ওয়া জিল্লিম্ মাম্দূদ্। ৩১। ওয়া মা—ইম্
কত সৌভাগ্যবান। (২৮) তারা থাকবে কাঁটাবিহীন কুল বৃক্ষের নিচে, (২৯) এবং (তাদের কাছে থাকবে) সারিবদ্ধ কলা গাছ। (৩০) এবং বিস্তৃত ছায়া, (৩১) এবং

مَّسْكُوْبٍ (٣١) وَّفَاكِهَةٍ كَثِيْرَةٍ (٣٢) لَّا مَقْطُوْعَةٍ وَّلَا مَمْنُوْعَةٍ (٣٣) وَّفُرُشٍ مَّرْفُوْعَةٍ °
মাস্কূবিওঁ ৩২। ওয়া ফা-কিহাতিন্ কাছীরাতিল ৩৩। লা- মাক্বতূ'আতিওঁ ওয়ালা- মাম্নূ'আতিওঁ ৩৪। ওয়া ফুরুশিম্ মার্ফূ'আহ্।
প্রবাহিত পানি, (৩২) এবং অধিক পরিমাণ ফলমূল। (৩৩) যা শেষ হবে না এবং যা খেতে বারণ করাও হবে না। (৩৪) এবং (তাদের জন্য থাকবে) উচ্চ বিছানা,

(٣٤) اِنَّآ اَنْشَاْنٰهُنَّ اِنْشَآءً (٣٥) فَجَعَلْنٰهُنَّ اَبْكَارًا (٣٦) عُرُبًا اَتْرَابًا (٣٧) لِّاَصْحٰبِ الْيَمِيْنِ °
৩৫। ইন্না~আন্শা'না-হুন্না ইন্শা—আন ৩৬। ফাজ্বা'আলনা-হুন্না আব্কা-রা-। ৩৭। 'উরুবান্ আত্রা-বাল ৩৮। লিআস্বহা-বিল্ ইয়ামীন।
(৩৫) আমি তাদেরকে (হূরগণকে) এক বিশেষরূপে সৃষ্টি করেছি। (৩৬) তাদেরকে আমি করেছি কুমারী, (৩৭) আকর্ষণীয় ও সমবয়সী, (৩৮) ডান পার্শ্বের লোকদের জন্য।

○ **টীকা (আঃ ২৬) ঃ** যেমন, আল্লাহ্ তা'আলা বলেছেন, "আর ফেরেশতাগণ আস্সালামু আলাইকুম বলে বেহেশতীদের নিকট প্রত্যেক দরজা দিয়ে প্রবেশ করবে।" আর বলেছেন, সর্বদিক হতে তাদেরকে তথায় 'সালাম' করা হবে। এতে বুঝা যায়, ফেরেশতাকুল তাদেরকে সম্মান করবেন। (বঃ কোঃ) ○ **টীকা (আঃ ৩৪) ঃ** কেননা, বিছানাগুলো খুব উঁচু স্তরে বিছানো থাকবে। আর বেহেশ্তে আনন্দে জীবন যাপনের স্থান। তার সুখময় জীবন স্ত্রীলোক ভিন্ন পূর্ণ হয় না। কাজেই যাবতীয় আনন্দের সামগ্রীর মধ্যে স্ত্রীলোকও রয়েছে। এস্থলে স্ত্রী লোকগণ বলতে হূরগণ এবং পৃথিবীর স্ত্রীগণ উভয়ই উদ্দেশ্য। (বঃ কোঃ)

(٣٨) ثُلَّةٌ مِّنَ الْاَوَّلِيْنَ (٣٩) وَثُلَّةٌ مِّنَ الْاٰخِرِيْنَ (٤٠) وَاَصْحٰبُ الشِّمَالِ ۙ مَآ اَصْحٰبُ
৩৯। ছুল্লাতুম্ মিনাল্ আওয়্যালীন। ৪০। ওয়া ছুল্লাতুম্ মিনাল্ আ-খিরীন। ৪১। ওয়া আস্বহা-বুশ্ শিমা-লি মা~আস্বহা-বুশ
(৩৯) তাদের অনেক দল হবে পূর্ববর্তীদের মধ্য হতে, (৪০) এবং অনেক দল হবে পরবর্তীদের মধ্য হতে, (৪১) আর বাম পার্শ্বের লোকজন, কত দুর্ভাগ্যবান

الشِّمَالِ (٤١) فِيْ سَمُوْمٍ وَّحَمِيْمٍ (٤٢) وَّظِلٍّ مِّنْ يَّحْمُوْمٍ (٤٣) لَّا بَارِدٍ وَّلَا كَرِيْمٍ °
শিমা-ল। ৪২। ফী সামূমিওঁ ওয়া হ্বামীম। ৪৩। ওয়া জিল্লিম্ মিইঁ ইয়াহ্মূম ৪৪। লা-বা-রিদিওঁ ওয়ালা- কারীম।
বাম পার্শ্বের লোকেরা। (৪২) তারা থাকবে, উত্তপ্ত বায়ু এবং ফুটন্ত পানিতে, (৪৩) এবং উত্তপ্ত অগ্নির ছায়ায়। (৪৪) যা শীতলও নয় এবং তৃপ্তিদায়কও নয়।

(٤٤) اِنَّهُمْ كَانُوْا قَبْلَ ذٰلِكَ مُتْرَفِيْنَ (٤٥) وَكَانُوْا يُصِرُّوْنَ عَلَى الْحِنْثِ الْعَظِيْمِ °
৪৫। ইন্নাহুম ক্বা-নূ ক্বাব্লা যা-লিকা মুত্রাফীন। ৪৬। ওয়া কা-নূ ইউস্বির্রূনা 'আলাল্ হ্বিন্ছিল্ 'আজীম।
(৪৫) এর পূর্বে তারা (বাম পার্শ্বের লোকেরা) তো ছিল, (পার্থিব) বিলাসিতার মধ্যে। (৪৬) এবং তারা নিয়োজিত ছিল, ভীষণ পাপের মধ্যে।

(٤٦) وَكَانُوْا يَقُوْلُوْنَ ۙ اَئِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ (٤٧) اَوَ
৪৭। ওয়া কা-নূ ইয়াক্বূলূনা আইযা- মিত্না- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইজা-মান্ আইন্না- লামাব্'উছূন। ৪৮। আওয়া
(৪৭) তারা বলত, আমরা মারা যাবার পরে যখন মাটি ও হাড্ডি হয়ে যাব, তারপরেও কি আমাদের পুনরায় (জীবিত করে) উঠানো হবে? (৪৮) এবং

اٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ (٤٨) قُلْ اِنَّ الْاَوَّلِيْنَ وَالْاٰخِرِيْنَ (٤٩) لَمَجْمُوْعُوْنَ ۙ اِلٰى مِيْقَاتِ
আ-বা—উনাল্ আওয়্যালূন। ৪৯। কুল্ ইন্নাল্ আওয়্যালীনা ওয়াল্ আ-খিরীন। ৫০। লামাজ্মূ'উনা ইলা- মীক্বা-তি
(উঠানো হবে) আমাদের পিতৃ পুরুষগণকেও? (৪৯) আপনি (তাদেরকে) বলুন, পূর্ববর্তী ও পরবর্তীদেরকে (৫০) অবশ্যই একত্রিত করা হবে,

يَوْمٍ مَّعْلُوْمٍ (٥٠) ثُمَّ اِنَّكُمْ اَيُّهَا الضَّآلُّوْنَ الْمُكَذِّبُوْنَ (٥١) لَاٰكِلُوْنَ مِنْ شَجَرٍ مِّنْ
ইয়াওমিম মা'লূম। ৫১। ছুম্মা ইন্নাকুম্ আয়্যুহাদ্ব দ্বা—ল্লূনাল মুকায্যিবূন। ৫২। লাআ-কিলূনা মিন্ শাজ্বারিম্ মিন্
নির্ধারিত দিবসের নির্ধারিত সময়ে। (৫১) অতঃপর, হে পথভ্রষ্ট অবিশ্বাসীরা; (৫২) তোমরা অবশ্যই ভক্ষণ করবে

زَقُّوْمٍ (٥٢) فَمَالِـُٔوْنَ مِنْهَا الْبُطُوْنَ (٥٣) فَشٰرِبُوْنَ عَلَيْهِ مِنَ الْحَمِيْمِ (٥٤) فَشٰرِبُوْنَ
যাক্বকূম। ৫৩। ফামা-লিঊনা মিন্হাল্ বুতুন। ৫৪। ফাশা-রিবূনা 'আলাইহি মিনাল্ হামীম। ৫৫। ফাশা-রিবূনা
যাক্কুম বৃক্ষ, (৫৩) এবং তা দ্বারা তোমরা উদর পরিপূর্ণ করবে, (৫৪) অতঃপর তোমরা পান করবে, গরম পানি। (৫৫) তাও পান করবে, অতিশয় তৃষ্ণার্ত উটের

شُرْبَ الْهِيْمِ (٥٥) هٰذَا نُزُلُهُمْ يَوْمَ الدِّيْنِ (٥٦) نَحْنُ خَلَقْنٰكُمْ فَلَوْلَا تُصَدِّقُوْنَ °
শুর্বাল্ হীম। ৫৬। হা-যা- নুযুলুহুম ইয়াওমাদ্দীন। ৫৭। নাহ্নু খালাক্বনা-কুম ফালাওলা- তুস্বাদ্দিকূন।
ন্যায়। (৫৬) কিয়ামতের দিন, তাদের আতিথেয়তার খাবার হবে এগুলোই। (৫৭) আমিই তো তোমাদেরকে (প্রথমে) সৃষ্টি করেছি, তবে কেন তোমরা (পুনরুত্থানে) বিশ্বাস করছ না?

○ **টীকা (আঃ ৪০) ঃ** ডান দিকওয়ালা অর্থাৎ, সাধারণ মু'মেনের সংখ্যা হুযূরের (সা) উম্মতদের মধ্যে অধিক হবে। হাদীসেও এরূপ বর্ণিত আছে যে, পূর্ববর্তী সমস্ত নবীর উম্মতদের সমষ্টি হতে হুযূরের (সা) উম্মতের সমষ্টি অধিক হবে। (বঃ কোঃ) ○ **টীকা (আঃ ৫৬) ঃ** অর্থাৎ, দোযখীদের যখন তীব্র ক্ষুধাবোধ হবে এবং দোযখে যাক্কুম ছাড়া অন্য কোন খাদ্য থাকবে না, তখন তাদেরকে তাই খেতে দেয়া হবে। তারাও ক্ষুধার তাড়নায় তাই পেট ভরে খাবে। এই খাদ্য খাওয়ার পরে পিপাসা এত বৃদ্ধি পাবে যে, তাদের সম্মুখে ফুটন্ত পানি উপস্থিত করা হলে কয়েক দিনের পিপাসার্ত উটনীর ন্যায় তাই পান করবে। নাড়ীভুঁড়ি পুড়ে যাবে কিন্তু পিপাসার নিবৃত্তি হবে না। (মুঃ কোঃ)

﴿٥٨﴾ اَفَرَءَيْتُمْ مَّا تُمْنُوْنَ ﴿٥٩﴾ ءَاَنْتُمْ تَخْلُقُوْنَهٗۤ اَمْ نَحْنُ الْخٰلِقُوْنَ ﴿٦٠﴾ نَحْنُ قَدَّرْنَا

৫৮। আফারাআইতুম্ মা- তুমনূন। ৫৯। আ আন্‌তুম্ তাখলুক্বূনাহূ~আম্ নাহ্নুল্ খা-লিক্বূন। ৬০। নাহ্নু ক্বাদ্দার্‌না-

(৫৮) তোমরা কি চিন্তা করেছ, তোমাদের বীর্যের ফোঁটা সম্পর্কে? (৫৯) তবে কি তোমরাই তা (মাতৃগর্ভে পৌছায়ে সন্তান) সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি? (৬০) আমিই তোমাদের

بَيْنَكُمُ الْمَوْتَ وَمَا نَحْنُ بِمَسْبُوْقِيْنَ ﴿٦١﴾ عَلٰۤى اَنْ نُّبَدِّلَ اَمْثَالَكُمْ وَنُنْشِئَكُمْ

বাইনাকুমুল্ মাওতা ওয়ামা- নাহ্নু বিমাস্‌বূক্বীন। ৬১। 'আলা~আন্ নুবাদ্দিলা আম্‌ছা-লাকুম্ ওয়া নুন্‌শিআকুম্

মাঝে মৃত্যু নির্দিষ্ট করে দিয়েছি এবং আমি এতে অপারগ নই, (৬১) যে, আমি তোমাদের স্থানে তোমাদের অনুরূপ (লোক) আনয়ন করতে এবং তোমাদের চেহারা এমন করে

فِيْ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٢﴾ وَلَقَدْ عَلِمْتُمُ النَّشْاَةَ الْاُوْلٰى فَلَوْلَا تَذَكَّرُوْنَ ﴿٦٣﴾ اَفَرَءَيْتُمْ

ফী মা-লা- তা'লামূন। ৬২। ওয়া লাক্বাদ্ 'আলিম্‌তুমুন্ নাশ্‌আতাল্ উলা- ফালাওলা- তাযাক্কারূন। ৬৩। আফারাআইতুম্

দিতে পারি যা তোমরা জান না। (৬২) তোমরা তো জান (আমার) প্রথম সৃষ্টি সম্পর্কে, (এরপরেও) কেন তোমরা চিন্তা করছ না? (৬৩) তোমরা কি চিন্তা করেছ, তোমরা

مَّا تَحْرُثُوْنَ ﴿٦٤﴾ ءَاَنْتُمْ تَزْرَعُوْنَهٗۤ اَمْ نَحْنُ الزّٰرِعُوْنَ ﴿٦٥﴾ لَوْ نَشَآءُ لَجَعَلْنٰهُ حُطَامًا

মা- তাহ্‌রুছূন। ৬৪। আ আন্‌তুম্ তায্‌রা'ঊনাহূ~আম্ নাহ্নুয্ যা-রি'ঊন। ৬৫। লাও নাশা—উ লাজা'আল্‌না-হু হুত্বা-মান্

(যমীনে) যে চাষ করছ সে সম্পর্কে? (৬৪) তোমরা কি তাতে উৎপন্ন কর, না আমি উৎপন্ন করি? (৬৫) আমি যদি ইচ্ছা করি, তবে আমি তা চূর্ণ বিচূর্ণ করে দিতে পারি। তখন

فَظَلْتُمْ تَفَكَّهُوْنَ ﴿٦٦﴾ اِنَّا لَمُغْرَمُوْنَ ﴿٦٧﴾ بَلْ نَحْنُ مَحْرُوْمُوْنَ ﴿٦٨﴾ اَفَرَءَيْتُمُ الْمَآءَ

ফাজাল্‌তুম তাফাক্কাহূন। ৬৬। ইন্না- লামুগরামূন। ৬৭। বাল্ নাহ্নু মাহ্‌রূমূন। ৬৮। আফারাআইতুমুল্ মা—আল

তোমরা হয়রান হয়ে কেবল কথার সৃষ্টি করবে, (৬৬) (বলবে) আমরাতো ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছি। (৬৭) আমরাতো বঞ্চিত হয়েছি। (৬৮) তোমরাকি পানি সম্পর্কে চিন্তা করেছ,

الَّذِيْ تَشْرَبُوْنَ ﴿٦٩﴾ ءَاَنْتُمْ اَنْزَلْتُمُوْهُ مِنَ الْمُزْنِ اَمْ نَحْنُ الْمُنْزِلُوْنَ ○

লাযী তাশ্‌রাবূন। ৬৯। আ আনতুম্ আন্‌যাল্‌তুমূহু মিনাল্ মুয্‌নি আম্ নাহ্নুল্ মুন্‌যিলূন।

যা তোমরা পান কর? (৬৯) তোমরা কি তা (পানি) মেঘ হতে অবতরণ করাও না আমি অবতরণ করি?

﴿٧٠﴾ لَوْ نَشَآءُ جَعَلْنٰهُ اُجَاجًا فَلَوْلَا تَشْكُرُوْنَ ﴿٧١﴾ اَفَرَءَيْتُمُ النَّارَ الَّتِيْ تُوْرُوْنَ ○

৭০। লাও নাশা—উ জ্বা'আল্‌না-হু উজ্বা-জ্বান্ ফালাওলা- তাশকুরূন। ৭১। আফারাআইতুমুন্ না-রাল্লাতী তূরূন।

(৭০) আমি ইচ্ছা করলে তা লোনা করে দিতে পারি? এরপরেও কেন তোমরা (আমার) কৃতজ্ঞতা স্বীকার করনা? (৭১) তোমরা কি সে অগ্নির দিকে লক্ষ্য করেছ, যা তোমরা জ্বালিয়ে থাক?

﴿٧٢﴾ ءَاَنْتُمْ اَنْشَاْتُمْ شَجَرَتَهَاۤ اَمْ نَحْنُ الْمُنْشِـُٔوْنَ ﴿٧٣﴾ نَحْنُ جَعَلْنٰهَا تَذْكِرَةً

৭২। আআন্‌তুম্ আন্‌শা'তুম্ শাজ্বারাতাহা~আম্ নাহ্নুল্ মুন্‌শিঊন। ৭৩। নাহ্নু জ্বা'আল্‌না-হা- তায্‌কিরাতাওঁ

(৭২) তোমরা কি সৃষ্টি কর (আগুন জ্বালাবার) সে বৃক্ষ, না আমি সৃষ্টি করি? (৭৩) আমিইতো সৃষ্টি করেছি, এ (অগ্নি) কে তোমাদের স্মরণের জন্য

○ টীকা (আঃ ৭২) ঃ আরব দেশস্থ অরণ্যে এরূপ বৃক্ষ পরিদৃষ্ট হয়। যার শাখা-প্রশাখা বায়ু ভরে বা অন্য উপায়ে পরস্পর ঘর্ষিত হলে তা হতে অগ্নির উদ্ভব হয়। উত্তর ভারতের হিমালয় অঞ্চলে ঐরূপ অগ্নি-উৎপাদক বাঁশও পরিলক্ষিত হয়। আল্লাহ্ পাক আলোচ্য আয়াতে সে বিষয়ের উল্লেখ করে বলেছেন যে, তোমরা কি ঐরূপ বৃক্ষ উৎপন্ন কর অথবা আমিই তার স্রষ্টা? আমিতো স্বীয় মহিমার নিদর্শনরূপে ও রাত্রিতে পথভ্রান্ত পথিকের পথ নির্দেশরূপে এই অগ্নি-উৎপাদক বৃক্ষ সৃষ্টি করেছি। পথিক তা দ্বারা আলো জ্বালিয়ে স্বীয় গন্তব্য পথে চলতে পারে। (হক্কানী ও মাদারেকুত্তানযীল)

ع ২ ৬৬ ১৫ রুকূ

● তিন চতুর্থাংশ

وَّمَتَاعًا لِّلْمُقْوِيْنَ ﴿٧٤﴾ فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿٧٥﴾ فَلَاۤ اُقْسِمُ بِمَوٰقِعِ النُّجُوْمِ ○

ওয়া মাতা-'আল্ লিল্‌মুক্বওয়ীন। ৭৪। ফাসাব্বিহ্ বিস্‌মি রাব্বিকাল্ 'আজীম। ৭৫। ফালা~উক্বসিমু বিমাওয়া-ক্বি'ইন্ নুজুম

এবং উপকারী মরুবাসীদের জন্য বস্তু হিসেবে। (৭৪) সুতরাং আপনি তাসবীহ বর্ণনা করুন আপনার মহান রবের নামের। (৭৫) আমি শপথ করছি, অস্ত যাওয়া তারকা রাজির,

﴿٧٦﴾ وَاِنَّهٗ لَقَسَمٌ لَّوْ تَعْلَمُوْنَ عَظِيْمٌ ﴿٧٧﴾ اِنَّهٗ لَقُرْاٰنٌ كَرِيْمٌ ﴿٧٨﴾ فِيْ كِتٰبٍ مَّكْنُوْنٍ ○

৭৬। ওয়া ইন্নাহূ লাক্বাসামুল্ লাও তা'লামূনা 'আজীম। ৭৭। ইন্নাহূ লাক্বুরআ-নুন কারীম। ৭৮। ফী কিতা-বিম্ মাক্‌নূন।

(৭৬) নিশ্চয়ই এটি একটি বড় শপথ, যদি তোমরা বুঝতে? (৭৭) নিশ্চয়ই সে কুরআন অতি মর্যাদা সম্পন্ন। (৭৮) যা লিখিত আছে এক সুরক্ষিত কিতাবে,

﴿٧٩﴾ لَّا يَمَسُّهٗۤ اِلَّا الْمُطَهَّرُوْنَ ﴿٨٠﴾ تَنْزِيْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٨١﴾ اَفَبِهٰذَا الْحَدِيْثِ

৭৯। লা- ইয়ামাস্‌সুহূ~ইল্লাল্ মুত্বাহ্‌হারূন। ৮০। তান্‌যীলুম্ মির্ রাব্বিল আ-লামীন। ৮১। আফাবিহা-যাল্ হাদীছি

(৭৯) যারা পবিত্র, তারাই শুধু তা স্পর্শ করতে পারে। (৮০) এ কুরআন সারা জাহানের প্রতিপালকের পক্ষ হতে অবতীর্ণ। (৮১) এর পরেও কি তোমরা এ

اَنْتُمْ مُّدْهِنُوْنَ ﴿٨٢﴾ وَتَجْعَلُوْنَ رِزْقَكُمْ اَنَّكُمْ تُكَذِّبُوْنَ ﴿٨٣﴾ فَلَوْلَاۤ اِذَا بَلَغَتِ

আন্‌তুম্ মুদ্‌হিনূন। ৮২। ওয়া তাজ্ব'আলূনা রিয্‌ক্বাকুম্ আন্নাকুম্ তুকায্‌যিবূন। ৮৩। ফালাও লা~ইযা- বালাগাতিল্

বাণীকে উপেক্ষা করবে? (৮২) আর তোমরা মিথ্যারোপ করাকেই তোমাদের পেশা হিসাবে নির্ধারণ করেছ। (৮৩) সুতরাং কেন নয়, যখন প্রাণ এসে পৌছে

الْحُلْقُوْمَ ﴿٨٤﴾ وَاَنْتُمْ حِيْنَئِذٍ تَنْظُرُوْنَ ﴿٨٥﴾ وَنَحْنُ اَقْرَبُ اِلَيْهِ مِنْكُمْ وَلٰكِنْ لَّا

হুলকূম। ৮৪। ওয়া আন্‌তুম্ হীনাইযিন্ তান্‌জুরূন। ৮৫। ওয়া নাহ্নু আক্বরাবু ইলাইহি মিন্‌কুম্ ওয়ালা-কিল্ লা-

কণ্ঠনালীতে, (৮৪) এবং তখন তোমরা শুধু তাকিয়েই থাক, (৮৫) এবং তখন আমি তার কাছে, তোমাদের চেয়েও অধিক নিকটে থাকি, কিন্তু তা তোমরা

تُبْصِرُوْنَ ﴿٨٦﴾ فَلَوْلَاۤ اِنْ كُنْتُمْ غَيْرَ مَدِيْنِيْنَ ﴿٨٧﴾ تَرْجِعُوْنَهَاۤ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ○

তুবস্বিরূন। ৮৬। ফালাওলা~ইন্ কুন্‌তুম্ গাইরা মাদীনিন। ৮৭। তার্‌জ্বি'ঊনাহা~ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন।

দেখ না। (৮৬) আর যদি তোমরা নিয়ন্ত্রণাধীন না হও, (৮৭) তবে কেন তা তোমরা ফিরিয়ে নিয়ে আসনা? যদি তোমরা তোমাদের কথায় সত্যবাদী হও।

﴿٨٨﴾ فَاَمَّاۤ اِنْ كَانَ مِنَ الْمُقَرَّبِيْنَ ﴿٨٩﴾ فَرَوْحٌ وَّرَيْحَانٌ ۙ وَّجَنَّتُ نَعِيْمٍ ﴿٩٠﴾ وَاَمَّاۤ

৮৮। ফাআম্মা~ইন্ কা-না মিনাল্ মুক্বার্‌রাবীন। ৮৯। ফারাওহুঁও ওয়া রাইহা-নুঁও ওয়া জ্বান্নাতু নাঈম। ৯০। ওয়া আম্মা~

(৮৮) আর যদি সে আল্লাহর সান্নিধ্য প্রাপ্তদের মধ্যে হয় (৮৯) তবে তার জন্য রয়েছে সুখ-শান্তি এবং স্থায়ী (উত্তম) জীবিকা, সুখময় জান্নাতে। (৯০) আর যদি

اِنْ كَانَ مِنْ اَصْحٰبِ الْيَمِيْنِ ﴿٩١﴾ فَسَلٰمٌ لَّكَ مِنْ اَصْحٰبِ الْيَمِيْنِ ﴿٩٢﴾ وَاَمَّاۤ

ইন্ কা-না মিন্ আস্বহা-বিল্ ইয়ামীন। ৯১। ফাসালা-মুল্ লাকা মিন্ আস্বহা-বিল্ ইয়ামীন। ৯২। ওয়া আম্মা~

সে ডান পার্শ্বের ব্যক্তি হয়, (৯১) (তাকে বলা হবে) হে ডান পার্শ্বের ব্যক্তি! তোমার জন্য সালাম। (৯২) আর যদি

○ টীকা (আঃ ৭৫) ঃ অর্থাৎ কথা তা নয়, যা তোমরা বুঝেছ। এখানে কুরআন আল্লাহ পাকের পক্ষ থেকে অবতীর্ণ হওয়া সম্পর্কে শপথ করার পূর্বে 'না' এই শব্দের ব্যবহার দ্বারা স্বতঃই প্রকাশ পাচ্ছে যে, লোকে এই পবিত্র গ্রন্থ সম্পর্কে এমন কিছু মনগড়া কথা রটাচ্ছিল, যা খণ্ডনের জন্যে এই শপথ করা হচ্ছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৭৯) ঃ لا يمسه الا المطهرون - এখানে তা স্পর্শ করতে পারবে না এর দ্বারা "লওহে মাহফুজ" কে বুঝান হয়েছে এবং ফেরেশতাগণকে বুঝান হয়েছে। কেউ বলেন, এখানে কুরআনকে বুঝান হয়েছে। অর্থাৎ সে কুরআন মাজীদকে ফেরেশতারাই শুধু স্পর্শ করতে পারবে। অর্থাৎ আকাশে ফেরেশতাগণ ব্যতীত অন্য কেউ এ কুরআন মাজীদ পর্যন্ত পৌছতে পারে না। অর্থাৎ মুশরিকরা যে বলে, "কুরআন শয়তান নিয়ে আসে" তা রহিত করার জন্য আল্লাহ্ তায়ালা বলেন, (তা কিতাবে হয়) এ কুরআনতো শয়তানের প্রভাব থেকে সম্পূর্ণ মুক্ত ও পবিত্র। (কুঃ কারীম)

إِنْ كَانَ مِنَ الْمُكَذِّبِينَ الضَّالِّينَ (٩٢) فَنُزُلٌ مِنْ حَمِيمٍ (٩٣) وَتَصْلِيَةُ

ইন্ কানা- মিনাল মুকায্যিবীনাদ্ব দ্বা—ল্লীন। ৯৩। ফানুযুলুম্ মিন্ হ্বামীমিওঁ ৯৪। ওয়া তাস্বলিয়াতু

সে মিথ্যারোপকারী ও পথভ্রষ্ট হয়, (৯৩) তবে তার আপ্যায়ন হবে গরম পানি দ্বারা। (৯৪) আর সে (জাহান্নামের) আগুনে

جَحِيمٍ (٩٤) إِنَّ هَٰذَا لَهُوَ حَقُّ الْيَقِينِ (٩٥) فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيمِ (٩٦)

জ্বাহ্বীম। ৯৫। ইন্না হা-যা- লাহুওয়া হ্বাক্বকুল্ ইয়াক্বীন। ৯৬। ফাসাব্বিহ্ বিস্মি রাব্বিকাল্ 'আজীম।

নিক্ষিপ্ত হবে, (৯৫) নিশ্চয়ই এ কথা অতি সত্য। (৯৬) সুতরাং তুমি তাসবীহ (পবিত্রতা) বর্ণনা কর, তোমার মহান প্রতিপালকের নামে।

৩
ع
১৬
রুকূ

সূরা হাদীদ
মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২৯
রুকূ ঃ ৪

سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۖ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ (١) لَهُ مُلْكُ

১। সাব্বাহ্বা লিল্লা-হি মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি, ওয়া হুওয়াল্ 'আযীযুল হ্বাকীম। ২। লাহূ মুলকুস্

(১) আল্লাহর পবিত্রতা বর্ণনা করে, আকাশমণ্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই, তিনি মহা প্রভাবশালী ও বিজ্ঞ। (২) তাঁরই (একক) কর্তৃত্বে রয়েছে

السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ يُحْيِي وَيُمِيتُ ۚ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ (٢) هُوَ

সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি, ইউহ্বঈ ওয়া ইউমীতু, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর। ৩। হুওয়াল্

আকাশমণ্ডলী ও পৃথিবী, তিনিই (সৃষ্টি করে) জীবন দান করেন এবং তিনিই (তার পরে) মৃত্যু ঘটান, তিনি প্রতিটি বিষয়ের ওপর মহা শক্তিবান। (৩) তিনিই

الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ ۖ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ (٣) هُوَ الَّذِي

আওয়্যালু ওয়াল্ আ-খিরু ওয়াজ্জা-হিরু ওয়াল্ বা-ত্বিনু, ওয়া হুওয়া বিকুল্লি শাইয়িন্ 'আলীম। ৪। হুওয়াল্লাযী

প্রথম, তিনিই শেষ, তিনিই প্রকাশিত তিনিই গোপনীয়, তিনিই সর্ব বিষয়ে জ্ঞাত। (৪) তিনিই

خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ ۚ يَعْلَمُ

খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বা ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্ তাওয়া- 'আলাল্ 'আর্শি ; ইয়া'লামু

আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিবসে সৃষ্টি করেছেন, অতঃপর আরশের উপর আসীন হয়েছেন। তিনি জানেন,

مَا يَلِجُ فِي الْأَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ مِنَ السَّمَاءِ وَمَا يَعْرُجُ

মা- ইয়ালিজু ফিল্ আরদ্বি ওয়ামা- ইয়াখ্রুজু মিন্হা- ওয়ামা- ইয়ান্যিলু মিনাস্ সামা—ই ওয়ামা- ইয়া'রুজু

ভূমির মধ্যে যা কিছু যায় এবং তা হতে যা কিছু বের হয় এবং (তিনি জানেন) আকাশ হতে যা কিছু অবতরণ করে এবং যা কিছু তাতে (আকাশে)

○ টীকা (আঃ ৪) ঃ তিনি (আল্লাহ) ক্ষুদ্র ক্ষুদ্র অংশসমূহেরও জ্ঞান রাখেন। প্রতিটি বীজ যা ভূমিস্তরের অভ্যন্তরে প্রবেশ করে, প্রতিটি পত্র ও অঙ্কুর যা ভূমি থেকে উদ্ভূত হয়, বৃষ্টির এক এক বিন্দু যা আসমান থেকে পতিত হয়, বাষ্পের প্রতিটি পরিমাণ যা সমুদ্র জলাশয় থেকে উত্থিত হয়ে আকাশপানে ধাবিত হয় সবই তাঁর গোচরীভূত। তিনি জানেন কোন বীজ ভূমির কোন স্থানে পতিত হয়েছে; তবেই তো তিনি তা বিদীর্ণ করে তা থেকে অংকুর উদগত করেন এবং তাকে লালন করে বিকাশ ও বৃদ্ধি করেন। তিনি জানেন বাষ্পের কতটা পরিমাণ কোথা থেকে উত্থিত হয়েছে এবং কোথায় তা পৌঁছেছে, তবেই তো তিনি তা সবকে একত্রিত করে মেঘ প্রস্তুত করেন এবং ভূপৃষ্ঠের বিভিন্ন অংশে বিভক্ত করে প্রত্যেক জায়গায় এক হিসাব অনুযায়ী বৃষ্টি বর্ষণ করেন। (বঃ কোঃ)

فِيهَا ۖ وَهُوَ مَعَكُمْ أَيْنَ مَا كُنْتُمْ ۚ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ (٤) لَهُ مُلْكُ

ফীহা-; ওয়া হুওয়া মা'আকুম আইনা মা-কুন্তুম্; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা বাস্বীর। ৫। লাহূ মুলকুস্

ওঠে। তোমরা যেথায় অবস্থান করনা কেন, তিনি তোমাদের সাথেই আছেন। তোমাদের কৃতকর্মগুলো আল্লাহ ভালোভাবে দেখেন। (৫) তাঁরই মালিকানা

السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ (٥) يُولِجُ اللَّيْلَ فِي النَّهَارِ

সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ; ওয়া ইলাল্লা-হি তুরজ্বা'উল্ উমূর। ৬। ইউলিজুল লাইলা ফিন্ নাহা-রি

আকাশমণ্ডলী ও পৃথিবীর এবং সব বিষয়ই আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হবে। (৬) তিনি (আল্লাহ) রাতকে নিয়ে আসেন দিবসের মধ্যে

وَيُولِجُ النَّهَارَ فِي اللَّيْلِ ۚ وَهُوَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ (٦) آمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ

ওয়া ইউলিজুন্ নাহা-রা ফিল্ লাইলি ; ওয়া হুওয়া 'আলীমুম্ বিযা-তিস্ব স্বুদূর। ৭। আ-মিনূ বিল্লা-হি ওয়া রাসূলিহী

দিবসকে নিয়ে আসেন রাতের মধ্যে। তিনিই মনের সব (গোপন) খবর জানেন। (৭) আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আন

وَأَنْفِقُوا مِمَّا جَعَلَكُمْ مُسْتَخْلَفِينَ فِيهِ ۖ فَالَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَأَنْفَقُوا لَهُمْ

ওয়া আন্ফিকু মিম্মা- জ্বা'আলাকুম্ মুস্তাখ্লাফীনা ফীহি ; ফাল্লাযীনা আ-মানূ মিন্কুম ওয়া আন্ফাকূ লাহুম্

এবং তিনি তোমাদেরকে উত্তরাধিকারী করে যা দিয়েছেন তা থেকে ব্যয় কর। তোমাদের মধ্যে যারা ঈমান আনে এবং (দ্বীনের জন্য) ব্যয় করে, তাদের জন্য রয়েছে

أَجْرٌ كَبِيرٌ (٧) وَمَا لَكُمْ لَا تُؤْمِنُونَ بِاللَّهِ ۙ وَالرَّسُولُ يَدْعُوكُمْ لِتُؤْمِنُوا

আজ্বরুন্ কাবীর। ৮। ওয়ামা- লাকুম লা- তু'মিনূনা বিল্লা-হি, ওয়ার্রাসূলু ইয়াদ'উকুম্ লিতু'মিনূ

মহা প্রতিদান। (৮) তোমাদের কি হয়েছে যে, তোমরা আল্লাহর উপর ঈমান আন না? অথচ রাসূল তোমাদেরকে তোমাদের রবের প্রতি ঈমান আনার জন্য

بِرَبِّكُمْ وَقَدْ أَخَذَ مِيثَاقَكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ (٨) هُوَ الَّذِي يُنَزِّلُ

বিরাব্বিকুম ওয়া ক্বাদ্ আখাযা মীছা-ক্বাকুম ইন্ কুন্তুম্ মু'মিনীন। ৯। হুওয়াল্লাযী ইউনায্যিলু

আহ্বান করছে এবং (আল্লাহ) তোমাদের থেকে প্রতিশ্রুতি গ্রহণ করছেন, যদি তোমরা মুমিন হও। (৯) তিনিই (আল্লাহ) অবতীর্ণ করেন,

عَلَىٰ عَبْدِهِ آيَاتٍ بَيِّنَاتٍ لِيُخْرِجَكُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ ۚ وَإِنَّ اللَّهَ

'আলা- 'আব্দিহী~আ-য়া-তিম্ বায়্যিনা-তিল্ লিইউখ্রিজ্বাকুম্ মিনাজ্ জুলুমা-তি ইলান্ নূরি ; ওয়া ইন্নাল্লা-হা

তাঁর বান্দার প্রতি সুস্পষ্ট আয়াতসমূহ, তোমাদেরকে অনাচার (কুফরী) হতে বের করে (ঈমানের) নূরের দিকে নিয়ে আসার জন্য। নিশ্চয়ই আল্লাহ

بِكُمْ لَرَءُوفٌ رَحِيمٌ (٩) وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ مِيرَاثُ السَّمٰوٰتِ

বিকুম্ লারাউফুর রাহ্বীম। ১০। ওয়ামা- লাকুম্ আল্লা- তুন্ফিকূ ফী সাবীলিল্লা-হি ওয়া লিল্লা-হি মীরা-ছুস্ সামা-ওয়া-তি

তোমাদের ওপর অতি মেহেরবান। (১০) তোমাদের কি হয়েছে যে, তোমরা (দ্বীনের জন্য) ব্যয় করছ না? আকাশমণ্ডলী

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ لا يستوى منكم - এখানে বিজয় দ্বারা, অধিকাংশ তফসীরকারের মতে মক্কা বিজয়কে বুঝান হয়েছে। কারো মতে- হোদায়বিয়ার সন্ধিকে বুঝান হয়েছে। কেননা এটাও ছিল মুসলমানদের জন্য মক্কা বিজয়ের সূচনা। যা হোক হোদায়বিয়া অথবা মক্কা বিজয়ের পূর্বে মুসলমানগণ আর্থিক অবস্থা এবং জনবলের দিক দিয়ে খুবই দুর্বল ছিল। এ কঠিন অবস্থায়ও তারা আল্লাহর সন্তুষ্টির জন্য আল্লাহর পথে ব্যয় করত এবং যুদ্ধে অংশগ্রহণ করত। মক্কা বিজয়ের পরে মুসলমানগণের আর্থিক অবস্থার উন্নতি হল। তাদের সংখ্যাও ক্রমে ক্রমে বৃদ্ধি পেতে লাগল। তাই আল্লাহ তায়ালা বলেন- (মক্কা) বিজয়ের পূর্বে কঠিন অবস্থার দানে এবং বিজয়ের পরের দানে সওয়াব প্রাপ্তির বেলায় সমান নয়। (কুঃ কারীম)

وَالْاَرْضِ ؕ لَا يَسْتَوِىْ مِنْكُمْ مَّنْ اَنْفَقَ مِنْ قَبْلِ الْفَتْحِ وَقٰتَلَ ؕ اُولٰٓئِكَ اَعْظَمُ

ওয়াল্ আরদ্বি ; লা- ইয়াসতাওয়ী মিন্‌কুম্ মান্ আন্‌ফাক্ব মিন্ ক্বাব্‌লিল্ ফাত্‌হি ওয়া ক্বা-তালা ; উলা—ইকা আ'জামু

ও পৃথিবীর মালিকানা একমাত্র আল্লাহরই। তোমাদের মধ্যে যে মক্কা বিজয়ের পূর্বে ব্যয় করেছে এবং (আল্লাহর শত্রুদের সাথে) যুদ্ধ করেছে, সে (অন্যদের) সমান নয়; বরং

دَرَجَةً مِّنَ الَّذِيْنَ اَنْفَقُوْا مِنْ بَعْدُ وَقٰتَلُوْا ؕ وَكُلًّا وَّعَدَ اللّٰهُ الْحُسْنٰى ؕ وَاللّٰهُ

দারাজ্বাতাম্ মিনাল্ লাযীনা আন্‌ফাকূ মিম্ বা'দু ওয়া ক্বা-তালূ ; ওয়া কুল্লাওঁ ওয়া'আদাল্ লা-হুল্ হুস্‌না-; ওয়াল্লা-হু

তাদের চেয়ে তারা পদমর্যাদায় অধিক শ্রেষ্ঠ, যারা বিজয়ের পরে ব্যয় (দান সদকা) করেছে এবং যুদ্ধ করেছে। তবে আল্লাহর উত্তম প্রতিশ্রুতি রয়েছে তাদের সবার জন্যই। আল্লাহ

بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ⑪ مَنْ ذَا الَّذِىْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا فَيُضٰعِفَهٗ لَهٗ وَلَهٗٓ

১ ع ১৯ রুকূ

বিমা- তা'মালূনা খাবীর। ১১। মান্ যাল্লাযী ইউক্বরিদ্বুল্লা-হা ক্বারদ্বান্ হাসানান্ ফাইউদ্বা-'ইফাহূ লাহূ ওয়া লাহূ~

তোমাদের কৃতকর্ম সম্পর্কে খবর রাখেন। (১১) কে আছে যে, আল্লাহকে উত্তম কর্জ দিবে? তবে তিনি সেটা তার জন্য দ্বিগুণ করে দিবেন এবং তার জন্য রয়েছে

اَجْرٌ كَرِيْمٌ ⑫ يَوْمَ تَرَى الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ يَسْعٰى نُوْرُهُمْ بَيْنَ اَيْدِيْهِمْ

আজ্বরুন্ কারীম। ১২। ইয়াওমা তারাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ইয়াস্'আ- নূরুহুম্ বাইনা আইদীহিম্

সম্মানজনক পুরস্কার। (১২) সে দিন, আপনি দেখবেন যে, মুমিন পুরুষ এবং নারীগণের অগ্রভাগে এবং ডান পার্শ্বে তাদের (তাওহীদের) জ্যোতি ধাবিত হবে।

وَبِاَيْمَانِهِمْ بُشْرٰىكُمُ الْيَوْمَ جَنّٰتٌ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ

ওয়া বিআইমা-নিহিম্ বুশ্‌রা-কুমুল্ ইয়াওমা জ্বান্না-তুন্ তাজ্বরী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা-;

(তাদেরকে বলা হবে) আজ তোমাদের জন্য সু-খবর এমন জান্নাতের, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ীভাবে থাকবে,

ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ⑬ يَوْمَ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ لِلَّذِيْنَ اٰمَنُوا

যা-লিকা হুওয়াল্ ফাওযুল্ 'আজীম। ১৩। ইয়াওমা ইয়াকূলুল্ মুনা-ফিকূনা ওয়াল মুনা-ফিক্বা-তু লিল্লাযীনা আ-মানুন্

এটাই তাদের বিরাট সাফল্য। (১৩) সেদিন মুনাফিক পুরুষ এবং মহিলারা, মুমিনগণকে বলবে, আমাদের জন্য অপেক্ষা কর, যাতে আমরা তোমাদের

انْظُرُوْنَا نَقْتَبِسْ مِنْ نُّوْرِكُمْ ۚ قِيْلَ ارْجِعُوْا وَرَآءَكُمْ فَالْتَمِسُوْا نُوْرًا ؕ فَضُرِبَ

জুরূনা- নাকুতাবিস্ মিন্ নূরিকুম, ক্বীলার্‌জ্বি'উ ওয়া রাআ—কুম্ ফাল্‌তামিসূ নূরান ; ফাদ্বুরিবা

জ্যোতি হতে কিছু নিতে পারি। তাদের বলা হবে, তোমরা পিছনে ফিরে যাও এবং আলো তালাশ কর। অতঃপর তাদের উভয়ের

بَيْنَهُمْ بِسُوْرٍ لَّهٗ بَابٌ ؕ بَاطِنُهٗ فِيْهِ الرَّحْمَةُ وَظَاهِرُهٗ مِنْ قِبَلِهِ الْعَذَابُ ۝

বাইনাহুম্ বিসূরিল লাহূ বা-বুন; বা-ত্বিনুহূ ফীহির্ রাহ্‌মাতু ওয়া জা-হিরুহূ মিন্ ক্বিবালিহিল্ 'আযা-ব্।

মাঝে একটি প্রাচীর টেনে দেয়া হবে, যাতে একটি দরজা থাকবে, তার অভ্যন্তরে থাকবে রহমত এবং বাইরে থাকবে শাস্তি।

○ টীকা (আঃ ১৩) ঃ এটা তখন হবে, যখন মুসলমানরা নিজেদের ঈমান ও আমলের বরকতে বহু দূর অগ্রসর হয়ে যাবে। আর মুনাফেকদেরকে পিছনের দিক হতে মুসলমানদের সাথে পুলছিরাতের উপর উঠান হবে। তাদের নিকট হয়তো প্রথম হতেই কোন আলো থাকবে না। কিংবা প্রথমে কিঞ্চিৎ আলো হয়ে পরে তা নিভে যাবে। কেননা, পৃথিবীতে বাহ্যিকভাবে তারা মুসলমানদের সাথে থাকত, কিন্তু অন্তর মুসলমানগণ হতে দূরে ছিল। এ কারণে আলো দিয়ে পরে নিভিয়ে দেওয়া হবে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৪) ঃ এ দেয়াল সত্যই দেয়াল নয়; বরং আ'রাফ নামক স্থান। অভ্যন্তরের দিক বলতে মু'মেনদের দিক, রহমত বলতে বেহেশত, বাইরের দিক বলতে কাফেরদের দিক এবং আযাব বলতে দোযখ উদ্দেশ্য। সম্ভবতঃ এই দরজাটি কথাবার্তা বলার কিংবা বেহেশতে প্রবেশের পথ হবে। (বঃ কোঃ)

⑭ يُنَادُوْنَهُمْ اَلَمْ نَكُنْ مَّعَكُمْ ؕ قَالُوْا بَلٰى وَلٰكِنَّكُمْ فَتَنْتُمْ اَنْفُسَكُمْ وَتَرَبَّصْتُمْ

১৪। ইউনা-দূ নাহুম্ আলাম্ নাকুম্ মা'আকুম ; ক্বা-লূ বালা- ওয়ালা- কিন্নাকুম্ ফাতান্‌তুম্ আন্‌ফুসাকুম্ ওয়া তারাব্বাস্বতুম্

(১৪) তারা মুমিনগণকে ডেকে বলবে, আমরা কি তোমাদের সাথে ছিলাম না? তারা বলবে, হ্যাঁ, ছিলে সত্যি। কিন্তু তোমরা তোমাদের নিজেদেরকেই বিপদে ফেলেছ এবং

وَارْتَبْتُمْ وَغَرَّتْكُمُ الْاَمَانِىُّ حَتّٰى جَآءَ اَمْرُ اللّٰهِ وَغَرَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ۝

ওয়ার্‌তাব্‌তুম্ ওয়া গার্‌রাত্‌কুমুল আমা-নিয়্যু হাত্তা- জ্বা—আ আম্‌রুল্লা-হি ওয়া গাররাকুম্ বিল্লা-হিল্ গারূর।

তোমরা আমাদের অকল্যাণের প্রতীক্ষা করেছিলে এবং সন্দেহ পোষণ করেছিলে এবং তোমাদের দুরাশা তোমাদেরকে ধোঁকার মধ্যে রেখেছিল আল্লাহর নির্দেশ না আসা পর্যন্ত। আর প্রতারক তোমাদেরকে ধোঁকায় ফেলেছিল আল্লাহ সম্পর্কে।

⑮ فَالْيَوْمَ لَا يُؤْخَذُ مِنْكُمْ فِدْيَةٌ وَّلَا مِنَ الَّذِيْنَ كَفَرُوْا ؕ مَاْوٰىكُمُ النَّارُ ؕ

১৫। ফাল্‌ইয়াওমা লা-ইউ'খাযু মিন্‌কুম্ ফিদ্‌ইয়াতুওঁ ওয়ালা- মিনাল্লাযীনা কাফারূ-; মা'ওয়া- কুমুন্ না-রু ;

(১৫) আজ গ্রহণ করা হবে না তোমাদের থেকে কোন বিনিময় এবং যারা কুফরী করেছে তাদের থেকেও নয়। জাহান্নামই তোমাদের ঠিকানা।

هِىَ مَوْلٰىكُمْ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ⑯ اَلَمْ يَاْنِ لِلَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ تَخْشَعَ

হিয়া মাওলা-কুম ; ওয়াবি'সাল্ মাস্বীর। ১৬। আলাম্ ইয়া'নি লিল্লাযীনা আ-মানূ~আন্ তাখ্‌শা'আ

এটাই তোমাদের বন্ধু এবং এটা খুবই নিকৃষ্ট প্রত্যাবর্তন স্থল। (১৬) এখন পর্যন্ত কি সময় এসে পৌছেনি মুমিনগণের জন্য যে, তাদের

قُلُوْبُهُمْ لِذِكْرِ اللّٰهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ ۙ وَلَا يَكُوْنُوْا كَالَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ

কুলূবুহুম্ লিযিক্‌রিল্লা-হি ওয়ামা- নাযালা মিনাল্ হাক্বক্বি ওয়ালা- ইয়াকূনূ কাল্লাযীনা উতুল্ কিতা-বা

অন্তর আল্লাহর স্মরণে এবং যে হক (কুরআন) অবতীর্ণ হয়েছে তাতে, ভীত (নরম) হয়ে যায় এবং যাদেরকে তাদের পূর্বে কিতাব দেয়া হয়েছিল, তাদের মত না হয়ে যায়।

مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْاَمَدُ فَقَسَتْ قُلُوْبُهُمْ ؕ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ۝

মিন্ ক্বাবলু ফাত্বা-লা 'আলাইহিমুল্ আমাদু ফাক্বাসাত্ কুলূবুহুম ; ওয়া কাছীরুম্ মিন্‌হুম ফা-সিক্বূন।

অতঃপর তাদের ওপর দীর্ঘ সময় অতীত হয়েছে, ফলে তাদের অন্তরগুলো কঠিন হয়ে পড়েছে; এবং তাদের মধ্যে অনেক লোকই নাফরমান।

⑰ اِعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يُحْىِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ قَدْ بَيَّنَّا لَكُمُ الْاٰيٰتِ

১৭। ই'লামূ~আন্নাল্লা-হা ইউহ্বয়িল্ আর্‌দ্বা বা'দা মাওতিহা-; ক্বাদ্ বাইয়্যান্না- লাকুমুল্ আ-য়া-তি

(১৭) তোমরা জেনে রাখ! আল্লাহ্‌ই ভূমিকে তার মৃত্যুর পরে (অর্থাৎ শুষ্ক হবার পরে) জীবিত (সতেজ) করেন। আমিতো তোমাদের জন্যই আমার নিদর্শনাবলি প্রকাশ

لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ⑱ اِنَّ الْمُصَّدِّقِيْنَ وَالْمُصَّدِّقٰتِ وَاَقْرَضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا

লা'আল্লাকুম্ তা'ক্বিলূন। ১৮। ইন্নাল্ মুস্বস্বাদ্দিক্বীনা ওয়াল্ মুস্বস্বাদ্দিক্বা-তি ওয়া আক্বরাদ্বুল্লা-হা ক্বার্‌দ্বান্ হ্বাসানাইঁ

করেছি, যাতে তোমরা বুঝতে পার। (১৮) নিশ্চয়ই (সদকা) দানকারী পুরুষ ও নারী এবং আল্লাহকে উত্তম কর্জ (ঋণ) দানকারীদের জন্য,

○ টীকা (আঃ ১৬) ঃ ইতিপূর্বে বর্ণিত হয়েছে, আন্তরিক বিশ্বাস না থাকলে কেবল মৌখিক ঈমান, ঈমানের মধ্যে গণ্য নয়। এখন এই আয়াতে বলেছেন, যে ঈমানের মধ্যে প্রয়োজনীয় এবাদতের অভাব রয়েছে, তা পূর্ণ ঈমান নয়। সুতরাং তা পূর্ণ করবার জন্য মু'মেনদেরকে তিরস্কারের আকারে হুকুম করছেন যে, সকল গুনাহ্‌গার মু'মেন এবাদতে ত্রুটি করে থাকে, তাদের কি একথার সময় আসেনি যে, তাদের অন্তর আল্লাহ্ তা'আলার উপদেশ তথা সত্য ধর্মের পূর্ণ আনুগত্যতা সৃষ্টি হয়? অর্থাৎ, তারা গুনাহ্‌র কাজ ত্যাগ করে অন্তরের সাথে প্রয়োজনীয় এবাদত যথারীতি পালনে দৃঢ় সংকল্প কেন হয় না? (বঃ কোঃ)

يُضٰعَفُ لَهُمْ وَلَهُمْ اَجْرٌ كَرِيْمٌ ⑲ وَالَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖۤ اُولٰٓئِكَ هُمُ

ইউদা-'আফু লাহুম্ ওয়া লাহুম্ আজ্রুন কারীম। ১৯। ওয়াল্লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রুসুলিহী~উলা—ইকা হুমুছ্ব

তার (দানের) দ্বিগুণ (সওয়াব) তাদেরকে প্রদান করা হবে। তাদের জন্য রয়েছে সম্মানিত পুরস্কার। (১৯) যারা আল্লাহর এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনে, তারাই

الصِّدِّيْقُوْنَ ۖۗ وَالشُّهَدَآءُ عِنْدَ رَبِّهِمْ ؕ لَهُمْ اَجْرُهُمْ وَنُوْرُهُمْ ؕ وَالَّذِيْنَ

স্বিদ্দীকূনা, ওয়াশ্‌শুহাদা—উ 'ইন্‌দা রাব্বিহিম ; লাহুম আজ্‌রুহুম্ ওয়া নূরুহুম ; ওয়াল্লাযীনা

সিদ্দীক (সত্যবাদী) এবং শহীদ তাদের প্রতিপালকের নিকটে। তাদের জন্য রয়েছে (পরকালে) তাদের প্রাপ্য প্রতিদান এবং জ্যোতি। আর যারা

ع ২ ১৮ রুকূ'

كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ⑳ اِعْلَمُوْٓا اَنَّمَا الْحَيٰوةُ

কাফারূ ওয়াকায্‌যাবূ বিআ-য়া-তিনা~উলা—ইকা আস্বহ্বা-বুল জ্বাহ্বীম। ২০। ই'লামূ~আন্নামাল্ হ্বায়া-তুদ্

(আল্লাহকে) অস্বীকার করেছে এবং আমার আয়াতসমূহকে মিথ্যা বলেছে, তারাই জাহান্নামের অধিবাসী। (২০) জেনে রাখো! (এ) পার্থিব জীবনতো

الدُّنْيَا لَعِبٌ وَّلَهْوٌ وَّزِيْنَةٌ وَّتَفَاخُرٌۢ بَيْنَكُمْ وَتَكَاثُرٌ فِى الْاَمْوَالِ وَالْاَوْلَادِ ؕ

দুন্‌ইয়া- লা'ইবুওঁ ওয়া লাহ্‌উওঁ ওয়া যীনাতুওঁ ওয়া তাফা-খুরুম্ বাইনাকুম ওয়া তাকা-ছুরুন ফিল্ আম্‌ওয়া-লি ওয়াল্ আওলা-দি ;

শুধু খেল-তামাসা ও চাকচিক্যময় (জীবন) এবং পারস্পরিক গর্ব করা এবং ধনসম্পদ ও সন্তান সন্ততিতে বৃদ্ধির প্রতিযোগিতা ব্যতীত আর কিছুই নয়;

كَمَثَلِ غَيْثٍ اَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهٗ ثُمَّ يَهِيْجُ فَتَرٰىهُ مُصْفَرًّا ثُمَّ يَكُوْنُ

কামাছালি গাইছিন্ আ'জ্বাবাল্ কুফ্‌ফা-রা নাবাতুহূ ছুম্মা ইয়াহীজু ফাতারা-হু মুস্বফাররান্ ছুম্মা ইয়াকূনু

এটা বৃষ্টির মত, যার দ্বারা উৎপন্ন (শস্য) কৃষকদেরকে আনন্দিত করে, অতঃপর যখন সেটা শুষ্ক হয়ে যায়, তখন সেটাকে তুমি হলুদ রং এর দেখতে

حُطَامًا ؕ وَفِى الْاٰخِرَةِ عَذَابٌ شَدِيْدٌ ۙ وَّمَغْفِرَةٌ مِّنَ اللّٰهِ وَرِضْوَانٌ ؕ وَمَا

হুত্বা-মান্ ; ওয়া ফিল্ আ-খিরাতি 'আযা-বুন্ শাদীদুওঁ ওয়া মাগ্‌ফিরাতুম্ মিনাল্লা-হি ওয়া রিদ্বওয়া-নুন ; ওয়ামাল্

পাও। অতঃপর সেটা চূর্ণবিচূর্ণ হয়ে যায়। পরকালে রয়েছে কঠোর শাস্তি এবং মার্জনা ও সন্তুষ্টি আল্লাহর তরফ থেকে;

الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ ㉑ سَابِقُوْٓا اِلٰى مَغْفِرَةٍ مِّنْ رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا

হ্বায়া-তুদ্ দুন্‌ইয়া~ইল্লা- মাতা-'উল্ গুরূর। ২১। সা-বিক্বূ~ইলা- মাগ্‌ফিরাতিম মির্ রাব্বিকুম্ ওয়া জ্বান্নাতিন্ 'আরদ্বুহা-

(এ) পার্থিব জীবন শুধুমাত্র ধোঁকার সামগ্রী। (২১) তোমরা দ্রুত এগিয়ে যাও তোমাদের প্রতিপালকের ক্ষমা এবং সে জান্নাতের দিকে,

كَعَرْضِ السَّمَآءِ وَالْاَرْضِ ۙ اُعِدَّتْ لِلَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ؕ ذٰلِكَ فَضْلُ

কা'আরদিস্ সামা—ই ওয়াল্ আরদ্বি উ'ইদ্দাত্ লিল্লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রুসুলিহী ; যা-লিকা ফাদ্বলুল

যার বিস্তৃতি আকাশমণ্ডলী এবং পৃথিবীর বিস্তৃতির সমান। যা তাদের জন্য তৈরি করা হয়েছে, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান রাখে।

اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ㉒ مَآ اَصَابَ مِنْ مُّصِيْبَةٍ

লা-হি ইউ'তীহি মাইঁ ইয়াশা—উ ; ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আজীম। ২২। মা~আস্বা-বা মিম্ মুস্বীবাতিন্

এটা আল্লাহর দয়া, যাকে ইচ্ছা তিনি দান করেন। আল্লাহ বড়ই দয়াশীল। (২২) পৃথিবীতে এবং তোমাদের (একান্ত)

فِى الْاَرْضِ وَلَا فِىْٓ اَنْفُسِكُمْ اِلَّا فِىْ كِتٰبٍ مِّنْ قَبْلِ اَنْ نَّبْرَاَهَا ؕ اِنَّ ذٰلِكَ

ফিল্ আরদ্বি ওয়ালা- ফী~আন্‌ফুসিকুম ইল্লা- ফী কিতা-বিম্ মিন্ ক্বাব্‌লি আন্ নাব্‌রাআহা-; ইন্না যা-লিকা

নিজেদের উপর যে বিপদাপদ আসে, তা লিপিবদ্ধ থাকে কিতাবে (লওহে মাহফুজে) তা সংঘটিত হওয়ার পূর্বেই এবং এ (কাজ) টি

عَلَى اللّٰهِ يَسِيْرٌ ㉓ لِّكَيْلَا تَاْسَوْا عَلٰى مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوْا بِمَآ اٰتٰىكُمْ ؕ وَاللّٰهُ

'আলাল্লা-হি ইয়াসীর। ২৩। লিকাইলা- তা'সাও 'আলা- মা- ফা-তাকুম্ ওয়ালা- তাফ্‌রাহূ বিমা~আ-তা-কুম ; ওয়াল্লা-হু

আল্লাহর জন্য খুবই সহজ। (২৩) যাতে তোমরা পেরেশান না হও, তার ওপর, এবং যাতে তোমরা উৎফুল্ল না হও, যা তোমাদেরকে দেয়া হয়েছে তার ওপর। আল্লাহ

لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرِ ۙ ㉔ الَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَاْمُرُوْنَ النَّاسَ

লা-ইউহ্বিব্বু কুল্লা মুখ্‌তা-লিন্ ফাখূরি। ২৪। আল্লাযীনা ইয়াব্‌খালূনা ওয়া ইয়া'মুরূনান্ না-সা

ভালোবাসেন না দাম্ভিক, গর্বকারীদেরকে। (২৪) (ওরা এমন) যারা কৃপণতা করে, এবং অন্যদেরকেও কৃপণতা করার জন্য

بِالْبُخْلِ ؕ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ الْغَنِىُّ الْحَمِيْدُ ㉕ لَقَدْ اَرْسَلْنَا رُسُلَنَا

বিল্‌বুখ্‌লি ; ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লা ফাইন্নাল্লা-হা হুওয়াল গানিইয়্যুল্ হ্বামীদ্। ২৫। লাক্বাদ্ আর্‌সাল্‌না- রুসুলানা-

নির্দেশ দেয়। যে আল্লাহ হতে মুখ ফিরিয়ে নেয়, (তাকে জানিয়ে দিন যে) আল্লাহ অমুখাপেক্ষী, প্রশংসিত। (২৫) নিশ্চয়ই আমি প্রেরণ করেছি রাসূলগণকে

بِالْبَيِّنٰتِ وَاَنْزَلْنَا مَعَهُمُ الْكِتٰبَ وَالْمِيْزَانَ لِيَقُوْمَ النَّاسُ بِالْقِسْطِ ۚ

বিল্‌বায়্যিনা-তি ওয়া আন্‌যাল্‌না-মা'আহুমুল্ কিতা-বা ওয়াল মীযা-না লিইয়াক্বূমান না-সু বিল্‌ক্বিসত্বি,

স্পষ্ট নিদর্শনসহ এবং তাঁদের সাথে আমি অবতীর্ণ করেছি কিতাব এবং মানদণ্ড (ইনসাফ), যাতে মানুষ ন্যায় বিচার কায়েম করতে পারে; আর আমি অবতরণ করেছি (সৃষ্টি

وَاَنْزَلْنَا الْحَدِيْدَ فِيْهِ بَاْسٌ شَدِيْدٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ

ওয়া আন্‌যালনাল্ হ্বাদীদা ফীহি বা'সুন্ শাদীদুওঁ ওয়া মানা-ফি'উ লিন্না-সি ওয়া লিইয়া'লামাল্লা-হু মাইঁ ইয়ান্‌স্বুরুহূ

করেছি) লৌহ, যাতে রয়েছে অধিক বক্তি এবং মানুষের অনেক কল্যাণ। (রাসূলগণকে এজন্য প্রেরণ করেছেন) যাতে, আল্লাহ (প্রকাশ্যভাবে) জেনে নিতে পারেন যে, কে তাঁর

ع ৩ ১৯ রুকূ'

وَرُسُلَهٗ بِالْغَيْبِ ؕ اِنَّ اللّٰهَ قَوِىٌّ عَزِيْزٌ ㉖ وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا وَّاِبْرٰهِيْمَ

ওয়া রুসুলাহূ বিল্‌গাইবি ; ইন্নাল্লা-হা ক্বাওয়িয়্যুন 'আযীয। ২৬। ওয়া লাক্বাদ্ আর্‌সাল্‌না- নূহ্বাওঁ ওয়া ইব্রা-হীমা

এবং তাঁর রাসূলগণকে অদৃশ্যভাবে সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ মহা শক্তিশালী এবং প্রতাপশালী। (২৬) আমি নূহ এবং ইব্রাহীমকে (নবী করে) প্রেরণ করেছিলাম এবং আমি

وَجَعَلْنَا فِىْ ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ وَالْكِتٰبَ فَمِنْهُمْ مُّهْتَدٍ ۚ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ○

ওয়া জ্বা'আল্‌না- ফী যুর্‌রিয়্যাতিহিমান্ নুবুওয়্যাতা ওয়াল্ কিতা-বা ফামিন্‌হুম মুহ্‌তাদিন্, ওয়া কাছীরুম্ মিন্‌হুম্ ফা-সিক্বূন।

তাদের উভয়ের সন্তান-সন্ততির মধ্যে নবুওয়াত ও কিতাব প্রেরণ জারী রেখেছিলাম। কিন্তু তাদের মধ্যে কতিপয় সঠিক পথ প্রাপ্ত হয়েছে এবং অধিকাংশ লোকই ছিল নাফরমান।

○ টীকা (আঃ ২৩) ঃ কেননা, গর্ব সেই ব্যক্তিই করতে পারে, যে ব্যক্তি নিজস্ব যোগ্যতা লাভ করেছে। অপরের ইচ্ছা ও নির্দেশে কোন বস্তু পাওয়া গেলে তাতে গর্ব করবার কি আছে? (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২৩) ঃ আভ্যন্তরীণ গুণাবলির জন্য গর্বিত ব্যক্তিকে مختال এবং সম্পদ, মর্যাদা ইত্যাদি বাহ্যিক জাঁকজমকের জন্য অহংকৃত ব্যক্তিকে فخور বলা হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২৫) ঃ কেননা, লৌহ দ্বারা বহুবিধ মারাত্মক অস্ত্র প্রস্তুত হয়। তার সাহায্যে পৃথিবীর শৃঙ্খলা ঠিক থাকে এবং অস্ত্র-শস্ত্রের ভয়ে অনেক বিশৃঙ্খল দূর হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ.২৫) ঃ এতদ্ব্যতীত লৌহ নির্মিত যন্ত্রপাতি দ্বারা মানুষ বিভিন্ন ক্ষেত্রে উপকৃত হয়। (বঃ কোঃ)

㉗ ثُمَّ قَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِرُسُلِنَا وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ ۵

২৭। ছুম্মা ক্বাফ্‌ফাইনা- 'আলা~আ-ছা-রিহিম বিরুসুলিনা- ওয়া ক্বাফ্‌ফাইনা- বি'ঈসাব্‌নি মারইয়ামা ওয়া আ-তাইনা-হুল ইন্‌জ্বীলা

(২৭) এরপরে আমি তাদের পিছনে (অন্যান্য) রাসূলগণকে প্রেরণ করেছিলাম। অতঃপর আমি প্রেরণ করেছিলাম মরিয়মের পুত্র ঈসাকে

وَجَعَلْنَا فِىْ قُلُوْبِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ رَاْفَةً وَّرَحْمَةً ؕ وَرَهْبَانِيَّةَ ۨ ابْتَدَعُوْهَا مَا

ওয়া জ্বা'আল্‌না- ফী কুলূবিল্ লাযীনাত্ তাবা'উহু রা'ফাতাওঁ ওয়া রাহ্‌মাতান ; ওয়া রাহ্‌বা-নিয়্যাতানিব্ তাদা'উহা- মা-

এবং তাকে দান করেছিলাম ইঞ্জিল এবং তার অনুসারীদের অন্তরে দিয়েছিলাম কোমলতা এবং দয়া, আর তারা বৈরাগ্যবাদ (ইহকাল বর্জন নীতি) কে নিজেরাই

كَتَبْنٰهَا عَلَيْهِمْ اِلَّا ابْتِغَآءَ رِضْوَانِ اللّٰهِ فَمَا رَعَوْهَا حَقَّ رِعَايَتِهَا ۚ فَاٰتَيْنَا الَّذِيْنَ

কাতাব্‌না-হা- 'আলাইহিম ইল্লাব্‌তিগা—আ রিদ্বওয়া- নিল্লা-হি ফামা- রা'আওহা- হাক্ক্বা রি'আ- ইয়াতিহা-, ফাআ-তাইনাল্ লাযীনা

চালু করেছিল, আল্লাহর লাভের আশায়, কিন্তু আমি তাদের ওপর তা নির্ধারণ (ফরজ) করিনি। অথচ তারা সেটাও ঠিকভাবে পালন করেনি; তাদের

اٰمَنُوْا مِنْهُمْ اَجْرَهُمْ ۚ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ㉘ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا

আ-মানূ মিন্‌হুম আজ্‌রাহুম, ওয়া কাছীরুম্ মিন্‌হুম ফা-সিকূন। ২৮। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্

মধ্যে যারা ঈমান এনেছিল, আমি তাদেরকে তাদের প্রতিদান দিয়েছিলাম এবং তাদের অনেক লোকই ছিল নাফরমান। (২৮) হে মুমিনগণ! আল্লাহকে

اتَّقُوا اللّٰهَ وَاٰمِنُوْا بِرَسُوْلِهٖ يُؤْتِكُمْ كِفْلَيْنِ مِنْ رَّحْمَتِهٖ وَيَجْعَلْ

তাক্বুল্লা-হা ওয়া আমিনূ বিরাসূলিহী ইউ'তিকুম্ কিফ্‌লাইনি মির্ রাহ্‌মাতিহী ওয়া ইয়াজ্ব'আল্

ভয় কর এবং তাঁর রাসূলগণের প্রতি ঈমান আন, তিনি তাঁর নিজ রহমত হতে দ্বিগুণ (সওয়াব) দান করবেন এবং দিবেন তোমাদের জন্য (এমন) আলো,

لَّكُمْ نُوْرًا تَمْشُوْنَ بِهٖ وَيَغْفِرْ لَكُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ㉙ لِّئَلَّا

লাকুম্ নূরান্ তামশূনা বিহী ওয়া ইয়াগফির্ লাকুম ; ওয়াল্লা-হু গাফূরুর রাহীম। ২৯। লিআল্লা-

যার দ্বারা তোমরা পথ চলবে। এবং তিনি তোমাদের (গুনাহ) মাফ করবেন, আল্লাহ বড়ই মার্জনাশীল ও অসীম দয়ালু। (২৯) (এটা এজন্য করবেন) যাতে

يَعْلَمَ اَهْلُ الْكِتٰبِ اَلَّا يَقْدِرُوْنَ عَلٰى شَىْءٍ مِّنْ فَضْلِ اللّٰهِ وَاَنَّ

ইয়া'লামা আহ্‌লুল্ কিতা-বি আল্লা- ইয়াক্বদিরূনা 'আলা- শাইয়িম্ মিন্ ফাদ্বলিল্লাহি ওয়া আন্নাল্

(অবিশ্বাসী) কিতাবীগণ বুঝতে পারে যে, তাদের কোনই অধিকার নেই আল্লাহর রহমতের কোন অংশেই এবং (বুঝতে পারে যে)

الْفَضْلَ بِيَدِ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ۵

ফাদ্বলা বিয়াদিল্লা-হি ইউ'তীহি মাই ইয়াশা—উ ; ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আজীম।

রহমত একমাত্র তাঁরই নিয়ন্ত্রণে, যাকে ইচ্ছা তাকে তিনি তা দান করেন। আল্লাহ মহা করুণাময়।

○ টীকা (আঃ ২৭) ঃ হযরত ঈসা (আ)-এর পরে মানুষ ধর্ম বিধান ত্যাগপূর্বক প্রবৃত্তির অনুসরণ করলে, একদল ধর্মপরায়ণ লোক ধর্মপ্রচারে ব্রতী হলেন। প্রবৃত্তির পূজারীদের নিকট তা অসহনীয় হল। তারা রাজদরবারে প্রার্থনা করল, ধর্ম প্রচারকদেরকে প্রচারকার্য ত্যাগ করে আমাদের সহধর্মী হয়ে থাকতে বাধ্য করা হোক। তাদের উপর চাপ দেয়া হলে তারা আবেদন করল, আমরা কারও সাথে সংস্রব রাখব না। আমাদেরকে স্বাধীন জীবন যাপনের অনুমতি দেয়া হোক। আমরা নির্জনে বসে কিংবা যাযাবররূপে থাকব। অতএব, তাদেরকে ছেড়ে দেয়া হল। এরূপে তারা নিজেরা বৈরাগ্য আবিষ্কার করল। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২৭) ঃ যারা হুযূর (সা)-এর যুগ পেয়েছে, তাদের সত্য রক্ষার শর্ত হল, হুযূর (সা)-এর উপর ঈমান আনয়ন করা। অতএব, তারাই সত্য লঙ্ঘনকারী, যারা হুযূর (সা)-এর প্রতি ঈমান আনয়ন করেনি। (বঃ কোঃ)

সূরা মুজাদালাহ্
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২২
রুকূ ঃ ৩

পারা ২৮

① قَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّتِىْ تُجَادِلُكَ فِىْ زَوْجِهَا وَتَشْتَكِىْٓ اِلَى اللّٰهِ ۖ

১। ক্বাদ্ সামি'আল্লা-হু ক্বাওলাল্ লাতী তুজ্বা-দিলুকা ফী যাওজ্বিহা- ওয়া তাশ্‌তাকী~ইলাল্লা-হি,

(১) নিশ্চয়ই আল্লাহ সে নারীর কথা শুনেছেন, যে আপনার সাথে নিজ স্বামীর ব্যাপারে বাকবিতণ্ডা করতেছিল এবং আল্লাহর নিকটও ফরিয়াদ করতেছিল,

وَاللّٰهُ يَسْمَعُ تَحَاوُرَكُمَا ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ ۢ بَصِيْرٌ ② اَلَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْكُمْ مِّنْ

ওয়াল্লা-হু ইয়াস্‌মা'উ তাহা-উরাকুমা-; ইন্নাল্লা-হা সামী'উম বাছীর। ২। আল্লাযীনা ইউজা-হিরূনা মিন্‌কুম মিন্

আল্লাহ শোনেন তোমাদের পরস্পরের আলাপ-আলোচনা; নিশ্চয়ই আল্লাহ্ সব কিছু শ্রবণকারী (ও) দর্শনকারী। (২) তোমাদের মধ্যে যারা নিজ স্ত্রীদের সাথে

نِّسَآئِهِمْ مَّا هُنَّ اُمَّهٰتِهِمْ ؕ اِنْ اُمَّهٰتُهُمْ اِلَّا الّٰٓئِىْ وَلَدْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَيَقُوْلُوْنَ

নিসা—ইহিম মা-হুন্না উম্মাহা-তিহিম ; ইন্ উম্মাহা-তুহুম ইল্লাল্ লা—ঈ ওয়ালাদ্‌নাহুম ; ওয়া ইন্নাহুম লাইয়াকূলূনা

যিহার (মায়ের সাথে তুলনা) করে, তাতে সে তাদের (প্রকৃত) মা হয়ে যায় না ; তাদের মা তো তারাই, যারা তাদেরকে প্রসব করেছে। তারা এক

مُنْكَرًا مِّنَ الْقَوْلِ وَزُوْرًا ؕ وَاِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ③ وَالَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْ

মুন্‌কারাম্ মিনাল ক্বাওলি ওয়াযূরা- ; ওয়া ইন্নাল্লা-হা লা'আফুওউন্ গাফূর। ৩। ওয়াল্লাযীনা ইউজা-হিরূনা মিন্

অযৌক্তিক এবং মিথ্যা কথাই বলে; নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল ও দয়াবান। (৩) যে ব্যক্তি তার নিজ স্ত্রীর সাথে যিহার করে,

نِّسَآئِهِمْ ثُمَّ يَعُوْدُوْنَ لِمَا قَالُوْا فَتَحْرِيْرُ رَقَبَةٍ مِّنْ قَبْلِ اَنْ يَّتَمَآسَّا ؕ ذٰلِكُمْ

নিসা—ইহিম ছুম্মা ইয়া'উদূনা লিমা- ক্বা-লূ ফাতাহ্‌রীরু রাক্বাবাতিম্ মিন্ ক্বাব্‌লি আই ইয়াতামা—স্‌সা- ; যা-লিকুম

অতঃপর যা বলেছিল তা থেকে প্রত্যাহার করে, তবে তাদের কাজ হল, একটি ক্রীতদাস আজাদ করে দিবে, পরস্পরে একে অপরকে স্পর্শ করার পূর্বেই;

تُوْعَظُوْنَ بِهٖ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ④ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ شَهْرَيْنِ

তূ'আজূনা বিহী ; ওয়াল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর। ৪। ফামাল্ লাম্ ইয়াজ্বিদ্ ফাস্বিয়া-মু শাহ্‌রাইনি

এর দ্বারা তোমাদেরকে উপদেশ দেয়া হয়েছে। আল্লাহ তোমাদের কৃতকর্ম সম্পর্কে অবগত আছেন। (৪) যে এ কাজ করার ক্ষমতা রাখে না, তবে সে যেন

مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ اَنْ يَّتَمَآسَّا ۚ فَمَنْ لَّمْ يَسْتَطِعْ فَاِطْعَامُ سِتِّيْنَ مِسْكِيْنًا ؕ ذٰلِكَ

মুতাতা-বি'আইনি মিন ক্বাব্‌লি আই ইয়াতামা—স্‌সা- ; ফামাল্ লাম্ ইয়াস্‌তাত্বি' ফাইত্ব'আ-মু সিত্তীনা মিস্‌কীনান ; যা-লিকা

একে অপরকে স্পর্শ করার পূর্বে ধারাবাহিকভাবে দু' মাস রোজা রাখে; যে তারও ক্ষমতা রাখে না, সে যেন ষাটজন অভাবগ্রস্তকে খানা খাওয়ায়; এ নির্দেশ এ কারণে যে,

---

○ শানে নুযূল (আঃ ১) ঃ قد سمع الله - ইসলামের পূর্বে নিয়ম ছিল যে, কোন পুরুষ যদি তার স্ত্রীকে একথা বলে যে, "তুমি আমার মা" তবে এতে সারা জীবনের জন্য সে স্ত্রী তার জন্য নিষিদ্ধ হয়ে যায়। সে স্ত্রীগণের কোনই ব্যবস্থা ছিল না। রাসূলের (স) সময় একজন মুসলমান আওস বিন সামিত (রা) তাঁর স্ত্রী খাওলাকে, উপরোক্ত কথাই বলেছিল। স্ত্রী পেরেশান হয়ে রাসূলের (স) কাছে হাজির হন এবং ঘটনা বর্ণনা করেন। হুযূর (স) বললেন, এ ব্যাপারে আল্লাহ বিশেষ কোন বিধান নাযিল করেননি। তবে আমার ধারণায়, তুমি তার জন্য হারাম হয়ে গেছ। এখন তোমরা কিভাবে দাম্পত্য জীবন যাপন করবে। সে মহিলা বিভিন্ন অভিযোগ এবং সমস্যার কথা তুলে ধরল এবং হুযূর (স)-এর সাথে বাদানুবাদ করতে লাগল। সে মহিলা এক পর্যায়ে বলল, হে আল্লাহর রাসূল! আমার স্বামী তালাক দেয়ার উদ্দেশ্যে একথা বলেনি। মহিলা খুবই চিন্তিত হয়ে পড়ল। অবশেষে আল্লাহর দরবারে মহিলা মুনাজাত করে, হে আল্লাহ! তুমি তোমার নবীর মাধ্যমে আমার এ সমস্যাটির সমাধান করে দাও। এ প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। (তাঃ ওসমানী)

(٢٧) ثُمَّ قَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِرُسُلِنَا وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ ۵


٣٠ إِلَّا عَلَىٰٓ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ ٣١ فَمَنِ

৩০। ইল্লা- 'আলা~আ আয্ওয়া-জিহিম আও মা-মালাকাত আইমা-নুহুম ফাইন্নাহুম গাইরু মালূমীন। ৩১। ফামানিব্
(৩০) তবে তাদের স্ত্রী এবং তাদের মালিকাধীন দাসীদের কথা ভিন্ন। এতে তারা তিরস্কৃত হবে না। (৩১) তবে যে

ابْتَغَىٰ وَرَآءَ ذَٰلِكَ فَأُولَٰٓئِكَ هُمُ الْعٰدُونَ ٣٢ وَالَّذِينَ هُمْ لِأَمٰنٰتِهِمْ وَعَهْدِهِمْ

তাগা- ওয়ারা—আ যা-লিকা ফাউলা—ইকা হুমুল 'আ-দূন। ৩২। ওয়াল্লাযীনা হুম লিআমা-না-তিহিম ওয়া 'আহ্‌দিহিম
এদের ছাড়া অন্যকে আশা করে, তারা হল সীমালংঘনকারী। (৩২) আর যারা তাদের আমানত এবং প্রতিশ্রুতি রক্ষায়

رٰعُونَ ٣٣ وَالَّذِينَ هُمْ بِشَهٰدٰتِهِمْ قَآئِمُونَ ٣٤ وَالَّذِينَ هُمْ عَلَىٰ صَلَاتِهِمْ

রা-'উন। ৩৩। ওয়াল্লাযীনা হুম বিশাহা-দা-তিহিম ক্বা—ইমূন। ৩৪। ওয়াল্লাযীনা হুম 'আলা- স্বালা-তিহিম
বিশ্বস্ত হয়। (৩৩) আর যারা তাদের নিজ সাক্ষ্যতে দৃঢ়। (৩৪) আর যারা তাদের নিজেদের নামাজ হেফাজত করে (অর্থাৎ যথাযথভাবে

يُحَافِظُونَ ٣٥ أُولَٰٓئِكَ فِي جَنّٰتٍ مُّكْرَمُونَ ٣٦ فَمَالِ الَّذِينَ كَفَرُوا قِبَلَكَ

ع
১
৩৫
৭
রুকূ

ইউহা-ফিজূন। ৩৫। উলা—ইকা ফী জান্না-তিম্ মুকরামূন। ৩৬। ফামা-লিল্ লাযীনা কাফারূ ক্বিবালাকা
আদায় করে)। (৩৫) তারাই জান্নাতে অতি সম্মানের সাথে বাস করবে। (৩৬) কাফিরদের কি হয়েছে যে, তারা আপনার দিকে

مُهْطِعِينَ ٣٧ عَنِ الْيَمِينِ وَعَنِ الشِّمَالِ عِزِينَ ٣٨ أَيَطْمَعُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ

মুহ্‌ত্বি'ঈন। ৩৭। 'আনিল্ ইয়ামীনি ওয়া 'আনিশ্ শিমা-লি 'ইযীন। ৩৮। আইয়াত্বমা'উ কুল্‌লুম রিইম্ মিন্‌হুম
দ্রুতবেগে আসতেছে। (৩৭) ডান ও বাম দিক থেকে দলবদ্ধভাবে। (৩৮) তাদের প্রত্যেকে কি এ কামনা করে যে, তাদেরকে

أَنْ يُّدْخَلَ جَنَّةَ نَعِيمٍ ٣٩ كَلَّا ۖ إِنَّا خَلَقْنٰهُمْ مِّمَّا يَعْلَمُونَ ٤٠ فَلَآ أُقْسِمُ

আই ইউদ্‌খালা জান্নাতা না'ঈম। ৩৯। কাল্লা-; ইন্না- খালাক্বনা-হুম্ মিম্মা-ইয়া'লামূন। ৪০। ফালা~উক্বসিমু
প্রবেশ করানো হবে সুখময় জান্নাতে? (৩৯) না কখনোইনা, আমি তাদেরকে যে (জিনিস) দ্বারা সৃষ্টি করেছি, তা তারা জানে। (৪০) আমি শপথ করছি, পূর্ব

بِرَبِّ الْمَشٰرِقِ وَالْمَغٰرِبِ إِنَّا لَقٰدِرُونَ ٤١ عَلَىٰٓ أَنْ نُّبَدِّلَ خَيْرًا مِّنْهُمْ

বিরাব্বিল্ মাশা-রিক্বি ওয়াল্ মাগা-রিবি ইন্না- লাক্বা-দিরূন। ৪১। 'আলা~আন্ নুবাদ্দিলা খাইরাম্ মিন্‌হুম
প্রান্ত ও পশ্চিম প্রান্তের অবশ্যই আমি সক্ষম, (৪১) তাদের পরিবর্তে তাদের চেয়ে অতি উত্তম মানুষ আনয়ন করতে

وَمَا نَحْنُ بِمَسْبُوقِينَ ٤٢ فَذَرْهُمْ يَخُوضُوا وَيَلْعَبُوا حَتَّىٰ يُلٰقُوا يَوْمَهُمُ الَّذِي

ওয়ামা- নাহ্‌নু বিমাস্‌বূক্বীন। ৪২। ফাযার্‌হুম ইয়াখূদ্বূ ওয়া ইয়াল'আবূ হাত্তা- ইউলা-কূ ইয়াওমাহুমুল লাযী
এবং আমি তাতে অপারগ নই। (৪২) সুতরাং তাদেরকে ছেড়ে দিন বাজে কথা ও খেলতামাশার মধ্যে থাকতে, সেদিন উপস্থিত হওয়া পর্যন্ত, যে দিনের প্রতিশ্রুতি

يُوعَدُونَ ٤٣ يَوْمَ يَخْرُجُونَ مِنَ الْأَجْدَاثِ سِرَاعًا كَأَنَّهُمْ إِلَىٰ نُصُبٍ يُّوفِضُونَ

ইউ'আদূন। ৪৩। ইয়াওমা ইয়াখ্‌রুজূনা মিনাল্ আজ্‌দা-ছি সিরা-'আন্ কাআন্নাহুম ইলা- নুস্বুবিই ইউফিদ্বূন।
তাদেরকে দেয়া হয়েছে। (৪৩) সেদিন তারা কবর হতে দৌড়ে ওঠে আসবে, মনে হবে যেন, তারা কোন লক্ষ্যের দিকে ছুটে চলছে।

২
ع
৪৪
৮
রুকূ

٤٤ خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ ۚ ذَٰلِكَ الْيَوْمُ الَّذِي كَانُوا يُوعَدُونَ

৪৪। খা-শি'আতান্ আব্‌স্বা-রুহুম তার্‌হাকুহুম যিল্লাতুন ; যা-লিকাল্ ইয়াওমুল্লাযী কা-নূ ইউ'আদূন।
(৪৪) তাদের দৃষ্টি অবনত থাকবে এবং লাঞ্ছনা তাদেরকে আচ্ছাদিত করবে। এটাই সে দিন, যেদিন সম্পর্কে তাদেরকে প্রতিশ্রুতি দেয়া হয়েছিল।

সূরা নূহ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৮
রুকূ ঃ ২

١ إِنَّا أَرْسَلْنَا نُوحًا إِلَىٰ قَوْمِهِ أَنْ أَنْذِرْ قَوْمَكَ مِنْ قَبْلِ أَنْ يَّأْتِيَهُمْ عَذَابٌ أَلِيمٌ

১। ইন্না~আরসাল্‌না- নূহান ইলা- ক্বাওমিহী~আন আন্‌যির ক্বাওমাকা মিন ক্বাবলি আই ইয়া'তিয়াহুম 'আযা-বুন আলীম।
(১) নিশ্চয়ই আমি নূহকে তাঁর সম্প্রদায়ের নিকট এ নির্দেশ নিয়ে প্রেরণ করেছিলাম যে, তুমি তোমার সম্প্রদায়কে সাবধান কর তাদের প্রতি যন্ত্রণাময় শাস্তি আসার পূর্বে।

٢ قَالَ يٰقَوْمِ إِنِّي لَكُمْ نَذِيرٌ مُّبِينٌ ٣ أَنِ اعْبُدُوا اللَّهَ وَاتَّقُوهُ وَأَطِيعُونِ

২। ক্বা-লা ইয়া-ক্বাওমি ইন্নী লাকুম নাযীরুম্ মুবীন। ৩। আনি'বুদুল্লা-হা ওয়াত্তাকূহু ওয়া আত্বী'উন।
(২) সে (নূহ) বললেন, হে আমার জাতি! আমিতো তোমাদের জন্য প্রকাশ্য সতর্ককারী যে, (৩) তোমরা (এক) আল্লাহর ইবাদাত কর ও তাঁকে ভয় কর ও আমার অনুগত হও।

٤ يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوبِكُمْ وَيُؤَخِّرْكُمْ إِلَىٰٓ أَجَلٍ مُّسَمًّى ۚ إِنَّ أَجَلَ اللَّهِ إِذَا جَآءَ

৪। ইয়াগ্‌ফির্‌লাকুম মিন যুনূবিকুম ওয়া ইউআখ্‌খিরকুম ইলা~আজ্বালিম্ মুসাম্মান ; ইন্না আজ্বালাল্লা-হি ইযা- জ্বা—আ
(৪) তিনি তোমাদের পাপসমূহ ক্ষমা করবেন, এবং তিনি তোমাদেরকে সুযোগ দিবেন একটি নির্ধারিত সময় পর্যন্ত। নিশ্চয়ই আল্লাহর নির্ধারিত সময় যখন এসে উপস্থিত হয়,

ওয়াক্বফে গুফরান

لَا يُؤَخَّرُ ۘ لَوْ كُنْتُمْ تَعْلَمُونَ ٥ قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَّنَهَارًا

লা-ইউআখ্‌খারু। লাও কুন্‌তুম তা'লামূন। ৫। ক্বা-লা রাব্বি ইন্নী দা'আওতু ক্বাওমী লাইলাওঁ ওয়া নাহা-রা-।
তখন তা বিলম্ব করা হয় না, যদি তোমরা তা জানতে। (৫) সে বললেন, হে আমার প্রতিপালক! নিশ্চয়ই আমি আমার সম্প্রদায়কে দিন, রাত আহ্বান করেছি।

٦ فَلَمْ يَزِدْهُمْ دُعَآءِيٓ إِلَّا فِرَارًا ٧ وَإِنِّي كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ

৬। ফালাম ইয়াযিদ্‌হুম দু'আ—ঈ~ইল্লা- ফিরা-রা-। ৭। ওয়া ইন্নী কুল্লামা- দা'আওতুহুম লিতাগ্‌ফিরালাহুম
(৬) কিন্তু আমার আহ্বানে তারা আরও বেশি পলায়ন করেছে। (৭) আর যখনই আমি তাদেরকে আহ্বান করি, আপনার ক্ষমার জন্য, (তখন)

جَعَلُوٓا أَصَابِعَهُمْ فِيٓ ءَاذَانِهِمْ وَاسْتَغْشَوْا ثِيَابَهُمْ وَأَصَرُّوا وَاسْتَكْبَرُوا

জ্বা'আলূ~আস্বা-বি'আহুম ফী~আ-যা-নিহিম ওয়াস্‌তাগ্‌শাও ছিয়া-বাহুম ওয়া আসাররূ ওয়াস্‌তাক্‌বারুস্
তারা তাদের কর্ণে অংগুলি দেয় এবং তাদের কাপড় দ্বারা নিজদেরকে আচ্ছাদিত করে এবং (কুফরীতে আরও) ঝুঁকে যায় এবং খুব

○ টীকা (আঃ ১) ঃ অর্থাৎ, তাদেরকে বলুন, যদি তোমরা ঈমান না আন, তবে তোমাদের প্রতি ভীষণ আযাব আসবে। যেমন ইহজগতে প্লাবন, পরলোকে যন্ত্রণাময় শাস্তি হবে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ ফলকথা, ঈমান আন আর না আন মৃত্যু অনিবার্য, তবে পার্থক্য এই যে, ঈমান না আনলে পারলৌকিক আযাব ছাড়াও ইহলৌকিক আযাবেরও সম্ভাবনা রয়েছে। আর ঈমান আনলে কোন অবস্থাতেই আযাব হবে না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, কাপড় জড়ায়ে নিল। যেন তাঁর কথা আমাদের অন্তরে বসে না যায়। কেননা, তারা তাঁর কথা শুনতে অনিচ্ছুক। (মুঃ কোঃ)

استكبارا ﴿٨﴾ ثم اني دعوتهم جهارا ﴿٩﴾ ثم اني اعلنت لهم واسررت

তিক্‌বা-রা-। ৮। ছুম্মা ইন্নী~দা'আওতুহুম জ্বিহা-রা-। ৯। ছুম্মা ইন্নী~আ'লান্‌তু লাহুম ওয়া আস্‌রার্‌তু
অহংকার করে। (৮) অতঃপর আমি তাদেরকে প্রকাশ্যে আহ্বান করেছি। (৯) পরে আমি তাদেরকে প্রকাশ্যে বলেছি এবং গোপনেও

لهم اسرارا ﴿١٠﴾ فقلت استغفروا ربكم انه كان غفارا ﴿١١﴾ يرسل السماء

লাহুম ইস্‌রা-রা-। ১০। ফাক্বুল্‌তুস্‌ তাগ্‌ফিরূ রাব্বাকুম ; ইন্নাহূ কা-না গাফ্‌ফা-রা-। ১১। ইউর্‌সিলিস্‌ সামা—আ
বুঝিয়েছি। (১০) আমি বলেছি, তোমরা ক্ষমা প্রার্থনা কর, তোমাদের প্রতিপালকের কাছে। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল। (১১) তিনি তোমাদের ওপর আকাশ

عليكم مدرارا ﴿١٢﴾ ويمددكم باموال وبنين ويجعل لكم جنت

'আলাইকুম মিদ্‌রা-রা- ১২। ওয়া ইউম্‌দিদ্‌কুম বিআম্‌ওয়া-লিওঁ ওয়া বানীনা ওয়া ইয়াজ্ব'আল্‌ লাকুম জ্বান্না-তিওঁ
থেকে পর্যাপ্ত প্রেরণ করবেন। (১২) আর তিনি তোমাদেরকে শক্তি বৃদ্ধি করবেন, ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দ্বারা এবং তোমাদের জন্য করে দিবেন জান্নাত এবং

ويجعل لكم انهرا ﴿١٣﴾ مالكم لا ترجون لله وقارا ﴿١٤﴾ وقد خلقكم اطوارا ○

ওয়া ইয়াজ্ব'আল্‌ লাকুম আন্‌হা-রা-। ১৩। মা-লাকুম লা- তারজূনা লিল্লা-হি ওয়া ক্বা-রা-। ১৪। ওয়া ক্বাদ্‌ খালাক্বাকুম আত্বওয়া-রা-।
প্রবাহিত করবেন তোমাদের জন্য নহরসমূহ। (১৩) তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর মর্যাদা বিশ্বাস করছ না? (১৪) অথচ তিনিই তোমাকে সৃষ্টি করেছেন স্তরে স্তরে।

﴿١٥﴾ الم تروا كيف خلق الله سبع سموت طباقا ﴿١٦﴾ وجعل القمر فيهن

১৫। আলাম তারাও কাইফা খালাক্বাল্লা-হু সাব্‌'আ সামা-ওয়া-তিন ত্বিবা-ক্বা-। ১৬। ওয়া জ্বা'আলাল্‌ ক্বামারা ফীহিন্না
(১৫) তোমরা কি চিন্তা করনা যে, আল্লাহ কিভাবে সৃষ্টি করেছেন সপ্ত আকাশ ধাপে ধাপে। (১৬) এবং সেথায় চন্দ্রকে করেছেন আলোক

نورا وجعل الشمس سراجا ﴿١٧﴾ والله انبتكم من الارض نباتا ﴿١٨﴾ ثم

নূরাওঁ ওয়া জ্বা'আলাশ্‌ শাম্‌সা সিরা-জ্বা-। ১৭। ওয়াল্লা-হু আম্‌বাতাকুম্‌ মিনাল্‌ আর্‌দ্বি নাবা-তা-। ১৮। ছুম্মা
রূপে, এবং সূর্যকে করেছেন চেরাগ রূপে? (১৭) তিনি তোমাদেরকে যথাযথভাবে সৃষ্টি করেছেন মৃত্তিকা হতে। (১৮) অতঃপর তিনি তোমাদেরকে

يعيدكم فيها ويخرجكم اخراجا ﴿١٩﴾ والله جعل لكم الارض بساطا ○

ইউ'ঈদুকুম ফীহা- ওয়া ইউখ্‌রিজুকুম ইখ্‌রা-জ্বা-। ১৯। ওয়াল্লা-হু জ্বা'আলা লাকুমুল আরদ্বা বিসা-ত্বা-
তার মধ্যেই প্রত্যাগমন ও পরে আবার (সেখান থেকে) বের করে আনবেন। (১৯) আল্লাহ তোমাদের জন্য পৃথিবীকে করেছেন (বিছানার ন্যায়) বিস্তৃত।

﴿٢٠﴾ لتسلكوا منها سبلا فجاجا ﴿٢١﴾ قال نوح رب انهم عصوني واتبعوا

ع
১
২০
৯
রুকূ

২০। লিতাস্‌লুকূ মিন্‌হা- সুবুলান ফিজ্বা-জ্বা-। ২১। ক্বা-লা নূহুর্‌ রাব্বি ইন্নাহুম 'আস্বাওনী ওয়াত্তাবা'উ
(২০) যাতে তোমরা বিস্তৃত পথে চলাফেরা করতে পার। (২১) নূহ বললেন, হে আমার প্রতিপালক! তারা আমার কথা শোনেইনি এবং

○ টীকা (আঃ ৯) ঃ মোটকথা, যত প্রকারের উপদেশে তাদের উপকার হওয়ার সম্ভাবনা ছিল, সকল প্রকারেই আমি তাদেরকে বুঝিয়েছি। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৩) ঃ সমস্ত নেয়ামত উল্লেখ করার স্বার্থকতা সম্ভবতঃ এ, অধিকাংশ মানুষ নগদ লাভের প্রত্যাশী। অতএব, এর উল্লেখ তাদেরকে ঈমানের প্রতি উৎসাহিত করবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ خلقكم اطوارا - (পর্যায়ক্রমে) মানব সৃষ্টির প্রথমে বীর্য, পরে রক্ত পিণ্ড, পরে মাংস পিণ্ড, পরে অস্থি, পরে গোস্ত, পরে পূর্ণ আকৃতি গঠন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১৫) ঃ অর্থাৎ, প্রথমতঃ খাদ্য হতে রক্ত, তা হতে শুক্র, তা হতে জমাট রক্ত এবং তা হতে মাংস, এরূপে স্তরে স্তরে তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন। (বঃ কো) ○ টীকা (আঃ ২১) ঃ কেননা, যমীনে চলা-ফেরা নির্ভর করে তার স্থিরতার উপর, অন্যথায় তাতে ধসে অথবা ডুবে যেত সমস্ত উক্তি, যা ফরিয়াদস্বরূপ আল্লাহর দরবারে নিবেদন করেছিলেন। (বঃ কোঃ)

من لم يزده ماله وولده الا خسارا ﴿٢٢﴾ ومكروا مكرا كبارا ﴿٢٣﴾ وقالوا

মাল্লাম ইয়াযিদ্‌হু মা-লুহূ ওয়া ওয়ালাদুহূ~ইল্লা- খাসা-রা-। ২২। ওয়া মাকারূ মাক্‌রান্‌ কুব্বা-রা-। ২৩। ওয়া ক্বা-লূ
এমন লোকের তারা অনুসরণ করছে, যাদের ধনসম্পদ ও সন্তান-সন্ততি তাদের ক্ষতি ছাড়া অন্য কিছু বৃদ্ধি করেনি। (২২) তারা বিরাট চক্রান্ত করেছিল, (২৩) এবং বলেছিল,

لا تذرن الهتكم ولا تذرن ودا ولا سواعا ولا يغوث ويعوق

লা-তাযারুন্না আ-লিহাতাকুম ওয়ালা- তাযারুন্না ওয়াদ্দাওঁ ওয়ালা- সুওয়া-'আওঁ ওয়ালা- ইয়াগূছা ওয়া ইয়া'উক্বা
তোমরা কখনও ত্যাগ করনা তোমাদের মাবুদ (প্রতিমা)-কে, আর বর্জন করনা ওয়াদ এবং সুওয়াকে এবং বর্জন করনা ইয়াগুস, ইয়াউক এবং

ونسرا ﴿٢٤﴾ وقد اضلوا كثيرا ولا تزد الظلمين الا ضللا ﴿٢٥﴾ مما خطيئتهم

ওয়া নাস্‌রা-। ২৪। ওয়া ক্বাদ্‌ আদ্বাল্লূ কাছীরা-, ওয়ালা-তাযিদিজ্‌ জা-লিমীনা ইল্লা- দ্বালা-লা-। ২৫। মিম্মা- খাত্বীআ—তিহিম
নাসরকে। (২৪) তারা অনেক লোকদেরকে পথভ্রষ্ট করেছে। (হে আল্লাহ!) আপনি পাপিষ্ঠদের বিভ্রান্তি আরও বাড়িয়ে দিন। (২৫) তাদের পাপের জন্য তাদেরকে (পানিতে)

اغرقوا فادخلوا نارا فلم يجدوا لهم من دون الله انصارا ﴿٢٦﴾ وقال نوح

উগ্‌রিক্বূ ফাউদ্‌খিলূ না-রান ফালাম ইয়াজ্বিদূ লাহুম্‌ মিন্‌ দূনিল্লা-হি আন্‌স্বা-রা-। ২৬। ওয়া ক্বা-লা নূহুর্‌
ডুবিয়ে দেয়া হয়েছে, অতঃপর প্রবেশ করানো হয়েছে অগ্নিতে। অতঃপর তারা আল্লাহ ছাড়া আর কোন সাহায্যকারী পায়নি। (২৬) নূহ বলেছিলেন, হে আমার

رب لا تذر على الارض من الكفرين ديارا ﴿٢٧﴾ انك ان تذرهم يضلوا

রাব্বি লা-তাযার্‌ 'আলাল্‌ আর্‌দ্বি মিনাল কা-ফিরীনা দাইয়্যা-রা-। ২৭। ইন্নাকা ইন্‌ তাযার্‌হুম ইউদ্বিল্লূ
প্রতিপালক! তুমি ভূ-পৃষ্ঠে কাফিরদের কোন ঘর, বাকি রাখবেন না (সব শেষ করে দিন)। (২৭) যদি আপনি তাদের (কাউ)-কে বাকি রাখুন, তবে তারা আপনার

◐
অর্ধাংশ

عبادك ولا يلدوا الا فاجرا كفارا ﴿٢٨﴾ رب اغفر لي ولوالدي ولمن دخل

'ইবা-দাকা ওয়ালা- ইয়ালিদূ~ইল্লা- ফা-জ্বিরান্‌ কাফ্‌ফা-রা-। ২৮। রাব্বিগ্‌ফির্‌লী ওয়ালি ওয়া-লিদাইয়্যা ওয়া লিমান দাখালা
বান্দাগণকে বিভ্রান্ত করবে এবং পাপী ও কাফির ছাড়া অন্য কিছু জন্ম দিবে না। (২৮) হে আমার প্রতিপালক! ক্ষমা করুন, আমাকে। আমার মাতা-পিতাকে

২
ع
২৮
১০
রুকূ

بيتي مؤمنا وللمؤمنين والمؤمنت ولا تزد الظلمين الا تبارا ○

বাইতিয়া মু'মিনাওঁ ওয়া লিল্‌মু'মিনীনা ওয়াল মু'মিনা-তি ; ওয়ালা-তাযিদিজ্‌ জা-লিমীনা ইল্লা- তাবা-রা-।
এবং যারা মুমিন অবস্থায় আমার ঘরে প্রবেশ করে তাদেরকে এবং ক্ষমা কর সব মুমিন পুরুষ ও নারীদেরকে। আর পাপিষ্ঠদের শুধু ধ্বংস বৃদ্ধি কর।

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ ودا - (ওয়াদ্দা) একটি প্রতিমার নাম। যেটি ওরা পুরুষের আকৃতিতে বানিয়েছিল।

* سواعا - সুওয়া– এ প্রতিমাটি বানিয়েছিল মহিলাদের আকৃতিতে। * يغوث - ইয়াগুস– এ প্রতিমাটি বানিয়েছিল, বাঘের আকৃতিতে।

* يعوق - ইয়াউক– এ প্রতিমাটি ছিল ঘোড়ার আকৃতিতে। * نسرا - নাসর– এ প্রতিমাটি ছিল চিল পাখির আকৃতিতে।

এ ব্যাপারে প্রসিদ্ধ বর্ণনা হল– এ পাঁচজন ছিলেন নেককার বান্দা। তারা ছিলেন, হযরত আদম (আ) এবং হযরত নূহ (আ)-এর যুগের মাঝামাঝি সময়। লোকেরা তাদেরকে খুব শ্রদ্ধা করত। তাদের ইন্তেকালের পরে শয়তান তাদের প্রতিকৃতি কাঠ ও পাথর দ্বারা তৈরি করে তার অনুসারীদেরকে নিজ ঘরে লটকিয়ে রাখতে উদ্বুদ্ধ করে। লোকেরা সে প্রতিকৃতিগুলোর প্রতি সম্মান প্রদর্শন করে। নিজ নিজ ঘরে লটকিয়ে রাখে। তাদের প্রতি সম্মান প্রদর্শন করে। যখন সে অনুসারীরা মারা গেল, তখন শয়তান তাদের বংশধরকে এ বলে শিরকের দিকে উদ্বুদ্ধ করল যে, তোমাদের পিতৃপুরুষ তাদের ইবাদাত করত। তাদের প্রতিকৃতি তোমাদের ঘরে ঘরে আছে। সুতরাং তারা তাদের পূজা করতে শুরু করে। (তাঃ কাদেরী, কুঃ কারীম)

সূরা জ্বিন
মক্কী

بسم الله الرحمن الرحيم○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৮
রুকূ ঃ ২

①قل اوحى الى انه استمع نفر من الجن فقالوا انا سمعنا قرانا عجبا○

১। কুল্ উহিয়া ইলাইয়্যা আন্নাহুস্ তামা'আ নাফারুম্ মিনাল জ্বিন্নি ফাক্বা-লূ~ইন্না- সামি'না- কুর্‌আ-নান 'আজ্বাবা-।
(১) (হে নবী!) আপনি বলুন, আমার প্রতি ওহী এসেছে যে, জ্বীনের একটি দল আন্তরিকতার সাথে কুরআন শুনেছিল এবং বলেছিল আমরা আশ্চর্য ধরনের কুরআন শুনেছি।

②يهدى الى الرشد فامنا به ط ولن نشرك بربنا احدا③ وانه تعلى جد

২। ইয়াহ্‌দী~ইলার রুশ্‌দি ফাআ-মান্না-বিহী ; ওয়া লান্ নুশ্‌রিকা বিরাব্বিনা~আহ্বাদা-। ৩। ওয়া আন্নাহূ তা'আ-লা- জ্বাদ্দু
(২) যা সঠিক পথের প্রদর্শক। আমরা এর প্রতি ঈমান এনেছি। আমরা আর কখনও অন্য কাউকে আমাদের প্রতিপালকের সাথে শরীক নির্ধারণ করব না। (৩) নিশ্চয়ই আমাদের

ربنا ما اتخذ صاحبة ولا ولدا④ وانه كان يقول سفيهنا على الله شططا○

রাব্বিনা- মাত্তাখাযা ছা-হিবাতাওঁ ওয়ালা- ওয়ালাদা-। ৪। ওয়া আন্নাহূ কা-না ইয়াকূলু সাফীহুনা- 'আলাল্লা-হি শাত্বাত্বা-।
প্রতিপালকের মর্যাদা অনেক উর্ধ্বে। তিনি গ্রহণ করেননি কোন স্ত্রী এবং গ্রহণ করেননি কোন সন্তান। (৪) আমাদের মধ্যের মূর্খরা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা অযৌক্তিক কথা বলে।

⑤وانا ظننا ان لن تقول الانس والجن على الله كذبا⑥ وانه كان رجال

৫। ওয়া আন্না- জ্বানান্না~আল লান্ তাকুলাল ইন্‌সু ওয়াল্ জ্বিন্নু 'আলাল্লা-হি কাযিবা-। ৬। ওয়া আন্নাহূ কা-না রিজ্বা-লুম্
(৫) আমরাতো এটাই ধারণা করতাম যে, মানুষ এবং জ্বীন আল্লাহ্ সম্পর্কে কখনও মিথ্যা কথা বলে না। (৬) আর কতিপয় মানুষ, আশ্রয়

من الانس يعوذون برجال من الجن فزادوهم رهقا⑦ وانهم ظنوا كما

মিনাল্ ইন্‌সি ইয়া'উযূনা বিরিজ্বা-লিম্ মিনাল্ জ্বিন্নি ফাযা-দূহুম রাহাক্বা-। ৭। ওয়া আন্নাহুম জান্‌নূ কামা-
কামনা করত, কতক জ্বীনের। ফলে তাদের ঔদ্ধত্য আরও বাড়িয়ে দিল। (৭) জ্বীনেরা পরস্পরে বলেছিল তোমাদের মত মানুষের মধ্যে যারা কাফির

○ টীকা (আঃ ১) ঃ এ সূরা সম্পর্কে বুখারী, মুসলিম, তিরমিযী প্রভৃতি বিশিষ্ট হাদীস গ্রন্থে বিভিন্ন সূত্রের বহু হাদীস আছে। তাদের সারমর্ম এই– হযরত (সঃ) কয়েক বৎসর যাবৎ মক্কা শরীফস্থ কোরাইশগণকে হেদায়েত করার পরও যখন তারা সামান্য কয়েকজন ব্যতীত হেদায়েত হল না, তখন তিনি ভাবলেন এদের জন্য ব্যর্থ চেষ্টা না করে অন্যত্র যাওয়াই শ্রেয়। তৎপর তিনি তায়েফ গমন করেন এবং তথাকার সর্দারগণ কর্তৃক বিতাড়িত হয়ে তিনি ওকাজ যাত্রা করেন। পথে নখলা নামক স্থানে যখন ফজরের নামাজ পড়তেছিলেন, তখন নসিবিন শহরস্থ ৯ জন জ্বিন তাঁর কোরআন পাঠ শ্রবণ করতঃ যে মন্তব্য করে, এ সূরার ১৫ আয়াত পর্যন্ত তারই বিস্তারিত বর্ণিত হয়েছে। উক্ত জ্বিনগণ তখন এ সূরার ৮ ও ৯ আয়াতে বর্ণিত ঘটনার কারণে অনুসন্ধানে ব্যাপৃত ছিল।

অধিকাংশ দার্শনিকের মতে, জ্বিন বলতে কিছুই নেই। কিন্তু কিতাবী অ-কিতাবী ধর্মবিশ্বাসী প্রত্যেক সম্প্রদায়ই জ্বিনের অস্তিত্ব স্বীকার করে; তবে কেউ বলেন, এরা অশরীরী আর কেউ বলেন সূক্ষ্ম-শরীরী। এত সূক্ষ্ম যে, কোনরূপ ইন্দ্রিয় গ্রাহ্য নয়। শেষোক্তদের মতে জন্মগত নেককার জ্বিন ফেরেশতা, জন্মগত বদকার জ্বিন শয়তান এবং যেসব জ্বিন জন্মগতভাবে নেককারও নয়, বদকারও নয় তারা সাধারণ জ্বিন নামে পরিচিত। জ্বিনগণ ফেরেশতার মত ইচ্ছামত রূপধারণ করতে পারে; অদৃশ্য অবস্থায় থেকেও দেখতে পায়, শুনতে পায়, শূন্যে ভ্রমণ ও অবস্থান করতে পারে; আসমানে যেয়ে ফেরেশতাদের কথা শুনতে পেত। পক্ষান্তরে সাধারণ শরীরী জীবের মত এদের ক্ষুধা-তৃষ্ণা, কাম-ক্রোধ, জন-মৃত্যু, রোগ-শোক ও প্রজনন প্রভৃতিও হয়ে থাকে। মানুষের মত জ্বিনও নানা স্বভাবের আছে, ইহাদেরও কেয়ামতে বিচার হবে। অনেক মানবের জ্ঞানই জ্বিন পর্যন্ত সীমাবদ্ধ ছিল এবং তাদের অমানুষিক কার্যাবলি দেখে তাদেরকে খোদা বলে মনে করত। জ্বিনগণও স্বীয় অধিকার প্রতিষ্ঠাকল্পে বিভিন্ন উপায় অবলম্বন করত– কখনও বা প্রতিমার ভিতর হতে, কখনও বা বৃক্ষাদির ভিতর হতে কথা বলত; আবার কখনও বা ভবিষ্যতের বা দূরের জ্যোতিষগণকে জানিয়ে দিত ...। নবী কারীম (স)-এর আবির্ভাবের কিছু পূর্ব হতে জ্বিনদের অনেক ক্ষমতা লোপ করা হয়; বিশেষতঃ তাদের উপর আসমানী খবর সংগ্রহের পথ রুদ্ধ করা হয়। (হাক্কানী)

ظننتم ان لن يبعث الله احدا⑧ وانا لمسنا السماء فوجدنها ملئت

জানান্‌তুম আল্ লাইঁ ইয়াব্'আছাল্লা-হু আহ্বাদা-। ৮। ওয়া আন্না- লামাসনাস্ সামা—আ ফাওয়াজ্বাদ্‌না-হা- মুলিআত্
তারাও ধারণা করে যে, আল্লাহ্ কাউকে মৃত্যুর পরে পুনরায় ওঠাবেন না। (৮) এবং আমরা আকাশে অভিযান করেছি, কিন্তু আকাশ পরিপূর্ণ দেখলাম কঠোর

حرسا شديدا وشهبا⑨ وانا كنا نقعد منها مقاعد للسمع ط فمن يستمع

হ্বারাসান্ শাদীদাওঁ ওয়া শুহুবা-। ৯। ওয়া আন্না- কুন্না- নাক্ব'উদু মিন্‌হা- মাক্বা-'ইদা লিস্‌সাম্'ই ; ফামাইঁ ইয়াস্‌তামি'ইল্
প্রহরী এবং জ্বলন্ত শিখায়। (৯) আর এর পূর্বে আমরা কথা শোনার জন্য আকাশের কোন জায়গায় বসে থাকতাম। কিন্তু এখন কেউ কথা শুনতে চাইলে,

الان يجد له شهابا رصدا⑩ وانا لا ندرى اشر اريد بمن فى الارض

আ-না ইয়াজ্বিদ্ লাহূ শিহা-বার্ রাছাদা-। ১০। ওয়া আন্না- লা- নাদরী~আশাররুন উরীদা বিমান ফিল আর্‌দ্বি
সে তার জন্য প্রস্তুত জ্বলন্ত শিখার সম্মুখীন হয়। (১০) আমরা জানি না, পৃথিবীর মানুষের প্রতি অকল্যাণকর (শাস্তিমূলক) কিছু করার ইচ্ছা অথবা তাদের

ام اراد بهم ربهم رشدا⑪ وانا منا الصلحون ومنا دون ذلك ط كنا

আম্ আরা-দা বিহিম রাব্বুহুম রাশাদা-। ১১। ওয়া আন্না- মিন্নাছ্ ছ্বা-লিহূনা ওয়া মিন্না- দূনা যা-লিকা ; কুন্না-
প্রতিপালক তাদের কল্যাণকর কিছু করার ইচ্ছা আছে। (১১) এবং আমাদের মধ্যে কতিপয়তো পুণ্যবান এবং কতিপয় তার বিপরীত। আমরা বিভিন্ন

طرائق قددا⑫ وانا ظننا ان لن نعجز الله فى الارض ولن نعجزه هربا○

ত্বারা—ইক্ব ক্বিদাদা-। ১২। ওয়া আন্না- জানান্না~আল্ লান্ নু'জ্বিযাল্লা-হা ফিল্ আর্‌দ্বি ওয়া লান্ নু'জ্বিযাহূ হারাবা-।
মতের অনুসারী। (১২) এখন আমাদের ধারণা হয়েছে যে, আমরা পৃথিবীতে আল্লাহকে পরাস্ত করতে পারব না এবং পালিয়ে গিয়েও তাঁকে অক্ষম করতে পারব না।

⑬وانا لما سمعنا الهدى امنا به ط فمن يؤمن بربه فلا يخاف بخسا

১৩। ওয়া আন্না- লাম্মা- সামি'নাল্ হুদা~আ-মান্না- বিহী ; ফামাইঁ ইউ'মিম্ বিরাব্বিহী ফালা- ইয়াখা-ফু বাখ্‌সাওঁ
(১৩) যখন আমরা শুনলাম হেদায়াতের বাণী, তখনই আমরা আল্লাহর প্রতি ঈমান এনেছি। আর যে তার প্রতিপালকের প্রতি ঈমান আনে, তার ক্ষতি, অত্যাচারের

ولا رهقا⑭ وانا منا المسلمون ومنا القسطون ط فمن اسلم فاولئك

ওয়ালা- রাহাক্বা-। ১৪। ওয়া আন্না- মিন্নাল্ মুস্‌লিমূনা ওয়া মিন্নাল ক্বা-সিত্বূনা ; ফামান্ আস্‌লামা ফাউলা—ইকা
কোনই ভয় নেই। (১৪) আমাদের মধ্যে কতিপয় মুসলমান এবং কতিপয় নাফরমান। যারা ইসলাম গ্রহণ করেছে, তারা (নিজের জন্য) সঠিক

تحروا رشدا⑮ واما القسطون فكانوا لجهنم حطبا⑯ وان لو

তাহ্বার্‌রাও রাশাদা-। ১৫। ওয়া আম্মাল্ ক্বা-সিত্বূনা ফাকা-নূ লিজ্বাহান্নামা হাত্বাবা-। ১৬। ওয়া আল্ লাওয়িস্
পথ নির্ণয় করেছে। (১৫) আর যে নাফরমান, সেতো জাহান্নামের ইন্ধন (জ্বালানী কাঠ)। (১৬) (হে নবী! মক্কাবাসীকে বলুন) তারা যদি

استقاموا على الطريقة لاسقينهم ماء غدقا⑰ لنفتنهم فيه ط ومن

তাক্বা-মূ 'আলাত্ব ত্বারীক্বাতি লাআস্‌ক্বাইনা-হুম মা—আন গাদাক্বা- ১৭। লিনাফ্‌তিনাহুম ফীহি ; ওয়া মাইঁ
সঠিক পথে দৃঢ়ভাবে কায়েম থাকতো, তবে আমি তাদেরকে পর্যাপ্ত পানি পান করাতাম, (সমৃদ্ধশালী করতাম) (১৭) তাদেরকে পরীক্ষা করার জন্য। যে

يُعْرِضْ عَنْ ذِكْرِ رَبِّهٖ يَسْلُكْهُ عَذَابًا صَعَدًا ⑱ وَّاَنَّ الْمَسٰجِدَ لِلّٰهِ

ইউ'রিদ্ব 'আন্ যিক্‌রি রাব্বিহী ইয়াস্‌লুক্‌হু 'আযা-বান্ স্বা'আদা-। ১৮। ওয়া আন্নাল্ মাসা-জ্বিদা লিল্লা-হি

তার প্রতিপালকের স্মরণ হতে গাফিল থাকে, তিনি (আল্লাহ) তাকে কঠিন শাস্তিতে পাকড়াও করবেন। (১৮) আর মসজিদ শুধু আল্লাহর জন্যই

فَلَا تَدْعُوْا مَعَ اللّٰهِ اَحَدًا ⑲ وَّاَنَّهٗ لَمَّا قَامَ عَبْدُ اللّٰهِ يَدْعُوْهُ كَادُوْا

ফালা- তাদ'উ মা'আল্লা-হি আহ্বাদা-। ১৯। ওয়া আন্নাহূ লাম্মা- ক্বা-মা 'আব্‌দুল্লা-হি ইয়াদ্'উহু কা-দূ

সুতরাং আল্লাহর সাথে তোমরা অন্য কাউকে ডেকনা। (১৯) যখন আল্লাহর বান্দাহ তাঁকে ডাকার জন্য (নামাজে) দাঁড়িয়ে গেল, তখন দলে দলে

يَكُوْنُوْنَ عَلَيْهِ لِبَدًا ⑳ قُلْ اِنَّمَاۤ اَدْعُوْا رَبِّيْ وَلَاۤ اُشْرِكُ بِهٖۤ اَحَدًا ○

ع ১ ১১ রুকূ

ইয়াকূনূনা 'আলাইহি লিবাদা-। ২০। কূল্ ইন্নামা~'আদ্'উ রাব্বী ওয়ালা~উশ্‌রিকু বিহী~আহ্বাদা-।

তার চারপাশে এসে জড় হল। (২০) বলুন, আমি কেবলমাত্র আমার প্রতিপালককেই ডাকি এবং তাঁর সাথে কাউকে শরীক নির্ধারণ করি না।

㉑ قُلْ اِنِّيْ لَاۤ اَمْلِكُ لَكُمْ ضَرًّا وَّلَا رَشَدًا ㉒ قُلْ اِنِّيْ لَنْ يُّجِيْرَنِيْ مِنَ

২১। কূল্ ইন্নী লা~আম্‌লিকু লাকুম দ্বার্‌রাওঁ ওয়ালা- রাশাদা-। ২২। কূল্ ইন্নী লাইঁ ইউজ্বীরানী মিনাল

(২১) আমি তোমাদের ক্ষতির ও সঠিক পথে পরিচালনার ক্ষমতা রাখি না। (২২) আপনি বলুন, (যদি আমিও নাফরমানি করি, তবে) আমাকে কেউই আল্লাহর

اللّٰهِ اَحَدٌ ۙ وَّلَنْ اَجِدَ مِنْ دُوْنِهٖ مُلْتَحَدًا ㉓ اِلَّا بَلٰغًا مِّنَ اللّٰهِ وَرِسٰلٰتِهٖ ؕ

লা-হি আহাদুওঁ ওয়া লান্ আজ্বিদা মিন্ দূনিহী মুল্‌তাহাদা-। ২৩। ইল্লা- বালা-গাম্ মিনাল্লা-হি ওয়া রিসা-লা-তিহী;

শাস্তি হতে রক্ষা করতে পারবে না এবং আল্লাহ ব্যতীত আমি আর কোন আশ্রয়স্থল পাবনা। (২৩) শুধু আল্লাহর কথা এবং তার পয়গাম পৌঁছানোই আমার দায়িত্ব।

وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاِنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَاۤ اَبَدًا ㉔ حَتّٰۤى

ওয়া মাইঁ ইয়া'স্বিল্লা-হা ওয়া রাসূলাহূ ফাইন্না লাহূ না-রা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা~আবাদা-। ২৪। হাত্তা~

যে আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে, তার জন্য রয়েছে জাহান্নামের অগ্নি, যেখানে তারা চিরদিন পড়ে থাকবে। (২৪) যখন

اِذَا رَاَوْا مَا يُوْعَدُوْنَ فَسَيَعْلَمُوْنَ مَنْ اَضْعَفُ نَاصِرًا وَّاَقَلُّ عَدَدًا ○

ইযা- রাআও মা- ইউ'আদূনা ফাসাইয়া'লামূনা মান্ আদ্ব'আফু না-স্বিরাওঁ ওয়া আক্বাল্লু 'আদাদা-।

তারা শাস্তি দেখবে, যার প্রতিশ্রুতি তাদেরকে দেয়া হয়েছিল, তখন তারা বুঝবে, কে সাহায্যকারী হিসাবে দুর্বল আর কে সংখ্যার দিক দিয়ে অল্প।

㉕ قُلْ اِنْ اَدْرِيْۤ اَقَرِيْبٌ مَّا تُوْعَدُوْنَ اَمْ يَجْعَلُ لَهٗ رَبِّيْۤ اَمَدًا ○

২৫। কূল্ ইন্ আদ্‌রী~আক্বারীবুম্ মা- তূ'আদূনা আম্ ইয়াজ্ব'আলু লাহূ রাব্বী~আমাদা-।

(২৫) বলুন, আমি অবগত নই যে, তোমাদেরকে যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা কি খুব কাছে, না আমার প্রতিপালক এর জন্য একটি দূরবর্তী মেয়াদ নির্ধারণ করে রেখেছেন?

㉖ عٰلِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖۤ اَحَدًا ㉗ اِلَّا مَنِ ارْتَضٰى مِنْ

২৬। 'আ-লিমুল গাইবি ফালা- ইউজ্‌হিরু 'আলা- গাইবিহী~আহ্বাদা-। ২৭। ইল্লা- মানির্ তাদ্বা- মির্

(২৬) তিনি অদৃশ্য বিষয়ের জ্ঞানী, তিনি তার অদৃশ্যের ব্যাপারে কাউকে প্রকাশ করেন না, (২৭) তার পছন্দনীয়

رَّسُوْلٍ فَاِنَّهٗ يَسْلُكُ مِنْ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ رَصَدًا ㉘ لِّيَعْلَمَ اَنْ

রাসূলিন্ ফাইন্নাহূ ইয়াসলুকু মিম বাইনি ইয়াদাইহি ওয়া মিন্ খালফিহী রাশাদা-। ২৮। লিইয়া'লামা আন্

রাসূল ব্যতীত। কিন্তু সেখানেও তার অগ্রে ও পশ্চাতে প্রহরী নিয়োজিত রাখেন। (২৮) যাতে তিনি (আল্লাহ) জানতে পারেন যে, তাদের

قَدْ اَبْلَغُوْا رِسٰلٰتِ رَبِّهِمْ وَاَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَاَحْصٰى كُلَّ شَيْءٍ عَدَدًا ○

২ ع ১২ রুকূ

ক্বাদ্ আব্‌লাগূ রিসা-লা-তি রাব্বিহিম ওয়া আহ্বা-ত্বা বিমা- লাদাইহিম ওয়াআহ্বস্বা- কুল্লা শাইয়িন্ 'আদাদা-।

প্রতিপালকের পয়গাম, রাসূলগণ পৌঁছিয়ে দিয়েছেন। আল্লাহ তাদের চার পাশের সবকিছু ঘিরে রাখেন এবং প্রতিটি বিষয়ের হিসাব রাখেন।

সূরা মুয্‌যাম্মিল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২০
রুকূ ঃ ২

① يٰۤاَيُّهَا الْمُزَّمِّلُ ② قُمِ الَّيْلَ اِلَّا قَلِيْلًا ③ نِّصْفَهٗۤ اَوِ انْقُصْ مِنْهُ قَلِيْلًا ○

১। ইয়া~আইয়্যুহাল্ মুয্‌যাম্মিল্। ২। কুমিল্ লাইলা ইল্লা- ক্বালীলা-। ৩। নিস্বফাহূ~আওয়িন্‌কুস্ব মিন্‌হু ক্বালীলা-।

(১) হে বস্ত্রাবৃত (নবী!) (২) রাতের কিছু অংশ ব্যতীত বাকি রাত দাঁড়ান; (৩) (অর্থাৎ) অর্ধেক রাত অথবা তার চেয়ে কিছু কম,

④ اَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا ⑤ اِنَّا سَنُلْقِيْ عَلَيْكَ قَوْلًا ثَقِيْلًا ○

৪। আও যিদ্ 'আলাইহি ওয়া রাত্তিলিল্ কুর্‌আ-না তার্‌তীলা-। ৫। ইন্না- সানুল্‌ক্বী 'আলাইকা ক্বাওলান ছাক্বীলা-।

(৪) অথবা তার চেয়ে বেশি। আর ধীরে ধীরে কুরআন পাঠ করুন স্পষ্টভাবে। (৫) নিশ্চয়ই আমি আপনার প্রতি অতি শীঘ্রই গুরুতর কালাম অবতীর্ণ করব।

⑥ اِنَّ نَاشِئَةَ الَّيْلِ هِيَ اَشَدُّ وَطْاً وَّاَقْوَمُ قِيْلًا ⑦ اِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْحًا طَوِيْلًا ○

৬। ইন্না না-শিআতাল্ লাইলি হিয়া আশাদ্দু ওয়াত্বআওঁ ওয়া আক্বওয়ামু ক্বীলা-। ৭। ইন্না লাকা ফিন্ নাহা-রি সাব্‌হ্বান্ ত্বাওয়ীলা-।

(৬) নিশ্চয়ই রাত্র জাগরণ, কঠোর সাধনার এবং (কুরআন) পাঠের জন্য সঠিক সময়। (৭) নিশ্চয়ই দিনের বেলা আপনি আপনার দায়িত্ব পালনে খুব ব্যস্ত থাকেন।

⑧ وَاذْكُرِ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ اِلَيْهِ تَبْتِيْلًا ⑨ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ

৮। ওয়ায্‌কুরিস্‌মা রাব্বিকা ওয়া তাবাত্তাল্ ইলাইহি তাব্‌তীলা-। ৯। রাব্বুল্ মাশ্‌রিক্বি ওয়াল মাগ্‌রিবি

(৮) সুতরাং আপনি আপনার প্রতিপালকের নামের যিকির করুন এবং সব দিক হতে মুখ ফিরিয়ে একমাত্র তাঁরই দিকে মগ্ন হন। (৯) তিনিই পূর্ব পশ্চিমের মালিক,

لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيْلًا ⑩ وَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَاهْجُرْهُمْ هَجْرًا

লা~ইলা-হা ইল্লা- হুওয়া ফাত্তাখিয্‌হু ওয়াকীলা। ১০। ওয়াস্বিবির 'আলা- মা- ইয়াকূলূনা ওয়াহ্‌জুরহুম হাজ্বরান্

তিনি ছাড়া কোন মাবুদ নেই, অতএব ব্যবস্থাপক হিসেবে তাকেই গ্রহণ করুন। (১০) (দুশমনরা) যা বলে, তাতে ধৈর্যধারণ করুন এবং তাদের বর্জন করুন,

جَمِيْلًا ⑪ وَذَرْنِيْ وَالْمُكَذِّبِيْنَ اُولِي النَّعْمَةِ وَمَهِّلْهُمْ قَلِيْلًا ⑫ اِنَّ لَدَيْنَاۤ

জ্বামীলা-। ১১। ওয়া যার্‌নী ওয়াল্ মুকায্‌যিবীনা উলিন্ না'মাতি ওয়া মাহ্‌হিল্ হুম ক্বালীলা-। ১২। ইন্না লাদাইনা~

শালীনতার সাথে। (১১) ছেড়ে দিন আমাকে এবং বিলাস জীবন যাপনকারী মিথ্যাবাদীদেরকে। আর তাদের অল্প সময়ের জন্য অবসর দিন। (১২) আমার নিকটে রয়েছে

انكالا وجحيما ⑬ وطعاما ذا غصة وعذابا اليما ⑭ يوم ترجف الارض

আন্‌কা-লাওঁ ওয়া জ্বাহীমা- । ১৩ । ওয়া ত্বা'আ-মান্ যা-গুস্‌স্বাতিওঁ ওয়া 'আযা-বান আলীমা- । ১৪ । ইয়াওমা তারজুফুল আরদ্বু
(লোহার) শিকল এবং জ্বলন্ত অগ্নি । (১৩) আর আছে গলায় আটকিয়ে পড়া খাদ্য এবং যন্ত্রণাময় শাস্তি । (১৪) সে দিন পৃথিবী

والجبال وكانت الجبال كثيبا مهيلا ⑮ انا ارسلنا اليكم رسولا ۙ شاهدا

ওয়াল জ্বিবা-লু ওয়া কা-নাতিল জ্বিবা-লু কাছীবাম মাহীলা- । ১৫ । ইন্না~আরসালনা~ইলাইকুম রাসূলান শা-হিদান
ও পাহাড়গুলো কাঁপতে থাকবে এবং পাহাড়গুলো হবে প্রবহমান বালুকার ন্যায়। (১৫) নিশ্চয়ই আমি তোমাদের কাছে এমন এক রাসূল তোমাদের সাক্ষীরূপে প্রেরণ করেছি,

عليكم كما ارسلنا الى فرعون رسولا ⑯ فعصى فرعون الرسول فاخذنه

'আলাইকুম কামা~আর্‌সাল্‌না~ইলা- ফির'আওনা রাসূলা- । ১৬ । ফা'আছা- ফির্'আওনুর রাসূলা ফাআখায্‌না-হু
যেমন আমি রাসূল প্রেরণ করেছিলাম ফেরআউনের কাছে। (১৬) কিন্তু ফিরআউন সে রাসূলের বিরোধিতা করল। ফলে আমি তাকে কঠিনভাবে

اخذا وبيلا ⑰ فكيف تتقون ان كفرتم يوما يجعل الولدان شيبا ۖ ○

আখ্‌যাওঁ ওয়া বীলা- । ১৭ । ফাকাইফা তাত্তাকূনা ইন্ কাফার্‌তুম ইয়াওমাইঁ ইয়াজ্'আলুল্ ওয়িল্‌দা-না শীবা-
পাকড়াও করেছিলাম। (১৭) সুতরাং তোমরা যদি কুফরী কর, তবে কিভাবে রেহাই পাবে সেদিন, যেদিন বালকদেরকে বৃদ্ধ করে দিবে,

⑱ السماء منفطر به ۚ كان وعده مفعولا ⑲ ان هذه تذكرة ۚ فمن شاء اتخذ

১৮ । নিস্‌সামা—উ মুন্‌ফাত্বিরুম্ বিহী ; কা-না ওয়া'দুহূ মাফ্'উলা- । ১৯ । ইন্না হা-যিহী তায্‌কিরাতুন, ফামান্ শা—আত্তাখাযা
(১৮) যেদিন আকাশ ফেটে যাবে এবং তাঁর (আল্লাহর) প্রতিশ্রুতি কার্যকরী হবে। (১৯) নিশ্চয়ই এটা উপদেশ। যার ইচ্ছা, সে নিজ

الى ربه سبيلا ⑳ ان ربك يعلم انك تقوم ادنى من ثلثي اليل ونصفه ১ ع ১৯ ১০ রুকূ

ইলা- রাব্বিহী সাবীলা- । ২০ । ইন্না রাব্বাকা ইয়া'লামু আন্নাকা তাকূমু আদ্‌না- মিন ছুলুছাইল লাইলি ওয়া নিস্বফাহূ
প্রতিপালকের পথ গ্রহণ করুক। (২০) নিশ্চয়ই আপনার প্রতিপালকতো জানেন যে, আপনি কখনও রাতের প্রায় তিন ভাগের দু ভাগ কখনও অর্ধেক কখনও তিনভাগের

وثلثه وطائفة من الذين معك ۚ والله يقدر اليل والنهار ۚ علم ان لن

ওয়া ছুলুছাহূ ওয়া ত্বা—ইফাতুম্ মিনাল্ লাযীনা মা'আকা ; ওয়াল্লা-হু ইউক্বাদ্দিরুল্ লাইলা ওয়ান্নাহা-রা ; 'আলিমা আল্লান্
একভাগ দাঁড়িয়ে ইবাদাতের জন্য জাগ্রত থাকেন এবং জাগ্রত থাকে আপনার সাথীদের একটি দলও। নিশ্চয়ই আল্লাহ রাত ও দিনের পরিমাপ করেন। তিনি জানেন যে, তোমরা

تحصوه فتاب عليكم فاقرءوا ما تيسر من القران ۚ علم ان سيكون منكم

তুহ্‌স্বূহু ফাতা-বা 'আলাইকুম ফাক্বরাউ মা-তাইয়াস্‌সারা মিনাল্ কুরআ-নি ; 'আলিমা আন্ সাইয়াকূনু মিন্‌কুম
কখনও এর হিসাব রাখতে পারবে না। তাই তিনি তোমাদের ক্ষমা করে দিয়েছেন। তাই যতটুকু কুরআন পাঠ করা তোমাদের জন্য সহজ ততটুকুই পাঠ কর। তিনি জানেন যে,

مرضى ۙ واخرون يضربون في الارض يبتغون من فضل الله ۙ واخرون

মার্‌দ্বা- ওয়া আ-খারূনা ইয়াদ্বরিবূনা ফিল্ আরদ্বি ইয়াব্‌তাগূনা মিন্ ফাদ্বলিল্লা-হি ওয়া আ-খারূনা
তোমাদের মধ্যে কতিপয় রোগাক্রান্ত হয়ে পড়বে এবং কেউ কেউ আল্লাহর রহমতের (জীবিকার) অন্বেষণে অন্য দেশে ভ্রমণ করবে এবং কেউ কেউ

يقاتلون في سبيل الله ۖ فاقرءوا ما تيسر منه ۙ واقيموا الصلوة واتوا

ইউক্বা-তিলূনা ফী সাবীলিল লা-হি ফাক্বরাউ মা- তাইয়াস্‌সারা মিন্‌হু ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়া আ-তুয্
আল্লাহর রাস্তায় লড়াই করবে, তাই কুরআন হতে যতটুকু সহজ (সম্ভব) তাই পাঠ কর। আর নামাজ কায়েম কর,

الزكوة واقرضوا الله قرضا حسنا ۚ وما تقدموا لانفسكم من خير تجدوه

যাকা-তা ওয়া আক্বরিদ্বুল্লা-হা ক্বার্‌দ্বান্ হ্বাসানান্ ; ওয়ামা- তুক্বাদ্দিমূ লিআন্‌ফুসিকুম্ মিন্ খাইরিন্ তাজ্বিদূহু
যাকাত আদায় কর এবং আল্লাহকে উত্তম কর্জ দাও। তোমরা তোমাদের নিজেদের (কল্যাণের) জন্য নেক কাজ যা আগে পাঠাবে, তা তোমরা

২ ع ১ ১৪ রুকূ عند الله هو خيرا واعظم اجرا ۚ واستغفروا الله ۚ ان الله غفور رحيم ○

'ইন্দাল্লা-হি হুওয়া খাইরাওঁ ওয়া আ'জামা আজ্বরান্ ; ওয়াস্তাগ্‌ফিরুল্লা-হা ; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ্বীম।
আল্লাহর নিকট পাবে। আর সেটাই উত্তম এবং প্রতিদান হিসেবে অনেক বড়। আর তোমরা আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল অসীম দয়াবান।

সূরা মুদ্দাছ্ছির
মক্কী

بسم الله الرحمن الرحيم
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৫৬
রুকূ ঃ ২

① يايها المدثر ② قم فانذر ③ وربك فكبر ④ وثيابك فطهر ○

১ । ইয়া~আইয়ুহাল্ মুদ্দাছ্ছির । ২ । কুম ফাআন্‌যির । ৩ । ওয়া রাব্বাকা ফাকাব্বির, ৪ । ওয়া ছিয়া-বাকা ফাত্বাহ্‌হির।
(১) হে বস্ত্রাবৃত (নবী!); (২) দাঁড়ান অতঃপর সতর্ক করুন, (৩) এবং প্রতিপালকের মহত্ত্ব বর্ণনা করুন। (৪) আপনার পোশাক পবিত্র রাখুন।

⑤ والرجز فاهجر ⑥ ولا تمنن تستكثر ⑦ ولربك فاصبر ⑧ فاذا نقر

৫ । ওয়ার্ রুজ্‌যা ফাহ্‌জুর । ৬ । ওয়ালা-তাম্‌নুন্ তাছতাক্‌ছির । ৭ । ওয়া লিরাব্বিকা ফাস্বিবর । ৮ । ফাইযা- নুক্বিরা
(৫) অপবিত্র থেকে দূরে থাকুন। (৬) অধিক পাওয়ার আশায় কারো প্রতি অনুগ্রহ প্রদর্শন করবেননা। (৭) আপনার প্রতিপালকের উদ্দেশ্যে ধৈর্যধারণ করুন, (৮) যেদিন

في الناقور ⑨ فذلك يومئذ يوم عسير ⑩ على الكفرين غير يسير ○

ফিন্ না-কুর । ৯ । ফাযা-লিকা ইয়াওমাইযিইঁ ইয়াওমুন্ 'আসীর । ১০ । 'আলাল্ কা-ফিরীনা গাইরু ইয়াসীর।
শিংগায় ফুৎকার দেয়া হবে, (৯) সে দিনটি হবে কঠিন দিন। (১০) যেটা কাফিরদের উপর সহজ হবে না।

⑪ ذرني ومن خلقت وحيدا ⑫ وجعلت له مالا ممدودا ⑬ وبنين

১১ । যারনী ওয়া মান্ খালাক্বতু ওয়াহ্বীদা- । ১২ । ওয়া জ্বা'আল্‌তু লাহূ মা-লাম্ মাম্‌দূদা-, ১৩ । ওয়া বানীনা
(১১) আমাকে এবং তাকে ছেড়ে দিন, যাকে আমি একাকী সৃষ্টি করেছি (১২) এবং তাকে আমি দিয়েছি অজস্র ধনসম্পদ, (১৩) এবং বিদ্যমানতা পুত্র

شهودا ⑭ ومهدت له تمهيدا ⑮ ثم يطمع ان ازيد ⑯ كلا ۚ انه كان

শুহূদা- । ১৪ । ওয়া মাহ্‌হাত্তু লাহূ তাম্‌হীদা- । ১৫ । ছুম্মা ইয়াত্বমা'উ আন্ আযীদা । ১৬ । কাল্লা-; ইন্নাহূ কা-না
সন্তান। (১৪) এবং তার সুখময় জীবনের জন্য যাবতীয় ব্যবস্থা করেছি, (১৫) এরপরও সে আকাঙ্ক্ষা করে যে, আমি তাকে আরও বাড়িয়ে দেই। (১৬) না, তা কখনই হবে না;

لِاٰيٰتِنَا عَنِيْدًا ﴿١٧﴾ سَاُرْهِقُهٗ صَعُوْدًا ﴿١٨﴾ اِنَّهٗ فَكَّرَ وَقَدَّرَ ﴿١٩﴾ فَقُتِلَ كَيْفَ قَدَّرَ ○

লিআ-য়া-তিনা- 'আনীদা-। ১৭। সাউরহিকুহূ স্বা'উদা-। ১৮। ইন্নাহূ ফাক্কারা ওয়া ক্বাদ্দারা। ১৯। ফাকুতিলা কাইফা ক্বাদ্দারা,
নিশ্চয়ই সে আমার আয়াতসমূহের অবাধ্য। (১৭) আমি অতিশীঘ্রই তাকে কঠিন শাস্তিতে চড়াব। (১৮) সে চিন্তা করল এবং মনস্থ করল, (১৯) সে ধ্বংস হোক, কিভাবে সে করল!

﴿٢٠﴾ ثُمَّ قُتِلَ كَيْفَ قَدَّرَ ﴿٢١﴾ ثُمَّ نَظَرَ ﴿٢٢﴾ ثُمَّ عَبَسَ وَبَسَرَ ﴿٢٣﴾ ثُمَّ اَدْبَرَ وَاسْتَكْبَرَ ○

২০। ছুম্মা কুতিলা কাইফা ক্বাদ্দারা। ২১। ছুম্মা নাজারা। ২২। ছুম্মা 'আবাসা ওয়া বাসার। ২৩। ছুম্মা আদ্‌বারা ওয়াস্‌তাক্‌বারা।
(২০) আরও ধ্বংস হোক সে, কিভাবে করল! (২১) তারপর সে পুনঃরায় দেখল, (২২) অতঃপর সে ভ্রুকুটি করল এবং মুখ বাঁকা করল,
(২৩) অতঃপর সে পৃষ্ঠ প্রদর্শন করল এবং অহংকার করল।

﴿٢٤﴾ فَقَالَ اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ يُّؤْثَرُ ﴿٢٥﴾ اِنْ هٰذَآ اِلَّا قَوْلُ الْبَشَرِ ﴿٢٦﴾ سَاُصْلِيْهِ سَقَرَ ○

২৪। ফাক্বা-লা ইন হা-যা- ইল্লা- সিহ্‌রুই ইউ'ছার্। ২৫। ইন্ হা-যা~ইল্লা- ক্বাওলুল্ বাশার। ২৬। সাউস্বলীহি সাক্বারা।
(২৪) এবং বলল, এটা যাদু ছাড়া আর কিছুই না, যা ধারাবাহিকভাবে চলে আসছে। (২৫) এতো মানুষের কথা ছাড়া আর কিছুই না।
(২৬) আমি অতিশীঘ্রই তাকে (সাকার নামক) জাহান্নামে নিক্ষেপ করব।

﴿٢٧﴾ وَمَآ اَدْرٰىكَ مَا سَقَرُ ﴿٢٨﴾ لَا تُبْقِيْ وَلَا تَذَرُ ﴿٢٩﴾ لَوَّاحَةٌ لِّلْبَشَرِ ﴿٣٠﴾ عَلَيْهَا

২৭। ওয়ামা~আদ্‌রা-কা মা- সাক্বার। ২৮। লা- তুব্‌ক্বী ওয়ালা- তাযার। ২৯। লাওয়্যা-হাতুল লিল্‌বাশার। ৩০। 'আলাইহা-
(২৭) আপনি জানেন, সাকার কী? (২৮) সে তাদেরকে না জীবিত রাখবে এবং না (মৃত্যু দিয়ে) ছেড়ে দিবে। (২৯) সে চামড়া ঝলসিয়ে দিবে, (৩০) এতে

تِسْعَةَ عَشَرَ ﴿٣١﴾ وَمَا جَعَلْنَآ اَصْحٰبَ النَّارِ اِلَّا مَلٰٓئِكَةً ص وَّمَا جَعَلْنَا عِدَّتَهُمْ

তিস'আতা 'আশার। ৩১। ওয়ামা- জ্বা'আলনা~আস্বহা-বান্ না-রি ইল্লা- মালা—ইকাতাওঁ ওয়ামা- জ্বা'আল্‌না- 'ইদ্দাতাহুম
প্রহরী রয়েছে উনিশজন (ফেরেশতা)। (৩১) আমি ফেরেশতাগণ ব্যতীত অন্য কাউকেই জাহান্নামের প্রহরী নিযুক্ত করিনি।

اِلَّا فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا ۙ لِيَسْتَيْقِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَيَزْدَادَ الَّذِيْنَ

ইল্লা- ফিত্‌নাতাল লিল্লাযীনা কাফার্ লিয়াস্তাইক্বিনাল লাযীনা উতুল্ কিতা-বা ওয়া ইয়ায্‌দা-দাল্ লাযীনা
আর আমি তাদের সংখ্যা প্রকাশ করেছি শুধু, কাফিরদের পরীক্ষার জন্য, যাতে কিতাবীগণ নিশ্চিত হয়,

اٰمَنُوْٓا اِيْمَانًا وَّلَا يَرْتَابَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَالْمُؤْمِنُوْنَ ۙ وَلِيَقُوْلَ

আ-মানূ~ঈমা-নাওঁ ওয়ালা- ইয়ার্‌তা-বাল্ লাযীনা উতুল্ কিতা-বা ওয়াল মু'মিনূনা ওয়া লিয়াকূলাল্
এবং ঈমানদারদের ঈমান বৃদ্ধি পায় এবং কিতাবীগণ ও মুমিনগণ যাতে সন্দেহ না করে। আর যাদের

الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْكٰفِرُوْنَ مَاذَآ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ط كَذٰلِكَ

লাযীনা ফী কুলূবিহিম্ মারাদ্বুওঁ ওয়াল্ কা-ফিরূনা মা- যা~আরা-দাল্লা-হু বিহা-যা- মাছালান ; কাযা-লিকা
অন্তরে (কুফরীর) রোগ আছে তারা এবং কাফিরেরা বলবে, আল্লাহর এ দৃষ্টান্ত বর্ণনা দ্বারা উদ্দেশ্য কি? এভাবে আল্লাহ যাকে ইচ্ছা বিভ্রান্ত

✪ শানে নুযূল (আঃ ৩১) ঃ জাহান্নামের প্রহরী রয়েছে ১৯জন (ফেরেশতা) আবুল আসাদ নামক জনৈক শক্তিশালী কাফির বলে উঠলে, হে কোরাইশ জাতি! তোমরা তাতে ভীত হয়োনা। দশজন ফেরেশতাকে আমি ডান বাহু দ্বারা এবং নয়জনকে বাম বাহু দ্বারা হটায়ে দিব। অন্য বর্ণনায় আছে, আয়াতটি শ্রবণ করে আবু জাহাল বলল, ফেরেশতারা মাত্র উনিশজন আমরা সংখ্যায় অনেক রয়েছি। প্রতি দশজন মানুষও কি একজন ফেরেশতাকে হটিয়ে দিতে পারবে না? এ ঘটনা সম্পর্কে আয়াতটি নাযিল হয়। (বঃ কো)

يُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ط وَمَا يَعْلَمُ جُنُوْدَ رَبِّكَ اِلَّا هُوَ ط

ইউদ্বিল্‌লুল্লা-হু মাইঁ ইয়াশা—উ ওয়া ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা—উ ; ওয়ামা- ইয়া'লামু জুনূদা রাব্বিকা ইল্লা- হুওয়া ;
করেন, আর যাকে ইচ্ছা সঠিকপথ প্রদর্শন করেন। আর আপনার প্রতিপালকের বাহিনী সম্পর্কে তিনি ছাড়া আর কেউ জানেন না। এ (উল্লিখিত বর্ণনা)গুলো

১ ع ১৫ রুকূ

وَمَا هِيَ اِلَّا ذِكْرٰى لِلْبَشَرِ ﴿٣٢﴾ كَلَّا وَالْقَمَرِ ﴿٣٣﴾ وَالَّيْلِ اِذْ اَدْبَرَ ﴿٣٤﴾ وَالصُّبْحِ اِذَآ

ওয়ামা- হিয়া ইল্লা- যিক্‌রা- লিল্‌বাশার। ৩২। কাল্লা- ওয়াল্ ক্বামার। ৩৩। ওয়াল্লাইলি ইয্ আদ্‌বার। ৩৪। ওয়াস্ব স্বুবহি ইযা~
মানুষের উপদেশ বাণী। (৩২) কিছুতেই নয়, চাঁদের শপথ, (৩৩) শপথ রজনীর, যখন সে (দিনের) পশ্চাতে যায়। (৩৪) আর শপথ সে প্রভাতের, যখন তা হয়

اَسْفَرَ ﴿٣٥﴾ اِنَّهَا لَاِحْدَى الْكُبَرِ ﴿٣٦﴾ نَذِيْرًا لِّلْبَشَرِ ﴿٣٧﴾ لِمَنْ شَآءَ مِنْكُمْ اَنْ يَّتَقَدَّمَ

আস্‌ফার। ৩৫। ইন্নাহা- লাইহ্‌দাল কুবার। ৩৬। নাযীরাল্ লিল্‌বাশার। ৩৭। লিমান্ শা—আ মিন্‌কুম আইঁ ইয়াতাকাদ্দামা
আলোকিত হয়। (৩৫) নিশ্চয়ই এই জাহান্নাম গুরুতর বিষয়ের একটি, (৩৬) যা মানুষের জন্য ভীতি প্রদানকারী। (৩৭) তোমাদের মধ্যে যে চায় অগ্রগামী হতে,

সা'আ ঃ ৮৫

اَوْ يَتَاَخَّرَ ﴿٣٨﴾ كُلُّ نَفْسٍۭ بِمَا كَسَبَتْ رَهِيْنَةٌ ﴿٣٩﴾ اِلَّآ اَصْحٰبَ الْيَمِيْنِ ﴿٤٠﴾ فِيْ

আও ইয়াতাআখ্‌খার। ৩৮। কুল্লু নাফ্‌সিম্ বিমা-কাসাবাত্ রাহীনাহ্। ৩৯। ইল্লা~আস্বহা-বাল্ ইয়ামীন। ৪০। ফী
অথবা যে চায় পিছনে থাকতে তার জন্যও (৩৮) প্রত্যেক ব্যক্তিই তার নিজ কৃতকর্মের জন্য দায়ী হবে। (৩৯) তবে ডান দিকের লোকগণ ব্যতীত। (৪০) তারা

جَنّٰتٍ تف يَتَسَآءَلُوْنَ ﴿٤١﴾ عَنِ الْمُجْرِمِيْنَ ﴿٤٢﴾ مَا سَلَكَكُمْ فِيْ سَقَرَ ﴿٤٣﴾ قَالُوْا لَمْ نَكُ

জান্না-তিন, ইয়াতাসা—আলূন। ৪১। 'আনিল্ মুজ্‌রিমীন। ৪২। মা-সালাকাকুম ফী সাক্বার। ৪৩। ক্বা-লূ লাম নাকু
থাকবে জান্নাতে এবং তারা জিজ্ঞাসা করবে, (৪১) পাপীদের অবস্থা সম্পর্কে, (৪২) তোমাদেরকে এ জাহান্নামে কিসে নিক্ষেপ করেছে? (৪৩) তারা বলবে, আমরা

مِنَ الْمُصَلِّيْنَ ﴿٤٤﴾ وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِيْنَ ﴿٤٥﴾ وَكُنَّا نَخُوْضُ مَعَ الْخَآئِضِيْنَ ○

মিনাল্ মুছাল্লীন। ৪৪। ওয়া লাম নাকু নুত্ব'ইমুল্ মিসকীন্। ৪৫। ওয়া কুন্না- নাখূদ্ব মা'আল খা—ইদ্বীন।
নামাজীদের অন্তর্ভুক্ত ছিলাম না। (৪৪) আর আমরা অসহায়দেরকে খাদ্য দান করতাম না, (৪৫) এবং আমরা অন্যায় সমালোচনাকারীদের সাথে আলোচনা করতাম।

﴿٤٦﴾ وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّيْنِ ﴿٤٧﴾ حَتّٰٓى اَتٰىنَا الْيَقِيْنُ ﴿٤٨﴾ فَمَا تَنْفَعُهُمْ شَفَاعَةُ

৪৬। ওয়া কুন্না- নুকায্‌যিবু বিইয়াওমিদ্ দীন। ৪৭। হাত্তা~আতা-নাল ইয়াক্বীন। ৪৮। ফামা- তান্‌ফা'উহুম শাফা-'আতুশ
(৪৬) আমরা বিচার দিবসকে, মিথ্যা বলতাম। (৪৭) আমাদের মৃত্যু আসা পর্যন্ত। (৪৮) ফলে সুপারিশকারীদের সুপারিশ তাদের কোনই উপকারে

الشّٰفِعِيْنَ ﴿٤٩﴾ فَمَا لَهُمْ عَنِ التَّذْكِرَةِ مُعْرِضِيْنَ ﴿٥٠﴾ كَاَنَّهُمْ حُمُرٌ مُّسْتَنْفِرَةٌ ﴿٥١﴾ فَرَّتْ

শা-ফি'ঈন। ৪৯। ফামা- লাহুম 'আনিত্ তায্‌কিরাতি মু'রিদ্বীন। ৫০। কাআন্নাহুম হুমুরুম্ মুস্তান্‌ফিরাতুন। ৫১। ফার্‌রাত
আসবে না। (৪৯) তাদের কি হল যে, তারা (কুরআনের) উপদেশ হতে ফিরে থাকে? (৫০) মনে হয় যেন তারা শঙ্কিত গাধা, (৫১) যা সিংহ

مِنْ قَسْوَرَةٍ ﴿٥٢﴾ بَلْ يُرِيْدُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ اَنْ يُّؤْتٰى صُحُفًا مُّنَشَّرَةً ○

মিন ক্বাস্‌ওয়ারাহ্। ৫২। বাল্ ইউরীদু কুল্লুম রিইম মিন্‌হুম আই ইউ'তা- স্বুহুফাম্ মুনাশ্ শারাহ্।
থেকে পালাচ্ছে। (৫২) বরং তাদের প্রত্যেকেই চায় যে, তার কাছে একখানা খোলা কিতাব হোক।

(٥٣) كَلَّا بَلْ لَّا يَخَافُوْنَ الْاٰخِرَةَ (٥٤) كَلَّاۤ اِنَّهٗ تَذْكِرَةٌ (٥٥) فَمَنْ شَآءَ ذَكَرَهٗ

৫৩। কাল্লা ; বাল্ লা-ইয়াখা-ফূনাল্ আ-খিরাহ্। ৫৪। কাল্লা ~ইন্নাহূ তায্‌কিরাহ্। ৫৫। ফামান্ শা—আ যাকারাহ্।
(৫৩) কখনও নয়, বরং তারা পরকাল সম্পর্কে ভয় রাখে না। (৫৪) কখনই নয়, কুরআন সবার জন্যই উপদেশ। (৫৫) অতএব যে চায়, সে যেন এর থেকে উপদেশ গ্রহণ করে।

(٥٦) وَمَا يَذْكُرُوْنَ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ هُوَ اَهْلُ التَّقْوٰى وَاَهْلُ الْمَغْفِرَةِ

৫৬। ওয়ামা- ইয়ায্‌কুরূনা ইল্লা~আঁই ইয়াশা—আল্লা-হ্ ; হুওয়া আহ্‌লুত্ তাক্বওয়া- ওয়া আহ্‌লুল্ মাগ্‌ফিরাহ্।
(৫৬) আল্লাহ্‌র ইচ্ছা ব্যতীত কেউ তা থেকে উপদেশ গ্রহণ করতে পারবে না। তিনিই (আল্লাহ্) ভয়ের যোগ্য এবং ক্ষমা করার মালিক।

সূরা ক্বিয়া-মাহ্
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪০
রুকূ ঃ ২

(١) لَاۤ اُقْسِمُ بِيَوْمِ الْقِيٰمَةِ (٢) وَلَاۤ اُقْسِمُ بِالنَّفْسِ اللَّوَّامَةِ (٣) اَيَحْسَبُ

১। লা~উক্বসিমু বিইয়াওমিল্ ক্বিয়া-মাতি। ২। ওয়ালা~উক্বসিমু বিন্নাফসিল্ লাওয়্যা-মাহ্। ৩। আইয়াহ্‌সাবুল্
(১) আমি শপথ করছি, কিয়ামত দিবসের; (২) এবং শপথ করছি ভর্ৎসনাকারী আত্মার। (৩) মানুষ কি চিন্তা করে

الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ (٤) بَلٰى قٰدِرِيْنَ عَلٰۤى اَنْ نُّسَوِّيَ بَنَانَهٗ

ইন্‌সা-নু আল্লান্ নাজ্‌মা'আ 'ইযা-মাহ্। ৪। বালা- ক্বা-দিরীনা 'আলা~আন নুসাওয়্যিয়া বানা-নাহ্।
যে, তার হাড়গুলো আমি একত্র করতে পারব না? (৪) হ্যাঁ, আমি অবশ্যই তার অংগুলির অগ্রভাগ পর্যন্ত সু-বিন্যস্ত করতে সক্ষম।

(٥) بَلْ يُرِيْدُ الْاِنْسَانُ لِيَفْجُرَ اَمَامَهٗ (٦) يَسْـَٔلُ اَيَّانَ يَوْمُ الْقِيٰمَةِ

৫। বাল্ ইউরীদুল্ ইন্‌সা-নু লিইয়াফজুরা আমা-মাহ। ৬। ইয়াস্‌আলু আইয়্যা-না ইয়াওমুল ক্বিয়া-মাহ্।
(৫) তবুও মানুষ তার সামনের জীবনে পাপ করতে চায়। (৬) সে জিজ্ঞাসা করে কিয়ামতের দিন কবে আসবে?

(٧) فَاِذَا بَرِقَ الْبَصَرُ (٨) وَخَسَفَ الْقَمَرُ (٩) وَجُمِعَ الشَّمْسُ وَالْقَمَرُ (١٠) يَقُوْلُ

৭। ফাইযা- বারিক্বাল্ বাস্বার। ৮। ওয়া খাসাফাল ক্বামার। ৯। ওয়া জুমি'আশ্ শাম্‌সু ওয়াল ক্বামার। ১০। ইয়াক্বূলুল্
(৭) যখন দৃষ্টি শক্তি ঝলসিয়ে যাবে, (৮) এবং চন্দ্র হয়ে যাবে আলোহীন, (৯) যখন একত্র করা হবে চন্দ্র ও সূর্যকে, (১০) সেদিন মানুষ

الْاِنْسَانُ يَوْمَئِذٍ اَيْنَ الْمَفَرُّ (١١) كَلَّا لَا وَزَرَ (١٢) اِلٰى رَبِّكَ يَوْمَئِذِ

ইন্‌সা-নু ইয়াওমাইযিন্ আইনাল্ মাফাররু। ১১। কাল্লা-লা-ওয়াযার্। ১২। ইলা- রাব্বিকা ইয়াওমাইযিনিল্
বলবে, আজ পলায়নের জায়গা কোথায়? (১১) না, কোথাও আশ্রয় স্থল নেই। (১২) সেদিন একমাত্র আপনার প্রতিপালকের নিকটই হবে অবস্থান

الْمُسْتَقَرُّ (١٣) يُنَبَّؤُا الْاِنْسَانُ يَوْمَئِذٍ بِمَا قَدَّمَ وَاَخَّرَ (١٤) بَلِ الْاِنْسَانُ عَلٰى

মুস্‌তাক্বাররু। ১৩। ইউনাব্বাউল্ ইন্‌সা-নু ইয়াওমাইযিম্ বিমা- ক্বাদ্দামা ওয়া আখ্‌খার। ১৪। বালিল্ ইন্‌সা-নু 'আলা-
স্থল। (১৩) সেদিন মানুষকে জানিয়ে দেয়া হবে (তার কর্মসমূহ) সে যা আগে পাঠিয়েছে এবং পেছনে রেখে গেছে। (১৪) বরং মানুষ তার নিজের সম্পর্কেই

نَفْسِهٖ بَصِيْرَةٌ (١٥) وَّلَوْ اَلْقٰى مَعَاذِيْرَهٗ (١٦) لَا تُحَرِّكْ بِهٖ لِسَانَكَ لِتَعْجَلَ بِهٖ

নাফ্‌সিহী বাস্বীরাহ্। ১৫। ওয়া লাও আল্‌ক্বা- মা'আ-যীরাহ্। ১৬। লা-তুহার্‌রিক বিহী লিসা-নাকা লিতা'জ্বালা বিহ্।
নিজে অবহিত হবে। (১৫) যদিও সে পেশ করবে, অনেক অপারগতা। (১৬) (হে নবী!) আপনি (ওহী) স্মরণ রাখার জন্য তাড়াহুড়া করে আপনার জিহবা নাড়বেন না।

(١٧) اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ (١٨) فَاِذَا قَرَاْنٰهُ فَاتَّبِعْ قُرْاٰنَهٗ (١٩) ثُمَّ اِنَّ عَلَيْنَا بَيَانَهٗ

১৭। ইন্না 'আলাইনা- জ্বাম্'আহূ ওয়া ক্বুর্‌আ-নাহ্। ১৮। ফাইযা- ক্বারা'না-হু ফাত্তাবি' ক্বুর্‌আ-নাহ্। ১৯। ছুম্মা ইন্না 'আলাইনা- বায়া-নাহ্।
(১৭) নিশ্চয়ই তা সংরক্ষণ করার এবং পাঠ করানোর দায়িত্ব আমার। (১৮) সুতরাং যখন আমি তা পাঠ করি তখন আপনি সে পাঠের অনুসরণ করুন। (১৯) অতঃপর তা বিশ্লেষণের দায়িত্ব আমার।

(٢٠) كَلَّا بَلْ تُحِبُّوْنَ الْعَاجِلَةَ (٢١) وَتَذَرُوْنَ الْاٰخِرَةَ (٢٢) وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاضِرَةٌ

২০। কাল্লা- বাল্ তুহিব্বূনাল্ 'আ-জ্বিলাহ্। ২১। ওয়া তাযারূনাল্ আ-খিরাহ্। ২২। উজূহুঁই ইয়াওমাইযিন্ না-দ্বিরাহ্।
(২০) কখনও নয়; বরং তোমরা ইহকালকেই ভালোবাস (২১) এবং পরকালকে ছেড়ে দিয়েছ। (২২) সেদিন কোন কোন চেহারা জ্যোতির্ময় (উজ্জ্বল) হবে;

(٢٣) اِلٰى رَبِّهَا نَاظِرَةٌ (٢٤) وَوُجُوْهٌ يَّوْمَئِذٍۭ بَاسِرَةٌ (٢٥) تَظُنُّ اَنْ يُّفْعَلَ بِهَا فَاقِرَةٌ

২৩। ইলা- রাব্বিহা- না-যিরাহ্। ২৪। ওয়া উজূহুঁই ইয়াওমাইযিম্ বা-সিরাহ্। ২৫। তাজুন্নু আঁই ইউফ্'আলা বিহা- ফা-ক্বিরাহ্।
(২৩) তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে। (২৪) কতক চেহারা সেদিন বিষন্ন (অনুজ্জ্বল) হবে, (২৫) এ চিন্তায় যে, আজ তাদের ভাগ্যে ঘটবে কঠিন বিপদ।

(٢٦) كَلَّاۤ اِذَا بَلَغَتِ التَّرَاقِيَ (٢٧) وَقِيْلَ مَنْ ۜ رَاقٍ (٢٨) وَّظَنَّ اَنَّهُ الْفِرَاقُ (٢٩) وَالْتَفَّتِ

২৬। কাল্লা ~ইযা- বালাগাতিত্ তারা-ক্বিয়া। ২৭। ওয়া ক্বীলা মান রা-ক্ব্। ২৮। ওয়া জান্না আন্নাহুল ফিরা-ক্ব্। ২৯। ওয়াল্‌তাফ্‌ফাতিস্
(২৬) এমন কখনও নয়, যখন প্রাণ ওষ্ঠাগত হবে, (২৭) বলা হবে কে তাকে বাচাবে? (২৮) এবং সে বুঝবে যে, এটা তার বিচ্ছেদের সময়। (২৯) এবং পায়ের

১ ع ৪০ ১৭ রুকূ

السَّاقُ بِالسَّاقِ (٣٠) اِلٰى رَبِّكَ يَوْمَئِذِ الْمَسَاقُ (٣١) فَلَا صَدَّقَ وَلَا صَلّٰى (٣٢) وَلٰكِنْ

সা-ক্ব্ বিস্‌সা-ক্ব্। ৩০। ইলা- রাব্বিকা ইয়াওমাইযিনিল্ মাসা-ক্ব্। ৩১। ফালা- ছাদ্দাক্বা ওয়ালা- ছাল্লা-। ৩২। ওয়া লা-কিন্
সাথে পা জড়িয়ে পড়বে। (৩০) সেদিন আপনার প্রতিপালকের নিকেই গমন। (৩১) সে বিশ্বাস করেনি (কুরআনকে) এবং নামাজও পড়েনি। (৩২) বরং সে মিথ্যারোপ করেছিল

كَذَّبَ وَتَوَلّٰى (٣٣) ثُمَّ ذَهَبَ اِلٰۤى اَهْلِهٖ يَتَمَطّٰى (٣٤) اَوْلٰى لَكَ فَاَوْلٰى (٣٥) ثُمَّ

কায্‌যাবা ওয়া তাওয়াল্লা-। ৩৩। ছুম্মা যাহাবা ইলা~আহ্‌লিহী ইয়াতামাত্ত্বা-। ৩৪। আওলা- লাকা ফাআওলা-। ৩৫। ছুম্মা
এবং মুখ ফিরিয়ে নিয়েছিল। (৩৩) অতঃপর সে উদ্ধতভাবে তার পরিজনের কাছে চলে গিয়েছিল। (৩৪) কঠিন বিপদ তোমার জন্য, কঠিন বিপদ। (৩৫) পুনরায়

اَوْلٰى لَكَ فَاَوْلٰى (٣٦) اَيَحْسَبُ الْاِنْسَانُ اَنْ يُّتْرَكَ سُدًى (٣٧) اَلَمْ يَكُ

আওলা- লাকা ফাআওলা-। ৩৬। আ ইয়াহ্‌সাবুল্ ইন্‌সা-নু আঁই ইউত্‌রাকা সুদা-। ৩৭। আলাম ইয়াকু
কঠিন বিপদ তোমার জন্য, কঠিন বিপদ। (৩৬) মানুষ কি চিন্তা করে যে, তাদেরকে এমনিই (বিনা হিসাবে) ছেড়ে দেয়া হবে? (৩৭) তবে কি

✪ টীকা (আঃ ২৮) ঃ অর্থাৎ, উপস্থিত ব্যক্তিদের মধ্যে এমন কেউ কি আছে, সে ঝাড়, ফুঁক দিয়ে এ মৃত্যু থেকে রক্ষা করতে পারবে ; আরবে তখন ঝাড় ফুঁকের খুব প্রচলন ছিল। আর রোগ নিরাময়ের জন্য এটাকেই তারা প্রাধান্য দিত।

✪ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, মৃত্যুকালে বিভিন্ন প্রকারের কষ্ট ও যন্ত্রণার লক্ষণ প্রকাশ পায়। কেবল পায়ের সাথে পা জড়ায়ে যাওয়ার অবস্থা বর্ণনা করাই উদ্দেশ্য নয়। এ কেবল দৃষ্টান্তস্বরূপ বলা হয়েছে।

نطفة من مني يمنى ㊳ ثم كان علقة فخلق فسوى ㊴ فجعل منه

নুত্বফাতাম্ মিম্ মানিয়্যিই ইউমনা-।৩৮। ছুম্মা কা-না 'আলাক্বাতান্ ফাখালাক্বা ফাসাওয়্যা-।৩৯। ফাজ্বা'আলা মিন্‌হুয
সে এক ফোঁটা বীর্য ছিল না?(৩৮) অতঃপর সে রক্ত পিণ্ডে পরিণত হয়। অতঃপর আল্লাহ্ তাকে সুন্দরভাবে আকৃতি দিয়ে সৃষ্টি করেন। (৩৯) অতঃপর তিনি (আল্লাহ্)

الزوجين الذكر والانثى ㊵ اليس ذلك بقدر على ان يحى الموتى ○

যাওজ্বাইনিয যাকারা ওয়াল্ উন্‌ছা-।৪০। আলাইসা যা-লিকা বিক্বা-দিরিন 'আলা~আঁই ইউহ্‌ইয়াল মাওতা-।
তা থেকে সৃষ্টি করেন জোড়া জোড়া পুরুষ ও নারী। (৪০) এরপরেও কি তিনি (আল্লাহ্) মৃতকে পুনরায় জীবিত করতে সক্ষম নন?

ع ১৮ রুকূ

সূরা দাহর
মাদানী

بسم الله الرحمن الرحيم ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩১
রুকূ ঃ ২

① هل اتى على الانسان حين من الدهر لم يكن شيئا مذكورا ② انا

১। হাল্ আতা- 'আলাল্ ইনসা-নি হ্বীনুম মিনাদ্ দাহ্‌রি লাম্ ইয়াকুন্ শাইআম্ মায্‌কূরা-।২। ইন্না-
(১) মানুষের উপর এমন একটা কাল অতিবাহিত হয়েছিল, যখন সে উল্লেখযোগ্য বিষয়ই ছিল না। (২) নিশ্চয়ই

خلقنا الانسان من نطفة امشاج نبتليه فجعلنه سميعا بصيرا ○

খালাক্বনাল্ ইন্‌সা-না মিন নুত্বফাতিন আম্‌শা-জ্বিন, নাবতালীহি ফাজ্বা'আলনা-হু সামী'আম্ বাস্বীরা-।
আমি সৃষ্টি করেছি মানুষকে মিশ্রিত বীর্য ফোঁটা হতে, তাকে পরীক্ষা করার জন্য। এজন্য আমি তাকে শ্রবণ শক্তি ও দৃষ্টি শক্তি দিয়েছি।

③ انا هدينه السبيل اما شاكرا واما كفورا ④ انا اعتدنا للكفرين سلسلا

৩। ইন্না- হাদাইনা-হুস্ সাবীলা ইম্‌মা- শা-কিরাওঁ ওয়া ইম্‌মা- কাফূরা-।৪। ইন্না~আ'তাদনা- লিল্‌কা-ফিরীনা সালা-সিলা
(৩) নিশ্চয়ই আমি তাকে সঠিক পথ প্রদর্শন করেছি, হয় সে কৃতজ্ঞ হবে, না হয় সে অকৃতজ্ঞ হবে। (৪) আমি অকৃতজ্ঞদের জন্য তৈরি করে রেখেছি,

واغللا وسعيرا ⑤ ان الابرار يشربون من كاس كان مزاجها كافورا ○

ওয়া আগ্‌লা-লাওঁ ওয়া সা'ঈরা-।৫। ইন্নাল আব্‌রা-রা ইয়াশ্‌রাবূনা মিন কা'সিন কা-না মিযা-জুহা- কা-ফূরা-।
শিকল বেড়ি এবং জ্বলন্ত অগ্নি। (৫) নিশ্চয়ই পুণ্যবানগণ, পরিপূর্ণ পান পাত্র থেকে এমন পানীয় পান করবে, যা কর্পূর (সুগন্ধ দ্রব্য) মিশ্রিত,

⑥ عينا يشرب بها عباد الله يفجرونها تفجيرا ⑦ يوفون بالنذر

৬। 'আইনাইঁ ইয়াশ্‌রাবু বিহা- 'ইবা-দুল্লা-হি ইউফাজ্জিরূনাহা- তাফজ্বীরা-।৭। ইউফূনা বিন্‌নায্‌রি
(৬) যা একটি নহর, যা থেকে আল্লাহর (নেক) বান্দাগণ পান করবে, তারা সে নহরকে তাদের ইচ্ছানুযায়ী প্রবাহিত করবে। (৭) তারা তাদের প্রতিজ্ঞা পালন করে

○ টীক (আঃ ২) ঃ অর্থাৎ, স্ত্রী ও পুরুষ উভয়ের সংমিশ্রিত শুক্র হতে। কেননা, স্ত্রীলোকের শুক্রও ভিতরে ভিতরে জরায়ুর মধ্যে পতিত হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ এটা বেহেশতীদের কারামত। নহরসমূহ তাদের বশীভূত হবে। বেহেশতীদের হাতে স্বর্ণের ছড়ি থাকবে। তারা উক্ত ছড়ি দ্বারা নহরগুলোকে যেদিকে ইঙ্গিত করবে, তারা সেদিকেই প্রবাহিত হবে। বেহেশতের পানির সাথে যে কর্পূর মিশানো হবে, তা পৃথিবীর কর্পূরের ন্যায় নয়। তা হবে স্বতন্ত্র ধরনের। অবশ্য শুভ্রতা, শীতলতা, স্ফূর্তিবর্ধন এবং অন্তরে ও মস্তিষ্কে শক্তি প্রদানে তার সাদৃশ হবে। (বঃ কোঃ)

ويخافون يوما كان شره مستطيرا ⑧ ويطعمون الطعام على حبه مسكينا

ওয়া ইয়াখা-ফূনা ইয়াওমান কা-না শার্‌রুহূ মুস্তাত্বীরা-।৮। ওয়া ইউত্ব'ইমূনাত্ব ত্বা'আ-মা 'আলা- হুব্বিহী মিসকীনাওঁ
এবং সে দিবসের ভয় করে, যার অকল্যাণ ছড়িয়ে পড়বে। (৮) তারা খাদ্য দান করে অসহায়দেরকে, ইয়াতীমদেরকে এবং বন্দীদেরকে, একমাত্র

ويتيما واسيرا ⑨ انما نطعمكم لوجه الله لا نريد منكم جزاء ولا شكورا ○

ওয়া ইয়াতীমাওঁ ওয়া আসীরা-।৯। ইন্নামা-নুত্ব'ইমুকুম লিওয়াজ্বহিল্লা-হি লা-নুরীদু মিন্‌কুম জ্বাযা—আওঁ ওয়ালা- শুকূরা-।
আল্লাহর ভালোবাসার জন্য। (৯) (৯) তারা বলে, 'কেবল আল্লাহর সন্তুষ্টির জন্যে আমরা তোমাদের কাছ থেকে কোন প্রতিদান চাই না, কৃতজ্ঞতাও নয়।'

⑩ انا نخاف من ربنا يوما عبوسا قمطريرا ⑪ فوقهم الله شر ذلك

১০। ইন্না-নাখা-ফু মির্ রাব্বিনা-ইয়াওমান্ 'আবূসান্ ক্বাম্‌ত্বারীরা-।১১। ফাওয়াক্বা-হুমুল্লা-হু শার্‌রা যা-লিকাল
(১০) আমরা ভয় করি, আমাদের প্রতিপালকের তরফ থেকে এক বিপদময় কঠোর দিবসের। (১১) বিনিময়ে, আল্লাহ তাদের সে দিবসের বিপদ হতে রক্ষা করবেন এবং

اليوم ولقهم نضرة وسرورا ⑫ وجزىهم بما صبروا جنة وحريرا ⑬ متكئين

ইয়াওমি ওয়া লাক্কা-হুম নাদ্বরাতাওঁ ওয়া সুরূরা-।১২। ওয়া জ্বাযা-হুম বিমা- স্বাবারূ জ্বান্নাতাওঁ ওয়া হ্বারীরা-।১৩। মুত্তাকিঈনা
তাদের (চেহারায়) থাকবে ঔজ্জ্বল্যতা এবং (মনে) থাকবে আনন্দ। (১২) এবং তাদের ধৈর্যের জন্য তাদেরকে প্রতিদান দিবেন জান্নাত ও রেশমী কাপড়। (১৩) সেখানে তারা

فيها على الارائك لا يرون فيها شمسا ولا زمهريرا ⑭ ودانية عليهم

ফীহা- 'আলাল্ আরা—ইকি, লা- ইয়ারাওনা ফীহা-শাম্‌সাওঁ ওয়ালা- যাম্‌হারীরা-।১৪। ওয়া দা-নিয়াতান 'আলাইহিম
হেলান দিয়ে বসবে সু-সজ্জিত আসনে, সেখানে তারা দেখবে না রৌদ্রজ্জ্বল এবং অনুভব করবে না তীব্র ঠাণ্ডা। (১৪) জান্নাতের ছায়া তাদের

ظللها وذللت قطوفها تذليلا ⑮ ويطاف عليهم بانية من فضة

যিলা-লুহা- ওয়া যুল্লিলাত্ কুত্বূফুহা-তায্‌লীলা-।১৫। ওয়া ইউত্বা-ফু 'আলাইহিম বিআ-নিয়াতিম্ মিন্ ফিদ্দাতিওঁ
উপর এগিয়ে আসবে এবং তার ফলসমূহ তাদের দিকে ঝুকানো থাকবে। (১৫) (পরিবেশকগণ) রৌপ্যের পাত্র এবং সীসার

واكواب كانت قواريرا ⑯ قواريرا من فضة قدروها تقديرا ⑰ ويسقون

ওয়া আকওয়া-বিন্ কা-নাত্ ক্বাওয়া-রীরা।১৬। ক্বাওয়া-রীরা মিন্ ফিদ্দাতিন্ ক্বাদ্দারূহা- তাক্বদীরা-।১৭। ওয়া ইউস্‌ক্বাওনা
পাত্র নিয়ে তাদের চারপাশে ঘোরবে। (১৬) সে সীসার ও রৌপ্যের তৈরি পাত্র, পরিমাপ মত পূর্ণ করবে। (১৭) সেথায় তাদেরকে

فيها كاسا كان مزاجها زنجبيلا ⑱ عينا فيها تسمى سلسبيلا ○

ফীহা- কা'সান কা-না মিযা-জুহা- যানজ্বাবীলা-।১৮। 'আইনান ফীহা- তুসাম্মা- সাল্‌সাবীলা।
আদ্রক মিলানো পানি পান করাতে দেয়া হবে। (১৮) জান্নাতে রয়েছে একটি নহর, যার নাম সালসাবীল।

⑲ ويطوف عليهم ولدان مخلدون اذا رايتهم حسبتهم لؤلؤا منثورا ○

১৯। ওয়া ইয়াত্বূফু 'আলাইহিম ওয়িল্‌দা-নুম মুখাল্লাদূন, ইযা- রাআইতাহুম হাসিব্‌তাহুম লু'লুআম মান্‌ছূরা-।
(১৯) এবং তার চার পাশে কিশোর বালকেরা ঘুরে বেড়াবে। যখন আপনি তাদের দেখবেন, তখন দেখে মনে হবে, তারা যেন বিক্ষিপ্ত মুক্তা।

قر. حفص بغير الالف في الوصل فيهما ؛؛ وقف على الاول بالالف وعلى الثاني بغير الالف ١٢

﴿٢٠﴾ وَاِذَا رَاَیْتَ ثَمَّ رَاَیْتَ نَعِیْمًا وَّمُلْكًا كَبِیْرًا ﴿٢١﴾ عٰلِیَهُمْ ثِیَابُ سُنْدُسٍ

২০। ওয়া ইযা-রাআইতা ছাম্মা রাআইতা না'ঈমাওঁ ওয়া মুল্‌কান্ কাবীরা-। ২১। 'আ-লিয়াহুম ছিয়া-বু সুন্দুসিন্
(২০) আর আপনি সেখানের যেখানেই দৃষ্টি করবেন, সেখানেই দেখবেন, নেয়ামতসমূহ এবং বিরাট রাজত্ব। (২১) তাদের পোশাক হবে পাতলা সবুজ,

خُضْرٌ وَّاِسْتَبْرَقٌ ۫ وَّحُلُّوْٓا اَسَاوِرَ مِنْ فِضَّةٍ ۚ وَسَقٰىهُمْ رَبُّهُمْ شَرَابًا طَهُوْرًا ۝

খুদ্বরুওঁ ওয়া ইস্তাব্‌রাকুওঁ ওয়া হুল্‌লূ~আসা-ওয়িরা মিন্ ফিদ্দ্বাতিন, ওয়া সাক্বা-হুম রাব্বুহুম শারা-বান্ ত্বাহূরা-।
রেশমী কাপড় ও পুরো রেশমী কাপড়। তাদেরকে রৌপ্যের কংকণে সু-সজ্জিত করানো হবে। আর তাদের প্রতিপালক তাদেরকে পবিত্র পানি পান করাবেন।

﴿٢٢﴾ اِنَّ هٰذَا كَانَ لَكُمْ جَزَآءً وَّكَانَ سَعْیُكُمْ مَّشْكُوْرًا ﴿٢٣﴾ اِنَّا نَحْنُ نَزَّلْنَا

১ ع ২২ ১৯ রুকূ

২২। ইন্না হা-যা- কা-না লাকুম জ্বাযা—আওঁ ওয়া কা-না সা'ইউকুম মাশ্‌কূরা-। ২৩। ইন্না- নাহ্‌নু নায্‌যালনা-
(২২) (তাদেরকে বলা হবে) এটা তোমাদের প্রতিদান এবং তোমাদের সাধনার স্বীকৃতি স্বরূপ। (২৩) আমি আপনার প্রতি কুরআন

عَلَیْكَ الْقُرْاٰنَ تَنْزِیْلًا ﴿٢٤﴾ فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تُطِعْ مِنْهُمْ اٰثِمًا اَوْ كَفُوْرًا ۝

'আলাইকাল কুরআ-না তান্‌যীলা-। ২৪। ফাস্বিবির্ লিহুক্‌মি রাব্বিকা ওয়ালা- তুত্বি' মিন্‌হুম আ-ছিমান্ আও কাফূরা-।
নাযিল করেছি পর্যায়ক্রমে। (২৪) সুতরাং আপনি নিজ প্রতিপালকের নির্দেশের প্রতিক্ষায় ধৈর্যধারণ করুন এবং তাদের মধ্যে যে পাপী ও কাফিরদের তাদের কথা শোনবেন না।

﴿٢٥﴾ وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَّاَصِیْلًا ﴿٢٦﴾ وَمِنَ الَّیْلِ فَاسْجُدْ لَهٗ وَسَبِّحْهُ

২৫। ওয়ায্‌কুরিস্‌মা রাব্বিকা বুক্‌রাতাওঁ ওয়া আছীলা-। ২৬। ওয়া মিনাল্ লাইলি ফাস্‌জুদ লাহূ ওয়া সাব্বিহ্‌হু
(২৫) এবং সকাল সন্ধ্যা আপনার প্রতিপালকের নামের যিকির করুন। (২৬) আর রাতের কিছু অংশে তাঁর জন্য সিজদা করুন এবং গভীররাতে

لَیْلًا طَوِیْلًا ﴿٢٧﴾ اِنَّ هٰٓؤُلَآءِ یُحِبُّوْنَ الْعَاجِلَةَ وَیَذَرُوْنَ وَرَآءَهُمْ یَوْمًا

লাইলান্ ত্বাওয়ীলা-। ২৭। ইন্না হা~উলা—ই ইউহিব্বূনাল 'আ-জ্বিলাতা ওয়া ইয়াযারূনা ওয়ারা—আহুম ইয়াওমান্
তাঁর তাসবীহ বর্ণনা করুন। (২৭) তারা (কাফিরেরা) ইহকালকে পছন্দ করে এবং তারা আগত গুরুতর (কঠিন) দিবসকে

ثَقِیْلًا ﴿٢٨﴾ نَحْنُ خَلَقْنٰهُمْ وَشَدَدْنَآ اَسْرَهُمْ ۚ وَاِذَا شِئْنَا بَدَّلْنَآ اَمْثَالَهُمْ

ছাক্বীলা-। ২৮। নাহ্‌নু খালাক্বনা-হুম ওয়া শাদাদ্‌না~আস্‌রাহুম, ওয়া ইযা- শি'না- বাদ্দালনা~আমছা-লাহুম
এড়িয়ে চলে। (২৮) আমিই তাদেরকে সৃষ্টি করেছি এবং তাদের জোড়াগুলো মজবুত করেছি। আমি যখন ইচ্ছা করব, তাদের পরিবর্তে তাদের মতই অন্যকে

تَبْدِیْلًا ﴿٢٩﴾ اِنَّ هٰذِهٖ تَذْكِرَةٌ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰی رَبِّهٖ سَبِیْلًا ۝

তাব্‌দীলা-। ২৯। ইন্না হা-যিহী তায্‌কিরাতুন, ফামান শা—আত তাখাযা ইলা- রাব্বিহী সাবীলা-।
প্রতিষ্ঠিত করব। (২৯) নিশ্চয়ই এটা (আমার) উপদেশ। অতএব যে চায়, সে যেন তার প্রতিপালকের রাস্তা গ্রহণ করে।

○ টীকা (আঃ ২১) ঃ যদি কেউ এরূপ সন্দেহ করে যে, পুরুষের জন্য তো অলঙ্কার পরা দূষণীয়, তবে কঙ্কন পরতে কেন দেওয়া হবে। এর উত্তরে বলা হবে যে, উভয় জগতের শোভা ও সৌন্দর্য পৃথক পৃথক। পৃথিবীতে দূষণীয় বস্তু পরজগতেও দূষণীয় হওয়া অবধারিত নয়। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ২৫) ঃ অর্থাৎ তারা আপনাকে প্রচার কার্য হতে বিরত থাকতে অনুরোধ করে থাকে, আপনি তাদের এ অনুরোধ রক্ষা করবেন না। অবশ্য এ সম্ভাবনা আপনার মধ্যে নাই। তথাপি প্রচার কার্যের প্রতি গুরুত্ব আরোপের জন্য আপনাকে একথা বলা হল। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ২৯) ঃ আমি যে তাদেরকে সৃষ্টি করেছি একথা তারাও স্বীকার করে। আর দ্বিতীয় বিষয়টি অর্থাৎ আমি যে তাদের স্থানে তাদেরই ন্যায় অন্য সৃষ্টি পরিবর্তন করে দিতে পারি, তা সামান্য চিন্তা দ্বারাই বুঝা যাবে। সুতরাং উভয় বিষয়ে আমার ক্ষমতা সুস্পষ্ট। (বঃ কোঃ)

﴿٣٠﴾ وَمَا تَشَآءُوْنَ اِلَّآ اَنْ یَّشَآءَ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِیْمًا حَكِیْمًا ۝

৩০। ওয়ামা- তাশা—ঊনা ইল্লা~আঁই ইয়াশা—আল্লা-হ ; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান হাকীমা-।
(৩০) আর আল্লাহর ইচ্ছা ব্যতীত তোমাদের কোনই ইচ্ছা (সৃষ্টি) হবে না। নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ।

﴿٣١﴾ یُّدْخِلُ مَنْ یَّشَآءُ فِیْ رَحْمَتِهٖ ؕ وَالظّٰلِمِیْنَ اَعَدَّ لَهُمْ عَذَابًا اَلِیْمًا ۝

২ ع ৩১ ২০ রুকূ

৩১। ইউদ্‌খিলু মাইঁ ইয়াশা—উ ফী রাহ্‌মাতিহী ; ওয়াজ্জা-লিমীনা আ'আদ্দা লাহুম 'আযা-বান্ আলীমা-।
(৩১) তিনি যাকে চান, তাকে তাঁর অনুগ্রহের মধ্যে অন্তর্ভুক্ত করেন এবং পাপিষ্ঠদের জন্য তিনি তৈরি করে রেখেছেন যন্ত্রণাময় শাস্তি।

সূরা মুরছালা-ত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ ۝
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫০
রুকূ ঃ ২

﴿١﴾ وَالْمُرْسَلٰتِ عُرْفًا ﴿٢﴾ فَالْعٰصِفٰتِ عَصْفًا ﴿٣﴾ وَّالنّٰشِرٰتِ نَشْرًا ۝

১। ওয়াল্ মুর্‌সালা-তি 'উর্‌ফান। ২। ফাল্ 'আ-স্বিফা-তি 'আস্বফান্। ৩। ওয়ান্না-শিরা-তি নাশ্‌রা-।
(১) শপথ, সৌরভ ছড়ানো বায়ুর, (২) শপথ, ঝড়ের বেগে প্রবাহিত বায়ুর, (৩) শপথ, মেঘমালা বিক্ষিপ্তকারী বায়ুর;

﴿٤﴾ فَالْفٰرِقٰتِ فَرْقًا ﴿٥﴾ فَالْمُلْقِیٰتِ ذِكْرًا ﴿٦﴾ عُذْرًا اَوْ نُذْرًا ﴿٧﴾ اِنَّمَا تُوْعَدُوْنَ

৪। ফাল্‌ফা-রিক্বা-তি ফারক্বান্। ৫। ফাল মুলক্বিয়া-তি যিক্‌রান। ৬। 'উয্‌রান আও নুয্‌রা-। ৭। ইন্নামা- তূ'আদূনা
(৪) শপথ, সত্য ও মিথ্যা পার্থক্যকারীর, (৫) শপথ তার, যে উপদেশসহ উপস্থিত হয়। (৬) যা দলীল এবং সতর্কস্বরূপ। (৭) তোমাদেরকে যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে,

لَوَاقِعٌ ﴿٨﴾ فَاِذَا النُّجُوْمُ طُمِسَتْ ﴿٩﴾ وَاِذَا السَّمَآءُ فُرِجَتْ ﴿١٠﴾ وَاِذَا

লাওয়া-ক্বি'। ৮। ফাইযান্ নুজূমু ত্বুমিসাত্। ৯। ওয়া ইযাস্ সামা—উ ফুরিজ্বাত্। ১০। ওয়া ইযাল্
তা ঘটবেই। (৮) যখন তারকাগুলো বিলুপ্ত হবে; (৯) যখন আকাশ ফেটে যাবে, (১০) যখন

الْجِبَالُ نُسِفَتْ ﴿١١﴾ وَاِذَا الرُّسُلُ اُقِّتَتْ ﴿١٢﴾ لِاَیِّ یَوْمٍ اُجِّلَتْ ﴿١٣﴾ لِیَوْمِ

জ্বিবা-লু নুসিফাত্। ১১। ওয়া ইযার্ রুসুলু উক্কিতাত্। ১২। লিআয়্যি ইয়াওমিন্ উজ্জিলাত্। ১৩। লিয়াওমিল্
পাহাড়গুলো উপড়ে পড়বে (১১) এবং রাসূলগণকে নির্ধারিত সময়ে উপস্থিত করা হবে। (১২) কোন দিনের জন্য এ সমূদয় স্থগিত রাখা হয়েছে? (১৩) ফয়সালার

○ টীকা (আঃ ১) ঃ হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত ইবনে মাসউদ (রা) বলেন, আমরা মিনার এক গুহায় রাসূল (স)-এর সঙ্গে উপস্থিত ছিলাম। ইতিমধ্যে সুরা মুরসালাত অবতীর্ণ হয়। রাসূল (স) সুরাটি আবৃত্তি করতেন, আর আমি তা শুনে শুনে মুখস্থ করতাম। সুরার নূরে তাঁর মুখমণ্ডল তখন সতেজ দেখাচ্ছিল। হঠাৎ একটি সাপ আমাদের সম্মুখে এসে পড়লে রাসূল (স) আমাদেরকে সাপটিকে হত্যা করার নির্দেশ দেন। আমরা সাপটিকে মারার উপক্রম করলে সাপটি দ্রুত পালিয়ে যায়। রাসূল (স) তখন বললেন, তোমরা যেমন তার অনিষ্ট থেকে নিরাপদ রয়েছে, তেমনি সেও তোমাদের অনিষ্ট থেকে রক্ষা পেয়েছে। (মাঃ কুঃ)
○ টীকা (আঃ ৮) ঃ অর্থাৎ কিয়ামত, বস্তুতঃ কিয়ামতের সাথে এ সমস্ত বস্তুর শপথের সামঞ্জস্য রয়েছে। কেননা, সিঙ্গায় প্রথমবার ফুৎকার দিয়া পৃথিবীকে ধ্বংস করে দেওয়ার ব্যাপারটি প্রচণ্ড ঝঞ্ঝাবার্তায় সাধিত ঘটনার তুল্য। আর দ্বিতীয় ফুৎকারের পর পুনর্জীবিত করার ব্যাপারটি হিতকর ও মনোরম বায়ুর দ্বারা সাধিত কার্যাবলির তুল্য। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ১২) ঃ এ প্রশ্নোত্তরের উদ্দেশ্য সম্ভবতঃ এই যে, সব সময়েই কাফেররা নিজ নিজ যুগের নবীগণকে অবিশ্বাস করেছে, এ যুগের কাফেররাও হুযুর (সা)-কে অবিশ্বাস করেছে। প্রকারান্তের এরা কিয়ামতকেও অবিশ্বাস করছে। তাদের এ অবিশ্বাসের শাস্তি যথাসময়েই হয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু বিশেষ হেকমতের কারণে বিলম্বিত হচ্ছে। কিন্তু তা অবশ্যই হবে। (বঃ কোঃ)

الْفَصْلِ ⑭ وَمَا أَدْرٰىكَ مَا يَوْمُ الْفَصْلِ ⑮ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ○
ফাস্বলি ; ১৪। ওয়ামা~আদ্‌রা-কা মা-ইয়াওমুল ফাছ্‌লি। ১৫। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন।
দিবসের জন্য, (১৪) আর আপনি কি জানেন সে ফয়সালার দিবস কি? (১৫) সেদিন কঠিন বিপদ, অবিশ্বাসীদের জন্য।

⑯ أَلَمْ نُهْلِكِ الْأَوَّلِيْنَ ⑰ ثُمَّ نُتْبِعُهُمُ الْاٰخِرِيْنَ ⑱ كَذٰلِكَ نَفْعَلُ
১৬। আলাম নুহ্‌লিকিল্ আওয়্যালীন। ১৭। ছুম্মা নুত্‌বি'উহুমুল আ-খিরীন। ১৮। কাযা-লিকা নাফ্'আলু
(১৬) আমি কি পূর্ববর্তী (অবিশ্বাসী)-দের ধ্বংস করিনি? (১৭) তারপর আমি পরবর্তীদেরকেও ওদের অনুসারী করব। (১৮) পাপীদের প্রতি আমি

بِالْمُجْرِمِيْنَ ⑲ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ⑳ أَلَمْ نَخْلُقْكُّمْ مِّنْ مَّاءٍ مَّهِيْنٍ ○
বিল্ মুজ্‌রিমীন। ১৯। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ২০। আলাম নাখ্‌লুক্কুম্ মিম্ মা—ইম্ মাহীন।
এরূপই করে থাকি। (১৯) সেদিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (২০) আমি কি তোমাদেরকে তুচ্ছ পানি (বীর্য) হতে সৃষ্টি করিনি?

㉑ فَجَعَلْنٰهُ فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ㉒ إِلٰى قَدَرٍ مَّعْلُوْمٍ ㉓ فَقَدَرْنَا ۖ فَنِعْمَ
২১। ফাজ্বা'আল্‌না-হু ফী ক্বারা-রিম্ মাকীন। ২২। ইলা- ক্বাদারিম্ মা'লূম। ২৩। ফাক্বাদার্‌না- ফানি'মাল্
(২১) অতঃপর আমি তা সুরক্ষিত নিরাপদ জায়গায় রেখেছি, (২২) একটি নির্দিষ্ট সময় পর্যন্ত। (২৩) আমি তা পরিমাপ অনুযায়ী যথাযথভাবে রেখে দিয়েছি।

الْقٰدِرُوْنَ ㉔ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㉕ أَلَمْ نَجْعَلِ الْأَرْضَ كِفَاتًا ○
ক্বা-দিরূন। ২৪। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ২৫। আলাম্ নাজ্'আলিল্ আর্‌দ্বা কিফা-তা-।
আমি খুবই উত্তম পরিমাপকারী। (২৪) সেদিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (২৫) আমি কি পৃথিবীকে ধারণকারী রূপে সৃষ্টি করিনি,

㉖ أَحْيَاءً وَّأَمْوَاتًا ㉗ وَّجَعَلْنَا فِيْهَا رَوَاسِيَ شٰمِخٰتٍ وَّأَسْقَيْنٰكُمْ مَّاءً
২৬। আহ্ইয়া—আওঁ ওয়া আম্‌ওয়া-তা-। ২৭। ওয়া জ্বা'আল্‌না- ফীহা- রাওয়া-সিয়া শা-মিখা-তিওঁ ওয়া আস্‌ক্বাইনা-কুম্ মা—আন্
(২৬) জীবিত এবং মৃতদের জন্য? (২৭) আমি তাতে (পৃথিবীতে) সুউচ্চ সু-দৃঢ় পাহাড় সৃষ্টি করেছি এবং তোমাদের পানের জন্য দিয়েছি

فُرَاتًا ㉘ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㉙ اِنْطَلِقُوْا إِلٰى مَا كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ○
ফুরা-তা-। ২৮। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ২৯। ইন্‌ত্বালিকূ~ইলা- মা- কুন্‌তুম বিহী তুকায্‌যিবূন।
মিষ্টি পানি। (২৮) সেদিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (২৯) তোমরা যা অবিশ্বাস করতে, (আজ) সে (জাহান্নামের) দিকেই চল।

㉚ اِنْطَلِقُوْا إِلٰى ظِلٍّ ذِيْ ثَلٰثِ شُعَبٍ ㉛ لَّا ظَلِيْلٍ وَّلَا يُغْنِيْ مِنَ اللَّهَبِ ○
৩০। ইন্‌ত্বালিকূ~ইলা- যিল্লিন্ যী ছালা-ছি শু'আব্। ৩১। লা- যালীলিওঁ ওয়ালা- ইউগ্‌নী মিনাল্ লাহাব্।
(৩০) চল, তিন শাখায় বিভক্ত হওয়া ছায়ার দিকে, (৩১) যা প্রকৃত ছায়া নয়, এবং যা প্রজ্বলিত অগ্নি হতে রক্ষাও করতে পারে না।

✪ টীকা (আঃ ২৬) ঃ কেননা, মানুষ এ যমীনের উপরই অবস্থান ও জীবনযাপন করে এবং মৃত্যুর পরে এখানেই কবরস্থ হয়ে কিংবা নিমজ্জিত ও দগ্ধ হয়ে পরিশেষে মাটির অংশরূপে যমীনেই মিশে যায়। মৃত্যুর পরবর্তী এ অবস্থাটি এরূপে নেয়ামত বলে গণ্য হয় যে, যদি মৃতদেহ কবরস্থ না হত, তবে জীবিত লোকেরা দুর্গন্ধে অস্থির হয়ে মৃতদের চেয়ে নিকৃষ্টতম অবস্থায় পতিত হত। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ৩০) ঃ এ ছায়ার অর্থ দোযখ হতে নির্গত এক প্রকার ধূম্রজাল। কেননা, উহা প্রচুর পরিমাণে নির্গত হবে, অতএব, উর্ধ্বে উঠে তিন খণ্ডে বিভক্ত হয়ে যাবে। কাফেররা হিসাব-নিকাশ সমাপ্ত হওয়া পর্যন্ত এ ধূম্রজালের বেষ্টনীতে থাকবে। পক্ষান্তরে আল্লাহর প্রিয় বান্দাগণ আরশের ছায়ায় অবস্থান করবে। (বঃ কোঃ)

㉜ إِنَّهَا تَرْمِيْ بِشَرَرٍ كَالْقَصْرِ ㉝ كَأَنَّهٗ جِمٰلَتٌ صُفْرٌ ㉞ وَيْلٌ يَّوْمَئِذٍ
৩২। ইন্নাহা- তার্‌মী বিশারারিন্ কাল্ ক্বাছ্‌রি। ৩৩। কাআন্নাহূ জ্বিমা-লাতুন্ স্বুফ্‌রুন্। ৩৪। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্
(৩২) নিশ্চয়ই জাহান্নামের প্রজ্বলিত অগ্নি শিখা, উঁচু প্রাসাদের মত, (৩৩) এবং হলুদ বর্ণের উটের পালের মত। (৩৪) আজ (কঠিন) বিপদ

لِّلْمُكَذِّبِيْنَ ㉟ هٰذَا يَوْمُ لَا يَنْطِقُوْنَ ㊱ وَلَا يُؤْذَنُ لَهُمْ فَيَعْتَذِرُوْنَ ○
লিল্ মুকায্‌যিবীন। ৩৫। হা-যা- ইয়াওমু লা-ইয়ান্‌ত্বিকূন। ৩৬। ওয়ালা- ইউ'যানু লাহুম ফাইয়া'তাযিরূন।
অবিশ্বাসীদের জন্য। (৩৫) আজ এমন একদিন, যেদিন তাদের বাকশক্তি রহিত হয়ে যাবে। (৩৬) এবং তাদেরকে অপরাগতা প্রকাশের অনুমতি দেয়া হবে না।

㊲ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㊳ هٰذَا يَوْمُ الْفَصْلِ ۚ جَمَعْنٰكُمْ وَالْأَوَّلِيْنَ ○
৩৭। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল লিল্ মুকায্‌যিবীন। ৩৮। হা-যা- ইয়াওমুল ফাস্বলি, জ্বামা'না-কুম ওয়াল্ আওয়্যালীন।
(৩৭) সেদিন কঠিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (৩৮) আজ ফয়সালার দিন। আজ আমি তোমাদেরকে এবং তোমাদের পূর্ববর্তীদেরকে সমবেত করেছি।

১ ع ৪০ ২১ রুকূ
㊴ فَإِنْ كَانَ لَكُمْ كَيْدٌ فَكِيْدُوْنِ ㊵ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㊶ إِنَّ
৩৯। ফাইন্ কা-না লাকুম কাইদুন ফাকীদূন। ৪০। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ৪১। ইন্নাল
(৩৯) যদি তোমরা (আজ) আমার সাথে কোন প্রতারণা করতে চাও, তবে কর। (৪০) সেদিন কঠিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (৪১) নিশ্চয়ই

الْمُتَّقِيْنَ فِيْ ظِلٰلٍ وَّعُيُوْنٍ ㊷ وَّفَوَاكِهَ مِمَّا يَشْتَهُوْنَ ㊸ كُلُوْا وَ
মুত্তাক্বীনা ফী জ্বিলা-লিওঁ ওয়া 'উইয়ূন। ৪২। ওয়া ফাওয়া-কিহা মিম্মা- ইয়াশ্‌তাহূন। ৪৩। কুলূ ওয়াশ্
পরহেজগারগণ থাকবে, ছায়ায় এবং প্রবাহিত নহরসমূহের মধ্যে, (৪২) এবং তাদের পছন্দনীয় ফলসমূহের মধ্যে। (৪৩) বলা হবে

اشْرَبُوْا هَنِيْٓئًا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ㊹ إِنَّا كَذٰلِكَ نَجْزِي الْمُحْسِنِيْنَ ○
রাবূ হানী—আম্ বিমা- কুন্‌তুম তা'মালূন। ৪৪। ইন্না- কাযা-লিকা নাজ্বযিল মুহ্‌সিনীন।
তোমরা তৃপ্তিসহ, খাও ও পান কর। তোমাদের নেক কর্মের প্রতিদান স্বরূপ। (৪৪) এভাবেই আমি পুণ্যবানদের প্রতিদান দিয়ে থাকি।

㊺ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㊻ كُلُوْا وَتَمَتَّعُوْا قَلِيْلًا إِنَّكُمْ مُّجْرِمُوْنَ ○
৪৫। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ৪৬। কুলূ ওয়া তামাত্তা'উ ক্বালীলান ইন্নাকুম মুজ্‌রিমূন।
(৪৫) সেদিন কঠিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (৪৬) তোমরা অল্প সময় খেয়ে নাও এবং (পার্থিব সম্পদ) ভোগ কর, নিশ্চয়ই তোমরা অপরাধী।

㊼ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㊽ وَإِذَا قِيْلَ لَهُمُ ارْكَعُوْا لَا يَرْكَعُوْنَ ○
৪৭। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ৪৮। ওয়া ইযা- ক্বীলা লাহুমুর কা'উ লা ইয়ারকা'উন।
(৪৭) সেদিন কঠিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (৪৮) যখন তাদেরকে বলা হয়, তোমরা মাথা নত কর (নামাজ পড়), তারা মাথা নত করে না।

২ ع ৫০ ২২ রুকূ
㊾ وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ㊿ فَبِأَيِّ حَدِيْثٍ بَعْدَهٗ يُؤْمِنُوْنَ ○
৪৯। ওয়াইলুইঁ ইয়াওমাইযিল লিল মুকায্‌যিবীন। ৫০। ফাবিআইয়্যি হ্বাদীছিম বা'দাহূ ইউ'মিনূন।
(৪৯) সেদিন কঠিন বিপদ, অবিশ্বাসীদের জন্য। (৫০) অতএব তারা (অবিশ্বাসীরা) এ কুরআনের পরে, আর কোন কথার প্রতি ঈমান আনবে?

সূরা নাবা
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪০
রুকূ ঃ ২

পারা ৩০

①عَمَّ يَتَسَآءَلُوْنَ ②عَنِ النَّبَاِ الْعَظِيْمِ ③الَّذِىْ هُمْ فِيْهِ مُخْتَلِفُوْنَ ④كَلَّا

১। 'আম্মা ইয়াতাসা—আলূন। ২। 'আনিন্ নাবাইল্ 'আজীম ৩। আল্লাযী হুম ফীহি মুখ্‌তালিফূন। ৪। কাল্লা-
(১) তারা একে অপরের কাছে কোন সম্পর্কে জিজ্ঞাসা করছে? (২) গুরুতর খবর সম্পর্কে, (৩) যে ব্যাপারে তাদের মধ্যে মতবিরোধ রয়েছে। (৪) কখনই নয়,

سَيَعْلَمُوْنَ ⑤ثُمَّ كَلَّا سَيَعْلَمُوْنَ ⑥اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ مِهٰدًا ⑦وَّالْجِبَالَ

সাইয়া'লামূনা ৫। ছুম্মা কাল্লা- সাইয়া'লামূন। ৬। আলাম নাজ্‌'আলিল্ আরদ্বা- মিহা-দা-। ৭। ওয়াল্ জ্বিবা-লা
অতিশীঘ্রই তারা জানতে পারবে। (৫) অতঃপর কখনই নয়, অতিশীঘ্রই তারা জানতে পারবে। (৬) আমি কি যমীনকে বিছানা বানিয়ে দেইনি? (৭) আর পাহাড়গুলোকে

اَوْتَادًا ⑧وَّخَلَقْنٰكُمْ اَزْوَاجًا ⑨وَّجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا ⑩وَّجَعَلْنَا الَّيْلَ لِبَاسًا

আওতা-দা। ৮। ওয়া খালাক্‌না-কুম আয্‌ওয়া-জ্বা- ৯। ওয়া জ্বা'আল্‌না- নাওমাকুম সুবা-তা-। ১০। ওয়া জ্বা'আল্‌নাল্ লাইলা লিবা-সা-।
খুঁটির মত করে দেইনি? (৮) আর তোমাদেরকে সৃষ্টি করেছি জোড়া জোড়া করে, (৯) আর তোমাদের নিদ্রাকে করে দিয়েছি আরামদায়ক। (১০) আর রাতকে করেছি আবরণ,

⑪وَّجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ⑫وَّبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا ⑬وَّجَعَلْنَا سِرَاجًا

১১। ওয়া জ্বা'আলনান্ নাহা-রা মা'আ-শা-। ১২। ওয়া বানাইনা- ফাওক্বাকুম সাব'আন শিদা-দা-। ১৩। ওয়া জ্বা'আল্‌না- সিরা-জ্বাও
(১১) আর দিনকে করেছি জীবিকা অন্বেষণের সময়, (১২) আর তোমাদের উপর তৈরি করেছি সাত আসমান মজবুত করে, (১৩) আর সৃষ্টি

وَّهَّاجًا ⑭وَّاَنْزَلْنَا مِنَ الْمُعْصِرٰتِ مَآءً ثَجَّاجًا ⑮لِّنُخْرِجَ بِهٖ حَبًّا وَّنَبَاتًا ۝

ওয়াহ্‌হা-জ্বা-। ১৪। ওয়া আন্‌যাল্‌না- মিনাল্ মু'স্বিরা-তি মা—আন ছাজ্জ্বা-জ্বা-। ১৫। লিনুখ্‌রিজ্বা বিহী হ্বাব্বাওঁ ওয়া নাবা-তা-।
করেছি এক উজ্জ্বল প্রদীপ, (১৪) আর আমি বর্ষণ করি, বাদলা মেঘ হতে অজস্র পানি, (১৫) তা দিয়ে উৎপন্ন করার জন্য উদ্ভিদ শস্য,

⑯وَّجَنّٰتٍ اَلْفَافًا ⑰اِنَّ يَوْمَ الْفَصْلِ كَانَ مِيْقَاتًا ⑱يَّوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ فَتَاْتُوْنَ

১৬। ওয়া জ্বান্না-তিন্ আল্‌ফা-ফা-। ১৭। ইন্না ইয়াওমাল্ ফাস্বলি কা-না মীক্বা-তা-। ১৮। ইয়াওমা ইউন্‌ফাখু ফিস্‌সূরি ফাতা'তূনা
(১৬) আর ঘন বাগান। (১৭) ফয়সালার দিন (কিয়ামত) নির্দিষ্ট রয়েছে। (১৮) সেদিন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে, আর তোমরা দলে দলে এসে

اَفْوَاجًا ⑲وَّفُتِحَتِ السَّمَآءُ فَكَانَتْ اَبْوَابًا ⑳وَّسُيِّرَتِ الْجِبَالُ فَكَانَتْ

আফ্‌ওয়া-জ্বা-। ১৯। ওয়া ফুতিহ্বাতিস্ সামা—উ ফাকা-নাত আব্‌ওয়া-বা- ২০। ওয়া সুইয়্যিরাতিল্ জ্বিবা-লু ফাকা-নাত্
একত্রিত হবে, (১৯) আর আকাশ খুলে দেয়া হবে, তাতে বহু দরজা হয়ে যাবে। (২০) পাহাড়গুলো চালিত হবে সেগুলো হয়ে যাবে

○ বিশ্লেষণ (আঃ ২) ঃ فيه مختلفون - মতভেদের বিষয় নিয়ে তফসীরকারদের মধ্যে বিভিন্নমত রয়েছে। কেউ বলেন, মতভেদের বিষয় হল কুরআন মাজীদ। কাফিরেরা কুরআন মাজীদের ব্যাপারে মতভেদ করছিল। কেউ এ কুরআনকে যাদু, কেউ উপাখ্যান এবং কেউ কবিতা বলছিল। কেউ বলেন, মতভেদের বিষয় হল কিয়ামত। কাফিরেরা কেউ এ কিয়ামতকে অস্বীকার করছিল। কেউ এ ব্যাপারে সন্দেহের মধ্যে ছিল। কেউ বলেন, প্রশ্নকারী মুমিন কাফির উভয়ই ছিল। মুমিনের প্রশ্ন ছিল, তাদের বিশ্বাসকে আরও দৃঢ় করার জন্য। আর কাফিরদের প্রশ্ন ছিল উপহাস ও ঠাট্টা স্বরূপ। (কুঃ কারীম)

سَرَابًا ㉑اِنَّ جَهَنَّمَ كَانَتْ مِرْصَادًا ㉒لِّلطّٰغِيْنَ مَاٰبًا ㉓لّٰبِثِيْنَ فِيْهَآ اَحْقَابًا ۝

সারা-বা-। ২১। ইন্না জ্বাহান্নামা কা-নাত্ মির্‌স্বা-দা- ২২। লিত্ত্বা-গীনা মাআ-বাল্ ২৩। লা-বিছীনা ফীহা~আহ্‌ক্বা-বা-।
মরু-মরীচিকা। (২১) জাহান্নামতো অপেক্ষায় আছে, (২২) তা হবে নাফরমানদের জন্য ঠিকানা। (২৩) সেখানে তারা থাকবে যুগ-যুগ ধরে।

㉔لَا يَذُوْقُوْنَ فِيْهَا بَرْدًا وَّلَا شَرَابًا ㉕اِلَّا حَمِيْمًا وَّغَسَّاقًا ㉖جَزَآءً وِّفَاقًا ㉗اِنَّهُمْ

২৪। লা- ইয়াযূক্বূনা ফীহা- বারদাওঁ ওয়ালা- শারা-বা-। ২৫। ইল্লা- হ্বামীমাওঁ ওয়াগাস্‌সা-ক্বা-। ২৬। জ্বাযা—আওঁ ওয়িফা-ক্বা-। ২৭। ইন্নাহুম
(২৪) সেখানে তারা শীতলতার কোন স্বাদ পাবে না এবং পাবে না কোন পানীয়, (২৫) ফুটন্ত পানি এবং পুঁজ ছাড়া। (২৬) এটাই তাদের যথাযথ প্রতিফল। (২৭) কারণ, তারা

كَانُوْا لَا يَرْجُوْنَ حِسَابًا ㉘وَّكَذَّبُوْا بِاٰيٰتِنَا كِذَّابًا ㉙وَكُلَّ شَىْءٍ اَحْصَيْنٰهُ كِتٰبًا ۝

কা-নূ লা- ইয়ারজূনা হিসা-বা-। ২৮। ওয়া কায্‌যাবূ বিআ-য়া-তিনা- কিয্‌যা-বা-। ২৯। ওয়া কুল্লা শাইয়িন্ আহ্বস্বাইনা-হু কিতা-বা-।
কখনও হিসাব নিকাশের আশা করত না। (২৮) আর তারা আমার আয়াতসমূহ অস্বীকার করত। (২৯) আমি তার সব কর্মগুলোই লিখে হিসাব করে রেখেছি।

১
ع
৩০
১
রুকূ

㉚فَذُوْقُوْا فَلَنْ نَّزِيْدَكُمْ اِلَّا عَذَابًا ㉛اِنَّ لِلْمُتَّقِيْنَ مَفَازًا ㉜حَدَآئِقَ وَاَعْنَابًا ۝

৩০। ফাযূক্বূ ফালান্ নাযীদাকুম ইল্লা- 'আযা-বা-। ৩১। ইন্না লিল্ মুত্তাক্বীনা মাফা-যা-। ৩২। হ্বাদা—ইক্বা ওয়া আ'না-বা-
(৩০) সুতরাং তোমরা এখন স্বাদ উপভোগ কর, আর তোমাদের শাস্তি ব্যতীত আর কিছুই বৃদ্ধি পাবে না। (৩১) নিশ্চয়ই পরহেজগারদের জন্য রয়েছে সফলতা, (৩২) ফল ফলাদির বাগান এবং আঙ্গুর।

㉝وَّكَوَاعِبَ اَتْرَابًا ㉞وَّكَاْسًا دِهَاقًا ㉟لَا يَسْمَعُوْنَ فِيْهَا لَغْوًا وَّلَا كِذّٰبًا ㊱جَزَآءً مِّنْ

৩৩। ওয়া কাওয়া-'ইবা আত্‌রা-বা-। ৩৪। ওয়া কা'সান্ দিহা-ক্বা-। ৩৫। লা- ইয়াস্‌মা'ঊনা ফীহা-লাগওয়াওঁ ওয়ালা- কিয্‌যা-বা-। ৩৬। জ্বাযা—আম্ মির্
(৩৩) আর সমবয়সী যুবতী কুমারী, (৩৪) আর পরিপূর্ণ পাত্র। (৩৫) সেখানে তারা বাজে কথা এবং মিথ্যা কথা শোনবে না। (৩৬) এগুলো হচ্ছে তোমার প্রভুর পক্ষ থেকে

رَّبِّكَ عَطَآءً حِسَابًا ㊲رَّبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا الرَّحْمٰنِ لَا يَمْلِكُوْنَ مِنْهُ

রাব্বিকা 'আত্বা—আন্ হিসা-বা-। ৩৭। রাব্বিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়ামা- বাইনাহুমার্ রাহ্মা-নি লা-ইয়াম্‌লিকূনা মিন্‌হু
প্রতিদান যা দানের দিক দিয়ে হবে যথেষ্ট। (৩৭) যিনি আকাশমণ্ডলী, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যস্থ সব কিছুর রব। যিনি পরম করুণাময়, তাকে সম্বোধন করে কিছু বলার

خِطَابًا ㊳يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ وَالْمَلٰٓئِكَةُ صَفًّا لَّا يَتَكَلَّمُوْنَ اِلَّا مَنْ اَذِنَ لَهُ الرَّحْمٰنُ

খিত্বা-বা-। ৩৮। ইয়াওমা ইয়াক্বূমুর রূ হু ওয়াল্ মালা—ইকাতু স্বাফ্‌ফাল লা-ইয়াতাকাল্লামূনা ইল্লা- মান আযিনা লাহুর রাহ্মা-নু
ক্ষমতা কেউ রাখবে না। (৩৮) সেদিন রূহ ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে দাঁড়াবে। পরম করুণাময় যাকে অনুমতি দিবেন সে ব্যতীত আর কেউ কথা বলতে পারবে না।

وَقَالَ صَوَابًا ㊴ذٰلِكَ الْيَوْمُ الْحَقُّ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ مَاٰبًا ㊵اِنَّآ اَنْذَرْنٰكُمْ

ওয়া ক্বা-লা স্বাওয়া-বা-। ৩৯। যা-লিকাল্ ইয়াওমুল্ হ্বাক্কু, ফামান্ শা—আত্তাখাযা ইলা- রাব্বিহী মাআ-বা-। ৪০। ইন্না~আন্‌যার্‌না-কুম
এবং সে সঠিক কথাই বলবে। (৩৯) এ দিন সত্য; সুতরাং যে চায় সে যেন তার প্রতিপালকের কাছে ঠিকানা বানিয়ে নেয়। (৪০) নিশ্চয়ই আমি তোমাদেরকে

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ احصينه كتبا - অর্থাৎ লওহে মাহফুজে সংরক্ষণ করে রাখা হয়। অথবা সে লিখিত কিতাবকে বুঝান হয়েছে, যাতে ফিরিশতাগণ লিপিবদ্ধ করে রাখেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ كنت ترابا - যখন কাফিরেরা কিয়ামতের ভয়ানক অবস্থা দেখবে তখন একথা বলবে। কেউ বলেন- আল্লাহ তায়ালা জীবজন্তুর মাঝেও কিয়ামতের দিন ন্যায় ইনসাফ কায়েম করবেন। এমনকি শিং বিশিষ্ট কোন বকরী যদি পৃথিবীতে শিংহীন কোন বকরীকে আক্রমণ করে থাকে, তবে কিয়ামতের দিন তারও প্রতিফল দেয়া হবে। সর্বশেষে আল্লাহ্ তায়ালা জীব জন্তুদেরকে নির্দেশ দিবেন যে, মাটি হয়ে যাও, সাথে সাথে তারা মাটি হয়ে যাবে। এ সময় কাফিরেরা আফসোস করে বলবে যে, হায় আমরাও যদি জীবজন্তু হতাম এবং আজ মাটির সাথে মিশে যেতাম (কতইনা ভাল হত)। (ইবন কাসীর)

عَذَابًا قَرِيْبًا ۚ يَّوْمَ يَنْظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدٰهُ وَيَقُوْلُ الْكٰفِرُ يٰلَيْتَنِيْ كُنْتُ تُرٰبًا ۝ ع

'আযা-বান্ ক্বারীবাই ইয়াওমা ইয়ান্যুরুল্ মারউ মা-ক্বাদ্দামাত্ ইয়াদা-হ্ ওয়া ইয়াক্বূলুল্ কা-ফিরু ইয়া-লাইতানী কুন্তু তুরা-বা-।
সাবধান করে দিচ্ছি, নিকটবর্তী শাস্তির, সেদিন প্রতিটি লোক তার কৃতকর্মগুলো দেখতে পাবে আর কাফিরেরা বলবে, হায়! আজ আমার দুর্ভাগ্য, আমি যদি মাটি হয়ে যেতাম।

সূরা না-যি'আ-ত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ৪ ৪৬
রুকূ ৪ ২

① وَالنّٰزِعٰتِ غَرْقًا ② وَّالنّٰشِطٰتِ نَشْطًا ③ وَّالسّٰبِحٰتِ سَبْحًا ④ فَالسّٰبِقٰتِ

১। ওয়ান্না-যি'আ-তি গারক্বাওঁ ২। ওয়ান্না-শিত্বা-তি নাশ্ত্বাওঁ ৩। ওয়াস্ সা-বিহ্বা-তি সাবহ্বা-। ৪। ফাস্সা-বিক্বা-তি
(১) শপথ তাদের, যারা কঠোরভাবে প্রাণ টেনে আনে, (২) শপথ তাদের, যারা সহজভাবে বন্ধন খুলে দেয়, (৩) শপথ তাদের, যারা তীব্রবেগে সাতরিয়ে যায়, (৪) আর শপথ তাদের, যারা দ্রুতগতিতে এগিয়ে

سَبْقًا ⑤ فَالْمُدَبِّرٰتِ اَمْرًا ⑥ يَوْمَ تَرْجُفُ الرَّاجِفَةُ ⑦ تَتْبَعُهَا الرَّادِفَةُ ۝

সাব্ক্বা-। ৫। ফাল্ মুদাব্বিরা-তি আমরা-। ৬। ইয়াওমা তার্জুফুর্ রা-জ্বিফাহ্। ৭। তাত্বা'উহার রা-দিফাহ্।
যায়। (৫) শপথ তাদের, যারা কাজের ব্যবস্থা করে, (৬) সেদিন কম্পনকারীর প্রথম ফুৎকার প্রকম্পিত করবে। (৭) তারপরে তার অনুসরণ করবে তার পশ্চাদ্বর্তী দ্বিতীয় ফুৎকার।

⑧ قُلُوْبٌ يَّوْمَئِذٍ وَّاجِفَةٌ ⑨ اَبْصَارُهَا خَاشِعَةٌ ⑩ يَقُوْلُوْنَ ءَاِنَّا لَمَرْدُوْدُوْنَ

৮। ক্বুলূবুই ইয়াওমাইযিওঁ ওয়া-জ্বিফাহ্। ৯। আব্স্বা-রুহা- খা-শি'আহ্। ১০। ইয়াক্বূলূনা আ ইন্না- লামার্দূদূনা
(৮) সেদিন অন্তর ভয়ে কাঁপতে থাকবে। (৯) তাদের দৃষ্টি লজ্জায় অবনত থাকবে, (১০) তারা বলবে, আমরা কি সে পূর্বের অবস্থায়

فِي الْحَافِرَةِ ⑪ ءَاِذَا كُنَّا عِظَامًا نَّخِرَةً ⑫ قَالُوْا تِلْكَ اِذًا كَرَّةٌ خَاسِرَةٌ ⑬ فَاِنَّمَا هِيَ

ফিল্ হা-ফিরাহ্। ১১। আইযা- কুন্না- 'ইযা-মান্ নাখিরাহ্। ১২। ক্বা-লূ তিলকা ইযান কার্রাতুন খা-সিরাহ্। ১৩। ফাইন্নামা- হিয়া
ফিরে যাবই? (১১) যখন আমরা পরিণত হয়ে যাব গুঁড়াহাড়ে তখনও? (১২) তারা বলে, যদি তাই হয়, তবে তো এ প্রত্যাবর্তন খুবই সর্বনাশের হবে। (১৩) সেতো শুধু

زَجْرَةٌ وَّاحِدَةٌ ⑭ فَاِذَا هُمْ بِالسَّاهِرَةِ ⑮ هَلْ اَتٰىكَ حَدِيْثُ مُوْسٰى ⑯ اِذْ نَادٰىهُ

যাজ্বরাতুওঁ ওয়া-হ্বিদাহ্। ১৪। ফাইযা- হুম বিস্সা-হিরাহ্। ১৫। হাল্ আতা-কা হ্বাদীছু মূসা-। ১৬। ইয্ না-দা-হু
একটি ভয়ংকর আওয়াজ। (১৪) আর তখনই তারা ময়দানে এসে একত্রিত হবে। (১৫) মূসার খবর তোমাদের কাছে কি পৌঁছেছে? (১৬) যখন তাঁর

رَبُّهٗ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ⑰ اِذْهَبْ اِلٰى فِرْعَوْنَ اِنَّهٗ طَغٰى ⑱ فَقُلْ هَلْ لَّكَ

রাব্বুহূ বিল্ওয়া-দিল মুক্বাদ্দাসি ত্বুওয়া-। ১৭। ইয্হাব্ ইলা- ফির'আওনা ইন্নাহূ ত্বাগা-। ১৮। ফাক্বুল্ হাল্ লাকা
প্রতিপালক তাকে পবিত্র উপত্যকা তুয়ায় ডেকে বললেন, (১৭) তুমি ফিরআউনের কাছে যাও, সেতো অবাধ্য হয়েছে, (১৮) আর তাকে বল, তুমি কি তোমার নিজের

○ বিশ্লেষণ (আঃ ২) ৪ والنشطت نشطا - অর্থাৎ মুমিনগণের প্রাণ ফিরিশতা অত্যন্ত সহজভাবে বের করে আনেন। যেমন কোন জিনিসের বন্ধন (অতি সহজে) খুলে দেয়া হয়। ○ বিশ্লেষণ (আঃ ৩) ৪ والسبحت سبحا - অর্থাৎ ফেরেশতা মানুষের প্রাণ বের করে আনার জন্য। মানুষের শরীরে এমনভাবে সন্তরণ করে, যেমন ডুবুরি সমুদ্র হতে মণিমুক্তা সংগ্রহের জন্য সমুদ্রের তলদেশে সন্তরণ করে। অথবা এর অর্থ এই যে, ফেরেশতা অতি দ্রুতগতিতে আল্লাহর নির্দেশ নিয়ে আকাশ হতে অবতরণ করেন। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৪) ৪ فالسبقت سبقا - অর্থাৎ ফিরিশতা আল্লাহর বাণী রাসূল (স) পর্যন্ত অতি দ্রুত গতিতে পৌছান। যাতে শয়তান তার কোন খবরই না রাখতে পারে। অথবা মুমিনগণের রূহ (প্রাণ) জান্নাতের দিকে অতি দ্রুতবেগে নিয়ে যান। ○ বিশ্লেষণ (আঃ ৬) ৪ يوم ترجف - অর্থাৎ প্রথম ফুৎকার দিবস। যাতে গোটা জাহান কেঁপে উঠবে এবং ধ্বংস হয়ে যাবে।

اِلٰٓى اَنْ تَزَكّٰى ⑲ وَاَهْدِيَكَ اِلٰى رَبِّكَ فَتَخْشٰى ⑳ فَاَرٰىهُ الْاٰيَةَ الْكُبْرٰى ۝

ইলা~আন্ তাযাক্কা-। ১৯। ওয়া আহ্দিয়াকা ইলা- রাব্বিকা ফাতাখ্শা-। ২০। ফাআরা-হুল্ আ-য়াতাল্ কুব্রা-।
সংশোধন কামনা কর? (১৯) আমি তোমাকে তোমার প্রতিপালকের দিকে পথ প্রদর্শন করব, যাতে তুমি তাকে ভয় কর। (২০) অতঃপর সে তাকে বড় নিদর্শন দেখাল।

㉑ فَكَذَّبَ وَعَصٰى ㉒ ثُمَّ اَدْبَرَ يَسْعٰى ㉓ فَحَشَرَ فَنَادٰى ㉔ فَقَالَ اَنَا رَبُّكُمُ

২১। ফাকায্যাবা ওয়া 'আস্বা-। ২২। ছুম্মা আদ্বারা ইয়াস্'আ-। ২৩। ফাহ্বাশারা ফানা-দা-। ২৪। ফাক্বা-লা আনা রাব্বুকুমুল্
(২১) কিন্তু সে তা অস্বীকার করল এবং অবাধ্য হল। (২২) অতঃপর সে সরে গিয়ে মোকাবেলার জোর চেষ্টা চালাতে লাগল। (২৩) সবাইকে সমবেত করল এবং জোর আওয়াজে ঘোষণা দিল, (২৪) বলল, আমিই তোমাদের সবচেয়ে বড়

الْاَعْلٰى ㉕ فَاَخَذَهُ اللّٰهُ نَكَالَ الْاٰخِرَةِ وَالْاُوْلٰى ㉖ اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً

আ'লা-। ২৫। ফাআখাযাহুল্লা-হু নাকা-লাল্ আ-খিরাতি ওয়াল্ উলা-। ২৬। ইন্না ফী যা-লিকা লা'ইব্রাতাল্
প্রভু, (২৫) অতঃপর আল্লাহ্ তাকে পরকাল ও ইহকালের দৃষ্টান্তমূলক শাস্তিতে আবদ্ধ করেন। (২৬) যে আল্লাহকে ভয় করে অবশ্যই তার জন্য রয়েছে এতে

লِّمَنْ يَّخْشٰى ㉗ ءَاَنْتُمْ اَشَدُّ خَلْقًا اَمِ السَّمَآءُ ۚ بَنٰىهَا ㉘ رَفَعَ سَمْكَهَا فَسَوّٰىهَا ۝ ১ ع ২৬ ৩ রুকূ

লিমাই ইয়াখ্শা-। ২৭। আ আন্তুম আশাদ্দু খাল্ক্বান্ আমিস্ সামা—উ ; বানা-হা-। ২৮। রাফা'আ সাম্কাহা- ফাসাওয়্যা-হা-।
উপদেশ। (২৭) তোমাদেরকে সৃষ্টি করা বেশি কঠিন না আকাশ সৃষ্টি করা? তিনিইতো তা বানিয়েছেন। (২৮) তিনি উঁচু করেছেন তার ছাদ। আর তাকে সুবিন্যস্ত করেছেন।

㉙ وَاَغْطَشَ لَيْلَهَا وَاَخْرَجَ ضُحٰىهَا ㉚ وَالْاَرْضَ بَعْدَ ذٰلِكَ دَحٰىهَا ۝

২৯। ওয়া আগত্বাশা লাইলাহা- ওয়া আখ্রাজ্বা দ্বুহা-হা-। ৩০। ওয়াল আর্দ্বা বা'দা যা-লিকা দাহ্বা-হা-।
(২৯) তিনি রজনীকে আঁধার দ্বারা আচ্ছাদিত করেছেন এবং প্রকাশ করেছেন সকালের সূর্য কিরণ, (৩০) এবং এরপরে তিনি ভূমিকে বিস্তৃত করেছেন।

㉛ اَخْرَجَ مِنْهَا مَآءَهَا وَمَرْعٰىهَا ㉜ وَالْجِبَالَ اَرْسٰىهَا ㉝ مَتَاعًا لَّكُمْ وَلِاَنْعَامِكُمْ ۝

৩১। আখ্রাজ্বা মিনহা- মা—আহা- ওয়া মার্'আ-হা-। ৩২। ওয়াল্ জ্বিবা-লা আর্সা-হা-। ৩৩। মাতা-'আল্ লাকুম ওয়ালি আন'আ-মিকুম।
(৩১) এবং তার থেকে উৎপন্ন করেছেন পানি ও উদ্ভিদ। (৩২) আর পাহাড়গুলোকে মজবুত ভাবে গেঁথে দিয়েছেন, (৩৩) তোমাদের ও তোমাদের পালিত পশুগুলোর ভোগের জন্য।

㉞ فَاِذَا جَآءَتِ الطَّآمَّةُ الْكُبْرٰى ㉟ يَوْمَ يَتَذَكَّرُ الْاِنْسَانُ مَا سَعٰى ۝

৩৪। ফাইযা- জ্বা—আতিত্ব ত্বা—ম্মাতুল কুব্রা-। ৩৫। ইয়াওমা ইয়াতাযাক্কারুল্ ইন্সা-নু মা- সা'আ-।
(৩৪) অতঃপর যখন এসে উপস্থিত হবে সে মহাপ্রলয় (কিয়ামত)। (৩৫) সেদিন, মানুষ যা (নেকী বদী) করেছে, তা স্মরণ করবে।

㊱ وَبُرِّزَتِ الْجَحِيْمُ لِمَنْ يَّرٰى ㊲ فَاَمَّا مَنْ طَغٰى ㊳ وَاٰثَرَ الْحَيٰوةَ الدُّنْيَا ۝

৩৬। ওয়া বুর্রিযাতিল্ জ্বাহ্বীমু লিমাই ইয়ারা-। ৩৭। ফাআম্মা- মান্ ত্বাগা-। ৩৮। ওয়া আ-ছারাল্ হ্বায়া-তাদ্ দুন্ইয়া-।
(৩৬) আর প্রকাশ করা হবে জাহান্নামের আগুন, প্রত্যেক চক্ষুষ্মানের সামনে। (৩৭) অতঃপর যে, নাফরমানী করে, (৩৮) এবং পার্থিব জীবনকে প্রধান্য দেয়,

○ বিশ্লেষণ (আঃ ৩৬) ৪ وبرزت الجحيم - অর্থাৎ কাফিরদের সামনে জাহান্নাম প্রকাশ করা হবে। যাতে তারা তাদের চিরস্থায়ী বাসস্থান জাহান্নাম দেখতে পাবে। কেউ কেউ বলেন– এ জাহান্নাম মুমিন ও কাফির উভয়ের সামনেই প্রকাশ করা হবে। (অর্থাৎ আনয়ন করা হবে)। মুমিনগণ তা দেখে আল্লাহ তায়ালার শোকর আদায় করবেন। এজন্য যে, আল্লাহ তায়ালা তাদেরকে অতি মেহেরবানী করে এ কঠিন শাস্তি হতে রক্ষা করেছেন। আর কাফিরেরা তা দেখে ভীত ও চিন্তিত হবে। (কুঃ কারীম)

㊴ فَاِنَّ الْجَحِيْمَ هِيَ الْمَاْوٰى ㊵ وَاَمَّا مَنْ خَافَ مَقَامَ رَبِّهٖ وَنَهَى النَّفْسَ

৩৯। ফাইন্নাল্ জ্বাহীমা হিয়াল্ মা'ওয়া-। ৪০। ওয়া আম্মা- মান্ খা-ফা মাক্বা-মা রাব্বিহী ওয়া নাহান্ নাফ্সা
(৩৯) তার ঠিকানা হবে জাহান্নাম। (৪০) আর যে তার প্রতিপালকের সামনে উপস্থিতির ভয় রাখে, আর যে নিজকে তার প্রবৃত্তি থেকে

عَنِ الْهَوٰى ㊶ فَاِنَّ الْجَنَّةَ هِيَ الْمَاْوٰى ㊷ يَسْـَٔلُوْنَكَ عَنِ السَّاعَةِ اَيَّانَ

'আনিল হাওয়া-। ৪১। ফাইন্নাল্ জান্নাতা হিয়াল্ মা'ওয়া-। ৪২। ইয়াস্আলূনাকা 'আনিস্ সা-'আতি আইয়্যা-না
বারণ রাখে, (৪১) নিশ্চয়ই জান্নাত হল তার ঠিকানা। (৪২) তারা (অবিশ্বাসীরা) তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে, তা কখন

مُرْسٰىهَا ㊸ فِيْمَ اَنْتَ مِنْ ذِكْرٰىهَا ㊹ اِلٰى رَبِّكَ مُنْتَهٰىهَا ㊺ اِنَّمَا اَنْتَ مُنْذِرُ

মুর্সা-হা-। ৪৩। ফীমা আন্তা মিন্ যিকরা-হা-। ৪৪। ইলা- রাব্বিকা মুন্তাহা-হা-। ৪৫। ইন্নামা~আন্তা মুন্যিরু
সংঘটিত হবে? (৪৩) এ আলোচনায় আপনার (প্রয়োজন) কি? (৪৪) আপনার রবের কাছেই তার (কিয়ামত সম্পর্কিত জ্ঞানের) শেষ সীমা, (৪৫) আপনি তো শুধু তাদেরই

مَنْ يَّخْشٰىهَا ㊻ كَاَنَّهُمْ يَوْمَ يَرَوْنَهَا لَمْ يَلْبَثُوْٓا اِلَّا عَشِيَّةً اَوْ ضُحٰىهَا ۝ ع

মাই ইয়াখ্শা-হা-। ৪৬। কাআন্নাহুম ইয়াওমা ইয়ারাওনাহা- লাম ইয়ালবাছূ~ইল্লা- 'আশিইয়্যাতান্ আও দুহ্বা-হা-।
সতর্ককারী যারা ভয় রাখে। (৪৬) যেদিন তারা তা দেখতে পাবে, সেদিন তাদের মনে হবে যেন তারা পৃথিবীতে মাত্র এক বিকেল অথবা এক সকাল অবস্থান করেছে।

সূরা 'আবাছা
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৪২
রুকূ ঃ ১

① عَبَسَ وَتَوَلّٰىٓ ② اَنْ جَآءَهُ الْاَعْمٰى ③ وَمَا يُدْرِيْكَ لَعَلَّهٗ يَزَّكّٰىٓ ۝

১। 'আবাসা ওয়া তাওয়াল্লা~ ২। আন্ জ্বা—আহুল আ'মা-। ৩। ওয়ামা- ইউদ্‌রীকা লা'আল্লাহূ ইয়ায্‌যাক্কা~
(১) তিনি (রাসূল) মুখ মলিন করলেন এবং মুখ ফিরিয়ে নিলেন; (২) কারণ তাঁর নিকট এসেছে এক অন্ধ লোক, (৩) তুমি কিভাবে জানবে, হয়তো সে নিজেকে সংশোধন করে নিত।

④ اَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الذِّكْرٰى ⑤ اَمَّا مَنِ اسْتَغْنٰى ⑥ فَاَنْتَ لَهٗ تَصَدّٰى ⑦ وَمَا

৪। আও ইয়ায্‌যাক্কারু ফাতান্‌ফা'আহুয্ যিক্‌রা-। ৫। আম্মা- মানিস্ তাগ্‌না-। ৬। ফাআন্‌তা লাহূ তাস্বাদ্দা-। ৭। ওয়ামা-
(৪) অথবা সে উপদেশ শোনত, আর সে উপদেশ দ্বারা উপকৃত হত। (৫) তবে যে লোক নির্ভয়, (৬) তুমি তার প্রতিই মনোযোগী, (৭) অথচ সে

عَلَيْكَ اَلَّا يَزَّكّٰى ⑧ وَاَمَّا مَنْ جَآءَكَ يَسْعٰى ⑨ وَهُوَ يَخْشٰى ⑩ فَاَنْتَ عَنْهُ

'আলাইকা আল্লা- ইয়ায্‌যাক্কা-। ৮। ওয়া আম্মা- মান্ জ্বা—আকা ইয়াস্'আ-। ৯। ওয়া হুওয়া ইয়াখ্‌শা-। ১০। ফাআন্‌তা 'আন্‌হু
আত্মশোধন না হলে তোমার উপর কোন অভিযোগ নেই। (৮) আর যে তোমার কাছে ছুটে আসে, (৯) এমনাবস্থায় যে, সে আল্লাহকে ভয় করে, (১০) তুমি তার উপর

○ শানে নুযূল (আঃ ১) ঃ ....عبس وتولى - এ আয়াত হযরত আবদুল্লাহ ইবনে উম্মে মাকতুম সম্পর্কে অবতীর্ণ হয়েছে। একবার রাসূলুল্লাহ (স)-এর দরবারে কুরাইশদের বিশিষ্ট কিছু ব্যক্তিবর্গ বসে আলাপ-আলোচনা করতে ছিল। অকস্মাৎ ইবন উম্মে মাকতুম, যিনি অন্ধ ছিলেন। সেখানে উপস্থিত হয়ে রাসূলুল্লাহ (স)-এর কাছে দ্বীন সম্পর্কে কিছু কথা জিজ্ঞাসা করেন। রাসূলুল্লাহ (স) ইবনে উম্মে মাকতুমের এ কাজটি একটু অপছন্দ করলেন এবং তাঁর প্রতি তেমন মনোযোগী হলেন না। সুতরাং আল্লাহ তায়ালা এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ করেন। (কুঃ কারীম)

ওয়াক্বফে গুফরান

تَلَهّٰى ⑪ كَلَّآ اِنَّهَا تَذْكِرَةٌ ⑫ فَمَنْ شَآءَ ذَكَرَهٗ ⑬ فِيْ صُحُفٍ مُّكَرَّمَةٍ ⑭ مَّرْفُوْعَةٍ

তালাহ্‌হা-। ১১। কাল্লা~ইন্নাহা- তায্‌কিরাহ্। ১২। ফামান্ শা—আ যাকারাহ্। ১৩। ফী সুহুফিম্ মুকার্‌রামাতিম ১৪। মারফূ'আতিম
বিমুখ হন্ত। (১১) না, এটা কখনও নয়, নিশ্চয়ই এ তো উপদেশবাণী। (১২) অতঃপর যে চাইবে, সে তা মনে রাখবে। (১৩) এ বাণী রয়েছে সম্মানিত কিতাবে, (১৪) যা অতি

مُّطَهَّرَةٍ ⑮ بِاَيْدِيْ سَفَرَةٍ ⑯ كِرَامٍ بَرَرَةٍ ⑰ قُتِلَ الْاِنْسَانُ مَآ اَكْفَرَهٗ ⑱ مِنْ اَيِّ

মুত্বাহ্‌হারাহ্‌তিম্। ১৫। বিআইদী সাফারাতিন ১৬। কিরা-মিম্ বারারাহ্। ১৭। কুতিলাল্ ইন্‌সা-নু মা~আক্‌ফারাহ্। ১৮। মিন আইয়্যি
মর্যাদাসম্পন্ন ও পবিত্র। (১৫) যা দূতদের (ফেরেশতাদের) হাতে, (১৬) যারা সম্মানিত ও নেককার। (১৭) মানুষ ধ্বংস হোক সে কতইনা অস্বীকারকারী। (১৮) কোন জিনিস

شَيْءٍ خَلَقَهٗ ⑲ مِنْ نُّطْفَةٍ خَلَقَهٗ فَقَدَّرَهٗ ⑳ ثُمَّ السَّبِيْلَ يَسَّرَهٗ ㉑ ثُمَّ اَمَاتَهٗ

শাইয়িন্ খালাক্বাহ্। ১৯। মিন্ নুত্বফাতিন্ ; খালাক্বাহূ ফাক্বাদ্দারাহ্। ২০। ছুম্মাস্ সাবীলা ইয়াস্‌সারাহ ২১। ছুম্মা আমা-তাহূ
থেকে তাকে সৃষ্টি করেছেন? (১৯) শুক্র থেকে তাকে সৃষ্টি করেন অতঃপর তার সবকিছু নির্ধারণ করেন, (২০) অতঃপর তার জন্য চলার পথ সহজ করেন, (২১) অতঃপর তার মৃত্যু ঘটান এবং সমাহিত

فَاَقْبَرَهٗ ㉒ ثُمَّ اِذَا شَآءَ اَنْشَرَهٗ ㉓ كَلَّا لَمَّا يَقْضِ مَآ اَمَرَهٗ ㉔ فَلْيَنْظُرِ الْاِنْسَانُ

ফাআক্ববারাহ্। ২২। ছুম্মা ইযা- শা—আ আন্‌শারাহ্। ২৩। কাল্লা- লাম্মা- ইয়াক্বদ্বি মা~আমারাহ্। ২৪। ফাল্‌ইয়ান্‌জুরিল্ ইন্‌সা-নু
করেন। (২২) তৎপর যখন তাঁর ইচ্ছা তখন জীবিত করবেন। (২৩) না কখনই ঠিক নয়, সে এখন পর্যন্ত আল্লাহর নির্দেশাবলি পুরোপুরি পালন করেনি। (২৪) মানুষ তার

اِلٰى طَعَامِهٖٓ ㉕ اَنَّا صَبَبْنَا الْمَآءَ صَبًّا ㉖ ثُمَّ شَقَقْنَا الْاَرْضَ شَقًّا ㉗ فَاَنْۢبَتْنَا فِيْهَا

ইলা- ত্বা'আ-মিহী~২৫। আন্না- স্বাবাব্‌নাল্ মা—আ স্বাব্বা-। ২৬। ছুম্মা শাক্বাক্বনাল্ আর্‌দ্বা শাক্বক্বা-। ২৭। ফাআম্বাত্‌না- ফীহা-
খাদ্যের প্রতি দৃষ্টি নিক্ষেপ করুক, (২৫) আমিইতো অবিরাম পানি বর্ষণ করি, (২৬) আমিইতো ভূমিকে ভালোভাবে বিদীর্ণ করেছি, (২৭) আর তাতে

حَبًّا ㉘ وَّعِنَبًا وَّقَضْبًا ㉙ وَّزَيْتُوْنًا وَّنَخْلًا ㉚ وَّحَدَآئِقَ غُلْبًا ㉛ وَّفَاكِهَةً

হ্বাব্বাওঁ। ২৮। ওয়া 'ইনা-বাওঁ ওয়া ক্বাদ্ববা-। ২৯। ওয়া যাইতূনাওঁ ওয়া নাখ্‌লা-। ৩০। ওয়া হ্বাদা—ইক্বা গুল্‌বা-। ৩১। ওয়া ফা-কিহাতাওঁ
উৎপন্ন করেছি শস্য, (২৮) আঙ্গুর ও শাক সবজী, (২৯) যয়তুন ও খেজুর। (৩০) এবং ঘন বাগান, (৩১) আর ফল ফলাদি

وَّاَبًّا ㉜ مَّتَاعًا لَّكُمْ وَلِاَنْعَامِكُمْ ㉝ فَاِذَا جَآءَتِ الصَّآخَّةُ ㉞ يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ

ওয়া আব্বা-। ৩২। মাতা'আল্লাকুম ওয়া লিআন্'আ-মিকুম। ৩৩। ফাইযা- জ্বা—আতিস্ সা—খ্খাহ্। ৩৪। ইয়াওমা ইয়াফির্‌রুল্ মারউ মিন্
ও উদ্ভিদ (ঘাস)। (৩২) এগুলো তোমাদের ও তোমাদের পালিত পশুর ভোগের জন্য। (৩৩) যখন ভয়ংকর আওয়াজ এসে পড়বে। (৩৪) সেদিন প্রতিটি মানুষ পালিয়ে যাবে,

اَخِيْهِ ㉟ وَاُمِّهٖ وَاَبِيْهِ ㊱ وَصَاحِبَتِهٖ وَبَنِيْهِ ㊲ لِكُلِّ امْرِئٍ مِّنْهُمْ يَوْمَئِذٍ

আখীহ্। ৩৫। ওয়া উম্মিহী ওয়া আবীহ। ৩৬। ওয়া স্বা-হ্বিবাতিহী ওয়া বানীহ্। ৩৭। লিকুল্লিম্‌রিইম্ মিন্‌হুম ইয়াওমাইযিন্
তার ভাইয়ের কাছ থেকে, (৩৫) তার মাতা-পিতার কাছ থেকে (৩৬) এবং তার স্ত্রী ও ছেলেমেয়েদের কাছ থেকে। (৩৭) সেদিন তাদের প্রত্যেকের অবস্থাটা

○ টীকা (আঃ ২৪) ঃ এতে তার সত্যোপলব্ধি, ঈমান এবং আনুগত্যের পথ সুগম হবে। সুতরাং মানুষকে স্বীয় খাদ্য সম্পর্কীয় ব্যাপারে এভাবেই চিন্তা করা উচিত। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৫) ঃ মোটমুটিভাবে বুঝা যায়, এই বধিরতা আনয়নকারী হাঙ্গামা প্রথমবার সিঙ্গায় ফুৎকার প্রদানকালীন ঘটনা। কারণ এই ফুৎকারই ভয়াবহ অবস্থা আনয়ন করবে এবং এর ফলেই সৃষ্ট জগৎ ধ্বংস হবে। আর হাশরের মাঠের যে অবস্থা এখানে বর্ণিত হয়েছে, তা হল দ্বিতীয় ফুৎকারের পরবর্তী ঘটনা। কাফেরদের অবস্থার প্রতি লক্ষ্য করে এগুলোকেও বধিরতা আনয়নকারী হাঙ্গামা বলা যায়। কেননা, বিচার মাঠের ভয়াবহতা এবং আযাবের ভয়ে দ্বিতীয় ফুৎকারও কাফেরদের কানে মৃত্যু ঘন্টার ন্যায় বাজবে। (বঃ কোঃ)

شَاْنٌ يُّغْنِيْهِ ﴿٣٨﴾ وُجُوْهٌ يَّوْمَئِذٍ مُّسْفِرَةٌ ﴿٣٩﴾ ضَاحِكَةٌ مُّسْتَبْشِرَةٌ ﴿٤٠﴾ وَوُجُوْهٌ

শা'নুই ইউগ্নীহ্। ৩৮। উজূহুই ইয়াওমাইযিম্ মুস্ফিরাতুন্ ৩৯। দ্বা-হ্বিকাতুম্ মুস্তাব্শিরাহ্। ৪০। ওয়া উজূহুই
এরূপ হবে, যা তাকে তাদের থেকে অন্য মনস্ক করবে, (৩৮) সেদিন অনেকের মুখমণ্ডল হবে উজ্জ্বল, (৩৯) সে হাসিতে আনন্দে ভরপুর। (৪০) আবার সেদিন

يَّوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ ﴿٤١﴾ تَرْهَقُهَا قَتَرَةٌ ﴿٤٢﴾ اُولٰٓئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ ○

ইয়াওমাইযিন্ 'আলাইহা- গাবারাহ্। ৪১। তার্হাক্বুহা- ক্বাতারাহ্। ৪২। উলা—ইকা হুমুল্ কাফারাতুল ফাজ্বারাহ্।
অনেক মুখমণ্ডল হবে ধূসর বর্ণের (কালো), (৪১) অন্ধকার তাদেরকে আচ্ছাদিত করবে, (৪২) ওরাই হল, কাফির ও পাপাচার।

সূরা তাকবীর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২৯
রুকূ ঃ ১

﴿١﴾ اِذَا الشَّمْسُ كُوِّرَتْ ﴿٢﴾ وَاِذَا النُّجُوْمُ انْكَدَرَتْ ﴿٣﴾ وَاِذَا الْجِبَالُ سُيِّرَتْ ○

১। ইযাশ্ শাম্সু কুওয়্যিরাত। ২। ওয়া ইযান্ নুজূমুন্ কাদারাত্। ৩। ওয়া ইযাল্ জ্বিবা-লু সুইয়্যিরাত্।
(১) সূর্যকে যখন গুটিয়ে নেয়া হবে, (২) তারাগুলো যখন নীচে ঝরে পড়বে, (৩) পাহাড়গুলো যখন (বাতাসে) চালানো হবে,

﴿٤﴾ وَاِذَا الْعِشَارُ عُطِّلَتْ ﴿٥﴾ وَاِذَا الْوُحُوْشُ حُشِرَتْ ﴿٦﴾ وَاِذَا الْبِحَارُ

৪। ওয়া ইযাল্ 'ইশা-রু 'উত্ত্বিলাত্। ৫। ওয়া ইযাল্ উহূশু হুশিরাত্। ৬। ওয়া ইযাল্ বিহ্বা-রু
(৪) যখন পূর্ণ গর্ভবতী উষ্ট্রী (অনাদরে) ছেড়ে দেয়া হবে, (৫) বন্য জানোয়ারগুলোকে যখন একত্রিত করা হবে, (৬) আর যখন সমুদ্র

سُجِّرَتْ ﴿٧﴾ وَاِذَا النُّفُوْسُ زُوِّجَتْ ﴿٨﴾ وَاِذَا الْمَوْءٗدَةُ سُئِلَتْ ﴿٩﴾ بِاَيِّ

সুজ্জ্বিরাত্। ৭। ওয়া ইযান্ নুফূসু যুওয়্যিজ্বাত্। ৮। ওয়া ইযাল মাওউদাতু সুইলাত্। ৯। বিআইয়্যি
উথলে উঠবে, (৭) আর যখন আত্মাসমূহকে ফুাল করা হবে, (৮) আর যখন জীবন্ত কবরস্থ কন্যা শিশুকে জিজ্ঞাসা করা হবে, (৯) কি অপরাধে

ذَنْۢبٍ قُتِلَتْ ﴿١٠﴾ وَاِذَا الصُّحُفُ نُشِرَتْ ﴿١١﴾ وَاِذَا السَّمَآءُ كُشِطَتْ ﴿١٢﴾ وَاِذَا

যাম্বিন্ কুতিলাত্। ১০। ওয়া ইযাস্ব স্বুহুফু নুশিরাত্। ১১। ওয়া ইযাস্ সামা—উ কুশিত্বাত্। ১২। ওয়া ইযাল্
তাকে মারা হয়েছিল? (১০) আর যখন আমলনামা প্রকাশ করা হবে, (১০) আর যখন আকাশের পর্দা সরিয়ে দেয়া হবে, (১২) যখন

الْجَحِيْمُ سُعِّرَتْ ﴿١٣﴾ وَاِذَا الْجَنَّةُ اُزْلِفَتْ ﴿١٤﴾ عَلِمَتْ نَفْسٌ مَّآ اَحْضَرَتْ ○

জ্বাহ্বীমু সুয়্যিরাত্। ১৩। ওয়া ইযাল্ জ্বান্নাতু উয্লিফাত্। ১৪। 'আলিমাত্ নাফ্সুম্ মা~আহ্দ্বারাত্।
জাহান্নামের অগ্নি উসকিয়ে দেয়া হবে, (১৩) যখন জান্নাত কাছে আনা হবে, (১৪) তখন প্রত্যেক ব্যক্তিই জানবে, সে কি নিয়ে হাজির হয়েছে।

○ শানে নুযূল (আঃ ৪) ঃ وَاِذَا الْعِشَارُ..... - অর্থাৎ দশ মাসের গর্ভবর্তী উষ্ট্রী। যা আরববাসীদের কাছে খুবই মূল্যবান ও আদরের বস্তু। কিয়ামতের ভয়ানক অবস্থা দেখে মূল্যবান বস্তুর প্রতিও দৃষ্টি করবে না। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬) ঃ প্রথম আয়াত হতে এ পর্যন্ত এই ছয়টি ঘটনা প্রথম ফুৎকারের সময় দুনিয়ার আবাদ অবস্থায় ঘটিবে, ফুৎকারের ফলে এই পরিবর্তন দেখা দিবে। ফুৎকারের পূর্বে সব বস্তুই স্বাভাবিক অবস্থায় থাকবে। উট প্রসবের নিকটবর্তী হলে আরববাসীদের নিকট খুব মূল্যবান সম্পদরূপে গণ্য হয়। কিন্তু ফুৎকারের ফলে যে আতঙ্ক সৃষ্টি হবে তখন এই প্রিয় সম্পদের দিকে ফিরেও তাকাবে না। জঙ্গলের পশুরা ভয়ে একত্রিত হয়ে যাবে। সাগর মহাসাগরে স্ফীতি দেখা দিবে। ভূমি স্থানে স্থানে ফাটিয়া যাবে লবণাক্ত ও মিঠা পানি একাকার হয়ে প্রথমে বাষ্প পরে আগুন হয়ে যাবে। অতঃপর জগৎ ফানা হয়ে যাবে। (বঃ কোঃ)

﴿١٥﴾ فَلَآ اُقْسِمُ بِالْخُنَّسِ ﴿١٦﴾ الْجَوَارِ الْكُنَّسِ ﴿١٧﴾ وَالَّيْلِ اِذَا عَسْعَسَ ﴿١٨﴾ وَالصُّبْحِ

১৫। ফালা ~উক্বসিমু বিল্খুন্নাসিল্ ১৬। জ্বাওয়া-রিল্ কুন্নাস্। ১৭। ওয়াল্লাইলি ইযা-'আস্'আসা। ১৮। ওয়াস্ব স্বুব্হি
(১৫) আমি অবশ্যই শপথ করছি তারকাসমূহের, (১৬) যা চলতে চলতে অদৃশ্য হয়। (১৭) আর শপথ রজনীর, যখন তা শেষ হয়ে যায়।। (১৮) আর প্রভাতের শপথ,

اِذَا تَنَفَّسَ ﴿١٩﴾ اِنَّهٗ لَقَوْلُ رَسُوْلٍ كَرِيْمٍ ﴿٢٠﴾ ذِىْ قُوَّةٍ عِنْدَ ذِى الْعَرْشِ

ইযা- তানাফ্ফাসা। ১৯। ইন্নাহূ লাক্বাওলু রাসূলিন্ কারীম। ২০। যী কুওয়্যাতিন্ 'ইন্দা যিল্ 'আর্শি
যখন তা প্রকাশ হয়, (১৯) নিশ্চয়ই কুরআন সম্মানিত বার্তাবাহকের নিয়ে আসা বাণী। (২০) যে শক্তি সম্পন্ন, আরশের মালিকের কাছে

مَكِيْنٍ ﴿٢١﴾ مُّطَاعٍ ثَمَّ اَمِيْنٍ ﴿٢٢﴾ وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُوْنٍ ﴿٢٣﴾ وَلَقَدْ رَاٰهُ

মাকীন। ২১। মুত্বা-'ইন্ ছাম্মা আমীন। ২২। ওয়া মা- ছা-হিবুকুম বিমাজ্নূন। ২৩। ওয়া লাক্বাদ্ রাআ-হু
সম্মানিত। (২১) আর যাঁর নির্দেশ পালন করা হয়, আর যে বিশ্বস্ত। (২২) তোমাদের সাথী (রাসূল) মস্তিষ্ক বিকৃত ব্যক্তি নয়, (২৩) আর নিশ্চয়ই সে তাকে

بِالْاُفُقِ الْمُبِيْنِ ﴿٢٤﴾ وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ ﴿٢٥﴾ وَمَا هُوَ بِقَوْلِ شَيْطٰنٍ

বিল্উফুক্বিল্ মুবীন। ২৪। ওয়ামা- হুওয়া 'আলাল্ গাইবি বিদ্বানীন। ২৫। ওয়ামা- হুওয়া বিক্বাওলি শাইত্বা-নির্
স্পষ্ট আকাশের প্রান্তে দেখেছে, (২৪) সে (রাসূল) অদৃশ্য বিষয় বর্ণনার ব্যাপারে কৃপণ নয়। (২৫) আর এ (কুরআন) বিতাড়িত শয়তানের

رَّجِيْمٍ ﴿٢٦﴾ فَاَيْنَ تَذْهَبُوْنَ ﴿٢٧﴾ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ﴿٢٨﴾ لِمَنْ شَآءَ

রাজ্বীম। ২৬। ফাআইনা তায্হাবুন। ২৭। ইন্ হুওয়া ইল্লা- যিকরুল্ লিল্ 'আ-লামীন। ২৮। লিমান্ শা—আ
কথা নয়, (২৬) সুতরাং তোমরা কোন দিকে চলছ? (২৭) এ (কুরআন) সারা জাহানের জন্য উপদেশ বাণী। (২৮) তাদের জন্য, যারা

১ ع ২৯ ৬ রুকূ

مِنْكُمْ اَنْ يَّسْتَقِيْمَ ﴿٢٩﴾ وَمَا تَشَآءُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ○

মিন্কুম আঁই ইয়াস্তাক্বীম। ২৯। ওয়ামা- তাশা—উনা ইল্লা~আঁই ইয়াশা—আল্লা-হু রাব্বুল 'আ-লামীন।
তোমাদের মধ্যে সরল (সত্য) পথে চলতে আগ্রহী। (২৯) সারা জাহানের প্রতিপালক আল্লাহর ইচ্ছা ব্যতীত, তোমরা কিছুই চাইবে না।

সূরা ইন্ফিত্বা-র
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

﴿١﴾ اِذَا السَّمَآءُ انْفَطَرَتْ ﴿٢﴾ وَاِذَا الْكَوَاكِبُ انْتَثَرَتْ ﴿٣﴾ وَاِذَا الْبِحَارُ

১। ইযাস্ সামা—উন্ ফাত্বারাত্। ২। ওয়া ইযাল্ কাওয়া-কিবুন্ তাছারাত্। ৩। ওয়া ইযাল্ বিহ্বা-রু
(১) আকাশ যখন ফেটে যাবে, (২) তারকাসমূহ যখন বিক্ষিপ্তভাবে ঝরে পড়বে, (৩) সমুদ্র যখন

○ শানে নুযূল (আঃ ২৫) ঃ وَمَا هُوَ بِقَوْلِ..... - কাফিরেরা বলত, শয়তান রাসূলুল্লাহ (স)-এর মুখে কোরআন প্রকাশ করে থাকে। আল্লাহ্ তায়ালা এ কথার প্রতিবাদে উক্ত আয়াত অবতীর্ণ করেন। কোরআন আল্লাহ্ তায়ালার বাণী। এটি বিতাড়িত শয়তানের বাক্য নয়। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ২৭) ঃ উপরোক্ত আয়াতগুলোর সারমর্ম এই যে, হযরত (স) উম্মাদ, গণক ও স্বার্থন্বেষী নহেন। ওহী আনয়নকারী জিবরায়ীল ফেরেশতাকে তিনি স্বচক্ষে দেখেছেন ও চিনেছেন। অতএব, এই কোরআন নিশ্চয়ই আল্লাহ্র কালাম এবং মোহাম্মদ (স) নিশ্চয়ই আল্লাহ্র রাসূল। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, কোরআন পাক অবশ্যই নসীহত গ্রন্থ; কিন্তু ইহা কার্যকরী হওয়া আল্লাহ্র ইচ্ছাধীন কোন বিশেষ হেকমতে আল্লাহ্র ইচ্ছা না হওয়ায় কতক লোক কোরআন দ্বারা হেদায়াত লাভ করতে পারে না। আর আল্লাহর ইচ্ছা হয় বলেই কতক লোক নসীহত লাভ করে থাকে। (বঃ কোঃ)

فُجِّرَتْ ④ وَإِذَا الْقُبُورُ بُعْثِرَتْ ⑤ عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَأَخَّرَتْ ۝

ফুজ্জিরাত। ৪। ওয়া ইযাল্ কুবূরু বু'ছিরাত্। ৫। 'আলিমাত্ নাফসুম্ মা- ক্বাদ্দামাত্ ওয়া আখ্খারাত্।
উথলে উঠবে, (৪) আর যখন কবরগুলো ওলট-পালট করা হবে, (৫) তখন প্রত্যেক ব্যক্তিই জানবে যে, সে কি আগে পাঠিয়েছে, আর কি পিছনে রেখে এসেছে।

⑥ يَا أَيُّهَا الْإِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيمِ ⑦ الَّذِي خَلَقَكَ فَسَوَّاكَ

৬। ইয়া~আইয়্যুহাল্ ইন্সা-নু মা- গার্রাকা বিরাব্বিকাল কারীম। ৭। আল্লাযী খালাক্বাকা ফাসাওয়্যা-কা
(৬) হে মানুষ! কিসে তোমাকে প্রতারিত করল তোমার প্রতিপালকের সম্পর্কে? (৭) তিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুন্দরভাবে গঠন

فَعَدَلَكَ ⑧ فِي أَيِّ صُورَةٍ مَّا شَاءَ رَكَّبَكَ ⑨ كَلَّا بَلْ تُكَذِّبُونَ بِالدِّينِ ⑩ وَ

ফা'আদালাক। ৮। ফী~আইয়্যি স্বূরাতিম্ মা- শা—আ রাক্কাবাক্। ৯। কাল্লা- বাল্ তুকায্যিবূনা বিদ্দীন। ১০। ওয়া
করেছেন, (৮) তিনি যেভাবে ইচ্ছা করেছেন সেভাবে তোমাকে গঠন করেছেন, (৯) না, এভাবে কখনই ঠিক নয়; বরং তোমরাই বিচারদিবসকে অবিশ্বাস করে থাক, (১০) অবশ্যই

إِنَّ عَلَيْكُمْ لَحَافِظِينَ ⑪ كِرَامًا كَاتِبِينَ ⑫ يَعْلَمُونَ مَا تَفْعَلُونَ ⑬ إِنَّ الْأَبْرَارَ لَفِي

'ইন্না 'আলাইকুম লাহ্বা-ফিজীন। ১১। কিরা-মান্ কা-তিবীন। ১২। ইয়া'লামূনা মা- তাফ'আলূন। ১৩। ইন্নাল্ আব্‌রা-রা লাফী
তোমাদের জন্য রয়েছে হেফাজতকারী, (১১) সম্মানিত লেখকবৃন্দ, (১২) তারা জানে, তোমাদের সব কৃতকর্মগুলো (১৩) নিশ্চয়ই নেককারগণ

نَعِيمٍ ⑭ وَإِنَّ الْفُجَّارَ لَفِي جَحِيمٍ ⑮ يَصْلَوْنَهَا يَوْمَ الدِّينِ ⑯ وَمَا هُمْ

না'ঈম। ১৪। ওয়া ইন্নাল্ ফুজ্জা-রা লাফী জ্বাহ্বীম। ১৫। ইয়াস্বলাও নাহা- ইয়াওমাদ্দীন। ১৬। ওয়ামা-হুম
নেয়ামতের মধ্যে থাকবে, (১৪) আর পাপিষ্ঠরা নিশ্চয়ই জাহান্নামের মধ্যে থাকবে, (১৫) তারা তাতে প্রবেশ করবে বিচার দিবসেরই দিন, (১৬) আর সেখানে তারা

عَنْهَا بِغَائِبِينَ ⑰ وَمَا أَدْرَاكَ مَا يَوْمُ الدِّينِ ⑱ ثُمَّ مَا أَدْرَاكَ مَا يَوْمُ

'আন্‌হা- বিগা—ইবীন। ১৭। ওয়ামা~আদ্‌রা-কা মা- ইয়াওমুদ্‌দীন। ১৮। ছুম্মা মা~আদ্‌রা-কা মা~ইয়াওমুদ
কখনও অনুপস্থিত থাকবে না। (১৭) তুমি কি জান যে, সে বিচার দিবস কি? (১৮) অতঃপর তুমি কি জান সে বিচার

الدِّينِ ⑲ يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْئًا ۖ وَالْأَمْرُ يَوْمَئِذٍ لِّلَّهِ ۝

দীন। ১৯। ইয়াওমা লা-তাম্‌লিকু নাফ্‌সুল্ লিনাফ্‌সিন্ শাইআন ; ওয়াল্ আম্‌রু ইয়াওমাইযিল্ লিল্লা-হি।
দিবস কি? (১৯) সেদিন কোন মানুষ কোন মানুষের জন্য কিছু করার ক্ষমতা থাকবে না। সেদিন একমাত্র নির্দেশ থাকবে আল্লাহর।

○ বিশ্লেষণ (আঃ ৫) ঃ ما قدمت واخرت - যখন কিয়ামত সংঘটিত হবে, তখন মানুষ তার পৃথিবীর কৃতকর্মগুলো সম্পর্কে জানতে পারবে। পিছনে রেখে আসা কর্মের অর্থ যা পৃথিবীতে রেখে আসছে এবং পৃথিবীর মানুষ তার অনুসরণ করে চলছে। যদি রেখে আসা জিনিসগুলো ভাল হয় তবে তার মৃত্যুর পরে সে অনুযায়ী যারা নেক আমল করবে তার সওয়াব তাকেও পৌছান হবে। আর যদি পৃথিবীতে রেখে আসা জিনিসগুলো খারাপ হয়, তবে সে অনুযায়ী চলে যারা গুনাহগার হবে, তাকেও সে গুনাহর অংশ পৌছান হবে। (কুঃ কারীম)
ভাল জিনিস রেখে আসা যেমন– মাদ্রাসা, মসজিদ প্রতিষ্ঠা করা। দ্বীনী পুস্তক লেখা এবং নেক সন্তান রেখে যাওয়া ইত্যাদি। খারাপ জিনিস রেখে আসা যেমন– এমন পুস্তক রচনা করে যাওয়া, যাতে মানুষকে গুনাহর প্রতি উদ্বুদ্ধ করে।

○ টীকা (আঃ ৯) ঃ অর্থাৎ যে কারণে তোমরা ধোকায় পড়ে আছ তার পিছনে কোন যুক্তি-প্রমাণ নেই। এ তোমাদের এক নির্বুদ্ধিতামূলক ধারণারই ফলশ্রুতি মাত্র। তোমরা মনে করে বসে আছো ঃ এ কর্মক্ষেত্রের পরিণামে কর্মফল লাভের কোন ক্ষেত্র নেই। এই ভ্রান্ত ও ভিত্তিহীন ধারণাই তোমাদেরকে খোদার ব্যাপারে বেখেয়াল, তাঁর ন্যায়বিচার সম্পর্কে নির্ভয় এবং নিজেদের নৈতিক আচার-আচরণে দায়িত্বহীন করে দিয়েছে। (বঃ কোঃ)

সূরা মুতাফ্ফিফীন
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩৬
রুকূ ঃ ১

①وَيْلٌ لِّلْمُطَفِّفِينَ ②الَّذِينَ إِذَا اكْتَالُوا عَلَى النَّاسِ يَسْتَوْفُونَ ③وَإِذَا

১। ওয়াইলুল্ লিল্ মুত্বাফ্‌ফিফীনাল্ ২। লাযীনা ইযাক্‌তা-লূ 'আলান না-সি ইয়াস্তাওফূন। ৩। ওয়া ইযা-
(১) দুর্ভাগ্য তাদের, যারা মাপে কম দেয়, (২) যারা মানুষের কাছ থেকে যখন মেপে নেয়, তখন পুরোপুরি ভাবেই নেয়; (৩) কিন্তু যখন

كَالُوهُمْ أَوْ وَّزَنُوهُمْ يُخْسِرُونَ ④أَلَا يَظُنُّ أُولَٰئِكَ أَنَّهُمْ مَّبْعُوثُونَ ۝

কা-লূহুম আও ওয়াযানূহুম ইউখ্‌সিরূন। ৪। আলা- ইয়াজুন্‌নু উলা—ইকা আন্নাহুম্ মাব্'উছূন।
তাদেরকে মেপে দেয় বা ওজন করে দেয়, তখন কম দেয়। (৪) তারা কি মনে করে না যে, তাদেরকে পুনর্জীবিত করে উঠানো হবে।

⑤لِيَوْمٍ عَظِيمٍ ⑥يَوْمَ يَقُومُ النَّاسُ لِرَبِّ الْعَالَمِينَ ⑦كَلَّا إِنَّ كِتَابَ

৫। লিয়াওমিন্ 'আজীমিই ৬। ইয়াওমা ইয়াকূমুন্ না-সু লিরাব্বিল্ 'আ-লামীন। ৭। কাল্লা~ইন্না কিতা-বাল্
(৫) এক গুরুতর দিবসে, (৬) যেদিন মানুষ সারা জাহানের রবের সামনে দাঁড়াবে, (৭) না এরূপ (মনে করা) কখনই ঠিক নয়,

الْفُجَّارِ لَفِي سِجِّينٍ ⑧وَمَا أَدْرَاكَ مَا سِجِّينٌ ⑨كِتَابٌ مَّرْقُومٌ ⑩وَيْلٌ

ফুজ্জা-রি লাফী সিজ্জীন। ৮। ওয়ামা~আদ্‌রা-কা মা- সিজ্জীন। ৯। কিতা-বুম্ মারকূম। ১০। ওয়াইলুঁই
পাপিষ্ঠদের আমলনামাতো সিজ্জীনেই রয়েছে। (৮) তোমার কি জানা আছে, সিজ্জীন কি? (৯) সেটি হচ্ছে একটি সীলমোহরকৃত আমলনামা। (১০) সেদিন

يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ⑪الَّذِينَ يُكَذِّبُونَ بِيَوْمِ الدِّينِ ⑫وَمَا يُكَذِّبُ بِهِ إِلَّا

ইয়াওমাইযিল্ লিল্ মুকায্‌যিবীন। ১১। আল্লাযীনা ইউকায্‌যিবূনা বিয়াওমিদ্ দীন। ১২। ওয়ামা- ইউকায্‌যিবু বিহী~ইল্লা-
মিথ্যাবাদীদের জন্য রয়েছে কঠিন শাস্তি। (১১) তারা বিচার দিবসকে অস্বীকার করে। (১২) প্রত্যেক সীমালংঘনকারী পাপী ব্যক্তিই শুধু

كُلُّ مُعْتَدٍ أَثِيمٍ ⑬إِذَا تُتْلَىٰ عَلَيْهِ آيَاتُنَا قَالَ أَسَاطِيرُ الْأَوَّلِينَ ⑭كَلَّا

কুল্লু মু'তাদিন আছীম। ১৩। ইযা- তুত্‌লা- 'আলাইহি আ-য়া-তুনা- ক্বা-লা আসা-ত্বীরুল আওয়্যালীন। ১৪। কাল্লা-
তা অস্বীকার করে। (১৩) যখন আমার আয়াতসমূহ তার কাছে পাঠ করে শোনান হয়, তখন সে বলে, এসবতো প্রাচীনকালের গল্প-কাহিনী। (১৪) না এ মন্তব্য

بَلْ ۜ رَانَ عَلَىٰ قُلُوبِهِمْ مَّا كَانُوا يَكْسِبُونَ ⑮كَلَّا إِنَّهُمْ عَنْ رَّبِّهِمْ يَوْمَئِذٍ

বাল, রা-না 'আলা- কুলূবিহিম মা- কা-নূ ইয়াক্‌সিবূন। ১৫। কাল্লা~ইন্নাহুম 'আর্ রাব্বিহিম ইয়াওমাইযিল্
ঠিক নয়; বরং তাদের কৃতকর্মের কারণেই তাদের অন্তরে মরিচা ধরেছে। (১৫) না, নিশ্চয়ই সেদিন তারা (অবিশ্বাসীরা) তাদের প্রতিপালকের

○ শানে নুযূল (আঃ ১) ঃ ويل للمطففين - যে সময় রাসূলুল্লাহ (স) মদীনা শরীফ গমন করেন। সে সময়ে মদীনাবাসীগণের একটি অভ্যাস ছিল যে, তারা পরিমাণের সময় কম করে দিত। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। ফলে তারা তাদের মাপযন্ত্র (পাল্লা) ঠিক করে নিল। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ ما سجين - কেউ বলেন, 'সিজ্জীন' বন্দীখানার মত একটি ছোট্ট জায়গা। কেউ বলেন, এটি যমীনের সর্ব নিম্নস্তর। যেখানে কাফির, জালিম ও মুশরিকদের রূহ এবং আমলনামাসমূহ সংরক্ষিত থাকে। সেজন্য বলা হয়েছে "সীলমোহরকৃত আমলনামা"। ইমাম রাজী (র) বলেন– কারো মতে" সিজ্জীন" একটি বৃহৎ পুস্তকের নাম। পাপিষ্ঠদের কার্যালিপি তাতে লেখা হয়। ইবনে কাসীর (র) বলেন, অধিকাংশ বিশ্লেষকের মতে এটি সপ্তম ভূ-খন্ডের নাম। কেউ বলেন, সপ্তম ভূ-খন্ডের নীচে এক খন্ড নীল বর্ণ বিশিষ্ট প্রস্তর আছে সেটিকে সিজ্জীন বলে। কেউ বলেন, এটি জাহান্নামের একটি কূপ।

لَمَحْجُوبُونَ ﴿١٥﴾ ثُمَّ إِنَّهُمْ لَصَالُوا الْجَحِيمِ ﴿١٦﴾ ثُمَّ يُقَالُ هَٰذَا الَّذِي كُنْتُمْ بِهِ

লামাহ্জূবূন। ১৬। ছুম্মা ইন্নাহুম লাস্বা-লুল্ জ্বাহীম। ১৭। ছুম্মা ইউক্বা-লু হা-যাল্লাযী কুন্তুম্ বিহী

থেকে আড়ালে থাকবে। (১৬) অতঃপর তারা জাহান্নামে প্রবেশ করবে। (১৭) অতঃপর তাদেরকে বলা হবে, এটাই তা, যা তোমরা

تُكَذِّبُونَ ﴿١٧﴾ كَلَّا إِنَّ كِتَابَ الْأَبْرَارِ لَفِي عِلِّيِّينَ ﴿١٨﴾ وَمَا أَدْرَاكَ مَا عِلِّيُّونَ ۝

তুকায্যিবূন। ১৮। কাল্লা~ইন্না কিতা-বাল্ আব্‌রা-রি লাফী 'ইল্লিইয়্যীন। ১৯। ওয়ামা~আদরা-কা মা- 'ইল্লিয়্যূন।

অস্বীকার করতে। (১৮) কখনই নয়, নিশ্চয়ই নেককারদের আমলনামা ইল্লীনে সুরক্ষিত, (১৯) তুমি কি জান, ইল্লীন কি?

﴿١٩﴾ كِتَابٌ مَرْقُومٌ ﴿٢٠﴾ يَشْهَدُهُ الْمُقَرَّبُونَ ﴿٢١﴾ إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ﴿٢٢﴾ عَلَى الْأَرَائِكِ

২০। কিতা-বুম মারক্বূমুঁই ২১। ইয়াশ্‌হাদুহুল্ মুক্বার্‌রাবূন। ২২। ইন্নাল আব্‌রা-রা লাফী না'ঈম। ২৩। 'আলাল্ আরা—ইকি

(২০) এতো একটি সীলমোহরকৃত আমলনামা, (২১) যারা (আল্লাহর) সান্নিধ্যপ্রাপ্ত তারা তা দেখতে পায়। (২২) নিশ্চয়ই নেককারগণ থাকবে অনুগ্রহের মধ্যে, (২৩) তারা

يَنْظُرُونَ ﴿٢٣﴾ تَعْرِفُ فِي وُجُوهِهِمْ نَضْرَةَ النَّعِيمِ ﴿٢٤﴾ يُسْقَوْنَ مِنْ رَحِيقٍ مَخْتُومٍ ۝

ইয়ান্‌জুরূন, ২৪। তা'রিফু ফী উজূহিহিম নাদ্বরাতান্ না'ঈম। ২৫। ইউস্‌ক্বাওনা মির্ রাহীক্বিম মাখ্‌তূম।

সুসজ্জিত উঁচু আসনে বসে দেখতে থাকবে, (২৪) তুমি তাদের মুখমণ্ডলেই সুখের ঔজ্জ্বল্য বুঝতে পারবে। (২৫) তাদেরকে পান করান হবে, মোহর করা বিশুদ্ধ পানীয়,

﴿٢٥﴾ خِتَامُهُ مِسْكٌ ۚ وَفِي ذَٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُونَ ﴿٢٦﴾ وَمِزَاجُهُ مِنْ

২৬। খিতা-মুহূ মিস্‌কুন ; ওয়া ফী যা-লিকা ফালইয়াতানা-ফাসিল্ মুতানা-ফিসূন। ২৭। ওয়া মিযা-জুহূ মিন্

(২৬) সে মোহর হবে মিশকের; অতএব এতে (নেয়ামত অর্জনের জন্য আগ্রহী) প্রতিযোগী প্রতিযোগিতা করুক। (২৭) আর ওতে (শরাবে) 'তাসনীমের'

تَسْنِيمٍ ﴿٢٧﴾ عَيْنًا يَشْرَبُ بِهَا الْمُقَرَّبُونَ ﴿٢٨﴾ إِنَّ الَّذِينَ أَجْرَمُوا كَانُوا مِنَ

তাস্‌নীম। ২৮। 'আইনাইঁ ইয়াশ্‌রাবু বিহাল্ মুক্বার্‌রাবূন। ২৯। ইন্নাল্‌লাযীনা আজ্‌রামূ কা-নূ মিনাল্

পানি মিশ্রণ থাকবে। (২৮) সেতো একটি নহর, সেখান থেকে আল্লাহর নিকটতম (অতি প্রিয় বান্দা)-গণ পান করবে। (২৯) নিশ্চয়ই যারা পাপিষ্ঠ

الَّذِينَ آمَنُوا يَضْحَكُونَ ﴿٢٩﴾ وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ ﴿٣٠﴾ وَإِذَا انْقَلَبُوا

লাযীনা আ-মানূ ইয়াদ্বহাকূন। ৩০। ওয়া ইযা- মার্‌রূ বিহিম ইতাগা-মাযূন। ৩১। ওয়া ইযান্ ক্বালাবূ~

তারা মুমিনগণকে উপহাস করত। (৩০) আর যখন তারা, মুমিনগণের কাছে যেত তখন তারা পরস্পরে চোখ দিয়ে ইশারা করত। (৩১) আর যখন তারা

إِلَىٰ أَهْلِهِمُ انْقَلَبُوا فَكِهِينَ ﴿٣١﴾ وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَٰؤُلَاءِ لَضَالُّونَ ۝

ইলা~আহ্‌লিহিমুন্ ক্বালাবূ ফাকিহীন। ৩২। ওয়া ইযা- রাআওহুম ক্বা-লূ~ইন্না- হা~উলা—ই লাদ্বা—ল্লূন।

তাদের নিজ পরিবার পরিজনের কাছে ফিরে আসত, তখন খুশী মনে ফিরে আসত। (৩২) আর ওরা যখন মুমিনগণকে দেখত তখন বলত, এরাইতো বিভ্রান্ত।

✪ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ علين - 'ইল্লীন' অর্থ উঁচু মর্যাদা সম্পন্ন। এটি 'সিজ্জীনের' বিপরীত। 'ইল্লীন' আকাশ অথবা জান্নাত। অথবা সিদরাতুল মুনতাহা অথবা আরশের নিকটস্থ জায়গা। যেখানে নেককারগণের রূহ এবং আমলসমূহ সংরক্ষিত হয়ে থাকে। হযরত ইবনে আব্বাস (রা) সপ্তম আকাশ অথবা জান্নাতকে ইল্লীন বলেছেন। ইমাম কাতাদা ও মুকাতিল (র) বলেন, সপ্তম আকাশের উপরস্থিত আরশের ডান পায়াকে 'ইল্লীন' বলা হয়। ইমাম যেহাক (রা) বলেন, সিদরাতুল মুনতাহাকে 'ইল্লীন' বলা হয়। কোন কোন বিশ্লেষণকারী ভিন্ন ভিন্ন মতের মীমাংসার জন্য এভাবে বলেছেন যে, 'ইল্লীন' সপ্তম আকাশের একটি উন্নতস্থানের নাম। তার নিম্নদেশ 'সিদরাতুল মুনাতাহার" সাথে সংলগ্ন এবং একাংশ জান্নাতের সাথে সংলগ্ন রয়েছে। নেককারগণের মৃত্যুর পরে তাদের রূহ (আত্মা) তথায় পৌঁছে থাকে। (কুঃ কারীম)

﴿٣٢﴾ وَمَا أُرْسِلُوا عَلَيْهِمْ حَافِظِينَ ﴿٣٣﴾ فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ۝

৩৩। ওয়ামা~উর্‌সিলূ 'আলাইহিম হ্বা-ফিজীন। ৩৪। ফাল্‌ইয়াওমাল্ লাযীনা আ-মানূ মিনাল কুফ্‌ফা-রি ইয়াদ্বহাকূন।

(৩৩) অথচ ওদেরকে তো তাদের রক্ষক হিসাবে প্রেরণ করা হয়নি। (৩৪) সুতরাং মুমিনগণ আজ কাফিরদেরকে উপহাস করবে,

রুকূ ১ । ৩৬ ১

﴿٣٤﴾ عَلَى الْأَرَائِكِ يَنْظُرُونَ ﴿٣٥﴾ هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعَلُونَ ۝

৩৫। 'আলাল্ আরা—ইকি ইয়ান্‌জুরূন। ৩৬। হাল্ ছুওয়্যিবাল্ কুফ্‌ফা-রু মা- কা-নূ ইয়াফ'আলূন।

(৩৫) সু-সজ্জিত উঁচু আসনে বসে তাদের করুণ অবস্থা দেখতে থাকবে। (৩৬) কাফিরেরা তাদের কৃতকর্ম অনুযায়ী প্রতিফল পেয়েছে তো?

সূরা ইনশিক্বা-ক্ব

মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৫

রুকূ ঃ ১

إِذَا السَّمَاءُ انْشَقَّتْ ﴿١﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٢﴾ وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ۝

১। ইযাস্ সামা—উন্ শাক্ব্‌ক্বাত, ২। ওয়া আযিনাত্ লিরাব্বিহা- ওয়া হুক্ব্‌ক্বাত ৩। ওয়া ইযাল্ আর্‌দ্বু মুদ্দাত্।

(১) আকাশ যখন ফেটে যাবে, (২) এবং তার রবের নির্দেশ সে পালন করবে এবং এটাই তার যথার্থ কাজ, (৩) পৃথিবীকে যখন প্রসারিত করা হবে,

﴿٣﴾ وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ﴿٤﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٥﴾ يَا أَيُّهَا الْإِنْسَانُ

৪। ওয়া আল্‌ক্বাত্ মা- ফীহা- ওয়া তাখাল্লাত, ৫। ওয়া আযিনাত্ লিরাব্বিহা- ওয়া হুক্ব্‌ক্বাত্। ৬। ইয়া~আইয়্যুহাল ইন্‌সা-নু

(৪) এবং সে তার ভেতরে যা আছে তা উগরিয়ে দিবে এবং খালি হয়ে পড়বে। (৫) এবং তার রবের নির্দেশ সে পালন করবে, আর এটাই তার যথার্থ কাজ। (৬) হে মানুষ!

إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ﴿٦﴾ فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ ﴿٧﴾ فَسَوْفَ

ইন্নাকা কা-দিহুন ইলা- রাব্বিকা কাদ্‌হান ফামুলা-ক্বীহ। ৭। ফাআম্মা- মান্ উতিয়া কিতা-বাহূ বিয়ামীনিহ্। ৮। ফাসাওফা

নিশ্চয়ই তুমি তোমার প্রতিপালকের কাছে পৌঁছানো পর্যন্ত কঠোর পরিশ্রম করছ, অতঃপর তার সাক্ষাৎ পাবে। (৭) যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে, (৮) তার

يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ﴿٨﴾ وَيَنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ﴿٩﴾ وَأَمَّا مَنْ أُوتِيَ

ইউহ্বা-সাবু হ্বিসা-বাইঁ ইয়াসীরা- ৯। ওয়া ইয়ান্‌ক্বালিবু ইলা~আহ্‌লিহী মাস্‌রূরা-। ১০। ওয়া আম্মা- মান্ উতিয়া

হিসাব নিকাশ অতি সহজে নেয়া হবে, (৯) এবং সে খুশী মনে তার আপনজনদের নিকট চলে যাবে। (১০) যাকে তার আমলনামা

كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ ﴿١٠﴾ فَسَوْفَ يَدْعُو ثُبُورًا ﴿١١﴾ وَيَصْلَىٰ سَعِيرًا ﴿١٢﴾ إِنَّهُ كَانَ فِي

কিতা-বাহূ ওয়ারা—আ জাহ্‌রিহী। ১১। ফাসাওফা ইয়াদ্'উ ছুবূরাওঁ ১২। ওয়া ইয়াস্বলা- সা'ঈরা-। ১৩। ইন্নাহূ কা-না ফী~

তার পিঠের পিছন থেকে দেয়া হবে, (১১) তখন সে শীঘ্র মৃত্যু ডাকবে। (১২) এবং প্রজ্বলিত আগুনে প্রবেশ করবে, (১৩) সে তো তার আপনজনদের

✪ বিশ্লেষণ (আঃ ৮) ঃ حسابا يسيرا - সহজে হিসাব নেয়ার অর্থ– মুমিনগণের আমলনামা পেশ করা হবে এবং তাতে তাদের ত্রুটিগুলোও তাদের সামনে তুলে ধরা হবে। অতঃপর আল্লাহ তাঁর নিজ রহমতে সেগুলো মাফ করে দিবেন। হযরত আয়শা (রা) হতে বর্ণিত, রাসূল (স) বলেন, "যার হিসাব নেয়া হল সে ধ্বংস হল।" আমি আরয করলাম, হে আল্লাহর রাসূল! আমি আপনার উৎসর্গিত। আল্লাহ কি একথা বলেননি যে, "যার ডান হাতে আমলনামা প্রদান করা হবে তার হিসাব সহজ হবে।" হযরত আয়শা (রা)-এর একথা বলার উদ্দেশ্য যে এ আয়াতের আলোকে হিসাবতো মুমিনগণেরও হবে, তবে তারাও তো ধ্বংস হতে রক্ষা পাবে না। রাসূল (স) বলেন, এটাতো মুমিনগণের আল্লাহর সামনে শুধু উপস্থিতি। অর্থাৎ মুমিনগণের সাথে হিসাব-নিকাশের ব্যাপার নয়। শুধু একটি সাক্ষাৎকার মুমিনগণকে আল্লাহর সামনে উপস্থিত করা হবে। যাকে জিজ্ঞাসাবাদ করা হবে সে (সত্যিই) ধ্বংস হল। (কুঃ কারীম)

اَهْلِهٖ مَسْرُوْرًا ⑭ اِنَّهٗ ظَنَّ اَنْ لَّنْ يَّحُوْرَ ⑮ بَلٰى ۚ اِنَّ رَبَّهٗ كَانَ بِهٖ بَصِيْرًا ⑯ فَلَا

আহ্লিহী মাস্রূরা-। ১৪। ইন্নাহূ জান্না আল্ লাই ইয়াহূরা। ১৫। বালা~ইন্না রাব্বাহূ কা-না বিহী বাস্বীরা-। ১৬। ফালা~
মধ্যে আনন্দেই ছিল। (১৪) সে ধারণা করেছিল যে, তারা কখনও আল্লাহর কাছে ফিরে যাবে না। (১৫) হ্যাঁ অবশ্যই তার রবের কাছে ফিরে যাবে, নিশ্চয়ই তার রব তাকে ভালোভাবেই দেখছিলেন। (১৬) আমি শপথ করছি,

اُقْسِمُ بِالشَّفَقِ ⑰ وَالَّيْلِ وَمَا وَسَقَ ⑱ وَالْقَمَرِ اِذَا اتَّسَقَ ⑲ لَتَرْكَبُنَّ طَبَقًا

উক্বসিমু বিশ্শাফাক্বি। ১৭। ওয়াল্লাইলি ওয়ামা- ওয়াসাক্বা ১৮। ওয়াল্ক্বামারি ইযাত্ তাসাক্বা। ১৯। লাতারকাবুন্না ত্বাবাক্বান্
পশ্চিম দিকের সন্ধ্যা লালিমার। (১৭) এবং রাতের এবং সে যা একত্রিত করে সে সব বস্তুর, (১৮) আর শপথ চন্দ্রের, যখন সে পূর্ণ হয়, (১৯) নিশ্চয়ই তোমরা এক স্তর হতে

সিজদাহ

عَنْ طَبَقٍ ⑳ فَمَا لَهُمْ لَا يُؤْمِنُوْنَ ㉑ وَاِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْاٰنُ لَا يَسْجُدُوْنَ ۝

'আন্ ত্বাবাক্ব। ২০। ফামা- লাহুম লা-ইউ'মিনূন। ২১। ওয়া ইযা- ক্বুরিআ 'আলাইহিমুল্ ক্বুরআ-নু লা- ইয়াস্জুদূন।
অন্য স্তরে আরোহণ করবে। (২০) সুতরাং তাদের কি হল যে, তারা ঈমান আনছে না? (২১) যখন তাদের সামনে কুরআন পাঠ করা হয়, তখন তারা সিজদা করে না।

㉒ بَلِ الَّذِيْنَ كَفَرُوْا يُكَذِّبُوْنَ ㉓ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا يُوْعُوْنَ ㉔ فَبَشِّرْهُمْ

২২। বালিল লাযীনা কাফারূ ইউকায্যিবূন। ২৩। ওয়াল্লা-হু আ'লামু বিমা- ইউ'উন। ২৪। ফাবাশ্শির্হুম্
(২২) বরং কাফিরেরা (কুরআনকে) অস্বীকার করে। (২৩) তারা অন্তরে যা ধারণ করছে আল্লাহ তা ভালোভাবেই জানেন। (২৪) সুতরাং তাদেরকে কষ্টদায়ক

بِعَذَابٍ اَلِيْمٍ ㉕ اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ۝

বি'আযা-বিন আলীম-। ২৫। ইল্লাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুছ্ স্বা-লিহ্বা-তি লাহুম আজ্রুন্ গাইরু মাম্নূন।
শাস্তির সুসংবাদ দিন। (২৫) কিন্তু যারা ঈমান আনে এবং নেক আমল করে তারা ব্যতীত। তাদের জন্য রয়েছে এমন পুরস্কার, যা কখনো শেষ হবার নয়।

সূরা বুরূজ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২২
রুকূ ঃ ১

① وَالسَّمَآءِ ذَاتِ الْبُرُوْجِ ② وَالْيَوْمِ الْمَوْعُوْدِ ③ وَشَاهِدٍ وَّمَشْهُوْدٍ ④ قُتِلَ

১। ওয়াস্ সামা—ই যা-তিল বুরূজি, ২। ওয়াল ইয়াওমিল মাও'উদি, ৩। ওয়া শা-হিদিঁও ওয়া মাশ্হূদ্। ৪। ক্বুতিলা
(১) শপথ, বুরূজ সমন্বিত আকাশের; (২) আর শপথ, ওয়াদাকৃত দিবসের; (৩) আর শপথ সাক্ষীর এবং যার সাক্ষ্য দেয়া হবে তার। (৪) ধ্বংস হয়েছে

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ بروج - 'বুরূজ' অর্থ নিয়ে তফসীরকারদের মতভেদ রয়েছে। কেহ বলেন, এর অর্থ চন্দ্রের অবস্থিতি স্থানসমূহ। কেহ বলেণ বড় তারকাসমূহ। অধিকাংশ তফসীরকারদের মতে এর অর্থ রাবিসমূহ। কেউ বলেন, এর দ্বারা আকাশের দ্বারসমূহকে বুঝানো হয়েছে। অথবা চন্দ্রের ভ্রমণের পথকে বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ৩) ঃ وشاهد ومشهود - শপথ সাক্ষী আর যার সাক্ষী দেয়া হয়, তফসীরকারদের মতে বিভিন্ন মতভেদ রয়েছে। ইমাম শাওকানী (র) বলেন, شاهد (সাক্ষী) দ্বারা জুমার দিনকে বুঝান হয়েছে। সেদিন যে আমল করা হবে তা কিয়ামতের দিন সাক্ষী হিসাবে উপস্থিত হবে এবং مشهود (যার সাক্ষী দেয়া হবে) দ্বারা আরাফার ৯ই জিলহজ্জের দিনকে বুঝান হয়েছে। যেদিন মানুষ সেখানে উপস্থিত হয়ে থাকে। এ অর্থের দিক দিয়ে আয়াতের অর্থ হবে, উপস্থিত বা উপাস্থাপিত বিষয়ের শপথ। কেউ বলেন, شاهد '(সাক্ষী)' দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝান হয়েছে। আর مشهود (যার সাক্ষী দেয়া হবে) দ্বারা উম্মতগণকে বুঝান হয়েছে। অথবা شاهد দ্বারা শেষ নবীর (স) উম্মতগণকে বুঝান হয়েছে এবং مشهود দ্বারা পূর্ববর্তী নবীগণের উম্মতগণকে বুঝান হয়েছে।-(এ অর্থের আলোকেই এখানে অনুরূপ করা হয়েছে) (তাঃ কাদেরী)

○ ঘটনা (আঃ ৪) ঃ অগ্নিকুন্ডের ব্যবস্থাপকদের কাহিনী ঃ আগেকার যুগে (শাম দেশে) এক বাদশাহ ছিলেন। তার একজন যাদুকর ছিল। যখন সে যাদকুর বৃদ্ধ হয়ে গেল, তখন বাদশাহর কাছে সে বলল যে, আমাকে একটি মেধাবী বালক দিন, যাকে আমি আমার যাদু বিদ্যা শিখাব। সুতরাং বাদশাহ একটি মেধাবী বালক বাছাই করে তার কাছে প্রেরণ করেন। বালক নিয়মিত যাদুকরের কাছে যাতায়াত করতে থাকে। বালকটির যাতায়াতের পথে এক পাদ্রীর আশ্রয় ছিল। পাদ্রীর অনেক কথা তার কাছে খুব ভালই লাগত। এভাবে চলতে থাকে। একদিন বালক যাদুকরের কাছে যাচ্ছিল। [অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

اَصْحٰبُ الْاُخْدُوْدِ ⑤ النَّارِ ذَاتِ الْوَقُوْدِ ⑥ اِذْ هُمْ عَلَيْهَا قُعُوْدٌ ⑦ وَّهُمْ

আস্বহ্বা-বুল উখ্দূদ্। ৫। আন্ না-রি যা-তিল ওয়াক্বূদ্, ৬। ইয্হুম 'আলাইহা- ক্বু'উদুঁও ৭। ওয়া হুম
কুণ্ডের মালিকগণ। (৫) যে (কুণ্ডের) অগ্নি ছিল, ইন্ধন জ্বালানি উপকরণ যুক্ত, (৬) যখন তারা তার (কুণ্ডের) পাশে বসেছিল, (৭) এবং

عَلٰى مَا يَفْعَلُوْنَ بِالْمُؤْمِنِيْنَ شُهُوْدٌ ⑧ وَمَا نَقَمُوْا مِنْهُمْ اِلَّا اَنْ يُّؤْمِنُوْا بِاللّٰهِ

'আলা- মা- ইয়াফ্'আলূনা বিল্ মু'মিনীনা শুহূদ। ৮। ওয়া মা-নাক্বামূ মিন্হুম ইল্লা~আইঁ ইউ'মিনূ বিল্লা-হিল
মুমিনগণের উপর যা (নির্যাতন) করা হচ্ছিল তারা তা দেখছিল। (৮) ওরা তাদেরকে শাস্তি দিয়েছিল শুধু এজন্য যে, তারা ঈমান এনেছিল আল্লাহর প্রতি।

الْعَزِيْزِ الْحَمِيْدِ ⑨ الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ

'আযীযিল্ হ্বামীদ। ৯। আল্লাযী লাহূ মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল আর্দ্বি ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্
যিনি মহা প্রতাপশালী ও প্রশংসার যোগ্য। (৯) তিনি এমন মহান যে, আকাশমণ্ডলী ও পৃথিবীর কর্তৃত্ব একমাত্র তাঁরই এবং আল্লাহ সব কিছুর

شَهِيْدٌ ⑩ اِنَّ الَّذِيْنَ فَتَنُوا الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ثُمَّ لَمْ يَتُوْبُوْا فَلَهُمْ

শাহীদ্। ১০। ইন্নাল্লাযীনা ফাতানুল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ছুম্মা লাম ইয়াতূবূ ফালাহুম
দর্শনকারী। (১০) যারা মুমিন পুরুষ ও মুমিন নারীকে (নির্যাতন করে) কষ্ট দিয়েছে। অতঃপর তওবা করেনি, তাদের জন্য রয়েছে

عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ ⑪ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا

'আযা-বু জ্বাহান্নামা ওয়া লাহুম 'আযা-বুল্ হ্বারীক্ব। ১১। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব
জাহান্নামের শাস্তি। এবং অগ্নির জ্বলন্ত শাস্তি। (১১) নিশ্চয়ই যারা ঈমান আনে ও নেক আমল করে,

الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۬ ذٰلِكَ الْفَوْزُ الْكَبِيْرُ ۝

স্বা-লিহ্বা-তি লাহুম জ্বান্না-তুন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু ; যা-লিকাল্ ফাওযুল্ কাবীর।
তাদের জন্য রয়েছে জান্নাত। যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, (আর) এটাই বিরাট সফলতা।

পথে দেখতে পেল যে, একটি বড় বাঘ অথবা সাপ রাস্তার উপরে অবস্থান করে লোকদের যাতায়াত পথ বন্ধ করে দিল। এতদ্দর্শনে, বালকটি যাদুকর এবং পাদ্রীকে পরীক্ষা করার জন্য একখন্ড প্রস্তর হাতে নিয়ে বলল, "হে আল্লাহ! যদি পাদ্রীর সংস্পর্শ গণকের সংস্পর্শের চেয়ে (আমার জন্য) কল্যাণকর হয়, তবে এ প্রস্তরের আঘাতে জানোয়ারটিকে মেরে ফেল। যাতে লোকেরা যাতায়াত করতে পারে।" এ বলে, প্রস্তর খন্ড জানোয়ারের দিকে নিক্ষেপ করল, সাথে সাথে সেটি মারা গেল। বালকটি এ ঘটনাটি পাদ্রীকে বলল। পাদ্রী ঘটনাটি শুনে বললেন, বালক! তুমি উন্নতির উচ্চ শিখরে পৌছে গেছ। তোমার এখন পরীক্ষার সময়। খবরদার! এ কঠিন পরীক্ষার সময় আমার নাম প্রকাশ করবে না। বালকটি জন্মান্ধ, কুষ্ঠরোগ এবং আরও অন্যান্য জটিল রোগের চিকিৎসা করত। কিন্তু এ চিকিৎসা করত আল্লাহর প্রতি ঈমান আনার শর্তে। এ শর্তের উপর বাদাশাহর একটি অন্ধ ভৃত্যেরও চিকিৎসা করেন। আল্লাহর রহমতে বালকটির দোয়ায় সে ভাল হয়ে যায়। বালকটি সকলকে একথাই বলত যে, "যদি তোমরা আল্লাহর প্রতি ঈমান আন, তবে তাঁর কাছে তোমাদের সুস্থতার জন্য দোয়া করব। আশা করি আল্লাহ ভাল করে দিবেন।" আর বালকটির দোয়া আল্লাহ কবুলও করতেন। বাদশাহর কাছে এ খবর পৌছল। বাদশাহ খুব পেরেশান হয়ে গেল। বহু ঈমান গ্রহণকারীগণকে সে (অত্যাচারী বাদশাহ) হত্যা করল। আর বালকটির ব্যাপারে সে তার কয়েকজন লোককে এ বলে নির্দেশ দিল যে, তাকে পাহাড়ের চূড়ায় সেখান থেকে নীচে নিক্ষেপ কর। যখন তাকে নিয়ে চূড়ায় উঠল, তখন বালকটি দোয়া করলেন, তাঁর দোয়ায় সাথে সাথে পাহাড় কম্পন করল। ফলে তাঁর সাথের লোকেরা পড়ে মারা গেল। আল্লাহ শুধু তাঁকে রক্ষা করলেন। অতঃপর বাদশাহ অন্য আর একটি দলকে নির্দেশ দিলেন যে, তাঁকে একটি নৌকায় আরোহণ করিয়ে সমুদ্রের মাঝে নিয়ে ছেড়ে দাও। যখন তাঁকে নিয়ে সমুদ্রের মাঝ বরাবর যাওয়া হল, তখন সমুদ্রে এমন তুফান শুরু হল যে, নৌকার আরোহীরা নৌকা উল্টে সব মারা গেল। বালকটি বাদশাহকে বললেন, বাদশাহ! যদি আমাকে আপনার মারতেই হয় তবে, এভাবে পারবেন না। পদ্ধতি একটিই আছে, যা হচ্ছে একটি উন্মুক্ত ময়দানে লোকদের সমবেত করে।
بسم الله رب الغلام - (আল্লাহর নামে, যিনি এ বালকের প্রতিপালক) বলে, আমার দিকে তীর নিক্ষেপ করুন। বাদশাহ এভাবেই করল যাতে বালকটি মারা গেল। কিন্তু এতদ্দর্শনে উপস্থিত জনতা চীৎকার করে বলে উঠল, "আমরা এ বালকটির প্রতিপালকের প্রতি ঈমান আনলাম।" বাদশাহ এতে আরও অস্থির হয়ে পড়ল এবং ক্রোধান্বিত হয়ে রাস্তার পার্শ্বে একটি কূয়াখনন করিয়ে তাতে অগ্নি প্রজ্বলিত করল এবং নির্দেশ দিল যে, এ প্রজ্বলিত অগ্নি কুন্ডে, তাদেরকে নিক্ষেপ কর। যারা বালকের প্রতিপালকের প্রতি আনিত ঈমান প্রত্যাখ্যান না করে। এভাবে মুমিনগণকে অগ্নিকুন্ডের সামনে আনা হয় এবং দৃঢ় মুমিনগণকে জ্বলন্ত অগ্নি কুন্ডে নিক্ষেপ করা হয়। শেষ পর্যন্ত এক মুমিন মহিলা এসে উপস্থিত হল। যার সাথে একটি শিশু সন্তান ছিল। সে সন্তানটির মায়ায় একটু ইতস্তত করছিল। অকস্মাৎ শিশু সন্তানটি বলে উঠল "মা" তুমি একটু ধৈর্যধারণ কর, তুমিই সত্য পথে আছ।" (কুঃ কারীম)

⑫ إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ ⑬ إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ ⑭ وَهُوَ الْغَفُورُ

১২। ইন্না বাত্বশা রাব্বিকা লাশাদীদ। ১৩। ইন্নাহূ হুওয়া ইউব্দিউ ওয়া ইউ'ঈদ। ১৪। ওয়া হুওয়াল্ গাফূরুল্
(১২) নিশ্চয়ই তোমার প্রতিপালকের পাকড়াও খুবই কঠিন। (১৩) নিশ্চয়ই তিনি (আল্লাহ) প্রথম সৃষ্টি করেন এবং পুনর্জীবিত করেন, (১৪) তিনি ক্ষমাশীল,

الْوَدُودُ ⑮ ذُو الْعَرْشِ الْمَجِيدُ ⑯ فَعَّالٌ لِّمَا يُرِيدُ ⑰ هَلْ أَتٰىكَ حَدِيثُ

ওয়াদূদু (১৫) যুল্ 'আরশিল্ মাজ়ীদ্। ১৬। ফা'অ্যা-লুল্ লিমা- ইউরীদ্। ১৭। হাল্ আতা-কা হ্বাদীছুল্
প্রেমময়, (১৫) আরশের মালিক, অতি মর্যাদাবান। (১৬) তিনি যা চান তা-ই করেন। (১৭) তোমার কাছে সে সৈন্যবাহিনীর বিবরণ

الْجُنُودِ ⑱ فِرْعَوْنَ وَثَمُودَ ⑲ بَلِ الَّذِينَ كَفَرُوا فِي تَكْذِيبٍ ⑳ وَاللّٰهُ

জুনূদ্। ১৮। ফির'আওনা ওয়া ছামূদ্। ১৯। বালিল্ লাযীনা কাফারূ ফী তাক্যীবিওঁ ২০। ওয়াল্লা-হু
এসে পৌছবে কি? (১৮) ফিরআউন ও সামূদের? (১৯) এরপরেও কাফিরেরা মিথ্যারোপ করতে (নিমগ্ন) রয়েছে। (২০) আর আল্লাহ্

مِنْ وَرَائِهِمْ مُحِيطٌ ㉑ بَلْ هُوَ قُرْاٰنٌ مَّجِيدٌ ㉒ فِي لَوْحٍ مَّحْفُوظٍ ○ ১ ع ২২ ১০ রুকূ

মিওঁ ওয়ারা—ইহিম্ মুহ্বীত্ব। ২১। বাল্ হুওয়া কুর্আ-নুম্ মাজ়ীদ্। ২২। ফী লাওহ্বিম মাহ্ফূজ।
তাদের পেছন হতে ঘিরে রয়েছেন। (২১) বরং এ হচ্ছে মর্যাদাবান কুরআন, (২২) যা সুরক্ষিত ফলকের মধ্যে রয়েছে।

সূরা ত্বা-রেক
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১৭
রুকূ ঃ ১

① وَالسَّمَاءِ وَالطَّارِقِ ② وَمَا أَدْرٰىكَ مَا الطَّارِقُ ③ النَّجْمُ الثَّاقِبُ ④ إِنْ كُلُّ

১। ওয়াস্ সামা—ই ওয়াত্ত্বা-রিক্ব, ২। ওয়া মা ~আদ্রা-কা মাত্ব ত্বা-রিকু ৩। আন্ নাজ্মুছ্ ছা-ক্বিব্। ৪। ইন্ কুল্লু
(১) শপথ আকাশের এবং রাতে যে আগমন করে তার? (২) তুমি কি জান রাতে আগমনকারী জিনিসটা কি? (৩) সেটি উজ্জ্বল তারকা। (৪) প্রতিটি মানুষের

نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ ⑤ فَلْيَنْظُرِ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ ⑥ خُلِقَ مِنْ مَّاءٍ

নাফ্সিল্ লাম্মা-'আলাইহা- হ্বা-ফিজ। ৫। ফালইয়ান্যুরিল্ ইন্সা-নু মিম্মা খুলিক্ব। ৬। খুলিক্বা মিম মা—ইন্
সাথেই রক্ষক (ফেরেশতা) রয়েছে। (৫) সুতরাং মানুষ ভেবে দেখুক কোন বস্তু দ্বারা তাকে সৃষ্টি করা হয়েছে। (৬) তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে নির্গত

دَافِقٍ ⑦ يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ ⑧ إِنَّهُ عَلٰى رَجْعِهِ لَقَادِرٌ ○

দা-ফিক্বিঁই ৭। ইয়াখ্রুজু মিম্ বাইনিস্ব স্বুল্বি ওয়াত্ তারা—ইব। ৮। ইন্নাহূ 'আলা- রাজ্'ইহী লাক্বা-দির।
পানি (বীর্য) হতে। (৭) যা বেরিয়ে আসে মেরুদণ্ড ও বক্ষস্থিত অস্থিসমূহের মধ্য হতে। (৮) তিনি মানুষকে প্রত্যাবর্তন করাতে পূর্ণ ক্ষমতাবান।

○ শানে নুযূল (আঃ ১) ঃ একরাতে রাসূলুল্লাহ (স)-এর চাচা আবু তালেব তাঁর গৃহে সাক্ষাতের জন্য আগমন করেন। রাসূলুল্লাহ (স) তাঁর আহারের জন্য রুটি ও দুধের ব্যবস্থা করেন। তাঁরা উভয়ই খেতে ছিলেন। এমতাবস্থায় একটি উল্কাপিণ্ড পৃথিবীর এত নিকৃট প্রকাশিত হল যে, তার জ্যোতিতে সমস্ত গৃহ আলোকিত হয়ে গেল এবং তার আলোতে আবু তালিবের চোখের জ্যোতি ক্ষীণ হয়ে গেল। তিনি ভীত হয়ে জিজ্ঞাসা করেন, এটা কি? রাসূলুল্লাহ (স) বলেন, যে সময় শয়তানেরা আকাশের গুপ্তখবর অনুসন্ধানের জন্য উপড়ে উঠে, তখন ফিরিশতাগণ উক্ত উল্কা নিক্ষেপ করে তাদেরকে বিতাড়িত করেন। এটা আল্লাহ তায়ালার মহান নিদর্শনাবলীর একটি নিদর্শন। (তাঃ কাদেরী)

⑨ يَوْمَ تُبْلَى السَّرَائِرُ ⑩ فَمَا لَهُ مِنْ قُوَّةٍ وَّلَا نَاصِرٍ ⑪ وَالسَّمَاءِ ذَاتِ الرَّجْعِ ○

৯। ইয়াওমা তুব্লাস্ সারা—ইর, ১০। ফামা- লাহূ মিন্ কুওয়্যাতিওঁ ওয়ালা- না-স্বির। ১১। ওয়াস্ সামা—ই যা-তির রাজ্'ই,
(৯) যেদিন প্রকাশিত হবে তাদের গোপন বিষয়, (১০) সেদিন তার কোন শক্তি থাকবে না এবং সাহায্যকারীও থাকবে না। (১১) শপথ বৃষ্টিযুক্ত আকাশের।

⑫ وَالْأَرْضِ ذَاتِ الصَّدْعِ ⑬ إِنَّهُ لَقَوْلٌ فَصْلٌ ⑭ وَمَا هُوَ بِالْهَزْلِ ⑮ إِنَّهُمْ

১২। ওয়াল্ আরদ্বি যা-তিস্ব স্বাদ্'ই, ১৩। ইন্নাহূ লাক্বাওলুন্ ফাস্বলুওঁ ১৪। ওয়ামা- হুওয়া বিল্ হায্লি। ১৫। ইন্নাহুম
(১২) শপথ বিদীর্ণ হওয়া ভূখণ্ডের (১৩) নিশ্চয়ই এ কুরআন হচ্ছে হক ও বাতিলের মধ্যে ফয়সালা বাণী। (১৪) এবং এটি কৌতুক নয়, (১৫) তারাতো

১ ع ১৭ ১১ রুকূ يَكِيدُونَ كَيْدًا ⑯ وَأَكِيدُ كَيْدًا ⑰ فَمَهِّلِ الْكٰفِرِينَ أَمْهِلْهُمْ رُوَيْدًا ○

ইয়াকীদূনা কাইদাওঁ ১৬। ওয়া আকীদু কাইদা-। ১৭। ফামাহ্হিলিল্ কা-ফিরীনা আম্হিল্হুম রুওয়াইদা-।
প্রতারণা করছে, (১৬) আমিও মহা কৌশল (অবলম্বন) করি। (১৭) সুতরাং কাফিরদেরকে সুযোগ দিন কিছু কালের জন্য।

সূরা আ'লা
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

① سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى ② الَّذِي خَلَقَ فَسَوّٰى ③ وَالَّذِي قَدَّرَ فَهَدٰى ○

১। সাব্বিহিস্মা রাব্বিকাল আ'লা- ২। আল্লাযী খালাক্বা ফাসাওয়্যা-। ৩। ওয়াল্লাযী ক্বাদ্দারা ফাহাদা-।
(১) তুমি তোমার মহামহিম রবের নামের তাসবীহ বর্ণনা কর। (২) যিনি সৃষ্টি করেন ও অঙ্গসৌষ্ঠব বিশিষ্ট করেন। (৩) যিনি সব কিছু নির্ধারণ করেন এবং পথ দেখান,

④ وَالَّذِي أَخْرَجَ الْمَرْعٰى ⑤ فَجَعَلَهُ غُثَاءً أَحْوٰى ⑥ سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰى ○

৪। ওয়াল্লাযী~আখ্রাজাল্ মার'আ-। ৫। ফাজা'আলাহূ গুছা—আন্ আহ্ওয়া-। ৬। সানুক্বরিউকা ফালা- তান্সা~।
(৪) আর যিনি ঘাস উৎপন্ন করেন। (৫) এবং পরে তা কালো আবর্জনায় পরিণত করেন। (৬) সত্বর আমি তোমাকে পাঠ করাব, ফলে তুমি ভুলবে না।

⑦ إِلَّا مَا شَاءَ اللّٰهُ إِنَّهُ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ⑧ وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ⑨ فَذَكِّرْ

৭। ইল্লা- মা- শা—আল্লা-হ্; ইন্নাহূ ইয়া'লামুল জাহ্রা ওয়ামা- ইয়াখ্ফা-। ৮। ওয়া নুইয়াস্সিরুকা লিল ইউস্রা-। ৯। ফাযাক্কির
(৭) কিন্তু আল্লাহ যা ইচ্ছা করেন তা ভিন্ন; তিনি জানেন প্রকাশ্য বিষয় এবং যা গোপন আছে সে বিষয়েও। (৮) আমি তোমাকে এমন সহজ পথ প্রদর্শন করব, যাতে তোমার চলতে সহজ হয়। (৯) অতঃপর তুমি উপদেশ দিতে থাক,

إِنْ نَفَعَتِ الذِّكْرٰى ⑩ سَيَذَّكَّرُ مَنْ يَخْشٰى ⑪ وَيَتَجَنَّبُهَا الْأَشْقَى ⑫ الَّذِي

ইন নাফা'আতিয্ যিক্রা-। ১০। সাইয়ায্যাক্কারু মাইঁ ইয়াখ্শা-। ১১। ওয়া ইয়াতাজান্নাবুহাল্ আশ্ক্বাল্ ১২। লাযী
যদি সে উপদেশ ফলদায়ক হয়। (১০) যে আল্লাহকে ভয় করে সেতো উপদেশ গ্রহণ করবে। (১১) আর যে তা এড়িয়ে চলবে, সে অত্যন্ত দুর্ভাগাবান। (১২) সে

○ টীকা (আঃ ১৭) ঃ অর্থাৎ, কাফেরা সত্যকে দাবায়ে রাখার জন্য নানাবিধ তদবীর করছে, আমিও তাদের চেষ্টা বিফল করে দেয়ার জন্য তদবীর করছি; সুতরাং তাদের বিরোধিতার দরুন আপনি ঘাবড়াবেন না, তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা আমি যথাসময়ে করব। ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, যতটুকু আমার ইচ্ছা হবে, ততটুকু আপনার মন হতে মুছে ফেলব, একে 'নাসখ' বলা হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮) ঃ অতএব, কোন কিছুর উপকারিতা ও অপকারিতা তাঁর সিদ্ধান্ত নয়, যা আপনার মনে রাখা উপকারী, তা মনে রাখবেন এবং যা উপকারী নয় তা ভুলায়ে দিবেন। ○ টীকা (আঃ ৮) ঃ অর্থাৎ, এই শরীঅত বুঝাও সহজ হবে; এর বিধানসমূহ মানিয়া চলাও সহজ হবে এবং সকল বাধা দূর করে এর প্রচারও আপনার জন্য সহজ করে দিব। (বঃ কোঃ)

يَصْلَى النَّارَ الْكُبْرٰى ⑬ ثُمَّ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ⑭ قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ۝

ইয়াস্বলান্ না-রাল্ কুব্‌রা- । ১৩ । ছুম্মা লা- ইয়ামূতু ফীহা- ওয়ালা- ইয়াহ্ইয়া- । ১৪ । ক্বাদ্ আফ্লাহা মান্ তাযাক্কা- ।

ভীষণ আগুনের মধ্যে প্রবেশ করে। (১৩) অতঃপর তার সেখানে মৃত্যুও হবে না এবং বেঁচেও থাকবে না। (১৪) সে-ই তো কামিয়াব হবে, যে আত্মশুদ্ধি করে।

⑮ وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ⑯ بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ⑰ وَالْاٰخِرَةُ خَيْرٌ

১৫ । ওয়া যাকারাস্মা রাব্বিহী ফাস্বাল্লা- । ১৬ । বাল্ তু'ছিরূনাল্ হ্বায়া-তাদ্ দুন্ইয়া- । ১৭ । ওয়াল্ আ-খিরাতু খাইরুঁও

(১৫) এবং তাঁর রবের নামের যিকির করে আর নামাজ আদায় করে। (১৬) কিন্তু তোমরা প্রাধান্য দাও পার্থিব জীবনকে। (১৭) অথচ পরকাল হচ্ছে অতি উত্তম

وَّاَبْقٰى ⑱ اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ⑲ صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ۝ ع

ওয়া আব্‌ক্বা- । ১৮ । ইন্না হা-যা- লাফিস্ব স্বুহুফিল্ উলা- । ১৯ । ছুহুফি ইব্‌রা-হীমা ওয়া মূসা- ।

এবং চিরস্থায়ী। (১৮) একথা অবশ্যই লিখিত রয়েছে পূর্বের কিতাবগুলোতে। (১৯) এবং ইব্রাহীম ও মূসার কিতাবেও।

ع ১ ১৯ ১২ রুকূ

সূরা গা-শিয়াহ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২৬
রুকূ ঃ ১

① هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ② وُجُوْهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ ③ عَامِلَةٌ نَّاصِبَةٌ ۝

১ । হাল্ আতা-কা হ্বাদীছুল্ গা-শিয়াহ্ । ২ । উজূহুঁই ইয়াওমাইযিন্ খা-শি'আহ্ । ৩ । 'আ-মিলাতুন্ না-স্বিবাহ্ ।

(১) তোমার কাছে আচ্ছন্নকারী কিয়ামত এর খবর এসেছে কি? (২) সেদিন অনেকের মুখ নীচু হবে, (৩) পরিশ্রমে অতিশয় ক্লান্ত,

④ تَصْلٰى نَارًا حَامِيَةً ⑤ تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ⑥ لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ ۝

৪ । তাস্বলা- না-রান্ হ্বা-মিয়াহ্ । ৫ । তুস্‌ক্বা-মিন্ 'আইনিন্ আ-নিয়াহ্ । ৬ । লাইসা লাহুম ত্বা'আ-মুন ইল্লা- মিন্ দ্বারী'ইল্

(৪) তারা প্রবেশ করবে উত্তপ্ত আগুনে। (৫) তাদের পান করান হবে তাপযুক্ত পানির ঝরণা থেকে। (৬) তাদের জন্য কাঁটা ওয়ালা ঝাড় ছাড়া আর কোন খাদ্য থাকবে না।

⑦ لَّا يُسْمِنُ وَلَا يُغْنِيْ مِنْ جُوْعٍ ⑧ وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاعِمَةٌ ⑨ لِّسَعْيِهَا رَاضِيَةٌ ۝

৭ । লা- ইউস্‌মিনু ওয়ালা- ইউগ্‌নী মিন্ জূ'ইন্ । ৮ । উজূহুঁই ইয়াওমাইযিন্ না-'ইমাতুল্ ৯ । লিসা'ইহা- রা-দ্বিয়াহ্ ।

(৭) যা পুষ্টি সাধন করে না এবং ক্ষুধাও মিটায়না। (৮) সেদিন অনেকের চেহারা হবে আনন্দে উদ্বেলিত। (৯) তারা তাদের চেষ্টার জন্য খুশী থাকবে।

ওয়াকফে লাযেম

⑩ فِيْ جَنَّةٍ عَالِيَةٍ ⑪ لَّا تَسْمَعُ فِيْهَا لَاغِيَةً ⑫ فِيْهَا عَيْنٌ جَارِيَةٌ ⑬ فِيْهَا سُرُرٌ

১০ । ফী জ্বান্নাতিন্ 'আ-লিয়াহ্ ১১ । লা- তাস্‌মা'উ ফীহা- লা-গিয়াহ্ । ১২ । ফীহা- 'আইনুন্ জ্বা-রিয়াহ্ । ১৩ । ফীহা- সুরুরুম্

(১০) তারা থাকবে উঁচু জান্নাতে। (১১) সেখানে তারা কোন নিরর্থক কথা শোনবে না। (১২) সেখানে থাকবে প্রবাহিত নহরসমূহ, (১৩) সেখানে থাকবে সু-সজ্জিত

৭

✪ টীকা (আঃ ১৪) ঃ সূরার প্রথম হতে এই পর্যন্ত আয়াতগুলোর সারমর্ম এই যে, হুযুর (স)-এর প্রতি আদেশ করা হয়েছে যে, আপনি নিজের আত্মিক অবস্থার পরিপূর্ণতাও সাধন করুন, অন্যকেও একথাই শিক্ষা দিন, আমি (আল্লাহ্) সর্বাবস্থায়ই আপনার সহায় আছি, আর নসীহতের নিজস্ব ফলপ্রসূতার প্রতি লক্ষ্য করলেই বুঝা যায় যে, নসীহত করা অবশ্যকর্তব্য। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ১৯) ঃ অর্থাৎ, আখেরাতের উৎকৃষ্টতা ও শ্রেষ্ঠত্বের দাবী কেবল কোরআনেরই নহে; বরং কোরআনের পূর্ববর্তী যত আসমানী কিতাব ও ছহীফা রয়েছে সমস্ত কিতাবেরই। মারফূ হাদীসে উল্লেখ রয়েছে যে, হযরত ইবরাহীম (আ)-এর প্রতি দশটি ছহীফা এবং হযরত মূসা (আ)-এর প্রতি তওরাতের পূর্বে দশটি ছহীফা অবতীর্ণ হয়েছিল। (বঃ কোঃ)

✪ বিশ্লেষণ (আঃ ১) ঃ الغاشية - অর্থ কিয়ামত। এজন্য যে, তার ভয়াবহ অবস্থা সমস্ত সৃষ্টিকে আচ্ছাদিত করবে।

مَّرْفُوْعَةٌ ⑭ وَّاَكْوَابٌ مَّوْضُوْعَةٌ ⑮ وَّنَمَارِقُ مَصْفُوْفَةٌ ⑯ وَّزَرَابِيُّ مَبْثُوْثَةٌ ۝

মারফূ'আহ্ । ১৪ । ওয়া আক্‌ওয়া-বুম্ মাওদ্বূ'আহ্ । ১৫ । ওয়া নামা-রিকু মাস্বফূফাহ্ । ১৬ । ওয়া যারা-বিয়্যু মাব্‌ছূছাহ্ ।

বহু আসন (১৪) সুরক্ষিত পান পাত্র। (১৫) সারি সারি সাজানো বালিশ, (১৬) আর থাকবে বিছানো গালিচা,

⑰ اَفَلَا يَنْظُرُوْنَ اِلَى الْاِبِلِ كَيْفَ خُلِقَتْ ⑱ وَاِلَى السَّمَآءِ كَيْفَ رُفِعَتْ ۝

১৭ । আফালা- ইয়ান্‌জুরূনা ইলাল্ ইবিলি কাইফা খুলিক্বাত । ১৮ । ওয়া ইলাস্ সামা—ই কাইফা রুফি'আত্ ।

(১৭) তারা কি উটের প্রতি লক্ষ্য করে না? কিভাবে সেটি সৃষ্টি করা হয়েছে? (১৮) এবং আকাশের দিকে, কিভাবে তাকে উঁচু করা হয়েছে?

⑲ وَاِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ⑳ وَاِلَى الْاَرْضِ كَيْفَ سُطِحَتْ ㉑ فَذَكِّرْ

১৯ । ওয়া ইলাল্ জ্বিবা-লি কাইফা নুস্বিবাত্ । ২০ । ওয়া ইলাল্ আর্‌দ্বি কাইফা সুত্বিহ্বাত্ । ২১ । ফাযাক্কির ;

(১৯) এবং পাহাড়গুলোর দিকে, কিভাবে তাকে স্থাপন করা হয়েছে? (২০) আর ভূ-পৃষ্ঠের দিকে, কিভাবে তাকে বিছিয়ে দেয়া হয়েছে। (২১) অতএব আপনি উপদেশ

◐ অর্ধাংশ

اِنَّمَآ اَنْتَ مُذَكِّرٌ ㉒ لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ㉓ اِلَّا مَنْ تَوَلّٰى وَكَفَرَ ㉔ فَيُعَذِّبُهُ

ইন্নামা~ আন্‌তা মুযাক্কির । ২২ । লাস্‌তা 'আলাইহিম বিমুস্বাইত্বির । ২৩ । ইল্লা- মান্ তাওয়াল্লা- ওয়া কাফারা । ২৪ । ফাইউ'আয্‌যিবুহুল

দিতে থাকুন, আপনি তো একজন উপদেশকারী মাত্র, (২২) আপনি নন তাদের দায়িত্বপ্রাপ্ত, (২৩) কিন্তু যে প্রত্যাখ্যান করে এবং কুফরী করে, (২৪) আল্লাহ তাকে

اللّٰهُ الْعَذَابَ الْاَكْبَرَ ㉕ اِنَّ اِلَيْنَآ اِيَابَهُمْ ㉖ ثُمَّ اِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ۝ ع ◐

১ ع ২৬ ১৩ রুকূ

লা-হুল 'আযা-বাল্ আক্‌বার । ২৫ । ইন্না ইলাইনা~ইয়া-বাহুম । ২৬ । ছুম্মা ইন্না 'আলাইনা- হ্বিসা-বাহুম ।

দিবেন কঠোর শাস্তি। (২৫) নিশ্চয়ই আমার কাছেই তাদের ফিরে আসতে হবে, (২৬) অতঃপর তাদের হিসাব-নিকাশ নেয়া আমারই দায়িত্ব।

সূরা ফাজ্‌র
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩০
রুকূ ঃ ১

① وَالْفَجْرِ ② وَلَيَالٍ عَشْرٍ ③ وَّالشَّفْعِ وَالْوَتْرِ ④ وَالَّيْلِ اِذَا يَسْرِ ۝

১ । ওয়াল্‌ফাজ্‌রি । ২ । ওয়া লায়া-লিন্ 'আশ্‌রিওঁ ৩ । ওয়াশ্‌শাফ'ই ওয়াল্ ওয়াত্‌রি । ৪ । ওয়াল্লাইলি ইযা- ইয়াস্‌রি ।

(১) শপথ ফজরের, (২) শপথ দশ রাতের, (৩) এবং জোড় ও বেজোড়ের; (৪) শপথ রাতের, যখন তা চলে যায়।

✪ টীকা (আঃ ১৬) ঃ অর্থাৎ, সর্বত্র কেবল গালিচাই দৃষ্টিগোচর হবে, এইভাবে সর্বত্র গালিচাসমূহ বিছানো থাকাতে বেহেশতীগণ যেখানে ইচ্ছা সেখানেই বিশ্রাম করতে পারবে। ✪ টীকা (আঃ ১৮) ঃ অসংখ্য সৃষ্টির মধ্যে বিশেষ করে উট, আসমান, পাহাড় এবং যমীন এই চারিটি বস্তুর উল্লেখ তৎকালীন আরবদের অবস্থার প্রতি লক্ষ্য রেখেই করা হয়েছে। আরবের তৎকালীন লোকেরা সাধারণতঃ মাঠে চলাফেরা করত। তাদের সঙ্গে থাকিত উট, উপরে নীল আসমান, পদতলে বালুকাময় যমীন, পার্শ্বে পাহাড়শ্রেণী। অতএব, তাদের পরিপার্শ্বিক পাহাড়শ্রেণী। অতএব, তাদের অবস্থার পতি দৃষ্টিপাত করে সকলকেই খোদার অসীম ক্ষমতার নিদর্শন বুঝে নিতে নির্দেশ দেয়া হয়েছে। (বঃ কোঃ) ✪ টীকা (আঃ ২০) ঃ এই বাক্যটিকে পৃথিবী গোলাকার হওয়ার পরিপন্থী মনে করার কারণ নেই। ভূপৃষ্ঠ আমাদের দৃষ্টিতে যেরূপ দেখা যায়, উহার উল্লেখ করে উপদেশ দান করাই এস্থলে উদ্দেশ্য। (বঃ কোঃ)

✪ বিশ্লেষণ (আঃ ২) ঃ وليال عشر, -এর অর্থ অধিকাংশ তাফসীরকার মতে, যিলহজ্জের প্রথম দশদিন। যার ফজীলত হাদীস শরীফ দ্বারা প্রমাণিত। রাসূলুল্লাহ (স) বলেন, "যিলহজ্জের দশদিনের নেক আমল, আল্লাহর কাছে সবচেয়ে পছন্দনীয়। এমনকি আল্লাহর রাস্তায় জিহাদ করার চেয়েও। কিন্তু সে জিহাদ ব্যতীত যাতে মুসলমান শহীদ হন। ✪ বিশ্লেষণ (আঃ ৩) ঃ والشفع, - জোড় ও বেজোড়ের অর্থ প্রকাশের ব্যাপারে তফসীরকারদের মধ্যে বহু মত রয়েছে। যেমন- কারো মতে, জোড় দ্বারা হযরত আদম (আ) ও হযরত হাওয়া (আ) এবং বেজোড় দ্বারা আল্লাহ রাব্বুল আলামীন। স্রষ্টা, আল্লাহ। জোড়- আছর, জোহর এশা ও ফজরের নামাজ এবং বিজোড় মাগরিব নামাজ। জোড় আট বেহেশত এবং বেজোড় সপ্ত দোজখ। জোড় মানুষের বৈশিষ্ট্য যেমন- জ্ঞান, অজ্ঞান, ক্ষমতা-অক্ষমতা, জীবন-মরণ। বেজোড়- আল্লাহর গুণাবলী। যথা- সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা, মহাজ্ঞানী, মহাকৌশলী, পূর্ণক্ষমতাবান ইত্যাদি। (তাঃ কাঃ)

(٥) هَلْ فِىْ ذٰلِكَ قَسَمٌ لِّذِىْ حِجْرٍ (٦) اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ (٧) اِرَمَ

৫। হাল্ ফী যা-লিকা ক্বাসামুল্ লিযী হ্বিজ্‌রি। ৬। আলাম তারা কাইফা ফা'আলা রাব্বুকা বি'আ-দ্। ৭। ইরামা
(৫) এসবের মধ্যে কি বিবেকবানের জন্য যথেষ্ট শপথ নয়? (৬) তোমার কি জানা নেই যে, তোমার প্রতিপালক কিরূপ করেছেন, 'আদ' সম্প্রদায়ের সাথে, (৭) যারা ছিল

ذَاتِ الْعِمَادِ (٨) الَّتِىْ لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِى الْبِلَادِ (٩) وَثَمُوْدَ الَّذِيْنَ

যা-তিল্ 'ইমা-দিল্ ৮। লাতী লাম ইউখ্‌লাক্ব মিছ্‌লুহা- ফিল বিলা-দ্। ৯। ওয়া ছামূদাল্ লাযীনা
স্তম্ভধারী ইরাম বংশের (৮) (পৃথিবীর) অন্য আর কোন দেশে যার তুল্য সৃষ্টি হয়নি। (৯) এবং সামুদ (সম্প্রদায়)-এর প্রতি? যারা উপত্যকায়

جَابُوا الصَّخْرَ بِالْوَادِ (١٠) وَفِرْعَوْنَ ذِى الْاَوْتَادِ (١١) الَّذِيْنَ طَغَوْا فِى

জ্বা-বুস্ব স্বাখ্‌রা বিল্ ওয়া-দ্। ১০। ওয়া ফির্'আওনা যিল্ আওতা-দিল্ ১১। লাযীনা ত্বাগাও ফিল্
গৃহ নির্মাণের উদ্দেশ্যে পাথর কর্তন করেছিল। (১০) আর ফেরাউনের সাথে? যে ছিল বহু পেরেকের মালিক। (১১) যারা দেশে নাফরমানী

الْبِلَادِ (١٢) فَاَكْثَرُوْا فِيْهَا الْفَسَادَ (١٣) فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ (١٤) اِنَّ

বিলা-দ্। ১২। ফাআক্‌ছারূ ফীহাল্ ফাসা-দ্। ১৩। ফাস্বাব্বা 'আলাইহিম রাব্বুকা সাওত্বা 'আযা-ব্। ১৪। ইন্না
করেছিল; (১২) আর বৃদ্ধি করেছিল উপদ্রব (বিশৃংখলা)। (১৩) তাদের উপর তোমার প্রতিপালক শাস্তির চাবুক হানলেন। (১৪) নিশ্চয়ই

رَبَّكَ لَبِالْمِرْصَادِ (١٥) فَاَمَّا الْاِنْسَانُ اِذَا مَا ابْتَلٰىهُ رَبُّهٗ فَاَكْرَمَهٗ وَنَعَّمَهٗ

রাব্বাকা লাবিল্ মিরস্বা-দ্। ১৫। ফাআম্মাল্ ইন্‌সা-নু ইযা- মাব্ তালা-হু রাব্বুহূ ফাআক্‌রামাহূ ওয়া না'অ্যামাহূ,
তোমার রব প্রতীক্ষাস্থলে রয়েছেন। (১৫) কিন্তু এ মানুষ যখন তার রব তাকে পরীক্ষার জন্য তাকে সম্মান এবং নেয়ামত দান করেন, তখন সে বলে,

فَيَقُوْلُ رَبِّىْٓ اَكْرَمَنِ (١٦) وَاَمَّآ اِذَا مَا ابْتَلٰىهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهٗ فَيَقُوْلُ

ফাইয়াক্বূলু রাব্বী~আক্‌রামান্। ১৬। ওয়া আম্মা~ইযা- মাবতালা-হু ফাক্বাদারা 'আলাইহি রিযক্বাহূ ফাইয়াক্বূলু
আমার প্রতিপালক আমাকে সম্মান দান করেছেন। (১৬) আর যখন তাকে পরীক্ষা করার জন্য, তার রিযিক কমিয়ে দেন, তখন সে বলে, আমার প্রতিপালক

رَبِّىْٓ اَهَانَنِ (١٧) كَلَّا بَلْ لَّا تُكْرِمُوْنَ الْيَتِيْمَ (١٨) وَلَا تَحٰٓضُّوْنَ عَلٰى طَعَامِ

রাব্বী~আহা-নান। ১৭। কাল্লা- বাল লা- তুক্‌রিমূনাল ইয়াতীম। ১৮। ওয়া লা-তাহ্বা—দ্দূনা 'আলা- ত্বা'আ-মিল্
আমাকে লাঞ্ছিত করেছেন। (১৭) কিন্তু না কখনই নয়, বরং তোমরা ইয়াতীমদেরকে মর্যাদা দাও না। (১৮) এবং মিসকীনকে খাদ্য দানে

الْمِسْكِيْنِ (١٩) وَتَاْكُلُوْنَ التُّرَاثَ اَكْلًا لَّمًّا (٢٠) وَّتُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا

মিস্‌কীন। ১৯। ওয়া তা'কুলূনাত্ তুরা-ছা আক্‌লাল্ লাম্মা- ২০। ওয়া তুহ্বিব্বূনাল্ মা-লা হুব্বান্ জ্বাম্মা-।
উৎসাহিত কর না। (১৯) আর তোমরা ভক্ষণ করছ ওয়ারিসীনদের সম্পদ সম্পূর্ণভাবে। (২০) আর তোমরা (পার্থিব) সম্পদকে অধিক ভালোবাস।

✪ টীকা (আঃ ৭) ঃ এ সম্প্রদায় 'আ'দ' ও 'ইরাম', উভয় নামে প্রসিদ্ধ ছিল। কেননা, এ সম্প্রদায়ের নিকটতম পূর্বপুরুষগণ ছিল আ'দ। আ'দ আ'ছের পুত্র, এবং আ'ছ ইরামের পুত্র, এবং ইরাম হযরত নূহ (আ)-এর পুত্র সামের সন্তান। আ'দের বংশধর হিসাবে তাদেরকে কাওমে আ'দ এবং ইরামের বংশধর হিসাবে তাদেরকে কাওমে ইরাম বলা হতে। (বঃ কোঃ) ✪ বিশ্লেষণ (আঃ ৯) ঃ ....جابوا الصخر - হযরত সালিহ (আ) এর সম্প্রদায়কে বিশেষ একটি যোগ্যতা দেয়া হয়েছিল যে, তারা পাথর কেটে আবাসস্থল নির্মাণ করতে পারত। ✪ বিশ্লেষণ (আঃ ১০) ঃ ذى الاوتاد - (পেরেকের মালিক) অর্থাৎ ফেরাউনের বহু সৈন্য বাহিনী ছিল। তারা বহু তাঁবু স্থাপন করত এবং লৌহ পেরেক ব্যবহার করত। সে জন্য তাকে পেরেকের মালিক বলা হয়েছে। দ্বিতীয়তঃ ফিরআউন পেরেক দ্বারা তোমাদেরকে নির্যাতন করত। এ আয়াত দ্বারা সে দিকেই ইংগিত করা হয়েছে।

(٢١) كَلَّآ اِذَا دُكَّتِ الْاَرْضُ دَكًّا دَكًّا (٢٢) وَّجَآءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا

২১। কাল্লা~ইযা- দুক্কাতিল্ আরদ্বু দাক্কান্ দাক্কা-। ২২। ওয়া জ্বা—আ রাব্বুকা ওয়াল মালাকু স্বাফ্‌ফান স্বাফ্‌ফা-।
(২১) না, ঠিক নয়, যখন পৃথিবীকে চূর্ণ বিচূর্ণ করে দেয়া হবে, (২২) আর যখন আপনার রব আসবেন, এবং সারি বেঁধে ফেরেশতাগণও আসবে,

(٢٣) وَجِاىْٓءَ يَوْمَئِذٍۢ بِجَهَنَّمَ يَوْمَئِذٍ يَّتَذَكَّرُ الْاِنْسَانُ وَاَنّٰى لَهُ الذِّكْرٰى

২৩। ওয়া জ্বী—আ ইয়াওমাইযিম্ বিজ্বাহান্নামা ইয়াওমাইযিঁই ইয়াতাযাক্কারুল্ ইন্‌সা-নু ওয়া আন্না-লাহুয্ যিক্‌রা-।
(২৩) সেদিন জাহান্নামকে আনয়ন করা হবে এবং সেদিন মানুষ তার ভুলের কথা স্মরণ করবে। কিন্তু এ স্মরণ তার কি কাজে আসবে?

(٢٤) يَقُوْلُ يٰلَيْتَنِىْ قَدَّمْتُ لِحَيَاتِىْ (٢٥) فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهٗٓ اَحَدٌ

২৪। ইয়াক্বূলু ইয়া-লাইতানী ক্বাদ্দাম্‌তু লিহ্বায়া-তী। ২৫। ফাইয়াওমাইযিল্ লা- ইউ'আয্‌যিবু 'আযা-বাহূ~আহ্বাদ্।
(২৪) সে বলবে, হায় আমার জন্য আফসোস! যদি আমি আমার এ জীবনের জন্য আগে কিছু পাঠাতাম। (২৫) সেদিনের শাস্তির অনুরূপ শাস্তি অন্য আর কেউ দিতে পারবে না।

(٢٦) وَّلَا يُوْثِقُ وَثَاقَهٗٓ اَحَدٌ (٢٧) يٰٓاَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ (٢٨) ارْجِعِىْٓ

২৬। ওয়ালা- ইউছিক্বু ওয়া ছা-ক্বাহূ~আহ্বাদ্। ২৭। ইয়া~আইয়্যাতুহান্ নাফ্‌সুল্ মুত্বমাইন্নাতুর্ ২৮। জ্বি'ঈ~
(২৬) আর তার শক্ত বাঁধনের অনুরূপ বাঁধনও, অন্য আর কেউ বাঁধতে পারবে না। (২৭) হে প্রশান্তআত্মা! (২৮) তুমি তোমার রবের দিকে ফিরে এস,

اِلٰى رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً (٢٩) فَادْخُلِىْ فِىْ عِبٰدِىْ (٣٠) وَادْخُلِىْ جَنَّتِىْ

১ ع ৩০ ১৪ রুকূ

ইলা- রাব্বিকি রা-দ্বিয়াতাম্ মার্‌দ্বিইয়্যাহ্। ২৯। ফাদ্‌খুলী ফী 'ইবা-দী। ৩০। ওয়াদ্‌খুলী জ্বান্নাতী।
এ অবস্থায় যে, তুমি খুশী, আর (তিনিও) তোমার উপর সন্তুষ্ট। (২৯) তুমি আমার বান্দাদের দলে অন্তর্ভুক্ত হয়ে যাও। (৩০) এবং আমারই জান্নাতে প্রবেশ কর।

সূরা বালাদ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২০
রুকূ ঃ ১

(١) لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ (٢) وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ (٣) وَوَالِدٍ وَّمَا وَلَدَ

১। লা~উক্বসিমু বিহা-যাল্ বালাদ্। ২। ওয়া আন্‌তা হ্বিল্লুম্ বিহা-যাল্ বালাদ। ৩। ওয়া ওয়া-লিদিঁও ওয়ামা- ওয়ালাদ্।
(১) আমি শপথ করছি এ শহরের, (২) তুমি এ শহরে অবতরণ করেছ (অধিবাসী হয়েছ), (৩) আর শপথ জনকের এবং সে যা জন্ম দিয়েছে তার।

م ওয়াক্ফে লাযেম

(٤) لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِىْ كَبَدٍ (٥) اَيَحْسَبُ اَنْ لَّنْ يَّقْدِرَ عَلَيْهِ اَحَدٌ

৪। লাক্বাদ্ খালাক্বনাল্ ইন্‌সা-না ফী কাবাদ। ৫। ইয়াহ্বসাবু আল্ লাঁই ইয়াক্বদিরা 'আলাইহি আহ্বাদ।
(৪) নিশ্চয়ই মানুষকে আমি সৃষ্টি করেছি দুঃখ-কষ্টের মধ্যে। (৫) সেকি এ ধারণা করে যে, তার উপর আর কেউ ক্ষমতাবান হবে না?

✪ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ يومئذ بجهنم - সেদিন সত্তর হাজার লাগাম দ্বারা জাহান্নাম শক্তভাবে বন্ধনকৃত হবে এবং প্রতিটি লাগামের সাথে সত্তর হাজার ফেরেশতা থাকবেন, যারা সেটিকে টেনে আরশের বাম দিকে উপস্থিত করবেন। সেদিন জাহান্নামের ভয়ংকর অবস্থা দেখে নবী (আ)-গণ পর্যন্ত হয়রান ও অস্থির হয়ে পড়বেন এবং শুধু "ইয়া রাব্বী নফ্‌ছী, ইয়া নফ্‌ছী" বলতে থাকবেন। শুধু মাত্র আমাদের রাসূলুল্লাহ (স) "উম্মাতী, উম্মাতী" বলতে থাকবেন। (তাঃ কাদেরী) ✪ শানে নুযূল (আঃ ৫) ঃ ......يحسب ان لن يقدر - বালাদা নামক এক শক্তিশালী কাফির এরূপ ছিল যে, তার পায়ের নীচে কোন চামড়া রাখলে, দশজন অতি শক্তিবান পুরুষ তা টেনে বের করে আনতে পারত না। এমনকি চামড়া ছিন্ন বিছিন্ন হয়ে যেত। সে দাবী করত যে, আমাকে কেউ কখনও কাবু করতে পারবে না। সে সর্বদা রাসূলুল্লাহ (স)-এর উপর জুলুম করত। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী)

⑥ يَقُوْلُ اَهْلَكْتُ مَالًا لُّبَدًا ⑦ اَيَحْسَبُ اَنْ لَّمْ يَرَهٗۤ اَحَدٌ ⑧ اَلَمْ نَجْعَلْ

৬। ইয়াক্বূলু আহ্‌লাক্‌তু মা-লান লুবাদা-। ৭। আ ইয়াহ্‌সাবু আল্ লাম্ ইয়ারাহূ~আহ্বাদ। ৮। আলাম নাজ্'আল
(৬) সে বলে, "আমি বহু ধন সম্পদ অপচয় করেছি।" (৭) সে কি ধারণা রাখে যে, তাকে কেউ দেখেনি? (৮) আমি কি তার জন্য দুটো চোখ প্রদান

لَّهٗ عَيْنَيْنِ ⑨ وَلِسَانًا وَّشَفَتَيْنِ ⑩ وَهَدَيْنٰهُ النَّجْدَيْنِ ⑪ فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ ○

লাহূ 'আইনাইনি। ৯। ওয়া লিসা-নাওঁ ওয়া শাফাতাইন। ১০। ওয়া হাদাইনা-হুন্ নাজ্‌দাঈন। ১১। ফালাক্বতাহামাল 'আক্বাবাতা।
করিনি? (৯) এবং প্রদান কি করিনি জিহ্বা ও দুটো ঠোঁট? (১০) আর আমি কি তাকে দুটো পথ (ভালো-মন্দ) প্রদান করিনি? (১১) কিন্তু সে কষ্ট সাধ্য পথটি অবলম্বন করেনি?

⑫ وَمَاۤ اَدْرٰىكَ مَا الْعَقَبَةُ ⑬ فَكُّ رَقَبَةٍ ⑭ اَوْ اِطْعٰمٌ فِيْ يَوْمٍ ذِيْ مَسْغَبَةٍ ○

১২। ওয়ামা~আদ্‌রা-কা মাল্ 'আক্বাবাহ্। ১৩। ফাক্কু রাক্বাবাতিন। ১৪। আও ইত্ব'আ-মুন ফী ইয়াওমিন্ যী মাস্‌গাবাতিন,
(১২) তুমি কি জান, কষ্টসাধ্য পথটি কি? (১৩) তা হচ্ছে গোলাম আজাদ করা। (১৪) অথবা অভাবের সময় খাবার দান করা,

⑮ يَّتِيْمًا ذَا مَقْرَبَةٍ ⑯ اَوْ مِسْكِيْنًا ذَا مَتْرَبَةٍ ⑰ ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا

১৫। ইয়াতীমান যা-মাক্‌রাবাতিন্। ১৬। আও মিস্‌কীনান যা-মাতরাবাহ। ১৭। ছুম্মা কা-না মিনাল্লাযীনা আ-মানূ
(১৫) ইয়াতীম আত্মীয়কে, (১৬) বা অসহায় (সর্বহারা) দরিদ্রকে, (১৭) অতঃপর সে ব্যক্তি তাদের (দলে) অন্তর্ভুক্ত হয়, যারা ঈমান এনেছে

وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ⑱ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ○

ওয়া তাওয়া-স্বাও বিস্বস্বাবরি ওয়া তাওয়া-স্বাও বিল্‌মার্‌হামাহ্। ১৮। উলা—ইকা আস্বহা-বুল মাইমানাহ।
ও একে অপরকে উপদেশ দেয় ধৈর্য ধারণের এবং (উপদেশ দেয়) পরস্পর দয়ার ব্যাপারে। (১৮) এরাই হচ্ছে ডান দিকের (ভাগ্যবান) দল।

⑲ وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ⑳ عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ○

১৯। ওয়াল্লাযীনা কাফারূ বিআ-য়া-তিনা- হুম আস্বহা-বুল্ মাশ্‌আমাহ্। ২০। 'আলাইহিম না-রুম্ মু'স্বাদাহ্।
(১৯) আর যারা অবিশ্বাস করে আমার আয়াতসমূহ, তারা হচ্ছে হতভাগা দল। (২০) তাদের উপর আগুন তাদের চারদিক পরিবেষ্টিত হয়ে থাকবে।

সূরা শামছ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত : ১৫
রুকূ : ১

① وَالشَّمْسِ وَضُحٰىهَا ② وَالْقَمَرِ اِذَا تَلٰىهَا ③ وَالنَّهَارِ اِذَا جَلّٰىهَا ○

১। ওয়াশ্ শাম্‌সি ওয়া দ্বুহা-হা-। ২। ওয়াল্ ক্বামারি ইযা- তালা-হা-। ৩। ওয়ান্নাহা-রি ইযা- জাল্লা-হা-।
(১) শপথ সূর্যের এবং তার রশ্মির, (২) শপথ চাঁদের যখন তা (সূর্যের) পিছনে আসে, (৩) শপথ দিনের যখন সে তাকে (সূর্যকে) প্রকাশ করে,

④ وَالَّيْلِ اِذَا يَغْشٰىهَا ⑤ وَالسَّمَآءِ وَمَا بَنٰىهَا ⑥ وَالْاَرْضِ وَمَا طَحٰىهَا ○

৪। ওয়াল্ লাইলি ইযা- ইয়াগ্‌শা-হা-। ৫। ওয়াস্ সামা—ই ওয়ামা- বানা-হা-। ৬। ওয়াল্ আর্‌দ্বি ওয়ামা- ত্বাহা-হা-।
(৪) শপথ রাতের যখন সে তাকে (সূর্যকে) আচ্ছন্ন করে, (৫) শপথ আকাশের এবং তার নির্মাতার, (৬) শপথ পৃথিবীর এবং যিনি তাকে বিছিয়েছেন তাঁর,

⑦ وَنَفْسٍ وَّمَا سَوّٰىهَا ⑧ فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰىهَا ⑨ قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰىهَا ○

৭। ওয়া নাফ্‌সিওঁ ওয়া মা- সাওয়্যা-হা-। ৮। ফাআল্‌হামাহা- ফুজূরাহা- ওয়া তাক্বওয়া-হা-। ৯। ক্বাদ্ আফ্‌লাহা মান যাক্কা-হা-।
(৭) শপথ মানুষের এবং যিনি তাকে অঙ্গসৌষ্ঠব বিশিষ্ট করেছেন। (৮) এবং তাকে পাপ ও পরহেজগারীর জ্ঞান দান করেছেন, (৯) যে আত্মাকে পরিশুদ্ধ করেছে, সে সফল হয়েছে।

⑩ وَقَدْ خَابَ مَنْ دَسّٰىهَا ⑪ كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰىهَآ ⑫ اِذِ انْبَعَثَ اَشْقٰىهَا ○

১০। ওয়া ক্বাদ্ খা-বা মান্ দাস্‌সা-হা-। ১১। কায্‌যাবাত্ ছামূদু বিত্বাগ্‌ওয়া-হা~। ১২। ইযিম্ বা'আছা আশ্‌ক্বা-হা-।
(১০) আর সে বিফল হয়েছে, যে পাপের মধ্যে নিজকে বসিয়ে দিয়েছে। (১১) সামুদ সম্প্রদায় তাদের অবাধ্যতার কারণে মিথ্যারোপ করেছিল। (১২) যখন তাদের সবচেয়ে দুর্ভাগ্য উদ্ধত হয়েছিল, (উষ্ট্রীকে মারার জন্য),

⑬ فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ⑭ فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا

১৩। ফাক্বা-লা লাহুম রাসূলুল লা-হি না-ক্বাতাল্লা-হি ওয়া সুক্বইয়া-হা-। ১৪। ফাকায্‌যাবূহু ফা'আক্বারূহা-
(১৩) তখন আল্লাহর রাসূল তাদেরকে বলল, আল্লাহর উষ্ট্রী ও তার পানি পান সম্পর্কে সাবধানতা অবলম্বন কর। (১৪) কিন্তু তারা তাকে অস্বীকার করল,

১ ع ২৫ ১৬ রুকূ

فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ بِذَنْۢبِهِمْ فَسَوّٰىهَا ⑮ وَلَا يَخَافُ عُقْبٰهَا ○

ফাদাম্‌দামা 'আলাইহিম রাব্বুহুম বিযাম্‌বিহিম ফাসাওয়্যা-হা-। ১৫। ওয়ালা-ইয়াখা-ফু 'উক্ববা-হা-।
আর সেটিকে হত্যা করল। অতঃপর তাদের প্রতিপালক তাদের ধ্বংস করে দিলেন তাদের অপরাধের কারণে। (১৫) আর তাদের এ পরিণতিকে আল্লাহ ভয় করেন না।

সূরা আল লাইল
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত : ২১
রুকূ : ১

① وَالَّيْلِ اِذَا يَغْشٰى ② وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى ③ وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْاُنْثٰىٓ ○

১। ওয়াল্লাইলি ইযা- ইয়াগ্‌শা-। ২। ওয়ান্নাহা-রি ইযা- তাজাল্লা-। ৩। ওয়ামা- খালাক্বায্ যাকারা ওয়াল্ উন্‌ছা~
(১) শপথ রাতের, যখন সে পৃথিবীকে আচ্ছাদন করে, (২) শপথ দিনের, যখন সে বিকশিত হয়, (৩) আর তাঁর শপথ, যিনি পুরুষ ও নারী সৃষ্টি করেছেন।

④ اِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى ⑤ فَاَمَّا مَنْ اَعْطٰى وَاتَّقٰى ⑥ وَصَدَّقَ بِالْحُسْنٰى ○

৪। ইন্না সা'ইয়াকুম লাশাত্তা-। ৫। ফাআম্মা-মান্ আ'ত্বা- ওয়াত্তাক্বা-। ৬। ওয়া স্বাদ্দাক্বা বিল্‌হুস্‌না-।
(৪) অবশ্যই তোমাদের চেষ্টা নানা ধরনের। (৫) অতঃপর যে দান করেছে ও পরহেজগারী অবলম্বন করেছে। (৬) আর উত্তম কথাকে সমর্থন করেছে,

⑦ فَسَنُيَسِّرُهٗ لِلْيُسْرٰى ⑧ وَاَمَّا مَنْۢ بَخِلَ وَاسْتَغْنٰى ⑨ وَكَذَّبَ

৭। ফাসানুইয়াস্‌সিরুহূ লিল্ ইউস্‌রা-। ৮। ওয়া আম্মা- মাম্ বাখিলা ওয়াস্তাগনা-। ৯। ওয়া কায্‌যাবা
(৭) আমি তার পথ সহজ করে দিব, যাতে সে সহজে সফলকাম হতে পারে। (৮) আর যে কৃপণতা করেছে এবং নিজকে অমুখাপেক্ষী মনে করেছে, (৯) আর যা উত্তম

○ বিশ্লেষণ (আঃ ৮) : ....فالهمها فجورها - অর্থাৎ মানুষদেরকে, রাসূল (স)-গণ এবং আসমানী কিতাব দ্বারা ভাল-মন্দ, নেককাজ ও গুনাহের কাজের বিস্তারিত বিবরণ জানিয়ে দিয়েছেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১০) : মানুষের যাবতীয় ভাল-মন্দ কাজের সৃষ্টিকর্তা আল্লাহ্ হলেও ভাল কাজগুলোর মাধ্যম ফেরেশতা এবং মন্দকাজগুলোর মাধ্যম শয়তান। এদের প্রেরণা ও প্ররোচনায় মানুষের মনে ভাল-মন্দ কাজের ইচ্ছা জাগায়, এই ইচ্ছা সম্পূর্ণরূপে মানুষের ক্ষমতাধীন বলেই মানুষ ভাল কাজে সওয়াবের এবং মন্দ কাজে আযাবের যোগ্য হয়ে থাকে। (বঃ কোঃ)

○ শানে নুযূল (আঃ ৭) : ......فسنيسره - তফসীরকারদের মতে এ আয়াত হযরত আবু বকর (রা)-এর সম্পর্কে অবতীর্ণ হয়েছে। তিনি এমন ছয়জন গোলাম আজাদ করে দিয়েছিলেন, যাদেরকে মক্কার কাফিররা ঈমান গ্রহণের কারণে নিষ্ঠুরভাবে নির্যাতন করত। (ফতহুল কাদীর)

بِالْحُسْنٰى ⑩ فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى ⑪ وَمَا يُغْنِىْ عَنْهُ مَالُهٗۤ اِذَا تَرَدّٰى ○

বিল্‌হুস্‌না-। ১০। ফাসানুইয়াস্‌সিরুহূ লিল্‌'উস্‌রা-। ১১। ওয়ামা- ইউগ্‌নী 'আন্‌হু মা-লুহূ~ইযা- তারাদ্দা-।
তা মিথ্যা জেনেছে। (১০) আমি তার জন্য সহজ করে দিব অধিকতর কঠিন পথকে। (১১) আর যখন সে পতিত হবে, তখন তার ধনসম্পদ তার কোনই উপকারে আসবে না।

⑫ اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى ⑬ وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى ⑭ فَاَنْذَرْتُكُمْ

১২। ইন্না 'আলাইনা- লালহুদা-। ১৩। ওয়া ইন্না লানা-লাল্‌ আ-খিরাতা ওয়াল্‌ উলা-। ১৪। ফাআন্‌যার্‌তুকুম
(১২) আমার দায়িত্বতো শুধু সঠিক পথ প্রদর্শন করা। (১৩) আর আমিইতো মালিক, পরকাল এবং ইহকালের, (১৪) আমি তোমাদেরকে

نَارًا تَلَظّٰى ⑮ لَا يَصْلٰىهَاۤ اِلَّا الْاَشْقَى ⑯ الَّذِىْ كَذَّبَ وَتَوَلّٰى ○

না-রান্‌ তালাজ্জা-। ১৫। লা- ইয়াস্বলা-হা~ইল্লাল্‌ আশ্‌ক্বাল্‌ ১৬। লাযী কায্‌যাবা ওয়া তাওয়াল্লা-।
লেলিহান অগ্নি সম্পর্কে সাবধান করে দিয়েছি। (১৫) তাতে শুধু প্রবেশ করবে সে দুর্ভাগা, (১৬) যে (আল্লাহর দ্বীনকে) অস্বীকার করে এবং প্রত্যাখ্যান করে।

⑰ وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى ⑱ الَّذِىْ يُؤْتِىْ مَالَهٗ يَتَزَكّٰى ⑲ وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ

১৭। ওয়া সাইউজান্নাবুহাল্‌ আতক্বা-। ১৮। আল্লাযী ইউ'তী মা-লাহূ ইয়াতাযাক্কা-। ১৯। ওয়ামা- লিআহ্বাদিন 'ইন্দাহূ
(১৭) তা থেকে দূরে রাখা হবে প্রতি পরহেজগারগণকে, (১৮) যে নিজকে পরিশুদ্ধ করার জন্য তার সম্পদ দান করে, (১৯) আর কারো প্রতি নেই যে,

مِنْ نِّعْمَةٍ تُجْزٰۤى ⑳ اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى ㉑ وَلَسَوْفَ يَرْضٰى ○ ১ ع ২১ ১৭ রুকূ

মিন নি'মাতিন তুজ্‌যা~ ২০। ইল্লাব্‌তিগা—আ ওয়াজ্‌হি রাব্বিহিল্‌ আ'লা-। ২১। ওয়া লাসাওফা ইয়ারদ্বা-।
যার প্রতিদান তাকে দিতে হবে। (২০) বরং শুধু মহান প্রতিপালকের সন্তুষ্টি অর্জনের জন্যই, (২৯) আর সে তো অতিশীঘ্রই সন্তুষ্ট হবে।

সূরা দুহা
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

① وَالضُّحٰى ② وَالَّيْلِ اِذَا سَجٰى ③ مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى ○

১। ওয়াদ্বদুহ্বা-। ২। ওয়াল্লাইলি ইযা- সাজা-। ৩। মা- ওয়াদ্দা'আকা রাব্বুকা ওয়ামা- ক্বালা-।
(১) শপথ মধ্য দিবসের; (২) শপথ নীরব (নিস্তব্ধ) রাতের, (৩) আপনার প্রতিপালক আপনাকে ত্যাগ করেন নি এবং অসন্তুষ্টও হননি।

④ وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى ⑤ وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ

৪। ওয়া লাল্‌ আ-খিরাতু খাইরুল্‌ লাকা মিনাল্‌ উলা-। ৫। ওয়া লাসাওফা ইউ'ত্বীকা রাব্বুকা
(৪) ইহকালের চেয়ে নিশ্চয়ই আপনার জন্য পরকাল ভালো। (৫) শীঘ্রই আপনার প্রতিপালক আপনাকে (এমন কিছু) দান করবেন।

○ **সূরা আদ্ব দোহা-এর শানে নুযূল ঃ** এ সূরাটি অবতীর্ণ হবার কারণ এই যে, যখন রাসূলুল্লাহ (স) মক্কা শরীফে ইসলামের দাওয়াত দিতে ছিলেন তখন মক্কা শরীফের লোকেরা, মদীনা শরীফের, ইয়াহূদীগণের নিকট এ বলে খবর প্রেরণ করে যে, আমাদের মধ্যে একজন লোক নবুওয়াতির দাবী করছেন। এ ব্যাপারে তোমাদের কিতাবের মধ্যে কি লেখা আছে, তা আমাদেরকে জানাও। যাতে আমরা তাকে যাচাই করতে পারি। ইয়াহূদীগণ বলে পাঠাল যে, তাঁর কাছে 'যুলকার নাইন' ও 'আসহাবে কাহাফের' বিবরণ ও ইতিহাস জিজ্ঞাসা কর। এর দ্বারা তার সত্যতা প্রকাশ পাবে। মক্কার লোকেরা রাসূলুল্লাহর (স)-এর কাছে এ সম্পর্কে জিজ্ঞাসা করল। তদুত্তরে তিনি (স) বললেন যে, "আমি আগামীকাল জবাব দিব।" কিন্তু তিনি ভুলে 'ইনশাআল্লাহ' (আল্লাহর ইচ্ছায়) বলেননি। এ কারণে দশ, পনের, অথবা চল্লিশ দিন পর্যন্ত তাঁর প্রতি কুরআন শরীফ অবতীর্ণ হয়নি। রাসূলুল্লাহ (স) তজ্জন্য দুঃখে মর্মাহত হলেন। আবু জাহল ও কাফিরগণ এতে এ বলে ঠাট্টা, উপহাস করতে লাগল। "তোমার খোদা তোমাকে পরিত্যাগ করেছেন।" এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী)

فَتَرْضٰى ⑥ اَلَمْ يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى ⑦ وَوَجَدَكَ ضَآلًّا

ফাতারদ্বা-। ৬। আলাম ইয়াজিদ্‌কা ইয়াতীমান ফাআ-ওয়া-। ৭। ওয়া ওয়াজাদাকা দ্বা—ল্লান
আর আপনি খুশী হবেন। (৬) তিনি কি আপনাকে ইয়াতীমরূপে পেয়ে আশ্রয় দেননি? (৭) তিনি আপনাকে অনবহিত পেয়ে, আপনাকে (দিন সম্পর্কে) সঠিক পথ

فَهَدٰى ⑧ وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى ⑨ فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ ○

ফাহাদা-। ৮। ওয়া ওয়াজাদাকা 'আ—ইলান্‌ ফাআগ্‌না-। ৯। ফাআম্মাল্‌ ইয়াতীমা ফালা- তাক্বহার।
